
রবীক্র রচনাবলী

বিংশ খণ্ড

Alsa marsas



রবীক্স-রচনাবলী

বিংশ খণ্ড





বিশ্বভারতী

৫ মারকানাথ ঠাকুর লেন। কলিকাতা

প্রথম প্রকাশ ৭ পৌষ ১৩৫২ পুনর্ম্ত্রণ চৈত্র ১৩৬১ বৈশাখ ১৩৭৪ : ১৮৮৯ শক

মূল্য: কাগজের মলাট দশ টাকা রেক্সিনে বাধাই তেরো টাকা

© বিশ্বভারতী ১৯৬৭

প্রকাশক বিশ্বভারতী গ্রন্থবিভাগ : ৫ মারকানাথ ঠাকুর লেন। কলিকাতা ৭

মৃত্রক শীপ্রাপ্ত বার শ্রীগোরাক প্রেস প্রাইভেট লিমিটেড: ৫ চিস্কামণি দাস লেন। কলিকাতা >

সূচী

চিত্ৰসূচী	a/•
কবিতা ও গান	
পত্ৰপুট	2
শ্যামলী	¢¢.
নাটক ও প্রহ্মন	
পরিত্রাণ	১২৭
উপন্যাদ ও গল্প	
গল্পগ্ৰু	3&<
প্রবন্ধ	
রাশিয়ার চিঠি	২৭১
মান্তবের ধর্ম	<u>ి</u>
গ্রন্থপরিচয়	800
বর্ণাসুক্রমিক সূচী	8 ৫ 9

চিত্ৰসূচী

রাশিয়ায় রবীব্রুনাথ	¢
শ্যামলী	১ ২৪
রবীন্দ্র-চিত্র-প্রদর্শনীতে কবির আগমন	२४०
পায়োনিয়র্স্ কম্যুনে আলাপ-আলোচনা	२४०
পায়োনিয়র ছাত্রছাত্রীগণকর্তৃক রবীন্দ্রনাথের সংবর্ধনা	२৮১

কবিতা ও গান

কল্যাণীয় শ্রীমান কৃষ্ণ কৃপালানি ও কল্যাণীয়া শ্রীমতী নন্দিতার শুভপরিণয় উপলক্ষে আশীর্বাদ

নবজীবনের ক্ষেত্রে তৃজনে মিলিয়া একমনা যে নব সংসার তব প্রেমমন্ত্রে করিছ রচনা इ: थ त्मथा पिक वीर्य, ऋथ पिक त्मोन्मर्यंत्र ऋथा, মৈত্রীর আসনে সেথা নিক স্থান প্রসন্ধ বস্থা, হৃদয়ের তারে তারে অসংশয় বিশ্বাসের বীণা নিয়ত সত্যের স্থরে মধুময় করুক আছিনা। সম্দার আমন্ত্রণে মৃক্তধার গৃহের ভিতরে চিত্ত তব নিখিলেরে নিত্য যেন আতিথা বিতরে। প্রত্যহের আলিম্পনে দ্বারপথে থাকে যেন লেখা স্কল্যাণী দেবতার অদুখ্য চরণচিহ্নরেখা। শুচি যাহা, পুণ্য যাহা, স্থন্দর যা, যাহা-কিছু শ্রের, নিরলস সমাদরে পার যেন তাহাদের দেয়। তোমার সংসার ঘেরি, নন্দিতা, নন্দিত তব মন সরল মাধুর্ষরসে নিজেরে করুক সমর্পণ। তোমাদের আকাশেতে নির্মল আলোর শন্ধনাদ, তার সাথে মিলে থাক্ দাদামশায়ের আশীর্বাদ।

শাস্তিনিকেতন ১২ বৈশাখ ১৩৪৩

রবীন্দ্রনাথ ঠাকুর

পত্ৰপূট

नज्युं

এক

জীবনে নানা স্থবহৃংখের

এলোমেলো ভিড়ের মধ্যে
হঠাৎ কথনো কাছে এসেছে


স্থাপূর্ণ সময়ের ছোটো একটু টুকরো।
গিরিপথের নানা পাথর-মুড়ির মধ্যে

যেন আচমকা কুড়িয়ে-পাওয়া একটি হীরে।
কতবার ভেবেছি গেঁথে রাখব

ভারতীর গলার হারে;
গাহস করি নি,

ভন্ন হয়েছে কুলোবে না ভাষায়।
ভন্ন হয়েছে প্রকাশের ব্যগ্রতায়
পাছে সহজের সীমা যায় ছাড়িয়ে।

ছিলেম দার্জিলিঙে,
সদর রাস্তার নীচে এক প্রচ্ছর বাসার।
সঙ্গীদের উৎসাহ হল
রাত কাটাবে সিঞ্চল পাহাড়ে।
ভরসা ছিল না সন্ন্যাসী গিরিরাজের নির্জন সভার 'পরে—
কুলির পিঠের উপরে চাপিয়েছি নিজেদের সম্বল থেকেই
অবকাশ-সম্ভোগের উপকরণ।
সঙ্গে ছিল একখানা এস্রাজ, ছিল ভোজ্যের পেটিকা,
ছিল হো হা করবার অদম্য উৎসাহী যুবক,



রাশিয়ার চিঠি]

"রবী<u>জ</u>নাথ

টাট্রুর উপর চেপেছিল আনাড়ি নবগোপাল, তাকে বিপদে ফেলবার জন্মে ছিল ছেলেদের কৌতুক : সমস্ত আঁকাবাকা পথে

বৈকে বেকে ধ্বনিত হল অট্টহাস্ত।
শৈলশৃক্ষবাসের শৃক্ততা প্রণ করব কজনে মিলে,
সেই রস জোগান দেবার অধিকারী আমরাই
এমন ছিল আমাদের আত্মবিশাস।
অবশেষে চড়াই-পথ যখন শেষ হল
তখন অপরাক্ষের হয়েছে অবসান।
ভেবেছিলেম আমোদ হবে প্রচুর,
অসংযত্ত কোলাহল উচ্ছুসিত মদিরার মতো
রাজিকে দেবে ফেনিল করে।

শিখরে গিয়ে পৌছলেম অবারিত আকাশে,

হর্ষ নেমেছে অন্তদিগন্তে

নদীজালের রেখান্ধিত

বহুদ্রবিস্তীন উপত্যকার।

পশ্চিমের দিগ্বলয়ে,

হরবালকের খেলার অঙ্গনে

স্বর্শহ্ধার পাত্রখানা বিপর্যন্ত,

বিহরল তার প্লাবনে।

প্রমোদস্থর সদীরা হল নিস্তন।

দাঁড়িরে রইলেম স্থির হরে।

ক্রোজটা নি:শন্দ পড়ে রইল মাটিতে,
পৃথিবী ষেমন উন্মুখ হয়ে আছে

তার সকল কথা থামিয়ে দিয়ে।

মন্ত্রচনার যুগে জন্ম হয় নি,

মন্ত্রিত হয়ে উঠল না মন্ত্র
উদাত্তে অফুদাত্তে।

এমন সময় পিছন ফিরে দেখি সামনে পূর্ণচন্দ্র,

বন্ধুর অকস্মাৎ হাস্তধ্বনির মতো।

যেন স্থরলোকের সভাকবির

সভোবিরচিত কাব্যপ্রহেশিকা

রহস্তে রসমন্ধ।

গুণী বীণায় আলাপ করে প্রতিদিন।

একদিন যখন কেউ কোখাও নেই

এমন সময় সোনার তারে রুপোর তারে
হঠাৎ স্থরে স্থরে এমন একটা মিল হল

যা আর কোনোদিন হয় নি।
সেদিন বেজে উঠল যে রাগিণী
সেদিনের সঙ্গেই সে মগ্ন হল

অসীম নীরবে।
গুণী বৃঝি বীণা ফেললেন ভেঙে।

অপূর্ব স্থর যেদিন বেজেছিল
ঠিক সেইদিন আমি ছিলেম জগতে,
বলতে পেরেছিলেম—
আশ্চর্য !

শান্তিনিকেতন ৪ মে ১৯৩৫

ত্বই

श्रीपूक का जिलाम नांग कनानित्यद

আমার ছুটি চার দিকে ধু ধু করছে ধান-কেটে-নেওয়া খেতের মতো। আখিনে স্বাই গেছে বাড়ি,
তাদের স্কলের ছুটির পলাতকা ধারা মিলেছে
আমার একলা ছুটির বিস্তৃত মোহানার এসে
এই রাভামাটির দীর্ঘ পথপ্রাস্তে।

আমার ছুটি ব্যাপ্ত হয়ে গেল

কিগন্তপ্রশারী বিরহের জনহীনতার;
তার তেপান্তর মাঠে কল্পলোকের রাজপুত্র
ছুটিয়েছে পবনবাহন ঘোড়া
মরণসাগরের নীলিমায় ঘেরা
ছতিন্ধীপের পথে।
পেধানে রাজক্তা চিরবিরহিণী
ছারাভবনের নিভূত মন্দিরে।
তমনি করে আমার ঠাইবদল হল

এই লোক থেকে লোকাতীতে।

আমার মনের মধ্যে ছুটি নেমেছে
থেন পদ্মার উপর শেষ শরতের প্রশাস্থি
বাইরে তরঙ্গ গেছে থেমে,
গতিবেগ রম্নেছে ভিতরে।

সাক্ষ হল তুই তীর নিম্নে
ভাঙন-গড়নের উংসাহ।
ছোটো ছোটো আবর্ত চলেছে ঘুরে ঘুরে
আনমনা চিত্তপ্রবাহে ভেসে-যাওয়া
অসংলগ্ন ভাবনা।

সমস্ত আকাশের তারার ছায়াগুলিকে আঁচলে ভরে নেবার অবকাশ তার বক্ষতলে রাত্রের অন্ধকারে।

> মনে পড়ে অল্ল বন্ধসের ছুটি; তথন হাওরা-বদল বর থেকে ছাদে;

লুকিয়ে আসত ছুটি, কাজের বেড়া ডিঙিয়ে,
নীল আকাশে বিছিন্নে দিত
বিরহের স্থনিবিড় শৃত্যতা,
শিরায় শিরায় মিড় দিত তীত্র টানে
না-পাওয়ার না-বোঝার বেদনায়
এড়িয়ে-যাওয়ার ব্যর্থতার স্থরে।
সেই বিরহগীতগুঞ্জরিত পথের মাঝধান দিয়ে
কখনো বা চমকে চলে গেছে
ভামলবরন মাধুরী
চকিত কটাক্ষের অব্যক্ত বাণী বিক্ষেপ ক'রে,
বসস্তবনের হরিণী যেমন দীর্ঘনিশ্বাসে ছুটে যায়
দিগন্তপারের নিক্লদেশে।

এমনি ক'রে চিরদিন জ্বেনে এসেছি
মোহনকে লুকিয়ে দেখার অবকাশ এই ছুটি
অকারণ বিরহের নিঃসীম নির্জনতায়।

হাওয়া-বদল চাই—

এই কথাটা আজ হঠাৎ হাঁপিয়ে উঠল

ঘরে ঘরে হাজার লোকের মনে।
টাইম-টেবিলের গহনে গহনে

ওদের থোঁজ হল সারা,

সাঙ্গ হল গাঁঠরি-বাঁধা,

বিরল হল গাঁঠের কড়ি।
এ দিকে, উনপঞ্চাশ পবনের লাগাম যাঁর হাতে
তিনি আকাশে আকাশে উঠেছেন হেসে

ওদের ব্যাপার দেখে।
আমার নজরে পড়েছে সেই হাসি,
তাই চুপচাপ বসে আছি এই চাতালে

কেদারাটা টেনে নিয়ে।

দেখলেম বর্ষা গেল চলে,
কালো ফরাশটা নিল গুটিয়ে।
ভাদ্রশেষের নিরেট গুমটের উপরে
থেকে থেকে ধাকা লাগল
সংশন্ধিত উত্তরে হাওয়ার।
সীওতাল ছেলেরা শেষ করেছে কেয়াফুল বেচা,
মাঠের দ্রে দ্রে ছড়িয়ে পড়েছে গোরুর পাল,
ভাবণভাদ্রের ভূরিভোজের অবসানে
তাদের ভাবখানা অতি মন্থর;
কী জানি, ম্থ-ডোবানো রসালো ঘাসেই তাদের তৃপ্তি
না পিঠে কাঁচা রৌদ্র লাগানো আলস্যে।

হাওয়া-বদলের দায় আমার নয়; তার জন্মে আছেন স্বয়ং দিক্পালেরা রেলোয়ে দেইশনের বাইরে. তাঁরাই বিখের ছুটিবিভাগে রসস্প্রের কারিগর। অন্ত-আকাশে লাগল তাঁদের নতুন তুলির টান অপূর্ব আলোকের বর্ণচ্চটায়। প্রজাপতির দল নামালেন রোদ্রে ঝলমল ফুলভরা টগরের ডালে, পাতায় পাতায় যেন বাহবাধ্বনি উঠেছে ওদের হালকা ভানার এলোমেলো তালের রঙিন নূত্যে। আমার আঙিনার ধারে ধারে এতদিন চলেছিল এক-সার জুঁই-বেলের ফোটা-ঝরার ছন্দ, সংকেত এল, তারা সরে পড়ল নেপথ্যে; भिष्ठेणि धन वाजिवास शरह ; এখনো বিদায় মিলল না মালতীর। কাশের বনে লুটিয়ে পড়েছে শুক্লাসপ্রমীর জ্যোৎসা— পূজার পার্বণে চাদের নৃতন উত্তরী বর্ষাজ্ঞলে ধোপ-দেওয়।

আজ নি-খরচার হাওয়া-বদল জলে হলে। থরিদদারের দল তাকে এড়িয়ে চলে গেল দোকানে বাজারে। বিধাতার দামী দান থাকে লুকোনো বিনা দানের প্রশ্রের স্থলভ ঘোমটার নীচে থাকে ত্র্লভের পরিচয়। আজ এই নি-কড়িয়া ছুটির অজস্রতা শরিয়েছেন তিনি ভিড়ের থেকে জনকয়েক অপরাজেয় কুঁড়ে মামুষের প্রাক্তনে। তাদের জন্মেই পেতেছেন খাস-দরবারের আসর তাঁর আম-দরবারের মাঝখানেই---কোনো সীমানা নেই আঁকা। এই ক'জনের দিকে তাকিয়ে উৎসবের বীনকারকে তিনি বায়না দিয়ে এসেছেন অসংখ্য যুগ থেকে।

वाँ विश्वन।

আমার তৃই চক্ষ্ যোগ দিল
কয়খানা হালকা মেষের দলে।
ওরা ভেসে পড়েছে নিঃশেষে মিলিয়ে যাবার খেয়ায়।
আমার মন বেরোল নির্জনে-আসন-পাতা
শাস্ত অভিসারে,
যা-কিছু আছে সমস্ত পেরিয়ে যাবার যাত্রায়।

আমার এই স্তব্ধ ভ্রমণ হবে সারা,
ছুটি হবে শেষ,
হাওয়া-বদলের দল ফিরে আসবে ভিড় ক'রে,
আসম হবে বাকি-পড়া কাজের তাগিদ।

ফুরোবে আমার ফিরতি-টিকিটের মেয়াদ, ফিরতে হবে এইখান থেকে এইখানেই, মাঝধানে পার হব অসীম সমুদ্র।

শান্তিনিকেতন শুক্লাসপ্তমী আশ্বিন ১৩৪২ সংশোধন ১৫. ১০. ৩৫

তিন

আজ আমার প্রণতি গ্রহণ করো, পৃথিবী, শেষ নমস্কারে অবনত দিনাবসানের বেদিতলে।

মহাবীর্থবতী, তুমি বীরভোগ্যা, বিপরীত তুমি ললিতে কঠোরে, মিশ্রিত তোমার প্রকৃতি পুরুষে নারীতে; মামুষের জীবন দোলায়িত কর তুমি ত্ঃসহ খদে। ডান হাতে পূর্ণ কর স্থা বাম হাতে চূর্ণ কর পাত্র, তোমার দীলাক্ষেত্র মুখরিত কর অট্রবিদ্রূপে; ত্ব:শাধ্য কর বীরের জীবনকে মহংজীবনে যার অধিকার। শ্বেয়কে কর হুর্ন্ল্য, কৃপা কর না কৃপাপাত্রক। তোমার গাছে গাছে প্রচন্ধ রেখেছ প্রতি মৃহুর্তের সংগ্রাম, ফলে শস্তে তার জয়মাল্য হয় সার্থক। জলে স্থলে তোমার ক্ষমাহীন রণরকভূমি, সেথানে মৃত্যুর মৃথে ঘোষিত হয় বিজয়ী প্রাণের জয়বার্তা। তোমার নির্দয়তার ভিত্তিতে উঠেছে সভ্যতার জয়তোরণ, ক্রটি ঘটলে তার পূর্ণ মূল্য শোধ হয় বিনাশে।

ভোমার ইতিহাসের আদিপর্বে দানবের প্রতাপ ছিল হর্জয়, সে পরুষ, সে বর্বর, সে মৃঢ়। তার অঙ্গুলি ছিল স্থুল, কলাকৌশলবর্জিত;
গদা-হাতে ম্ধল-হাতে লণ্ডভণ্ড করেছে সে সম্দ্র পর্বত;
অগ্নিতে বাম্পেতে হঃস্বপ্ন ঘুলিয়ে তুলেছে আকাশে।
জড়রাজত্বে সে ছিল একাধিপতি,
প্রাণের 'পরে ছিল তার অন্ধ ইর্মা।

দেবতা এলেন পরযুগে—

মন্ত্র পড়লেন দানবদমনের,
জড়ের ঔদ্ধত্য হল অভিভৃত;
জীবধাত্রী বসলেন শ্রামল আস্তরণ পেতে।
উষা দাঁড়ালেন পূর্বাচলের শিখরচূড়ান্ত্র,
পশ্চিমসাগরতীরে সন্ধ্যা নামলেন মাথান্ত্র নিয়ে শাস্তিঘট।

নম হল শিকলে-বাঁধা দানব,
তব্ সেই আদিম বর্বর আঁকড়ে রইল তোমার ইতিহাস।
ব্যবস্থার মধ্যে সে হঠাং আনে বিশৃষ্থলতা,
তোমার স্বভাবের কালো গর্ত থেকে
হঠাং বেরিয়ে আসে এঁকেবেঁকে।
তোমার নাড়ীতে লেগে আছে তার পাগলামি।
দেবতার মন্ত্র উঠছে আকাশে বাতাসে অরণ্যে
দিনে রাত্রে
উদান্ত অফ্দান্ত মন্ত্রম্বরে।
তব্ তোমার বক্ষের পাতাল থেকে আধপোষা নাগদানব
ক্ষণে ক্ষণে উঠছে ফণা তুলে,
তার তাড়নার তোমার আপন জীবকে করছ আঘাত,
হারথার করছ আপন স্বষ্টকে।

শুভে অশুভে স্থাপিত তোমার পাদপীঠে, তোমার প্রচণ্ড স্থন্দর মহিমার উদ্দেশে আজু রেখে যাব আমার ক্ষতচিহ্নাঞ্ছিত জীবনের প্রণতি। বিরাট প্রাণের, বিরাট মৃত্যুর গুপ্তসঞ্চার
তোমার যে মাটির তলায়
তাকে আজ স্পর্ণ করি, উপলব্ধি করি সর্ব দেহে মনে।
অগণিত যুগযুগান্তরের
অসংখ্য মাহ্মষের লুপ্ত দেহ পুঞ্জিত তার ধূলায়।
আমিও রেখে যাব কয় মৃষ্টি ধৃলি
আমার সমস্ত স্থত্থের শেষ পরিণাম—
রেখে যাব এই নামগ্রাসী, আকারগ্রাসী, সকল-পরিচয়-গ্রাসী
নিঃশব্দ মহাধূলিরাশির মধ্যে।

অচল অবরোধে আবদ্ধ পৃথিবী, মেঘলোকে উধাও পৃথিবী, तितिमृत्रमानात गर् त्योत्न शाननिमशा शृथिवी, নীলামুরাশির অতন্তরকে কলমন্ত্রমুখরা পৃথিবী, অন্নপূর্ণা তুমি স্থন্দরী, অন্নরিক্তা তুমি ভীষণা। এক দিকে আপকধান্যভারনম তোমার শস্তক্ষেত্র, সেখানে প্রসন্ন প্রভাতসূর্য প্রতিদিন মুছে নেয় শিশিরবিন্দু কিরণ-উত্তরীয় বুলিয়ে দিয়ে। অন্তগামী সূর্য শ্রামশশুহিল্লোলে রেখে যায় অকথিত এই বাণী— 'আমি আনন্দিত'। অন্য দিকে তোমার জলহীন ফলহীন আতঙ্কপাণ্ডুর মরুক্ষেত্রে পরিকীর্ণ পশুকন্ধালের মধ্যে মরীচিকার প্রেতনৃত্য। देनार्थ प्रत्यिष्ट् विद्यार्ष्ठ्यविक िर्गष्ठतक ष्टिनिर्म निर्ज अन কালো শ্রেনপাথির মতো তোমার ঝড়, সমস্ত আকাশটা ডেকে উঠল যেন কেশর-ফোলা সিংহ, তার লেজের ঝাপটে ডালপালা আলুথালু ক'রে হতাশ বনস্পতি ধুলায় পড়ল উবুড় হয়ে। হাওয়ার মৃথে ছুটল ডাঙা কুঁড়ের চাল শিকল-ছেঁড়া কয়েদি-ডাকাতের মতো। আবার ফাল্পনে দেখেছি তোমার আতপ্ত দক্ষিনে হাওয়া ছড়িয়ে দিয়েছে বিরহ্মিলনের স্বগতপ্রলাপ আম্রুলের গদে।

চাঁদের পেয়ালা ছাপিয়ে দিয়ে উপচিয়ে পড়েছে
স্বর্গীয় মদের ফেনা।
বনের মর্মরধ্বনি বাতাদের স্পর্ধায় ধৈর্য হারিয়েছে
অকস্মাৎ কল্লোলোচ্ছ্রাদে।

স্থিদ্ধ তুমি, হিংম্র তুমি, পুরাতনী, তুমি নিত্যনবীনা,
অনাদি স্কাষ্টর যজ্জহতায়ি থেকে বেরিয়ে এসেছিলে
সংখ্যাগণনার অতীত প্রত্যুষে,
তোমার চক্রতীর্থের পথে পথে ছড়িয়ে এসেছ
শতশত ভাঙা ইতিহাসের অর্থলুপ্ত অবশেষ—
বিনা বেদনায় বিছিয়ে এসেছ তোমার বর্জিত স্কাষ্ট
অগণ্য বিশ্বতির স্তরে স্তরে।

জীবপালিনী, আমাদের পুষেছ
তোমার থণ্ডকালের ছোটো ছোটো পিঞ্জরে।
তারই মধ্যে সব খেলার সীমা,
সব কীর্তির অবসান।

আজ আমি কোনো মোহ নিয়ে আসি নি তোমার সম্থ্, এতদিন যে দিনরাত্রির মালা গেঁথেছি বসে বসে তার জ্বন্তে অমরতার দাবি করব না তোমার শ্বারে। তোমার অযুত নিযুত বংসর স্থপ্রদক্ষিণের পথে যে বিপুল নিমেষগুলি উন্মীলিত নিমীলিত হতে থাকে তারই এক ক্ষুদ্র অংশে কোনো একটি আসনের সত্যমূল্য যদি দিয়ে থাকি,

জীবনের কোনো একটি ফলবান খণ্ডকে
যদি জয় করে থাকি পরম হৃ:থে
তবে দিয়ো তোমার মাটির ফোটার একটি তিলক আমার কপালে;
দে চিহ্ন যাবে মিলিয়ে
যে রাত্রে সকল চিহ্ন পরম অচিনের মধ্যে যায় মিশো।

হে উদাসীন পৃথিবী, আমাকে সম্পূর্ণ ভোলবার আগে তোমার নির্মম পদপ্রাস্তে আজু রেখে যাই আমার প্রণতি।

শাস্তিনিকেতন ১৬ অক্টোবর ১৯৩৫

চার

বাশবনের মর্মর-ঝরা ডালে
জলভারে অভিভূত নীলমেঘের নিবিড় ছায়া।
জ্ঞান্ধ হল ফাল-খেতের জীবনীরচনা
মাঠে মাঠে কচি ধানের চিকন অঙ্কুরে।
এমন সে প্রচুর, এমন পরিপূর্ণ, এমন প্রোৎজুল্ল,
ভালোকে ভূলোকে বাভাসে আলোকে
তার পরিচয় এমন উদার-প্রসারিত—
মনে হয় না সময়ের ছোটো বেড়ার মধ্যে তাকে কুলাতে পারে;
তার অপরিমেয় শ্রামলতায়
আছে যেন অসীমের চির-উৎসাহ,
যেমন আছে তরজ-উল্লোল সমুদ্রে।

মাস যার।

প্রাবণের স্নেহ নামে আঘাতের ছল ক'রে,
সবুজ মঞ্জরি এগিয়ে চলে দিনে দিনে
শিষগুলি কাঁধে ভূলে নিয়ে
অন্তহীন স্পর্ধিত জয়যাত্রায়।
তার আত্মাভিমানী যৌবনের প্রগল্ভতার 'পরে
স্বর্ধের আলো বিস্তার করে হাস্যোজ্জল কোতৃক,
নিশীথের তারা নিবিষ্ট করে নিস্তন্ধ বিশ্বয়।

गांज यात्र।

বাতাসে থেমে গেল মন্ততার আন্দোলন,
শরতের শাস্তনির্মল আকাশ থেকে
অমন্দ্র শঙ্খধ্বনিতে বাণী এল—
প্রস্তুত হও।
সারা হল শিশিরজ্ঞলে স্নানব্রত।

মাস যায়।

নির্মন শীতের হাওয়া এসে পৌছল হিমাচল থেকে, সবুজের গায়ে গায়ে একে দিল হলদের ইশারা, পৃথিবীর দেওয়া রঙ বদল হল আলোর দেওয়া রঙে। উড়ে এল হাঁসের পাঁতি নদীর চরে, কাশের গুচ্ছ ঝরে পড়ল তটের পথে পথে।

गांग यात्र।

বিকালবেলার রৌদ্রকে যেমন উজাড় করে দিনাস্ত শেষ-গোধূলির ধূসরতায় তেমনি সোনার ফসল চলে গেল অন্ধকারের অবরোধে। তার পরে শৃত্যমাঠে অতীতের চিহ্নগুলো কিছুদিন রইল মৃত শিকড় আঁকড়ে ধরে— শেষে কালো হয়ে ছাই হল আগুনের লেহনে।

মাস গেল।

তার পরে মাঠের পথ দিয়ে
গোরু নিয়ে চলে রাখাল—
কোনো বাথা নেই তাতে, কোনো ক্ষতি নেই কারো।
প্রান্তরে আপন ছায়ায় ময় একলা অশথ গাছ,
স্থ-মন্ত্র-জপ-করা ঋষির মতো।
তারই তলায় তুপুরবেলায় ছেলেটা বাজায় বাঁশি
আদিকালের গ্রামের স্থরে।

সেই স্থরে তাম্রবরন তপ্ত আকাশে
বাতাস হুহু করে ওঠে,
সে যে বিদায়ের নিত্যভাঁটার ভেসে-চলা
মহাকালের দীর্ঘনিশ্বাস,
যে কাল, যে পথিক, পিছনের পাস্থণালাগুলির দিকে
আর ফেরার পথ পায় না
এক দিনেরও জ্ঞে।

শান্তিনিকেতন ১৯ অক্টোবর ১৯৩৫

পাঁচ

সন্ধ্যা এল চুল এলিয়ে

অস্তসমূদ্রে সহ্য স্থান করে।

মনে হল, স্বপ্নের ধূপ উঠছে

নক্ষত্রলোকের দিকে।

মায়াবিষ্ট নিবিড় সেই স্তন্ধ ক্ষণে—

তার নাম করব না—

সবে সে চুল বেঁধেছে, পরেছে আসমানি রঙের শাড়ি,

থোলা ছাদে গান গাইছে একা।

আমি দাঁড়িয়ে ছিলেম পিছনে

ও হয়তো জানে না, কিম্বা হয়তো জানে।

ওর গানে বলছে সিন্ধু কাফির স্থরে—
চলে যাবি এই যদি তোর মনে থাকে
ডাকব না ফিরে ডাকব না,
ডাকি নে তো সকালবেলার শুকতারাকে।

শুনতে শুনতে সরে গেল সংসারের ব্যবহারিক আচ্ছাদনটা, যেন কুঁড়ি থেকে পূর্ণ হয়ে ফুটে বেরোল অগোচরের অপরূপ প্রকাশ;

তার লঘু গন্ধ ছড়িয়ে পড়ল আকাশে; অপ্রাপণীম্বের সে দীর্ঘনিশ্বাস, হরহ হ্রাশার সে অফুচারিত ভাষা।

একদা মৃত্যুশোকের বেদমন্ত্র

তুলে ধরেছে বিশ্বের আবরণ, বলেছে—
পৃথিবীর ধৃলি মধুময়।
সেই স্থরে আমার মন বললে—
সংগীতময় ধরার ধৃলি।

আমার মন বললে—
মৃত্যু, ওগো মধুময় মৃত্যু,
তুমি আমায় নিয়ে চলেছ লোকাস্তরে
গানের পাখায়।

আমি ওকে দেখলেম,

যেন নিক্ষবরন ঘাটে সন্ধ্যার কালো জলে

অরুণবরন পা-হুখানি ডুবিয়ে বসে আছে অপ্দরী,

অকুল সরোবরে স্থরের তেউ উঠেছে মৃহ্মৃহ,

আমার বৃক্রের কাঁপনে কাঁপন-লাগা হাওয়া

ওকে স্পর্শ করছে ঘিরে ঘিরে।

আমি ওকে দেখলেম,

যেন আলো-নেবা বাসরঘরে নববধ্,
আসন্ন প্রত্যাশার নিবিড়তার
দেহের সমস্ত শিরা স্পন্দিত।
আকাশে ধ্রুবতারার অনিমেষ দৃষ্টি,
বাতাসে সাহানা রাগিণীর করুণা।

আমি ওকে দেখলেম, ও যেন ফিরে গিয়েছে পূর্বজন্মে চেনা-অচেনার অস্পষ্টতার। সে যুগের পালানো বাণী ধরবে বলে

ঘুরিয়ে ফেলছে গানের জাল,

হুরের হোওয়া দিয়ে খুঁজে খুঁজে ফিরছে

হারানো পরিচয়কে।

সম্থে ছাদ ছাড়িয়ে উঠেছে বাদামগাছের মাথা,
উপরে উঠল রুক্ষচতৃথার চাঁদ।
ডাকলেম নাম ধরে।
তীক্ষবেগে উঠে দাঁড়ালো সে,
ক্রক্টি করে বললে, আমার দিকে ফিরে—
"এ কী অক্যার, কেন এলে লুকিয়ে।"
কোনো উত্তর করলেম না।
বললেম না, প্রশ্নোজন ছিল না এই তৃচ্ছ ছলনার।
বললেম না, আজ সহজে বলতে পারতে 'এসো',
বলতে পারতে 'থুশি হয়েছি'।
মধুময়ের উপর পড়ল ধূলার আবরণ।

পরদিন ছিল হাটবার

জানলায় বসে দেখছি চেয়ে।

রৌত্র ধৃ ধৃ করছে পাশের সেই খোলা ছাদে।

তার স্পষ্ট আলায় বিগত বসস্তরাত্রের বিহবলতা

সে দিয়েছে ঘৃচিয়ে।

নির্বিশেষে ছড়িয়ে পড়ল আলো মাঠে বাটে,

মহাজনের টিনের ছাদে,
শাক-সবজির ঝুড়ি-চুপড়িতে,
আটিবাধা খড়ে,

হাড়ি-মালসার স্থুপে,

নতুন গুড়ের কলসীর গায়ে।

সোনার কাঠি ছুইয়ে দিল

মহানিম গাছের ফুলের মঞ্জিতে।

পথের ধারে তালের গুঁড়ি আঁকড়ে উঠেছে অশথ,
আন্ধ বৈরাগী তারই ছায়ায় গান গাইছে হাঁড়ি বাজিয়ে—
কাল আসব বলে চলে গেল,
আমি বে সেই কালেয় দিকে তাকিয়ে আছি।

কেনাবেচার বিচিত্র গোলমালের জমিনে

ঐ স্থারের শিল্পে ব্নে উঠছে

যেন সমস্ত বিশ্বের একটা উৎকণ্ঠার মন্ত্র— 'তাকিয়ে আছি'।

একজোড়া মোষ উদাস চোধ মেলে
বয়ে চলেছে বোঝাই গাড়ি,
গলায় বাজছে ঘণ্টা,
চাকার পাকে পাকে টেনে তুলছে কাতর ধ্বনি।
আকাশের আলোয় আজ যেন মেঠো বাশির স্থর মেলে দেওয়া।
সব জড়িয়ে মন তুলেছে।

বেদমন্ত্রের ছন্দে আবার মন বল্লে—

মধুময় এই পার্থিব ধূলি।

কেরোসিনের দোকানের সামনে
চোথে পড়ল একজন একেলে বাউল।
তালিদেওয়া আলথালার উপরে
কোমরে-বাঁধা একটা বাঁয়া।
লোক জমেছে চারি দিকে।
হাসলেম, দেখলেম অভুতেরও সংগতি আছে এইখানে,
এও এসেছে হাটের ছবি ভতি করতে।
ওকে ডেকে নিলেম জানলার কাছে,
ও গাইতে লাগল—
হাট করতে এলেম আমি অধরার সন্ধানে,
সবাই ধরে টানে আমায়, এই যে গো এইবানে।

শান্তিনিকেতন ২৫ অক্টোবর ১৯৩৫ ছয়

অতিথিবংসল,

ভেকে নাও পথের পথিককে
তোমার আপন ঘরে,
দাও ওর ভয় ভাঙিয়ে।
ও থাকে প্রদোষের বস্তিতে,
নিজের কালো ছায়া ওর সঙ্গে চলে
কখনো সমুখে কখনো পিছনে,
তাকেই সত্য ভেবে ওর যত হৃঃথ যত ভয়।
দারে দাঁড়িয়ে তোমার আলো তুলে ধরো,
ছায়া যাক মিলিয়ে,
থেমে যাক ওর বুকের কাঁপন।

বছরে বছরে ও গেছে চলে
তোমার আঙিনার সামনে দিয়ে,
সাহস পায় নি ভিতরে যেতে,
ভয় হয়েছে পাছে ওর বাইরের ধন
হারায় সেখানে।
দেখিয়ে দাও ওর আপন বিশ্ব
তোমার মন্দিরে,
সেখানে মুছে গেছে কাছের পরিচয়ের কালিমা,
ঘুচে গেছে নিত্যব্যবহারের জ্বার্ণতা,
তার চিরলাবণ্য হয়েছে পরিক্টে।

পাস্থালায় ছিল ওর বাসা, বুকে আঁকড়ে ছিল তারই আসন, তারই শয্যা, পলে পলে যার ভাড়া জুগিয়ে দিন কাটালো কোন্ মুহুর্তে তাকে ছাড়বে ভয়ে আড়াল তুলেছে উপকরণের।

একবার ঘরের অভন্ন স্বাদ পেতে দাও তাকে বেড়ার বাইরে।

আপনাকে চেনার সময় পায় নি সে,

ঢাকা ছিল মোটা মাটির পর্দায়;

পর্দা খুলে দেখিয়ে দাও যে, সে আলো, সে আনন্দ,

তোমারই সঙ্গে তার রূপের মিল।

তোমার যজ্জের হোমাগ্নিতে

তার জীবনের স্থখ্যুথ আহুতি দাও,

জলে উঠুক তেজের শিখায়,

ছাই হোক যা ছাই হবার।

হে অতিথিবংসল,
পথের মান্ত্র্যকে ডেকে নাও ঘরে,
আপনি যে ছিল আপনার পর হয়ে
সে পাক্ আপনাকে।

শান্তিনিকেতন ২৪ অক্টোবর ১৯৩৫

সাত

চোখ ঘুমে ভেরে আবে,

মাঝে-মাঝে উঠছি জেগে।

যেমন নববর্ধার প্রথম পদলা রৃষ্টির জল

মাটি চুঁইয়ে পৌছয় গাছের শিকড়ে এসে,
তেমনি তরুণ হেমস্তের আলো ঘুমের ভিতর দিয়ে
লগেছে আমার অচেতন প্রাণের মূলে।

বেলা এগোল তিন প্রহরের কাছে।
পাংলা দাদা মেঘের টুকরো

স্থির হয়ে ভাদছে কার্তিকের রোদ্ধুরে—

দেবশিশুদের কাগজের নৌকো।

পশ্চিম থেকে হাওয়া দিয়েছে বেগে,
দোলাত্বল লেগেছে তেঁতুলগাছের ডালে।
উত্তরে গোয়ালপাড়ার রাস্তা,
গোরুর গাড়ি বিছিয়ে দিল গেরুয়া ধুলো
ফিকে নীল আকাশে।

মধ্যদিনের নিঃশব্দ প্রছরে

অকাজে ভেসে যায় আমার মন
ভাবনাহীন দিনের ভেলায়।
সংসারের ঘাটের থেকে রশি-হেঁড়া এই দিন
বাঁধা নেই কোনো প্রয়োজনে।
রঙের নদী পেরিয়ে সন্ধ্যাবেলায় অদৃশ্য হবে
নিস্তরক ঘুমের কালো সমুদ্রে।

ফিকে কালিতে এই দিনটার চিহ্ন পড়ল কালের পাতায়,
দেখতে দেখতে যাবে সে মিলিয়ে।
ঘন অক্ষরে যে-সব দিন আঁকা পড়ে
মাহ্মধের ভাগ্যলিপিতে,
তার মাঝখানে এ রইল ফাকা।
গাছের শুকনো পাতা মাটিতে ঝরে—
সেও শোধ করে যায় মাটির দেনা,
আমার এই অলস দিনের ঝরা পাতা
লোকারণাকে কিছুই দেয় নি ফিরিয়ে।

তবু মন বলে,

গ্রহণ করাও ফিরিয়ে-দেওয়ার রূপাস্তর।
স্প্রির ঝর্না বেয়ে যে রস নামছে আকাশে আকাশে
তাকে মেনে নিয়েছি আমার দেহে মনে।
সেই রঙিন ধারায় আমার জীবনে রঙ লেগেছে—
যেমন লেগেছে ধানের থেতে,

বেমন লেগেছে বনের পাভায়, যেমন লেগেছে শরতে বিবাগী মেঘের উত্তরীয়ে। এরা সবাই মিলে পূর্ণ করেছে আজকে-দিনের বিশ্বছবি। আমার মনের মধ্যে চিকিয়ে উঠল আলোর ঝলক, হেমস্তের আতপ্ত নিখাস শিহর লাগালো चूय-कां गताव गकां यम् नात्र-এও কি মেলে নি এই নিখিল ছবির পটে। জল-স্থল-আকাশের রসসত্তে অশথের চঞ্চল পাতার সঙ্গে ঝলমল করছে আমার যে অকারণ খুশি বিশ্বের ইতিবৃত্তের মধ্যে রইল না তার রেখা, তবু বিশ্বের প্রকাশের মধ্যে রইল তার শিল্প। এই রসনিমগ্ন মুহূর্তগুলি আমার হৃদয়ের রক্তপদ্মের বীজ, এই নিম্নে ঋতুর দরবারে গাঁথা চলেছে একটি মালা— আমার চিরজীবনের খুশির মালা। আজ অকর্মণ্যের এই অখ্যাত দিন ফাঁক রাখে নি ঐ মালাটিতে— আজও একটি বীজ পড়েছে গাঁথা।

কাল রাত্রি একা কেটেছে এই জানালার ধারে।
বনের ললাটে লগ্ন ছিল শুক্রপঞ্চনীর চাঁদের রেখা।
এও সেই একই জগৎ,
কিন্তু গুণী তার রাগিণী দিলেন বদল ক'রে
ঝাপসা আলোর মূর্ছনায়।
রাস্তায়-চলা ব্যস্ত যে পৃথিবী
এখন আভিনায়-আঁচল-মেলা তার শুরু রূপ।
লক্ষ নেই কাছের সংসারে,
শুনছে তারার আলোয় গুঞ্জরিত পুরাণকথা।

মনে পড়ছে দুর বাস্পর্গের শৈশবস্থতি। গাছগুলো স্বস্থিত, রাত্রির নি:শব্দতা পুঞ্জিত যেন দেহ নিয়ে। ঘাসের অস্পষ্ট সবুজে সারি সারি পড়েছে ছায়া। দিনের বেলার জীবনযাত্রার পথের ধারে लंशे ছोम्रांखिन हिन लियांगश्हती; তথন রাখালকে দিয়েছে আশ্রয়, মধাাহ্বের ভীব্রতার দিয়েছে শাস্তি। এখন তাদের কোনো দায় নেই জ্যোৎস্পারাতে; রাত্রের আলোর গায়ে গায়ে বলেছে ওরা, ভাইবোনে মিলে বুলিয়েছে তুলি খামখেয়ালি রচনার কাজে। আমার দিনের বেলাকার মন আপন সেতারের পদা দিয়েছে বদল ক'রে। रयन हल रालम शृथिवीत कारना श्रान्ति श्राहरू তাকে দেখা যায় গুরবীনে। যে গভীর অমুভূতিতে নিবিড় হল চিত্ত সমস্ত স্বাষ্ট্রর অস্তরে তাকে দিয়েছি বিস্তীর্ণ ক'রে। ঐ চাঁদ ঐ তারা ঐ তমঃপুঞ্জ গাছগুলি এক হল, বিরাট হল, সম্পূর্ণ হল আমার চেতনায়। বিশ্ব আমাকে পেয়েছে, আমার মধ্যে পেরেছে আপনাকে

অলগ কবির এই সার্থকতা।

শাস্তিনিকেতন কার্তিক শুক্লাষ্টা ১৩৪২ আট

আমাকে এনে দিল এই বুনো চারাগাছটি।
পাতার রঙ হলদে-সবুজ,
ফুলগুলি যেন আলো পান করবার
শিল্প-করা পেয়ালা, বেগুনি রঙের।
প্রশ্ন করি 'নাম কী',

জ্বাব নেই কোনোখানে। ও আছে বিখের অসীম অপরিচিতের মহলে যেখানে আছে আকাশের নামহারা তারা। আমি ওকে ধরে এনেছি একটি ডাক-নামে আমার একলা জানার নিভূতে।

ওর নাম পেরালী।

বাগানের নিমন্ত্রণে এসেছে ডালিয়া, এসেছে ফুশিয়া, এসেছে ম্যারিগোল্ড, ও আছে অনাদরের অচিহ্নিত স্বাধীনতায়, জাতে বাঁধা পড়ে নি; ও বাউল, ও অসামাজিক।

দেখতে দেখতে ঐ খসে পড়ল ফুল। যে শন্টুকু হল বাতাসে

কানে এল না।

ওর কুষ্টির রাশিচক্র যে নিমেষগুলির সমবায়ে অণুপরিমাণ তার অন্ধ,

ওর বুকের গভীরে যে মধু আছে

কণাপরিমাণ তার বিন্।

একটুকু কালের মধ্যে সম্পূর্ণ ওর যাত্রা,

একটি কল্পে যেমন সম্পূর্ণ

আগুনের-পাপড়ি-মেশা স্র্রের বিকাশ।

ওর ইতিহাসটুকু অতি ছোটো পাতার কোণে

বিশ্বলিপিকারের অতি ছোটো কলমে লেখা।

তব্ তারই সঙ্গে সঙ্গে উদ্যাটিত হচ্ছে বৃহৎ ইতিহাস,
দৃষ্টি চলে না এক পৃষ্ঠা থেকে অন্ত পৃষ্ঠায়।
শতান্দীর যে নিরস্তর স্রোত বরে চলেছে
বিলম্বিত তালের তরকের মতো,
যে ধারায় উঠল নামল কত শৈলপ্রেণী,
সাগরে মহনতে কত হল বেশপরিবর্তন,
সেই নিরবধি কালেরই দীর্ঘ প্রবাহে এগিয়ে এসেছে
এই ছোটো ফুলটির আদিম সংকল্প

শক্ষ লক্ষ বংসর এই ফুলের ফোটা-ঝরার পথে
সেই পুরাতন সংকল্প রয়েছে নৃতন, রয়েছে সজীব সচল,
থর শেষ সমাপ্ত ছবি আজও দেয় নি দেখা।
এই দেহহীন সংকল্প, সেই রেখাহীন ছবি
নিত্য হয়ে আছে কোন্ অনৃশ্যের ধাানে!
যে অনৃশ্যের অন্তহীন কল্পনায় আমি আছি,
যে অদৃশ্যে বিশ্বত সকল মাহ্নষের ইতিহাস
অতীতে ভবিশ্বতে।

শাস্তিনিকেতন ৫ নভেম্বর ১৯৩৫

न्य

হৈকে উঠল ঝড়,
লাগালো প্রচণ্ড তাড়া,
হর্ষান্তসীমার রঙিন পাঁচিল ডিঙিয়ে
ব্যস্ত বেগে বেরিয়ে পড়ল মেঘের ভিড়,
বৃবি ইন্দ্রলোকের আগুন-লাগা হাতিশালা থেকে
গাঁ গাঁ শব্দে ছুটছে ঐরাবতের কালো কালো শাবক

মেষের গায়ে গায়ে দগ্দগ্ করছে লাল আলো,
তার ছিন্ন থকের রক্তরেখা।
বিচ্যং লাফ মারছে মেষের থেকে থেছে,
চালাচ্ছে ঝক্বকে থাড়া;
বক্তরপক গর্জে উঠছে দিগস্ত;
উত্তরপশ্চিমের আম-বাগানে শোনা গেল হাঁফ-ধরা একটা আওয়াজ,
এসে পড়ল পাটকিলে রঙের অন্ধকার,
ভকনো ধুলোর দম-আটকানো তৃফান।
ছুঁড়ে মারে টুকরো ডাল শুকনো পাতা,
চোথে-ম্থে ছিটোতে থাকে কাঁকরগুলো
আকাশটা ভূতে-পাওয়া।

পথিক উপুড় হয়ে শুয়ে পড়ছে মাটিতে, ঘন আঁধির ভিতর থেকে উঠছে ঘরহারা গোরুর উতরোল ডাক, मृत्त्र नमीत घोटि देश देश तव। বোঝা গেল না কোন্ দিকে হুড্মুড্ হুড্দাড় ক'রে কিসের ওটা ভাঙচুর। ত্রত্র করে বুক, की रुन, की रुन छावना। কাকগুলো পড়ছে মৃথ থ্বড়িয়ে মাটিতে, ঠোট দিয়ে ঘাস ধরছে কামড়িয়ে, ধাকা খেয়ে যাচ্ছে সরে সরে, ঝট্পট্ করছে পাখাছটো। নদীপথে ঝড়ের মৃধে বাঁশঝাড়ের লুটোপুটি, ভাৰগুলো ডাইনে বাঁয়ে আছাড় ধায়, দোহাই পাড়ে মরিয়া হয়ে। তীক্ষ হাওয়া গাঁই গাঁই শান দিচ্ছে আর চালাচ্ছে ছুরি অন্ধকারের পাঁজরের ভিতর দিয়ে ! জলে স্থলে শৃত্যে উঠেছে ঘুরপাক-খাওয়া আতক।

হঠাৎ সোঁদা গদ্ধের দীর্ঘনিশ্বাস উঠল মাটি থেকে,

মৃহুর্তে এসে পড়ল রৃষ্টি প্রবল ঝাপটায়,

হাওয়ার চোটে গুঁড়োনো জলের ফোঁটা,

পাংলা পর্দায় ঢেকে ফেললে সমস্ত বন,

আড়াল করলে মন্দিরের চুড়ো,

কাঁসর-ঘণ্টার ঢং ঢং শন্ধের দিল মৃথ চাপা।

রাত তিন পহরে থেমে গেল ঝড়বৃষ্টি,

কালী হয়ে এল অন্ধকার নিক্ষ-পাথরের মতো;

কেবলই চলল ব্যাঙের ডাক,

ঝিঝি পোকার শন্ধ,

জোনাকির মিটিমিটি আলো,

আর যেন স্বপ্নে-আঁৎকে-ওঠা দমকা হাওয়ায়

থেকে থেকে জল-ঝয়া ঝাউয়ের ঝর্ঝরানি।

শাস্তিনিকেতন চৈত্ৰ ১৩৪০

प्रभा

এই দেহখানা বহন করে আসছে দীর্ঘকাল
বহু ক্ষুদ্র মূহুর্তের রাগবেষ ভরভাবনা
কামনার আবর্জনারাশি।
এর আবিল আবরণে বাবে বাবে ঢাকা পড়ে
আত্মার মূক্তরূপ।
এ সত্যের মুখোশ প'রে সত্যকে আড়ালে রাখে;
মৃত্যুর কাদামাটিতেই গড়ে আপনার পুতৃল,
তবু তার মধ্যে মৃত্যুর আভাস পেলেই
নালিশ করে আর্তকণ্ঠে।
খেলা করে নিজেকে ভোলাতে,
কেবলই ভূলতে চায় যে সেটা খেলা।

প্রাণপণ সঞ্চয়ে রচনা করে মরণের অর্ঘা;
স্তুতিনিন্দার বাষ্পবৃদ্বৃদে ফেনিল হয়ে
পাক থায় ওর হাসিকায়ার আবর্জ।
বক্ষ ভেদ ক'রে ও হাউয়ের আগুন দেয় ছুটিয়ে,
শৃত্যের কাছ থেকে ফিরে পায় ছাই—
দিনে দিনে তাই করে স্কুপাকার।

প্রতিদিন যে প্রভাতে পৃথিবী
প্রথম স্কটির অক্লান্ত নির্মল দেববেশে দেয় দেখা,
আমি তার উন্মীলিত আলোকের অন্ত্রসরণ করে
অন্বেষণ করি আপন অন্তরলোক।
অসংখ্য দণ্ড পল নিমেষের জটিল মলিন জালে বিজড়িত
দেহটাকে সরিয়ে ফেলি মনের থেকে
যেখানে সরে যায় অন্ধকার রাতের
নানা ব্যর্থ ভাবনার অত্যুক্তি,
যায় বিশ্বত দিনের অনবধানে পুঞ্জিত লেখন যত—
সেই-সব নিমন্ত্রণলিপি নীরব যার আহ্বান,
নিঃশেষিত যার প্রত্যুক্তর।

তথন মনে পড়ে, সবিতা,

তোমার কাছে ঋষিকবির প্রার্থনামন্ত্র, যে মন্ত্রে বলেছিলেন, হে পুষণ, তোমার হিরণায় পাত্রে সত্যের মৃথ আচ্ছন্ন, উন্মুক্ত করো সেই আবরণ।

আমিও প্রতিদিন উদয়দিগ্বলয় থেকে বিচ্ছুরিত রশ্মিচ্ছটার প্রশারিত করে দিই আমার জাগরণ: বলি, হে সবিতা, সরিম্নে দাও আমার এই দেহ, এই আচ্ছাদন— তোমার তেজোময় অঙ্গের স্কল্ম অগ্নিকণার রচিত যে-আমার দেহের অণুপ্রমাণু, তারও অলক্ষা অন্তরে আছে তোমার কল্যাণতম রূপ,
তাই প্রকাশিত হোক আমার নিরাবিল দৃষ্টিতে।
আমার অন্তর্বতম সত্য

আদি যুগে অব্যক্ত পৃথিবীর সঙ্গে তোমার বিরাটে ছিল বিলীন, সেই সত্য তোমারই।

তোমার জ্যোতির স্থিমিত কেন্দ্রে মাস্থ্য আপনার মহৎস্বরূপকে দেখেছে কালে কালে, কখনো নীল-মহানদীর তীরে,

কখনো পারস্থাগারের কুলে, কখনো হিমান্তিগিরিতটে—

বলেছে 'জেনেছি আমরা অমৃতের পুত্র', বলেছে 'দেখেছি অন্ধকারের পান হতে আদিত্যবর্গ মহান পুরুষের আবির্ভাব'।

শান্তিনিকেতন ৭ নবেম্বর ১৯৩৫

এগারো

ফাস্কনের রঙিন আবেশ

থেমন দিনে দিনে মিলিয়ে দেয় বনভূমি

নীরস বৈশাথের রিক্ততায়,
তেমনি করেই সরিয়ে ফেলেছ হে প্রমদা, তোমার মদির মায়া

অনাদরে অবহেলায়।
একদিন আপন হাতে আমার চোখে বিছিয়েছিলে বিহ্নলতা,
রক্তে দিয়েছিলে দোল,
চিত্ত ভরেছিলে নেশায়, হে আমার সাকী,

পাত্র উজাড় ক'রে জাহরসধারা আজ ঢেলে দিয়েছ ধূলায়। আজ উপেক্ষা করেছ আমার স্কৃতিকে,

আমার হই চক্ষ্র বিশায়কে ডাক দিতে ভূলে গেলে;

আজ তোমার সাজের মধ্যে কোনো আকৃতি নেই;

নেই সেই নীরব ঝংকার

যা আমার নামকে দিয়েছিল রাগিণী।

শুনেছি একদিন চাঁদের দেহ ঘিরে

ছিল হাওয়ার আবর্ত।

তথন ছিল তার রঙের শিল্প,

ছিল স্থরের মন্ত্র,

ছিল সেনের মন্ত্র,

ছিল সেনিত্য নবীন।

দিনে দিনে উদাসী কেন ঘুচিয়ে দিল

আপন লীলার প্রবাহ।

কেন ক্লান্ত হল সে আপনার মাধুর্যকে নিয়ে।

আজ্র শুধু তার মধ্যে আছে

আলোছায়ার মৈত্রীবিহীন দ্বন্দ্র—

ফোটে না ফুল,

বহে না কলম্থরা নির্মিরিণী।

সেই বাণীহারা চাঁদ তৃমি আজ্ব আমার কাছে।
হ:খ এই যে, এতে হ:খ নেই তোমার মনে।
একদিন নিজেকে নৃতন নৃতন ক'রে স্পষ্ট করেছিলে মায়াবিনী,
আমারই ভালোলাগার রঙে রঙিয়ে।
আজ্ব তারই উপর তৃমি টেনে দিলে
যুগাস্তের কালো যবনিকা
বর্ণহীন, ভাষাবিহীন।
ভূলে গেছ যতই দিতে এসেছিলে আপনাকে
ততই পেয়েছিলে আপনাকে বিচিত্র করে।
আজ্ব আমাকে বঞ্চিত করে
বঞ্চিত হয়েছ আপন সার্থকতায়।

তোমার মাধুর্যথুগের ভগ্নশেষ
রইল আমার মনের স্তরে স্তরে—
সেদিনকার তোরণের স্থুপ,
প্রাসাদের ভিত্তি,
স্তল্মে-ঢাকা বাগানের পথ।

আমি বাস করি
তোমার ভাঙা এখর্ষের ছড়ানো টুকরোর মধ্যে।
আমি খুঁজে বেড়াই মাটির তলার অন্ধকার,
কুড়িয়ে রাখি যা ঠেকে হাতে।

আর তুমি আছ আপন রূপণতার পাণ্ড্র মরুদেশে, পিপাসিতের জত্যে জল নেই সেখানে, পিপাসাকে ছলনা করতে পারে নেই এমন মরীচিকারও সম্বল।

শান্তিনিকেতন ১৬ ফেব্রুয়ারি ১৯৩৬

বারো

বসেছি অপরাষ্ট্রে পারের খেয়াঘাটে
শেষধাপের কাছটাতে।
কালো জল নিঃশব্দে বয়ে যাচ্ছে পা ভূবিয়ে দিয়ে।
জীবনের পরিত্যক্ত ভোজের ক্ষেত্র পড়ে আছে পিছন দিকে
অনেক দিনের ছড়ানো উচ্ছিষ্ট নিয়ে।
মনে পড়ছে ভোগের আয়োজনে
ফাঁক পড়েছে বারম্বার।
কতদিন যখন মূল্য ছিল হাতে
হাট জমে নি তখনো,
বোঝাই নৌকো লাগ্ল যখন ডাঙায়

তথন ঘণ্টা গিয়েছে বেজে, ফুরিয়েছে বেচাকেনার প্রহর।

অকালবসন্তে জেগেছিল ভোরের কোকিল;

গেদিন তার চড়িয়েছি সেতারে,

গানে বসিয়েছি স্থর।

যাকে শোনাব তার চুল যথন হল বাঁধা,

বুকে উঠল জাফরানি রঙের আঁচল

তথন ঝিকিমিকি বেলা,

করুণ ক্লান্তি লেগেছে মূলতানে।

ক্রমে ধূসর আলোর উপরে কালো মরচে পড়ে এল।
থেমে-যাওয়া গানখানি নিভে-যাওয়া প্রদীপের ভেলার মতো
ভুবল বুঝি কোন্ একজনের মনের তলায়,
উঠল বুঝি তার দীর্ঘনিশ্বাস,

কিন্তু জালানো হল না আলো।

এ নিম্নে আজ নালিশ নেই আমার।
বিরহের কালোগুহা ক্ষ্ণিত গহরর থেকে

ঢেলে দিয়েছে ক্ষ্ভিত হ্ররের ঝর্না রাত্রিদিন।

সাত রঙ্গের ছটা খেলেছে তার নাচের উড়নিতে

সারাদিনের স্থালোকে,

নিশীথরাত্তের জপমন্ত্র ছন্দ পেয়েছে
তার তিমিরপুঞ্জ কলোচ্ছল ধারায়।
আমার তপ্ত মধ্যাহ্নের শূক্তা থেকে উচ্ছুসিত
গৌড়-সারভের আলাপ।

আবাজ বঞ্চিত জীবনকে বলি সার্থক—
নিংশেষ হয়ে এল তার হংথের সঞ্চয়

মৃত্যুর অর্ঘ্যপাত্তে,

তার দক্ষিণা রয়ে গেল কালের বেদিপ্রাস্তে।

জীবনের পথে মাত্রষ যাত্রা করে
নিজেকে থুঁজে পাবার জন্তে।
গান যে মাত্রষ গান্ধ দিয়েছে সে ধরা, আমার অস্তরে;
যে মাত্রষ দেয় প্রাণ দেখা মেলে নি তার।

দেখেছি শুধু আপনার নিভ্ত রূপ ছায়ায় পরিকীণ্, ষেন পাহাড়তলিতে একখানা অমৃত্তরঙ্গ সরোবর। তীরের গাছ থেকে সেখানে বসস্তশেষের ফুল পড়ে ঝ'রে, ছেলেরা ভাসায় খেলার নৌকো, কলস ভরে নেম্ন তরুণীরা বুদ্বুদ্ফেনিল গর্গরধ্বনিতে। নববর্ষার গম্ভীর বিরাট শ্রামমহিমা তার বক্ষতলে পায় লীলাচঞ্চল দোসরটিকে। कानरेवनां शे हठां भारत शाशांत वां शहे, স্থির জলে আনে অশান্তির উন্মন্থন, অধৈর্যের আঘাত হানে তটবেষ্টনের স্থাবরতায়; হঠাৎ বৃঝি তার মনে হয়— গিরিশিখরের পাগলা-ঝোরা পোষ মেনেছে গিরিপদতলের বোবা জলরাশিতে-বন্দী ভূলেছে আপনার উদ্বেলকে, উদামকে— পাথর ডিঙিয়ে আপন সীমানা চূর্ণ করতে করতে নিক্লদেশের পথে অজানার সংঘাতে বাঁকে বাঁকে গজিত করল না সে আপন অবঙ্গদ্ধ বাণী, আবর্তে আবর্তে উৎক্ষিপ্ত করল না অন্তর্গ ঢুকে।

মৃত্যুর গ্রন্থি থেকে ছিনিম্নে ছিনিমে যে উদ্ধার করে জীবনকে সেই রুদ্র মানবের আত্মপরিচয়ে বঞ্চিত ক্ষীণ পাঞ্র আমি অপরিফুটতার অসম্মান নিয়ে যাচ্ছি চলে।

ত্র্গম ভীষণের ওপারে অন্ধকারে অপেক্ষা করছে জ্ঞানের বরদাত্রী; মানবের অভভেদী বন্ধনশালা তুলেছে কালো পাথরে গাঁথা উদ্ধত চূড়া স্থোদয়ের পথে; বহু শতাব্দীর ব্যাপিত ক্ষত মৃষ্টি রক্তলাঞ্চিত বিদ্রোহের ছাপ লেপে দিয়ে যায় তার দারফলকে; ইতিহাসবিধাতার শ্রেষ্ঠ সম্পদ দৈত্যের লোহত্র্যে প্রচ্ছন ; আকাশে দেবসেনাপতির কণ্ঠ শোনা যায়— 'এসো মৃত্যুবিজয়ী'। বাজ্ঞ ভেরি, তবু জাগল না রণহর্মদ এই निরाপদ निट्छ कौरन ; ব্যুহ ভেদ ক'রে স্থান নিই নি যুধ্যমান দেবলোকের সংগ্রামসহকারিতার। কেবল স্বপ্নে শুনেছি ডমকর গুরুগুরু, কেবল সমর্যাত্রীর পদপাতকম্পন मिल्लाइ इरम्भन्त वाहित्तत পथ थिएक।

যুগে যুগে যে মান্নষের সৃষ্টি প্রলম্নের ক্ষেত্রে
সেই শ্মশানচারী ভৈরবের পরিচয়জ্যোতি
মান হয়ে রইল আমার সত্তায়;
ভাধু রেখে গেলেম নতমন্তকের প্রণাম
মানবের স্বান্থাসীন সেই বীরের উদ্দেশে—

মর্তের অমরাবতী যাঁর স্বষ্টি
মৃত্যুর মৃল্যে, হৃঃথের দীপ্তিতে।

১ বৈশাখ ১৩৪৩

তেরো

হাদয়ের অসংখ্য অদৃশ্য পত্রপুট গুচ্ছে গুচ্ছে অঞ্জলি মেলে আছে আমার চার দিকে চিরকাল ধ'রে, আমি-বনস্পতির এরা কিরণপিপাস্থ পল্লবস্তবক, এরা মাধুকরী-ব্রতীর দল। প্রতিদিন আকাশ থেকে এরা ভরে নিয়েছে আলোকের তেজোরস, নিহিত করেছে সেই অলক্ষ্য অপ্রজ্ঞলিত অগ্নিসঞ্য় এই জীবনের গৃঢ়তম মজ্জার মধ্যে। স্থন্দরের কাছে পেয়েছে অমৃতের কণা ফুলের থেকে, পাখির গানের থেকে, প্রিয়ার স্পর্শ থেকে, প্রণয়ের প্রতিশ্রুতি থেকে, আত্মনিবেদনের অশ্রুগদ্গদ আকুতি থেকে— মাধুর্যের কত স্মৃতরূপ কত বিশ্বতরূপ দিয়ে গেছে অমৃতের স্বাদ, আমার নাড়ীতে নাড়ীতে। নানা ঘাতে প্ৰতিঘাতে সংক্ষ্ হ্বথহুংখের ঝোড়ো হাওয়া নাড়া দিয়েছে আমার চিত্তের স্পর্শবেদনাবাহিনী পাতার পাতার। লেগেছে নিবিড় হর্ষের অত্মকম্পন, এসেছে লজ্জার ধিকার, ভয়ের সংকোচ, কলকের গ্লানি, জীবনবহনের প্রতিবাদ। ভালোমন্দের বিচিত্র বিপরীত বেগ पिएम ग्रिक्ट पान्मानन প্রাণরসপ্রবাহে।

তার আবেগে বহে নিয়ে গেছে সর্বগৃধু চেতনাকে
জগতের সর্বদানযজ্ঞের প্রাঙ্গণে।
এই চিরচঞ্চল চিন্ময় পল্লবের অশ্রুত মর্মরধ্বনি
উধাও করে দেয় আমার জাগ্রত স্বপ্লকে
চিল-উড়ে-যাওয়া দ্র দিগস্তে
জনহীন মধ্যদিনে মৌমাছির-গুঞ্জন-মূখর অবকাশে।
হাত-ধরে-বসে-থাকা বাষ্পাকুল নির্বাক্ ভালোবাসায়
নেমে আসে এদেরই শ্রামল ছায়ার করুণা।
এদেরই মৃত্বীজন এসে লাগে
শ্যাপ্রাস্তে নিদ্রিত দয়িতার
নিশাসক্রিত বক্ষের চেলাঞ্চলে।
প্রিয়প্রত্যাশিত দিনের চিরায়মান উৎক্ষিত প্রহরে
শিহর লাগাতে থাকে এদেরই দোলায়িত কম্পনে।

বিশ্বভ্বনের সমস্ত এশ্বর্যের সঙ্গে আমার যোগ হয়েছে

মনোরক্ষের এই ছড়িয়ে-পড়া

রসলোল্প পাতাগুলির সম্বেদনে।

এরা ধরেছে স্ক্ষকে, বস্তর অতীতকে;

এরা তাল দিয়েছে সেই গানের ছন্দে

যার হুর যায় না শোনা।

এরা নারীর হাদয় থেকে এনে দিয়েছে আমার হাদয়ে

প্রাণলীলার প্রথম ইক্রজাল আদিয়্গের,

অনস্ত পুরাতনের আত্মবিলাস

নব নব যুগলের মায়ার্রপের মধ্যে।

এরা স্পন্দিত হয়েছে পুরুষের জয়শঙ্খধনিতে

মর্তলোকে যায় আবিভাব

মৃত্যুর আলোকে আপন অমৃতকে উদ্বারিত করবার জলে

তুর্দাম উল্লমে,

জল-স্থল-আকাশ-পথে তুর্গমজয়ের

স্পর্ধিত যার অধ্যবসায়।

থান্ত আমার এই পত্রপুঞ্চের

থার দিন এল জানি।
ভথাই আজ অন্তরীক্ষের দিকে চেয়ে—
কোথায় গো স্প্টর আনন্দনিকেতনের প্রভু,
জীবনের অলক্ষ্য গভীরে
আমার এই পত্রদৃতগুলির সম্বাহিত দিনরাত্রির যে পঞ্চয়
অসংখ্য অপূর্ব অপরিমেয়
যা অথও ঐক্যে মিলে গিয়েছে আমার আজ্মরেপে,
যে রূপের দ্বিতীয় নেই কোনোখানে কোনো কালে,
তাকে রেখে দিয়ে যাব কোন্ গুণীর কোন্ রসজ্জের
দৃষ্টির সম্মুখে,

কার দক্ষিণ করতলের ছায়ায়, জ্বাণ্যের মধ্যে কে তাকে নেবে স্বীকার করে। শাস্তিনিকেতন ১০ বৈশাধ ১৩৪৩

को एक

ওগো তরুণী,

ছিল অনেক দিনের পুরোনো বছরে

এমনি একথানি নতুন কাল,

দক্ষিণ হাওয়ায় দোলায়িত,

সেই কালেরই আমি।

মৃছে-আসা ঝাপসা পথ বেয়ে

এসে পড়েছি বনগদ্ধের সংকেতে

তোমাদের এই আজকে-দিনের নতুন কালে।
পারো যদি মেনে নিয়ো আমায় সথা বলে।

আর কিছু নয়, আমি গান জোগাতে পারি

তোমাদের মিলনরাতে

আমার সেই নিজাহারা স্বদূর রাতের গান;

তার হ্বরে পাবে দ্রের নত্নকে,
তোমার লাগবে ভালো,
পাবে আপনাকেই
আপনার সীমানার অতীত পারে।
সেদিনকার বসস্তের বাঁশিতে
সেদেনকার বস্তের বাঁশিতে
সেমেছিল যে প্রিরবন্দনার তান
আজ সঙ্গে এনেছি তাই,
সে নিয়ো তোমার অর্ধনিমীলিত চোথের পাতায়,
তোমার দীর্ঘনিখাসে।
আমার বিশ্বত বেদনার আভাসটুক্
ঝরা ফ্লের মৃত্ গন্ধের মতো
রেখে দিয়ে যাব তোমার নববসস্তের হাওয়ায়।
সেদিনকার বাথা
অকারণে বাজবে তোমার বুকে;

অকারণে বাজবে তোমার বুকে;
মনে বুঝবে, দেদিন তুমি ছিলে না তবু ছিলে,
নিখিল যৌবনের রক্ষভূমির নেপথ্যে
যবনিকার ও পারে।

ওগো চিরস্তনী,

আজ আমার বাঁশি তোমাকে বলতে এল—

যথন তুমি থাকবে না তথনো তুমি থাকবে আমার গানে।

ডাকতে এলেম আমার হারিয়ে-যাওয়া পুরোনোকে

তার থুঁজে-পাওয়া নতুন নামে।

হে তরুণী,

আমাকে মেনে নিয়ো তোমার স্থা বলে, তোমার অক্সযুগের স্থা।

শান্তিনিকেতন ১৯ বৈশাখ ১৩৪৩

পনেরে

ওরা অস্ত্যজ, ওরা মন্ত্রবর্জিত। দেবালয়ের মন্দিরম্বারে পূজা-বাবসায়ী ওদের ঠেকিয়ে রাখে। ওরা দেবতাকে খুঁজে বেড়ায় তাঁর আপন স্থানে সকল বেড়ার বাইরে সহজ ভক্তির আলোকে, নক্ষত্ৰখচিত আকাশে, পুষ্পর্যচিত বনস্থলীতে, দোসর-জনার মিলন-বিরহের গহন বেদনায়। त्य तम्था वानित्य-तम्था वैथा इंटि, প্রাচীর ঘিরে, তৃষ্মার তুলে, শে দেখার উপায় নেই ওদের হাতে। কতদিন দেখেছি ওদের সাধককে এकना প্রভাতের রোজে সেই পদানদীর ধারে, य नहीत्र त्नरे त्कांता विधा পাকা দেউলের পুরাতন ভিত ভেঙে ফেলতে। দেখেছি একতারা-হাতে চলেছে গানের ধারা বেয়ে মনের মাহ্যকে সন্ধান করবার গভীর নির্জন পথে।

কবি আমি ওদের দলে—
আমি ব্রাত্য, আমি মন্ত্রীন,
দেবতার বন্দীশালার
আমার নৈবেল্য পৌছল না।
পূজারি হাসিম্পে মন্দির থেকে বাহির হয়ে আসে,
আমাকে শুধার, "দেখে এলে তোমার দেবতাকে ?"
আমি বলি, "না।"

অবাক হয় শুনে; বলে, "জানা নেই পথ ?"
আমি বলি, "না।"
প্রশ্ন করে, "কোনো জাত নেই বৃঝি তোমার ?"
আমি বলি, "না।"

এমন করে দিন গেল ;
আজু আপন মনে ভাবি,
"কে আমার দেবতা,
কার করেছি পূজা।"

শুনেছি বাঁর নাম মৃথে মৃথে,
পড়েছি বাঁর কথা নানা ভাষার নানা শাম্মে,
কল্পনা করেছি তাঁকেই বৃঝি মানি।
তিনিই আমার বরণীয় প্রমাণ করব বলে
পূজার প্রয়াস করেছি নিরম্ভর।
আজ দেখেছি প্রমাণ হয় নি আমার জীবনে।
কেননা, আমি ব্রাত্য, আমি মন্ত্রহীন।
মন্দিরের রুদ্ধ হারে এসে আমার পূজা
বেরিয়ে চলে গেল দিগস্তের দিকে—
সকল বেড়ার বাইরে,
নক্ষত্রথচিত আকাশতলে,
পূজ্পথচিত বনস্থলীতে,
দোসর-জনার মিলন-বিরহের
বেদনা-বয়ুর পথে।

বালক ছিলেম যখন
পৃথিবীর প্রথম জন্মদিনের আদি মন্ত্রটি
পেয়েছি আপন পুলককন্পিত অস্তরে,
আলোর মন্ত্র।
পেয়েছি নারকেল-শাখার ঝালর ঝোলা
আমার বাগানটিতে,

ভেঙ্কে-পড়া খ্যাওলা-ধরা পাঁচিলের উপর वक्ना व'रम। প্রথম প্রাণের বঙ্হি-উংস থেকে न्तरमा उटा का मही नहती, দিয়েছে আমার নাড়ীতে व्यनिर्वहनी एत्रत न्यानन । আমার চৈতত্তে গোপনে দিয়েছে নাড়া অনাদিকালের কোন্ অস্পষ্ট বার্তা, প্রাচীন স্থর্যের বিরাট বাষ্পদেহে বিলীন আমার অব্যক্ত স্তার রশ্মিফুরণ। হেমস্তের রিক্তশশু প্রাস্তরের দিকে চেয়ে व्यादनात निःगक छत्रपक्षिन শুনেছি আমার রক্ত-চাঞ্চল্য। সেই ধ্বনি আমার অনুসরণ করেছে জন্মপূর্বের কোন্ পুরাতন কাল্যাত্রা থেকে। বিশ্বয়ে আমার চিত্ত প্রশারিত হয়েছে অসীম কালে যখন ভেবেছি স্ষ্টির আলোকতীর্থে সেই জ্যোতিতে আজ আমি জাগ্ৰত যে জ্যোতিতে অযুত নিযুত বংসর পূর্বে স্থ ছিল আমার ভবিগ্যং। আমার পূজা আপনিই সম্পূর্ণ হয়েছে প্রতিদিন এই জাগরণের আনন্দে। আমি ব্রাত্য, আমি মন্ত্রহীন, রীতিবন্ধনের বাহিরে আমার আতাবিশ্বত পূজা

যথন বালক ছিলেম ছিল না কেউ সাথি, দিন কেটেছে একা একা চেক্ষে চেক্ষে দ্রের দিকে।

কোখায় হল উৎস্প্ত জানতে পারি নি।

জন্মছিলেম অনাচারের অনাদৃত সংসারে, চিহ্ন-মোছা, প্রাচীরহারা। প্রতিবেশীর পাড়া ছিল ঘন বেড়ায় ঘেরা, আমি ছিলেম বাইরের ছেলে, নাম-না-জানা। ওদের ছিল তৈরি বাসা, ভিড়ের বাসা— ওদের বাঁধা পথের আসা-যাওয়া দেখেছি দূরের থেকে আমি ব্রাতা, আমি পংক্তিহারা। বিধান-বাঁধা মাহুষ আমাকে মাহুষ মানে নি, তাই আমার বন্ধুহীন খেলা ছিল সকল পথের চৌমাথায়, ওরা তার ও পাশ দিয়ে চলে গেছে বসনপ্রাস্ত তুলে ধরে। ওরা তুলে নিয়ে গেল ওদের দেবতার পূজায় শাস্ত্র মিলিয়ে বাছা-বাছা ফুল— রেখে দিয়ে গেল আমার দেবতার জন্মে সকল দেশের সকল ফুল— এক সূর্যের আলোকে চিরস্বীকৃত। দলের উপেক্ষিত আমি, माञ्चरवत्र भिनन-क्षात्र किरति हि, যে মাহুষের অতিথিশালায় প্রাচীর নেই, পাহারা নেই। लोकानएवर वाहरत (भरब्दि आभाव निर्कतनत गनी যারা এদেছে ইতিহাসের মহাযুগে व्यात्ना निरम्न, वश्च निरम्न, यशावांनी निरम्न। তারা বীর, তারা তপস্বী, তারা মৃত্যুঞ্জর, তারা আমার অন্তরক, আমার স্ববর্গ, আমার স্বগোত্র, তাদের নিতাশুচিতার আমি শুচি। তারা সত্যের পথিক, জ্যোতির সাধক, অমূতের অধিকারী।

মাহ্যকে গণ্ডির মধ্যে হারিয়েছি,

মিলেছে তার দেখা

দেশবিদেশের সকল সীমানা পেরিয়ে।
তাকে বলেছি হাত জোড় করে—

হে চিরকালের মাহ্ম্য, হে সকল মাহ্যের মাহ্ম্য,
পরিত্রাণ করো

ভেদচিহ্ন্ত্র-তিলক-পরা

সংকীর্ণতার ঔদ্ধত্য থেকে।

হে মহান্ পুরুষ, ধন্য আমি, দেখেছি তোমাকে
তামদের পরপার হতে

আমি ব্রাত্য, আমি জাতিহারা।

একদিন বসস্তে নার। এল সঙ্গীহার। আমার বনে প্রিয়ার মধুর রূপে। এল স্থর দিতে আমার গানে, নাচ দিতে আমার ছন্দে, স্থা দিতে আমার স্বপ্নে। উদ্দাম একটা ঢেউ হ্বদয়ের তট ছাপিয়ে र्ठा १ रन उच्छनिउ, ডুবিম্নে দিল সকল ভাষা, নাম এল না মুখে। সে দীড়ালো গাছের তলায়, ফিরে তাকালো আমার কুন্তিত বেদনাকরুণ মুখের দিকে। ত্বরিত পদে এসে বসল আমার পাশে। ত্ই হাতের মধ্যে আমার হাত তুলে নিয়ে বললে, "তুমি চেন না আমাকে, তোমাকে চিনি নে আমি, আজ্ঞ পর্যস্ত কেমন করে এটা হল সম্ভব আমি তাই ভাবি।"

অামি বললেম, "হুই না-চেনার মাঝখানে

চিরকাল ধরে আমরা হজনে বাঁধব সেতৃ, এই কোতৃহল সমস্ত বিশ্বের অস্তরে।"

ভালোবেসেছি তাকে।
সেই ভালোবাসার একটা ধারা
থিরেছে তাকে স্লিগ্ধ বেষ্টনে
গ্রামের চিরপরিচিত অগভীর নদীটুকুর মতো।
অল্লবেগের সেই প্রবাহ
বহে চলেছে প্রিশ্বার সামান্ত প্রতিদিনের
অক্সচ্চ তর্টচ্ছাশ্বায়।
অনার্ষ্টির কার্পন্যে কথনো সে হয়েছে ক্ষীণ,
আধাঢ়ের দাক্ষিণ্যে কথনো সে হয়েছে প্রগল্ভ
তৃচ্ছতার আবরণে অকুজ্জল
অতি সাধারণ স্থী-স্বরূপকে
কথনো করেছে লালন, কথনো করেছে পরিহাস,
আঘাত করেছে কখনো বা।

আমার ভালোবাসার আর-একটা ধারা
মহাসম্ব্রের-বিরাট-ইঙ্গিত-বাহিনী।
মহীয়সী নারী স্থান করে উঠেছে
তারই অতল থেকে।
সে এসেছে অপরিসীম ধ্যানরূপে
আমার সর্ব দেহে মনে—
পূর্ণতর করেছে আমাকে, আমার বাণীকে।
জেলে রেখেছে আমার চেতনার নিভৃত গভীরে
চিরবিরহের প্রদীপশিখা।
সেই আলোকে দেখেছি তাকে অসীম শ্রীলোকে,
দেখেছি তাকে বসস্তের পুস্পপল্লবের প্লাবনে,
সিম্বাছের কাঁপন-লাগা পাতাগুলির থেকে

ঠিকরে পড়েছে যে রৌদ্রকণা তার মধ্যে শুনেছি তার সেতারের ক্রতঝংকত হর। দেখেছি ঋতুরঙ্গভূমিতে নানা রঙের ওড়না-বদল-করা তার নাচ ছায়ায় আলোয়।

ইতিহাসের স্বষ্টি-আগনে

ওকে দেখেছি বিধাতার বামপাশে;
দেখেছি স্থলর যথন অবমানিত
কদর্য-কঠোরের অশুচিস্পর্শে
তথন সেই রুদ্রাণীর তৃতীয় নেত্র থেকে
বিজ্ঞুরিত হয়েছে প্রলয়-অগ্নি,
ধ্বংস করেছে মহামারীর গোপন আশ্রেয়।

আমার গানের মধ্যে সঞ্চিত হয়েছে দিনে দিনে
স্প্রির প্রথম রহস্থা, আলোকের প্রকাশ—
আর স্প্রির শেষ রহস্থা, ভালোবাসার অমৃত।
আমি ব্রাত্যা, আমি মন্ত্রহীন,
সকল মন্দিরের বাহিরে
আমার পূজা আজ সমাপ্ত হল
দেবলোক থেকে
মানবলোকে,
আকাশে জ্যোতির্ময় পুরুষে
আর মনের মাহুষে আমার অস্তরতম আনন্দে

শান্তিনিকেতন ১৮ বৈশাপ ১৩৪৩

যোলো

উদ্ভান্ত সেই আদিম যুগে শ্রষ্টা যথন নিজের প্রতি অসম্ভোষে নতুন স্পষ্টকে বারবার করছিলেন বিধ্বস্ত, তাঁর সেই অধৈর্যে ঘন-ঘন মাথা-নাড়ার দিনে ক্স শমুদ্রের বাছ প্রাচী ধরিত্রীর বুকের থেকে ছিনিয়ে নিয়ে গেল ভোমাকে, আফ্রিকা, বাঁধলে তোমাকে বনস্পতির নিবিড় পাহারায় রূপণ আলোর অস্তঃপুরে। সেখানে নিভূত অবকাশে তুমি সংগ্রহ করছিলে তুর্গমের রহস্ত, চিনছিলে জলস্থল-আকাশের তুর্বোধ সংকেত, প্রকৃতির দৃষ্টি-অতীত জাত্ মন্ত্র জাগাচ্ছিল তোমার চেতনাতীত মনে। বিদ্রূপ করছিলে ভীষণকে বিরূপের ছদ্মবেশে, শঙ্কাকে চাচ্ছিলে হার মানাতে আপনাকে উগ্র করে বিভীষিকার প্রচণ্ড মহিমায় তাওবের হুন্দুভিনিনাদে।

হার ছারাবৃতা,
কালো ঘোমটার নীচে
অপরিচিত ছিল তোমার মানবরূপ
উপেক্ষার আবিল দৃষ্টিতে।
এল ওরা লোহার হাতকড়ি নিয়ে
নখ যাদের তীক্ষ তোমার নেকড়ের চেরে,
এল মান্ত্য-ধরার দল
গর্বে যারা অন্ধ তোমার স্বহারা অরণ্যের চেয়ে।

সভ্যের বর্বর লোভ
নগ্ন করল আপন নির্লজ্ঞ অমাহ্বতা।
তোমার ভাষাহীন ক্রন্দনে বাষ্পাকুল অরণ্যপথে
পিন্ধিল হল ধূলি তোমার রক্তে অশ্রুতে মিশে;
দস্থ্য-পাশ্বের কাঁটা-মারা জুতোর তলায়
বীভংস কাদার পিণ্ড
চিরচিহ্ন দিয়ে গেল তোমার অপমানিত ইতিহাসে।

সম্দ্রপারে সেই মৃহুর্তেই তাদের পাড়ার পাড়ার মন্দিরে বাজছিল পূজার ঘণ্টা সকালে সন্ধ্যায়, দরাময় দেবতার নামে; শিশুরা খেলছিল মায়ের কোলে; কবির সংগীতে বেজে উঠছিল স্থারোর আরাধনা।

আজ ষথন পশ্চিমদিগস্তে
প্রদোষকাল ঝঞ্চাবাতালে ক্ষম্বাস,

যথন গুপ্তগহ্বর থেকে পশুরা বেরিয়ে এল,

অশুভ ধ্বনিতে ঘোষণা করল দিনের অন্তিমকাল,

এগো যুগাস্তরের কবি,

আসন্ধ সন্ধ্যার শেষ রশ্মিপাতে

দাঁড়াও ঐ মানহারা মানবীর দ্বারে,

বলো 'ক্ষমা করো'—

হিংম্র প্রলাপের মধ্যে

সেই হোক তোমার সভাতার শেষ পুণ্যবাণী।

শান্তিনিকেতন ২৮ মাঘ ১৩৪৩

সতেরো

যুদ্ধের দামামা উঠল বেজে।
ওদের ঘাড় হল বাঁকা, চোথ হল রাঙা,
কিড়্মিড়্ করতে লাগল দাঁত।
মাহ্মষের কাঁচা মাংদে যমের ভোজ ভতি করতে
বেরোল দলে দলে।
সবার আগে চলল দয়াময় বুদ্ধের মন্দিরে
তাঁর পবিত্র আশীর্বাদের আশায়।
বেজে উঠল তুরী ভেরি গরগর শব্দে,
কেঁপে উঠল পৃথিবী।

ধূপ জলল, ঘণ্টা বাজল, প্রার্থনার রব উঠল আকাশে
'কঙ্কণাময়, সফল হয় যেন কামনা'—
কেননা, ওরা যে জাগাবে মর্মভেদী আর্তনাদ
অলভেদ ক'রে,
ছিঁড়ে ফেলবে ঘরে ঘরে ভালোবাসার বাঁধনস্ত্র,
ধ্বজা তুলবে লুগু পল্লীর ভস্মস্তুপে,
দেবে ধুলোয় লুটিয়ে বিভানিকেতন,
দেবে চুরমার করে স্থলরের আসনপীঠ।
তাই তো চলেছে ওরা দয়াময় বৃদ্ধের নিতে আশীর্বাদ।
বেজে উঠল তুরী ভেরি গরগর শব্দে,
কেঁপে উঠল পৃথিবী।

ওরা হিসাব রাখবে মরে পড়ল কত মানুষ,
পঙ্গু হয়ে গেল কয়জনা।
তারি হাজার সংখ্যার তালে তালে
ঘা মারবে জয়ডকায়।
পিশাচের অট্টহাসি জাগিয়ে তুলবে
শিশু আর নারীদেহের হেঁড়া টুকরোর ছড়াছড়িতে।

ওদের এই মাত্র নিবেদন, যেন বিশ্বজনের কানে পারে মিথ্যামন্ত্র দিতে,

যেন বিষ পারে মিশিয়ে দিতে নিখাসে।
সেই আশায় চলেছে ওরা দয়াময় বুদ্ধের মন্দিরে
নিতে তাঁর প্রসন্ন মৃথের আশীর্বাদ।
বেজে উঠছে তুরী ভেরি গরগর শব্দে,
ক্রেপে উঠছে পৃথিবী।

শ†স্থিনিকেতন পৌষ ১৩৪৪

আঠারো

কথার উপরে কথা চলেছ শাজিমে দিনরাতি, এইবার থামো তুমি। বাক্যের মন্দিরচ্ড়া গাঁথি যত উধের্ব তোলো তারে তার চেয়ে আরো উর্ধের ধায় গাঁথ্নির অস্তহীন উন্মত্ততা। থামিতে না চায় রচনার স্পর্ধা তব; ভূলে গেছ, থামার পূর্ণতা রচনার পরিত্রাণ; ভূলে গেছ নির্বাক্ দেবতা বেদিতে বসিবে আসি যবে, কথার দেউলখানি কথার অতীত মৌনে লভিবে চর্মতম বাণী। মহানিন্ডক্রের লাগি অবকাশ রেখে দিয়ো বাকি, উপকরণের স্তৃপে রচিয়ো না অভ্রভেদী ফাঁকি অমূতের স্থান রোধি। নির্মাণ-নেশায় যদি মাত স্ষ্টি হবে গুরুভার, তার মাঝে লীলা রবে না তো। থামিবার দিন এলে থামিতে না যদি থাকে জানা নীড় গেঁথে গেঁথে পাখি আকাশেতে উড়িবার ডানা বার্থ করি দিবে। থামো তুমি থামো। সন্ধ্যা হয়ে আসে, শান্তির ইন্দিত নামে দিবসের প্রগল্ভ প্রকাশে। ছায়াহীন আলোকের সভায় দিনের যত কথা আপনারে রিক্ত করি রাত্রির গভীর সার্থকতা

এসেছে ভরিষ্না নিতে। তোমার বীণার শত তারে মন্ততার নৃত্য ছিল এতক্ষণ ঝংকারে ঝংকারে বিরাম বিশ্রামহীন— প্রত্যক্ষের জনতা তেয়াগি নেপথ্যে যাক সে চলে স্মরণের নির্জনের লাগি ল'ষে তার গীত-অবশেষ, কথিত বাণীর ধারা অসীমের অকথিত বাণীর সমৃত্তে হোক সারা।

শাস্তিনিকেতন ৫ বৈশাথ ১৩৪৩

न्।। यली

उ९मर्ग

কল্যাণীয়া শ্রীমতী রানী মহলানবীশ

ইটকাঠে গড়া নীরস খাঁচার থেকে আকাশবিলাসী চিত্তেরে মোর এনেছিলে তুমি ডেকে খ্যামল শুশ্রুষায়,

নারিকেলবন-পবন-বীজিত নিকুঞ্জ-আভিনায়। শরৎ-লক্ষ্মী কনকমাল্যে জড়ায় মেঘের বেণী,

নীলাম্বরের পটে আঁকে ছবি স্থপারি গাছের শ্রেণী।
দক্ষিণ ধারে পুকুরের ঘাট বাঁকা সে কোমর-ভাঙা,
দিলি গাছ দিয়ে ঢাকা তার ঢালু ডাঙা।

জামকল গাছে ধরে অজস্র ফুল,

হরণ করেছে স্থারবালিকার হাজার কানের হল। লতানে যুথীর বিতানে মৌমাছিরা করিতেছে ঘুরা-ফিরা।

পুকুরের তটে তটে

মধুচ্ছন্দা রজনীগন্ধা স্থগন্ধ তার রটে।

ম্যাগ্নোলিয়ার শিথিল পাপড়ি থলে থলে পড়ে ঘাসে,

ঘরের পিছন হতে বাতাবির ফুলের থবর আসে।

একসার মোটা পায়াভারী পাম উদ্ধৃত মাথা-তোলা,

রাস্তার ধারে দাঁড়িয়েছে যেন বিলিতি পাহারা-ওলা।

বসি যবে বাতায়নে কলমি শাকের পাড় দেখা যায় পুকুরের এক কোণে বিকেল বেলার আলো জলে রেখা কার্টে সবুজ সোনালি কালো। বিলিমিলি করে আলোছায়া চুপে চুপে
চলতি হাওয়ার পায়ের চিহ্নপে।
জ্যৈষ্ঠ-আষাত মাসে
আমের শাখায় আঁখি থেয়ে যায় সোনার রসের আশে।
লিচু ভরে যায় ফলে,
বাহুড়ের সাথে দিনে আর রাতে অতিথির ভাগ চলে।
বেড়ার ওপারে মৈস্থমি ফুলে রঙের স্বপ্ন বোনা,
চেয়ে দেখে দেখে জানালার নাম রেখেছি— 'নেত্রকোণা'।

ওরাওঁ জাতের মালী ও মালিনী ভোর হতে লেগে আছেমাটি থোঁড়াথুঁড়ি, জল ঢালাঢালি গাছে।
মাটিগড়া যেন নিটোল অঙ্গ, মাটির নাড়ীর টানে
গাছপালাদের স্বজাত বলেই জানে।
রাত পোহালেই পাড়ার গোয়ালা গাভীছটি নিয়ে আসে,
অধীর বাছুর ছুটোছুটি করে পাশে।
সাড়ে ছ'টা বাজে, সোজা হয়ে রোদ চলে আসে মোর ঘরে,
পথে দেখা দেয় থবরওআলা বাইক-রথের 'পরে।
পাঁচিল পেরিয়ে পুরোনো দোতলা বাড়ি,
আলসের ধারে এলোকেশিনীরা ঝোলায় সিক্ত শাড়ি।
পাড়ার মেয়েরা জল নিতে আসে ঘাটে,
সবুজ গহনে ছ-চোথ ডুবিয়ে সোনার সকাল কাটে।

বাংলাদেশের বনপ্রকৃতির মন
শহর এড়িয়ে রচিল এখানে ছায়া দিয়ে ঘেরা কোণ
বাংলাদেশের গৃহিণী তাহার সাথে
আপন স্নিগ্ধ হাতে
সেবার অর্ঘ্য করেছে রচনা নীরব-প্রণতি-ভরা,
ভারি আনন্দ কবিতায় দিল ধরা।

ভনেছি এবার হেথার তোমার কদিনের ঘরবাড়ি
চলে যাবে তুমি ছাড়ি।
মেঘরৌদ্রের খেলার স্বষ্ট ঐ পুকুরের ধারে
লজ্জিত হবে অকবি ধনীর দৃষ্টির অধিকারে।
কালের লীলার দিয়ে যাব সায়, খেদ রাখিব না চিতে—
এ ছবিখানি তো মন হতে ধনী পারিবে না কেড়ে নিতে।
তোমার বাগানে দেখেছি তোমারে কাননলন্মীসম—
তাহারি স্মরণ মম
শীতের রৌদ্রে, মুধর বর্ধারাতে
কুলায়বিহীন পাধির মতন
মিলিবে মেঘের সাথে।

শান্তিনিকেতন ১ ভাজ ১৩৪৩

भागनी

বৈত

সেদিন ছিলে তুমি আলো-আধারের মাঝখানটিতে, বিধাতার মানসলোকের মৰ্ত্যসীমায় পা বাড়িয়ে বিশের রূপ-আঙিনার নাছত্য়ারে যেমন ভোরবেলার একটুখানি ইশারা, শালবনের পাতার মধ্যে উত্থ্যুস্থ, শেষরাত্রের গাঙ্গে-কাঁটা-দেওয়া আলোর আড়-চাহনি; উষা যথন আপন-ভোলা— যখন সে পায় নি আপন ডাক-নামটি পাধির ডাকে, পাহাড়ের চূড়ায়, মেঘের লিখনপত্রে। তার পরে সে নেমে আসে ধরাতলে, তার মৃথের উপর থেকে অসীমের ছায়া-ঘোমটা খলে পড়ে উদয়-সাগরের অরুণরাঙা কিনারায়। পৃথিবী তাকে সাজিয়ে তোলে जानन नवुक-लानात काँ ठिन पिरत ; পরায় তাকে আপন হাওয়ার চুনরি। তেমনি তুমি এনেছিলে তোমার ছবির তহ্মরেখাটুকু আমার হৃদয়ের দিক্প্রান্তপটে।

আমি তোমার কারিগরের দোসর, কথা ছিল তোমার রূপের 'পরে মনের তুলি আমিও দেব বৃলিয়ে,
পুরিয়ে তুলব তোমার গড়নটিকে।
দিনে দিনে তোমাকে রাঙিয়েছি
আমার ভাবের রঙে।
আমার প্রাণের হাওয়া
বইয়ে দিয়েছি তোমার চারি দিকে
কথনো ঝড়ের বেগে
কথনো মৃত্যুত্ দেলিনে।

একদিন আপন সহজ নিরালায় ছিলে তুমি অধরা,
ছিলে তুমি একলা বিধাতার;
একের মধ্যে একঘরে।
আমি বেঁধেছি তোমাকে হয়ের গ্রন্থিতে,
তোমার স্বন্ধ আজ তোমাতে আর আমাতে,
তোমার বেদনায় আর আমার বেদনায়।
আজ তুমি আপনাকে চিনেছ
আমার চেনা দিয়ে।
আমার অবাক চোখ লাগিয়েছে সোনার কাঠির হোঁওয়া,
জাগিয়েছে আনন্দরপ
তোমার আপন চৈতত্যে।

বরানগর ২৩ মে ১৯৩৬

শেষ পহরে

ভালোবাসার বদলে দয়া

যৎসামান্ত সেই দান,

সেটা ছেলাফেলারই স্থাদ ভোলানো

পথের পথিকও পারে তা বিলিয়ে দিতে
পথের ভিথারিকে,
শেষে ভূলে যায় বাঁক পেরোতেই।
তার বেশি আশা করি নি সেদিন।

চলে গেলে তুমি রাতের শেষ প্রহরে।
মনে ছিল, বিদায় নিয়ে যাবে,
শুধু বলে যাবে, 'তবে আসি।'
যে কথা আর-একদিন বলেছিলে,
যা আর কোনোদিন শুনব না,
তার জায়গায় ঐ ঘটি কথা,
ঐটুকু দরদের সক্ষ বুনোনিতে যেটুকু বাঁধন পড়ে
তাপ্ত কি সইত না তোমার।

প্রথম ঘুম যেমনি ভেঙেছে
বৃক উঠেছে কেঁপে,
ভর হয়েছে সময় বৃঝি গেল পেরিয়ে।
ছুটে এলেম বিছানা ছেড়ে।
দূরে গির্জের ঘড়িতে বাজল সাড়ে বারোটা।
রইলেম বসে আমার ঘরের চৌকাঠে
দরজার মাথা রেখে,—
ভোমার বেরিয়ে যাবার বারান্দার সামনে।
অতি সামান্ত একটুখানি স্ক্যোগ
অভাগীর ভাগ্য তাও নিল ছিনিয়ে,
পড়লেম ঘুমে চলে
ভূমি যাবার কিছু আগেই।
আড়চোখে বৃঝি দেখলে চেয়ে
এলিয়ে-পড়া দেহটা—
ভাঙার-ভোলা ভাঙা নৌকোটা যেন।

বুঝি সাবধানেই গেছ চলে,
ঘুম ভাঙে পাছে।
চমকে জেগে উঠেই বুঝেছি
মিছে হয়েছে জাগা।
বুঝেছি, যা যাবার তা গেছে এক নিমেষেই—
যা পড়ে থাকবার তাই রইল পড়ে
যুগ্যুগান্তর।

চুপচাপ চারি দিক—
যেমন চুপচাপ পাথিহারা পাথির বাসা।
গানহারা গাছের ডালে।
কৃষ্ণসপ্তমীর মিইম্নে-পড়া জ্যোৎস্নার সঙ্গে মিশেছে
ভোরবেলাকার ফ্যাকাশে আলো,
ছড়িয়ে পড়েছে আমার পাঙাশ-বরণ শৃক্ত জীবনে।

গেলেম তোমার শোবার ঘরের দিকে
বিনা কারণে।
দরজার বাইরে জলছে
গোঁওয়ায়-কালি-পড়া হারিকেন লওন,
বারান্দায় নিবো-নিবো শিথার গন্ধ।
ছেড়ে-আসা বিছানায় খোলা মশারি
একটু একটু কাপছে বাতাসে।
জানলার বাইরের আকাশে
দেখা যায় শুকতারা,
আশা-বিদায়-করা
যত ঘুমহারাদের সান্ধী।
হঠাৎ দেখি ফেলে গেছ ভূলে
সোনাবাধানো হাতির দাতের লাঠিগাছটা।
মনে হল, যদি সমন্ন থাকে
তবে হয়তো স্টেশন থেকে ফিরে আসবে খোঁজ করতে—

কিন্তু ফিরবে না আমার সঙ্গে দেখা হয় নি বলে।

বরানগর ২৩ মে ১৯৩৬

আমি

আমারই চেতনার রঙে পান্না হল সব্জ, চুনি উঠল রাঙা হয়ে। আমি চোথ মেলল্ম আকাশে, জলে উঠল আলো পুবে পশ্চিম। গোলাপের দিকে চেয়ে বলল্ম 'হুন্দর', স্থলর হল সে। তুমি বলবে, এ যে তত্ত্বকথা, এ কবির বাণী নয়। আমি বলব, এ সত্য, তাই এ কাব্য এ আমার অহংকার, অহংকার সমস্ত মাহুষের হয়ে। <u> শাস্থার অহংকার-পটেই</u> বিশ্বকর্মার বিশ্বশিল্প। তত্বজ্ঞানী জপ করছেন নিখাসে প্রখাসে, ना, ना, ना-ना-शाक्षा, ना-চूनि, ना-वाला, ना-शालाश, না-আমি, না-তুমি। ও দিকে, অসীম যিনি তিনি স্বয়ং করেছেন সাধনা মাহুষের শীমানায়, তাকেই বলে 'আমি'।

সেই আমির গছনে আলো-আঁধারের ঘটল সংগম, দেখা দিল রূপ, জ্বেগে উঠল রস। 'না' কথন ফুটে উঠে হল 'হা' মান্নার মন্ত্রে, রেখান্ন রুঙ্গে স্থাখে ঘৃংখে।

একে বোলো না তত্ত্ব ;
আমার মন হয়েছে পুলকিত
বিশ্ব-আমির রচনার আসরে
হাতে নিয়ে তুলি, পাত্রে নিয়ে রঙ।

পণ্ডিত বলছেন—
বুড়ো চন্দ্রটা, নিষ্ঠুর চতুর হাসি তার,
মৃত্যুদ্তের মতো গুঁড়ি মেরে আসছে সে
পৃথিবীর পাঁজরের কাছে।
একদিন দেবে চরম টান তার সাগরে পর্বতে;
মর্তলোকে মহাকালের নৃতন থাতায়
পাতা জুড়ে নামবে একটা শৃত্যু,
গিলে ফেলবে দিনরাতের জমাথরচ;
মাহুষের কীতি হারাবে অমরতার ভান,
তার ইতিহাসে লেপে দেবে
অনস্ত রাত্রির কালি।

মান্থবের যাবার দিনের চোখ
বিশ্ব থেকে নিকিয়ে নেবে রঙ,
মান্থবের যাবার দিনের মন
ছানিয়ে নেবে রস!
শক্তির কম্পন চলবে আকাশে আকাশে,
জলবে না কোথাও আলো।
বীণাহীন সভার যন্ত্রীর আঙুল নাচবে,
বাজবে না হ্বর।
গেদিন কবিজহীন বিধাতা একা রবেন বসে

নীলিমাহীন আকাশে
ব্যক্তিত্বহারা অন্তিত্বের গণিততত্ত্ব নিয়ে।
তথন বিরাট বিশ্বভূবনে
দূরে দূরান্তে অনন্ত অসংখ্য লোকে লোকান্তরে
এ বাণী ধ্বনিত হবে না কোনোখানেই—
'তুমি স্থন্দর',
'আমি ভালোবাসি'।
বিধাতা কি আবার বসবেন সাধনা করতে
যুগযুগান্তর ধ'রে।
প্রলয়সন্ধ্যায় জপ করবেন—
'কথা কও, কথা কও',
বলবেন 'বলো, তুমি স্থন্দর',
বলবেন 'বলো, আমি ভালোবাসি'?

শান্তিনিকেতন ২৯ মে ১৯৩৬

সম্ভাষণ

রোজই ডাকি তোমার নাম ধরে,
বলি 'চারু'।
হঠাৎ ইচ্ছা হল আর-কিছু বলি,
যাকে বলে সম্ভাষণ,
যোক বলত সত্যযুগের ভালোবাসার।
সব চেয়ে সহজ ডাক— প্রিয়তমে।
সোটা আর্ত্তি করেছি মনে মনে,
তার উত্তরে মনে-মনেই শুনেছি তোমার উচ্চহাসি।
বুঝেছি, মন্দমধ্র হাসি এ যুগের নয়;
এ যে নয় অবস্তী, নয় উজ্জ্যিনী।

আটপছরে নামটাতে দোষ কী হল এই তোমার প্রশ্ন। বলি তবে।

কাজ ছিল না বেশি,
সকাল সকাল ফিরেছি বাসায়।
হাতে বিকেলের খবরের কাগজ,
বসেছি বারান্দায়, রেলিঙে পা তুটো তোলা
হঠাৎ চোখে পড়ল পাশের ঘরে
তোমার বৈকালিকী সাজের ধারা।

বাঁধছিলে চুল আয়নার সামনে
বেণী পাকিয়ে পাকিয়ে, কাঁটা বিঁধে বিঁধে।
এমন মন দিয়ে দেখি নি তোমাকে অনেক দিন;
দেখি নি এমন বাঁকা করে মাথা-হেলানো
চূল-বাঁধার কারিগরিতে,
এমন ছই হাতের মিতালি
চূড়িবালার ঠুনঠুনির তালে।
শেষে ঐ ধানিরঙের আঁচলথানিতে
কোথাও কিছু টিল দিলে,
আঁট করলে কোথাও বা,
কোথাও একটু টেনে দিলে নীচের দিকে,
কিরির যেমন ছন্দ বদল করে
একটু আধটু বাঁকিয়ে চুরিয়ে।

আজ প্রথম আমার মনে হল

অন্ন মজুরির দিন-চালানো

একটা মাহুষের জন্তে

নিজেকে তো সাজিয়ে তুলছে

আমাদের ঘরের পুরোনো বউ

দিনে দিনে নতুন-দাম-দেওয়া রূপে।

এ তো নয় আমার আটপছরে চারু।

ঠিক এমনি করেই দেখা দিত অন্তযুগের অবন্তিকা
ভালোলাগার অপরপবেশে
ভালোবাসার চকিত চোখে।
অমরুশতকের চৌপদীতে
—শিথরিণীতে হোক, অগ্ধরায় হোক—
ওকে তো ঠিক মানাতো।
সাজের ঘর থেকে বসবার ঘরে
ঐ যে আসছে অভিসারিকা,
ও যেন কাছের কালে আসছে
দুরের কালের বাণী।

বাগানে গেলেম নেমে।

ঠিক করেছি আমিও আমার সোহাগকে দেব মর্যাদা
শিল্পে-সাজিম্নে-তোলা মানপত্রে।

যথন ডাকব তোমাকে ঘরে

সোহবে যেন আবাহনী।

সামনেই লতা ভরেছে সাদা ফুলে—
বিলিতি নাম, মনে থাকে না—

নাম দিয়েছি ভারাঝরা;
রাতের বেলায় গন্ধ তার

ফুলবাগানের প্রলাপের মতো।

এবার সে ফুটেছে অকালে,

সবুর সয় নি শীত ফুরোবার।

এনেছি ভার একটি গুচ্ছ,

ভারও একটি সই থাকবে আমার নিবেদনে।

আন্ত গোধ্লিলয়ে তুমি ক্লাসিক যুগের চাক্ষপ্রভা, আমি ক্লাসিকযুগের অজিতকুমার। তুটি কথা আজ বলব আমি, সাজানো কথা— হাসতে হয় হেসো।

সে কথা মনে মনে গড়ে তুলেছি
যেমন করে তুমি জড়িয়ে তুলেছ তোমার খোঁপা।
বলব, "প্রিয়ে, এই পরদেশী ফুলের মঞ্জরী
আকাশে চেয়ে থুঁজছিল বসস্তের রাত্তি,
এনেছি আমি তাকে দয়া করে
তোমার ঐ কালো চুলে।"

শান্তিনিকেতন ৩০ মে ১৯৩৬

স্থ

ঘন অন্ধকার রাত,
বাদলের হাওয়া
এলোমেলো ঝাপট দিচ্ছে চার দিকে।
মেঘ ডাকছে গুরুগুরু,
থরথর করছে দরজা,
থড়খড় করে উঠছে জানালাগুলো।
বাইরে চেয়ে দেখি
সারবাধা স্থপুরি-নারকেলের গাছ
অন্থির হয়ে দিচ্ছে মাথা-ঝাকানি
ছলে উঠছে কাঁঠাল গাছের ঘন ডালে
অন্ধকারের পিগুগুলো
দল-পাকানো প্রেতের মতো।
রাস্ভার থেকে পড়েছে আলোর রেখা
পুকুরের কোণে
সাপ-খেলানো আঁকাবাকা।

মনে পড়ছে ঐ পদটা—

'রজনী শাঙন ঘন, ঘন দেয়া-গরজন…

স্থপন দেখিয় হেনকালে।'

সেদিন রাধিকার ছবির পিছনে

কবির চোখের কাছে

কোন্ একটি মেয়ে ছিল,
ভালোবাসার-কুঁড়ি-ধরা তার মন।

ম্থচোরা সেই মেয়ে,
চোখে কাজল পরা,

ঘাটের খেকে নীলশাড়ি

'নিঙাড়ি নিঙাড়ি' চলা।

আজ এই ঝোড়ো রাতে
তাকে মনে আনতে চাই—
তার সকালে, তার সাঁঝে,
তার ভাষায়, তার ভাবনায়,
তার চোধের চাহনিতে—
তিন-শো বছর আগেকার
কবির জানা সেই বাঙালির মেয়েকে।
দেখতে পাই নে স্পষ্ট করে।
আজ পড়েছে যাদের পিছনের ছায়ায়
তারা শাড়ির আঁচল যেমন করে বাঁধে কাঁধের 'পরে,
থোঁপা যেমন করে ঘুরিয়ে পাকায়
পিছনে নেমে-পড়া,
মুখের দিকে যেমন করে চায় স্পষ্টচোথে,
তেমন ছবিটি ছিল না
সেই তিন-শো বছর আগেকার কবির সামনে।

তব্— 'রজনী শাঙন ঘন… স্থপন দেখিত্ব হেনকালে।' ভাবণের রাত্রে এমনি করেই বয়েছে সেদিন বাদলের হাওয়া,

> মিল রয়ে গেছে সেকালের স্বপ্নে আর একালের স্বপ্নে।

শাস্তিনিকেতন ৩০ মে ১৯৩৬

প্রাণের রস

আমাকে শুনতে দাও, আমি কান পেতে আছি। পড়ে আগছে বেলা; পাথিরা গেম্বে নিচ্ছে দিনের শেষে কণ্ঠের সঞ্চয় উজাড়-করে-দেবার গান। ওরা আমার দেহ-মনকে নিল টেনে नाना ऋरत्रत्र, नाना तर्छत्र, नाना दश्मात्र প্রাণের মহলে। ওদের ইতিহাসের আর কোনো সাড়া নেই, কেবল এইটুকু কথা— আছি, আমরা আছি, বেঁচে আছি, বেঁচে আছি এই আশ্চর্য মৃহুর্তে।— এই কথাটুকু পৌছল আমার মর্মে। বিকালবেলায় মেয়েরা জল ভরে নিয়ে যায় ঘটে, তেমনি করে ভরে নিচ্ছি প্রাণের এই কাকলি আকাশ থেকে यनिंदिक प्रितिः नित्र ।

আমাকে একটু সময় দাও। আমি মন পেতে আছি। তাঁচা-পড়া বেলান্ত,

হাসের উপরে ছড়িয়ে-পড়া বিকেলের আলোতে
গাছেদের নিস্তন্ধ খূলি,

মজ্জার মধ্যে লুকোনো খূলি,
পাতান্ত্র পাতান্ত্র ছড়ানো খূলি।
আমার প্রাণ নিজেকে বাতাসে মেলে দিয়ে
নিচ্ছে বিশ্বপ্রাণের স্পর্শরস
চেতনার মধ্যে দিয়ে ছেঁকে।
এখন আমাকে বসে থাকতে দাও,
আমি চোখ মেলে থাকি।

তোমরা এসেছ তর্ক নিয়ে। আজ দিনাস্তের এই পড়স্ত রোদ্ধুরে সময় পেয়েছি একটুখানি; এর মধ্যে ভালো নেই, মন্দ নেই, निन्ता तरे, थां जि तरे। षम्ब त्नरे, विधा त्नरे,— আছে বনের সবুজ, জলের ঝিকিমিকি--জীবনশ্রোতের উপর তলে অল্প একটু কাঁপন, একটু কল্লোল, একটু ঢেউ। আমার এই একটুখানি অবসর ডড়ে চলেছে ক্ষণজীবী পতকের মতো স্ধান্তবেলার আকাশে রঙিন ডানার শেষ খেলা চুকিয়ে দিতে— ৰূপা প্ৰশ্ন কোরো ना। বুথা এনেছ তোমাদের যত দাবি। আমি বলে আছি বর্তমানের পিছন মৃখে

অতীতের দিকে গড়িয়ে-পড়া ঢাল্তটে।
নানান বেদনায় ধেরে-বেড়ানো প্রাণ
একদিন করে গেছে দীলা
ঐ বনবীথির ডাল দিয়ে বিহ্ননি-করা
আলোছায়ায়।

আখিনে তৃপুর বেলা

এই কাঁপনলাগা ঘাসের উপর,

মাঠের পারে, কাশের বনে,

হাওয়ায় হাওয়ায় স্বগত উক্তি

মিলেছে আমার জীবনবীণার ফাঁকে ফাঁকে।

যে সমস্থাঞ্জাল সংসারের চারি দিকে পাকে-পাকে জড়ানো তার সব গিঠ গেছে ঘুচে। যাবার পথের যাত্রী পিছনে যায় নি ফেলে क्लाना छेम्रयांग, क्लाना छेम्र्रिंग, क्लाना चाकां उद्या কেবল গাছের পাতার কাঁপনে এই বাণীটি রয়ে গেছে— তারাও ছিল বেঁচে, তারা যে নেই তার চেয়ে সত্য ঐ কথাটি। শুধু আৰু অমুভবে লাগে তাদের কাপড়ের রঙের আভাস, পাশ দিয়ে চলে যাওয়ার হাওয়া, क्टब प्रशंत वागी, ভালোবাসার ছন্দ প্রাণগন্ধার পূর্বমুখী ধারায় পশ্চিম প্রাণের যম্নার স্রোত।

শান্তিনিকেতন ১ জুন ১৯৩৬

\$

হারানো মন

দাঁড়িরে আছ আড়ালে,

ঘরে আগবে কিনা ভাবছ সেই কথা।

একবার একটু শুনেছি চুড়ির শন্দ।
তোমার ফিকে পাটকিলে রঙের আঁচলের একটুখানি

দেখা যায় উড়ছে বাতাসে

দরজার বাইরে।

তোমাকে দেখতে পাচ্ছি নে,

দেখছি পশ্চিম আকাশের রোদ্ধুর

চুরি করেছে তোমার ছায়া,

ফেলে রেখেছে আমার ঘরের মেঝের 'পরে!

দেখছি শাড়ির কালো পাড়ের নীচে থেকে
তোমার কনক-গৌরবর্ণ পায়ের দ্বিগা
ঘরের চৌকাঠের উপর।
আজ ডাকব না তোমাকে।
আজ ছড়িয়ে পড়েছে আমার হালকা চেত্রনা—
যেন কৃষ্ণপক্ষের গভীর আকাশে নীহারিকা,
যেন বর্ষণশেষে মিলিয়ে-আসা সাদা মেঘ
শরতের নীলিমার।

আমার ভালোবাসা
যেন সেই আল-ভেঙে-যাওয়া খেতের মতো
অনেক দিন হল চাষি যাকে
ফেলে দিয়ে গেছে চলে;
আনমনা আদিপ্রকৃতি
তার উপরে বিছিয়েছে আপন স্বত্ত্ব
নিজের অজানিতে।
তাকে ছেয়ে উঠেছে ঘাস,

উঠেছে অনামা গাছের চারা, সে মিলে গেছে চার দিকের বনের সঙ্গে সে যেন শেষরাত্রির শুকতারা, প্রভাত-আলোর ডুবিয়ে দিল তার আপন আলোর ঘটগানি

আজ কোনো-সীমানা-দেওয়া নয় আমার মন,
হয়তো তাই ভূল ব্ঝবে আমাকে।
আগেকার চিহ্নগুলো সব গেছে মুছে,
আমাকে এক করে নিতে পারবে না কোনোখানে
কোনো বাঁধনে বেঁধে।

শান্তিনিকেতন ১ জুন ১৯৩৬

চির্যাত্রী

অস্পষ্ট অতীত থেকে বেরিয়ে পড়েছে গুরা দলে দলে, গুরা সন্ধানী, গুরা সাধক, বেরিয়েছে পুরাপৌরাণিক কালের সিংহন্ধার দিয়ে। তার ভোরণের রেখা আঁচড় কেটেছে অজানা আখরে, ভেঙ্কে-পড়া ভাষায়।

যাত্রী ওরা, রণযাত্রী,
ওদের চিরযাত্রা অনাগতকালের দিকে।
যুদ্ধ হয় নি শেষ,
বাজছে নিভ্যকালের তৃন্দুভি।
বহুশত যুগের পদপতনশব্দে
থর্থর্ করে ধরিত্রী,

অর্ধেক রাত্রে ত্রুত্রু করে বক্ষ,

চিন্ত হয় উদাস,

তুচ্ছ হয় ধনমান,

মৃত্যু হয় প্রিয়।

তেজ ছিল যাদের মজ্জায়,

যারা চলতে বেরিয়েছিল পথে

মৃত্যু পেরিয়ে আজও তারাই চলেছে;

যারা বাস্ত ছিল আঁকড়িয়ে

তারা জিয়ন-মরা, তাদের নিঝুম বস্তি

বোবা সম্দ্রের বালুর ভাঙায়।

তাদের জগৎজোড়া প্রেতস্থানে

অশুচি হাওয়ায়

কে তুলবে ঘর,

কে রইবে চোথ উলটিয়ে কপালে,

কে জমাবে জঞালা।

কোন্ আদিকালে মান্থ্য এসে দাঁড়িয়েছে
বিশ্বপথের চৌমাথায়।
পাথেয় ছিল রক্তে, পাথেয় ছিল স্বপ্নে,
পাথেয় ছিল পথেই।
ধেই এঁকেছে নক্শা,
ঘর বেঁধেছে পাকা গাঁথ্নির,
ছাদ তুলেছে মেঘ ঘেঁষে—
পরের দিন থেকে মাটির তলায়
ভিত হয়েছে ঝাঁঝরা।
সে বাঁধ বেঁধেছে পাথরে পাথরে,
তলিয়ে গেছে বন্ধার ধাকায়।
সারারাত ছিসেব করেছে স্থাবর সম্পদের,
রাতের শেষে ছিসেবে বেরোল স্বনাল।

সে জনা করেছে ভোগের ধন সাত হাট থেকে,
ভোগে লেগেছে আগুন,
আপন তাপে গুনরে গুনরে
গেছে ভোগের জোগান আঙার হয়ে।
তার রীতি, তার নীতি, তার শিকল, তার থাঁচা
চাপা পড়েছে মাটির নীচে
পরযুগের কবরস্থানে।

কখনো বা ঘুমিয়েছে সে ঝিমিয়ে-পড়া নেশার আসরে বাতি-নেবা দালানে আরামের গদি পেতে। অন্ধকারে ঝোপের থেকে ঝাঁপিয়ে পড়েছে সন্ধকটো হঃস্বপ্ন, পাগ্লা জন্তর মতো গোঁ গোঁঃ শব্দে ধরেছে তার টুটি চেপে, বুকের পাঁজরগুলোয় ঠক ঠক দিয়েছে নাড়া, গুঙরে উঠে জেগেছে সে মৃত্যুযন্ত্রণায়। ক্ষোভের মাতুনিতে ভেঙে ফেলেছে মদের পাত্র, ছিড়ে ফেলেছে ফুলের মালা। বারে বারে রক্তে-পিছল তুর্গমে ছুটে এসেছে শতচ্ছিত্র শতাব্দীর বাইরে পথ-না-চেনা দিক্সীমানার অলক্ষ্যে। তার হৃৎপিণ্ডের রক্তের ধাকায় ধাকায় ডমক্লতে বেজেছে গুৰু গুৰু, "পেরিয়ে চলো, পেরিয়ে চলো।"

ওরে চিরপথিক,
করিস নে নামের মায়া,
রাধিস নে ফলের আশা,
ওরে ঘরছাড়া মাহুষের সস্তান।

কালের-রথ-চলা রাস্তায়
বারে বারে কারা তুলেছিল জয়ের নিশানা,
বারে বারে পড়েছে চুরমার হয়ে
মাহুষের কীর্তিনাশা সংসারে।
লড়াইয়ে-জয়-করা রাজত্বের প্রাচীর
সে পাকা করতে গেছে ভুল সীমানায়।
সীমানাভাঙার দল ছুটে আসছে
বছ যুগ থেকে
বড়ো ডিঙিয়ে, পাথর গুঁড়িয়ে,
পার হয়ে পর্বত;
আকাশে বেজে উঠছে নিত্যকালের হৃদুভি,
"পেরিয়ে চলো,
পেরিয়ে চলো,

শাস্তিনিকেতন ৪ জুন ১৯৩৬

বিদায়-বরণ

চার প্রহর রাতের বৃষ্টিভেজা ভারী হাওয়ার
থমকে আছে সকাল বেলাটা,
রাত জাগার ভারে যেন মুদে এসেছে
মলিন আকাশের চোখের পাতা।
বাদলার পিছল পথে পা টিপে চলেছে প্রহরগুলো।
যত সব ভাবনার আবছায়া
উড়ছে ঝাঁক বেঁধে মনের চার দিকে
হালকা বেদনার রঙ মেলে দিয়ে।

তাদের ধরি-ধরি করে মনটা, ভাবি বেঁধে রাখি লেখায়; পাশ কাটিয়ে চলে যায় কথাগুলো। এ কালা নয়, হাসি নয়, চিন্তা নয়, তত্ব নয়,
যত-কিছু ঝাপসা-হয়ে-যাওয়া রূপ,
ফিকে-হয়ে-যাওয়া গদ্ধ,
কথা-হারিদ্রে-যাওয়া গান,
তাপহারা স্থতিবিশ্বতির ধুপছায়া—
সব নিয়ে একটি মুখ-ফিরিয়ে-চলা স্বপ্রছবি
যেন ঘোমটাপরা অভিমানিনী।

তাই আমার আজ মন ভেসেছে পলাশবনের চিকন তেউদ্বে, ফাটা মেঘের কিনার দিম্বে উপচে পড়া আচমকা রোদ্ধুরের ছটার।

শান্তিনিকেতন ৩ জুন ১৯৩৬

তেঁতুলের ফুল

জীবনের অনেক ধন পাই নি,
নাগালের বাইরে তারা;
হারিয়েছি তার চেয়ে অনেক বেশি
হাত পাতি নি ব'লেই।
সেই চেনা সংসারে
অসংস্কৃত পল্লীরূপসীর মতো
ছিল এই ফুল মুখঢাকা,
অকাতরে উপেক্ষা করেছে উপেক্ষাকে
এই তেঁতুলের ফুল।

বেঁটে গাছ পাঁচিলের ধারে, বাড়তে পারে নি ক্বপণ মাটিতে; উঠেছে ঝাঁকড়া ডাল মাটির কাছ থেঁষে। ওর বয়স হয়েছে যায় নি বোঝা।

অদ্বে ফুটেছে নেবৃ ফুল,
গাছ ভরেছে গোলকটাপায়,
কোণের গাছে ধরেছে কাঞ্চন,
কুড়চি-শাখা ফুলের তপস্থায় মহাখেতা।
স্পষ্ট ওদের ভাষা,
প্রা আমাকে ডাক দিয়ে করেছে আলাপ।

আজ যেন হঠাং এল কানে
কোন্ ঘোমটার নীচে থেকে চুপিচুপি কথা।
দেখি পথের ধারে ভেঁতুলশাখার কোণে
লাজুক একটি মঞ্জরী,
মৃত্ বসন্তী রঙ,
মৃত্ একটি গন্ধ,
চিকন লিখন তার পাপড়ির গারে।

শহরের বাড়িতে আছে

শিশুকাল থেকে চেনাশোনা অনেক কালের তেঁতুল গাছ,

দিক্পালের মতো দাঁড়িয়ে

উত্তরপশ্চিম কোণে,

পরিবারের যেন পুরোনো কালের সেবক,

প্রপিতামহের বয়সী।

এই বাড়ির অনেক জনমৃত্যুর পর্বের পর পরে

সে দাঁড়িয়ে আছে চুপ করে,

যেন বোবা ইতিহাসের সভাপণ্ডিত।

ঐ গাছে ছিল যাদের নিশ্চিত দথল কালে কালে

তাদের কত লোকের নাম

আজ ওর ঝরা পাতার চেয়েও ঝরা,

তাদের কত লোকের শ্বৃতি

ওর ছায়ার চেয়েও ছায়া।

একদিন ঘোড়ার আন্তাবল ছিল ওর তলায়

থুরের-খট্খটানিতে-অন্থির

থোলার-চালা-দেওয়া ঘরে।

কবে চলে গেছে সহিসের হাঁক ডাকা।

সেই ঘোড়া-বাহনের যুগ

ইতিরুত্তের ও পারে।

আজ চুপ হয়েছে হেয়াধ্বনি,

রঙ বদল করেছে কালের ছবি।

সর্দার কোচম্যানের সমন্ত্রনজ্জিত দাড়ি,

চাবুক হাতে তার সগর্ব উদ্ধৃত পদক্ষেপ,
সেদিনকার শৌখিন সমারোহের সঙ্গে

গেছে সাজ্জ-পরিবর্তনের মহানেপথ্যে।

দশটা বেলার প্রভাত-রোক্তে ঐ তেঁতুলতলা থেকে এসেছে দিনের পর দিন অবিচলিত নিয়মে ইস্কুলে যাবার গাড়ি। বালকের নিরুপায় অনিচ্ছার বোঝাটা টেনে নিয়ে গেছে রাস্তার ভিড়ের মাঝধান দিয়ে।

আজ আর চেনা যাবে না সেই ছেলেকে—
না দেহে, না মনে, না অবস্থায়।
কিন্তু চিরদিন দাঁড়িয়ে আছে সেই আত্মসমাহিত তেঁতুল গাছ
মানবভাগ্যের প্র্ঠানামার প্রতি
ক্রন্দেপ না ক'রে।

মনে আছে এক দিনের কথা। রাত্রি থেকে অঝোর ধারায় রুষ্ট ; ভোরের বেলায় আকাশের রঙ যেন পাগলের চোখের তারা। দিক্হারানো ঝড় বইছে এলোমেলো, বিশ্বজোড়া অদুশ্য থাঁচায় মহাকায় পাখি চার দিকে ঝাপট মারছে পাখা। त्रांखांत्र मांजांता जन, আঙিনা গেছে ভেমে। বারান্দায় দাঁড়িয়ে দেখছি, কুদ্ধ মৃনির মতো ঐ গাছ মাথা তুলেছে আকাশে, তার শাখার শাখার ভংসনা। গলির হুই ধারে কোঠাবাড়িগুলো হুতবৃদ্ধির মতো, আকাশের অত্যাচারে প্রতিবাদ করবার ভাষা নেই তাদের। একমাত্র ঐ গাছটার পত্রপুঞ্জের আন্দোলনে আছে বিদ্রোহের বাণী, আছে স্পর্ধিত অভিসম্পাত। অন্তহীন ইটকাঠের মৃক জড়তার মধ্যে ঐ ছিল একা মহারণ্যের প্রতিনিধি— সেদিন দেখেছি তার বিক্ষু মহিমা বৃষ্টিপাতৃর দিগতে।

কিন্তু যথন বসস্তের পর বসস্ত এসেছে,
অশোক বকুল পেয়েছে সন্মান;
ওকে জেনেছি যেন ঋতুরাজের বাহির-দেউড়ির দারী,
উদাসীন, উদ্ধত।
সেদিন কে জেনেছিল—

ঐ রুঢ় বৃহতের অস্তরে স্থন্দরের নম্রতা,
কে জেনেছিল বসস্তের সভায় ওর কৌলীয়া।

ফুলের পরিচয়ে আজ ওকে দেখছি। যেন গন্ধর্ব চিত্ররথ, य ছिल অर्জूनिविजन्नी महात्री গানের সাধন করছে সে আপন মনে একা নন্দনবনের ছায়ার আড়ালে গুন গুন স্থরে। সেদিনকার কিশোর কবির চোখে ঐ প্রোঢ় গাছের গোপন যৌবনমদিরতা যদি ধরা পড়ত উপযুক্ত লগে, মনে আসছে, তবে মৌশাছির পাখা-উতল-করা কোন্-এক পরম দিনের তরুণ প্রভাতে একটি ফুলের গুচ্ছ করতেম চুরি পরিম্নে দিতেম কেঁপে-ওঠা আঙুল দিয়ে কোন্ একজনের আনন্দে-রাঙা কর্ণমূলে। यमि त्म ख्रांज, की नाम, হয়তো বলতেম— ঐ যে রৌদ্রের এক টুকরো পড়েছে তোমার চিবুকে ওর যদি কোনো নাম তোমার মুখে আসে अदक्छ प्रव त्मरे नामि।

শান্তিনিকেতন ৭ জুন ১৯৩৬

অকাল ঘুম

এসেছি অনাহত।
কিছু কৌতৃক করব ছিল মনে—
আচমকা বাধা দেব অসময়ে
কোমরে-আঁচল-জড়ানো গৃহিণীপনায়।
ত্রারে পা বাড়াতেই চোথে পড়ল—
মেঝের 'পরে এলিয়ে পড়া
ওর অকাল ঘুমের রূপখানি।

দূর পাড়ায় বিয়ে-বাড়িতে বাজছে শানাই সারও স্থরে।
প্রথম প্রহর পেরিয়ে গেছে
জ্যৈর্চরৌন্দ্রে ঝাম্রে-পড়া সকাল বেলায়।
স্তরে স্তরে তথানি হাত গালের নীচে,
ঘুমিয়েছে শিথিলদেহে
উৎসবরাতের অবসাদে
অসমাপ্ত ঘরকরার এক ধারে।
কর্মশ্রোত নিস্তরন্ধ ওর অঙ্কে অঙ্কে,
অনাবৃষ্টিতে অজয় নদের
প্রান্তশায়ী শ্রাস্ত জলশেষের মতো।
ঈষৎ খোলা ঠোটগুটতে মিলিয়ে আছে
মুদে-আসা ফুলের মধুর উদাসীনতা।
হটি ঘুমস্ত চোখের কালো পক্ষচ্ছায়া
পড়েছে পাণ্ডুর কপোলে।

ক্লাস্ত জগং চলেছে পা টিপে ওর খোলা জানলার সামনে দিয়ে ওর শাস্তনিশ্বাসের ছন্দে। ঘড়ির ইশারা বধির ঘরে টিক্টিক্ করছে কোণের টেবিলে, বাতাসে হলছে দিনপঞ্জী দেয়ালের গায়ে। চলতি মৃহুর্তগুলি গতি হারালো ওর স্তব্ধ চেতনার, মিলল একটি অনিমেষ মৃহুর্তে; ছড়িয়ে দিল তার অশরীরী ডানা ওর নিবিড় নিদ্রার 'পরে।

ওর ক্লান্ত দেহের করণ মাধুরী মাটিতে মেলা, যেন পূর্ণিমারাতের ঘুম-হারানো অলস চাদ সকালবেলায় শুক্ত মাঠের শেষ সীমানায়

পোষা বিড়াল হুধের দাবি স্মরণ করিয়ে

ডাক দিল ওর কানের কাছে।

চমকে জেগে উঠে দেখল আমাকে,

তাড়াতাড়ি বুকে কাপড় টেনে
অভিমানভরে বললে, "ছি, ছি,

কেন জাগালে না এতক্ষণ।"

কেন! আমি তার জবাব দিই নি ঠিকমত।

যাকে খ্ব জানি তাকেও সব জানি নে

এই কথা ধরা পড়ে কোনো একটা আকিমিকে।

হাসি আলাপ যথন আছে থেমে,

মনে যখন থমকে আছে প্রাণের হাওয়া,

তথন সেই অব্যক্তের গভীরে

এ কী দেখা দিল আজ।

সে কি অন্তিবের সেই বিষাদ

যার তল মেলে না,

সে কি সেই বোবার প্রশ্ন

যার উত্তর লুকাচুরি করে রক্তে,

সে কি সেই বিরহ

যার ইতিহাস নেই,

সে কি অজানা বাশির তাকে অচেনা পথে স্বপ্লে-চলা।

णामनी

ঘুমের স্বচ্ছ আকাশতলে
কোন্ নির্বাক্ রহস্তের সামনে ওকে নীরবে শুধিয়েছি,
"কে তুমি।
তোমার শেষ পরিচয় খুলে যাবে কোন্ লোকে।

সেদিন সকালে গলির ও পারে পাঠশালায়
ছেলেরা চেঁচিয়ে পড়ছিল নামতা;
পাট-বোঝাই মোষের গাড়ি
চাকার ক্লিষ্টশব্দে মৃচড়ে দিচ্ছিল বাতাসকে;
ছাদ পিটোচ্ছিল পাড়ার কোন্ বাড়িতে;
জানলার নীচে বাগানে
চালতা গাছের তলায়
উচ্ছিষ্ট আমের আঁঠি নিয়ে
টানাটানি করছিল একটা কাক।

আজ এ সমস্তর উপরেই ছড়িয়ে পড়েছে
সেই দ্রকালের মায়ারশ্মি।
ইতিহাসে-বিল্প্ত
তুচ্ছ এক মধ্যাহ্দের আলস্ত-আবিষ্ট রৌদ্রে
এরা অপরূপের রসে রইল ঘিরে
অকাল ঘুমের একথানি ছবি।

শান্তিনিকেতন ১০ জুন ১৯৩৬

ক্ৰি

আমরা ছিলেম প্রতিবেশী।

যখন-তথন হুই বাসার সীমা ডিঙিয়ে

যা-থুশি করে বেড়াত কনি,

খালি পা, খাটো-ফ্রক-পরা মেয়ে;

ত্ত্বু চোধহুটো
যেন কালো আগুনের ফিনকি-ছড়ানো।
ছিপ্ছিপে শরীর।
বাঁকড়া চুল চায় না শাসন মানতে,
বেণী বাঁধতে মাকে পেতে হত হঃখ।
সঙ্গে সঙ্গে সারাক্ষণ লাফিয়ে বেড়াত
কোঁকড়া-লোম-ওআলা বেঁটে জাতের কুকুরটা
ছন্দের মিলে বাঁধা
ত্জনে যেন একটি দ্বিপদী।

আমি ছিলেম ভালো ছেলে
ক্লাসের দৃষ্টাস্তস্থল।
আমার সেই শ্রেষ্ঠতার
কোনো দাম ছিল না ওর কাছে।
যে বছর প্রোমোশন পাই হু ক্লাস ডিঙিয়ে
লাফিয়ে গিয়ে ওকে জানাই,
ও বলে, "ভারি তো!
কী বলিস টেমি।"
ওর কুকুরটা ডেকে ওঠে,
"ঘেউ।"

ও ভালোবাসত হঠাৎ ভাঙতে আমার দেমাক,
ক্ষথিয়ে তুলতে ঠাণ্ডা ছেলেটাকে;
যেমন ভালোবাসত
দম্ করে ফাটিয়ে দিতে মাছের পটকা।
ওকে জন্দ করার চেষ্টা
ঝরনার গামে হুড়ি ছুঁড়ে মারা।
কলকল হাসির ধারায়
বাধা দিত না কিছুতেই।

মৃথস্থ করতে বসেছি সংস্কৃত শব্দরূপ চেঁচিয়ে চেঁচিয়ে, মাথা হলিয়ে হলিয়ে; ও হঠাৎ কখন হম করে পিঠে মেরে গেল কিল অত্যস্ত প্রাকৃত রীভিতে।

সংস্কৃতের অপভ্রংশ মৃথ থেকে ভ্রন্ত হবার পূর্বেই বেণীটুকুর দোলন দেখিয়ে দিল দৌড়।

মেরের হাতের সহাস্ত অপমান
সহজে সম্ভোগ করবার বয়স
তথনো আমার ছিল অল্প দূরে।
তাই শাসনকর্তা ছুটত ওর অহসরণে,
প্রায় পৌছতে পারে নি লক্ষ্যে।
ওর বিলীয়মান শন্ধভেদী হাসি
শুনেছি দূর থেকে,
হাতের কাছে পাই নি
কোনো দায়িত্ববিশিষ্ট জীব—
কোনো বেদনাবিশিষ্ট সন্তা।

এমনিতরো ছিল আমাদের আত্যুগ,
ছোটোমেরের উৎপাতে ব্যতিব্যস্ত।
ত্বরস্তকে শাসনের ইচ্ছা করেছি
পুরুষোচিত অসহিষ্ণুতায় :
শুনেছি ব্যর্থচেষ্টার জ্বাবে
তীব্রমধুর কঠে,
"হয়ো হয়ো হয়ো !"
বাইরে থেকে হারের পরিমাণ
বেড়ে চলেছে যখন
ভখন হয়তো জিত হয়েছে শুরু

সেই বেতার-বার্তার কান খোলে নি তথনো, যদিও প্রমাণ হচ্ছিল জড়ো।

ইতিমধ্যে আমাদের জীবননাট্যে

সাজ হয়েছে বদল।

ও পরেছে শাড়ি,
আঁচলে বিধিয়েছে ব্রোচ,
বেণী জড়িয়েছে হাল ফেশানের থোঁপায়।
আমি ধরেছি থাকি রঙের থাটো প্যাণ্ট্
আর থেলোয়াড়ের জামা
ফুটবল-বলরামের নকলে।
ভিতরের দিকে ভাবের হাওয়ারও
বদল হল শুরু,
কিছু তার পাওয়া যায় পরিচয়।

একদিন কনির বাবা পড়ছেন বসে
ইংরেজি সাপ্তাহিক।
বড়ো লোভ আমার ঐ ছবির কাগজটার 'পরে।
আমি লুকিয়ে পিছনে দাঁড়িয়ে দেখছি
উড়ো জাহাজের নক্শা।
জানতে পেরে তিনি উঠলেন হেসে।
তিনি ভাবতেন, ছেলেটার বিহার দম্ভ বেশি।
সেটা তাঁরও ছিল ব'লেই
আর কারও পারতেন না সইতে।
কাগজ্ঞানা তুলে ধরে বললেন,
র্বিয়ের দাও তো বাপু, এই ক'টা লাইন,
দেখি তোমার ইংরেজি বিছে।"
নিষ্ঠর অক্ষরগুলোর দিকে তাকিয়ে
মৃধ লাল করে উঠতে হল ঘেমে।
ঘ্রের এক কোণে বসে

একলা করছিল কড়িখেলা

আমার অপমানের সাক্ষী কনি।

দ্বিধা হল না পৃথিবী,

অবিচলিত রইল চার দিকের নির্মম জগং।

পরদিন সকালে উঠে দেখি,
সেই কাগজখানা আমার টেবিলে—
শিবরামবাব্র ছবির কাগজ।
এত বড়ো হুঃসাহসের গভীর রসের উৎস কোথায়,
তার মূল্য কত,
সেদিন ব্ঝতে পারে নি বোকা ছেলে।
ভেবেছিলেম, আমার কাছে কনির
এ শুধু স্পর্ধার বড়াই।

দিনে দিনে বয়দ বাড়ছে

আমাদের তৃজনের অগোচরে,

তার জন্তে দায়িক নই আমরা।

বন্ধদ-বাড়ার মধ্যে অপরাধ আছে

এ কথা লক্ষ্য করি নি নিজে,

করেছেন শিবরামবাবৃ।

আমাকে স্নেহ করতেন কনির মা,

তার জবাবে বাঁঝিয়ে উঠত তাঁর স্বামীর প্রতিবাদ।

একদিন আমার চেহারা নিয়ে খোঁটা দিয়ে

শিবরামবাবৃ বলছিলেন তাঁর স্বাকে,

আমার কানে গেল—

"টুক্টুকে আমের মতো ছেলে

পচতে করে না দেরি,

ভিতরে পোকার বাসা।"

আমার 'পরে ওঁর ভাব দেখে

বাবা প্রান্ন বলতেন রেগে,

"লক্ষ্মীছাড়া, কেন যাস ওদের বাড়ি।"

ধিক্কার হত মনে,

বলতেম দাঁত কামড়ে,

"যাব না আর কক্খনো।"

যেতে হত ত্দিন বাদেই

কুলতলার গলি দিয়ে লুকিয়ে।

মৃথ বাঁকিয়ে বসে রইত কনি

ত্দিন না-আসার অপরাধে।

হঠাৎ বলে উঠত,

"আড়ি, আড়ি, আড়ি।"

আমি বলতুম, "ভারি তো।"

ঘাড় বাঁকিয়ে তাকাতুম আকাশের দিকে।

একদিন আমাদের হুই বাড়িতেই এল
বাসা ভাঙবার পালা।
এঞ্জিনিয়র শিবরামবাবু যাবেন পশ্চিমে
কোন্ শহরে আলো-জালার কারবারে।
আমরা চলেছি কলকাতায়;
গ্রামের ইস্কুলটা নম্ন বাবার মনের মতো।

চলে মাবার ছদিন আগে
কনি এসে বললে, "এস আমাদের বাগানে।"
আমি বললাম "কেন।"
কনি বললে, "চুরি করব ছজনে মিলে;
আর ভো পাব না এমন দিন।"
বললেম, "কিন্তু ভোমার বাবা—"
কনি বললে, "ভীতু।"
আমি বললেম মাথা বাঁকিয়ে,
"একটুও না।"

শিবরামবাব্র শথের বাগান ফলে আছে ভরে। किन खर्पान, "कान् फन जालावान नव कर्य। वांगि वनत्नम, "ये मञ्जः कत्र भूत्रत निष्ट् ।" কনি বললে, "গাছে চড়ে পাড়তে থাকো, ধরে রইলেম ঝুড়ি।" ঝুড়ি প্রান্ন ভরেছে, হঠাৎ গৰ্জন উঠল "কে রে"— श्वयः शिवत्रागवाव्। বললেন, "আর কোনো বিভা হবে না বাপু, চুরি বিতাই শেষ ভরসা।" ঝুড়িটা নিয়ে গেলেন তিনি পাছে ফলবান হয় পাপের চেষ্টা। কনির হুই চোধ দিয়ে মোটা মোটা ফোঁটায় জল পড়তে লাগল নি:শবে; গাছের গুঁড়িতে ঠেস দিয়ে অমন অচঞ্চল কামা দেখি নি ওর কোনোদিন।

তার পরে মাঝখানে অনেকথানি ফাঁক।
বিলেত থেকে ফিরে এসে দেখি
কনির হয়েছে বিয়ে।
মাথায় উঠেছে লালপেড়ে আঁচল,
কপালে কুন্ধুম,
শাস্তগভীর চোথের দৃষ্টি,
স্বর হয়েছে গন্তীর।
আমি কলকাতায় রসায়নের কারখানায়
ওর্ধ বানিয়ে থাকি।
আমার দিনের পর দিন চলেছে
কর্মচক্রের সেহহীন কর্মশ্বনিতে।

একদিন কনির কাছ থেকে চিঠিতে এল
দেখা করতে অহ্ননা।
গ্রামের বাড়িতে ভাগনির বিয়ে,
স্বামী পায় নি ছুটি,
ও একা এসেছে মায়ের কাছে।
বাবা গেছেন ছশিয়ারপুরে
বিবাহে মতবিরোধের আজোশে।

অনেক দিন পরে এসেছি গ্রামে, এসেছি প্রতিবেশিনীর সেই বাড়িতে। ঘাটের পাশে ঢালু পাড়িতে ঝুঁকে রয়েছে সেই হিঙ্গল গাছ জ্বলের দিকে, পুকুর থেকে আসছে সেই পুরোনো কালের মিষ্টি গন্ধ খাওলার; আর সিম্বগাছের ডালে ত্লছে সেই দোলনাটা আজও। কনি প্রণাম করে বললে, "অমলদাদা, থাকি দূর দেশে, ভাইফোঁটার দিনে পাব তোমায় নেই সে আশা। আজ অদিনে মেটাব আমার সাধ, তাই ডেকেছি।" বাগানে আসন পড়েছে অশথতলার চাতালে! षश्धीन इन गाता; পায়ের কাছে কনি রাথলে একটি ঝুড়ি, নে ঝুড়ি লিচুতে ভরা वनल, "लाहे निहू।" আমি বললেম, "ঠিক সে লিচু নয় ব্ঝি।" किन रमरम, "की जानि।" वल्ये क्छ राम हत्म।

শাস্তিনিকেতন ১২ জুন ১৯৩৬

বাঁশিওআলা

"ওগো বাঁশিওআলা,
বাজাও তোমার বাঁশি,
শুনি আমার নৃতন নাম"
—এই বলে তোমাকে প্রথম চিঠি লিখেছি,
মনে আছে তো?

আমি তোমার বাংলাদেশের মেয়ে। স্ষ্টিকর্তা পুরো সময় দেন নি আমাকে মাহুষ করে গড়তে— রেখেছেন আধাআধি করে। অন্তরে বাহিরে মিল হয় নি সেকালে আর আজকের কালে, মিল হয় নি ব্যথায় আর বৃদ্ধিতে, মিল হয় নি শক্তিতে আর ইচ্ছায়। আমাকে তুলে দেন নি এ যুগের পারানি নৌকোয়, চলা আটক করে ফেলে রেখেছেন কালস্রোতের ও পারে বালুডাঙায়। সেখান থেকে দেখি প্রথর আলোম ঝাপনা দূরের জগং— বিনা কারণে কাঙাল মন অধীর হয়ে ওঠে, তুই হাত বাড়িয়ে দিই, নাগাল পাই নে কিছুই কোনো দিকে।

বেলা তো কাটে না,
বসে থাকি জোন্ধার-জলের দিকে চেন্নে—
ভেসে যায় মৃক্তি-পারের থেয়া,
ভেসে যায় ধনপতির ডিঙা,
ভেসে যায় চল্তি বেলার আলোছায়া।

এমন সমন্ন বাজে তোমার বাঁশি ভরা জীবনের স্থরে। মরা দিনের নাড়ীর মধ্যে দব্দবিম্নে ফিরে আসে প্রাণের বেগ

কী বাজাও তৃমি,
জানি নে সে স্থর জাগার কার মনে কী ব্যথা।
বৃঝি বাজাও পঞ্চমরাগে
দক্ষিণ হাওয়ার নবযৌবনের ভাটিয়ারি।
ভানতে ভানতে নিজেকে মনে হয়—
যে ছিল পাহাড়তলির ঝির্ঝিরে নদী,
তার বৃকে হঠাৎ উঠেছে ঘনিয়ে
শাবণের বাদলরাত্রি।
সকালে উঠে দেখা যায় পাড়ি গেছে ভেসে,
একগুঁয়ে পাথরগুলোকে ঠেলা দিচ্ছে
অসহু স্রোতের ঘূর্ণি-মাতন।

আমার রক্তে নিয়ে আদে তোমার স্থর—
ঝড়ের ডাক, বস্থার ডাক, আগুনের ডাক,
পাঁজরের উপরে আছাড়-থাওয়া
মরণ-সাগরের ডাক,
ঘরের শিকল-নাড়া উদাসী হাওয়ার ডাক।
যেন হাঁক দিয়ে আসে
অপূর্ণের সংকীর্ণ থাদে
পূর্ণ স্থোতের ডাকাতি,
ছিনিয়ে নেবে, ভাসিয়ে দেবে বুঝি।
অকে অকে পাক দিয়ে ওঠে
কালবৈশাখীর ঘূর্ণি-মার-খাওয়া
অরণ্যের বকুনি।

তানা দেয় নি বিধাতা,
তোমার গান দিয়েছে আমার স্বপ্নে
ঝোড়ো আকাশে উড়ো প্রাণের পাগলামি।
ঘরে কাজ করি শান্ত হয়ে;
সবাই বলে 'ভালো'।
তারা দেখে আমার ইচ্ছার নেই জোর,
সাড়া নেই লোভের,
ঝাপট লাগে মাথার উপর,
ধূলোয় লুটোই মাথা।
ত্রস্ত ঠেলার নিষেধের পাহারা কাত করে ফেলি
নেই এমন বুকের পাটা;
কঠিন করে জানি নে ভালোবাসতে,
কাঁদতে শুধু জানি,
জানি এলিয়ে পড়তে পায়ে।

বাশিওখালা,

বেজে ওঠে তোমার বাঁশি—
তাক পড়ে অমর্তলোকে;
লেখানে আপন গরিমায়
উপরে উঠেছে আমার মাথা।
লেখানে কুয়াশার পর্দা-র্ভেড়া
তরুণ-সূর্য আমার জীবন।
লেখানে আগুনের ডানা মেলে দেয়
আমার বারণ-না-মানা আগ্রহ,
উড়ে চলে অজানা শৃন্তপথে
প্রথম-কুধান্ন-অন্থির গরুড়ের মতো।
জেগে ওঠে বিস্রোহিণী;
তীক্ষ চোথের আড়ে জানায় দ্বণা
চার দিকের ভীকর ভিড়কে,
কুশ কুটিশের কাপুরুষতাকে।

रांशिख्याना,

হয়তো আমাকে দেখতে চেয়েছ তুমি।
জানি নে ঠিক জায়গাটি কোথায়,
ঠিক সময় কখন,
চিনবে কেমন করে।
দোসর-হারা আবাঢ়ের ঝিল্লিঝনক রাত্রে
সেই নারী তো ছায়ারূপে
গেছে তোমার অভিসারে চোখ-এড়ানো পথে।
সেই অজানাকে কত বসস্তে
পরিয়েছ ছন্দের মালা,
শুকোবে না তার ফুল।

তোমার ডাক শুনে একদিন
ঘরপোষা নির্জীব মেয়ে
অন্ধকার কোণ থেকে
বেরিয়ে এল ঘোমটা-খসা নারী।
যেন সে হঠাৎ-গান্ধয়া নতুন ছন্দ বাল্মীকির,
চমক লাগালো তোমাকেই।
সে নামবে না গানের আসন থেকে;
সে লিখবে তোমাকে চিঠি
রাগিণীর আবছায়ায় বসে।
তুমি জ্ঞানবে না তার ঠিকানা।

ওগো বাঁশিওআলা, লে থাক্ তোমার বাঁশির স্থরের দূরত্বে।

শাস্তিনিকেতন ১৬ জুন ১৯৩৬

মিলভাঙা

এসেছিলে কাঁচা জীবনের
পেলব রূপটি নিম্নে—
এনেছিলে আমার স্থানেরর প্রথম বিশ্ময়,
রক্তে প্রথম কোটালের বান।
আধোচেনার ভালোবাসার মাধুরী
ছিল যেন ভোরবেলাকার
কালো ঘোমটার স্ক্র সোনার কাজ—
গোপন শুভদৃষ্টির আবরণ।
মনের মধ্যে তখনো
অসংশয় হয় নি পাথির কাকলী;
বনের মর্মর একবার জাগে
একবার যায় মিলিয়ে।

বহুলোকের সংসারের মাঝখানে
চুপিচুপি তৈরি হতে লাগল
আমাদের চুজনের নিভৃত জগং।
পাখি যেমন প্রতিদিন
খড়কুটো কুড়িয়ে এনে বাসা বাঁধে
তেমনি সেই জগতের উপকরণ সামান্ত,
চল্তি মুহুর্তের খসে-পড়া
উড়ে-আসা সঞ্চয় দিয়ে গাঁথা।
তার মূল্য ছিল তার রচনার,
নয় তার বস্তুতে।

শেষে একদিন হজনের নৌকো-বাওয়া থেকে
কখন একলা গেছ নেমে;
আমি ভেসে চলেছি স্রোতে,
তুমি বসে রইলে ও পারের ডাঙার।

মিলল না আর আমার হাতে তোমার হাতে
কাজে কিম্বা খেলায়।
জ্বোড় ভেঙে ভাঙল আমাদের জীবনের গাঁথনি।
যে দ্বীপের শ্রামল ছবিখানি সহ্য আঁকা পড়েছে
সম্জ্বের লীলাচঞ্চল তরঙ্গপটে
তাকে যেমন দের মৃছে
এক জোন্বারের তুম্ল তুফানে,
তেমনি মিলিয়ে গেল আমাদের কাঁচা জগং
স্থহ:খের নতুন-অঙ্ক্র-মেলা
শ্রামল রূপ নিয়ে।

তার পরে অনেক দিন গেছে কেটে।
আষাঢ়ের আসন্নবর্ষণ সন্ধ্যান্ত্র

যথন তোমাকে দেখি মনে মনে,
দেখতে পাই তুমি আছ

সেইদিনকার কচি যৌবনের মান্ত্রা দিরে বেরা।
তোমার বন্ধস গেছে থেমে।
তোমার সেই বসস্তের আমের বোলে
আজও তেমনি গন্ধেরই ঘোষণা;
তোমার সেদিনকার মধ্যাহ্রু
আজ মধ্যাহ্রুও ঘুবুর ডাকে তেমনি বিরহাতুর।
আমার কাছে তোমার শ্বরণ রন্ত্রে গেছে
প্রকৃতির বন্ধসহারা এই-সব পরিচন্তের দলে।
স্থল্যর তুমি বাঁধা রেখান্তর,
প্রতিষ্ঠিত তুমি অচল তুমিতে।

আমার জীবনধারা
কোথাও রইল না থেমে।
কুর্গমের মধ্যে, গভীরের মধ্যে,
মন্সভালোর ক্রবিরোধে,
চিস্তায় সাধনায় আকাজ্জায়,

কথনো সফলতায়, কখনো প্রমাদে,
চলে এসেছি তোমার জানা সীমার
বহুদ্র বাইরে;
সেখানে আমি তোমার কাছে বিদেশী।
সেই তুমি আজ এই মেঘ-ডাকা সন্ধ্যায়
যদি এসে বস আমার সামনে,
দেখতে পাবে আমার চোখে
দিক-হারানো চাহনি
অজানা আকাশের সম্প্রপারে
নীল অরণ্যের পথে।

তুমি কি পাশে বসে শোনাবে
সেদিনকার কানে-কানে কথার উদ্বৃত্ত।
কিন্তু ঢেউ করছে গর্জন,
শকুন করছে চীংকার,
মেঘ ডাকছে আকাশে,
মাথা নাড়ছে নিবিড় শালের বন।
তোমার বাণী হবে খেলার ভেলা
খেপাজলের ঘূর্ণিপাকে।

সেদিন আমার সব মন

মিলেছিল তোমার সব মনে,
তাই প্রকাশ পেয়েছে নৃতন গান
প্রথম স্কাষ্টর আনন্দে।

মনে হয়েছে,
বহু যুগের আশ মিটল তোমাতে আমাতে।

সেদিন প্রতিদিনই বয়ে এনেছে

নৃতন আলোর আগমনী
আদিকালে স্থা-চোথ-মেলা তারার মতো।

আজ আমার যন্ত্রে
তার চড়েছে বহুশত,
কোনোটা নম্ন তোমার জানা।
যে হুর সেধে রেখেছ সেদিন
সে হুর লজ্জা পাবে এর তারে।
সেদিন যা ছিল ভাবের লেখা
আজ হবে তা দাগা-বুলোনো।

তব্ জল আসে চোখে।
এই সেতারে নেমেছিল তোমার আঙুলের
প্রথম দরদ;
এর মধ্যে আছে তার জাত্ব।
এই তরীটিকে প্রথম দিয়েছিলে ঠেলে
কিশোর-বয়সের স্থামল পারের থেকে;
এর মধ্যে আছে তার বেগ।
আজ মাঝনদীতে সারিগান গাইব যথন
তোমার নাম পড়বে বাঁধা
তার হঠাৎ তানে।

শান্তিনিকেতন ২০ জুন ১৯৩৬

হঠাৎ-দেখা

রেলগাড়ির কামরায় হঠাৎ দেখা, ভাবি নি সম্ভব হবে কোনোদিন

আগে ওকে বারবার দেখেছি লালরঙের শাড়িতে দালিম ফুলের মতো রাঙা; আজ পরেছে কালো রেশমের কাপড়,
আঁচল তুলেছে মাথার
দোলনচাপার মতো চিকনগোর ম্থথানি ঘিরে।
মনে হল, কালো রঙে একটা গভীর দূরত্ব
ঘনিরে নিয়েছে নিজের চার দিকে,
যে দূরত্ব সর্বেখেতের শেষ সীমানার
শালবনের নীলাঞ্জনে।
থমকে গেল আমার সমস্ত মনটা;
চনা লোককে দেখলেম অচেনার গান্তীর্যে।

হঠাং থবরের কাগজ ফেলে দিয়ে
আমাকে করলে নমস্কার।
সমাজবিধির পথ গেল থুলে,
আলাপ করলেম শুরু—
কেমন আছা, কেমন, চলছে সংসার
ইত্যাদি।
সে রইল জানলার বাইরের দিকে চেম্নে
যেন কাছের দিনের হোঁয়াচ-পার-হওয়া চাহনিতে।
দিলে অত্যম্ভ ছোটো ঘটো-একটা জবাব,
কোনোটা বা দিলেই না।
ব্ঝিয়ে দিলে হাতের অন্থিরতায়—
কেন এ-সব কথা,
এর চেয়ে অনেক ভালো চুপ করে থাকা।

আমি ছিলেম অন্ত বেঞ্চিতে ওর সাথিদের সঙ্গে। এক সময়ে আঙুল নেড়ে জানালে কাছে আসতে। মনে হল কম সাহস নয়; বসলুম ওর এক-বেঞ্চিতে। গাড়ির আওয়াজের আড়ালে
বললে মৃত্স্বরে,
"কিছু মনে কোরো না,
সময় কোথা সময় নষ্ট করবার।
আমাকে নামতে হবে পরের স্টেশনেই;
দূরে যাবে তুমি,
দেখা হবে না আর কোনোদিনই।
তাই যে প্রশ্নটার জবাব এতকাল থেমে আছে,
শুনব তোমার মৃথে।
সত্য করে বলবে তো?"

আমি বললেম, "বলব।"
বাইরের আকাশের দিকে তাকিয়েই শুধোল,
"আমাদের গেছে যে দিন
একেবারেই কি গেছে,
কিছুই কি নেই বাকি।"

একটুকু রইলেম চুপ করে;
তার পর বললেম,
"রাতের সব তারাই আছে
দিনের আলোর গভীরে।"

থটকা লাগল, কী জানি বানিয়ে বললেম না কি। ও বললে, "থাক্, এখন যাও ও দিকে।" সবাই নেমে গেল পরের স্টেশনে; আমি চললেম একা।

শ†স্থিনিকেতন ২৪ জুন ১৯৩৬

কালরাত্তে

কাল রাত্রে

বাদলের দানোর-পাওয়া অন্ধকারে वर्षानंद्र दियायिय अनारभ চাপা দিয়েছিল मनामी निनीएथे व धानमञ्जा জ্বড়াড়ে ছিলেম পরাভূত, ছिल्य উপবাসী; हिल निधिनमंकि धृलिनशान। বুকে ভর দিয়ে বসেছিল সমস্ত আকাশের সঙ্গহীনতা। "চাই চাই" করে কেঁদে উঠেছিল প্রাণ প্রহরে প্রহরে নিশাচর পাথির মতো। নানা নাম ধরেছিল ভিক্ষা, অস্তবের অন্ধন্তরে শিকড় চালিয়েছিল আঁকাবাকা অশুচি কানার। "চাই চাই" বলে শৃত্য হাংড়ে বেড়িয়েছিল রাত-কানা যাকে চায় তাকে না জেনে। শেষে ক্ৰুদ্ধ গৰ্জনে হেঁকে উঠল, "নেই সে নেই কোথাও নেই।"

সত্যহারা শৃত্যতার গর্ত থেকে
কালো কামনার সাপের বংশ
বেরিয়ে এসে জড়িয়েছে কাঙালকে—
নাস্তিত্বের-সেই-শিকল-বাঁধা ভৃত্যকে—
নিরর্থের বোঝায়
বেঁকেছে যার পিঠ,
নেমেছে যার মাধা।

ভোর হল রাত্রি। আয়াঢ়ের সকালে অকস্মাৎ হাওয়ায় ঘন মেঘের হুর্গপ্রাচীর

পড়ল ভেডেচুরে।

ছুটে বেরিয়ে এসেছে প্রভাতের বাঁধন-ছেঁড়া আলো। মৃক্তির আনন্দঘোষণা বেজে উঠল আকাশে আকাশে

আগুনের ভাষায়। পাখিদের ছোটো কোমল তহতে তরস্ত হয়ে উঠল প্রাণের উৎস্থক ছন্দ।

চলল তাদের স্থরের তীর-থেলা কণ্ঠ থেকে কণ্ঠে, শাখা থেকে শাখায়।

সেতারের ক্রত তালের বাজন যেন পাতার পাতার আলোর চমক। মন দাঁড়িয়ে উঠল; বললে, আমি পূর্ণ।

তার অভিষেক হল
আপনারই উদ্বেল তরকে।
তার আপন শক
আপনাকে করলে বেষ্ট্রন
শিলাতটকে ঝর্নার মতো;
উপচে উঠে মিলতে চলল
চার দিকের সব-কিছুর মধ্যে।

চেতনার সব্দে আলোর রইল না কোনো ব্যবধান। প্রভাতস্থের অন্তরে দেখতে পেলেম আপনাকে হিরগায় পুরুষ ; ডিঙিয়ে গেলেম দেহের বেড়া, পেরিয়ে গেলেম কালের সীমা,
গান গাইলেম "চাই নে কিছু চাই নে"—
যেমন গাইছে রক্তপদ্মের রক্তিমা,
যেমন গাইছে সমৃদ্রের তেউ,
সন্ধ্যাতারার শান্তি,
গিরিশিখরের নির্জনতা।

শান্তিনিকেতন ২৩ জুন ১৯৩৬

অমৃত

বিদায় নিয়ে চলে আসবার বেলা বললেম তাকে,

"ভারতের একজন নারী বলেছিলেন একদিন—
উপকরণ চান না তিনি,

তিনি চান অমৃত
এই তো নারীর পণ,
তুমি কী বল।"

অমিয়া হাসল একটু বিরস হাসি;
বললে, "এ কি উপদেশ।"
আমি বললেম তার হাত চেপে ধরে,

"ভালোবাসাই সেই অমৃত,
উপকরণ তার কাছে তুচ্ছ,
বুঝবে একদিন।"

বিরক্ত হল অমিয়া;
বললে, "তুমি কেন নিয়ে গেলে না আমাকে মিথ্যে থেকে।
জোর নেই কেন ভোমার।"
আমি বললেম, "বাধে আত্মগৌরবে।

ষতদিন না ধনে হব সমান
আসব না তোমার কাছে।
আমিয়া মাথা-আঁকানি দিয়ে উঠে দাঁড়ালো,
চলল ঘরের বাইরে।
আমি বললেম, "শুনে রাখো,
তোমার ভালোবাসার বদলে
দেব না তোমাকে অকিঞ্নের অসমান।
এই আমার পুরুষের পণ।"

দিন যায়, রাত যায়,

মাথায় চড়ে ওঠে সোনার মদের নেশা।

সঞ্চয়ের ধাকা যতই বাড়ে

ততই আমাকে চলে ঠেলে।

থামতে পারি নে, থামাতে পারি নে তার তাড়না।

বিত্ত বাড়ে, খ্যাতি বাড়ে,

বৃক ফুলিয়ে এগিয়ে চলে আত্মশ্রাঘা।

শেষে ডাক্তার বললে, বিশ্রাম চাই নিতান্তই,

দেহের কল অচল হয়ে এল বলে।

গেলেম দ্রদেশে নির্জনে।

সেখানে সমুদ্রের একটা খাড়ি এসে মিলেছে
পাহাড়তলির অরণ্যে।

ডিড় জমেছে গাছে গাছে
মাছ-ধরা পাখিদের পাড়ায়।
ক্ষীণ নদীটি ঝরে পড়ছে পাহাড় থেকে
পাথরের ধাপে ধাপে।

হুড়ি ডিঙিয়ে বেঁকে চলা
তার ফটক জলের কল্কলানি
ধরিয়ে রেখেছে একটি মূল স্থর নির্জনতার।

নিত্য-স্নান-করা সেখানকার হাওয়া
চলেছে মন্ত ভন্গুনিয়ে বনের থেকে বনে।

দল বেঁথেছে নারকেল গাছ—
কেউ খাড়া, কেউ হেলে-পড়া,
দিনরাত ওদের ঝালর-ঝোলা অস্থ্রপনা।
ফিরে ফিরে আছাড় খেয়ে ফেনিয়ে উঠছে জেদালো তেউ
মোটা মোটা কালো পাথরে;
ভাঙায় ছড়িয়ে দিয়ে যাচ্ছে
ঝিহুক শাম্ক খাওলা।
ক্লান্ত শান্ত মনকে ফিরিয়েছে
শান্ত রক্তধারার সিশ্বতায়।
কর্মের নেশার ঝাঁজ এল মরে।
এতকালের খাটুনি মনে হল যেন ফাঁকি,
প্রাণ উঠল ত্ হাত বাড়িয়ে

সেদিন ঢেউ ছিল না জলে। আখিনের রোদ্হর কাঁপছে সমৃদ্রের শিহর-লাগা নীলিমায়। বাসার ধারে পুরোনো ঝাউগাছে ধেয়ে আদছে ধাপছাড়া হাওয়া, ঝর্ঝর্ করে উঠছে তার পাতা। বেগনি রঙের পাখি, বুকের কাছে সাদা, টেলিগ্রাফের তারে বলে লেজ হলিয়ে ডাকছে মিষ্টি মৃত্ চাপা স্থরে। শরং-আকাশের নির্মল নীলে ছড়িয়ে আছে কোন্ অনাদি নির্বাসনের গভীর বিষাদ। মনের মধ্যে ছহু করে উঠছে— "ফিরে যেতে ছবে।" থেকে থেকে মনে পড়ছে, मिनिकात मिरे जन-मूट्य-एकना कार्थ ঝলে উঠেছিল যে আলো।

সেইদিনই চড়লুম জাহাজে।
বন্দরে নেমেই এসেছি চলে।
রাস্তার বাঁকে এসে চাইলেম বাড়ির দিকে;
মনে হল, সেখানে বাস নেই কারও।
এলেম সদর দরজার সামনে,
দেখি তালা বন্ধ।
ধক্ করে উঠল বুকের মধ্যে;
বাড়ির ভিতর থেকে শ্রুতার দীর্ঘনিশাস এসে
লাগল আমার অন্তরে।

অনেক সন্ধানের পর
দেখা হল শেষে।
কোন্ বারো-ভূইঞাদের আমলের
একথানা তিন-কাল-পেরোনো গ্রাম—
একটি পুরোনো দিঘির ধারে—
দিঘির নামেই লোচনদিঘি তার নাম।
সেধানে ভূলে-যাওয়া তারিখের
ঝাপসা-অক্ষর-পট-ওআলা
ভাঙা দেবালয়।
পূর্বথাতির কোনো সাক্ষী রাথে নি,
আছে সে অশ্বথের পাঁজর-ভাঙা
আলিঙ্গনে জড়িয়ে-পড়া।
পাড়ির উপরে বুড়ো বটের তলায়
একটি নৃতন আটচালা ঘর,
সেইখানে গ্রামের বালিকাবিভালয়।

দেখলুম অমিয়াকে ছাই রঙের মোটা শাড়ি পরা, ছই হাতে ছইগাছি শাখা, পায়ে নেই জুতো, তিলে খোঁপা অযত্নে পড়েছে ঝুলে।
পাড়াগাঁরের শ্চামল রঙ লেগেছে মুখে।
ছোটো ঝারি হাতে পাঠশালার বাগানে
জল দিচ্ছে সবজি-থেতে।
ভবে পেলেম না কী বলি।
তারও মুখে এল না
প্রথম-দেখার কোনো সম্ভাষণ,
কোনো প্রশ্ন।

চোথের আড়ে
আমার দামি জুতোজোড়াটার দিকে তাকিয়ে
বললে অনায়াসে,
"বেশি বর্ধায় আগাছায় চাপা পড়েছে
বিলিতি বেগুনের চারা;
এসো-না, নিড়িয়ে দেবে।"

বোঝা গেল না, ঠাট্টা কি সত্যি।

জামার আন্তিনে ছিল মৃক্ডোর বোতাম,
ল্কিয়ে আন্তিনটা দিলেম উলটিয়ে।
অমিয়ার জন্মে একটা ব্রোচ ছিল পকেটে,
ব্ঝলেম দিতে গেলে
হীরেটাতে লাগবে প্রহসনের হাসি।
একটু কেসে শুধালেম,
"এখানে থাক কোথায়।"
ঝারি রেথে দিয়ে বললে, "দেখবে?"
নিয়ে গেল স্থলের মধ্যে
দালানের পুব দিকটাতে
শতরঞ্জের পর্দা দিয়ে ভাগ কয়া ঘরে।
একটা তক্তপোশের উপর
বিছানা রয়েছে গোটানো।

ऐल्य डेलंड त्मनांरेएइड कन, ছিটের খাপে ঢাকা সেতার त्यां त्न-रिमान-त्मभ्या। দক্ষিণের দরজার সামনে মাত্র পাতা, তার উপরে ছড়িয়ে আছে হাঁটা কাপড়, নানা রঙের ফিতে, রেশ্যের মোড়ক। উত্তর কোণের দেয়ালে ছোটো টিপায়ে হাত-আয়না, চিক্লনি, তেলের শিশি, বেতের ঝুড়িতে টুকিটাকি। দক্ষিণ কোণের দেয়ালের গায়ে ছোটো টেবিলে লেখবার সামগ্রী আর রঙ-করা মাটির ভাঁড়ে একটি স্থলপদা। অমিয়া বললে, "এই আমার বাসা— একটু বোদো, আগছি আমি।"

বাইরে জটা-ঝোলা বর্টের ডালে

ডাকছে কোকিল।

মান-কচুর ঝোপের পাশে

বিষম থেপে উঠেছে একদল ঝগড়াটে শালিথ।

দেখা যায়, ঝিল্মিল্ করছে

ঢালু পাড়ির তলায়

দিঘির উত্তর ধারের এক টুকরো জল

কলমি-শাকের-পাড়-দেওয়া।

চোথে পড়ল, লেথবার টেবিলে একটি ছবি—

জল্ল বয়সের যুবা, চিনি নে তাকে—

কয়লায় জাঁকা, কাঁচকড়ার ফ্রেমে বাঁধানো—

ফলাও তার কপাল, চুল জালুথালু,

চোধে যেন দ্র ভবিষ্ণের আলো,
ঠোটে যেন কঠিন পণ তালা-আঁটা।
এমন সময় অমিয়া নিয়ে এল
ধালায় করে জলখাবার—
চিঁড়ে, কলা, নারকেল-নাড়ু,
কালো পাথর-বাটিতে হুধ,
এক-গেলাস ডাবের জল।
মেঝের উপর থালা রেখে
পশমে-বোনা একটা আসন দিল পেতে।
খিদে নেই বললে মিথ্যে হত না,
কচি নেই বললে সত্য হত,
কিন্তু খেতেই হল।

তার পরে শোনা গেল থবর।

আমার ব্যবসায়ে আমদানি যথন জমে উঠেছে ব্যান্তে,
যথন হঁশ ছিল না আর-কোনো জমাথরচে,
তথন অমিয়ার বাবা কুঞ্জকিশোরবাব্
মাঝে মাঝে লক্ষপতির ঘরের
হর্লভ হুই-একটি ছেলেকে
এনেছিলেন চায়ের টেবিলে।
সব স্থযোগই বার্থ করেছে বারে বারে
তাঁর একগুঁয়ে মেয়ে।
কপাল চাপড়ে হাল ছেড়েছেন যথন তিনি
এমন সময় পারিবারিক দিগস্তে
হঠাৎ দেখা দিল কক্ষছাড়া পাগলা জ্যোতিক্ষ—
মাধপাড়ার রায়বাহাহ্রের একমাত্র ছেলে মহীভূষণ।
রায়বাহাহ্র জমা টাকা আর জমাট বৃদ্ধিতে
দেশবিখ্যাত।

তাঁর ছেলেকে কোনো পিতা পারে না হেলা করতে

যতই সে হোক লাগাম-ভেঁড়া।
আট বছর যুরোপে কাটিয়ে মহীভ্যণ ফিরেছেন দেশে।
বাবা বললেন, "বিষয়কর্ম দেখো।"

ছেলে বললে, "কী হবে।"
লোকে বললে, ওর বৃদ্ধির কাঁচা ফলে ঠোকর দিয়েছে
রাশিয়ার লক্ষী-খেদানো বাহুড়া।

অমিয়ার বাবা বললেন, "ভয় নেই,
নরম হয়ে এল বলে দেশের ভিজে হাওয়ায়।"

হু দিনে অমিয়া হল তার চেলা।

যখন-তখন আসত মহীভ্যণ,
আশপাশের হাসাহাসি কানাকানি গায়ে লাগত না কিছুই।

দিনের পর দিন যায়।

অধীর হয়ে অমিয়ার বাবা তুললেন বিয়ের কথা।

মহী বললে, "কী হবে।"

বাবা রেগে বললেন, "তবে তুমি আস কেন রোজ।"

অনায়াসে বললে মহীভূষণ,

"অমিয়াকে নিয়ে যেতে চাই যেখানে ওর কাজ।"

অমিয়ার শেষ কথা এই,

"এসেছি তাঁরই কাজে।
উপকরণের তুর্গ থেকে তিনি করেছেন আমাকে উদ্ধার।"

আমি শুধালেম, "কোথায় আছেন তিনি।"

অমিয়া বললে, "জেলখানায়।"

শান্তিনিকেতন ৩ জুলাই ১৯৩৬

তুৰ্বোধ

অধ্যাপকমশার বোঝাতে গেলেন নাটকটার **অ**র্থ, সেটা হয়ে উঠল বোধের অতীত। আমার সেই নাটকের কথা বলি।—

বইটার নাম 'পত্রলেখা',
নাম্বক তার কুশলসেন।
নবনীর কাছে বিদায় নিম্নে সে গেল বিলেতে।
চার বছর পরে ফিরে এসে হবে বিশ্বে।
নবনী কাঁদল উপুড় হয়ে বিছানাম,
তার মনে হল, এ যেন চার বছরের মৃত্যুদণ্ড।

नवनौरक कूमलात প্রয়োজন ছিল ना ভালোবাসার পথে, প্রয়োজন ছিল স্থগম করতে বিলাত-যাত্রার পথ। সে কথা জানত নবনী, সে পণ করেছিল হাদয় জয় করবে প্রাণপণ সাধনায়। কুশল মাঝে মাঝে ক্ষচিতে বৃদ্ধিতে উচট খেয়ে ওকে হঠাং বলেছে রুঢ় কথা, ও সম্নেছে চুপ করে; त्मत्न निष्म कि निष्म क्या निष्म ; **७**त नानिंग निरक्तररे উপরে। ভেবেছিল দীনা বলেই একদিন হবে ওর জয়, ঘাস যেমন দিনে দিনে নেয় ঘিরে কঠোর পাহাড়কে। এ যেন ছিল ওর ভালোবাসার শিল্পরচনা, নির্দয় পাথরটাকে ভেঙে ভেঙে রূপ আবাহন করা ব্যথিত বক্ষের নিরস্তর আঘাতে। আজ নবনীর সেই দিনরাতের আরাধনার ধন গেল দূরে। ওর হৃঃথের থালাটি ছিল অশ্র-ভেজা অর্ঘ্যে ভরা,

पांक थिए इ:थ बरेट किन्ह इ:थिव निट्य बरेट ना।

এখন ওদের সম্বন্ধের পথ রইল
শুধু এ পারে ও পারে চিঠি লেখার সাঁকো বেয়ে।
কিন্তু নবনী তো সাজিয়ে লিখতে জানে না মনের কথা,
ও কেবল যত্নের স্বাদ লাগাতে জানে সেবাতে,
অর্কিডের চমক দিয়ে যেতে ফুলদানির 'পরে
কুশলের চোথের আড়ালে,
গোপনে বিছিয়ে আসতে
নিজের-হাতে-কাজ-করা আসন
যেখানে কুশল পা রাখে।

কুশল ফিরল দেশে,
বিয়ের দিন করল স্থির।
আঙটি এনেছে বিলেভ থেকে,
গেল সেটা পরাতে;
গিয়ে দেখে ঠিকানা না রেথেই নবনী নিফদ্শো।

তার ডায়ারিতে আছে লেখা,

"যাকে ভালোবেসেছি সে ছিল অগ্ন মাহ্য,
চিঠিতে যার প্রকাশ, এ তো সে নয়।"

এ দিকে কুশলের বিশ্বাস

তার চিঠিগুলি গল্ডে মেঘদ্ড,
বিরহীদের চিরসম্পদ।

আজ সে হারিয়েছে প্রিয়াকে,
কিন্তু মন গেল না চিঠিগুলি হারাতে—

ওর মমতাজ পালালো, রইল তাজমহল।
নাম লুকিয়ে ছাপালো চিঠি 'উদ্ভাস্কপ্রেমিক' আখ্যা দিয়ে।

ন্বনীর চরিত্র নিম্নে বিশ্লেষণ ব্যাখ্যা হয়েছে বিশুর। কেউ বলেছে, বাঙালির মেয়েকে
লেখক এগিয়ে নিয়ে চলেছে
ইবসেনের মৃক্তিবাণীর দিকে—
কেউ বলেছে, রসাতলে।

অনেকে এসেছে আমার কাছে জিজ্ঞাসা নিয়ে;
আমি বলেছি, "আমি কী জ্ঞানি।"
বলেছি, "শাস্ত্রে বলে, দেবা ন জ্ঞানন্তি।"
পাঠকবন্ধ বলেছে,
"নারীর প্রসক্ষে নাহন্ন চুপ করলেম
হতবৃদ্ধি দেবতারই মতো,
কিন্তু পুরুষ ?
তারও কি অক্তাতবাস চিররহস্তে।
ভ মাস্থটা হঠাৎ পোষ মানলে কোন্ মন্ত্রে।"

আমি বলেছি,

"মেরেই হোক আর পুরুষই হোক, স্পষ্ট নম্ন কোনো পক্ষই; যেটুকু স্থথ দেয় বা হৃঃথ দেয় স্পষ্ট কেবল সেইটুকুই। প্রশ্ন কোরো না, পড়ে দেখো কী বলছে কুশল।"

কুশল বলে, "নবনী চার বছর ছিল দৃষ্টির বাইরে,
যেন নেমে গেল স্ফার বাইরেতেই;
গুর মাধুর্যটুকুই রইল মনে,
আর সব-কিছু হল গৌণ।
সহজ হয়েছে ওকে স্থলর ছাঁদে চিঠি লিখতে।
অভাব হয়েছে, করেছি দাবি—
গুর ভালোবাসার উপর অবাধ ভরসা
মনকে করেছে রসসিক্তা, করেছে গরিত।

প্রত্যেক চিঠিতে আপন ভাষায় তুলিয়েছি আপনারই মন লেখার উত্তাপে ঢালাই করা অলংকার ওর স্থৃতির মৃতিটিকে সাজিয়ে তুলেছে দেবীর মতো। ও হয়েছে নৃতন রচনা। এই জন্মেই খ্রীস্টান শাস্ত্রে বলে, স্প্রির আদিতে ছিল বাণী।"

পাঠকবন্ধু আবার জিগেস করেছে,

"ও কি সত্যি বললে,

না, এটা নাটকের নায়কগিরি ?"

আমি বলেছি, "আমি কী জানি।"

শান্তিনিকেতন ৫ জুলাই ১৯৩৬

বঞ্চিত

ফ্লিদের বাড়ি থেকে এসেই দেখি
পোস্কার্ড্থানা আয়নার সামনেই,
কথন এসেছে জানি নে তো।
মনে হল, সময় নেই একটুও;
গাড়ি ধরতে পারব না বৃঝি।
বাক্স থেকে টাকা বের করতে গিয়ে
ছড়িয়ে পড়ল সিকি হয়ানি,
কিছু কুড়োলেম, কিছু রইল বা,
গ'নে ওঠা হল না।
কাপড় ছাড়ি কখন।
নীল রঙের রেশমি রুমালখানা
দিলেম মাথার উপর তুলে কাঁটায় বিঁধে।

চুলটাকে জড়িয়ে নিলুম কোনোমতে, টবের গাছ থেকে তুলে নিলুম চদ্রমঞ্জিকা বাসস্তীরঙের।

দেশনে এসে দেখি গাড়ি আসেই না,
জানি নে কতক্ষণ গেল—
পাঁচ মিনিট, হয়তো বা পঁচিশ মিনিট।
গাড়িতে উঠে দেখি চেলি-পরা বিয়ের কনে দলে-বলে;
আমার চোখে কিছুই পড়ে না যেন,
খানিকটা লাল রঙের কুয়াশা, একখানা ফিকে ছবি।

গাড়ি চলেছে ঘটর ঘটর, বেজে উঠছে বাঁশি,
উড়ে আসছে কয়লার গুঁড়ো,
কেবলই মৃথ মৃছছি রুমালে।
কোন্-এক স্টেশনে
বাঁকে করে ছানা এনেছে গয়লার দল।
গাড়িটাকে দেরি করাচ্ছে মিছিমিছি।
ছইস্ল্ দিলে শেষকালে;
সাড়া পড়ল চাকাগুলোয়, চলল গাড়ি।
গাছপালা, ঘরবাড়ি, পানাপুকুর
ছুটেছে জানলার হু ধারে পিছনের দিকে—
পৃথিবী যেন কোথায় কী ফেলে এসেছে ভুলে,
ফিরে আর পায় কি না-পায়।
গাড়ি চলেছে ঘটর ঘটর।

মাঝখানে অকারণে গাড়িটা থামল অনেক ক্ষণ, থেতে খেতে খাবার গলায় বেধে যাবার মতো। আবার বাশি বাজল, আবার চলল গাড়ি ঘটর ঘটর। শেষে দেখা দিল হাবড়া ফেশন। চাইলেম না জানালার বাইরে,
মনে স্থির করে আছি—
থুঁজতে খুঁজতে আমাকে আবিষ্ণার করবে একজন এসে,
তার পরে হুজনের হাসি।

বিষের কনে, টোপর-হাতে আত্মীয়স্বজন,
সবাই গেল চলে।
কুলি এসে চাইলে মৃথের দিকে,
দেখলে গাড়ির ভিতরটাতে মৃথ বাড়িয়ে,
কিছুই নেই।
যারা কনেকে নিতে এসেছিল গেল চলে।
যে জনম্রোত এ মৃথে আসছিল
ফিরল গেটের দিকে।
গট গট করে চলতে চলতে
গার্ড আমার জানালার দিকে একটু তাকালে,
ভাবলে মেয়েটা নামে না কেন।
মেয়েটাকে নামতেই হল।

এই আগস্তুকের ভিড়ের মধ্যে
আমি একটিমাত্র থাপছাড়া।
মনে হল প্লাটফর্ম্টার
এক প্রাস্ত থেকে আর-এক প্রাস্ত প্রশ্ন করছে আমাকে;
জবাব দিচ্ছি নীরবে,
"না এলেই হত।"
আর-একবার পড়ল্ম পোস্ট্কার্ড্থানা—
ভূল করি নি তো ?

এখন ফিরতি গাড়ি নেই একটাও। যদি বা থাকত, তবু কি··· ব্ৰের নথো পাক খেয়ে বেড়াচ্ছে কত রকমের 'হরডো'— সবগুলিই সাংঘাতিক।

বেরিয়ে এসে তাকিয়ে রইল্ম বিজটার দিকে।
রাস্তার লোক কী ভাবলে জানি নে।
শামনে ছিল বাস্, উঠে পড়ল্ম।
ফেলে দিল্ম চক্রমলিকাটা।

অপর পক্ষ

সময় একটুও নেই।

লাল মথমলের জুতোটা গেল কোথায়;

বেরোল থাটের নীচে থেকে।
গলার বোতাম লাগাতে লাগাতে গেছি চৌকাঠ পর্যন্ত,
হঠাং এলেন বাবা।

আলাপ শুক্ষ করলেন ধীরে স্কন্থে;

থবর পেয়েছেন ত্বন পাত্রের, মিনির জন্তো।
তাঁর মনটা একবার এর দিকে ঝুঁকছে একবার ওর দিকে
ঘড়ির দিকে তাকাচ্ছি আর উঠছি ঘেমে।

রান্ডার বেরোলেন;
হাওড়ার গাড়ি আসতে বারো মিনিট।
বুকের মধ্যে রক্তবেগ মন্দগতি সময়কে মারছে ঠেলা
ট্যাক্সি ছুটল বে-আইনি চালে।
হারিসন রোড, চিৎপুর রোড,
হাওড়া ব্রিজ, ন মিনিট বাকি।

ত্র্ভাগ্য জার গোক্ষর গাড়ি আনে যথন আসে.ভিড় করে। রাস্তাটা পিণ্ডি পাকিয়ে গেছে পাট-বোঝাই গাড়িতে इंकि छोक बात शंका मांगाल कनिम्धेवन ; নিরেট আপদ ফাঁক দের না কোথাও। নেমে পড়লুম ট্যান্ধি ছেড়ে, श्नृश्नितः हलन्य शास्त्र दरेए । পৌছলুম হাওড়া দেটশনে। की क्षानि कि कि विष्ठिं। का के इन्न यिन शत्निता गिनिष्ठे। কী জানি, আজ থেকে টাইম্টেবিলের সময় যদি পিছিয়ে থাকে। চুকে পড়লুম ভিতরে। দাড়িয়ে আছে একটা থালি ট্রেন— যেন আদিকালের প্রকাণ্ড সরীস্পটার করাল. ষেন একঘেয়ে অর্থের গ্রন্থিতে বাঁধা অমরকোষের একটা লম্বা শব্দাবলী। নির্বোধের মতো এলেম উকি মেরে মেয়ে-গাড়িগুলোতে। ডাকলেম নাম ধরে, 'কী জানি' ছাড়া আর-কোনো কারণ নেই সেই পাগলামির। ভগ্ন আশা শৃক্ত প্লাট্ফরম্ জুড়ে ভূলুঠিত।

বেরিয়ে এলুম বাইরে—
জ্বানি নে যাই কোন্ দিকে।
বাসের নীচে চাপা পড়ি নি নিতান্ত দৈবক্রমে।
এই দয়াটুকুর জন্মে ইচ্ছে নেই
দেবতাকে ক্বতজ্ঞতা জানাতে।

श्रायनी

श्रा श्रामनी,

আৰু প্ৰাবণে তোমার কালো কাজল চাহনি
চূপ করে থাকা বাঙালি মেয়েটির
ভিজে চোথের পাতার মনের কথাটির মতো।
তোমার মাটি আজ সবুজ ভাষার ছড়া কাটে ঘাসে ঘাসে
আকাশের বাদল-ভাষার জবাবে।
ঘন হয়ে উঠল ভোমার জামের বন পাতার মেঘে,
বলছে তারা উড়ে-চলা মেঘগুলোকে হাত তুলে,
"থামো, থামো—
থামো ভোমার পুব বাতাসের সওয়ারি।"

পথের ধারে গাছতলাতে তোমার বাসা, শ্রামলী,
তুমি দেবতাপাড়ায় বেদের মেয়ে,
বাসা ভাঙ বারে বারে, থালি হাতে বেরিয়ে পড় পথে,
এক নিমেষে তুমি নিঃশেষে গরিব, তুমি নির্ভাবনা।
তোমাকে যে ভালোবেসেছে
গাঁঠছড়ার বাঁধন দাও না তাকে;
বাসর-ঘরের দরজা যখন খোলে রাতের শেষে
তথন আর কোনোদিন চায় না সে পিছন ফিরে

ম্খোম্থি বসব বলে বেঁধেছিলেম মাটির বাসা তোমার কাঁচা-বেড়া-দেওয়া আঙিনাতে। সেদিন গান গাইল পাথিরা, তাদের নেই অচল খাঁচা; তারা নীড় যেমন বাঁধে তেমনি আবার ভাঙে। বসস্তে এ পারে তাদের পালা, শীতের দিনে ও পারের অরণো

त्रवीख-त्रव्यावनी

সেদিন সকালে
হাওয়ার তালে হাততালি দিলে গাছের পাতা।
আন্ধ ডোদের নাচ বনে বনে,
কাল তাদের ধুলোম্ব লুটিয়ে-পড়া—
তা নিম্নে নেই বিলাপ, নেই নালিশ।
বসস্ক-রাজনরবারের নকিব ওরা;
এ বেলাম্ব ওদের কাজ, জবাব মেলে ও বেলাম।

এই ক'টা দিন ভোমায় আমায় কথা হল কানে কানে;
আজ কানে কানে বলছ আমায়,
"আর নয়, এবার ভোলো বাসা।"
আমি পাকা করে গাঁথি নি ভিত,
আমার মিনভি কাদি নি পাথর দিয়ে ভোমার দরজায়;
বাসা বেঁধেছি আলগা মাটিতে—
যে চলতি মাটি নদীর জলে এসেছিল ভেসে,
যে মাটি পড়বে গলে শ্রাবণধারায়।

যাব আমি।
তোমার ব্যথাবিহীন বিদার্মদিনে
আমার ভাঙা ভিটের 'পরে গাইবে দোরেল লেজ ত্লিয়ে
এক শাহানাই বাজে ভোমার বাঁশিতে, ওগো শ্রামলী,
যেদিন আসি আবার যেদিন যাই চলে।

, जानमें ३२०७



শ্যামলী শ্ৰীমন্ত্ৰ দাহা গৃহীত চিত্ৰ

নাটক ও প্রহ্মন

পরিত্রাণ

পরিত্রাণ

श्राय बद्ध

প্রথম দৃশ্য

ধনঞ্জয় ও প্রজাগণ

প্রজা। থাকতে পারলুম না যে ঠাকুর। তাই তোমাকে ধরে নিয়ে চলেছি।

ধনঞ্জ। আমাকে নিয়ে তোদের কী হবে বল্ তো।

প্রজা। মাঝে মাঝে ভোমাকে না দেখতে পেলে বে---

ধনঞ্জয়। তোরা ভাবছিল ভোরাই আমাকে ধরে এনেছিল। তা নয় রে— আমিই তোদের থবর দিতে বেরিয়েছি—

প্রজা। কিসের ধরর ঠাকুর ?

ধনঞ্জয়। তৃঃখের দিন আসছে।

প্रजा। वन की श्रजू ?

ধনঞ্জ। হাঁ রে, আমি ধরণীর কারা শুনতে পাই যে।

প্ৰজা। কোখায় পালাব ?

ধনঞ্জ। পালাব না রে, তাকে বুঝে নেব— ভিতরে এসে হংখটাকে দেখৰ বাইরে। গান

> তুমি বাহির থেকে দিলে বিষম তাড়া— তাই ভরে ঘোরায় দিক্-বিদিকে শেষে অস্তরে পাই সাড়া।

আমি তোদের ডাকছি— স্বাই আমার বুকের ভিতরে আয়, সেইখান থেকে নির্ভয়ে দেখবি তৃফানের দাপট, মরণের চোখ-য়াঙানি।

প্রজা। তুমি যেখানে ডাক দাও ঠাকুর দেখানে যাবার পথ পাই নে যে।

ধনজয়। যথন হারাই বন্ধ-ঘরের তালা, যথন অন্ধ নয়ন, শ্রবণ কালা, তথন অন্ধকারে লুকিয়ে স্বারে শিকলে দাও নাড়া।

ঘুম যখন ভাত্তবে তখনই দরজা খোলবার সময় আসবে রে।

প্ৰজা। ঘুম যে ভাঙে না।

ধনপ্রয়। সেইজন্মেই তাড়া লাগছে, নইলে তৃঃখ আসবে কেন।

যত তুঃধ আমার তুঃস্বপনে,

সে-যে ঘুমের ঘোরেই আসে মনে, ঠেলা দিয়ে মায়ার আবেশ

করো গো দেশছাড়া।

অজ্ঞান হয়ে থাকিস বলেই তো স্বপ্নের চোটে তোরা গুওরে মরিস।

প্রজা। রাজার পেয়াদা এসে যথন মার লাগায়? সেটাকে তুমি স্বপ্ন বল নাকি ? ধনঞ্জয়। তা না তো কী ? স্বপ্নের হাজার লক্ষ ম্থোশ আছে; রাজার ম্থোশ প'রেও আসে— তোদের অচৈতত্ত নিয়েই তোদের সে মারে, তার হাতে আর কোনো অস্ত্র নেই।

আমি আপন মনের মারেই মরি
শেষে দশ জনারে দোষী করি—
আমি চোথ বুজে পথ পাই নে ব'লে
কেঁদে ভোগাই পাড়া।

দেখ, আমি এই কথা তোদের বলতে এসেছি— সংসারে তোরাই হুঃখ এনেছিস। প্রজা। সে কী কথা ঠাকুর, আমরা হুঃখ পাই, আমরা তো হুঃখ দিই নে। আমাদের সে শক্তিই নেই।

ধনশ্ব। ওরে বোকা, মার খাবার জক্তে যে তৈরি হয়ে আছে মারের ফসল ফলাবার মাটি সে যে চষে রেখেছে। তোদেরই অপরাধ সব চেয়ে বেশি— তোরা তোদের অন্তর্ধামী ঠাকুরকে লক্ষা দিয়েছিল, তাই এত ত্ঃখ।

প্রজা। আমরা কী করব বলে দাও।

ধনঞ্জয়। আর কত বলব ? বার বার বলছি ভয় নেই, ভয় নেই।

গান

নাই ভয়, নাই ভয় নাই ব্লে। থাক্ পড়ে থাক্ ভয় বাইব্লে।

জাগো মৃত্যুক্তর চিত্তে থৈ-থৈ-নর্তন-নৃত্যে, ওরে মন বন্ধনছিন্ন দাও তালি তাই তাই তাই রে।

প্রজা। ঠাকুর, ওই যেন কে আসছে ?

ধনপ্তর। আগতে দে।

প্রজা। কী জানি, খুনে হবে কি ডাকাত হবে, এই অন্ধকার রাভিরে বেরিয়েছে।

ধনঞ্জ। খুনেকে তোরাই খুনে করিস, ডাকাতকে করে তুলিস ডাকাত। খাড়া দাঁড়িয়ে থাক্।

প্রজা। প্রভূ, বিপদ ঘটতে পারে। **আমরা বরঞ্চ একটু সরে দাঁড়াই**— একেবার সামনে এসে পড়বে— তথন—

ধনঞ্জয়। ওরে বোকারা, পিছন দিকে বিপদ যথন মারে তথন আর বাঁচোয়া নেই— বুক পেতে দিতে পারিস, বিপদ তা হলে নিজেই পিছন ফিরবে।

বসস্তরায় ও একজন পাঠানের প্রবেশ

পাঠান। কোন হ্যায় রে!

প্রজা। দোহাই বাবা, আমরা চাষি লোক--

পাঠান। রাত্তিরে কী করতে বেরিয়েছিল?

ধনশ্বর। রাত্তিরে যারা বেরোর তাদের সঙ্গে মিলন হবে বলেই বেরিয়েছি। দিনে মিলি কাজের লোকের সঙ্গে, রাত্তিরে মিলি অকাজের লোকের সঙ্গে।

পাঠান। ভন্ন ডর নেই ?

ধনঞ্জয়। দাদা, তোমারও তো ভর ভর নেই দেখছি। ছই নির্ভরে সামনাসামনি দেখাসাক্ষাৎ হল— এ তো পরম আনন্দ। (প্রজাদের প্রতি) যাস কোথার তোরা! চেনাশোনা করে নে-না।

বসস্ত। ভাবে বোধ হচ্ছে, তুমিই ধনঞ্জর ঠাকুর, কেমন, ঠিক ঠাউরেছি কি না ?

ধনপ্রয়। ধরা পড়েছি। রাত-কানা নও তুমি।

বসস্ত। তেমন মাত্র্য অন্ধকারেও চোথে পড়ে।

ধনধর। তুমিও তো অন্ধকারে ঢাকা পড়বার লোক নও, বুড়ো মহারাজ।

भार्ति। याः हता। भव किंग्स र्भम।

थनका की कांजन नाना!

পাঠান। মহারাজের সঙ্গে ঠিক যে সময়টিতে একলা আলাপ জমিয়েছিলুম, তুমি এসে বাগড়া দিলে।

ধনঞ্জ। থা-সাহেব, তুমি জান না, বাগড়া দিয়েই আলাপ জমান যিনি বড়ো আলাপী।

গান

আমার পথে পথেই পাথর ছড়ানো। ভাই ভো ভোমার বাণী বাজে ঝর্না-ঝরানো।

আমার বাঁশি তোমার হাতে ফুটোর পরে ফুটো তাতে,

তাই শুনি হ্বর অমন মধুর

পরান-ভরানো।

তোমার হাওয়া যথন জাগে আমার পালে বাধা লাগে, এমন করে গায়ে প'ড়ে

সাগর-তরানো।

ছাড়া পেলে একেবারে রথ কি তোমার চলতে পারে ? তোমার হাতে আমার ঘোড়া লাগাম-পরানো।

বসস্ত। থাঁ-সাহেব, এই তো জমে গেল। আজ পথে বাধা পেয়েছিল্ম বলেই তো। যিনি বাগড়া দেন জয় হোক তাঁর।

ধনঞ্জ। আৰু বেরিয়েছ কোন্ ডাকে মহারাজ?

বসস্ত। যশোরে চলেছিলুম। ঠাকুর, গ্রামে ডাকাত পড়েছে থবর পেয়ে লোকজন-দের সব পাঠিয়ে দিয়েছি। তাই থা-সাহেবকে নিয়ে এই রাস্তার মধ্যেই মজলিশ জমে গেল। ধনঞ্জয়। রাস্তার মাঝধানে হঠাৎ-মজলিশেই মজা মহারাজ। আমিও তোমার এই সভায় হঠাৎ-দরবারী।

গান

তুমি হঠাৎ-হাওয়ায় ভেলে-আসা ধন—
তাই হঠাৎ-পাওয়ায় চমকে ওঠে মন।

বসস্ত। বেশ, বেশ ঠাকুর। যা নিভ্যি জোটে তা থাক্ পড়ে— এই হঠাতের টানেই তো বাঁধন কাটে।

ধনজয় !---

গোপন পথে আপন মনে

বাহির হও যে কোন্ লগনে,

হঠাৎ-গন্ধে মাতাও সমীরণ!

বসস্ত। হার হার ঠাকুর— বড়ো শুভক্ষণেই বেরিয়েছিলুম— দেহমন শিউরে উঠছে।

धनक्षत्र।---

নিত্য যেথায় আনাগোনা

হয় না সেধায় চেনাশোনা,

উড়িয়ে ধুলো আগছে কতই জন।

वमस्य। प्यारा, ভिष्फ्र यथा रून ना प्रिथा! पिन तूथा त्रिन।

धनक्षत्र ।--

কখন পথের বাহির থেকে

হঠাৎ বাঁশি যায় যে ডেকে

পথহারাকে করে সচেতন।

বসস্ত। এসো ঠাকুর, একবার কোলাকুলি করে নিই।

প্রজা। কোথায় চলেছ মহারাজ?

বসস্ত। প্রতাপ আমাকে ডেকেছে, তাই যশোরে চলেছি।

প্রজা। রায়গড়ে ফিরে যাও আজ রাত্তিরেই।

বসস্ত। কেন বলো দেখি?

প্রজা। নানারকম গুজব কানে আসে। ভালো লাগে না।

ধনঞ্জয়। কোথাকার অ্যাত্রা এরা সব? নিজেরাও চলবি নে ভয়ে, অন্তকেও চলতে দিবি নে?

প্রজা। দেখছ না ঠাকুর, পাঠানটা হঠাৎ কখন সরে গেল ?

ধনঞ্জর। তোদের সঙ্গ ভালো লাগল না, তাতে আর আশুর্য কীরে। স্বাই কি তোদের সহ্থ করতে পারে?

প্রজা। তোমার সাদা মন, তুমি বুঝবে না— ওর যে কী মতলব ছিল তা বোঝাই যাছে।

ধনঞ্জা সাদা মনে বোঝা যায় না, ময়লা মনে বোঝা সহজ হয়, এ কথা নতুন শোনা গেল। বিশ্বাস নেই, উপর থেকে দেখিস দিঘির পানা, বিশ্বাস করে নীচে ভূব মারিস, দেখবি ভূব-জল। তোরা ডাঙা থেকেই মুখ ফিরিয়ে যাস, আমি না তলিয়ে দেখে ছাড়িনে। थका। थक्, ब्रांग त्य र्या

ধনঞ্জ। সেইজন্তেই সংসারে কেবল রাগীকেই দেখিস— না রাগতিস, তা ছলে যে রাগে না তাকেও দেখতে পেতিস।

পাঠানের পুনঃপ্রবেশ

বসস্ত। এই-যে থাঁ-সাহেব ফিরেছে। তুমি যে ফারসি বয়েদ্গুলি শুনিয়েছিলে, ওগুলি আমাকে লিখে দিতে হবে।

পাঠান। দেব হুজুর, কিন্তু একটা কথা নিবেদন করি। (প্রজাদিগকে দেখাইয়া) এই এদের সরে যেতে বলো।

প্রজা। না, সে হবে না। আমরা ওঁকে ফেলে যাব না।

ধনশ্বর। কেন যাবি নে রে? ভারি অহংকার তোদের দেখি। তোরা হলি রক্ষা-কর্তা, না?

প্রজা। তুমি যদি ছকুম কর তো যাই।

ধনঞ্জ। রক্ষা করবার যদি দরকার হয়, থাঁ-সাহেব একলা রক্ষা করতে পারবেন।
প্রজাদের প্রস্থান

পাঠান। মহারাজ, আমাকেই রক্ষা করে।।

বসন্ত। সে কী কথা ? কিছু বিপদ হয়েছে ?

পাঠান। হয়েছে। আমি যদি আজ যশোরে ফিরে যাই, আমার প্রাণ থাকবে না। বসস্ত। সর্বনাশ! কেন, কী অপরাধ করেছ ?

পাঠান। প্রতাপাদিত্য রাজা কাল যখন আমাদের ত্ই ভাইকে রওনা করে দিলেন, তখন পথের মধ্যে আপনাকে খুন করবার হুকুম ছিল।

वमस्य। की वन थी-मारहव?

পাঠান। হাঁ, কিন্তু গোপনে। গোপনও রইল না, তা ছাড়া আপনাকে মারা আমার মারা হবে না, মনিবের হকুমেও না। এখন আপনার মেহেরবানি চাই।

বসস্ত। এখনই চলে যাও রায়গড়ে। তোমার কোনো ভয় নেই।

[সেশাম করিয়া পাঠানের প্রস্থান

वृत्क वर्ण वांचन ठीक्त !

धनश्वर । वोष्ट्रत वहेकि छोटे । छोलोवीम य-ना वोष्ट्रल कि छोलो इछ १

গান -

কাঁদালে তুমি মোরে ভালোবাসারি ঘারে— নিবিড় বেদনাতে পুলক লাগে গারে।

বসস্ত। আহা, সার্থক হোক কারা আমার।

धनक्षत्र !--

তোমার অভিসারে

যাব অগম পারে

চলিতে পথে পথে বাজুক ব্যথা পায়ে।

বসস্ত। এই ব্যথার পথেই আমাকে চালাও প্রভু! আমি আর কিছুই চাই নে।

धनश्रम ।-

পরানে বাজে বাঁশি, নয়নে বহে ধারা—

ত্থের মাধুরীতে করিল দিশাহারা।

गकिन निरंव क्ल

দিবে না তবু ছেড়ে—

মন সরে না যেতে ফেলিলে এ কী দায়ে।

দ্বিতীয় দৃশ্য

মন্ত্রগৃহে প্রতাপাদিত্য ও মন্ত্রী

মন্ত্রী। মহারাজ, কাজটা কি ভালো হবে?

প্রতাপ। কোন্ কাজ্টা?

मधी। यही जातम करत्रहन-

প্রতাপ। কী আদেশ করেছি?

মন্ত্রী। আপনার পিতৃত্য সম্বন্ধে-

প্রতাপ। আমার পিতৃবা সম্বন্ধে কী?

মন্ত্রী। মহারাজ আদেশ করেছিলেন, যথন রাজা বসস্তরায় যশোরে আসবার পথে শিম্লতশির চটিতে আশ্রয় নেবেন, তথন—

প্রতাপ। তথন কী? কথাটা শেষ করেই ফেলো।

মন্ত্রী। তথন ত্ত্তন পাঠান গিয়ে—

প্রভাপ। হা।

মন্ত্রী। তাঁকে নিহত করবে।

প্রতাপ। নিহত করবে ! অমরকোষ খুঁজে বৃঝি আর কোনো কথা খুঁজে পেলে না ? নিহত করবে ! মেরে ফেলবে কথাটা মুখে আনতে বৃঝি বাধছে ?

মন্ত্রী। মহারাজ আমার ভাবটি ভালো ব্যতে পারেন নি।

প্রতাপ। বিলক্ষণ বুঝতে পেরেছি।

মন্ত্রী। আজে মহারাজ, আমি-

প্রতাপ। তুমি শিশু! খুন করাটা যেখানে ধর্ম সেখানে না-করাটাই পাপ, এটা এখনো তোমার শিখতে বাকি আছে। পিতৃত্য বসন্তরায় নিজেকে শ্লেচ্ছের দাস বলে স্বীকার করেছেন। ক্ষত হলে নিজের বাহুকে কেটে ফেলা যায়, সে কথা মনে রেখো মন্ত্রী।

मधी। य-वांखा

প্রতাপ। অমন তাড়াতাড়ি 'যে-আজ্ঞে' বললে চলবে না। তুমি মনে করছ নিজের পিতৃব্যকে বধ করা সকল অবস্থাতেই পাপ। 'না' বোলো না, ঠিক এই কথাটাই তোমার মনে জাগছে। কিন্তু মনে কোরো না এর উত্তর নেই। পিতার অমুরোধে ভৃগু তাঁর মাকে বধ করেছিলেন, আর ধর্মের অমুরোধে আমি আমার পিতৃব্যকে কেন বধ করব না?

यश्री। किन्न मिल्ली बत यमि त्यारनन, जरव-

প্রতাপ। আর যাই কর, দিল্লীশরের ভর আমাকে দেখিয়ো না!

মন্ত্রী। প্রজারা জানতে পারলে কী বলবে?

প্রতাপ। জানতে পারলে তো।

मञ्जी। এ कथा कथरनाई हाना थाकरव ना।

প্রতাপ। দেখো মন্ত্রী, কেবল ভর দেখিরে আমাকে ত্র্বল করে তোলবার জন্মেই কি তোমাকে রেখেছি?

মন্ত্রী। মহারাজ, যুবরাজ উদয়াদিত্য—

প্রতাপ। দিল্লীখন গেল, প্রজারা গেল, শেষকালে উদরাদিতা। সেই স্থেণ বালকটার কথা আমার কাছে তুলোনা! দেখো দেখি মন্ত্রী, সে পাঠান তুটো এখনো এল না!

মন্ত্রী। সেটা তো আমার দোষ নর ম্হারাজ।

প্রতাপ। দোষের কথা হচ্ছে না। দেরি কেন হচ্ছে তুমি কী অন্থ্যান কর তাই জিজ্ঞাসা করছি।

মন্ত্রী। শিন্শতদি তোকাছে নয়। কাজ সেরে আসতে দেরি তোহবেই।

একজন পাঠানের প্রবেশ

প্রতাপ। কী হল?

পাঠান। মহারাজ, এতক্ষণে কাজ নিকেশ হয়ে গেছে।

প্রতাপ। সে কী রকম কথা? তবে তুমি জান না?

পঠান। জানি বই-কি। কাজ শেষ হয়ে গেছে তুল নেই, তবে আমি সে সময়ে উপস্থিত ছিলুম না। আমার ভাই হোসেন থাঁ'র উপর ভার আছে, সে খ্ব হ'শিয়ার। মহারাজের পরামর্শমতে আমি থুড়া রাজাসাহেবের লোকজনদের তফাৎ করেই চলে আসছি।

প্রতাপ। হোসেন যদি ফাঁকি দেয়।

পাঠান। তোবা। সে তেমন বেইমান নয়। মহারাজ, আমি আমার শির জামিন রাথলুম।

প্রতাপ। আচ্ছা, এইখানে হাজির থাকো, তোমার ভাই ফিরে এলে বক্শিশ মিলবে। (পাঠানের বাহিরে গমন) এটা যাতে প্রজারা টের না পায় সে চেষ্টা করতে হবে।

মন্ত্রী। মহারাজ, এ কথা গোপন থাকবে না।

প্রতাপ। কিসে তুমি জানলে?

মন্ত্রী। আপনার পিতৃব্যের প্রতি বিশ্বেষ আপনি তো কোনোদিন লুকোতে পারেন নি। এমন-কি, আপনার কন্তার বিবাহেও আপনি তাঁকে নিমন্ত্রণ করেন নি— তিনি বিনা নিমন্ত্রণেই এসেছিলেন। আর আজ আপনি অকারণে তাঁকে নিমন্ত্রণ করলেন, আর পথে এই কাণ্ডটি ঘটল, এমন অবস্থায় প্রজারা আপনাকেই মূল বলে জানবে।

প্রতাপ। তা হলেই তুমি খুব খুশি হও! না?

মন্ত্রী। মহারাজ, এমন কথা কেন বলছেন? আপনার ধর্ম-অধর্ম পাপ-পুণ্যের বিচার আমি করি নে, কিন্তু রাজ্যের ভালোমন্দর কথাও যদি আমাকে ভাষতে না দেবেন তবে আমি আছি কী করতে? কেবল প্রতিবাদ করে মহারাজ্যের জেদ বাড়িয়ে ভোলবার জন্তে?

প্রতাপ। আচ্ছা, ভালোমন্দর কথাটা কী ঠাওরালে শুনি। ২০॥১০ মন্ত্রী। আমি এই কথাই বলছি, পদে পদে প্রজাদের মনে অসস্থোষ বাড়িয়ে তুলবেন না। দেখুন, মাধবপুরের প্রজারা খুব প্রবল এবং আপনার বিশেষ বাধ্য নয়। তারা রাজ্যের শীমানার কাছে থাকে, পাছে আপনার প্রতিবেশী শত্রুপক্ষের সঙ্গে যোগ দেয়, এই ভয়ে তাদের গায়ে হাত তোলা যায় না। সেইজ্ঞ মাধবপুর-শাসনের ভার যুবরাজের উপর দেবার কথা আমিই মহারাজকে বলেছিলেন।

প্রতাপ। সে তো বলেছিলে। তার ফল কী হল দেখো-না। আজ ত্ বংসরের থাজনা বাকি। সকল মহল থেকে টাকা এল, আর ওখান থেকে কী আদায় হল ?

মন্ত্রী। আজে, আশীর্বাদ। তেমন সব বজ্জাত প্রজাত যুবরাজের পায়ের গোলাম হয়ে গেছে। টাকার চেয়ে কি তার কম দাম ? সেই যুবরাজের কাছ থেকে আপনি মাধবপুরের ভার কেড়ে নিলেন। সমস্তই উল্টে গেল। এর চেয়ে তাঁকে না পাঠানোই ভালোছিল। সেখানকার প্রক্লারা তো হয়ে কুকুরের মতো ক্ষেপে রয়েছে— তার পরে যদি এই কথাটা প্রকাশ হয়, তা হলে কী হয় বলা যায় না। রাজকার্যে ছোটোলের অবজ্ঞা করতে নেই মহারাজ! অসহ হলেই ছোটোরা জোট বাঁধে, জোট বাঁধলেই ছোটোরা বড়ো হয়ে ওঠে।

প্রতাপ। সেই ধনঞ্জ বৈরাগী তো মাধবপুরে থাকে ? মন্ত্রী। আজ্ঞে হা।

প্রতাপ। সেই বেটাই যত নষ্টের গোড়া। ধর্মের ভেক ধরে সেই তো যত প্রজাকে নাচিয়ে তোলে। সেই তো প্রজাদের পরামর্শ দিয়ে থাজনা বন্ধ করিয়েছে। উদয়কে বলেছিল্ম যেমন করে হোক তাকে আচ্ছা করে শাসন করে দিতে। কিন্তু উদয়কে জান তো? এ দিকে তার না আছে ভেজ, না আছে পৌরুষ, কিন্তু একগুঁয়েমির অন্ত নেই। ধনজয়কে শাসন দ্রে থাক্ তাকে আস্পর্ধা দিয়ে বাড়িয়ে তুলেছে। এবারে তার কন্তিয়দ্ধ কণ্ঠ চেপে ধরতে হচ্ছে, তার পরে দেখা যাবে তোমার মাধবপুরের প্রজাদের কত বড়ো বুকের পাটা! আর দেখাে, লোকজন আজই সব ঠিক করে রাখো— থবরটা পাবামাত্রই রায়গড়ে গিয়ে বসতে হবে। সেইথানেই প্রাদ্ধশান্তি করে— আমি ছাড়া উত্তরাধিকারী আর তো কাউকে দেখি নে।

বসস্তরায়ের প্রবেশ। প্রতাপাদিত্য চমকিত হইয়া দণ্ডায়মান বসস্ত। আমাকে ক্লিসের ভব্ন প্রতাপ ? আমি তোমার পিতৃব্য, তাতেও যদি বিশ্বাস না হন্ন আমি বৃদ্ধ, তোমার কোনো অনিষ্ট করি এমন শক্তি নেই।

প্রতাপ নীরব

প্রতাপ, একবার রাম্ব্যড়ে চলো— ছেলেবেলা কতদিন সেখানে কাটিয়েছ— তার পরে বছকাল সেখানে যাও নি ৷

প্রতাপ। (নেপথ্যের দিকে চাহিয়া সগর্জনে) থবরদার। ওই পাঠানকে ছাড়িস নে!

বসস্তরায়ের প্রস্থান। প্রতাপ ও মন্ত্রীর পুনঃপ্রবেশ

প্রতাপ। দেখো মন্ত্রী, রাজকার্যে তোমার অত্যন্ত অমনোযোগ দেখা যাচ্ছে।
মন্ত্রী। মহারাজ, এ বিষয়ে আমার কোনো অপরাধ নেই।

প্রতাপ। এ বিষয়ের কথা তোমাকে কে বলছে? আমি বলছি, রাজকার্যে তোমার অত্যন্ত অমনোযোগ দেখছি। সেদিন তোমাকে চিঠি রাখতে দিলেম, হারিয়ে ফেললে! আর-একদিন মনে আছে উমেশ রাম্নের কাছে তোমাকে যেতে বলেছিলুম, তুমি লোক দিয়ে কাজ সেরেছিলে।

মন্ত্রী। আজে মহারাজ—

প্রতাপ। চুপ করো! দোষ কাটাবার জন্মে মিথ্যে চেষ্টা কোরো না। যা হোক, তোমাকে জানিয়ে রাখছি, রাজকার্যে তুমি কিছুমাত্র মনোযোগ দিচ্ছ না। আর-একটা কথা তোমাকে বলে দিচ্ছি মন্ত্রী, সমস্ত ব্যাপারটার মন্যে উদয় আছে। এমনি করে সে নিজের চার দিকে জাল জড়াচ্ছে—এর পরে আমাকে দোষ দিতে পারবে না।

তৃতীয় দৃশ্য

উদয়াদিত্যের শয়নকক্ষ

উদয়াদিত্য ও স্থরমা

উদয়। যাক্, চুকল।

হরমা। কী চুকল।

উদয়। আমার উপর মাধবপুর শাসনের ভার মহারাজ রেখেছিলেন। টাকায় আট আনা বৃদ্ধি ধরে থাজনা আদায়ের হঠাং হুকুম এল। বৃষ্টি নেই, এবারে সেখানে অজনা— তাই আমি—

স্থরমা। আমি তো তোমাকে আমার গহনাগুলো দিতে চেয়েছিল্ম। তার থেকে— উদয়। তোমার গহনা কেনে এত বড়ো বুকের পাটা এ রাজ্যে আছে? আমি মহারাজকে বলল্ম, মাধবপুর থেকে বৃদ্ধি খাজনা আমি কোনোমতেই আদায় করতে পারব না। শুনে তিনি মাধবপুর আমার কাছ থেকে কেড়ে নিয়েছেন। তিনি এখন কেবলই সৈশ্য বাড়াছেন, অন্ত্র কিনছেন, টাকা তাঁর নিতান্ত চাই— তা প্রজা বাঁচুক আর মকক।

স্থরমা। পরগনা তো কেড়ে নিলেন, কিন্তু তুমি চলে এলে প্রজারা যে মরবে!

উদয়। আমি ঠিক করেছি, যে করে হোক তাদের পেটের ভাতটা জোগাব। শুনতে পেলে মহারাজ খুশি হবেন না— নিশ্চয় ভাববেন, আমি তাদের প্রশ্রেষ দিচ্ছি। উনি মনে করেন, আমি দয়া দিয়ে নাম কিনি। কিন্তু তোমার ঘরে আজ ফুলের মালার ঘটা কেন?

স্থরমা। রাজপুত্রকে রাজসভায় যথন চিনলে না, তখন যে তাকে চিনেছে সে তাকে মালা দিয়ে বরণ করবে।

উদয়। সত্যি নাকি! তোমার ঘরে রাজপুত্র আসা যাওয়া করেন? তিনি কে শুনি ? এ থবরটা জানতুম না।

স্থরমা। রামচন্দ্র যেমন ভূলেছিলেন তিনি অবতার, তোমারও সেই দশা। কিন্তু ভক্তকে ভোলাতে পারবে না!

উদয়। রাজপুত্র! রাজার ঘরে কোনো জন্মে পুত্র জন্মাবে না, বিধাতার এই অভিশাপ।

ञ्ज्या। त्म की कथा?

উদয়। রাজার ঘরে উত্তরাধিকারীই জন্মায়, পুত্র জন্মায় না।

স্থরমা। এ তুমি মনের ক্ষোভে বলছ।

উদয়। কথাটা কি নৃতন যে ক্ষোভ হবে ? যথন এতটুকু ছিলুম তথন থেকে মহারাজ এইটেই দেখছেন যে, আমি তাঁর রাজ্যভার বইবার যোগ্য কি না? কেবলই পরীক্ষা, স্নেহ নেই।

স্থরমা। প্রিয়তম, দরকার কী স্নেছের। থুব কঠোর পরীক্ষাতেও তোমার জিত হবে। তোমার মতো রাজার ছেলে কোনু রাজা পেয়েছে ?

উদয়। বল কী ? পরীক্ষক তোমার পরামর্শ নিয়ে বিচার করবেন না, সেটা বেশ ব্যতে পারছি।

স্থরমা। কারো পরামর্শ নিয়ে বিচার করতে হবে না— আগুনের পরীক্ষাতেও সীতার চুল পোড়ে নি! তুমি রাজ্যভার বহনের উপযুক্ত নও, এ কথা বললেই হল ? এত বড়ো অবিচার কি জগতে কখনো টিকতে পারে ? উদয়। রাজ্যভারটা নাই-বা দাড়ের উপর পড়ল, তাতেই বা হঃথ কিলের ?

স্থরমা। না, না, ও কথা তোমার মৃথে আমার সহু হয় না। ভগবান তোমাকে রাজার ছেলে করে পাঠিয়েছেন, সে কথা বৃঝি অমন করে উড়িয়ে দিতে আছে! নাহয় তু:খই পেতে হবে— তা বলে—

উদয়। আমি তৃঃখের পরোয়া রাখি নে। তুমি আমার ঘরে এসেছ, তোমাকে স্থা করতে পারি নে, আমার পৌরুষে সেই ধিক্কার!

স্থ্যমা। যে স্থ দিয়েছ তাই যেন জন্মজনাস্ভরে পাই।

উদয়। স্থুখ যদি পেয়ে থাক তো নিজের গুণে, আমার শক্তিতে নয়। এ ঘরে আমার আদর নেই বলে তোমারও যে অপমান ঘটে; এমন-কি, মাও যে তোমাকে অবজ্ঞা করেন।

স্থ্রমা। আমার সব সমান যে তোমার প্রেমে, সে তো কেউ কাড়তে পারেনি।

উদয়। তোমার পিতা শ্রীপুররাজ কিনা যশোরের অধীনতা স্বীকার করেন না— সেই হয়েছে তোমার অপরাধ— মহারাজ তোমার উপর রাগ দেখিয়ে তার শোধ তুলতে চান।

त्नभरथा। नाना, नाना!

উদয়। কেও! विভাবুঝি? (দার খুলিয়া) की विভা? की হয়েছে?

বিভা। একটা কাণ্ড হয়ে গেছে। আমি আর বাঁচিনে! [মুখ ঢাকিয়া কান্না

स्वरमा। (विভात गना क्र इंग्रा धित्रमा) की श्राहर छाई, वन्!

বিভা। আর-বার যথন উনি এখানে এসেছিলেন, ঠাট্রার সম্পর্ক ধরে ওঁকে কে ঠাট্রা করেছিল।

স্থরমা। সে তো জানি, ওই লক্ষীছাড়া হোঁড়া মাখনটা ওঁর কাপড়ের সঙ্গে একটা লেজ জুড়ে দিয়েছিল— বলেছিল— উনি রামচন্দ্র নন, রামদাস।

বিভা। সে কথা তাঁরা ভুলতে পারেন নি। এবার এসে ঠাট্টায় জিততে পণ করে ওঁর রমাই ভাড়কে মেয়ে সাজিয়ে বাড়ির মধ্যে পাঠিয়ে দিয়েছিলেন— মাকে কী-একটা যা-তা বলেছে।

উদয়। সর্বনাশ।

বিভা। আমি তাকে দেখেই চিনতে পেরেছিল্ম— মোহন মালকে বলে তথনই তাকে বিদায় করে দিয়েছি। কিন্তু কী জানি যদি কেউ বুঝতে পেরে থাকে!

উদয়। তোমার কি মনে হয় মা টের পেয়েছিলেন?

বিজা। হতেও পারে মা হয়তো টের পেয়েছেন, কিন্তু অপমানটা পাছে ছড়িয়ে পড়ে, তাই চুপ করে গেলেন।

छेनत्र। या कथरना এত বড়ো সর্বনেশে कथां हो वावारक वनायन ना।

বিভা। তা বলবেন না, কিন্তু কেমন করে বুঝার আর কেউ জেনেছে কি না।

স্থরমা। বিভা, ভয় পাস নে, নিশ্চয় কেউ টের পায় নি। পেলে এতক্ষণ আগুন দাউ দাউ করে জলে উঠত।

উদয়। ব্যাপার তো কাল হয়ে গেছে?

বিভা। হা।

উদয়। তা হলে আমি বলে দিচ্ছি ফাঁড়া কেটে গেছে। বিচার করতে মহারাজের এক মৃহুর্ত বিলম্ব হয় না। থবর পেলে কালকের রাতটা কাটত না। তব্ এক কাজ কর্, বিভা তুই এখনই যা। রামচন্দ্রকে ৰল্, এ বাড়ি থেকে চলে যেতে, যেন কিছুমাত্র বিলম্ব না করেন।

বিভা। তুমি বলো-না দাদা, আমার কথা যদি না শোনেন। উদয়। না, আমি তাকে যেতে বললে সে অপমান বোধ করবে।

[বিভার প্রস্থান

স্থরমা। রাজা হলেই কি মানুষ নিজের থেয়াল ছাড়া আর কিছুই দেখতে পায় না?

উদয়। সামান্য একটা মেয়েলি ঠাটার হার-জিতের কথা এই যশোরের রাজবাড়িতে স্বপ্নেও ভাবতে পারে, এত বড়ো নির্বোধ! এখানেও থেয়ালের রাজত্ব বটে, কিন্তু কত-বড়ো সব থেয়াল— বিধির লিখনকে মৃছে ফেলে রক্তের অক্ষরে নতুন লিখন বসিয়ে দেওয়ার থেয়াল।

বসন্তরায়ের প্রবেশ

উদয়। একি, দাদামশায় যে ! স্বপ্ন ? না মতিভ্ৰম ? বসস্কা— গান

আজ তোমারে দেখতে এলেম
অনেক দিনের পরে।
ভয় কিছু নেই, স্থথে থাকো,
অধিক ক্ষণ থাকব নাকো—
এসেছি এক নিমেধের ভরে।

দেথব শুধু মুখখানি, শুনব ছটি নধুর বাণী,

আড়াল থেকে হাসি দেখে চলে যাব দেশাস্তবে।

স্থ্যা। দাদামশায়, কারো মৃথে হাসি দেখবার জন্মে তোমাকে কোনোদিন আড়ালে থাকতে হয় নি।

উদয়। তুমি যাই বল, হাসি দেখে দেশাস্তবে যেতে ইচ্ছে হয় এমন হাসি আমরা কেউ হাসি নে।

স্থ্রমা। তুমি যে এলে আমরা কোনো খবর জানতুম না।

বসস্ত। দিদি, এ সংসারে প্রত্যক্ষ এসে না পৌছলে, কে আসবে কে না আসবে তার ঠিক থবরটি তো পাওয়া যায় না।

স্থ্যমা। ওটা শঙ্করাচার্যের মতো কথা হল। তোমার ওই হাসিম্থে এমন কথা মানায় না।

বসস্ত। সে কথা মিথ্যে বলিস নি ভাই। সংসার অনিত্য, জীবন অনিশ্চিত, এ-সব কথা ঘোর মিথ্যে। তোদের মুখ যখনই দেখি তখনই সংসার নিত্য, তখনই জীবন চিরদিনের, তা যেদিন মরি আর যেদিন বাঁচি।

স্থরমা। যে অমৃত-মৃথের কথা বললে সেটিকে তোমার তৃষিত চক্ষ্ খুঁজে বেড়াচ্ছে, আমি কি ব্যতে পারছি নে ?

বসন্ত। ওটা ভাই, মিথো অভিমানের কথা বললি, মহাদেব বুকের মধ্যে রেখেছেন অন্নপূর্ণাকে, আর মাথার উপরে রেখেছেন গন্ধাকে— কাউকেই তাঁর ছাড়লে একদণ্ড চলে না— তাঁর প্রাণের অন্নজন ত্ইই সমান চাই।

ञ्ज्ञमा। आंत्र आमात्र ठाक्कनिषि! এथान এटगरे वृचि जूनल ?

বদস্ত। তিনি তো আমার চাঁদ। বিধাতা আমার কপালে লিখে দিয়েছেন। তাঁকে ভূলেও ভোলবার জো নেই।

স্থরমা। তিনি চাঁদের মতোই চুপ করে থাকেন বটে, আমি বোধ হয় গঙ্গার মতোই মুখরা।

বসস্ত। সে কথা অস্বীকার করতে পারি নে। চক্ষ্ বুজে ওই স্নিশ্ব কলকণ্ঠ নিয়তই মনে মনে শুনতে পাই।

- স্থরমা। এত শুতিবাক্যও চতুর্থ তোমার এক মৃথে জোগান কী করে? বসস্ত। সে আমার এই বাগ্বাদিনীর গুণে— বিধিরও নয়, আমারও নয়। স্থরমা। স্থার নয় দাদামশায়, মিষ্টির পরিমাণটা একলার পক্ষে কিছু বেশি হয়ে উঠেছে।

বিভার ক্রত প্রবেশ

वनसः। विखा ! की श्राह मिनि, जामात्र मूथ व्यम रकन ?

বিজা। মহারাজের কানে গিয়েছে।

छित्र। की गर्वनां । किमन कर्त्र राज ? मा किছू वर्ष्टिन ना कि ?

বিভা। না, মা বলেন নি। ওঁরা নিজেই থাকতে পারেন নি। এই নিম্নে আমাদের রাজবাড়ির লোকদের কাছে বড়াই করতে গিয়েছেন— তার থেকেই রাষ্ট্র হয়েছে।

वमस्य। की रुप्तरह वार्भात्रें।?

উদয়। রামচন্দ্র ছেলেমাছ্যি করে অস্তঃপুরে তার ভাড়কে পাঠিয়েছিল মেয়ে সাজিয়ে। সে কথা মহারাজের কানে উঠেছে, এখন কী হয় কিছুই বলা যায় না।

বসস্ত। আমি একবার প্রতাপের কাছে যাই।

উদয়। এখন কিছু বোলোনা— উলটো হবে। আগে দেখি মহারাজ কী হকুম দেন।

खुत्रया। इक्त्य यां हे निन, এथनहे यत्नात्र इहए उँ दिन भीनात्ना होहै।

রামমোহন মালের প্রবেশ

রামমোহন। (বিভার প্রতি) তোমাকে থুঁজে বেড়াচ্ছি মা, ঘরে দেখতে পেলুম না, তাই এখানে এলুম।

বিভা। (সভয়ে) কেন, কেন, কী হয়েছে!

রামমোহন। কিছুই হয় নি। আজ কতকাল পরে মায়ের দেখা পেয়েছি। চার-জোড়া শাঁখা এনেছি তুমি পরো, আমি দেখে যাই।

উদয়। রামমোহন, তোমাদের নৌকো সব তৈরি আছে?

রামমোহন। এখনই কিসের তৈরি যুবরাজ, কতদিন পরে আমাদের আসা, এখন তো শিগগির মাকে ছেড়ে যাচ্ছি নে।

বিভা। মোহন, এখনই নৌকো তৈরি কর্ গে— একটুও দেরি করিস নে। রামমোহন। কেন মা?

বিভা। বিপদ ঘটিয়েছে— তুই তো সব জানিস। ওই-যে ভাঁড় এসেছিল অস্তঃপুরে। সে কথা মহারাজের কানে গিয়েছে। রামমোছন। বেশ তো, এখনই তার মৃঞ্ নেন না— তার নোংরা মৃখটা বন্ধ হলে আমরাও বাঁচি। আমি ধরে এনে দেব তাকে— ভাবনা নেই।

উদয়। রামশোহন, দে কীটটাকে কেউ হোঁবেও না, তার চেয়ে বড়ো বিপদের ভয় আছে। তোমাদের সব চেয়ে বড়ো যে ছিপ নৌকো তার দাঁড়ি কত ?

त्रायत्याञ्च। कोविष्ठि अन।

উদয়। সেই নোকোটা আমার এই জানলার সামনের ঘাটে এখনই তৈরি করে আনো। আজ রাত্তিরেই কোনোমতে রওনা করে দিতে হবে।

রামমোহন। দেরি হবে না যুবরাজ, দণ্ড হুষ্ণেকের মধ্যে সব তৈরি করে রেখে দেব। কী করতে হবে বলে দাও।

উদয়। এই জানলা দিয়ে তাঁকে নাবিয়ে দিতে হবে, তার পরে রাতারাতি তোরা দাঁড় টেনে চলে যাবি।

রামমোহনের প্রস্থান। বিভা বসিয়া পড়িয়া মৃখে অঞ্চল দিয়া রোদন বসস্ত। দিদি, ভয় করিদ নে, ভগবানের কুপায় সব ঠিক হয়ে যাবে। আমি বেঁচে থাকতে তোর ভয় নেই রে।

বিভা। ভয় না, দাদামশায়, লজ্জা! ছি ছি, কী লজ্জা! রাজার ছেলে হয়ে এমন ব্যবহার তো আমি ভাবতে পারি নে। জ্ঞমের মতো আমার যে মাথা হেঁট হয়ে গেল।

বসন্ত। এখন ও-সব কথা ভাবিস নে, আপাতত—

বিভা। অপরাধ করলে আমি নিজে মহারাজের কাছে মাপ চাইতে যেতুম। কিন্তু এ যে তারও বেশি। এ যে নীচতা। আমার মাপ চাইবার মুখ রইল না।

স্থরমা। বিভা, এখন মনটা বিচলিত করিস নে।

বিভা। বউদিদি, যদি মহারাজ শাস্তি দেন, আমার তো কিছুই বলবার থাকবে না। তাঁর সম্মান তাঁর মেয়ে-জামাইয়ের স্থতঃথের চেয়ে অনেক বড়ো, তাঁর মেয়ে হয়ে এ কথা কি আমি ব্যতে পারি নে?

বসস্ত। এখন রামচন্দ্র আছেন কোথায়?

বিভা। বাইরের বৈঠকখানায় নাচগান জমিয়েছেন— শহর থেকে তিনি সব নাচওআলী আনিয়েছেন, আজ হৃদিন ধরে এই-সব চলছে।

বসস্ত। কলি যথন সর্বনাশ করে তথন আমোদ করতে করতেই করে। যেমন করে পার বিভা, তুমি এথনই তাকে ডাকিয়ে আনাও। [বিভার প্রস্থান

त्निशर्या। छेनत्र, छेनत्र!

উদয়। ওই-যে মহারাজ আসছেন।

[হ্রমার পলায়ন

প্রতাপাদিত্যের প্রবেশ

প্রতাপ। শুনেছ সব কথা ? উদয়। শুনেছি।

প্রতাপ। লছমন সদারকে হকুম করেছি, কাল সকালে রামচক্র যথন শয়নঘর থেকে বেরিয়ে আসবে, তথন তার মৃণ্ডু কাটা যাবে। আন্ধরাত্রে অন্তঃপুরের পাহারার ভার তোমার উপরে।

উদয়। আমার উপরে মহারাক্ষ ? এ যে আমাকে শান্তি। প্রতাপ। শান্তি আমাকেও নয় ? তা বলে রাজার কর্তব্য করতে হবে না ? বসস্ত। বাবা প্রতাপ! (প্রতাপাদিত্য নিক্ষত্তর) বাবা প্রতাপ, এ ও কি সম্ভব ? প্রতাপ। কেন সম্ভব নয় ?

বসস্ত। ছেলেমাস্থা, সে তো অবজ্ঞার পাত্র, সে কি তোমার ক্রোবের যোগ্য ? প্রতাপ। আগুনে হাত দিলে হাত পুড়ে যায়, এ কথা যে বোকা না'ও বোঝে তারও হাত পোড়ে। হর্বৃদ্ধি যার মাথায় জোগাতে পারে সে বৃদ্ধির ফলটা কী হবে সে কি তার মাথায় জোগায় না ? হুঃখ এই, বৃদ্ধিটা যখন মাথায় জোগাবে মাথাটা তখন দেহে থাকবে না।

বসস্ত। অপরাধ যে করে সে তুর্বল, ক্ষমা যে করে শক্তি তারই, এ কথা ভূলো না।
প্রতাপ। দেখো পিতৃব্য ঠাকুর, রায়বংশের কিসে মান-অপমান সে বোধ যদি
তোমার থাকবে তা হলে পাকা মাথায় আজ মোগল-বাদশার শিরোপা জড়িয়ে বেড়াতে
পারতে কি? তোমারও লাঞ্ছিত মাথার স্থান এই ধূলায়, আমারই ত্র্ভাগ্য তোমাকে
বাঁচিয়ে দিলে। এই তোমাকে স্পষ্ট বললুম। খুড়োমশায়, এখন আমার নিম্রার সময়।

বসস্ত। ব্ঝেছি প্রতাপ, একবার যে ছুরি তোমার থাপ থেকে বেরোয় রক্ত না নিয়ে সে ফিরবে না। তা নিক, যে তার প্রথম লক্ষ্য ছিল এখনো তো সামনেই আছে। প্রতাপ, একবার বিভার কথা ভেবে দেখো।

প্রতাপ। আচ্ছা, তবে ডাকো বিভাকে।

বিভার প্রবেশ

ওই-ষে এসেছে। বিভা! বিভা। মহারাজ! প্রতাপ। সকল কথা শুনেছ বিভা? বিভা। হাঁ। প্রতাপ। তোমার মাকে, আমাদের অস্তঃপুরকে কী রকম অপমান করেছে, তা তো জান?

বিভা। জানি।

্ প্রতাপ। আমি যদি তার প্রাণদণ্ড দিই তবে সেটা অস্তায় হবে কি ?

বিভা। না।

वगरु। मिनि, की वननि मिनि। यहांत्रारक्त शारा भरत मांश करत न।

[বিভা নিক্সন্তর

প্রতাপ। খুড়ামহারাজ, মনে রেখো বিভা আমারই মেয়ে।

উদয়। মহারাজ, আপনি দণ্ডদাতা, আপনিই শাস্তি দিন। কিন্তু এ শাস্তির দণ্ডভার আমাদের উপরে দেবেন না।

প্রতাপ। কী বলতে চাও তুমি?

উদয়। পাহারা দেবার লোক মহারাজের অনেক আছে, তাদের শ্রেছ নেই, এই-জন্মে তাদের দৃষ্টি তীক্ষ হয়েই কর্তব্যপালন করবে। আমার উপরে পাহারা দেবার ভার দেবেন না।

প্রতাপ। লোক থাকবে আমার, কিন্তু দায় থাকবে তোমার।

উদয়। আমি আমার স্নেহকে অতিক্রম করতে পারব না।

প্রতাপ। না পার তো তারও জবাবদিহি আছে।

[প্রস্থান

উদয়। কোথায় ফাঁক আছে, একবার দেখে আসি।

বসস্ত। কিন্তু, দাদা, তুমি এতে হাত যদি দাও তা হলে—

উদয়। তা হলে যা হবে সেটা তো এথনকার কথা নয়— এখনকার কথা হচ্ছে হাত দেওয়াই চাই।

চতুৰ্থ দৃশ্য

নৃত্যুদভা

রামচন্দ্র। নটনটীর দল

রামমোহনের প্রবেশ

রামনোহন। একবার উঠে আহন।

त्रायहन्त । अथन ना, याः, वित्रक कतिम न । गान हिए ना ।

রামমোহন। গুনতেই হবে।

त्रामहत्ता कान मकारन अनव। एतथ्, वित्रक कतिम दन।

রামমোহন। যুবরাজ ডাকছেন, জরুরি কাজ আছে।

রামচন্দ্র। বুঝেছি, শালা বুঝি ঠাট্টার জবাব দিতে চায় ! পারবে না আমার সঙ্গে।

রামমোহন। ঠাট্রা শেষ হয়ে গেছে, এখন বিপদের পালা। শীঘ্র এসো।

রামচক্র। আর ভয় দেখাতে হবে না, এখন আমার সময় নেই।

রামমোহন। এ দিকেও সময় একটুও নেই। আচ্ছা, এই দিকে আহ্বন, বলছি। (রামচন্দ্রকে জনান্তিকে) প্রতাপাদিতা মহারাজ সব কথা শুনেছেন।

त्रायहका ना सन्तन यकां विशेष

রামমোহন। কী বলেন মহারাজ, মজা! তিনি আপনার **শশুর, আ**পনার ঠাটার সম্পর্ক তো নন।

রামচক্র। আমার ঠাট্টা চলছে শালাদের নিম্নে। তিনি সেটা যদি গামে মাখেন সেটা কি আমার দোষ ?

রামমোহন। সে বিচার এখন নয়। আপাতত প্রাণদণ্ডের ছকুম হয়েছে, কাল সকালেই—

রামচন্দ্র। তুমি শুনলে কোথা থেকে?

রামযোহন। যুবরাজের নিজের মুখ থেকে।

রামচন্দ্র। তোর মতো বোকা ছনিয়ায় নেই রে। যুবরাজ ঠাট্টা করেছে বুঝতে পারিস নে। প্রাণদণ্ড!

রামমোহন। দোহাই তোমার, একটুও ঠাটা নয়।

রামচন্দ্র। আমাকে ঠাট্টায় ওরা হারাতে পারবে না। তুই এখন যা।

রামমোহন। আচ্ছা, আমি যুবরাজকে ডেকে আনছি।

[প্রস্থান

রামচন্দ্র। (নটীদের প্রতি) ধরো গান।—

निर्देश नाइ ७ शान

আমার নয়ন তোমার নয়নতলে

गत्नत कथा थोरक।

সেথার কালো ছায়ার মায়ার ঘারে

थथ होत्रा**रमा** ५ त्य।

নীরব দিঠে শুধার যত

পায় না সাড়া মনের মতো,

অব্থ হয়ে রয় সে চেয়ে

অশ্বধারায় মজে।

ত্মি আমার কথার আভাধানি
পেয়েছ কি মনে।

এই-যে আমি মালা আনি
তার বাণী কেউ শোনে?
পথ দিয়ে যাই, যেতে যেতে
হাওয়ার ব্যথা দিই যে পেতে;
বাঁশি বিছায় বিষাদ-ছায়া
তার ভাষা কেউ বোঝে?

রামচক্র। বেটা রামমোহন আমার মনটা মিছিমিছি খারাপ করে দিয়ে গেল। এ কেমন গোঁয়ার-গোছের ঠাটা এ বাড়ির? খালাদের রসের জ্ঞান একট্ও নেই। থেমো না, আর একটা গান ধরো। একট্ ক্রন্ডভালে।

নটীদের গান
না ব'লে যেয়ো না চলে মিনতি করি
গোপনে জীবন মন লইয়া হরি।
সারা নিশি জ্বেগে থাকি
ঘুমে ঢ'লে পড়ে জাঁখি,
ঘুমালে হারাই পাছে সে ভয়ে মরি।
চকিতে চমকি বঁধু তোমারে খুঁজি,
থেকে থেকে মনে হয় স্থপন বৃঝি।
নিশিদিন চাহে হিয়া
পরান পসারি দিয়া
অধীর চরণ তব বাধিয়া ধরি।

(রামচন্দ্র মাঝে মাঝে বাহবা দিতেছেন, মাঝে মাঝে উংকষ্টিতভাবে দ্বারের দিকে চাহিতেছেন।)

উদয়াদিতোর প্রবেশ

উদয়। উঠে এসো শীখ্র। রামচন্দ্র। একেবারে জোর তলব বে। উদয়। দেরি কোরো না, এসো শিগগির।

রামচন্দ্র। বোনের পেয়াদা হয়ে এসেছ ব্ঝি, তলব দিতে?

উদয়। আমার কর্তব্য আমি করলুম। যদি না শোন তো গাকো। বিধাতা যাকে মারেন, তাকে কেউ বাঁচাতে পারে না।

রামচন্দ্র। আওয়াজটা ঠাট্টার মতো শোনাচ্ছে না। একবার দেখেই আসি গে। (নটাদের প্রতি) তোমরা গান থামিয়ো না— এথনো রাত আছে বাকি। আমি এখনই আসছি।

ক্ল তুলিতে তুল করেছি
প্রেমের সাধনে।
বঁধু তোমার বাঁধব কিলে
মধুর বাঁধনে।
ভোলাব না মারার ছলে,
রইব তোমার চরণতলে,
মোকের ছারা ফেলব না মোর
হাসি-কাঁদনে।
রইল শুধু বেদন-ভরা আশা,
রইল শুধু প্রাণের নীরব ভাষা।
নিরাভরণ যদি থাকি
চোধের কোণে চাইবে না কি,
যদি আঁখি নাই বা ভোলাই
রঙের ধাঁদনে।

প্রথমা नहीं। करें, এখনো তো ফিরলেন না।

দ্বিতীয়া নটা। আর তো ভাই পারি নে। ঘুম পেয়ে আসছে।

তৃতীয়া নটা। ফের কি সভা জমবে নাকি!

প্রথমা নটা। কেউ যে জ্বেগে আছে তা তো বোধ হচ্ছে না। এতবড়ো রাজবাড়ি সমস্ত যেন হাঁ হাঁ করছে।

দ্বিতীয়া নটা। চাকররাও সব হঠাৎ কে কোথায় যেন চলে গেল।

তৃতীয়া নটী। বাতিগুলো নিবে আসছে, কেউ জালিয়ে দেবে না?

প্রথমা নটী। আমার কেমন ভর করছে ভাই।

বিতীয়া নটা। (বাদকদিগকে দেখাইয়া দিয়া) ওরাও যে সব ঘুমোতে লাগল— কী মুশকিলেই পড়া গেল। ওদের তুলে দে-না। কেমন গা ছম্ ছম্ করছে।

তৃতীয়া নটী। মিছে না ভাই। একটা গান ধরো। ওগো, তোমরা ওঠো, ওঠো। বাদকগণ। (ধড়ফড় করিয়া উঠিয়া) আঁগ আঁগ, এসেছেন নাকি ?

প্রথমা নটী। তোমরা একবার বেরিয়ে গিয়ে দেখো না গো। কেউ কোথাও নেই।
আমাদের আজকে বিদায় দেবে না নাকি ?

একজন বাদক। (বাহিরে গিয়া ফিরিয়া আসিয়া) ও দিকে যে সব বন্ধ।

अथमा नि । जा। यह। जामारनत कि करत्र कर्ल नाकि?

দ্বিতীয়া নটা। দূর। কয়েদ করতে যাবে কেন?

প্রথমা নটী। ভালো লাগছে না। কী হল ব্যতে পারছি নে। চলো ভাই, আর এথানে নয়। একটা কী কাণ্ড হচ্ছে।

রাজমহিষীর প্রবেশ

রাজমহিষী। কই এদের মহলেও তো মোহনকে দেখতে পাচ্ছি নে। কী হল বুঝতে পারছি নে। বামী!

বামীর প্রবেশ

এ দিককার থাওয়াদাওয়া তো সব শেষ হল, মোহনকে খুঁজে পাচ্ছি নে কেন।

বামী। মা, তুমি অত ভাবছ কেন। তুমি শুতে যাও, রাত যে পুইয়ে এল, তোমার শরীরে সইবে কেন।

রাজমহিধী। সে কি হয়। আমি যে তাকে নিজে বসিয়ে খাওয়াব বলে রেখেছি।

বামী। নিশ্চর রাজকুমারী তাকে খাইরেছেন। তুমি চলো, শুতে চলো। রাজমহিষী। আমি ওই মহলে থোঁজ করতে যাচ্ছিলুম, দেখি সব দরজা বন্ধ— এর মানে কী, কিছুই বুঝতে পারছি নে।

বামী। বাড়িতে গোলমাল দেখে রাজকুমারী তাঁর মহলে দরজা বন্ধ করেছেন। অনেক দিন পরে জামাই এসেছেন, আজ লোকজনের ভিড় সইবে কেন। চলো, তুমি শুতে চলো।

রাজ্মহিষী। কী জানি বামী, আজ ভালো লাগছে না। প্রহরীদের ডাকতে বলন্ম, তাদের কারো কোনো সাড়াই পাওয়া গেল না। বামী। যাত্রা হচ্ছে, তারা তাই আমোদ করতে গেছে।

রাজমহিষী। মহারাজ জানতে পারলে যে তাদের আয়োদ বেরিরে যাবে। উদয়ের মহলও যে বন্ধ, তারা ঘুমিয়েছে বৃঝি!

वागी। यूर्यादन ना! वन की। तांछ कि क्य श्राहा

রাজমহিবী। গান-বাজনা ছিল, জামাইকে নিম্নে একটু আমোদ-আহ্লাদ করবে না? ওরা মনে কি ভাববে বলো তো। এ-সমস্তই ওই বউমার কাও। একটু বিবেচনা নেই। রোজই তো ঘুমোচ্ছে— একটা দিন কি আর—

वांगी। याक्, म-नव कथा कान इत- जाक हला।

রাজ্মহিষী। মঙ্গলার সঙ্গে তোর দেখা হয়েছে তো?

वागी। इरम्रष्ट् वरे-कि।

রাজমহিষী। ওষ্ধের কথা বলেছিস?

বামী। সে-সব ঠিক হয়ে গেছে।

[উভয়ের প্রস্থান

প্রতাপাদিত্য প্রহরী পীতাম্বর ও অনুচরের প্রবেশ

প্রতাপ। কত রাত আছে?

পীতাম্বর। এখনো চার দণ্ড রাত আছে।

প্রতাপ। को যেন একটা গোলমাল শুনলুম।

পীতাম্বন। আজে হা, তাই শুনেই আমি আসছি।

প্রতাপ। কী হয়েছে?

পীতাম্বর। আসবার সময় দেখলুম বাইরের প্রহরীরা মারে নেই।

প্রতাপ। অন্ত:পুরের প্রহরীরা?

পীতাম্বর। হাত-পা-বাঁধা পড়ে আছে।

প্রতাপ। তারা কী বললে?

পীতাম্বর! আমার কথার কোনো জবাব দিলে না— হয়তো অজ্ঞান হয়ে পড়ে আছে।

প্রতাপ। রামচন্দ্র রায় কোথায়? উদয়াদিতা বসম্ভরায় কোথায়?

পীতাম্বন। বোধ করি তাঁরা অন্ত:পুরেই আছেন।

প্রতাপ। বোধ করি! তোমার বোধ-করার কথা কে জিজ্ঞাসা করছে। মন্ত্রীকে ভাকো।

মন্ত্রীর প্রবেশ

মন্ত্রী। মহারাজ, রাজজামাতা—

প্রতাপ। রামচন্দ্রায়—

মন্ত্রী। হাঁ, তিনি রাজপুরী পরিত্যাগ করে গেছেন।

প্রতাপ। পরিত্যাগ করে গেছেন, প্রহরীরা গেল কোথা?

মন্ত্রী। বহির্দ্বারের প্রহরীরা পালিয়ে গেছে।

প্রতাপ। (মৃষ্টি বন্ধ করিয়া) পালিয়ে গেছে? পালাবে কোথায়? যেখানে থাকে তাদের থুঁজে আনতে হবে। অস্তঃপুরের পাহারায় কে কে ছিল?

মন্ত্রী। সীতারাম আর ভাগবত।

প্রতাপ। ভাগবত ছিল ? সে তো হু শিয়ার; সেও কি উদয়ের সঙ্গে যোগ দিলে ? মন্ত্রী। সে হাত-পা-বাঁধা পড়ে আছে।

প্রতাপ। হাত-পা-বাঁধা আমি বিশ্বাস করি নে। হাত-পা ইচ্ছে করে বাঁধিয়েছে। আচ্ছা, সীতারামকে নিয়ে এসো, সেই গর্দভের কাছ থেকে কথা বের করা শক্ত হবে না।

মন্ত্রীর প্রস্থান ও সীতারামকে লইয়া পুনঃপ্রবেশ

প্রতাপ। অন্তঃপুরের দার থোলা হল কী করে। সীতারাম। (করজোড়ে) দোহাই মহারাজ, আমার কোনো দোষ নেই। প্রতাপ। সে কথা তোকে কে জিজ্ঞাসা করছে। সীতারাম। আজ্ঞানা, মহারাজ— যুবরাজ আমাকে বলপূর্বক বেঁধে—

ব্যস্তভাবে বসস্তরায়ের প্রবেশ

সীতারাম। যুবরাজকে নিষেধ করলুম, তিনি—

বসস্ত। হাঁ হাঁ সীতারাম, কী বলিলি ? অধর্ম করিস নে সীতারাম, উদয়াদিত্যের এতে কোনো দোষ নেই।

সীতারাম। আজ্ঞানা, যুবরাজের কোনো দোষ নেই।

প্রতাপ। তবে তোর দোব।

দীতারাম। আজে না।

প্রতাপ। তবে কার দোষ?

50422

সীতারাম। আজ্ঞা যুবরাজ--

প্রতাপ। তাঁর সঙ্গে আর কে ছিল?

সীতারাম। আছে, বউরানীমা—

প্রতাপ। বউরানী ? ওই সেই শ্রীপুরের— (বসস্তরাম্বের দিকে চাহিয়া) উদয়াদিত্যের এ অপরাধের মার্জনা নেই।

বসস্ত। বাবা প্রতাপ, এতে উদয়ের কোনো দোষ ছিল না।

প্রতাপ। দোষ ছিল না! দেখো, তুমি তার পক্ষ নিম্নে যদি কথা কও তাতে তার ভালো হবে না— এই আমি বলে দিলুম।

[বসস্তরাম্ন কিয়ৎকাল চুপ করিয়া থাকিয়া ধীরে ধীরে উঠিয়া প্রস্থান

विठीय पक्ष

প্রথম দৃশ্য

মাধবপুরের পথ

ধনপ্রায় ও প্রজাদল

ধনঞ্জ। একেবারে সব মৃথ চুন করে আছিস কেন? মেরেছে, বেশ করেছে। এতদিন আমার কাছে আছিস বেটারা, এখনো ভালো করে মার খেতে শিথলি নে? হাড়গোড় সব ভেঙে গেছে নাকি রে?

প্রথম। রাজার কাছারিতে ধরে মারলে সে বড়ো অপমান!

ধনঞ্জয়। আমার চেলা হয়েও তোদের মানসম্ভ্রম আছে? এখনো সবাই তোদের গায়ে ধুলো দেয় নারে? তবে এখনো তোরা ধরা পড়িস নি? তবে এখনো আরো অনেক বাকি আছে!

দ্বিতীয়। বাকি আর রইল কী ঠাকুর। এ দিকে পেটের জালায় মরছি, ও দিকে পিঠের জালাও ধরিয়ে দিলে।

ধনজয়। বেশ হয়েছে, বেশ হয়েছে— একবার খুব করে নেচে নে।

গান

আরো প্রভু, আরো আরো। এমনি করে আমান্ন মারো। লুকিয়ে থাকি আমি পালিয়ে বেড়াই—
ধরা পড়ে গেছি, আর কি এড়াই ?
যা-কিছু আছে সব কাড়ো কাড়ো।
এবার ষা করবার তা সারো সারো।
আমি হারি কিমা তুমিই হারো।
হাটে ঘাটে বাটে করি মেলা,
কেবল হেসে খেলে গেছে বেলা—
দেখি কেমনে কাঁদাতে পার।

षिতীয়। আচ্ছা ঠাকুর, তুমি কোথায় চলেছ বলো দেখি?

ধনঞ্জ। যশের যাচ্ছিরে।

তৃতীয়। কী সর্বনাশ। দেখানে কী করতে যাচ্ছ।

ধনঞ্জয়। একবার রাজাকে দেখে আসি। চিরকাল কি তোদের সঙ্গেই কাটাব? এবার রাজ-দরবারে নাম রেখে আসব।

চতুর্থ। তোমার উপরে রাজার যে ভারি রাগ। তার কাছে গেলে কি তোমার রক্ষা আছে।

পঞ্চ। জান তো, যুবরাজ তোমাকে শাসন করতে চায় নি বলে তাকে এখান থেকে সরিয়ে নিয়ে গেল।

ধনঞ্জয়। তোরা যে মার সইতে পারিস নে। সেইজন্মে, তোদের মারগুলো সব নিজের পিঠে নেবার জন্মে স্বয়ং রাজার কাছে চলেছি। পেয়াদা নয় রে পেয়াদা নয়— যেখানে স্বয়ং যারের বাবা বসে আছে সেইখানে ছুটেছি।

প্রথম। না না, সে হবে না ঠাকুর, সে হবে না।

ধনঞ্জয়। থুব হবে— পেট ভরে হবে, আনন্দে হবে।

প্রথম। তবে আমরাও তোমার সঙ্গে যাব।

ধনঞ্জ। পেরাদার হাতে আশ মেটে নি বুঝি?

দিতীয়। না ঠাকুর, দেখানে একলা যেতে পারছ না, আমরাও সঙ্গে যাব।

ধনঞ্জয়। আচ্ছা, যেতে চাস তো চল। একবার শহরটা দেখে আসবি।

তৃতীয়। কিছু হাতিয়ার সঙ্গে নিতে হবে।

ধনঞ্জ। কেন্রে? হাতিয়ার নিয়ে কী করবি?

তৃতীয়। যদি তোমার গায়ে হাত দেয় তা হলে—

ধনঞ্জয়। তা হলে তোরা দেখিয়ে দিবি হাত দিয়ে না মেরে কী করে হাতিয়ার দিয়ে মারতে হয়। কী আমার উপকারটা করতেই যাচ্ছ! তোদের যদি এইরকম বুদ্ধি হয়, তবে এইথানেই থাক্।

চতুর্থ। না না, তুমি যা বলবে তাই করব, কিন্তু আমরা তোমার দলে থাকব।

তৃতীয়। আমরাও রাজার কাছে দরবার করব।

धनक्षत्र। की ठारेवि तत्र?

তৃতীয়। আমরা যুবরাজকে চাইব।

ধনপ্রয়। বেশ, বেশ, অর্ধেক রাজত্ব চাইবি নে?

তৃতীয়। ঠাট্টা করছ ঠারুর!

ধনঞ্জয়। ঠাট্টা কেন করব। সব রাজত্বটাই কি রাজার। অর্ধেক রাজত্ব প্রজার নয় তো কী। চাইতে দোষ নেই রে। চেয়ে দেখিস।

চতুর্থ। যখন তাড়া দেবে?

ধনপ্রয়। তথন আবার চাইব। তুই কি ভাবিস রাজা একলা শোনে। আরো একজন শোনবার লোক দরবারে বসে থাকেন— শুনতে শুনতে তিনি একদিন মঞ্র করেন, তথন রাজার তাড়াতে কিছুই ক্ষতি হয় না।

গান

আমরা বসব তোমার সনে।

তোমার শরিক হব রাজার রাজা

ভোমার আধেক সিংহাসনে।

তোমার খারী মোদের করেছে শির নত,

তারা জানে না যে মোদের গরব কত,

তাই বাহির হতে তোমার ডাকি

তুমি ডেকে লও গো আপন জনে।

প্রথম। বাবাঠাকুর, রাজার কাছে বাচ্ছ, কিন্তু তিনি তোমাকে সহজে ছাড়বেন না!

धनका । ছाড़दिन किन वान-नकन। व्यक्ति कदत्र धदत त्रांचदिन।

श्रथम। त्न व्यानत्त्रत धता नम्र।

ধনঞ্জর। ধরে রাখতে কষ্ট আছে বাপ— পাহারা দিতে হয়— যে-সে লোককে কি রাজা এত আদর করে ? রাজবাড়িতে কত লোক যায়, দরজা থেকেই ফেরে— আমাকে ফেরাবে না।

গান

আমাকে যে বাঁধবে ধ'রে এই হবে যার সাধন,

সে কি অমনি হবে।
আপনাকে সে বাঁধা দিয়ে আমার দেবে বাঁধন,
সে কি অমনি হবে।
আমাকে যে হংথ দিয়ে আনবে আপন বশে,
সে কি অমনি হবে।
ভার আগে ভার পাষাণ-হিয়া গলবে করুণরসে,
সে কি অমনি হবে।
আমাকে যে কাঁদাবে ভার ভাগ্যে আছে কাঁদন,
সে কি অমনি হবে।

দিতীয়। বাবাঠাকুর, তোমার গায়ে যদি রাজা হাত দেন, তা হলে কিন্তু আমরা সইতে পারব না।

ধনঞ্জয়। আমার এই গা যাঁর তিনি যদি সইতে পারেন বাবা, তবে তোমাদেরও সইবে। যেদিন থেকে জন্মেছি আমার এই গামে তিনি কত ত্ঃথই সইলেন— কত মার থেলেন, কত ধুলো মাথলেন— হায় হায়—

গান

কে বলেছে তোমায় বঁধু, এত হঃখ সইতে। আপনি কেন এলে বঁধু, আমার বোঝা বইতে।

প্রাণের বন্ধু, বুকের বন্ধু,

স্থথের বন্ধু, ত্থের বন্ধু,

তোমায় দেব না হুখ, পাব না হুখ,

হেরব তোমার প্রসন্ন মুখ,

আমি স্থাপ গারব বন্ধু চিরানন্দে রইতে—
তোমার সঙ্গে বিনা কথান্ব মনের কথা কইতে।

তৃতীয়। বাবা, আমরা রাজাকে গিয়ে কী বলব।

ধনপ্রয়। বলব, আমরা থাজনা দেব না।

ण्जीत्र। यमि **अ**एशांत्र, रकन मिवि तन?

ধনঞ্জয়। বলব, ঘরের ছেলেমেয়েকে কাঁদিয়ে যদি তোমাকে টাকা দিই তা হলে আমাদের ঠাকুর কন্ত পাবে। যে অন্ধে প্রাণ বাঁচে সেই অন্নে ঠাকুরের ভোগ হয়; তিনি যে প্রাণের ঠাকুর। তার বেশি যখন ঘরে থাকে তখন তোমাকে দিই— কিন্তু ঠাকুরকে কাঁকি দিয়ে তোমাকে খাজনা দিতে পারব না।

চতুर्थ। বাবা, এ कथा द्रांका अन्तर ना।

ধনঞ্জয়। তবু শোনাতে হবে। রাজা হয়েছে ব'লেই কি সে এমন হতভাগা যে ভগবান তাকে সত্য কথা শুনতে দেবেন না? ওরে, জোর করে শুনিয়ে আসব।

পঞ্ম। ও ঠাকুর, তাঁর জোর যে আমাদের চেয়ে বেশি— তাঁরই জিত হবে।

ধনঞ্জয়। দ্র বাঁদর, এই ব্ঝি তোদের বৃদ্ধি। যে হারে তার বৃঝি জোর নেই! তার জোর যে একেবারে বৈকুণ্ঠ পর্যন্ত পৌছয় তা জানিস!

ষষ্ঠ। কিন্তু ঠাকুর, আমরা দূরে ছিলুম, লুকিয়ে বাঁচতুম— একেবারে রাজার দরজায় গিয়ে পড়ব, শেষে দায়ে ঠেকলে আর পালাবার পথ থাকবে না।

ধনঞ্জয়। দেখ্পাঁচকড়ি, অমন চাপাচুপি দিয়ে রাখলে ভালো হয় না। যতদ্র পর্যন্ত হবার তা হতে দে, নইলে কিছুই শেষ হতে চায় না। যথন চূড়ান্ত হয় তথনই শাস্তি হয়।

সপ্তম। তোরা অত ভন্ন করছিস কেন? বাবা যথন আমাদের সঙ্গে যাচ্ছেন উনি আমাদের বাঁচিয়ে আনবেন।

ধনঞ্জয়। তোদের এই বাবা যার ভরসায় চলেছে তার নাম কর্। বেটারা, কেবল তোরা বাঁচতেই চাস—পণ করে বসেছিস যে মরবি নে। কেন, মরতে দোষ কী হয়েছে। যিনি মারেন তাঁর গুণগান করবি নে ব্ঝি। তোরা একট্ দাঁড়া, চারি দিকের ভাব-গতিকটা একট্ ব্ঝে নিয়ে আসি।

উদয়াদিত্যের প্রবেশ

উদয়। ওরে, মরতে এসেছিস এখানে? মহারাজ খবর পেলে রক্ষা রাখবেন না। পালা পালা।

প্রথম। আমাদের মরণ সর্বত্রই। পালাব কোথায়?

দ্বিতীয়। তা, মরতে যদি হয় তোমার সামনে দাঁড়িয়ে মরব।

छेतत्र। তোদের की ठांटे वन् प्रिथि।

অনেকে। আমরা তোমাকে চাই।

উদয়। আমাকে নিয়ে তোদের কোনো লাভ হবে না রে— ছ:খই পাবি।

তৃতীয়। আমাদের তৃ:খই ভালো, কিন্তু ভোমাকে আমরা নিয়ে যাব।

চতুর্থ। আমাদের মাধবপুরে ছেলেমেয়েরা পর্যন্ত কাঁদছে, সে কি কেবল ভাত না পেয়ে। তা নয়। তুমি চলে এসেছ ব'লে। তোমাকে আমরা ধরে নিয়ে যাব।

छेतत्र। आद्य हूभ कत्, हूभ कत्। ७ कथा विना न।

পঞ্ম। রাজা তোমাকে ছাড়বে না। আমরা তোমাকে জোর করে নিয়ে যাব। আমরা রাজাকে মানি নে— আমরা তোমাকে রাজা করব।

প্রতাপাদিত্যের প্রবেশ

প্রতাপ। কাকে যানিস নে রে। তোরা কাকে রাজা করবি।

প্রজাগণ। মহারাজ, পেন্নাম হই।

প্রথম। আমরা তোমার কাছে দরবার করতে এসেছি।

প্রতাপ। কিসের দরবার ?

প্রথম। আমরা যুবরাজকে চাই।

প্রতাপ। বলিদ কীরে।

जकरन। दै। यहां त्रांक, आयता यूवतांकरक गांधवशूरत निरम्न यांव।

প্রতাপ। আর ফাঁকি দিবি! খাজনা দেবার নামটি করবি নে!

সকলে। অন্ন বিনে মরছি যে।

প্রতাপ। মরতে তো সকলকেই হবে। বেটারা, রাজার দেনা বাকি রেখে মরবি?

প্রথম। আচ্ছা, আমরা না থেয়েই খাজনা দেব, কিন্তু যুবরাজকে আমাদের দাও। মরি তো ওঁরই হাতে মরব।

প্রতাপ। সে বড়ো দেরি নেই। তোদের সদার কোথায় রে?

षिजीव । (প্রথমকে দেখাইরা) এই-যে আমাদের গণেশ সদার।

প্রতাপ। ও নয়— সেই বৈরাগীটা।

প্রথম। আমাদের ঠাকুর! তিনি তো পুজোন্ন বসেছেন। এথনই আসবেন। ওই-যে এসেছেন।

धनक्षय रिवर्गानीत व्यादिन

ধনঞ্জয়। দক্ষা যথন হয় তখন সাধনা না করেই পাওয়া যায়। ভয় ছিল, কাঙালদের দরজা থেকেই ফিরতে হয় বা। প্রভুর রূপা হল, রাজাকে অমনি দেখতে পেলুম। (উদরাদিত্যের প্রতি) আর, এই আমাদের স্থদয়ের রাজা। ওকে রাজা বলতে যাই, বন্ধু বলে ফেলি।

উनम् । धनक्षम् !

धनक्षत्र। की त्रांका। की छाटे।

উদয়। এখানে কেন এলে।

ধনঞ্জ। তোমাকে না দেখে থাকতে পারি নে যে।

উদয়। यहातां ज तांश क्रतह्न।

ধনঞ্জা। রাগই সই। আগুন জলছে তবু পতক্ষ মরতে যায়।

প্রতাপ। তুমি এই-সমন্ত প্রজাদের খেপিয়েছ?

ধনঞ্জয়। থেপাই বই-কি। নিজে খেপি, ওদেরও খেপাই, এই তো আমাদের কাজ।

গান

আমারে পাড়ায় পাড়ায় খেপিয়ে বেড়ায় কোন্ খেপা সে।

ওরে আকাশ জুড়ে মোহন স্থরে

কী যে বাজে কোন্ বাতাদে।

ওরে থেপার দল, গান ধর্ রে— হাঁ করে দাঁড়িয়ে রইলি কেন? রাজাকে পেয়েছিস, আনন্দ করে নে। রাজা আমাদের মাধবপুরের নৃত্যটা দেখে নিক্।

সকলে মিলিয়া নৃত্যগীত
গেল রে গেল বেলা, পাগলের কেমন খেলা—
ডেকে সে আকুল করে, দেয় না ধরা।
তারে কানন গিরি থুঁজে ফিরি
কোন ছতাশে।

প্রেতাপাদিত্যের ম্থের দিকে চাহিয়া) আহা, আহা, রাজা আমার, অমন নিষ্ঠ্র লেজে এ কী লীলা হচ্ছে। ধরা দেবে না বলে পণ করেছিলে, আমরা ধরব বলে কোমর বেধে বেরিয়েছি।

প্রতাপ। দেখো বৈরাগী, তুমি অমন পাগলামি করে আমাকে ভোলাতে পারবে না। এখন কাজের কথা হোক। মাধবপুরের প্রায় হ বছরের খাজনা বাকি— দেবে কি না বলো।

धनक्षा ना महात्रांक, एक ना।

প্রতাপ। দেবে না! এতবড়ো আম্পর্ধা।

ধনঞ্জয়। যা তোমার নম্ন তা তোমাকে দিতে পারব না।

প্রতাপ। আমার নয়!

্ধনঞ্জ। আমাদের ক্ষার অন্ন তোমার নয়। যিনি আমাদের প্রাণ দিয়েছেন এ অন্ন যে তাঁর, এ আমি তোমাকে দিই কী বলে।

প্রতাপ। তুমিই প্রজাদের বারণ করেছ থাজনা দিতে?

ধনঞ্জন। হাঁ মহারাজ, আমিই তো বারণ করেছি। ওরা মুর্থ, ওরা তো বোঝে না—পেরাদার ভয়ে সমস্তই দিয়ে ফেলতে চান্ন। আমিই বলি, আরে আরে এমন কাজ করতে নেই—প্রাণ দিবি তাঁকে প্রাণ দিয়েছেন যিনি—তোদের রাজাকে প্রাণহত্যার অপরাধী করিস নে।

প্রতাপ। দেখো ধনঞ্জ, তোমার কপালে তৃঃখ আছে।

ধনঞ্জয়। যে তৃঃথ কপালে ছিল তাকে আমার বুকের উপর বসিয়েছি মহারাজ, সেই তৃঃথই তো আমাকে ভূলে থাকতে দেয় না। যেথানে ব্যথা সেইথানেই হাত পড়ে— ব্যথা আমার বেঁচে থাক্।

প্রতাপ। দেখো বৈরাগী, তোমার চাল নেই, চুলো নেই— কিন্তু এরা সব গৃহস্থ মান্নুষ, এদের কেন বিপদে ফেলতে চাচ্ছ। (প্রজাদের প্রতি) দেখ বেটারা, আমি বলছি, তোরা সব মাধবপুরে ফিরে যা।— বৈরাগী, তুমি এইখানেই রইলে।

প্রজাগণ। আমাদের প্রাণ থাকতে সে তো হবে না।

ধনঞ্জয়। কেন হবে না রে। তোদের বৃদ্ধি-এখনো হল না। রাজা বললে 'বৈরাগী তৃমি রইলে,' তোরা বললি 'না তা হবে না'— আর বৈরাগী লক্ষীছাড়াটা কি ভেসে এসেছে? তার থাকা না-থাকা কেবল রাজা আর তোরা ঠিক করে দিবি?

গান

রইল ব'লে রাখলে কারে,
ছকুম তোমার ফলবে কবে ?
তোমার টানাটানি টিকবে না ভাই,
রবার যেটা সেটাই রবে।
যা খুশি তাই করতে পারো,
গারের জোরে রাখো মারো—
যার গারে সব ব্যথা বাজে
তিনি যা সন সেটাই সবে।

त्रवीख-त्राम्यनी

অনেক তোমার টাকা কড়ি,
অনেক দড়া অনেক দড়ি,
অনেক অশ্ব অনেক করী,
অনেক তোমার আছে ভবে।
ভাবছ হবে তুমিই যা চাও,
জগংটাকে তুমিই নাচাও—
দেখবে হঠাৎ নয়ন খুলে
হয় না যেটা সেটাও হবে।

মন্ত্রীর প্রবেশ

প্রতাপ। তুমি ঠিক সময়েই এসেছ। এই বৈরাগীকে এইথানেই ধরে রেখে দাও। ওকে মাধবপুরে যেতে দেওয়া হবে না।

মন্ত্রী। মহারাজ-

প্রতাপ। কী। ছকুমটা ভোমার মনের মতো হচ্ছে না বৃঝি।

উদয়। মহারাজ, বৈরাগীঠাকুর সাধুপুরুষ।

প্রজারা। মহারাজ, এ আমাদের সহ্ছ হবে না। মহারাজ, অকল্যাণ হবে।

ধনঞ্জ। আমি বলছি, তোরা ফিরে যা। ছকুম হয়েছে আমি ত্দিন রাজার কাছে থাকব, বেটাদের সেটা সহু হল না।

প্রজারা। আমরা এইজন্তেই কি দরবার করতে এসেছিল্ম? আমরা যুবরাজকেও পাব না, তোমাকেও হারাব?

ধনঞ্জ। দেখ, তোদের কথা শুনলে আমার গা জালা করে। হারাবি কি রে বেটা। আমাকে তোদের গাঁঠে বেঁধে রেখেছিলি? তোদের কাজ হয়ে গেছে, এখন পালা সব পালা।

প্রজারা। মহারাজ, আমরা কি আমাদের যুবরাজকে পাব না। প্রতাপ। না।

দ্বিতীয় দৃশ্য

অন্তঃপুর

সুরমা ও বিভা

স্থরমা। বিভা, ভাই বিভা, তোর চোথে যদি জল দেখতুম তা হলে আমার মনটা যে থোলসা হত। তোর হয়ে যে আমার কাঁদতে ইচ্ছা করে ভাই, সব কথাই কি এমনি করে চেপে রাখতে হয়।

বিভা। কোনো কথাই তো চাপা রইল না বউরানী। ভগবান তো লজ্জা রাখলেন না।

স্থরমা। আমি কেবল এই কথাই ভাবি যে, জগতে সব দাহই জুড়িয়ে যায়। আজকের মতো এমন কপাল-পোড়া সকাল তো রোজ আসবে না। সংসার লজা দিতেও যেমন, লজ্জা মিটিয়ে দিতেও তেমনি। সব ভাঙাচোরা জুড়ে আবার দেখতে দেখতে ঠিক হয়ে যায়।

বিভা। ঠিক নাও যদি হয়ে যায় তাতেই বা কী। যেটা হয় সেটা তো সইতেই হয়।

স্থা। শুনেছিস তো বিভা, মাধবপুর থেকে ধনঞ্জয় বৈরাগী এসেছেন। তাঁর তো খুব নাম শুনেছি, বড়ো ইচ্ছা করে তাঁর গান শুনি। গান শুনবি বিভা? ওই দেখ, কেবল অতটুকু মাথা নাড়লে হবে না। লোক দিয়ে বলে পাঠিয়েছি, আজ যেন একবার মন্দিরে গান গাইতে আসেন, তা হলে আমরা উপরের ঘর থেকে শুনতে পাব। ও কী, পালাচ্ছিস কোথায়?

বিভা। দাদা আসছেন।

ञ्चत्रभा। जा, अनरे वा नाना।

विछा। ना, व्यामि यारे विदेशनी।

[প্রস্থান

স্থ্রমা। আজ ওর দাদার কাছেও মুখ দেখাতে পারছে না।

উদয়াদিত্যের প্রবেশ

আজ ধনঞ্জ বৈরাগীকে আমাদের মন্দিরে গান গাবার জ্বন্য ডেকে পাঠিষ্ণেছি। উদয়। সে তো হবে না। স্ব্ৰমা। কেন?

উদয়। তাঁকে মহারাজ কয়েদ করেছেন।

স্থ্যমা। কী সর্বনাশ, অমন সাধুকে কয়েদ করেছেন ?

উদয়। ওটা আমার উপর রাগ করে। তিনি জানেন আমি বৈরাগীকে ভক্তি করি, মহারাজের কঠিন আদেশেও আমি তাঁর গায়ে হাত দিই নি— সেইজত্যে আমাকে দেখিয়ে দিলেন রাজকার্য কেমন করে করতে হয়।

স্থরমা। কিন্তু এগুলো যে অনঙ্গলের কথা— শুনলে ভয় হয়। , কী করা যাবে !

উদয়। মন্ত্রী আমার অন্ধরোধে বৈরাগীকে গারদে না দিয়ে তাঁর বাড়িতে লুকিয়ে রাখতে রাজি হয়েছিলেন। কিন্তু ধনঞ্জয় কিছুতেই রাজি হলেন না। তিনি বললেন, আমি গারদেই যাব, সেখানে যত কয়েদি আছে তাদের প্রভুর নামগান শুনিয়ে আসব। তিনি যেখানেই থাকুন তাঁর জন্মে কাউকেই ভাবতে হবে না, তাঁর ভাবনার লোক উপরে আছেন।

স্থরমা। মাধবপুরের প্রজাদের জন্মে আমি সব সিধে সাজিয়ে রেখেছি কোথায় সব পাঠাব ?

উদয়। গোপনে পাঠাতে হবে। নির্বোধগুলো আমাকে রাজা রাজা করে চেঁচাচ্ছিল, মহারাজ সেটা শুনতে পেয়েছেন— নিশ্চয় তাঁর ভালো লাগে নি। এখন তোমার ঘর থেকে তাদের খাবার পাঠানো হলে মনে কী সন্দেহ করবেন বলা যায় না।

স্থ্যমা। আচ্ছা, সে আমি বিভাকে দিয়ে পাঠিয়ে দেব। কিন্তু আমি ভাবছি, কাল রাত্রে যারা পাহারায় ছিল দেই সীতারাম-ভাগবতের কী দশা হবে!

উদয়। মহারাজ ওদের গায়ে হাত দেবেন না, সে ভয় নেই।

স্থর্মা। কেন?

উদয়। মহারাজ কখনো ছোটো শিকারকে বধ করেন না। দেখলে না, রমাই ভাঁড়কে তিনি ছেড়ে দিলেন।

স্থ্যমা। কিন্তু শাস্তি তো তিনি একজন কাউকে না দিয়ে থাকবেন না।

উদয়। সে তো আমি আছি।

स्त्रमा। ७ कथा विकासा।

উদয়। বলতে বারণ কর তো বলব না। কিন্তু বিপদের জন্মে কি প্রস্তুত হতে হবে না।

স্থ্যমা। আমি থাকতে তোমার বিপদ ঘটবে কেন? সব বিপদ আমি নেব।

উদয়। তুমি নেবে ? তার চেয়ে বিপদ আমার আর আছে না কি ? যাই হোক, সীতারাম-ভাগবতের অন্নবস্ত্রের একটা ব্যবস্থা করে দিতে হবে।

স্থরমা। তুমি কিন্তু কিছু কোরোনা। তাদের জন্তে যা করবার ভার সে আমি নিয়েছি।

উদয়। না, না, এতে তুমি হাত দিয়ো না।

স্থরমা। আমি দেব না তো কে দেবে ? ও তো আমারই কাজ। আমি সীতারাম ভাগবতের স্ত্রীদের ডেকে পাঠিয়েছি।

উদয়। স্থরমা, তুমি বড়ো অসাবধান।

স্থরমা। আমার জন্মে তুমি কিছু ভেবো না। আসল ভাবনার কথা কী জান? উদয়। কী বলো দেখি।

স্থরমা। ঠাকুরজামাই তাঁর ভাঁড়কে নিয়ে যে কাণ্ডটি করলেন, বিভা সেজন্মে লজ্জায় মরে গেছে।

উদয়। मञ्जात कथा वह-कि।

স্থরমা। এতদিন স্বামীর অনাদরে বাপের 'পরেই তার অভিমান ছিল— আজ যে তার সেই অভিমান করবারও ম্থ রইল না। বাপের নিষ্ঠ্রতার চেয়ে তার স্বামীর এই নীচতা তাকে অনেক বেশি বেজেছে! একে তো ভারি চাপা মেয়ে, তার পরে এই কাণ্ড! আজ থেকে দেখা, ওর স্বামীর কথা আমার কাছেও বলতে পারবে না। স্বামীর গর্ব যে স্বালোকের ভেঙেছে জীবন তার পক্ষে বোঝা, বিশেষত বিভার মতো মেয়ে।

উদয়। ভগবান বিভাকে তৃঃথ যথেষ্ট দিলেন, তেমনি সহ্থ করবার শক্তিও দিয়েছেন।

স্থ্রমা। সে শক্তির অভাব নেই— বিভা ভোমারই ভো বোন বটে।

উদয়। আমার শক্তি যে তুমি।

স্থরমা। তাই যদি হয় তো সেও তোমারই শক্তিতে।

উদয়। আমার কেবলই ভয় হয় তোমাকে যদি হারাই তা হলে—

স্থর্মা। তা হলে তোমার কোনো অনিষ্ট হবে না। দেখো, একদিন ভগবান প্রমাণ করিয়ে দেবেন যে, তোমার মহত্ব একলা তোমাতেই।

উদয়। আমার সে প্রমাণে কাজ নেই।

স্থরমা। ভাগবতের স্থী অনেকক্ষণ দাঁড়িয়ে আছে।

উদয়। আচ্ছা, চললুম, কিন্তু দেখো—

ভাগবতের স্ত্রীর প্রবেশ

স্থ্যমা। ভোর রাত্রে আমি যে টাকা আর কাপড় পাঠিয়েছি তা তোদের হাতে গিয়ে পৌচেছে তো?

ভাগবতের স্থী। পৌচেছে মা, কিন্তু তাতে আমাদের কতদিন চলবে? তোমরা আমাদের স্বনাশ করলে!

স্থরমা। ভয় নেই কামিনী! আমার যতদিন খাওয়াপরা জুটবে তোদেরও জুটবে। আজও কিছু নিয়ে যা। কিন্তু এখানে বেশিক্ষণ থাকিস নে! উভয়ের প্রস্থান

রাজমহিষী ও বামীর প্রবেশ

রাজ্মহিষী। এত বড়ো একটা কাণ্ড হয়ে গেল, আমি জানতেও পারলুম না।
বামী। মহারানীমা, জেনেই বা লাভ হত কী। তুমি তো ঠেকাতে পারতে না!
রাজমহিষী। সকালে উঠে আমি ভাবছি হল কী— জামাই বৃঝি রাগ করেই
গেল!এ দিকে যে এমন সর্বনাশের উদ্যোগ হচ্ছিল, তা মনে আনতেও পারি নি। তুই
সে রাত্রেই জানতিস, আমাকে ভাঁড়িয়েছিলি।

বামী। জানলে তুমি যে ভয়েই মরে যেতে ! তা মা, আর ও কথায় কাজ নেই— যা হয়ে গেছে সে হয়ে গেছে।

রাজমহিষী। হয়ে চুকলে তো বাঁচতুম— এখন যে আমার উদয়ের জন্মে ভয় হচ্ছে! বামী। ভয় খুব ছিল, কিন্তু সে কেটে গেছে।

রাজমহিষী। কী করে কাটল।

বামী। মহারাজার রাগ বউরানীর উপর পড়েছে। তিনিও আচ্ছা মেয়ে যা হোক
— আমাদের মহারাজের ভয়ে যম কাঁপে, কিন্তু ওঁর ভয় ভর নেই! যাতে তাঁরই উপরে
সব রাগ পড়ে তিনি ইচ্ছে করেই যেন তার জোগাড় করছেন।

বাজমহিষী। তার জন্মে তো বেশি জোগাড় করবার দরকার দেখি নে। মহারাজ যে ওকে বিদায় করতে পারলেই বাঁচেন। এবারে আর তো ঠেকিয়ে রাখতে পারা যাবে না। তা তোকে যা বলেছিলুম সেটা ঠিক আছে তো!

বামী। সে-সমন্তই তৈরি হয়ে রয়েছে, সেজন্মে ভেবো না।

রাজমহিষী। আর দেরি করিদ নে, আজকেই যাতে—

বামী। সে আমাকে বলতে হবে না, কিন্ত-

রাজমহিষী। যা হয় হবে— অত ভাবতে পারি নে— ওকে বিদায় করতে

পারলেই আপাতত মহারাজের রাগ পড়ে যাবে, নইলে উদয়কে বাঁচাতে পারা যাবে না। তুই যা, শীঘ্র কাজ সেরে আয়।

বামী। আনি সে ঠিক করেই এসেছি— এতক্ষণে হয়তো— [প্রস্থান রাজমহিষী। কী জানি বামী, ভয়ও হয়।

প্রতাপাদিত্যের প্রবেশ

প্রতাপ। মহিষী!

মহিষী। কী মহারাজ!

প্রতাপ। এসব কাজ কি আমাকে নিজের হাতে করতে হবে?

गश्यो। को काज।

প্রতাপ। ওই-যে আমি তোমাকে বলেছিলুম শ্রীপুরের মেয়েকে তার পিত্রালয়ে দূর করে দিতে হবে— এ কাজটা কি আমার সৈগ্য-সেনাপতি নিয়ে করতে হবে ?

মহিষী। আমি তার জন্মে বন্দোবন্ত করছি।

প্রতাপ। বন্দোবস্ত! এর আবার বন্দোবস্ত কিসের! আমার রাজ্যে কজন পালকির বেহারা জুটবে না— না কি?

মহিষী। সেজতো নম্মহারাজ।

প্রতাপ। তবে কী জন্তে।

মহিষী। দেখো, তবে খুলে বলি। ওই বউ আমার উদয়কে যেন জাত্ব করে রেখেছে সে তো তুমি জান। ওকে যদি বাপের বাড়ি পাঠিয়ে দিই তা হলে—

প্রতাপ। এমন জাত্ব তো ভেঙে দিতে হবে—এ বাড়ি থেকে ওই মেয়েটাকে নির্বাসিত করে দিলেই জাত্ব ভাঙবে।

মহিষী। মহারাজ, এ-সব কথা তোমরা বুঝবে না— আমি ঠিক করেছি।

প্রতাপ। কী ঠিক করেছ জ্বানতে চাই।

মহিষী। আমি বামীকে দিয়ে মঙ্গলার কাছ থেকে ওষ্ধ আনিয়েছি।

প্রতাপ। ওষ্ধ কিসের জন্মে?

মহিষী। ওকে ওষ্ধ থাওয়ালেই ওর জাত্ কেটে যাবে। মঙ্গলার ওষ্ধ অব্যর্থ, সকলেই জানে।

প্রতাপ। আমি তোমার ওষ্ধ-টষ্ধ বৃঝি নে— আমি এক ওষ্ধ জানি— শেষকালে সেই ওষ্ধ প্রশ্নোগ করব। আমি তোমাকে বলে রাখছি, কাল যদি ওই শ্রীপুরের মেশ্নে শ্রীপুরে ফিরে না যায় তা হলে আমি উদয়কে হন্ধ নির্বাসনে পাঠাব— এখন যা করতে হয় করোগে।

মহিষী। আর তো বাঁচি নে। কী যে করব মাথামুণ্ডু ভেবে পাই নে। প্রস্থান

উদয়াদিত্যের প্রবেশ

প্রতাপ। সীতারাম-ভাগবতের বেতন বন্ধ হয়েছে, সে কি রাজকোষে অর্থ নেই বলে ?

উদয়। না মহারাজ, আমি বলপূর্বক তাদের কর্তব্যে বাধা দিয়েছি, আমাকে তারই দণ্ড দেবার জন্মে।

প্রতাপ। বউমা তাদের গোপনে অর্থসাহায্য করছেন।

উদয়। আমিই তাঁকে সাহায্য করতে বলেছি।

প্রতাপ। আমার ইচ্ছার অপমান করবার জন্মে?

উদয়। না মহারাজ, যে দণ্ড আমারই প্রাপ্য তা নিজে গ্রহণ করবার জন্মে।

প্রতাপ। আমি আদেশ করছি, ভবিয়তে তাদের আর যেন অর্থসাহায্য না করা হয়।

উদয়। আমার প্রতি আরো গুরুতর শান্তির আদেশ হল।

প্রতাপ। আর বউমাকে বোলো, তিনি আমাকে একেবারেই ভয় করেন না—
দীর্ঘকাল তাঁকে প্রশ্রম দেওয়া হয়েছে বলেই এরকম ঘটতে পেরেছে, কিন্তু তিনি
জানতে পারবেন স্পর্ধা প্রকাশ করা নিরাপদ নয়। তিনি মনে রাখেন যেন আমার
রাজবাড়ি আমার রাজত্বের বাইরে নয়।

[উভয়ের প্রস্থান

মহিষী ও বামীর প্রবেশ

यश्यौ। अयूरधत की कति ?

বামী। সে তো এনেছি— পানের সঙ্গে সেজে দিয়েছি।

মহিষী। খাঁট ওষুধ তো?

বামী। খুব থাটি।

মহিষী। খুব কড়া ওয়ুধ হওয়া চাই, একদিনেই যাতে কাজ হয়। মহারাজ বলেছেন কালকের মধ্যে যদি হ্রমা বিদায় না হয়, তা হলে উদয়কে হল নির্বাসনে পাঠাবেন। আমি যে কী কপাল করেছিলুম। বামী। কড়া ওষ্ধ তো বটে। বড়ো ভর হর মা, কী হতে কী ঘটে।

মহিধী। ভন্ন-ভাবনা করবার সময় নেই বামী, একটা কিছু করতেই হবে।
মহারাজকে তো জানিস— কেঁদেকেটে মাথা খুঁড়ে তাঁর কথা নড়ানো যায় না। উদয়ের
জন্মে আমি দিনরাত্রি ভেবে মরছি। ওই বউটাকে বিদায় করতে পারলে তব্
মহারাজের রাগ একটু কম পড়বে। ও যেন ওঁর চক্ষ্ণুল হয়েছে।

বামী। তা তো জানি। কিন্তু ওষ্ধের কথা তো বলা যায় না। দেখো, শেষকালে মা, আমি যেন বিপদে না পড়ি। আর, আমার বাজুবন্দর কথাটা মনে রেখো।

মহিষী। সে আমাকে বলতে হবে না। তোকে তো গোটছড়াটা আগাম দিয়েছি।

বামী। শুধু গোট নয় মা, বাজুবন্দ চাই।

[প্রস্থান

উদয়াদিত্যের প্রবেশ

মহিষী। বাবা উদয়, স্থরমাকে বাপের বাড়ি পাঠানো যাক।

উদয়। কেন মা, স্থরমা কী অপরাধ করেছে।

মহিষী। কী জানি বাছা, আমরা মেয়েমাত্র্য কিছু বৃঝি না, বউমাকে বাপের বাড়ি পাঠিয়ে মহারাজের রাজকার্যের যে কী স্বযোগ হবে মহারাজই জানেন।

উদয়। মা, রাজবাড়িতে যদি আমার স্থান হয়ে থাকে তবে স্থরমার কি হবে না? কেবল স্থানটুকু মাত্রই তার ছিল, তার বেশি তো আর কিছু সে পায় নি।

মহিষী। (সরোদনে) কী জানি বাবা, মহারাজ কথন কী যে করেন কিছু ব্যতে পারি নে। কিন্তু তাও বলি বাছা, আমাদের বউমাও বড়ো ভালো মেয়ে নয়। ও রাজ-বাড়িতে প্রবেশ করে অবধিই এথানে আর শান্তি নেই। হাড় জালাতন হয়ে গেল। তা, ও দিনকতক বাপের বাড়িতেই যাক-না কেন, দেখা যাক, কী বল বাছা? ও দিনকতক এখান থেকে গেলেই দেখতে পাবে, বাড়ির শ্রী ফেরে কি না।

[উদয় নীরব থাকিয়া কিয়ংকাল পরে প্রস্থান

স্থ্রমার প্রবেশ

স্থরমা। কই এগানে তো তিনি নেই।

মহিষী। পোড়াম্থী, আমার বাছাকে তুই কী কল্লি? আমার বাছাকে আমার ফিরিয়ে দে। এসে অবধি তুই তার কী সর্বনাশ না কল্পি। অবশেষে— সে রাজার ছেলে —তার হাতে বেড়ি না দিয়ে কি তুই ক্ষান্ত হবি নি। স্থরমা। কোনো ভয় নেই মা। বেড়ি এবার ভাঙল। আমি ব্ঝতে পারছি আমার বিদার হবার সময় হয়ে এসেছে— আর বড়ো দেরি নেই। আমি আর দাঁড়াতে পারছি নে। বুকের ভিতর যেন আগুন জলে যাছে। তোমার পায়ের ধুলো নিতে এলুম। অপরাধ যা-কিছু করেছি মাপ কোরো। ভগবান করুন, যেন আমি গেলেই শাস্তি হয়।

মহিষী। ওষ্ধ থেয়েছে বৃঝি! বিপদ কিছু ঘটবে না তো? যে যা বলুক, বউমা কিন্তু লক্ষ্মী মেয়ে। ওকে এমন জোর করে বিদায় করলে কি ধর্মে সইবে। বামী, বামী!

বামীর প্রবেশ

বামী। কীমা।

মহিষী। ওষ্ধটা কি বড্ড কড়া হয়েছে?

বামী। তুমি তো কড়া ওষ্ধের কথাই বলেছিলে।

মহিষী। কিন্তু বিপদ ঘটবে না তো?

वामी। जालन-विलामत कथा वना यांग्र कि।

মহিষী। সত্যি বলছি বামী, আমার মনটা কেমন করছে। ওষ্ধটা কি থেয়েছে ঠিক জানিস।

বামী। বেশিক্ষণ নয়— এই খানিকক্ষণ হল খেয়েছে।

মহিষী। দেখলুম মুখ একেবারে সাদা ফেকাশে হয়ে গেছে। কী করলুম কে জানে। হরি, রক্ষা করো।

বামী। তোমরা তো ওকে বিদায় করতেই চেয়েছিলে।

মহিধী। না, না, ছি ছি— অমন কথা বলিস নে। দেখ, আমি তোকে আমার এই গলার হারগাছটা দিচ্ছি, তুই শিগগির দৌড়ে গিয়ে মঙ্গলার কাছ থেকে এর উলটো ওধ্ধ নিয়ে আয়-গে। যা বামী, যা। শিগগির যা।

বিভার সরোদনে প্রবেশ

विजा। या, या, की इन या।

মহিষী। কী হয়েছে বিভূ।

বিভা। বউদিদির এমন হল কেন মা। ভোমরা তাকে কী করলে মা। কী

মহিষী। (উচ্চস্বরে) ওরে, বামী, বামী, শিগগির দৌড়ে যা— ওরে, ওষ্ধ নিয়ে আয়।

উদয়াদিত্যের প্রবেশ

गश्यो । वावा छनत्र, की श्राहरू वान।

উদয়। স্থরমা বিদায় হয়েছে মা, এবার আমি বিদায় হতে এসেছি— আর এখানে নয়।

মহিষী। (কপালে করাঘাত করিয়া) কী সর্বনাশ হল রে, কী সর্বনাশ হল।

উদয়। (প্রণাম করিয়া) চললুম তবে।

মহিষী। (হাত ধরিয়া) কোথায় যাবি বাপ। আমাকে মেরে ফেলে দিয়ে যা।

বিভা। (পা জড়াইয়া) কোথায় যাবে দাদা। আমাকে কার হাতে দিয়ে যাবে।

উদয়। তোকে কার হাতে দিয়ে যাব। আমি হতভাগা ছাড়া তোর কে আছে। ওরে বিভা, তুইই আমাকে টেনে রাখলি— নইলে এ পাপ-বাড়িতে আমি আর এক মুহূর্ত থাকতুম না।

विछा। व्क क्टि रान माना, व्क क्टि रान।

উদয়। তৃঃখ করিস নে বিভা, যে গেছে সে স্থাপে গেছে। এ বাড়িতে এসে সেই সোনার লক্ষ্মী এই আজ প্রথম আরাম পেল। ওখানে কিসের গোলমাল।

(বাতায়ন হইতে নীচে চাহিয়া) প্রজারা এসেছে দেখছি। ওদের বিদায় করে দিয়ে আসি-গে।

তৃতীয় দৃশ্য

নীচের আঙিনায় মাধবপুরের প্রজাদল

প্রথম। (উচ্চম্বরে) আমরা এখানে হত্যা দিয়ে পড়ে থাকব।
বিতীয়। আমরা এখানে না খেয়ে মরব।

প্রহরীর প্রবেশ

প্রহরী। এরা সব বৈরাগী ঠাকুরের চেলা, এদের গায়ে হাত দিতে ভয় করে। কিন্তু যেরকম গোলমাল লাগিয়েছে, এখনই মহারাঞ্জের কানে যাবে— মৃশকিলে পড়ব। কী বাবা, ভোমরা মিছে চেঁচামেচি করছ কেন বলো তো।

সকলে। আমরা রাজার কাছে দরবার করব।

প্রহরী। আমার পরামর্শ শোন্ বাবা, দরবার করতে গিয়ে মরবি। তোরা নেহাত ছোটো বলেই মহারাজ তোদের গায়ে হাত দেন নি, কিন্তু হাঙ্গামা যদি করিস তো একটি প্রাণীও রক্ষা পাবি নে।

প্রথম। আমরা আর তো কিছুই চাই নে, যে গারদে বাবা আছেন আমরাও সেখানে থাকতে চাই।

প্রহরী। ওরে, চাই বললেই হবে এমন দেশ এ নয়।

দ্বিতীয়। আচ্ছা, আমরা আমাদের যুবরাজকে দেখে যাব।

প্রহরী। তিনি তোদের ভয়েই লুকিয়ে বেড়াচ্ছেন।

তৃতীয়। তাঁকে না দেখে আমরা যাব না।

সকলে। (উর্দ্ধের) দোহাই যুবরাজ বাহাত্র।

উদয়াদিত্যের প্রবেশ

উদয়। আমি তোদের হকুম করছি তোরা দেশে ফিরে যা।

প্রথম। তোমার হুকুম মানব— আমাদের ঠাকুরও হুকুম করেছে, তাঁর হুকুমও মানব— কিন্তু তোমাকে আমরা নিয়ে যাব।

উनम्र। आगाम नित्म की श्रव।

প্রথম। তোমাকে আমাদের রাজা করব।

উদয়। তোদের তো বড়ো আম্পর্ধা হয়েছে। এমন কথা মুখে আনিস। তোদের কি মরবার জায়গা ছিল না।

ষিতীয়। মরতে হয় মরব, কিন্তু আমাদের আর তঃখ সহ্ হয় না।

তৃতীয়। আমাদের যে বুক কেমন করে ফার্টছে তা বিধাতাপুরুষ জানেন।

চতুর্থ। রাজা, তোমার হুংখে আমাদের কলিজা জলে গেল।

পঞ্ম। আমরা জোর করে নিম্নে যাব, কেড়ে নিয়ে যাব।

উদয়। আচ্ছা, শোন্, আমি বলি— তোরা যদি দেরি না করে এখনই দেশে চলে যাস, তা হলে আমি মহারাজের কাছে নিজে মাধবপুরে যাবার দরবার করব।

প্রথম। সঙ্গে আমাদের ঠাকুরকেও নিয়ে যাবে?

উদয়। চেষ্টা করব। কিন্তু, আর দেরি না। এই মৃহুর্তে তোরা এখান থেকে বিদায় হ।

প্রজারা। আচ্ছা, আমরা বিদায় হলুম। জয় হোক। তোমার জয় ছোক।

তৃতীয় অঙ্ক

প্রথম দৃশ্য

মন্ত্ৰী ও প্ৰতাপাদিত্য

মন্ত্রী। যুবরাজ কারাদণ্ড তো এতদিন ভোগ করলেন, এখন ছেড়ে দিন। প্রতাপ। কারাদণ্ড দেবার কারণ ঘটেছিল, ছেড়ে দেবার তো কারণ ঘটে নি। মন্ত্রী। কেবল সন্দেহমাত্রে ওঁকে শাস্তি দিয়েছেন। প্রমাণ তো পান নি। প্রতাপ। মাধ্বপুরের প্রজারা দর্থাস্ত নিয়ে দিল্লিতে চলেছিল, হাতে হাতে ধ্রা পড়েছিল, সেও কি তুমি অবিশাস কর।

মন্ত্রী। আজে না মহারাজ, অবিশ্বাস করছি নে।

প্রতাপ। ওরা তাতে লিখেছে আমি দিল্লীশ্বরের শক্র, ওদের ইচ্ছা আমাকে সিংহাসন থেকে নামিয়ে উদয়কে সিংহাসন দেওয়া হয়— এ কথাগুলো তো ঠিক ?

মন্ত্রী। আজ্ঞে হাঁ, দে দর্থান্ত তো আমি দেখেছি।

প্রতাপ। এর চেয়ে তুমি আর কী প্রমাণ চাও।

মন্ত্রী। কিন্তু এর মধ্যে আশাদের যুবরাজ আছেন, এ কথা আমি কিছুতে বিশ্বাস করতে পারি নে।

প্রতাপ। তোমার বিশ্বাস কিম্বা তোমার আন্দাজের উপর নির্তর করে তো আমি রাজকার্য চালাতে পারি নে। যদি বিপদ ঘটে তবে 'ওই যা, মন্ত্রী আমার ভূল বিশ্বাস করেছিল' বলে তো নিম্কৃতি পাব না।

মন্ত্রী। কিন্তু ন্যান্ত্রবিচার করা রাজত্বের অঙ্গ মহারাজ। যুবরাজকে যে সন্দেহে কারাদণ্ড দিয়েছেন তার যদি কোনো মূল না থাকে তা হলেও রাজকার্যের মঙ্গল হবেনা।

প্রতাপ। রাজ্যরক্ষা সহজ ব্যাপার নয় মন্ত্রী। অপরাধ নিশ্চয় প্রমাণ হলে তার পরে দণ্ড দেওয়াই যে রাজার কর্তবা তা আমি মনে করি নে। যেখানে সন্দেহ করা যায় কিয়া যেখানে ভবিষ্যতেও অপরাধের সম্ভাবনা আছে, সেখানেও রাজা দণ্ড দিতে বাধ্য।

মন্ত্রী। আপনি রাগ করবেন, কিন্তু আমি এ ক্ষেত্রে সন্দেহ কিন্তুা ভবিশ্বং অপরাধের সম্ভাবনা পর্যন্ত কল্পনা করতে পারি নে।

প্রতাপ। মাধ্বপুরের প্রজারা এখানে এসেছিল কি না?

মন্ত্ৰী। ইা।

প্রতাপ। তারা ওকেই রাজা করতে চেম্নেছিল কি না?

मञ्जी। दै। ८५८ एडिन।

প্রতাপ। তুমি বলতে চাও এ-সকলের মধ্যে উদয়ের কোনো হাত ছিল না?

মন্ত্রী। যদি হাত থাকত তা হলে এত প্রকাশ্যে এ কথার আলোচনা হত না।

প্রতাপ। আচ্ছা, আচ্ছা, তোমার নিঃসংশয় নিয়ে তুমি নিশ্চিস্ত হয়েই বসে থাকো—বিপদটা একেবারে ঘাড়ে এসে পড়ার জত্যে পথ চেয়ে বসে থাকব না। রাজার দায়িত্ব মন্ত্রীর দায়িত্বের চেয়ে ঢের বেশি। অন্তায়ের দারা অবিচারের দারাও রাজাকে রাজধর্ম পালন করতে হয়।

মন্ত্রী। অস্কত বৈরাগী ঠাকুরকে ছেড়ে দিন মহারাজ। প্রজাদের মনে একদঙ্গে এতগুলো বেদনা চাপাবেন না।

প্রতাপ। আচ্ছা, সে আমি বিবেচনা করে দেখব।

মন্ত্রী। চলুন-না মহারাজ, একবার স্বন্ধং ভিতরে গিম্বে যুবরাজকে দেখে আস্থন- । ওঁর মুখ দেখলে, ওঁর ত্টো কথা শুনলেই বুঝতে পারবেন, গোপনে অপরাধ ওঁর দ্বারা কথনো ঘটতেই পারে না।

প্রতাপ। যারা মুখের ভাব দেখে আর হায়-হায় আহা-উহু করতে করতে রাজ্যশাসন করে তারা রাজা হবার যোগ্য নয়।

বসস্তরায়ের প্রবেশ

বসন্ত। বাবা প্রতাপ, উদয়কে আর কেন কন্ত দাও। পদে পদেই যদি সে তোমাদের কাছে অপরাধ করে তবে তাকে এই বুড়োর কাছে দাও-না।

[প্রতাপ নিক্তর

তুমি যা মনে করে উদয়কে শান্তি দিচ্ছ, সেই অপরাধ যে যথার্থ আমার। আমিই যে রামচন্দ্রায়কে রক্ষা করবার জন্যে চক্রাস্ত করেছিলুম।

প্রতাপ। খুড়োমশায়, বৃথা কথা বলে আমার কাছে কোনোদিন কেউ কোনো ফল পায় নি।

বসন্ত। ভালো, আমার আর-একটা ক্স প্রার্থনা আছে। আমি একবার কেবল

উদয়কে দেখে যেতে চাই— আমাকে সেই কারাগৃহে প্রবেশ করতে কেউ যেন বাধা না দেয় এই অমুমতি দাও।

প্রতাপ। সে হতে পারবে না।

বসস্ত। তা হলে আমাকে তার সঙ্গে বন্দী করে রাখো। আমাদের ত্জনেরই অপরাধ এক— দণ্ডও এক হোক— যতদিন সে কারাগারে থাকবে আমিও থাকব। [নীরবে প্রতাপের প্রস্থান

রামমোহনের প্রবেশ

বসন্ত। কী মোহন। কী থবর।

রামমোহন। মাকে আমাদের চন্দ্রদীপে আসবার কথা বলতে এসেছিলুম। বসস্ত। প্রতাপকে জানিয়েছিস নাকি।

রামমোহন। তাঁকে জানাবার আগে একবার স্বয়ং মাকে নিবেদন করতে গিয়েছিলুম।

বসন্ত। তা, বিভা কী বললে।

तांगरमांहन। তिनि वललन, जिनि त्या भारतन ना।

বসস্ত। কেন, কেন। অভিমান করেছে বুঝি ? সেটা মিছে অভিমান, রামমোহন, সে বেশিক্ষণ থাকবে না, একটু তুমি সবুর করো।

রামমোহন। তিনি বললেন, 'দাদাকে ছেড়ে আজ আমি যেতে পারব না।' বসস্ত। আহা, সে কথা বলতে পারে বটে।

রামমোহন। বড়ো বৃক ফুলিয়ে এসেছিলেম। মহারাজ নিষেধ করেছিলেন।—বলেছিলেম, মালক্ষী আমাকে বড়ো দয়া করেন, আমার কথা ঠেলতে পারবেন না। আমাদের রাজা বললেন, প্রতাপাদিত্যের ঘরের মেয়েকে নিতে পারব না। আমি বললেম, তিনি কি কেবল প্রতাপাদিত্যের ঘরের মেয়ে ? আপনার ঘরের রানী নন ? শশুরের উপর রাগ করে নিজের সিংহাসনকে অপমান করবেন ? এই বলে চলে এসেছি, আজ আমি ফিরব কোন্ মুখে ?

वमञ्च। विভাকে দোষ দিয়ো না রামমোছন।

রামমোহন। না থুড়োমহারাজ, আমাদের মহারাজার ভাগ্যকেই দোষ দিই— এমন লক্ষীকে পেয়েও হেলায় হারাতে বদেছেন।

বসস্ত। হারাবে কেন রামমোহন। শুভদিন আসবে, আবার মিলন হবে।

রামমোহন। কুপরামর্শ দেবার লোক যে ঢের আছে। ওরা বলছে যাদবপুরের ঘরের মেয়ে এনে তাকে ওঁর পাটরানী করবে।

বদস্ত। এও কি কখনো সম্ভব ? আমাদের বিভাকে ত্যাগ করবে ?

রামমোহন। সেই চক্রাস্তই হয়েছে, তাই আমি ছুটে এলুম। অপরাধ করলেন নিজে, আর যিনি সতীলন্ধী তাঁকে দণ্ড দিলেন। এও কি কখনো সইবে ? হোক-না কলি, ধর্ম কি একেবারে নেই। চললুম মহারাজ, আশীর্বাদ করবেন, আমাদের রাজার যেন স্থাতি হয়।

বসস্ত। এখানকার বিপদ কেটে গেলে আমি নিজে যাব তোমাদের ওখানে। এমন অস্তায় হতে দেব কেন। [রামমোহনের প্রণাম করিয়া প্রস্থান

সীতারামের প্রবেশ

কী সীতারাম, থবর কি ?

সীতারাম। কারাগারে আমরা আগুন লাগিয়ে দিয়েছি, এখনই যুবরাজ বেরিয়ে আসবেন।

বসস্ত। আবার আর-একটা উৎপাত ঘটবে না তো ? একটা ফাঁড়া কাটাতে গিয়ে আর-একটা ফাঁড়া ঘাড়ে চাপে যে। আমার ভালো ঠেকছে না।

সীতারাম। কাছেই নৌকো তৈরি আছে খুড়োমহারাজ, তাঁকে নিয়ে এখনই আপনাকে পালাতে হবে। এ ছাড়া আর কোনো গতি নেই।

বসস্ত। তার আগে বিভার সঙ্গে একবার দেখা করে আসি-গে।

সীতারাম। না, তার সময় নেই।

বসস্ত। দেরি করব না সীতারাম, তার সঙ্গে জীবনে আর তো দেখা হবে না।

সীতারাম। তা হলে সমস্ত আমাদের রূপা হয়ে যাবে। ওই দেখুন, আগুনের শিখা জলে উঠেছে।

বসস্ত। আগুন থেকে বেরিয়ে আসতে পারবে তোরে ?

শীতারাম। কারাগারের মধ্যেই আমাদের চর আছে, এই এলেন বলে, দেখুন-না।

উদয়াদিত্যের প্রবেশ

छनत्र। नानामभात्र त्य!

বসস্ত। আর ভাই, আর।

উদয়। সমন্তই স্বপ্ন নাকি ? আমি তো ব্যতে পারছি নে।

সীতারাম। যুবরাজ, এই দিকে নোকো আছে, শীত্র আহ্বন। উদয়। কেন, নোকো কেন।

সীতারাম। নইলে আবার প্রহরীরা ধরে ফেলবে।

উদয়। কেন, আমি কি পালিয়ে যাছি।

বসন্ত। হাঁ ভাই, আমি তোকে চুরি করে নিয়ে চলেছি।

সীতারাম। কয়েদখানায় আমিই আগুন লাগিয়েছি।

উनम् । की नर्वनां । यत्रवि य द्र ।

সীতারাম। যতদিন তুমি কয়েদে ছিলে, প্রতিদিন আমি মরেছি।

উদয়। ना, আমি পালাব ना।

वगछ। दकन नाना।

উদয়। নিজেকে বাঁচাতে গিয়ে অগুদের বিপদের জালে জড়াতে পারব না।

বসস্ত। অন্তদের যে তাতেই আনন্দ। তোমার তাতে কোনো অপরাধ নেই।

উদয়। সে আমি পারব না। কারাগারের বন্ধন আমার পক্ষে তার চেয়ে অনেক ভালো। যদি পালাই তবে মৃক্তি আমার ফাঁস হবে। আমি কারাগারে ফিরব।

বসন্ত । কারাগার তো গেছে ছাই হয়ে, তুমি ফিরবে কোথায়।

উमंग्र। ७३ मित्क এकथाना घत वाकि चाहि।

বসস্ত। 📆 হলে আমিও যাই।

উদয়। না, তুমি যেতে পারবে না। কিছুতেই না।

বসস্ত। আচ্ছা, তা হলে আমি বিভার কাছে যাই। তার প্রাণটা যে কিরকম করছে, সে আমিই জানি।

উদয়। সীতারাম, আমার জ্বস্তে যে নৌকো তৈরি আছে সে নৌকোয় চড়ে এখন তুই রায়গড়ে চলে যা।

সীতারাম। (উদয়কে প্রণাম করিয়া) তা ছাড়া আমার আর গতি নেই। প্রস্কু, যদি কোনো পুণ্য করে থাকি আর-জন্মে যেন তোমার দাস হয়ে জন্মাই।

[উভয়ের প্রস্থান

ধনপ্লয়ের প্রবেশ নৃত্য ও গীত ওরে আগুন আমার ভাই, আমি তোমারি জন্ন গাই। তোমার শিক্লভাঙা এমন রাঙা মূর্তি দেখি নাই।

রবীক্স-রচনাবলী

তুমি তৃ হাত তুলে আকাশ-পানে
মেতেছ আজ কিসের গানে,
একি আনন্দমন্ন নৃত্য অভন্ন বলিহারি যাই।
যেদিন ভবের মেশ্লাদ ফুরাবে ভাই,
আগল যাবে সরে—
সেদিন হাতের দড়ি পান্নের বেড়ি
দিবি রে ছাই করে।
সেদিন আমার অন্ধ তোমার অন্ধে
ঐ নাচনে নাচবে রক্তে,
সকল দাহ মিটবে দাহে
ঘুচবে সব বালাই।

[প্রস্থান

প্রতাপাদিত্য ও মন্ত্রীর প্রবেশ

প্রতাপ। দৈবাং আগুন লাগার কথা আমি একবর্ণ বিশাস করি নে। এর মধ্যে চক্রাস্ত আছে। থুড়ো কোথার ?

मञ्जी। उँदिक रम्था योष्टि ना।

প্রতাপ। হঁ। তিনিই এই অগ্নিকাণ্ড ঘটিয়ে হোঁড়াটাকে নিয়ে পালিয়েছেন।
মন্ত্রী। তিনি সরল লোক— এ সকল বৃদ্ধি তো তাঁর আসে না।

প্রতাপ। বাইরে থেকে যাকে সরল বলে বোধ হবে না তার কুটিল বুদ্ধি রুখা।

মন্ত্রী। কারাগার ভত্মদাং হয়ে গেছে। আমার আশকা হচ্ছে যদি—

প্রতাপ। কোনো আশকা নেই, আমি বলছি উদয়কে নিয়ে খুড়োমহারাজ পালিয়েছেন। বৈরাগীটার থবর পেয়েছ?

মন্ত্রী। না মহারাজ।

প্রতাপ। সে বোধ হয় পালিম্বছে। সে যদি থাকে তো আমার কাছে পাঠিয়ে দিয়ো।

মন্ত্রী। কেন মহারাজ, তাকে আবার কিসের প্রয়োজন।

প্রতাপ। আর কিছু নয়— সেই ভাঁড়টাকে নিয়ে একটু আমোদ করতে পারতুম, তার কথা শুনতে মজা আছে।

ধনপ্রায়র প্রবেশ

ধনঞ্জয়। জয় হোক মহারাজ। আপনি তো আমাকে ছাড়তেই চান না, কিন্তু কোথা থেকে আগুন ছুটির পরোয়ানা নিম্নে হাজির; কিন্তু না বলে যাই কী করে। তাই হুকুম নিতে এলুম।

প্রতাপ। ক দিন কাটল কেমন ?

ধনঞ্জয়। স্থাপে কেটেছে, কোনো ভাবনা ছিল না। এ-সব তারই লুকোচুরি থেলা— ভেবেছিল গারদে লুকোবে, ধরতে পারবে না। কিন্তু ধরেছি, চেপে ধরেছি, তার পর থ্ব হাসি, থ্ব গান। বড়ো আনন্দে গেছে, আমার গারদ-ভাইকে মনে থাকবে।

গাৰ

ওরে শিকল, তোমায় অঙ্গে ধরে

मिरम्हि अःकात्र।

তুমি আনন্দে ভাই, রেখেছিলে

ভেঙে অহংকার।

তোমায় নিয়ে করে খেলা স্থথে ত্বঃথে কাটল বেলা— অঙ্গ বেড়ি দিলে বেড়ি,

বিনা দামের অলংকার।

তোমার 'পরে করি নে রোষ, দোষ থাকে তো আমারই দোষ, ভয় যদি রয় আপন মনে

তোমার দেখি ভরংকর।

অন্ধকারে সারা রাতি ছিলে আমার সাথের সাথি, সেই দয়াটি শ্বরি তোমায়

করি নমস্কার।

প্রতাপ। বল কী বৈরাগী, গারদে তোমার এত আনন্দ কিসের। ধনঞ্জা মহারাজ, রাজ্যে তোমার যেমন আনন্দ, তেমনি আনন্দ। অভাব কিসের। তোমাকে হাধ দিতে পারেন আর আমাকে পারেন না? প্রতাপ। এখন তুমি যাবে কোথায়। ধনঞ্জ। রান্তায়।

প্রতাপ। বৈরাগী, আমার এক-একবার মনে হয় তোমার ওই রাস্তাই ভালো— আমার এই রাজ্যটা কিছু না।

ধনঞ্জ। মহারাজ, রাজ্যটাও তো রাস্তা। চলতে পারলেই হল। ওটাকে যে পথ বলে জানে সেই তো পথিক; আমরা কোথায় লাগি। তা হলে অহুমতি যদি হয় তো এবারকার মতো বেরিয়ে পড়ি।

প্রতাপ। আচ্ছা, কিন্তু মাধ্বপুরে যেয়ো না।

ধনঞ্জয়। সে কেমন করে বলি, যথন নিম্নে যাবে তথন কার বাবার সাধ্য বলে যে যাব না।

মন্ত্রী। মহারাজ! ওই তো দেখি যুবরাজ আসছেন। প্রতাপ। তাই তো, পালায় নি তবে।

উদয়াদিত্যের প্রবেশ

প্রতাপ। কী, তুমি যে মুক্ত দেখি?

উদয়। কেমন করে বলব মহারাজ। কারাগার পুড়লেই কি কারাগার যায়। প্রতাপ। তুমি যে পালিয়ে গেলে না?

উদয়। মেয়াদ না ফুরোলে পালাব কী করে। মহারাজের সঙ্গে আমার যে চিরবন্ধনের সম্বন্ধ, সেটা যথন নিজে ছিন্ন করে দেবেন সেইদিনই তো ছাড়া পাব।

প্রতাপ। তোমাকে ত্যাগ ক'রে?

উদয়। তা ছাড়া আর কী বলব। আমাকে গ্রহণ করে আমাদের তো কারো কোনো স্থানেই।

প্রতাপ। তুমি অথচ সিংহাসনের যোগ্য নও, সেই সিংহাসনে তোমার অধিকার আছে, এর থেকেই যত হৃঃধ। যেখানে যার স্থান নয় সেইথানেই তার বন্ধন।

উদয়। না মহারাজ, আমি যোগ্য নই। আপনার এই সিংহাসন হতে আমাকে অব্যাহতি দিন এই ভিক্ষা।

প্রতাপ। তুমি যা বলছ তা যে সত্যই তোমার স্থানের ভাব তা কী করে জানব।

উনয়। আজ আমি মা-কালীর চরগ স্পর্শ করে শপথ করব, আপনার রাজ্যের স্চাগ্র ভূমিও আমি কথনো শাসন করব না; সমরাদিতাই আপনার রাজ্যের উত্তরাধিকারী। প্রতাপ। তুমি তবে কী চাও।

উদয়। মহারাজ, আমি আর কিছুই চাই নে— কেবল আমাকে পিঞ্জরের পশুর মতো গারদে পুরে রাথবেন না। আমাকে সম্পূর্ণ পরিত্যাগ করুন, আমি একাকী কাশী हंटन यहि।

প্রতাপ। আচ্ছাবেশ। আমি এর ব্যবস্থা করছি।

উদয়। আমার আর-একটি প্রার্থনা আছে মহারাজ। আমি বিভাকে নিজে তার খণ্ডরবাড়ি পৌছে দিয়ে আসবার অমুমতি চাই।

প্রতাপ। তার আবার খন্তরবাড়ি কোথায়।

উদয়। তাই যদি মনে করেন তবে সেই অনাথা ক্সাকে আমার কাছে থাকবার অমুমতি দিন। এখানে তো তার স্থপ্ত নেই।

প্রতাপ। তার মাতার কাছে অন্থমতি নিতে পার। 🛛 📗 মন্ত্রীর প্রস্থান

মহিষী ও বিভার প্রবেশ

মহিষী। উদয় কি বেঁচে আছে।

প্রতাপ। ভয় নেই। বেঁচে আছে। তুমি এথানে যে?

মহিষী। পারব কেন থাকতে। শুনলুম কারাগারে আগুন লেগেছে। উদয়, বাবা व्योगांद्र, এथन घटत हल्।

উদয়। আমার ঘর নেই। আমি যাচ্ছি কাশী।

महियो। तम को कथा। जा इतन जामां क त्यदा तम्तन या।

উদয়। মা, এতদিনে তুমি কি ঠাউরেছ তোমার আশ্রয়েই ছেলে নিরাপদে থাকবে। আমার তো শিক্ষার আর কিছু বাকি নেই। আজ তোমাদেরই কল্যাণে বিশ্বনাথের আশ্রম পেয়েছি। কারাগারের সঙ্গে সঙ্গে আমার অন্ত সব আশ্রমই পুড়ে ছাই হয়ে গেছে। কেঁদে কী হবে মা, আজই চোখের জল মোছবার সময়।

বিভা। দাদা, আমাকে ফেলে যেতে পারবে না।

উদয়। কিছুতে না। (মাতার প্রতি) বিভারও তো আর জায়গা নেই— এখন তুমি অমুমতি করো, আমার সঙ্গে ওকেও অভয়-আগ্রয়ে নিয়ে যাই।

মহিধী। তুই যদি যাবি উদয়, তো ও যাক তোর সঙ্গে— তোর মায়ের হয়ে ওই তোকে দেখতে শুনতে পারবে। ইতিমধ্যে ওর শুশুরবাড়িতে খবর পাঠিয়ে দিই, যদি তারা—

প্রতাপ। চুপ করো, ওর আবার শশুরবাড়ি কোথায়।

মহিধী। গর্ভে ধরে সংসারে কী দৃংখই এনেছি। রাজার বাড়িতে এরা জন্মছিল এইজন্মেই ? এখন একবার বাড়িতে চল্— তার পরে—

উদয়। না মা, ও বাড়িতে আর নয়— রাস্তা বেয়ে গোজা চলে যাব, আমাদের পিছনে তাকাবার কিছুই নেই।

মহিষী। তোরা রাস্তায় বেরিয়ে যাবি, আর এই রাজবাড়ির অন্ন যে আমার বিষের মতো ঠেকবে।

উদয়। এখন আমাদের আশীর্বাদ করে বিদায় করো।

মহিষী। ব্ঝতে পারছি, তোদের হৃংথের দিন ঘুচল। এবার ঈশ্বর তোদের স্থাইর রাথবেন। তবু হুর্বল মন মানে না যে। আজ থেকে মায়ের যোগ্য সেবা তোদের আর তো কিছু করতে পারব না, তোদের জত্যে যশোরেশ্বরীর কাছে রোজ পুজো দেব।

विज। नानागश्यम काथाय नाना।

উদয়। তিনি কাছেই কোথাও আছেন— এখনই দেখা হবে।

প্রতাপ। না, দেখা হবে না। কোনোদিন না।

উদয়। কেন, তাঁর কী হল?

প্রতাপ। তাঁর বিচার বাকি আছে। শে-সব কথা তোমাদের ভাববার কথা নয়।
উদয়। না হতে পারে, কিন্তু এই বলে গেলুম মহারাজ, রাজ্য তো মাটির নয়,
রাজ্য হল পুণ্যের— সে পুণ্য রাজাকে নিয়ে, প্রজাকে নিয়ে, সকলকে নিয়ে। বিভা,
আর কাঁদিস নে। দাদামশায় তো মহাপুরুষ, ভয়ে তাঁর ভয় নেই, মৃত্যুতে তাঁর মৃত্যু
নেই। আমাদের মতো সামাত্য মানুষই ঘা থেয়ে মরে।

প্রতাপ। এখন এসো উদয়, কালীর মন্দিরে এসো, মায়ের পা ছুঁয়ে শপথ করতে হবে।

চতুর্থ অষ্ণ প্রথম দৃশ্য

বরবেশে রামচন্দ্র

রমাই। আপনি তো চলে এলেন, এ দিকে যুবরাজ বাবাজি বিষম গোলে পড়লেন মন্ত্রী। কিরকম হে রমাই। রমাই। রাজার অভিপ্রায় ছিল, ক্যাটি বিধবা হলে হাতের নোয়া আর বালা তুগাছি বিক্রি করে রাজকোষে কিঞ্ছিৎ অর্থাগম হয়। যুবরাজ তাতে ব্যাঘাত করাতে তম্বিকত।

মন্ত্রী। মহারাজ, শুনতে পাই প্রতাপাদিত্য আপসোসে সারা হচ্ছেন। এ দিকে একটু ইশারা করলেই নিজের থরচে এথনো মেয়েটিকে পৌছিয়ে দিতে রাজি।

রমাই। সেটা বিনি-খরচায় হতে পারে, কিন্তু ফিরে পাঠাবার খরচাটা মহারাজের নিজের গাঁট থেকে দিতে হবে।

মন্ত্রী। সে তো বটেই। বিবাহ করেছেন তাঁদের বাড়িতে, কিন্তু নিজের বাড়িতে আনবার বেলা তো বিচার করতে হয়। কী বল রমাই।

রমাই। সে তো বটেই। পাঁকে যদি মহারাজা পা দিয়ে থাকেন সে তো পাঁকের বাবার ভাগ্যি, তা বলে ঘরে ঢোকবার সময় পা ধুয়ে আসবেন না ?

মন্ত্রী। বেশ বলেছ রমাই।

রমাই। মন্ত্রিবর, শুভকর্মে মহারাজের যশুরে শশুরমশায়কে একখানা নিমন্ত্রণপত্র পাঠানো হয়েছে তো? কী জানি, মনে তুঃখ করতেও পারেন। [সকলের হাস্ত

বরণ করবার জন্মে এয়োস্ত্রীদের মধ্যে শাশুড়ি-ঠাকরুনকেও ভুললে চলবে না।
মিষ্টান্নমিতরে জনা:, সেটাও চাই— অতএব সেখানে যথন মিষ্টান্ন পাঠানো হবে তথন
সেই সঙ্গে তুচারছড়া কাঁচা রম্ভাও পাঠানো ভালো। কী বল মন্ত্রী।

মন্ত্রী। তার উপরে কথা।

[উচ্চহ|শ্ৰ

রমাই। আর দেখেন মহারাজ, যুবরাজকে একখানা পত্র লিখে জানাবেন যে, তোমাদের রাজত্ব রাজকতা তোমাদেরই থাক্, প্রজাপতির কুপায় জগতে শালা-খশুরের অভাব নেই। কী বলেন আপনারা।

রামচন্দ্র। রমাই, তুমি যাও, লোকজনদের দেখো-গে। রমাইয়ের প্রস্থান সেনাপতি, তুমি এইখানে বোসো, রমাইয়ের হাসি আমার ভালো লাগছে না।

সেনাপতি ফর্নান্ডিজ। মহারাজ, রমাইদ্বের হাসি গন্ধকের ধোঁয়ার মতো, তার ধোঁয়ায় দম বন্ধ হয়ে আসে।

রামচন্দ্র। ঠিক বলেছ সেনাপতি, আমার ইচ্ছে হচ্ছিল উঠে চলে যাই। আজ গান বাজনা ভালো জমছে না ফর্নাগুজ।

ফর্নাণ্ডিছ। না মহারাজ, জমছে না, আমার বুকে বাজছে— আর-এক দিনের কথা মনে পড়ছে।

রামচন্দ্র। গুজবটা কি সভা।

कर्ना खिल। किरनत खन्तर।

রামচন্দ্র। ওই তাঁরা কি যশোর থেকে আসছেন।

ফর্নান্ডিজ। হাঁ মহারাজ, শুনেছি বটে। আদেশ করেন তো তাঁদের এগিয়ে আনি-গে।

त्रायहन । अशिरम जानत्व ? जा रत किन्छ मन्नी त्रमारे नवारे रामत्व।

ফর্নাণ্ডিজ। আদেশ করেন তো ওদের হাসিস্থক মৃথ একেবারে চেঁছে পরিষ্কার করে দিই।

রামচন্দ্র। না, না, গোলমাল করে কাজ নেই। কিন্তু সেনাপতি, আমি তোমাকে গোপনে বলছি, কাউকে বোলো না, আমি তাকে কিছুতে ভুলতে পারছি নে। কালই রাত্রে তাকে স্বপ্নে দেখেছি।

ফর্নান্তিজ। মহারাজ, আমি আর কী বলব— তাঁর জন্মে প্রাণ দিলে যদি কোনো কাজেও না লাগে তবু দিতে ইচ্ছা হচ্ছে।

রামচন্দ্র। দেখো দেনাপতি, এক কাজ করলে হয় না ?

कर्ना उषा की वन्न।

রামচন্দ্র। মোহন যদি একবার ধবর পায় যে, তাঁরা আসছেন তা হলে সে আপনি ছুটে যাবে। একবার কোনোমতে তাকে সংবাদটা জানাও-না। কিন্তু দেখো, আমার নাম কোরো না।

ফর্নাণ্ডিজ। যে আজ্ঞা মহারাজ।

রমাইয়ের প্রবেশ

রমাই। মহারাজ, যশোর থেকে তো কেউ নিমন্ত্রণ রাখতে এল না। রাগ করলে-বা।

त्रांगठम । हा, हा, हा, हा।

রমাই। আপনার প্রথম পক্ষের শশুর তো সেবার তাঁর কন্মার সিঁথির সিঁত্রের উপর হাত বুলাবার চেষ্টায় ছিলেন— এবারে তাঁকে—

রামমোহন ক্রত আসিয়া

রামমোহন। চুপ। আর একটি কথা যদি কও তা হলে— রমাই। বুঝেছি বাবা, আর বলতে হবে না।

রামমোহন। মহারাজ, হাসবেন না মহারাজ। আজকের দিনে অনেক সহ্ করেছি, কিন্তু মহারাজার ওই হাসি সহ্ করতে পারছি নে। রামচন্দ্র। ফের বেয়াদবি করছিস। রামম্যোহন। আমার বেয়াদবি! বেয়াদবি কে করলে ব্ঝলে না! ফর্নান্ডিজ। মোহন, একটা কথা আছে ভাই, একটু এ দিকে এসো।

[উভয়ের প্রস্থান

রামচন্দ্র। ওরা সব গান বন্ধ করে হাঁ করে বসে রইল কেন। ওদের একটু গাইতে বলো-না। আজ সব যেন কেমন ঝিমিয়ে পড়ছে। গান ধরো।

গান

চাঁদের হাসির বাঁধ ভেঙেছে,

উছলে পড়ে আলো—

ও রজনীগন্ধা, তোমার

গদ্বধা ঢালো।

পাগল হাওয়া ব্যতে নারে

ডাক পড়েছে কোথায় তারে,

ফুলের বনে যার পাশে যায়

তারেই লাগে ভালো।

नील गंगरनत ललाउँथानि

চন্দনে আজ মাথা,

বাণীবনের হংসমিথুন

মেলেছে আজ পাথা।

পারিজাতের কেশর নিয়ে

ধরায়, শশি, ছড়াও কি এ।

रेक्तभूतीत्र कान् त्रभी

বাসরপ্রদীপ জালো।

দিতীয় দৃশ্য

श्र

উদয়াদিত্য ও ধনপ্রয়

ধনঞ্জয়। আজ রান্তায় মিলন, আজ বড়ো আনন্দ। আজ আর ভণ্ডামির কোনো দরকার নেই, আজ আর যুবরাজ নয়। আজ তো তুমি ভাই। আয় ভাই, কোলাকুলি করে নিই।

দাদা, যেখানে দীন দরিদ্র স্বাই এসে মেলে সেই দরাজ জায়গাটাতে এসে দাঁড়িয়েছ, আজ আর কিছু ভাবনা নেই।

গান

দকল ভয়ের ভয় যে তারে
কোন্ বিপদে কাড়বে।
প্রাণের সঙ্গে যে প্রাণ গাঁথা
কোন্ কালে সে ছাড়বে।
নাহয় গেল সবই ভেসে—
রইবে তো সেই সর্বনেশে,
যে লাভ সকল ক্ষতির শেষে
সে লাভ কেবল বাড়বে।
স্থুখ নিয়ে ভাই, ভয়ে থাকি—
আছে আছে দেয় সে ফাঁকি,
হুংখে যে স্থুখ থাকে বাকি
কেই বা সে স্থুখ নাড়বে।
যে পড়েছে পড়ার শেষে
ঠাই পেয়েছে তলায় এসে—
ভর্ম নিটেছে, বেঁচেছে সে,

তারে কে আর পাড়বে।

উদয়। বৈরাগী ঠাকুর, আমি তোমার সঙ্গ ধরলুম, আর ছাড়ছি নে কিন্তু। ধনঞ্জয়। তুমি ছাড়লে আমি ছাড়ি কই ভাই। মনে বেশ আনন্দ আছে তো? থ্ঁতম্ত কিছু নেই তো? উদয়। কিছু না, বেশ আছি।

ধনঞ্জ । তবে দাও একটু পাঙ্গের ধুলো।

উनत्र। ७ की कत्र, ७ की कत्र। ज्ञानताथ इत्त त्य।

ধনঞ্জয়। দাদা, এতবড়ো বোঝা নিজের হাতে ভগবান যার কাঁধ থেকে নামিয়ে দেন, সে যে মহাপুরুষ। তোমাকে দেখে আমার সর্ব গায়ে কাঁটা দিচ্ছে। একবার দিদিকে আনো, তাকে একবার দেখি।

উদয়। সে তোমাকে দেখবার জন্ম ব্যাকুল হয়ে আছে, তাকে ডেকে আনছি।

বিভার প্রবেশ ও বৈরাগীকে প্রণাম

ধনঞ্জয়। ভন্ন নেই দিদি, ভন্ন নেই, কোনো ভন্ন নেই। এই দেখ-না, আমাকে দেখ-না— আমি তাঁর রাস্তার ছেলে— রাস্তার কোলে-কোলেই দিন কেটে গেল— দিনরাত্রি একেবারে ধুলোম ধুলোমন্ন হমে বেড়াই, মান্তের আদরে লাল হমে উঠি। আমার মান্তের ওই ধুলোঘরে আজ তোমার নতুন নিমন্ত্রণ, কিন্তু মনে কোনো ভন্ন রেখো না।

বিভা। বৈরাগী ঠাকুর, তুমি কোথায় যাচছ। তুমি কি আমাদের সঙ্গে যাবে। ধনঞ্জয়। কোথায় যাব সে কথা আমার মনেই থাকে না। ওই রাস্তাই তো আমাকে মজিয়েছে। এই মাটি দেখলে আমাকে মাটি করে দেয়।

গান

সারিগানের হুর

গ্রামছাড়া ঐ রাঙা মাটির পথ আমার মন ভুলায় রে।

ওরে কার পানে মন হাত বাড়িয়ে লুটিয়ে যায় ধুলায় রে।

ও যে আমায় ঘরের বাহির করে, পায়ে পায়ে পায়ে ধরে—

ও যে কেড়ে আমায় নিয়ে যায় রে যায় রে কোন্ চুলায় রে।

ও যে কোন্ বাঁকে কী ধন দেখাবে, কোন্থানে কী দায় ঠেকাবে,

কোথায় গিয়ে শেষ মেলে যে— ভেবেই না কুলায় রে। উদয়। ঠাকুর, তুমি কি ভাবছ বিভা আমার পথের সঙ্গিনী। ওকে আমি ওর শশুরবাড়ি পৌছে দিতে যাচ্ছি।

ধনঞ্জয়। বেশ, বেশ, হরি যেখানে নিয়ে যান সেইখানেই ভালো। দেখি তিনি কোন্থানে পৌছিয়ে দেন, আমিও সঙ্গে আছি। কোনো ভয় নেই দিদি, কোনো ভয় নেই।

বিভা। দাদা, ওই-যে মোহন আসছে। ওর সঙ্গে আমি একটু আলাদা কথা কইতে চাই।

উদয়। আচ্ছা, আমি একটু সরে যাচ্ছি।

[প্রস্থান

রামমোহনের প্রবেশ

বিভা। মোহন!

রামমোহন। মা, আজ তুমি এলে?

বিভা। হাঁ মোহন, তুই কি আমায় নিতে এলি।

রামযোহন। না মা, অত ব্যস্ত হোয়ো না, আজ থাক্।

বিভা। কেন মোহন, আজ কেন নয়।

तांगरमाह्न। আজ দिন ভালো नम्न य मा, আজ দিন ভালো नम्।

বিভা। ভালো দিন নয় ? তবে আজ এত উৎসবের আয়োজন কেন। বরাবর দেখলুম রাস্তায় আলোর মালা, বাঁশি বাজছে। আজ বুঝি শুভলগ্ন পড়েছে।

রামমোহন। শুভলগ্ন, মিথ্যা কথা। সমস্ত ভুল।

বিভা। মোহন, তোর কথা আমি ব্ঝতে পারছি নে, কী হয়েছে আমাকে সত্যি করে বল্। মহারাজ কি রাগ করেছেন ?

রামমোহন। রাগ করেছেন বই-কি।

বিভা। তিনি তো আমাকে ডেকে পাঠিয়েছেন।

রামমোহন। দেরি হয়ে গেছে মা, দেরি হয়ে গেছে। অনেক দেরি হয়ে গেছে। সময় গেলে আর ফেরে না।

বিভা। কে বললে ফেরে না। আমি তপস্থা করে ফেরাব, আমি জীবন মন দিয়ে ফেরাব। মেহিন, এখনই তুই আমাকে নিয়ে যা। দেরি যদি হয়ে থাকে, আর এক মুহুর্ত দেরি করব না।

রামমোহন। যুবরাজ কোথায় গেছেন?

বিভা। তিনি এখনই আদবেন।

রামমোহন। তিনি ফিরে আস্থ্ন-না।

বিভা। না মোহন, আর বিলম্ব নয়। তিনি কি খবর পেয়েছেন আমি এসেছি। দাদা বললেন, তিনি নৌকার ছাত থেকে দেখেছেন ময়ুরপংথি সাজানো হচ্ছে।

রামমোহন। হাঁ, সাজানো হচ্ছে বটে—

বিভা। এখনো কি সাজানো শেষ হয় নি।

রামমোহন। ওই মযুরপংখির সাজসজ্জায় আগুন লাগুক।

বিভা। মোহন, তোর মুখে এ কী কথা। তুই যথন আনতে গেলি আগতে পারি নি বলে এত রাগ করেছিন? তুইও আমার ছঃখ ব্ঝতে পারিস নি মোহন? [রামমোহন নিরুত্তর

এই দেখ, তোর দেওয়া সেই শাঁখাজোড়া পরে এসেছি— আজকের দিনে তুই আমার উপর রাগ করিস নে।

রামমোহন। আমাকে আর দগ্ধ কোরো না। মিথ্যে দিয়ে তোমার কাছে আর চাপা দিতে পারলুম না। মা জননি, এ রাজ্যের লক্ষ্মী তুমি, কিন্তু এ রাজ্যে তোমার আজ আর স্থান নেই। চলো মা, তুমি ফিরে চলো— তোমার এই পাদপদ্মের দাস, এই অধম সন্তান তোমার সঙ্গে যাবে।

. বিভা। মোহন, যা তোর বলবার আছে সব তুই বল্। আমি যে কত চ্ঃখ সইতে পারি তা কি তুই জানিস নে ?

রামমোহন। সম্ভান যথন ডাকতে গেল তখন কেন এলি নে— তখন কেন এলি নে — আমার পোড়া কপাল, তোকে কেন আনতে পারলুম না।

বিভা। ওরে মোহন, জগতে এমন কোনো স্থুখ নেই যার লোভে আমি সেদিন দাদাকে ফেলে আসতে পারতুম— এতে আমার কপালে যা থাকে তাই হবে।

রামমোহন। তবে শোন্ মা, সেই ময়্রপংখি তোর জন্মে নয়।
বিভা। নাই হল মোহন, ত্থে কিসের। আমি হেঁটে চলে যাব।
রামমোহন। যাবি কোথায়। সেখানে যে আজ আর-এক রানী আসছে।
বিভা। আর-এক রানী!

রামমোহন। হাঁ, আর-এক রানী। আজ মহারাজের বিবাহ। বিভা। ওঃ— আজ বিবাহের শগ়!

রামনোহন। এক বিবাহের লগ্নে মহারাজ তোমাদের ঘরে গিয়েছিলেন— আজ কোন্ বিবাহের লগ্নে তুমি তাঁর ঘরের সামনে এসে পৌছলে। আর, আমার এমন কপাল আজ আমি বেঁচে আছি। চল্মা, ফিরে চল্, আর এক দণ্ড নয়— ওই বাঁশি আমার কানে বিষ ঢালছে। ওরে, আর-একদিন কী বাঁশি শুনেছিলুম, দেই কথা মনে পড়ছে। চল্ চল্, ফিরে চল্। অমন চুপ করে বলে রইলে কেন মা? কেমন করে যে কাঁদতে হয় তাও কি একেবারে ভূলে গেছ।

বিজা। মোহন, আমার একটি কথা রাখতে হবে। রামমোহন। কী কথা।

বিভা। আমাকে সঙ্গে করে নিমে যেতে হবে। যদি না যাস আমি একলা যাব। রামমোহন। সে আজ ময়ুরপংখিতে চড়বে, আর তুমি আজ হেঁটে যাবে? বিভা। হেঁটে যাওয়াই আমাকে সাজে— আমি হেঁটেই যাব। তুই সঙ্গে যাবি নে? রামমোহন। আমি সঙ্গে যাব না, তো কে যাবে। কিন্তু মা, সে সভায় আজ তুমি কিসের জন্যে যাবে।

বিভা। তা বটে, কেন যাব। মোহন, আমাকে তুঃখ সইতে হবে সে কথাটা হঠাৎ আমি ভুলে গিয়েছিলুম— ভেবেছিলুম, যা ভোগ হবার তা বুঝি হয়ে চুকে গেছে।

রামমোহন। কেন মা, তুমি সতীলন্ধী, তুমি হৃঃখ কেন পাও।

বিভা। মোহন, সেদিন অপরাধ যে সত্যি হয়েছিল। সে অপরাধের শান্তি না হয়ে তো মিটবে না, সে শান্তি আমিই নিলুম— প্রায়শ্চিত আমাকে দিয়েই হবে।

রামমোহন। মা, তোমার পিতার হাতের আঘাত সেও তুমিই মাথায় করে নিয়েছ, আবার তোমার স্বামীর হাতের আঘাত সেও তুমিই নিলে। কিন্তু আমি বলছি মা, সকলের চেয়ে বড়ো দণ্ড পেলে তোমার স্বামী। সে আজ হারের কাছ থেকেও তোমাকে হারালো।

উদয়াদিত্যের প্রবেশ

উদয়। ওরে বিভা!

विछ। मामा, गव जानि। किছু ভেবো ना।

উদয়। এখন কী করবি বোন।

বিভা। ভেবেছিলুম রাজবাড়িতে একবার যাব, কিন্তু যাব না।

রামমোহন। মা, যেয়ো না, যেয়ো না। গেলে তোমার অপমান হত— সেই অপমানে তোমার স্বামীর পাপ আরো বাড়ত।

বিভা। আমার মান-অপমান সব চুকে গেছে। কিন্তু দাদার অপমান হত যে। দাদা, এবার নৌকা ফেরাও।

উদয়। তুই কোথার যাবি বিভা।

বিভা। তোমার সঙ্গে কাশী যাব। আমি আজ মৃক্তি পেয়েছি। এখন তোমার চরণসেবা করে আমার জীবন আনন্দে কাটবে। মোহন, তুই তোর প্রভুর কাছে ফিরে যা।

রামমোহন। ওই দেখো মা, ফেরবার পথে আগুন লেগেছে, ওই-যে ময়ুরপংখি চলেছে। ও পথ আমার পথ নয়।

ধনপ্তয়ের প্রবেশ

বিভা। বৈরাগী ঠাকুর!

धनक्षत्र। दकन मिनि।

বিভা। আমাকে তোমাদের সঙ্গ দিয়ো ঠাকুর।

উদয়। ঠাকুর, শেষকালে বিভাকেও আমাদের পথ নিতে হল!

ধনঞ্জ। সে তো বেশ কথা। দয়ায়য় হরি! কী আনন্দ, তোমার এ কী আনন্দ।
ছাড় না, কিছুতেই ছাড় না। শগুরবাড়ির রাস্তার ধারেও ডাকাতের মতো বসে আছে।
দিদি, এই মাঝরাস্তায় আমাদের পাগল প্রভুর তলব পড়েছে। একেবারে জোর তলব।
চল্ চল্। চল্ চল্। পা ফেলে চল্। থুশি হয়ে চল্। হাসতে হাসতে চল্। রাস্তা
এমন করে পরিষার করে দিয়েছে— আর ভয় কিসের।

গীত

আমি ফিরব না রে, ফিরব না আর ফিরব না রে—

এখন হাওয়ার মৃথে ভাগল তরী,
কুলে ভিড়ব না আর ভিড়ব না রে।

ছড়িয়ে গেছে স্থতো ছিঁড়ে,

তাই খুঁটে আজ মরব কি রে।

এখন ভাঙা ঘরের কুড়িয়ে খুঁটি
বেড়া ঘিরব না আর ঘিরব না রে।

ঘাটের রিস গেছে কেটে,

কাদব কি তাই বক্ষ ফেটে?

এখন পালের রিস ধরব কিসি,

এ রিসি ছিঁড়ব না আর ছিঁড়ব না রে।

উপन्गाम ७ গল

গল্পগুচ্চ

গল্পগুচ্চ

মানভঞ্জন

প্রথম পরিচ্ছেদ

রমানাথ শীলের ত্রিতল অট্রালিকায় সর্বোচ্চ তলের ঘরে গোপীনাথ শীলের স্থী গিরিবালা বাস করে। শন্ধনকক্ষের দক্ষিণ ছারের সম্মুখে ফুলের টবে গুটিকতক বেলফুল এবং গোলাপফুলের গাছ; ছাতটি উচ্চ প্রাচীর দিয়া ঘেরা— বহির্দৃশু দেখিবার জন্ম প্রাচীরের মাঝে মাঝে একটি করিয়া ইট ফাঁক দেওয়া আছে। শোবার ঘরে নানা বেশ এবং বিবেশ -বিশিষ্ট বিলাতি নারীমূর্তির বাঁধানো এন্গ্রেভিং টাঙানো রহিয়াছে; কিছু প্রবেশদারের সম্মুখবর্তী বৃহৎ আয়নার উপরে ঘোড়শী গৃহস্বামিনীর যে প্রতিবিশ্বটি পড়ে তাহা দেয়ালের কোনো ছবি অপেক্ষা সৌন্ধর্যে নৃন নহে।

গিরিবালার সৌন্দর্য অকস্মাং আলোকরশ্মির ন্যায়, বিশ্বয়ের ন্যায়, নিম্রাভঙ্গে চেতনার ন্যায়, একেবারে চকিতে আসিয়া আঘাত করে এবং এক আঘাতে অভিভূত করিয়া দিতে পারে। তাহাকে দেখিলে মনে হয়, ইহাকে দেখিবার জন্ম প্রস্তুত ছিলাম না; চারি দিকে এবং চিরকাল যেরূপ দেখিয়া আসিতেছি এ একেবারে হঠাৎ তাহা হইতে অনেক স্বতম্ব।

গিরিবালাও আপন লাবণ্যাচ্ছালে আপনি আতোপাস্ত তরঙ্গিত হইয়া উঠিয়াছে।
মদের ফেনা যেমন পাত্র ছাপিয়া পড়িয়া যায়, নবযৌবন এবং নবীন সৌন্দর্য তাহার
সর্বাঙ্গে তেমনি ছাপিয়া পড়িয়া যাইতেছে। তাহার বসনে ভ্ষণে গমনে, তাহার বাহুর
বিক্ষেপে, তাহার গ্রীবার ভঙ্গীতে, তাহার চঞ্চল চরণের উদ্দাম ছন্দে, নৃপুরনিক্তণে,
কন্ধণের কিন্ধিণীতে, তরল হাস্তে, ক্ষিপ্র ভাষায়, উজ্জ্বল কটাক্ষে, একেবারে উচ্চ্ছাল
ভাবে উদ্বেলিত হইয়া উঠিতেছে।

আপন সর্বান্ধের এই উচ্ছলিত মদির রসে গিরিবালার একটা নেশা লাগিয়াছে। প্রায় দেখা যাইত, একখানি কোমল রঙিন বম্বে আপনার পরিপূর্ণ দেহখানি জড়াইয়া

त्म ছोत्तित्र উপরে অকারণে চঞ্চল হইয়া বেড়াইতেছে। যেন মনের ভিতরকার কোনো এক অশ্রুত অব্যক্ত সংগীতের তালে তালে তাহার অঙ্গপ্রত্যঙ্গ নৃত্য করিতে চাহিতেছে। আপনার অককে নানা ভঙ্গীতে উৎক্ষিপ্ত বিক্ষিপ্ত প্রক্ষিপ্ত করিয়া তাহার যেন বিশেষ ্বিকী এক আনন্দ আছে; সে যেন আপন সৌন্দর্যের নানা দিকে নানা ঢেউ তুলিয়া দিয়া স্বাব্দের উত্তপ্ত রক্তনোতে অপূর্ব পুলক-সহকারে বিচিত্র আঘাতপ্রতিঘাত অমুভব করিতে থাকে। দে হঠাং গাছ হইতে পাতা ছিঁড়িয়া দক্ষিণ বাছ আকাশে তুলিয়া সেটা বাতালে উড়াইয়া দেয়— অমনি তাহার বালা বাজিয়া উঠে, তাহার অঞ্চল বিদ্রন্ত হইয়া পড়ে, তাহার স্বললিত বাহুর ভন্নীট পিঞ্জরমৃক্ত অদৃশ্য পাখির মতো অনস্ত আকাশের মেঘরাজ্যের অভিমুখে উড়িয়া চলিয়া যায়। হঠাং সে টব হইতে একটা মাটির ঢেলা তুলিয়া অকারণে ছুঁড়িয়া ফেলিয়া দেয়; চরণাঙ্গুলির উপর ভর দিয়া উচ্চ হইয়া দাঁড়াইয়া প্রাচীরের ছিত্র দিয়া বুহৎ বহির্জগৎটা একবার চট করিয়া দেখিয়া লয় — আবার ঘ্রিয়া আঁচল ঘুরাইয়া চলিয়া আসে, আঁচলের চাবির গোচ্ছা ঝিন্ ঝিন্ করিয়া বাজিয়া উঠে। হয়তো আয়নার সমুখে গিয়া থোঁপা খুলিয়া ফেলিয়া অসময়ে চুল বাঁধিতে বসে; চুল বাঁধিবার দড়ি দিয়া কেশমূল বেষ্টন করিয়া সেই দড়ি কুন্দদন্তপংক্তিতে দংশন করিয়া ধরে, তুই বাহু উধের্ব তুলিয়া মস্তকের পশ্চাতে বেণীগুলিকে দৃঢ় আকর্ষণে কুওলান্নিত করে— চুল বাঁধা শেষ করিয়া হাতের সমস্ত কাজ ফুরাইয়া যায়— তথন সে আলস্মভরে কোমল বিছানার উপরে আপনাঁকে পত্রাস্তরালচ্যুত একটি জ্যোৎসালেখার মতো বিস্তীর্ণ করিয়া দেয়।

তাহার সন্তানাদি নাই, ধনিগৃহে তাহার কোনো কাজকর্মও নাই— সে কেবল নির্জনে প্রতিদিন আপনার মধ্যে আপনি সঞ্চিত হইয়া শেষকালে আপনাকে আর ধারণ করিয়া রাখিতে পারিতেছে না। স্বামী আছে, কিন্তু স্বামী তাহার আয়ত্তের মধ্যে নাই। গিরিবালা বাল্যকাল হইতে যৌবনে এমন পূর্ণবিকশিত হইয়া উঠিয়াও কেমন করিয়া তাহার স্বামীর চক্ষু এড়াইয়া গেছে।

বরঞ্চ বাল্যকালে সে তাহার স্বামীর আদর পাইয়াছিল। স্বামী তথন ইস্কুল পালাইয়া তাহার স্থপ্ত অভিভাবকদিগকে বঞ্চনা করিয়া নির্জন মধ্যাহ্নে তাহার বালিকা স্ত্রীর সহিত প্রণন্ধালাপ করিতে আসিত। এক বাড়িতে থাকিয়াও শৌখিন চিঠির কাগজে স্ত্রীর সহিত চিঠিপত্র লেখালেখি করিত। ইস্কুলের বিশেষ বন্ধুদিগকে সেই-সমস্ত চিঠি দেখাইয়া গর্ব অন্থভব করিত। তুল্ছ এবং কল্পিত কারণে স্ত্রীর সহিত মান-অভিমানেরও অসম্ভাব ছিল না।

এমন সময়ে বাপের মৃত্যুতে গোপীনাথ স্বয়ং বাড়ির কর্তা হইয়া উঠিল। কাঁচা

কাঠের তক্তায় শীঘ্র পোকা ধরে— কাঁচা বয়সে গোপীনাথ যথন স্বাধীন হইয়া উঠিল তথন অনেকগুলি জীবজন্ত তাহার স্বন্ধে বাসা করিল। তথন ক্রমে অস্তঃপুরে তাহার গতিবিধি হ্রাস হইয়া অম্যত্র প্রসারিত হইতে লাগিল।

দলপতিত্বের একটা উত্তেজনা আছে, মাহ্নবের কাছে মাহ্নবের নেশাটা অত্যস্ত বেশি। অসংখ্য মহ্মজীবন এবং স্থবিস্তার্গ ইতিহাসের উপর আপন প্রভাব বিস্তার করিবার প্রতি নেপোলিয়নের যে একটা প্রবল আকর্ষণ ছিল—একটি ছোটো বৈঠকখানার ছোটো কর্তাটিরও নিজের ক্ষুদ্র দলের নেশা অল্পতর পরিমাণে সেই এক-জাতীয়। সামান্ত ইয়ার্কিবন্ধনে আপনার চারি দিকে একটা লক্ষীছাড়া ইয়ার-মগুলী স্থজন করিয়া তুলিলে তাহাদের উপর আধিপত্য এবং তাহাদের নিকট হইতে বাহবা লাভ করা একটা প্রচণ্ড উত্তেজনার কারণ হইয়া দাঁড়ায়; সেজন্ত অনেক লোক বিষয়নাশ, ঝণ, কলঙ্ক সমস্তই স্বীকার করিতে প্রস্তুত হয়।

গোপীনাথ তাহার ইয়ার-সম্প্রদায়ের অধ্যক্ষ হইয়া ভারি মাতিয়া উঠিল। সে প্রতিদিন ইয়ার্কির নব নব কীর্তি, নব নব গৌরবলাভ করিতে লাগিল। তাহার দলের লোক বলিতে লাগিল— শালকবর্গের মধ্যে ইয়ার্কিতে অদ্বিতীয় খ্যাতিলাভ করিল গোপীনাথ। সেই গর্বে সেই উত্তেজনায় অক্তান্স সমস্ত স্থত্ঃথকর্তব্যের প্রতি অন্ধ হইয়া হত্যভাগ্য ব্যক্তিটি রাত্রিদিন আবর্তের মতো পাক খাইয়া থাইয়া বেড়াইতে লাগিল।

এ দিকে জগজ্জয়ী রূপ লইয়া আপন অস্তঃপুরের প্রজাহীন রাজ্যে, শয়নগৃহের শূ্যা সিংহাসনে গিরিবালা অধিষ্ঠান করিতে লাগিল। সে নিজে জানিত, বিধাতা তাহার হস্তে রাজদণ্ড দিয়াছেন— সে জানিত, প্রাচীরের ছিন্ত দিয়া যে বৃহৎ জগৎথানি দেখা যাইতেছে সেই জগৎটিকে সে কটাক্ষে জয় করিয়া আসিতে পারে— অথচ বিশ্বসংসারের মধ্যে একটি মাহ্রমকেও সে বন্দী করিতে পারে নাই।

গিরিবালার একটি স্থরসিকা দাসী আছে, তাহার নাম স্থান, অর্থাৎ স্থামুখী; সে গান গাহিত, নাচিত, ছড়া কাটিত, প্রভূপত্মীর রূপের ব্যাখ্যা করিত, এবং অরসিকের হস্তে এমন রূপ নিফল হইল বলিয়া আক্ষেপ করিত। গিরিবালার যখনতখন এই স্থাধেকে নহিলে চলিত না। উল্টিয়া পাল্টিয়া সে নিজের মুখের শ্রী, দেহের গঠন, বর্ণের উজ্জ্লতা সম্বন্ধে বিস্তৃত সমালোচনা শুনিত; মাঝে মাঝে তাহার প্রতিবাদ করিত এবং পরম পুলকিত চিত্তে স্থাধাকে মিথ্যাবাদিনী চাটুভাষিণী বলিয়া গঞ্জনা করিতে ছাড়িত না। স্থাধা তথন শত শত শাধা সহকারে নিজের মতের অক্তরিমতা প্রমাণ করিতে বসিত, গিরিবালার পক্ষে তাহা বিশ্বাস করা নিতান্ত কঠিন হইত না।

স্থাে গিরিবালাকে গান শুনাইত— "দাসধত দিলাম লিখে শ্রীচরণে"; এই গানের
মধ্যে গিরিবালা নিজের অলক্তান্ধিত অনিলাস্থলর চরণপল্পবের শুব শুনিতে পাইত
এবং একটি পদল্ভিত দাসের ছবি তাহার কল্পনায় উদিত হইত— কিন্তু হার, ত্টি
শ্রীচরণ মলের শব্দে শৃত্য ছাতের উপরে আপন জন্নগান ঝংকত করিরা বেড়ার, তর্
কোনাে স্বেছাবিক্রীত ভক্ত আসিরা দাস্থত লিখিয়া দিয়া যায় না।

গোপীনাথ যাহাকে দাসথত দিখিয়া দিয়াছে তাহার নাম লবন্ধ— সে থিয়েটারে অভিনয় করে— সে স্টেক্সের উপর চমৎকার মূছ্র্ যাইতে পারে— সে যথন সাত্তনাসিক কৃত্রিম কাঁছ্নির স্বরে হাঁপাইয়া হাঁপাইয়া টানিয়া টানিয়া আধ-আধ উচ্চারণে "প্রাণনাথ" "প্রাণেশ্বর" করিয়া ভাক ছাড়িতে থাকে তখন পাতলা ধূতির উপর ওয়েস্ট্কোট পরা, ফ্ল্মোজামণ্ডিত দর্শক্ষণ্ডলী "এক্সেলেন্ট্" "এক্সেলেন্ট্" করিয়া উচ্ছুসিত হইয়া উঠে।

এই অভিনেত্রী লবজের অত্যাশ্চর্য ক্ষমতার বর্ণনা গিরিবালা ইতিপূর্বে অনেকবার তাহার স্বামীর মৃথেই শুনিয়াছে। তথনো তাহার স্বামী সম্পূর্ণরূপে পলাতক হয় নাই। তথন সে তাহার স্বামীর মোহাবস্থা না জানিয়াও মনে মনে অস্থা অম্ভব করিত। আর-কোনো নারীর এমন কোনো মনোরঞ্জিনী বিভা আছে যাহা তাহার নাই ইহা সে সহু করিতে পারিত না। সাস্থ কৌতুহলে সে অনেকবার থিয়েটার দেখিতে যাইবার ইচ্ছা প্রকাশ করিত, কিন্তু কিছুতেই স্বামীর মন্ত করিতে পারিত না।

অবশেষে সে একদিন টাকা দিয়া স্থাধাকে থিয়েটার দেখিতে পাঠাইয়া দিল; স্থাে আদিয়া নাসা ক্রক্ঞিত করিয়া রামনাম-উচ্চারণ-পূর্বক অভিনেত্রীদিগের ললাট-দেশে সম্মার্জনীর ব্যবস্থা করিল— এবং তাহাদের কদর্য মৃতি ও ক্বত্রিম ভক্ষিতে যে-সমস্ত পুরুষের অভিক্রচি জন্মে তাহাদের সম্বন্ধেও সেই একই রূপ বিধান স্থির করিল। শুনিয়া গিরিবালা বিশেষ আশস্ত হইল।

কিন্তু যথন তাহার স্বামী বন্ধন ছিন্ন করিয়া গেল তথন তাহার মনে সংশন্ন উপস্থিত হইল। স্থানের কথার অবিশাস প্রকাশ করিলে স্থানা গিরির গাছুইয়া বারদার কহিল, বস্ত্রধণ্ডারত দক্ষকার্চের মতো তাহার নীরস এবং কুৎসিত চেহারা। গিরি তাহার আকর্ষণী শক্তির কোনো কারণ নির্ণন্ন করিতে পারিল না এবং নিজের অভিমানে সাংঘাতিক আঘাত প্রাপ্ত হইয়া জলিতে লাগিল।

অবশেষে একদিন সন্ধ্যাবেলায় স্থাধাকে লইয়া গোপনে থিয়েটার দেখিতে গেল।
নিষিদ্ধ কাজের উত্তেজনা বেশি। তাহার স্থাপিগ্রের মধ্যে যে-এক মৃত্ কম্পন উপস্থিত
হইয়াছিল সেই কম্পনাবেগে এই আলোকময়, লোকময়, বাগুসংগীতম্পরিত, দৃশ্রপটশোভিত রক্ত্মি তাহার চক্ষে দিশুন অপরূপতা ধারণ করিল। তাহার সেই প্রাচীর-

বেষ্টিত নির্জন নিরানন্দ অস্তঃপুর হইতে এ কোন্ এক স্থসজ্জিত স্থনর উৎসবলোকের প্রান্তে আসিয়া উপস্থিত হইল। সমস্ত স্বপ্ন বলিয়া বোধ হইতে লাগিল।

সেদিন 'মানভঞ্জন' অপেরা অভিনয় হইতেছে। কথন ঘণ্টা বাজিল, বাত থামিরা গেল, চঞ্চল দর্শকগণ মৃহুর্তে স্থির নিন্তন্ধ হইয়া বিসল, রক্ষমঞ্চের সন্মুথবর্তী আলোকমালা উজ্জ্বলতর হইয়া উঠিল, পট উঠিয়া গেল, একদল স্থসজ্জ্বত নটা ব্রজাঙ্গনা সাজিয়া সংগীতসহযোগে নৃত্য করিতে লাগিল, দর্শকগণের করতালি ও প্রশংসাবাদে নাট্যশালা থাকিয়া থাকিয়া থানিত কম্পিত হইয়া উঠিল, তথন গিরিবালার তরুণ দেহের রক্তলহরী উন্মাদনায় আলোড়িত হইতে লাগিল। সেই সংগীতের তানে, আলোক ও আভরণের ছটায়, এবং সন্মিলিত প্রশংসাধ্বনিতে সে ক্ষণকালের জন্ম সমাজ সংসার সমস্তই বিশ্বত হইয়া গেল; মনে করিল, এমন এক জায়গায় আসিয়াছে যেখানে বন্ধনমৃক্ত সৌন্দর্যপূর্ণ স্বাধীনতার কোনো বাধামাত্র নাই।

স্থাে মাঝে মাঝে আসিয়া ভীতশ্বরে কানে কানে বলে, "বউঠাকরুন, এই বেলা বাড়ি ফিরিয়া চলাে; দাদাবাবু জানিতে পারিলে রক্ষা থাকিবে না।" গিরিবালা সে কথায় কর্ণপাত করে না। তাহার মনে এখন আর কিছুমাত্র ভয় নাই।

অভিনয় অনেক দ্র অগ্রসর হইল। রাধার হর্জয় মান হইয়াছে; সে মানসাগরে ক্ষণ আর কিছুতেই থই পাইতেছে না; কত অম্বন্ধবিনয় সাধাসাধি কাঁদাকাঁদি, কিছুতেই কিছু হয় না। তথন গর্বভরে গিরিবালার বক্ষ ফুলিতে লাগিল। ক্লফের এই লাঞ্ছনায় সে যেন মনে নাধা হইয়া নিজের অসীম প্রতাপ নিজে অম্ভব করিতে লাগিল। কেহ তাহাকে কখনো এমন করিয়া সাধে নাই; সে অবহেলিত অবমানিত পরিত্যক্ত স্ত্রী, কিন্তু তবু সে এক অপূর্ব মোহে স্থির করিল যে, এমন করিয়া নিষ্ঠ্রভাবে কাঁদাইবার ক্ষমতা তাহারও আছে। সৌন্দর্যের যে কেমন দোর্দণ্ড প্রতাপ তাহা সে কানে শুনিয়াছে, অম্মান করিয়াছে মাত্র— আজ দীপের আলোকে, গানের হ্লরে, হ্লেয়া উঠিল।

অবশেষে ষবনিকাপতন হইল, গ্যাদের আলো দ্লান হইন্না আগিল, দর্শকগণ প্রস্থানের উপক্রম করিল; গিরিবালা মন্ত্রমুগ্ধের মতো বিসিন্না রহিল। এখান হইতে উঠিন্না যে বাড়ি যাইতে হইবে এ কথা তাহার মনে ছিল না। সে ভাবিতেছিল অভিনন্ন বুঝি ফুরাইবে না, যবনিকা আবার উঠিবে। রাধিকার নিকট শ্রীক্লফের পরাভব, জগতে ইহা ছাড়া আর কোনো বিষয় উপস্থিত নাই। স্থানো কহিল, "বউঠাকরুন, করো কী, ওঠো, এখনই সমস্ত আলো নিবাইন্না দিবে।"

গিরিবালা গভীর রাত্রে আপন শয়নককে ফিরিয়া আসিল। কোণে একটি দীপ
মিট্মিট্ করিতেছে— ঘরে একটি লোক নাই, শব্দ নাই— গৃহপ্রাস্তে নির্জন শয়ার
উপরে একটি পুরাতন মশারি বাতাসে অল্প অল্প ত্লিতেছে; তাহার প্রতিদিনের জগৎ
অত্যন্ত বিশ্রী বিরস এবং তুচ্ছ বলিয়া ঠেকিতে লাগিল। কোথায় সেই সৌন্দর্যময়
আলোকময় সংগীতময় রাজ্য— থেখানে সে আপনার সমস্ত মহিমা বিকীর্ণ করিয়া দিয়া
জগতের কেন্দ্রন্থলে বিরাজ করিতে পারে— যেখানে সে অজ্ঞাত অবজ্ঞাত তুচ্ছ সাধারণ
নারীমাত্র নহে।

এখন হইতে সে প্রতি সপ্তাহেই থিয়েটারে যাইতে আরম্ভ করিল। কালক্রমে, তাহার সেই প্রথম মোহ অনেকটা পরিমাণে ব্রাস হইয়া আসিল— এখন সে নটনটীদের মুখের রঙচঙ, সৌন্দর্যের অভাব, অভিনয়ের ক্রিমতা সমস্ত দেখিতে পাইল। কিন্তু তবু তাহার নেশা ছুটিল না। রণসংগীত শুনিলে যোদ্ধার স্থান্ধ যেমন নাচিয়া উঠে, রক্ষমঞ্চের পটি উঠিয়া গেলেই তাহার বক্ষের মধ্যে সেইরপ আন্দোলন উপস্থিত হইত। ঐ যে সমস্ত সংসার হইতে স্বতম্ব স্থান্থ সম্প্রক স্থানর বেদিকা স্বর্ণলেখায় অন্ধিত, চিত্রপটে সজ্জিত, কাব্য এবং সংগীতের ইক্সজালে মায়ামণ্ডিত, অসংখ্য মুয়নৃষ্টির দ্বারা আক্রাস্ত, নেপথ্যভূমির গোপনতার দ্বারা অপূর্বরহস্তপ্রাপ্ত, উজ্জল আলোক্মালায় সর্বসমক্ষে স্থপ্রকাশিত—বিশ্ববিজ্ঞানী সৌন্দর্যরাজ্ঞীর পক্ষে এমন মায়াসিংহাসন আর কোথায় আছে।

প্রথমে যেদিন সে তাহার স্বামীকে রক্ষভূমিতে উপস্থিত দেখিল, এবং যখন গোপীনাথ কোনো নটার অভিনয়ে উন্মত্ত উচ্ছ্যাস প্রকাশ করিতে লাগিল, তথন স্বামীর প্রতি তাহার মনে প্রবল অবজ্ঞার উদয় হইল। সে জর্জরিত চিত্তে মনে করিল, যদি কথনো এমন দিন আসে যে, তাহার স্বামী তাহার রূপে আরুই হইয়া দগ্ধপক্ষ পতক্ষের মতো তাহার পদতলে আসিয়া পড়ে, এবং সে আপন চরণনথরের প্রান্ত হইতে উপেক্ষা বিকীর্ণ করিয়া দিয়া অভিমানভরে চলিয়া যাইতে পারে, তবেই তাহার এই ব্যর্থ রূপে ব্যর্থ যৌবন সার্থকতা লাভ করিবে।

কিন্তু সে শুভদিন আসিল কই। আজকাল গোপীনাথের দর্শন পাওয়াই তুর্লভ হইম্বাছে। সে আপন প্রমন্ততার ঝড়ের মুখে ধূলি-ধ্বজের মতো একটা দল পাকাইম্বা ঘূরিতে ঘূরিতে কোথায় চলিয়া গিয়াছে তাহার আর ঠিকানা নাই।

একদিন চৈত্রমাসের বাসস্তা পূর্ণিমায় গিরিবালা বসস্তারভের কাপড় পরিয়া দক্ষিণ বাতাসে অঞ্চল উড়াইয়া ছাদের উপর বিসিয়া ছিল। যদিও ঘরে স্বামী আসে না তব্ গিরি উলটিয়া পালটিয়া প্রতিদিন বদল করিয়া নৃতন নৃতন গহনায় আপনাকে স্থসজ্জিত করিয়া তুলিত। হারাম্কুতার আভ্রণ তাহার অকে প্রত্যক্ষে একটি উন্মাদনা সঞ্চার করিত— ঝল্মল্ করিয়া, রুহুর্ছ্ন বাজিয়া তাহার চারি দিকে একটি হিল্লোল তুলিতে থাকিত। আজ সে হাতে বাজুব্দ্ধ এবং গলায় একটি চুনি ও মৃক্তার কণ্ঠা পরিয়াছে এবং বামহন্তের কনিষ্ঠ অঙ্গুলিতে একটি নীলার আংটি দিয়াছে। স্থধো পারের কাছে বিসিয়া মাঝে মাঝে তাহার নিটোল কোমল রক্তোৎপলপদপল্লবে হাত বুলাইতেছিল, এবং অঞ্চল্রিম উচ্ছাসের সহিত বলিতেছিল, "আহা বউঠাকরুন, আমি যদি পুরুষমান্ত্র্য হইতাম, তাহা হইলে এই পা ত্থানি বুকে লইয়া মরিতাম।" গিরিবালা দগর্বে হাসিয়া উত্তর দিতেছিল, "বোধ করি বুকে না লইয়াই মরিতে হইত— তথন কি আর এমন করিয়া পা ছড়াইয়া দিতাম। আর বকিস নে। তুই সেই গানটা গা।"

স্থাে সেই জ্যােৎসাপ্লাবিত নির্জন ছাদের উপর গাহিতে লাগিল— দাসথত দিলেম লিখে শ্রীচরণে, সকলে সাক্ষী থাকুক বুন্দাবনে।

তথন রাত্রি দশটা। বাড়ির আর সকলে আহারাদি সমাধা করিয়া ঘুমাইতে গিয়াছে। এমন সময় আতর মাখিয়া, উড়ানি উড়াইয়া, হঠাৎ গোপীনাথ আসিয়া উপস্থিত হইল— স্থাে অনেকখানি জিভ কাটিয়া সাত হাত ঘোমটা টানিয়া উর্পাধানে পলায়ন করিল।

গিরিবালা ভাবিল, তাহার দিন আসিয়াছে। সে ম্থ তুলিয়া চাহিল না। সে রাধিকার মতো গুরুমানভরে অটল হইয়া বসিয়া রহিল। কিন্তু দৃশুপট উঠিল না; নিথিপুক্তচ্ড়া পায়ের কাছে লুটাইল না; কেহ রাগিণীতে গাহিয়া উঠিল না, "কেন পূর্ণিমা আঁধার কর লুকায়ে বদনশনী।" সংগীতহীন নীরসকঠে গোপীনাথ বলিল, "একবার চাবিটা দাও দেখি।"

এমন জ্যোৎস্নান্ধ, এমন বসস্তে, এতদিনের বিচ্ছেদের পরে এই কি প্রথম সম্ভাষণ! কাব্যে নাটকে উপস্থাসে যাহা লেখে তাহার আগাগোড়াই মিথ্যা কথা! অভিনয়মঞ্চেই প্রণন্ধী গান গাহিন্না পান্ধে আসিন্না লুটাইন্না পড়ে— এবং তাহাই দেখিন্না যে দর্শকের চিত্ত বিগলিত হইন্না যান্ধ সেই লোকটি বসস্তানিশীথে গৃহছাদে আসিন্না আপন অম্প্রথমা যুবতী স্ত্রীকে বলে, "ওগো, একবার চাবিটা দাও দেখি।" তাহাতে না আছে রাগিণী, না আছে প্রীতি; তাহাতে কোনো মোহ নাই, মাধুর্য নাই— তাহা অত্যস্ত অকিঞ্চিংকর।

এমন সময়ে দক্ষিনে বাতাস জগতের সমস্ত অপমানিত কবিত্বের মর্মান্তিক দীর্ঘনিশ্বাসের মতো হুত্ব করিয়া বহিয়া গেল— টব-ভরা ফুটস্ত বেলফুলের গন্ধ ছাদময় ছুড়াইয়া দিয়া গেল— গিরিবালার চুর্গ অলক চোখে মুখে আসিয়া পড়িল এবং তাহার

বাসস্তীরঙের স্থান্ধি আঁচল অধীরভাবে যেখানে সেখানে উড়িতে লাগিল। গিরিবালা সমস্ত মান বিসর্জন দিয়া উঠিয়া পড়িল।

স্বামীর হাত ধরিয়া বলিল, "চাবি দিব এখন, তুমি ঘরে চলো।" আজ সে কাঁদিবে কাঁদাইবে, তাহার সমস্ত নির্জন কল্পনাকে সার্থক করিবে, তাহার সমস্ত ব্রহ্মান্ত বাহির করিয়া বিজ্ঞয়ী হইবে, ইহা সে দৃঢ় সংকল্প করিয়াছে।

গোপীনাথ কহিল, "আমি বেশি দেরি করিতে পারিব না, তুমি চাবি দাও।"
গিরিবালা কহিল, "আমি চাবি দিব এবং চাবির মধ্যে যাহা-কিছু আছে সমস্ত দিব
— কিন্তু আজ রাত্রে তুমি কোথাও যাইতে পারিবে না।"

গোপীনাথ বলিল, "সে হইবে না। আমার বিশেষ দরকার আছে।" গিরিবালা বলিল, "তবে আমি চাবি দিব না।"

গোপী বলিল, "দিবে না বই-কি। কেমন না দাও দেখিব।" বলিয়া সে গিরিবালার আঁচলে দেখিল, চাবি নাই। ঘরের মধ্যে চুকিয়া তাহার আয়নার বাক্সর দেরাজ খুলিয়া দেখিল, তাহার মধ্যেও চাবি নাই। তাহার চুল বাঁধিবার বাক্স জোর করিয়া ভাঙিয়া খুলিল— তাহাতে কাজললতা, সিঁত্রের কোটা, চুলের দড়ি প্রভৃতি বিচিত্র উপকরণ আছে; চাবি নাই। তথন সে বিছানা ঘাঁটিয়া, গদি উঠাইয়া, আলমারি ভাঙিয়া নাস্তানাবৃদ করিয়া তুলিল।

গিরিবালা প্রস্তরমূতির মতো শক্ত হইয়া, দরজা ধরিয়া, ছাদের দিকে চাহিয়া, দাড়াইয়া রহিল। ব্যর্থমনোরথ গোপীনাথ রাগে গর্গর্ করিতে করিতে আসিয়া বলিল, "চাবি দাও বলিতেছি, নহিলে ভালো হইবে না।"

গিরিবালা উত্তরমাত্র দিল না। তখন গোপী তাহাকে চাপিয়া ধরিল এবং তাহার হাত হইতে বাজুবন্ধ, গলা হইতে কণ্ঠী, অঙ্গুলি হইতে আংটি ছিনিয়া লইয়া তাহাকে লাখি মারিয়া চলিয়া গেল।

বাজির কাহারো নিদ্রাভক হইল না, পল্লীর কেছ কিছুই জ্ঞানিতে পারিল না, জ্যোৎসারাত্রি তেমনি নিস্তন্ধ হইয়া রহিল, সর্বত্র যেন অথও শাস্তি বিরাজ করিতেছে। কিন্তু অন্তরের চীংকারধ্বনি যদি বাহিরে শুনা যাইত, তবে সেই চৈত্রমাসের স্থাস্থপ্ত জ্যোৎসানিশীথিনী অকস্মাৎ তীব্রতম আর্তন্বরে দীর্ণ বিদীর্ণ হইয়া যাইত। এমন সম্পূর্ণ নি:শব্দে এমন স্বদ্যবিদারণ ব্যাপার ঘটয়া থাকে।

অথচ সে রাত্রিও কাটিয়া গেল। এমন পরাভব, এত অপমান গিরিবালা স্থগের কাছেও বলিতে পারিল না। মনে করিল, আত্মহত্যা করিয়া, এই অতুল রূপযৌবন নিজের হাতে থণ্ড থণ্ড করিয়া ভাঙিয়া ফেলিয়া, সে আপন অনাদরের প্রতিশোধ লইবে। কিন্তু তথনই মনে পড়িল, তাহাতে কাহারো কিছু আসিবে যাইবে না; পৃথিবীর যে কতথানি ক্ষতি হইবে তাহা কেহ অহুভবও করিবে না। জীবনেও কোনো হুথ নাই, মৃত্যুতেও কোনো সান্তনা নাই।

গিরিবালা বলিল, "আমি বাপের বাড়ি চলিলাম।" তাহার বাপের বাড়ি কলিকাতা হইতে দ্রে। সকলেই নিষেধ করিল; কিন্তু বাড়ির কর্ত্রী নিষেধও শুনিল না, কাহাকে সক্ষেও লইল না। এ দিকে গোপীনাথও সদলবলে নৌকাবিহারে কতদিনের জন্ম কোথায় চলিয়া গিয়াছে কেহ জানে না।

দ্বিতীয় পরিচ্ছেদ

গান্ধর্ব থিয়েটারে গোপীনাথ প্রায় প্রত্যেক অভিনয়েই উপস্থিত থাকিত। সেথানে 'মনোরমা' নাটকে লবন্ধ মনোরমা সাজিত এবং গোপীনাথ সদলে সমুথের সারে বিসিয়া তাহাকে উচ্চঃস্বরে বাহবা দিত এবং স্টেজের উপর তোড়া ছুঁড়িয়া ফেলিত। মাঝে মাঝে এক-একদিন গোলমাল করিয়া দর্শকদের অত্যস্ত বিরক্তিভাজন হইত। তথাপি রন্ধভূমির অধ্যক্ষর্গণ তাহাকে কথনো নিষেধ করিতে সাহস করে নাই।

অবশেষে একদিন গোপীনাথ কিঞ্চিৎ মত্তাবস্থায় গ্রীনক্ষমের মধ্যে প্রবেশ করিয়া ভারি গোল বাধাইয়া দিল। কী এক সামাগ্য কাল্পনিক কারণে সে আপনাকে অপমানিত জ্ঞান করিয়া কোনো নটীকে গুরুতর প্রহার করিল। তাহার চীৎকারে এবং গোপীনাথের গালিবর্ষণে সমস্ত নাট্যশালা চকিত হুইয়া উঠিল।

সেদিন অধ্যক্ষগণ আর সহ্ করিতে না পারিয়া গোপীনাথকে পুলিসের সাহায্যে বাহির করিয়া দেয়।

গোপীনাথ এই অপমানের প্রতিশোধ লইতে ক্বতনিশ্চয় হইল। থিয়েটারওয়ালারা পূজার একমাস পূর্ব হইতে নৃতন নাটক 'মনোরমা'র অভিনয় থ্ব আড়ম্বরসহকারে ঘোষণা করিয়াছে। বিজ্ঞাপনের মারা কলিকাতা শহরটাকে কাগজে মৃড়িয়া ফেলিয়াছে; রাজধানীকে যেন সেই বিখ্যাত গ্রন্থকারের নামান্ধিত নামাবলী পরাইয়া দিয়াছে।

এমন সময় গোপীনাথ তাহাদের প্রধান অভিনেত্রী লবঙ্গকে লইয়া বোটে চড়িয়া কোধায় অন্তর্ধান হইল তাহার আর সন্ধান পাওয়া গেল না।

থিয়েটারওয়ালারা হঠাং অক্লপাথারে পড়িয়া গেল। কিছুদিন লবলের জন্ম অপেক্ষা করিয়া অবশেষে এক নৃতন অভিনেত্রীকে মনোরমার অংশ অভ্যাস করাইয়া লইল; তাহাতে তাহাদের অভিনয়ের সময় পিছাইয়া গেল।

কিন্তু বিশেষ ক্ষতি হইল না। অভিনয়ন্তলে দর্শক আর ধরে না। শত শত লোক দার হইতে ফিরিয়া যায়। কাগজেও প্রশংসার সীমা নাই।

সে প্রশংসা দূরদেশে গোপীনাথের কানে গেল। সে আর থাকিতে পারিল না। বিদ্বেষে এবং কৌতূহলে পূর্ণ হইয়া সে অভিনয় দেখিতে আসিল।

প্রথম পট-উৎক্ষেপে অভিনয়ের আরম্ভাগে মনোরমা দীনহীনবেশে দাসীর মতো তাহার শুশুরবাড়িতে থাকে— প্রচ্ছন্ন বিনম্র সংকুচিতভাবে সে আপনার কাজকর্ম করে— তাহার মুখে কথা নাই, এবং তাহার মুখ ভালো করিয়া দেখাই যায় না।

অভিনয়ের শেষাংশে মনোরমাকে পিতৃগৃহে পাঠাইয়া তাহার স্বামী অর্থলোভে কোনো এক লক্ষপতির একমাত্র কন্তাকে বিবাহ করিতে উত্তত হইয়াছে। বিবাহের পর বাসরঘরে যথন স্বামী নিরীক্ষণ করিয়া দেখিল, তথন দেখিতে পাইল— এও সেই মনোরমা, কেবল সেই দাসীবেশ নাই। আজ সে রাজকত্যা সাজিয়াছে— তাহার নিরুপম সৌন্দর্য আভরণে ঐশর্যে মণ্ডিত হইয়া দশ দিকে বিকীর্ণ হইয়া পড়িতেছে। শিশুকালে মনোরমা তাহার ধনী পিতৃগৃহ হইতে অপহত হইয়া দরিত্রের গৃহে পালিত হইয়াছে। বছকাল পরে সম্প্রতি তাহার পিতা সেই সন্ধান পাইয়া কন্তাকে ঘরে আনাইয়া তাহার স্বামীর সহিত পুনরায় নৃতন সমারোহে বিবাহ দিয়াছে।

তাহার পরে বাসরঘরে মানভঞ্জনের পালা আরম্ভ হইল। কিন্তু ইতিমধ্যে দর্শকমণ্ডলীর মধ্যে ভারি এক গোলমাল বাধিয়া উঠিল। মনোরমা যতক্ষণ মালন দাসীবেশে ঘোমটা টানিয়া ছিল ততক্ষণ গোপীনাথ নিস্তুব্ধ হইয়া দেখিতেছিল। কিন্তু যথন সে আভরণে বল্মল্ করিয়া, রক্তাম্বর পরিয়া, মাথার ঘোমটা ঘুচাইয়া, রূপের তরঙ্গ তুলিয়া বাসরঘরে দাঁড়াইল এবং এক অনির্বচনীয় গর্বে গৌরবে গ্রীবা বন্ধিম করিয়া সমস্ত দর্শকমণ্ডলীর প্রতি এবং বিশেষ করিয়া সম্মুখবর্তী গোপীনাথের প্রতি চকিত বিহ্যুতের ন্যায় অবজ্ঞাবজ্ঞপূর্ণ তীক্ষকটাক্ষ নিক্ষেপ করিল— যখন সমস্ত দর্শকমণ্ডলীর চিত্ত উদ্বেলিত হইয়া প্রশংসার করতালিতে নাট্যস্থলী স্কৃষির্ঘলাল কম্পান্থিত করিয়া তুলিতে লাগিল— তথন গোপীনাথ সহসা উঠিয়া দাঁড়াইয়া 'গিরিবালা' 'গিরিবালা' করিয়া চীৎকার করিয়া উঠিল। ছুটিয়া গেউজের উপর লাফ দিয়া উঠিবার চেষ্টা করিল— বাদকগণ তাহাকে ধরিয়া ফেলিল।

এই অবস্মাৎ রসভব্দে মর্মান্তিক ক্রুদ্ধ হইয়া দর্শকগণ ইংরাজিতে বাংলায় "দূর করে দাও" 'বের করে দাও" বলিয়া চীৎকার করিতে লাগিল।

গোপীনাথ পাগলের মতো ভগ্নকণ্ঠে চীৎকার করিতে লাগিল, "আমি ওকে খুন করব, ওকে খুন করব।" পুলিস আসিয়া গোপীনাথকে ধরিয়া টানিয়া বাহির করিয়া লইয়া গেল। সমস্ত কলিকাতা শহরের দর্শক তৃই চক্ষু ভরিষা গিরিবালার অভিনয় দেখিতে লাগিল, কেবল গোপীনাথ সেখানে স্থান পাইল না।

देवनांथ ५७०२

ঠাকুরদা

প্রথম পরিচ্ছেদ

নয়নজোড়ের জমিদারেরা এককালে বাবু বলিয়া বিশেষ বিখ্যাত ছিলেন। তথনকার কালের বাবুয়ানার আদর্শ বড়ো সহজ ছিল না। এখন যেমন রাজ্ঞা-রায়বাহাত্বর খেতাব অর্জন করিতে অনেক থানা নাচ ঘোড়দৌড় এবং সেলাম-স্থপারিশের শ্রাদ্ধ করিতে হয়, তথনো সাধারণের নিকট হইতে বাবু উপাধি লাভ করিতে বিশ্বর হুঃসাধ্য তপশ্চরণ করিতে হইত।

আমাদের নয়নজোড়ের বাবুরা পাড় ছিঁড়িয়া ফেলিয়া ঢাকাই কাপড় পরিতেন, কারণ পাড়ের কর্কশতায় তাঁহাদের স্থকোমল বাবুয়ানা ব্যথিত হইত। তাঁহারা লক্ষ টাকা দিয়া বিড়ালশাবকের বিবাহ দিতেন এবং কথিত আছে, একবার কোনো উৎসব উপলক্ষে রাত্রিকে দিন করিবার প্রতিজ্ঞা করিয়া অসংখ্য দীপ জালাইয়া স্থিকিরণের অনুকরণে তাঁহারা সাচ্চা রূপার জরি উপর হইতে বর্ষণ করিয়াছিলেন।

ইহা হইতেই সকলে বৃঝিবেন সেকালে বাবুদের বাবুদ্ধানা বংশাস্কুক্রমে স্থায়ী হইতে পারিত না। বহুবর্তিকাবিশিষ্ট প্রদীপের মতো নিজের তৈল নিজে অল্পকালের ধুমধামেই নিঃশেষ করিয়া দিত।

আমাদের কৈলাসচন্দ্র রায় চৌধুরী সেই প্রখ্যাত্যশ নয়নজোড়ের একটি নির্বাপিত বাব্। ইনি যথন জন্মগ্রহণ করিয়াছিলেন তৈল তথন প্রদীপের তলদেশে আসিয়া ঠেকিয়াছিল; ইহার পিতার মৃত্যু হইলে পর নয়নজোড়ের বাব্য়ানা গোটাকতক অসাধারণ প্রাদ্ধানিতিতে অন্তিম দীপ্তি প্রকাশ করিয়া হঠাৎ নিবিয়া গেল। সমস্ত বিষয়-আশয় ঋণের দায়ে বিক্রয় হইল— যে অল্ল অবশিষ্ট রহিল তাহাতে পূর্বপুরুষের খ্যাতি রক্ষা করা অসম্ভব।

সেইজন্ম নয়নজোড় ত্যাগ করিয়া পুত্রকে সঙ্গে লইয়া কৈলাসবাব কলিকাতায়

আসিয়া বাস করিলেন; পুত্রটিও একটি কন্তামাত্র রাখিয়া এই হতগোরব সংসার পরিত্যাগ করিয়া পরলোকে গমন করিলেন।

আমরা তাঁহার কলিকাতার প্রতিবেশী। আমাদের ইতিহাসটা তাঁহাদের হইতে সম্পূর্ণ বিপরীত। আমার পিতা নিজের চেষ্টার ধন উপার্জন করিয়াছিলেন; তিনি কখনো হাঁটুর নিম্নে কাপড় পরিতেন না, কড়াক্রাস্তির হিসাব রাখিতেন, এবং বাব্ উপাধি লাভের জন্ম তাঁহার লালসা ছিল না। সেজন্ম আমি তাঁহার একমাত্র পুত্র তাঁহার নিকট রুতজ্ঞ আছি। আমি যে লেখাপড়া শিখিয়াছি এবং নিজের প্রাণ ও মান রক্ষার উপযোগী যথেষ্ট অর্থ বিনা চেষ্টার্ম প্রাপ্ত হইয়াছি, ইহাই আমি পরম গৌরবের বিষয় বলিয়া জ্ঞান করি— শৃন্ম ভাগুরে পৈতৃক বাব্রানার উজ্জল ইতিহাসের অপেক্ষা লোহার সিন্দুকের মধ্যে পৈতৃক কোম্পানির কাগজ আমার নিকট অনেক বেশি মৃল্যবান বলিয়া মনে হয়।

বোধ করি, সেই কারণেই, কৈলাসবাবু তাঁহাদের পূর্বগোরবের ফেল্-করা ব্যাঙ্কের উপর যথন দেদার লম্বাচৌড়া চেক চালাইতেন তথন তাহা আমার এত অসহু ঠেকিত। আমার মনে হইত, আমার পিতা সহস্তে অর্থ উপার্জন করিয়াছেন বলিয়া কৈলাসবাবু বৃঝি মনে মনে আমাদের প্রতি অবজ্ঞা অহুভব করিতেছেন। আমি রাগ করিতাম এবং ভাবিতাম অবজ্ঞার যোগ্য কে। যে লোক সমস্ত জীবন কঠোর ত্যাগ স্বীকার করিয়া, নালা প্রলোভন অতিক্রম করিয়া, লোকম্থের তুচ্ছ খ্যাতি অবহেলা করিয়া, অশ্রাস্ত এবং সতর্ক বৃদ্ধিকৌশলে সমস্ত প্রতিকূল রোধা প্রতিহত করিয়া, সমস্ত অহুকূল অবসরগুলিকে আপনার আম্বন্তগত করিয়া, একটি একটি রোপ্যের স্তবের সম্পদের একটি সমৃচ্চ পিরামিড একাকী স্বহস্তে নির্মাণ করিয়া গিয়াছেন, তিনি হাঁটুর নীচে কাপড় পরিতেন না বলিয়া যে কম লোক ছিলেন তাহা নয়।

তথন বয়স অল্প ছিল সেইজ্বল্য এইরূপ তর্ক করিতাম, রাগ করিতাম— এখন বয়স বেশি হইয়াছে; এখন মনে করি, ক্ষতি কী। আমার তো বিপুল বিষয় আছে, আমার কিসের অভাব। যাহার কিছু নাই সে যদি অহংকার করিয়া স্থা হয় তাহাতে আমার তো সিকি পয়সার লোকসান নাই, বরং সে বেচারার সান্থনা আছে।

ইহাও দেখা গিয়াছে আমি ব্যতীত আর কেহ কৈলাসবাব্র উপর রাগ করিত না।
কারণ এতবড়ো নিরীহ লোক সচরাচর দেখা যায় না। ক্রিয়াকর্মে স্থ্যে তৃঃখে
প্রতিবেশীদের সহিত তাঁহার সম্পূর্ণ যোগ ছিল। ছেলে হইতে বৃদ্ধ পর্যন্ত সকলকেই
দেখা হইবা মাত্র তিনি হাসি মুখে প্রিয়সম্ভাষণ করিতেন; যেখানে যাহার
ধে-কেহ আছে সকলেরই কুশল সংবাদ জিজ্ঞাসা করিয়া তবে তাঁহার শিষ্টতা বিরাম

লাভ করিত। এইজন্ম কাহারো সহিত তাঁহার দেখা হইলে একটা স্থদীর্ঘ প্রশোন্তর-মালার স্পষ্ট হইত— ভালো তো? শলী ভালো আছে? আমাদের বড়োবাব্ ভালো আছেন? মধুর ছেলেটির জর হয়েছিল শুনেছিল্ম, সে এখন ভালো আছে তো? হরিচরণবাব্কে অনেক কাল দেখি নি, তাঁর অস্থবিস্থ কিছু হয় নি? তোমাদের রাখালের থবর কী। বাড়ির এঁয়ারা সকলে ভালো আছেন? ইত্যাদি।

লোকটি ভারি পরিদার পরিচ্ছন। কাপড়চোপড় অধিক ছিল না, কিন্তু মেরজাইটি চাদরটি জামাটি, এমন-কি, বিছানায় পাতিবার একটি পুরাতন র্যাপার, বালিশের ওয়াড়, একটি ক্ষুদ্র সতরঞ্চ, সমস্ত স্বহস্তে রৌদ্রে দিয়া, ঝাড়িয়া, দড়িতে খাটাইয়া, ভাঁজ করিয়া, আলনায় তুলিয়া, পরিপাটি করিয়া রাখিতেন। যখনই তাঁহাকে দেখা যাইত তখনই মনে হইত যেন তিনি স্বসজ্জিত প্রস্তুত হইয়া আছেন। অল্লস্বল্প সামাস্ত আসবাবেও তাঁহার ঘরমার সম্জ্জল হইয়া থাকিত। মনে হইত যেন তাঁহার আরো অনেক আছে।

ভূত্যাভাবে অনেক সময় ঘরের ধার রুদ্ধ করিয়া তিনি নিজের হস্তে অতি পরিপাটি করিয়া ধৃতি কোঁচাইতেন এবং চাদর ও জামার আন্তিন বহু যত্নে ও পরিশ্রমে গিলে করিয়া রাখিতেন। তাঁহার বড়ো বড়ো জমিদারি ও বহুমূল্যের বিষয়সম্পত্তি লোপ পাইয়াছে, কিন্তু একটি বহুমূল্য গোলাপপাশ, আতরদান, একটি সোনার রেকারি, একটি রুপার আলবোলা, একটি বহুমূল্য শাল ও সেকেলে জামাজোড়া ও পাগড়ি দারিদ্রোর গ্রাস হইতে বহুচেষ্টায় তিনি রক্ষা করিয়াছিলেন। কোনো একটা উপলক্ষ উপস্থিত হইলে এইগুলি বাহির হইত এবং নয়নজোড়ের জগদ্বিখ্যাত বাবুদের গৌরব রক্ষা হইত।

এ দিকে কৈলাসবাবু মাটির মাহ্ব হইলেও কথায় যে অহংকার করিতেন সেটা যেন পূর্বপুরুষদের প্রতি কর্তব্যবোধে করিতেন; সকল লোকেই তাহাতে প্রশ্রেয় দিত এবং বিশেষ আমোদ বোধ করিত।

পাড়ার লোকে তাঁহাকে ঠাকুরদামশাই বলিত এবং তাঁহার ওথানে সর্বদা বিস্তর লোকসমাগম হইত; কিন্তু দৈন্তাবস্থার পাছে তাঁহার তামাকের থরচটা গুরুতর হইরা উঠে এইজ্বল্য প্রায়ই পাড়ার কেহ না কেহ হই-এক সের তামাক কিনিয়া লইরা গিয়া তাঁহাকে বলিত, "ঠাকুরদামশার, একবার পরীক্ষা করিয়া দেখো দেখি, ভালো গ্রার তামাক পাওয়া গেছে।"

ঠাকুরদামশায় ছই-এক টান টানিয়া বলিতেন, "বেশ ভাই, বেশ তামাক।" অমনি

সেই উপলক্ষে ষাট-প্রষ্টি টাকা ভরির তামাকের গল্প পাড়িতেন; এবং জিজ্ঞাসা করিতেন, সে তামাক কাহারো আস্বাদ করিয়া দেখিবার ইচ্ছা আছে কি না।

সকলেই জানিত যে যদি কেই ইচ্ছা প্রকাশ করে তবে নিশ্চর চাবির সন্ধান পাওরা যাইবে না অথবা অনেক অন্বেষণের পর প্রকাশ পাইবে যে, পুরাতন ভৃত্য গণেশ বেটা কোথার যে কী রাখে তাহার আর ঠিকানা নাই— গণেশও বিনা প্রতিবাদে সমস্ত অপবাদ স্বীকার করিয়া লইবে। এইজন্মই সকলেই একবাক্যে বলিত, "ঠাকুরদামশার, কাজ নেই, সে তামাক আমাদের সহা হবে না, আমাদের এই ভালো।"

শুনিয়া ঠাকুরদা দ্বিঞ্জি না করিয়া ঈষৎ হাস্ত করিতেন। সকলে বিদায় লইবার কালে বৃদ্ধ হঠাৎ বলিয়া উঠিতেন, "সে যেন হল, তোমরা কবে আমার এখানে থাবে বলো দেখি ভাই।"

অমনি সকলে বলিত, "সে একটা দিন ঠিক করে দেখা যাবে।"

ঠাকুরদামহাশয় বলিতেন, "সেই ভালো, একটু বুষ্টি পড়ুক, ঠাণ্ডা হোক, নইলে এ গরমে গুরুভোজনটা কিছু নয়।"

যথন বৃষ্টি পড়িত তথন ঠাকুরদাকে কেহ তাঁহার প্রতিজ্ঞা স্মরণ করাইয়া দিত না; বরঞ্চ কথা উঠিলে সকলে বলিন্ড, "এই বৃষ্টিবাদলটা না ছাড়লে স্থবিধে হচ্ছে না।" ক্লুল বাসাবাড়িতে বাস করাটা তাঁহার পক্ষে ভালো দেখাইতেছে না এবং কইও হইতেছে এ কথা তাঁহার বন্ধুবান্ধব সকলেই তাঁহার সমক্ষে স্বীকার করিত, অথচ কলিকাতায় কিনিবার উপযুক্ত বাড়ি খুঁজিয়া পাওয়া যে কত কঠিন সে বিষয়েও কাহারো সন্দেহ ছিল না— এমন-কি, আজ ছয় লাত বৎসর সন্ধান করিয়া ভাড়া লইবার মতো একটা বড়ো বাড়ি পাড়ার কেহ দেখিতে পাইল না— অবশেষে ঠাকুরদামশায় বলিতেন, "তা হোক ভাই, তোমাদের কাছাকাছি আছি এই আমার স্থখ। নয়নজোড়ে বড়ো বাড়ি তো পড়েই আছে, কিন্তু সেখানে কি মন টে কৈ।"

আমার বিশ্বাস, ঠাকুরদাও জানিতেন যে সকলে তাঁহার অবস্থা জানে এবং যথন তিনি ভূতপূর্ব নয়নজোড়কে বর্তমান বলিয়া ভাণ করিতেন এবং অন্ত সকলেও তাহাতে যোগ দিত তথন তিনি মনে মনে বুঝিতেন যে, পরস্পরের এই ছলনা কেবল পরস্পরের প্রতি সৌহার্দবশত।

কিন্ত আমার বিষম বিরক্তি বোধ হইত। অল্পবন্নসে পরের নিরীছ গর্বও দমন করিতে ইচ্ছা করে এবং সহত্র গুরুতর অপরাধের তুলনার নির্বৃদ্ধিতাই স্বাপেক্ষা অসহ বোধ হয়। কৈলাসবাব্ ঠিক নির্বোধ ছিলেন না, কাজে কর্মে তাঁহার সহায়তা এবং পরামর্শ সকলেই প্রার্থনীয় জ্ঞান করিত। কিন্তু নয়নজোড়ের গৌরব প্রকাশ

সম্বন্ধে তাঁহার কিছুমাত্র কাণ্ডজ্ঞান ছিল না। সকলে তাঁহাকে ভালোবাসিয়া এবং আমোদ করিয়া তাঁহার কোনো অসম্ভব কথাতেই প্রতিবাদ করিত না বলিয়া তিনি আপনার কথার পরিমাণ রক্ষা করিতে পারিতেন না। অন্ত লোকেও যথন আমোদ করিয়া অথবা তাঁহাকে সম্ভষ্ট করিবার জন্ত নয়নজোড়ের কীতিকলাপ সম্বন্ধে বিপরীত মাত্রায় অত্যুক্তি প্রয়োগ করিত তিনি অকাতরে সমস্ত গ্রহণ করিতেন এবং স্বপ্তেও সন্দেহ করিতেন না যে, অন্ত কেছ এ-সকল কথা লেশমাত্র অবিশ্বাস করিতে পারে।

আমার এক-এক সময় ইচ্ছা করিত, বৃদ্ধ যে মিথাা তুর্গ অবলম্বন করিয়া বাস করিতেছে এবং মনে করিতেছে ইহা চিরস্থায়ী, সেই তুর্গটি তুই তোপে সর্বসমক্ষে উড়াইয়া দিই। একটা পাথিকে স্থবিধামতো ডালের উপর বসিয়া থাকিতে দেখিলেই শিকারির ইচ্ছা করে তাহাকে গুলি বসাইয়া দিতে, পাহাড়ের গায়ে একটা প্রস্তুর পতনামুখ থাকিতে দেখিলেই বালকের ইচ্ছা করে এক লাখি মারিয়া তাহাকে গড়াইয়া ফেলিতে— যে জিনিসটা প্রতি মৃহুর্তে পড়ি-পড়ি করিতেছে অথচ কোনো একটা কিছুতে সংলগ্ন হইয়া আছে, তাহাকে ফেলিয়া দিলেই তবে যেন তাহার সম্পূর্ণতা-সাধন এবং দর্শকের মনে তৃপ্তিলাভ হয়। কৈলাসবাব্র মিথাগুলি এতই সরল, তাহার ভিত্তি এতই ত্র্বল, তাহা ঠিক সত্য-বন্দুকের লক্ষের সামনে এমনি বৃক ফুলাইয়া নৃত্য করিত্ব যে, তাহাকে মৃহুর্তের মধ্যে বিনাশ করিবার জন্ম একটি আবেগ উপস্থিত হইত— কেবল নিভাস্ত আলস্থবশত এবং সর্বজনসম্বত প্রথার অনুসরণ করিয়া সে কার্যে হস্তক্ষেপ করিতাম না।

দ্বিতীয় পরিচ্ছেদ

নিজের অতীত মনোভাব বিশ্লেষণ করিয়া যতটা মনে পড়ে তাহাতে বোধ করি, কৈলাসবাবুর প্রতি আমার আন্তরিক বিদেষের আর-একটি গৃঢ় কারণ ছিল। তাহা একটু বিবৃত করিয়া বলা আবশ্রক।

আমি বড়োমান্নষের ছেলে হইয়াও যথাকালে এম. এ. পাস করিয়াছি, যৌবন সত্ত্বেও কোনোপ্রকার কুসংসর্গ কুৎসিত-আমোদে যোগ দিই নাই, এবং অভিভাবকদের মৃত্যুর পরে স্বয়ং কর্তা হইয়াও আমার স্বভাবের কোনোপ্রকার বিক্বতি উপস্থিত হয় নাই। তাহা ছাড়া চেহারাটা এমন যে, তাহাকে আমি নিজম্বে স্থানী বলিলে অহংকার হইতে পারে, কিন্তু মিথাবাদ হয় না।

অতএব বাংলাদেশে ঘটকালির হাটে আমার দাম যে অত্যস্ত বেশি তাহাতে আর

সন্দেহ নাই— এই হাটে আমার সেই দাম আমি পুরা আদার করিয়া লইব, এইরূপ দৃঢ়প্রতিজ্ঞা করিয়াছিলাম। ধনী পিতার পরমরূপবতী একমাত্র বিহুষী কন্তা আমার করনায় আদর্শরূপে বিরাজ করিতেছিল।

দশ হাজার বিশ হাজার টাকা পণের প্রস্তাব করিয়া দেশ বিদেশ হইতে আমার সম্বন্ধ আসিতে লাগিল। আমি অবিচলিতচিত্তে নিক্তি ধরিয়া তাহাদের যোগ্যতা ওজন করিয়া লইতেছিলাম, কোনোটাই আমার সমযোগ্য বোধ হয় নাই। অবশেষে ভবভূতির স্থায় আমার ধারণা হইয়াছিল যে—

> কী জানি জনিতে পারে মম সমতুল, অসীম সময় আছে, বস্থা বিপুল।

কিন্তু বর্তমান কালে এবং ক্ষুদ্র বঙ্গদেশে সেই অসম্ভব ত্র্লভ পদার্থ জনিয়াছে কি না সন্দেহ।

ক্যাদায়গ্রন্তগণ প্রতিনিয়ত নানা ছন্দে আমার স্তবস্তুতি এবং বিবিধোপচারে আমার পূজা করিতে লাগিল। ক্যা পছন্দ হউক বা না হউক, এই পূজা আমার মন্দ লাগিত না। ভালো ছেলে বলিয়া ক্যার পিতৃগণের এই পূজা আমার উচিত প্রাপা ছির করিয়াছিলাম। শাস্ত্রে পড়া যায়, দেবতা বর দিন আর না দিন, যথাবিধি পূজা না পাইলে বিষম ক্রুদ্ধ হইয়া উঠেন। নিয়মিত পূজা পাইয়া আমারও মনে সেইরপ অত্যুক্ত দেবভাব জিমিয়াছিল।

পূর্বেই বলিয়াছিলাম, ঠাকুরদামশায়ের একটি পৌত্রী ছিল। তাহাকে অনেকবার দেখিয়াছি, কিন্তু কথনো রূপবতী বলিয়া ভ্রম হয় নাই। স্থতরাং তাহাকে বিবাহ করিবার কল্পনাও আমার মনে উদিত হয় নাই। কিন্তু ইহা ঠিক করিয়া রাখিয়াছিলাম যে, কৈলাসবাব লোক মারফত অথবা স্বয়ং পৌত্রীটিকে অর্ঘ্য দিবার মানসে আমার প্রার বোধন করিতে আসিবেন, কারণ আমি ভালো ছেলে। কিন্তু তিনি তাহা করিলেন না।

শুনিতে পাইলাম, আমার কোনো বন্ধুকে তিনি বলিয়াছিলেন, নয়নজোড়ের বার্রা কখনো কোনো বিষয়ে অগ্রসর হইয়া কাহারো নিকটে প্রার্থনা করে নাই— কলা যদি চিরকুমারী হইয়া থাকে তথাপি সে কুলপ্রথা তিনি ভঙ্গ করিতে পারিবেন না।

শুনিরা আমার বড়ো রাগ হইল। সে রাগ অনেক দিন পর্যন্ত আমার মনের মধ্যে ছিল; কেবল ভালো ছেলে বলিরাই চুপচাপ করিয়া ছিলাম।

যেমন বজ্ঞের সঙ্গে বিছাৎ থাকে, তেমনি আমার চরিত্রে রাগের সঙ্গে একটা

কৌতৃকপ্রিয়তা জড়িত ছিল। বৃদ্ধকে শুদ্ধনাত্র নিপীড়ন করা আমার ধারা সম্ভব হইত না; কিন্তু একদিন হঠাং এমন একটা কৌতৃকাবহ প্ল্যান মাথায় উদন্ত হইল যে, সেটা কাজে ধাটাইবার প্রলোভন সম্বরণ করিতে পারিলাম না।

পূর্বেই বলিয়াছি, বৃদ্ধকে সম্ভাই করিবার জন্য নানা লোকে নানা মিধ্যা কথার সজন করিত। পাড়ার একজন পেনসনভোগী ডেপুটি ম্যাজিস্টেট প্রায় বলিতেন, "ঠাকুরদা, ছোটোলাটের সঙ্গে যথনই দেখা হয় তিনি নয়নজোড়ের বাবুদের থবর না নিয়ে ছাড়েন না— সাহেব বলেন, বাংলাদেশে, বর্ধমানের রাজা এবং নয়নজোড়ের বাবু, এই ছটি মাত্র যথার্থ বনেদি বংশ আছে।"

ঠাকুরদা ভারি থুশি হইতেন এবং ভূতপূর্ব ডেপুটিবাবুর সহিত সাক্ষাং হইলে অন্যান্ত কুশলসংবাদের সহিত জিজ্ঞাসা করিতেন, "ছোটোলাট সাহেব ভালো আছেন? তাঁর মেমসাহেব ভালো আছেন? তাঁর পুত্রকন্তারা সকলেই ভালো আছেন? সাহেবের সহিত শীঘ্র একদিন সাক্ষাং করিতে যাইবেন এমন ইচ্ছাও প্রকাশ করিতেন। কিন্তু ভূতপূর্ব ডেপুটি নিশ্চয়ই জানিতেন, নয়নজোড়ের বিখ্যাত চৌঘুড়ি প্রস্তুত হইয়া য়ারে আসিতে আসিতে বিস্তর ছোটোলাট এবং বড়োলাট বদল হইয়া যাইবে।

আমি একদিন প্রাতঃকালে গিয়া কৈলাসবাবুকে আড়ালে ডাকিয়া লইয়া চুপিচুপি বলিলাম, "ঠাকুরদা, কাল লেপ্টেনেন্ট গবর্নরের লেভিতে গিয়েছিল্ম। তিনি নয়নজাড়ের বাবুদের কথা পাড়াতে আমি বলল্ম, নয়নজোড়ের কৈলাসবাবু কলকাতাতেই আছেন; শুনে, ছোটোলাট এতদিন দেখা করতে আসেন নি বলে ভারি হুঃখিত হলেন— বলে দিলেন, আছেই হুপুরবেলা তিনি গোপনে তোমার সঙ্গে সাক্ষাং করতে আসবেন।"

আর কেহ হইলে কথাটার অসম্ভবতা বৃঝিতে পারিত এবং আর-কাহারো সম্বন্ধ হইলে কৈলাসবাব্ও এ কথার হাস্ত করিতেন কিন্তু নিজের সম্বন্ধীর বলিয়া এ সংবাদ তাঁহার লেশমাত্র অবিশ্বাস্ত্য বোধ হইল না। শুনিয়া বেমন থূলি হইলেন তেমনি অন্থির হইয়া উঠিলেন— কোথার বসাইতে হইবে, কী করিতে হইবে, কেমন করিয়া অভ্যর্থনা করিবেন, কী উপারে নয়নজোড়ের গৌরব রক্ষিত হইবে, কিছুই ভাবিয়া পাইলেন না। তাহা ছাড়া তিনি ইংরাজি জানেন না, কথা চালাইবেন কী করিয়া সেও এক সমস্তা।

আমি বলিলাম, "সেজন্য ভাবনা নাই, তাঁহার সঙ্গে একজন করিয়া দোভাষী থাকে; কিন্তু ছোটোলাট-সাহেবের বিশেষ ইচ্ছা, আর কেহ উপস্থিত না থাকে।" মধ্যাহ্নে পাড়ার অধিকাংশ লোক মধন আপিসে গিয়াছে এবং অবশিষ্ট অংশ দ্বার ক্লন্ধ করিয়া নিস্তামগ্ন, তথন কৈলামবাবুর বাসার সমূখে এক জুড়ি আসিয়া দাড়াইল।

তক্মা-পরা চাপরাশি তাঁহাকে খবর দিল, "ছোটোলাট-সাহেব আয়া।" ঠাকুরদা প্রাচীনকাল-প্রচলিত শুল্র জামাজোড়া এবং পাগড়ি পরিয়া প্রস্তুত হইয়া ছিলেন, তাঁহার পুরাতন ভূত্য গণেশটিকেও তাঁহার নিজের ধৃতি চাদর জামা পরাইয়া ঠিকঠাক করিয়া রাখিয়াছিলেন। ছোটোলাটের আগমনসংবাদ শুনিয়াই হাঁপাইতে হাঁপাইতে কাঁপিতে কাঁপিতে ছুটিয়া দ্বারে গিয়া উপস্থিত হইলেন— এবং সন্নতদেহে বার্মার সেলাম করিতে করিতে ইংরেজবেশধারী আমার এক প্রিয় বন্ধশ্যকে ঘরে লইয়া গেলেন।

সেখানে চৌকির উপরে তাঁহার একমাত্র বছমূল্য শালটি পাতিয়া রাখিয়াছিলেন, তাহারই উপর ক্বত্রিম ছোটোলাটকে বসাইয়া উর্দুভাষায় এক অতিবিনীত স্থানীর বক্তৃতা পাঠ করিলেন, এবং নজরের স্বরূপে স্বর্ণরেকাবিতে তাঁহাদের বহুক্তরক্ষিত কুলক্রমাগত এক আসর্ফির মালা ধরিলেন। প্রাচীন ভূত্য গণেশ গোলাপপাশ এবং আত্রদান লইয়া উপস্থিত ছিল।

কৈলাসবাব্ বারম্বার আক্ষেপ করিতে লাগিলেন যে, তাঁহাদের নম্নজোড়ের বাড়িতে হুজুরবাহাছরের পদধূলি পড়িলে তাঁহাদের যথাসাধ্য যথোচিত আতিথ্যের আমোজন করিতে পারিতেন— কলিকাতায় তিনি প্রবাসী— এখানে তিনি জলহীন মীনের ন্যায় সর্ববিষয়েই অক্ষম— ইত্যাদি।

আমার বন্ধু দীর্ঘ হ্যাট সমেত অত্যন্ত গম্ভীরভাবে মাথা নাড়িতে লাগিলেন। ইংরেজি কান্ধদা-অন্থসারে এরপ স্থলে মাথার টুপি না থাকিবার কথা কিন্তু আমার বন্ধু ধরা পড়িবার ভব্নে যথাসন্তব আচ্ছন্ন থাকিবার চেষ্টার টুপি থোলেন নাই। কৈলাসবাব্ এবং তাঁহার গর্বান্ধ প্রাচীন ভ্তাটি ছাড়া আর-সকলেই মৃহুর্তের মধ্যে বাঙালির এই ছদাবেশ ধরিতে পারিত।

দশ মিনিট কাল ঘাড় নাড়িয়া আমার বন্ধু গাত্রোখান করিলেন এবং পূর্বশিক্ষা-মত চাপরাশিগণ সোনার রেকাবিস্থন্ধ আসরফির মালা, চৌকি হইতে সেই
শাল, এবং ভৃত্যের হাত হইতে গোলাপপাশ এবং আতরদান সংগ্রহ করিয়া ছদাবেশীর
গাড়িতে তুলিয়া দিল— কৈলাসবাবু ব্ঝিলেন, ইহাই ছোটোলাটের প্রথা। আমি
গোপনে এক পাশের ঘরে ল্কাইয়া দেখিতেছিলাম এবং কন্ধ হাস্তবেগে আমার পঞ্জর
বিদীণ হইবার উপক্রম হইতেছিল।

অবশেষে কিছুতে আর থাকিতে না পারিয়া ছুটিয়া কিঞ্চিৎ দূরবর্তী এক ঘরের মধ্যে গিয়া প্রবেশ করিলাম— এবং সেখানে হাসির উচ্ছাস উন্মুক্ত করিয়া দিয়া হঠাং দেখি, একটি বালিকা তক্তপোষের উপর উপুড় হইয়া পড়িয়া ফুলিয়া ক্লিয়া কাদিতেছে।

আমাকে হঠাৎ ঘরে প্রবেশ করিয়া হাসিতে দেখিয়া সে তৎক্ষণাৎ তক্তা ছাড়িয়া দাড়াইল, এবং অশুরুদ্ধ কঠে রোষের গর্জন আনিয়া, আমার মৃথের উপর সজল বিপুল কৃষ্ণচক্ষের স্বতীক্ষ বিহ্যৎ বর্ষণ করিয়া কহিল, "আমার দাদামশায় তোমাদের কী করেছেন— কেন তোমরা তাঁকে ঠকাতে এসেছ— কেন এসেছ তোমরা"— অবশেষে আর কোনো কথা জুটিল না— বাক্রদ্ধ হইয়া মুখে কাপড় দিয়া কাঁদিয়া উঠিল।

কোথায় গেল আমার হাস্থাবেগ। আমি যে কান্ধটি করিয়াছি তাহার মধ্যে কোতুক ছাড়া আর যে কিছু ছিল এতক্ষণ তাহা আমার মাথায় আলে নাই। হঠাৎ দেখিলাম, অত্যন্ত কোমল স্থানে অত্যন্ত কঠিন আঘাত করিয়াছি; হঠাৎ আমার কৃতকার্যের বীভংস নিষ্ঠ্রতা আমার সম্মুখে দেদীপ্যমান হইয়া উঠিল— লজ্জায় এবং অমতাপে পদাহত কুকুরের ন্যায় ঘর হইতে নিঃশন্দে বাহির হইয়া গেলাম। বৃদ্ধ আমার কাছে কী দোষ করিয়াছিল। তাহার নিরীহ অহংকার তো কখনো কোনো প্রাণীকে আঘাত করে নাই। আমার অহংকার কেন এমন হিংম্রমূর্তি ধারণ করিল।

তাহা ছাড়া আর-একটি বিষয়ে আজ হঠাং দৃষ্টি থূলিয়া গেল। এতদিন আমি কুস্থাকে কোনো অবিবাহিত পাত্রের প্রশন্নদৃষ্টিপাতের প্রতীক্ষায় সংরক্ষিত পণ্যপদার্থের মতো দেখিতাম; ভাবিতাম, আমি পছল করি নাই বলিয়া ও পড়িয়া আছে, দৈবাৎ যাহার পছল হইবে ও তাহারই হইবে। আজ দেখিলাম, এই গৃহকোণে ঐ বালিকা-মূতির অস্তরালে একটি মানবহাদয় আছে। তাহার নিজের স্থখছাখ অন্থরাগবিরাগ লইয়া একটি অস্তঃকরণ এক দিকে অজ্জেয় অতীত আর-এক দিকে অভাবনীয়ভবিগ্রৎ নামক তুই অনস্ত রহস্তরাজ্যের দিকে পূর্বে পশ্চিমে প্রসারিত হইয়া রহিয়াছে। যে মামুষের মধ্যে স্থানয় আছে সে কি কেবল পণের টাকা এবং নাক-চোখের পরিমাণ মাপিয়া পছল করিয়া লইবার যোগ্য।

সমস্ত রাত্রি নিদ্রা হইল না। পরদিন প্রত্যুষে বৃদ্ধের সমস্ত অপহৃত বহুমূল্য দ্রব্যগুলি লইয়া চোরের ন্যায় চুপিচুপি ঠাকুরদার বাসায় গিয়া প্রবেশ করিলাম— ইচ্ছা ছিল, কাহাকেও কিছু না বলিয়া গোপনে চাকরের হস্তে সমস্ত দিয়া আসিব।

চাকরকে দেখিতে না পাইয়া ইতন্তত করিতেছি এমন সময় অদ্রবর্তী ঘরে বৃদ্ধের সহিত বালিকার কথোপকথন শুনিতে পাইলাম। বালিকা স্থমিষ্ট সম্মেহস্বরে জিজ্ঞাসা করিতেছিল, "দাদামশায়, কাল লাটসাহেব তোমাকে কী বললেন।" ঠাকুরদা অত্যস্ত হর্ষিতচিত্তে লাটসাহেবের, মৃথে প্রাচীন নয়নজ্ঞাড়-বংশের বিস্তর কাল্পনিক গুণাহ্যাদ বসাইতেছিলেন। বালিকা তাহাই শুনিয়া মহোৎসাহ প্রকাশ করিতেছিল।

বৃদ্ধ অভিভাবকের প্রতি মাতৃহ্বনয়া এই ক্ষুত্র বালিকার সকরুণ ছলনায় আমার ছই চক্ষে জল ছল্ ছল্ করিয়া আসিল। অনেক ক্ষণ চুপ করিয়া বিসিয়া রহিলাম; অবশেষে ঠাকুরদা তাঁহার কাহিনী সমাপন করিয়া চলিয়া আসিলে আমার প্রতারণার বমালগুলি লইয়া বালিকার নিকট উপস্থিত হইলাম এবং নিঃশব্দে তাহার সম্ম্থেরাখিয়া চলিয়া আসিলাম।

বর্তমান কালের প্রথাস্থসারে অক্যদিন বৃদ্ধকে দেখিয়া কোনোপ্রকার অভিবাদন করিতাম না; আজ তাঁহাকে প্রণাম করিলাম। বৃদ্ধ নিশ্চয় মনে ভাবিলেন, গতকল্য ছোটোলাট তাঁহার বাড়িতে আসাতেই সহসা তাঁহার প্রতি আমার ভক্তির উদ্রেক হইয়াছে। তিনি পুলকিত হইয়াশতমুখে ছোটোলাটের গল্প বানাইয়াবলিতে লাগিলেন, আমিও কোনো প্রতিবাদ না করিয়া তাহাতে যোগ দিলাম। বাহিরের অক্য লোক যাহারা শুনিল তাহারা এ কথাটাকে আতোপাস্ত গল্প বলিয়া স্থির করিল, এবং সকৌতুকে বৃদ্ধের সহিত সকল কথায় সায় দিয়া গেল।

সকলে উঠিয়া গেলে আমি অত্যন্ত সলজ্জমূথে দীনভাবে বৃদ্ধের নিকট একটি প্রস্তাব করিলাম। বলিলাম, যদিও নয়নজ্ঞোড়ের বাবুদের সহিত আমাদের বংশমর্যাদার তুলনাই হইতে পারে না, তথাপি—

প্রস্তাবটা শেষ হইবামাত্র বৃদ্ধ আমাকে বক্ষে আলিক্ষন করিয়া ধরিলেন এবং আনন্দবেগে বলিয়া উঠিলেন, "আমি গরিব— আমার যে এমন সোভাগ্য হবে তা আমি জানত্ম না ভাই, আমার কুস্থম অনেক পুণ্য করেছে তাই তৃমি আজ ধরা দিলে।" বলিতে বলিতে বৃদ্ধের চক্ষ্ দিয়া জল পড়িতে লাগিল।

বৃদ্ধ, আজ এই প্রথম তাঁহার মহিমায়িত পূর্বপুরুষদের প্রতি কর্তব্য বিশ্বত হইয়া স্বীকার করিলেন যে তিনি গরিব, স্বীকার করিলেন যে আমাকে লাভ করিয়া নয়নজোড়-বংশের গৌরবহানি হয় নাই। আমি যখন বৃদ্ধকে অপদস্থ করিবার জন্ম চক্রাস্ত করিতেছিলাম তখন বৃদ্ধ আমাকে পরম সংপাত্র জানিয়া একান্ত মনে কামনা করিতেছিলেন।

टेकार्घ ३७०२

প্রতিহিংসা

প্রথম পরিচ্ছেদ

মুকুন্দবাবৃদের ভূতপূর্ব দেওয়ানের পৌত্রী, বর্তমান ম্যানেজারের স্ত্রী ইন্দ্রাণী অশুভক্ষণে বাবৃদের বাড়িতে তাঁহাদের দৌহিত্রের বিবাহে বউভাতের নিমন্ত্রণে উপস্থিত ছিলেন।

তৎপূর্বকার ইতিহাস সংক্ষেপে বলিয়া রাখিলে কথাটা পরিষ্কার হইবে।

এক্ষণে মৃকুন্দবাবৃত্ত ভূতপূর্ব, তাঁহার দেওয়ান গৌরীকান্তও ভূতপূর্ব; কালের আহ্বান অহুপারে উভয়ের কেইই স্থানে স্পরীরে বর্তমান নাই। কিন্তু যথন ছিলেন তথন উভয়ের মধ্যে বন্ধন অত্যক্ত দৃঢ় ছিল। পিতৃমাতৃহীন গৌরীকান্তের যথন কোনো জীবনোপায় ছিল না তথন মৃকুন্দলাল কেবলমাত্র মৃথ দেখিয়া তাঁহাকে বিশ্বাস করিয়া তাঁহার উপরে নিজের ক্ষ্তুর বিষয়সপ্রতির পর্যবেক্ষণের ভার দেন। কালে প্রমাণ হইল যে, মৃকুন্দলাল ভূল করেন নাই। কীট যেমন করিয়া বল্মীক রচনা করে, স্বর্গকামী যেমন করিয়া পুণ্যসঞ্চয় করে, গৌরীকান্ত তেমনি করিয়া অপ্রান্ত যত্নে তিলে দিনে দিনে মৃকুন্দলালের বিষয় বৃদ্ধি করিতে লাগিলেন। অবশেষে যখন তিনি কৌশলে আশ্র্য স্থাত তরফ বাঁকাগাড়ি ক্রয় করিয়া মৃকুন্দলালের সম্পত্তিভূক্ত করিলেন তথন হইতে মৃকুন্দবাবুরা গণ্যমান্ত জমিদারশ্রেণীতে প্রতিষ্ঠিত হইলেন। প্রভূর উন্নতির সঙ্গে সঙ্গে ভূত্যেরও উন্নতি হইল; অল্লে অল্লে তাঁহার কোঠাবাড়ি, জোতক্রমা এবং পূজার্চনা বিস্তার লাভ করিল। এবং যিনি এক কালে শামান্ত তহশিলদার শ্রেণীর ছিলেন তিনিও সাধারণের নিকট দেওয়ানজি নামে পরিচিত হইলেন।

ইহাই ভূতপূর্ব কালের ইতিহাস। বর্তমান কালে মুকুন্দবাব্র একটি পোষ্যপুত্র আছেন, তাঁহার নাম বিনোদবিহারী। এবং গৌরীকান্তের স্থানিক্ষত নাতজামাই অম্বিকাচরণ তাঁহাদের ম্যানেজারের কাজ করিয়া থাকেন। দেওয়ানজি তাঁহার পুত্র রমাকান্তকে বিশ্বাস করিতেন না— সেইজন্ম বার্ক্যবশত নিজে যথন কাজ ছাড়িয়া দিলেন তথন পুত্রকে লজ্যন করিয়া নাতজামাই অম্বিকাকে আপন কার্যে নিযুক্ত করিয়া দিলেন।

কাজকর্ম বেশ চলিতেছে; পূর্বের আমলে যেমন ছিল এখনো সকলই প্রায় তেমনি আছে, কেবল একটা বিষয়ে একটু প্রভেদ ঘটিয়াছে; এখন প্রভূ-ভূত্যের সম্পর্ক কেবল ২০॥১৫ কাজকর্মের সম্পর্ক— হদয়ের সম্পর্ক নছে। পূর্বকালে টাকা সস্তা ছিল এবং হাদয়টাও কিছু স্থলভ ছিল, এখন সর্বসমতিক্রমে হাদয়ের বাজে খরচটা একপ্রকার রহিত হইয়াছে; নিতান্ত আত্মীয়ের ভাগেই টানাটানি পড়িয়াছে, তা বাহিরের লোকে পাইবে কোথা হইতে।

ইতিমধ্যে বাবুদের বাড়িতে দৌহিত্রের বিবাহে বউভাতের নিমন্ত্রণে দেওয়ানজির পৌত্রী ইন্দ্রাণী গিয়া উপস্থিত হইল।

শংসারটা কোতৃহলী অদৃষ্টপুরুষের রাসায়নিক পরীক্ষাশালা। এখানে কতকগুলা বিচিত্রচরিত্র মাহ্মর একত্র করিয়া তাহাদের সংযোগ-বিয়োগে নিয়ত কত চিত্রবিচিত্র অভ্তপুর্ব ইতিহাস সঞ্জিত হইতেছে, তাহার আর সংখ্যা নাই।

এই বউভাতের নিমন্ত্রণস্থলে, এই আনন্দকার্যের মধ্যে, ছটি ছই রকমের মান্ত্রের দেখা হইল এবং দেখিতে দেখিতে সংসারের অশ্রাস্ত জালবুনানির মধ্যে একটা নৃতন বর্ণের স্বত্র উঠিয়া পড়িল এবং একটা নৃতন রকমের গ্রন্থি পড়িয়া গেল।

সকলের আহারাদি শেষ হইয়া গেলে ইন্দ্রাণী বৈকালের দিকে কিছু বিলম্বে মনিব-বাড়িতে গিয়া উপস্থিত হইয়াছিল। বিনোদের স্ত্রী নম্নতারা যথন বিলম্বের কারণ জিজ্ঞাসা করিল, ইন্দ্রাণী গৃহকর্মের ব্যস্ততা, শারীরিক অস্বাস্থ্য প্রভৃতি তুই-চারিটা কারণ প্রদর্শন করিল, কিন্তু তাহা কাহারো সস্তোষজনক বোধ হইল না।

প্রকৃত কারণ যদিও ইক্রাণী গোপন করিল তথাপি তাহা বৃঝিতে কাহারো বাকি রহিল না। সে কারণটি এই— মুকুলবাব্রা প্রভু, ধনী বটেন, কিন্তু কুলমর্যাদায় গোরীকান্ত তাঁহাদের অপেক্ষা অনেক শ্রেষ্ঠ। ইক্রাণী সে শ্রেষ্ঠতা ভূলিতে পারে না। সেইজন্ম মনিবের বাড়ি পাছে খাইতে হয় এই ভয়ে সে যথেষ্ট বিলম্ব করিয়া গিয়াছিল। তাহার অভিসন্ধি বৃঝিয়া তাহাকে খাওয়াইবার জন্ম বিশেষ পীড়াপীড়ি করা হইয়াছিল, কিন্তু ইক্রাণী পরান্ত হইবার মেয়ে নহে, তাহাকে কিছুতেই খাওয়ানো গেল না।

একবার মুকুন্দ এবং গৌরীকান্ত বর্তমানেও কুলাভিমান লইয়া ইহা অপেক্ষা বৃহত্তর বিপ্লব বাধিয়াছিল। সে ঘটনা এই স্থানে উল্লেখ করা যাইতে পারে।

ইন্দ্রাণী দেখিতে বড়ো স্থলর। আমাদের ভাষার স্থলরীর সহিত স্থিরসোদামিনীর তুলনা প্রসিদ্ধ আছে। সে তুলনা অধিকাংশ স্থলেই থাটে না, কিন্তু ইন্দ্রাণীকে থাটে। ইন্দ্রাণী যেন আপনার মধ্যে একটা প্রবল বেগ এবং প্রথর জ্বালা একটি সহজ্ব শক্তির দ্বারা অটল গান্তীর্যপাশে অতি অনায়াসে বাধিয়া রাখিয়াছে। বিহাৎ তাহার মুখে চক্ষে এবং সর্বাক্ষে নিত্তকাল ধরিয়া নিস্তব্ধ হইয়া রহিয়াছে। এখানে তাহার চপলতা নিষিদ্ধ।

এই স্থলরী মেয়েটিকে দেখিয়া মৃকুলবাব্ তাঁহার পোয়পুত্রের সহিত ইহার বিবাহ দিবার প্রস্তাব গৌরীকান্তের নিকট উথাপিত করিয়াছিলেন। প্রভুভক্তিতে গৌরীকান্ত কাহারো নিকটে ন্যুন ছিলেন না; তিনি প্রভুর জয় প্রাণ দিতে পারিতেন; এবং তাঁহার অবস্থার যতই উয়তি হউক এবং কর্তা তাঁহার প্রতি বন্ধুর মায় ব্যবহার করিয়া তাঁহাকে যতই প্রশ্রম দিন, তিনি কথনো ভ্রমেও স্বপ্নেও প্রভুর সম্মান বিশ্বত হন নাই; প্রভুর সম্মুখে, এমন-কি, প্রভুর প্রসঙ্গে তিনি যেন সয়ত হইয়া পড়িতেন— কিন্তু এই বিবাহের প্রস্তাবে তিনি কিছুতেই সমত হন নাই। প্রভুভক্তির দেনা তিনি কড়ায় গণ্ডায় শোধ করিতেন, কুলমর্থাদার পাওনা তিনি ছাড়িবেন কেন। মৃকুললালের পুত্রের সহিত তিনি তাঁহার পৌত্রীর বিবাহ দিতে পারেন না।

ভ্তার এই কুলগর্ব মৃক্নলালের ভালো লাগে নাই। তিনি আশা করিয়াছিলেন এই প্রস্তাবের দ্বারা তাঁহার ভক্ত সেবকের প্রতি অন্থ্যহ প্রকাশ করা হইবে; গৌরী-কাস্ত যথন কথাটা সেভাবে লইলেন না তথন মৃক্নলাল কিছুদিন তাঁহার সহিত বাক্যালাপ বন্ধ করিয়া তাঁহাকে অত্যস্ত মনঃকষ্ট দিয়াছিলেন। প্রভুর এই বিম্থভাব গৌরী-কাস্তের বক্ষে মৃত্যুশেলের আয় বাজিয়াছিল, কিন্তু তথাপি তিনি তাঁহার পৌত্রীর সহিত এক পিতৃমাতৃহীন দরিদ্র কুলীনসন্তানের বিবাহ দিয়া তাহাকে ঘরে পালন করিয়ানিজের অর্থে শিক্ষাদান করিতে লাগিলেন।

সেই কুলমদগর্বিত পিতামহের পোত্রী ইন্দ্রাণী তাহার প্রভূগৃহে গিয়া আহার করিল না; ইহাতে তাহার প্রভূপত্নী নয়নতারার অন্তঃকরণে স্থমধুর প্রীতিরস উদ্বেলিত হইয়া উঠে নাই সে কথা বলা বাহুল্য। তথন ইন্দ্রাণীর অনেকগুলি স্পর্ধা নয়নতারার বিদ্বেষ-ক্যান্নিত ক্লনাচন্দে প্রকাশ পাইতে লাগিল।

প্রথম, ইন্দ্রাণী অনেক গহনা পরিয়া অত্যম্ভ স্থদজ্জিত হইয়া আসিয়াছিল। মনিব-বাড়িতে এত ঐশর্ষের আড়ম্বর করিয়া প্রভূদের সহিত সমকক্ষতা দেখাইবার কী আরশ্যক ছিল।

বিতীয়, ইন্দ্রাণীর রূপের গর্ব। ইন্দ্রাণীর রূপটা ছিল সে বিষয়ে সন্দেহ নাই এবং
নিমপদস্থ ব্যক্তির এত অধিক রূপ থাকা অনাবশুক এবং অন্তায় হইতে পারে, কিন্তু
তাহার গর্বটা সম্পূর্ণ নয়নতারার কল্পনা। রূপের জন্ম কাহাকেও দোষী করা যায় না,
এইজন্ম নিন্দা করিতে হইলে অগত্যা গর্বের অবতারণা করিতে হয়।

তৃতীয়, ইন্দ্রাণীর দান্তিকতা, চলিত ভাষায় যাহাকে বলে দেয়াক। ইন্দ্রাণীর একটি স্বাভাবিক গান্তীর্য ছিল। অত্যন্ত প্রিয় পরিচিত ব্যক্তি ব্যতীত সে কাহারো সহিত মাখামাধি করিতে পারিত না। তাহা ছাড়া গায়ে পড়িয়া একটা সোরগোল করা, অগ্রসর হইরা সকল কাজে হস্তক্ষেপ করিতে যাওয়া, সেও তাহার স্বভাবসিদ্ধ ছিল না।

এইরপ নানাপ্রকার অম্লক ও সম্লক কারণে নয়নতারা ক্রমণ উত্তপ্ত হইয়া উঠিতে লাগিল। এবং অনাবশুক সত্র ধরিয়া ইন্দ্রাণীকে 'আমাদের ম্যানেজারের স্নী' 'আমাদের দেওয়ানের নাংনী' বলিয়া বারম্বার পরিচিত ও অভিহিত করিতে লাগিল। তাহার একজন প্রিয় ম্থরা দাসীকে শিখাইয়া দিল— সে ইন্দ্রাণীর গায়ের উপর পড়িয়া সখীভাবে তাহার গহনাগুলি হাত দিয়া নাড়িয়া নাড়িয়া সমালোচনা করিতে লাগিল। কণ্ঠী এবং বাজুবন্দের প্রশংসা করিয়া জিজ্ঞাসা করিল, "হা ভাই, এ কি গিণ্টি-করা।"

ইন্দ্রাণী পরম গঞ্জীরমুখে কহিল, "না, এ পিতলের।"

নয়নতারা ইন্দ্রাণীকে সম্বোধন করিয়া কহিল, "ওগো, তুমি ওখানে একলা দাঁড়িয়ে কী করছ, এই খাবারগুলো হাটখোলার পালকিতে তুলে দিয়ে এসো-না।"

অদ্রে বাড়ির দাসী উপস্থিত ছিল।

ইন্দ্রাণী কেবল মৃহুর্তকালের জন্ম তাহার বিপুলপক্ষচ্ছায়াগভীর উদার দৃষ্টি মেলিয়া নয়নতারার মৃথের দিকে চাহিল এবং পরক্ষণেই নীরবে মিষ্টামপূর্ণ সরা থুরি তুলিয়া লইয়া হাটখোলার পালকির উদ্দেশে নীচে চলিল।

যিনি এই মিষ্টান্ন উপহার প্রাপ্ত হইন্নাছেন তিনি শশব্যস্ত হইন্না কহিলেন, "তুমি কেন ভাই, কষ্ট করছ, দাও-না এ দাসীর হাতে দাও।"

ইন্দ্রাণী তাহাতে সমত না হইয়া কহিল, "এতে আর কট্ট কিসের।" অপরা কহিলেন, "তবে ভাই, আমার হাতে দাও।" ইন্দ্রাণী কহিল, "না, আমিই নিয়ে যাচ্ছি।"

বলিয়া, অন্নপূর্ণা যেমন স্নিগ্ধগান্তীর মৃথে সমৃদ্ধ স্নেহে ভক্তকে সহস্তে অন্ন তুলিয়া দিতে পারিতেন তেমনি অটল স্নিগ্ধভাবে ইন্দ্রাণী পালকিতে মিষ্টান্ন রাখিয়া আসিল— এবং সেই ত্বই মিনিট-কালের সংস্রবে হাটখোলাবাসিনী ধনিগৃহবধু এই স্বল্পভাষিণী মিতহাসিনী ইন্দ্রাণীর সহিত জন্মের মতো প্রাণের স্থীত্ব স্থাপনের জন্ম উচ্ছুসিত হইয়া উঠিল।

এইরপে নয়নতারা স্বীজনস্থলত নিষ্ঠ্র নৈপুণাের সহিত যতগুলি অপমানশর বর্ষণ করিল ইন্দ্রাণী তাহার কোনােচাকেই গায়ে বিধিতে দিল না; সকলগুলিই তাহার অকলম সম্জ্বল সহজ তেজন্বিতার কঠিন বর্মে ঠেকিয়া আপনি ভাঙিয়া ভাঙিয়া পড়িয়া গেল। তাহার গন্তীর অবিচলতা দেখিয়া নয়নতারার আক্রোশ আরো বাড়িয়া উঠিতে লাগিল এবং ইন্দ্রাণী তাহা ব্ঝিতে পারিয়া একসময় অলক্ষ্যে কাহারো নিকট বিদায় না লইয়া বাড়ি চলিয়া আসিল।

দ্বিতীয় পরিচ্ছেদ

যাহারা শাস্তভাবে সহ্য করে তাহারা গভীরতররূপে আহত হয়; অপমানের আঘাত ইদ্রাণী যদিও অসীম অবজ্ঞাভরে প্রত্যাখ্যান করিয়াছিল, তথাপি তাহা তাহার অন্তরে বাজিয়াছিল।

ইন্দ্রাণীর সহিত যেমন বিনাদবিহারীর বিবাহের প্রস্তাব হইন্নাছিল তেমনি এক সময় ইন্দ্রাণীর এক দ্রসম্পর্কের নিংস্ব পিসতুতো ভাই বামাচরণের সহিত নয়নতারার বিবাহের কথা হয়, সেই বামাচরণ এখন বিনোদের সেরেস্তান্ন একজন সামান্ত কর্মচারী। ইন্দ্রাণীর এখনো মনে পড়ে, বাল্যকালে একদিন নয়নতারার বাপ নয়নকে সঙ্গে করিয়া তাঁহাদের বাড়িতে আসিয়া বামাচরণের সহিত তাঁহার কন্তার বিবাহের জন্ত গৌরীকাস্তকে বিস্তর অন্তন্ম-বিনম্ন করিয়াছিলেন। সেই উপলক্ষে ক্ষুদ্র বালিকা নয়নতারার অসামান্ত প্রগল্ভতায় গৌরীকাস্তের অন্তঃপুরে সকলেই আশ্চর্য এবং কৌতুকান্বিত হুইন্নাছিলেন এবং তাহার সেই অকালপক্ষতার নিকট মুখচোরা লাজুক ইন্দ্রাণী নিজেকে নিভান্ত অক্ষমা অনভিজ্ঞা জ্ঞান করিয়াছিল। গৌরীকান্ত এই মেম্নেটির অনর্গল কথায়নবার্তায় এবং চেহারায় বড়োই খুশি হুইয়াছিলেন, কিন্তু কুলের যৎকিঞ্চিৎ ক্রটে থাকান্ন বামাচরণের সহিত ইহার বিবাহপ্রস্তাবে মন্ত দিলেন না। অবশেষে তাঁহারই পছন্দে এবং তাহারই চেষ্টান্ন অকুলীন বিনোদের সহিত নম্বন্তারার বিবাহ হয়।

এই-সকল কথা মনে করিয়া ইন্দ্রাণী কোনো সাম্বনা পাইল না, বরং অপমান আরো বেশি করিয়া বাজিতে লাগিল। মহাভারতে বর্ণিত শুক্রাচার্যকৃহিতা দেবযানী এবং শর্মিচার কথা মনে পড়িল। দেবযানী যেমন তাহার প্রভুক্তা শর্মিচার দর্প চূর্ণ করিয়া তাহাকে দাসী করিয়াছিল, ইন্দ্রাণী যদি তেমনি করিতে পারিত তবেই যথোপযুক্ত বিধান হইত। এক সময় ছিল, যথন দৈত্যদের নিকট দৈত্যগুরু শুক্রাচার্যের পরিবারবর্গের নিকট তাহার পিতামহ গৌরীকান্ত একান্ত আবশুক ছিলেন। তথন তিনি যদি ইচ্ছা করিতেন তবে মুকুন্দবাবুকে হীনতা স্বীকার করাইতে পারিতেন। কিন্তু তিনিই মুকুন্দলালের বিষয়সম্পত্তিকে উন্নতির চরম সীমায় উত্তীর্ণ করিয়া দিয়া সর্বপ্রকার শৃদ্ধালা স্থাপন করিয়া গিয়াছেন, অতএব আজ আর তাঁহাকে স্মরণ করিয়া প্রভুদের ক্বতক্ত হইবার আবশুক্তা নাই। ইন্দ্রাণী মনে করিল, বাঁকাগাড়ি পরগনা তাহার পিতামহ অনায়াসে নিজের জন্তই কিনিতে পারিতেন, তথন তাঁহার সে ক্ষমতা জিয়াছিল, তাহা না করিয়া তিনি সেটা মনিবকে কিনিয়া দিলেন— ইহা যে একপ্রকার দান করা সে কথা কি আজ সেই মনিবের বংশে কেই মনে করিয়া রাখিয়াছে।

'আমাদেরই দত্ত ধনমানের গর্বে তোমরা আমাদিগকে আজ অপমান করিবার অধিকার পাইয়াছ' ইহাই মনে করিয়া ইন্দ্রাণীর চিত্ত ক্ষুদ্ধ হইয়া উঠিল।

বাড়ি ফিরিয়া আসিয়া সে দেখিল তাহার স্বামী প্রভুগৃহের নিমন্ত্রণ ও তাহার পরে জমিদারি কাছারির সমস্ত কাজকর্ম সারিয়া তাহার শরনকক্ষের একটি কেদারা আশ্রয় করিয়া নিভূতে থবরের কাগজ পাঠ করিতেছেন।

অনেকের ধারণা আছে যে, স্বামী-স্ত্রীর স্বভাব প্রায়ই একরূপ হইয়া থাকে। তাহার কারণ, দৈবাং কোনো কোনো স্থলে স্বামী-স্ত্রীর স্বভাবের মিল দেখিতে পাইলে সেটা আমাদের নিকট এমন সমূচিত এবং সংগত বলিয়া বোধ হয় যে, আমরা আশা করি এই নিয়ম বৃঝি অধিকাংশ স্থলেই খাটে। যাহা হউক, বর্তমান ক্ষেত্রে অধিকাচরণের সহিত ইন্দ্রাণীর তুই-একটা বিশেষ বিষয়ে বাস্তবিক স্বভাবের মিল দেখা যায়। অধিকাচরণ তেমন মিশুক লোক নহেন। তিনি বাহিরে যান কেবলমাত্র কাজ করিতে। নিজের কাজ সম্পূর্ণ শেষ করিয়া এবং অন্তকে পুরামাত্রায় কাজ করাইয়া লইয়া বাড়ি আসিয়া যেন তিনি অনাজীয়তার আক্রমণ হইতে আত্ররক্ষা করিবার জন্ম এক তুর্গম হর্গের মধ্যে প্রবেশ করেন। বাহিরে তিনি এবং তাঁহার কর্তব্য কর্ম, ঘরের মধ্যে তিনি এবং তাঁহার ইন্দ্রাণী, ইহাতেই তাঁহার সমস্ত জীবন পর্যাপ্ত।

ভূষণের ছটা বিস্তার করিয়া যখন স্থসজ্জিতা ইন্দ্রাণী ঘরে প্রবেশ করিলেন তখন অম্বিকাচরণ তাঁহাকে পরিহাস করিয়া কী একটা কথা বলিবার উপক্রম করিলেন, কিন্তু সহসা ক্ষান্ত হইয়া চিন্তিতভাবে জিজ্ঞাসা করিলেন, "তোমার কী হয়েছে।"

ইন্দ্রাণী তাঁহার সমস্ত চিন্তা হাসিয়া উড়াইয়া দিবার চেন্তা করিয়া কহিলেন, "কী আর হবে। সম্প্রতি আমার স্বামিরত্বের সঙ্গে সাক্ষাৎ হয়েছে।"

অম্বিকা খবরের কাগজ ভূমিতলে ফেলিয়া দিয়া কহিলেন, "সে তো আমার অগোচর নেই। তৎপূর্বে ?"

ইন্দ্রাণী একে একে গহনা খুলিতে খুলিতে বলিলেন, "তৎপূর্বে স্বামিনীর কাছ থেকে সমাদর লাভ হয়েছে।"

व्यक्षिकां भा कतित्वन, "मयानति की तकत्यत ।"

ইন্দ্রাণী স্বামীর কাছে আসিয়া তাঁহার কেদারার হাতার উপর বসিয়া তাঁহার গ্রীবা বেষ্ট্রন করিয়া উত্তর করিল, "তোমার কাছ থেকে যে রকমের পাই ঠিক সেই রকমের নয়।"

তাহার পর, ইন্দ্রাণী একে একে সকল কথা বলিয়া গেল। সে মনে করিয়াছিল স্বামীর কাছে এ-সকল অপ্রিয় কথার উত্থাপন করিবে না; কিন্তু সে প্রতিজ্ঞা রক্ষা হইল না এবং ইছার অন্তর্মপ প্রতিজ্ঞাও ইন্দ্রাণী ইতিপূর্বে কখনো রক্ষা করিতে পারে নাই। বাহিরের লোকের নিকট ইন্দ্রাণী যতই সংযত সমাহিত হইয়া থাকিত স্বামীর নিকটে সে সেই পরিমাণে আপন প্রকৃতির সমৃদয় স্বাভাবিক বন্ধন মোচন করিয়া ফেলিত— সেখানে লেশমাত্র আত্মগোপন করিতে পারিত না।

অধিকাচরণ সমস্ত ঘটনা শুনিয়া মর্মাস্তিক কুদ্ধ হইয়া উঠিলেন। বলিলেন, "এখনই আমি কাজে ইন্ডফা দিব।" তংক্ষণাৎ তিনি বিনোদবাবুকে এক কড়া চিঠি লিখিতে উগত হইলেন।

ইক্রাণী তথন চৌকির হাতা হইতে নীচে নামিয়া মাত্র-পাতা মেঝের উপর স্বামীর পায়ের কাছে বসিয়া তাঁহার কোলের উপর বাহু রাখিয়া বলিল, "এত তাড়াতাড়ি কাজ নেই। চিঠি আজ থাক্। কাল সকালে যা হয় স্থির কোরো।"

অম্বিকা উত্তেজিত হইয়া উঠিয়া কহিলেন, "না, আর এক দণ্ড বিলম্ব করা উচিত নয়।"

ইন্দ্রাণী তাহার পিতামহের হানয়মুণালে একটিমাত্র পদ্মের মতো ফুটিয়া উঠিয়াছিল। তাঁহার অন্তর হইতে সে যেমন সেহ্রস আকর্ষণ করিয়া লইয়াছিল তেমনি পিতামহের চিত্তসঞ্চিত অনেকগুলি ভাব সে অলক্ষ্যে গ্রহণ করিয়াছিল। মুকুললালের পরিবারের প্রতি গৌরীকান্তের যে-একটি অচল নিষ্ঠা ও ভক্তি ছিল ইন্দ্রাণী যদিও তাহা সম্পূর্ণ প্রাপ্ত হয় নাই, কিন্তু প্রভুপরিবারের হিতসাধনে জীবন অর্পণ করা যে তাহাদের কর্তব্য এই ভাবটি তাহার মনে দৃঢ় বন্ধমূল হইয়া গিয়াছিল। তাহার স্থানিক্ষত স্বামী ইচ্ছা করিলে ওকালতি করিতে পারিতেন, সম্মানজনক কাজ লইতে পারিতেন, কিন্তু তাহার স্থানির হালয়ের দৃঢ় সংস্কার অন্ত্রসরণ করিয়া তিনি অন্তর্যনে সম্ভুইচিত্তে বিনোদের বিষয়-সম্পত্তির তন্ত্রাবধান করিতেছিলেন। ইন্দ্রাণী যদিও অপমানে আহত হইয়াছিল, তথাপি তাহার স্বামী যে বিনোদবিহারীর কাজ ছাড়িয়া দিবে এ তাহার কিছুতেই মনে লইল না।

ইন্দ্রাণী তথন যুক্তির অবতারণা করিয়া মৃত্স্বরে মিষ্ট্স্বরে কহিল, "বিনোদবাবুর তো কোনো দোষ নেই, তিনি এর কিছুই জানেন না। তাঁর স্থীর উপর রাগ করে তুমি হঠাৎ তাড়াতাড়ি তাঁর সঙ্গে ঝগড়া করতে যাবে কেন।"

শুনিয়া অম্বিকাবাব উচ্চৈ:ম্বরে হাসিয়া উঠিলেন; নিজের সংকল্প তাঁহার নিকট অত্যন্ত হাস্থকর বলিয়া বোধ হইল। তিনি কহিলেন, "সে একটা কথা বটে। কিন্তু মনিব হোন আর যিনিই হোন, ওদের ওখানে আর কখনো তোমাকে পাঠাচ্ছি নে।"

এই অন্ন একটু ঝড়েই সেদিনকার মতো মেঘ কাটিয়া গেল, গৃহ প্রসন্ন হইয়া

উঠिन এবং স্বামীর বিশেষ আদরে ইক্রাণী বাহিরের সমস্ত অনাদর বিশ্বত হইয়া গেল।

তৃতীয় পরিচ্ছেদ

বিনাদবিহারী অম্বিকাচরণের উপর সম্পূর্ণ ভার দিয়া জমিদারির কাজ কিছুই দেখিতেন না। নিতান্তনির্ভর ও অতিনিশ্চয়তাবশত কোনো কোনো স্বামী ঘরের স্ত্রীকে যেরূপ অবহেলার চক্ষে দেখিয়া থাকে, নিজের জমিদারির প্রতিও বিনোদের কতকটা সেইভাবের উপেক্ষা ছিল। জমিদারির আয় এতই নিশ্চিত, এতই বাঁধা যে তাহাকে আয় বলিয়া বোধ হয় না, তাহা অভ্যন্ত, এবং তাহার কোনো আকর্ষণ ছিল না।

বিনোদের ইচ্ছা ছিল, একটা সংক্ষেপ স্বড়ঙ্গপথ অবলম্বন করিয়া হঠাং এক রাত্রির মধ্যে কুবেরের ভাণ্ডারের মধ্যে প্রবেশ করিবেন। সেইজন্ম নানা লোকের পরামর্শে তিনি গোপনে নানাপ্রকার আজগবি ব্যবসায়ে হস্তক্ষেপ করিতেন। কথনো স্থির হইড, দেশের সমস্ত বাবলা গাছ জমা লইয়া গোক্ষর গাড়ির চাকা তৈরি করিবেন; কথনো পরামর্শ হইত, স্থলরবনের সমস্ত মধুচক্র তিনি আহরণ করিবেন; কথনো লোক পাঠাইয়া পশ্চিমপ্রদেশের বনগুলি বন্দোবস্ত করিয়া হরীতকীর ব্যবসায় একচেটে করিবার আয়োজন হইত। বিনোদ মনে মনে ইহা ব্রিতেন যে জন্ম লোকে শুনিলে হাসিবে, সেইজন্ম কাহারো কাছে প্রকাশ করিতে চাহিতেন না। বিশেষত অম্বিকাচরণকে তিনি একটু বিশেষ লজ্জা করিতেন; অম্বিকা পাছে মনে করেন তিনি টাকাগুলো নই করিতে বসিয়াছেন, সেজন্ম মনে মনে সংকৃচিত ছিলেন। অম্বিকার নিকট তিনি এমনভাবে থাকিতেন যেন অম্বিকাই জমিদার এবং তিনি কেবল বসিয়া থাকিবার জন্ম বার্ষিক কিছু বেতন পাইতেন।

নিমন্ত্রণের পরদিন হইতে নয়নতারা তাঁহার স্বামীর কানে মন্ত্র দিতে লাগিলেন।
"তুমি তো নিজে কিছুই দেখ না, তোমাকে অম্বিকা হাত তুলিয়া বাহা দেয় তাহাই
তুমি শিরোধার্য করিয়া লও; এ দিকে ভিতরে ভিতরে কী সর্বনাশ হইতেছে তাহা কেহই
জানে না। তোমার ম্যানেজারের স্ত্রী যা গয়না পরিয়া আসিয়াছিল এমন গয়না
তোমার ঘরে আসিয়া আমি কথনো চক্ষেও দেখি নাই। এ-সব গয়না সে পায় কোথা
হইতে এবং এত দেমাকই বা তাহার বাড়িল কিসের জোরে" ইত্যাদি ইত্যাদি।
গছনার বর্ণনা নয়নতারা অনেকটা অতিরঞ্জিত করিয়া বলিল, এবং ইন্দ্রাণী নিজমুখে
তাহার দাসীকে কী-সকল কথা বলিয়া গেছে তাহাও সে বছল পরিমাণে রচনা
করিয়া গেল।

বিনাদ ত্র্বল প্রকৃতির লোক; এক দিকে সে পরের প্রতি নির্ভর না করিয়াও থাকিতে পারে না, অপর দিকে যে তাছার কানে ষেরপ সন্দেহ তুলিয়া দেয় সে তাছাই বিশাস করিয়া বসে। ম্যানেজার যে চুরি করিতেছে মৃহুর্তকালের মধ্যেই এ বিশাস তাছার দৃঢ় হইল। বিশেষত কাজ সে নিজে দেখে না বলিয়া কল্পনায় সে নানাপ্রকার বিভীষিকা দেখিতে লাগিল। অথচ কেমন করিয়া ম্যানেজারের চুরি ধরিতে হইবে তাছারওরাস্তা সে জানে না। স্পষ্ট করিয়া তাছাকে কিছু বলিতে পারে এমন সাহস নাই। মহা মৃশকিল হইল।

অম্বিকাচরণের একাধিপত্যে কর্মচারিগণ সকলেই ঈর্বায়িত ছিল। বিশেষত গৌরীকান্ত তাঁহার যে দ্রসম্পর্কীয় ভাগিনের বামাচরণকে কাজ দিয়াছিলেন অমিকার প্রতি বিষেষ তাহারই সর্বাপেক্ষা অধিক ছিল। কারণ, সম্পর্ক প্রভৃতি অনুসারে সে নিজেকে অমিকার সমান জ্ঞান করিত এবং অমিকা তাহার আত্মীয় হইয়াও কেবলমাত্র ঈর্বাবশতই তাহাকে উচ্চপদ দিতেছে না, এ ধারণা তাহার দৃঢ় ছিল। পদ পাইলেই পদের উপযুক্ত যোগ্যতা আপনি জোগায় এই তাহার মত। বিশেষত ম্যানেজারের কাজকে সে অত্যন্ত তুচ্ছ জ্ঞান করিত; বলিত, সেকালে রথের উপর যেমন ধ্রজা থাকিত, আজকাল আপিসের কাজে ম্যানেজার সেইরপ— ঘোড়া-বেটা খাটিয়া মরে আর ধ্রজা-মহাশয় রথের সঙ্গে কেবল দর্শভরে তুলিতে থাকেন।

বিনাদ ইতিপূর্বে কাজকর্মের কোনো খোজখবর লইত না; কেবল যথন ব্যাবসা উপলক্ষে হঠাৎ অনেক টাকার প্রয়োজন হইত তথন গোপনে থাজাঞ্চিকে ডাকিয়া জিজ্ঞাসা করিত, এখন তহবিলে কত টাকা আছে ? থাজাঞ্চি টাকার পরিমাণ বলিলে কিঞ্চিৎ ইতন্তত করিয়া সে টাকাটা চাহিয়া ফেলিত, যেন ভাহা পরের টাকা। থাজাঞ্চি ভাহার নিকট সই লইয়া টাকা দিত, ভাহার পরে কিছুকাল ধরিয়া অম্বিকাবাব্র নিকট বিনোদ কুন্তিত হইয়া থাকিত। কোনোমতে তাঁহার সহিত সাক্ষাৎ না হইলেই আরাম বোধ করিত।

অমিকাচরণ মাঝে মাঝে ইছা লইয়া বিপদে পড়িতেন। কারণ, জমিদারের অংশ জমিদারকে দিয়া তহবিলে প্রায় আমানতি সদর্থাজনা, অথবা আমলাবর্গের বেতন প্রভৃতির থরচের টাকা জমা থাকিত। সে টাকা অহায় ব্যয় হইয়া গেলে বড়োই অস্থবিধা ভোগ করিতে হইত। কিন্তু বিনোদ টাকাটি লইয়া এমনি চোরের মতো লুকাইয়া বেড়াইত যে, তাহাকে এ সথদে কোনো কথা বলিবার অবসর পাওয়া ঘাইত না; পত্র লিখিলেও কোনো ফল হইত না; কারণ, লোকটার কেবল চক্ষ্লজ্জা ছিল, আর-কোনো লজ্জা ছিল না, এইজ্লা সে কেবল সাক্ষাৎকারকে ভরাইত।

ক্রমে যথন বিনাদ বাড়াবাড়ি করিতে লাগিল, তথন অম্বিকাচরণ বিরক্ত হইয়া লোহার সিমুকের চাবি নিজের কাছে রাখিলেন। বিনোদের গোপনে টাকা লওয়া একেবারে বন্ধ হইল। অথচ লোকটা এতই চুর্বল প্রকৃতি যে, প্রভূ হইয়াও স্পষ্ট করিয়া এ সম্বন্ধে কোনোপ্রকার বল খাটাইতে পারিল না। অম্বিকাচরণের রুখা চেষ্টা। অলম্বী যাহার সহায় লোহার সিমুকের চাবি তাহার টাকা আটক করিয়া রাখিতে পারে না। বরং হিতে বিপরীত হইল। কিন্তু সে-সকল কথা পরে হইবে।

অম্বিকাচরণের কড়া নিয়মে বিনোদ ভিতরে ভিতরে অত্যস্ত উত্ত্যক্ত হইয়াছিল।
এমন সময় নম্নতারা যথন তাহার মনে সন্দেহ জন্মাইয়া দিল তথন দে কিছু খুশি
হইল। গোপনে একে একে নিম্নতন কর্মচারীদিগকে ডাকিয়া সন্ধান লইতে লাগিল।
তথন বামাচরণ তাহার প্রধান চর হইয়া উঠিল।

গৌরীকান্তের আমলে দেওয়ানজি বলপূর্বক পার্যবর্তী জমিদারের জমিতে হস্তক্ষেপ করিতে কৃষ্টিত হইতেন না। এমন করিয়া তিনি অনেকের অনেক জমি অপহরণ করিয়াছেন। কিন্তু অন্বিকাচরণ কখনো সে কাজে প্রবুত্ত হইতেন না। এবং মকদ্দমা বাধিবার উপক্রম হইলে তিনি যথাসাধ্য আপসের চেষ্টা করিতেন। বামাচরণ ইহারই প্রতি প্রভুর দৃষ্টি আকর্ষণ করিল। স্পষ্ট বুঝাইয়া দিল, অন্বিকাচরণ নিশ্চয় অপর পক্ষ হইতে ঘূষ লইয়া মনিবের ক্ষতি করিয়া আপস করিয়াছে। বামাচরণের নিজেরও বিশ্বাস তাহাই; যাহার হাতে ক্ষমতা আছে সে যে ঘূষ না লইয়া থাকিতে পারে, ইহা সে মরিয়া গেলেও বিশ্বাস করিতে পারে না।

এইরপে গোপনে নানা মুখ হইতে ফুংকার পাইয়া বিনোদের সন্দেহশিখা ক্রমেই বাড়িয়া উঠিতে লাগিল; কিন্তু সে প্রত্যক্ষভাবে কোনো উপায় অবলম্বন করিতেই সাহস করিল না। এক চক্ষ্লজ্জা; দ্বিতীয়ত, আশকা, পাছে সমস্ত অবস্থাভিজ্ঞ অম্বিকাচরণ তাহার কোনো অনিষ্ট করে।

অবশেষে নম্নতারা স্বামীর এই কাপুরুষতায় জ্ঞানিয়া পুড়িয়া বিনোদের অজ্ঞাতসারে একদিন অম্বিকাচরণকে ডাকিয়া পর্দার আড়াল হইতে বলিলেন, "তোমাকে আর রাখা হবে না, তুমি বামাচরণকে সমস্ত হিসেব বৃঝিয়ে দিয়ে চলে যাও।"

তাঁহার সম্বন্ধে বিনোদের নিকট আন্দোলন উপস্থিত হইয়াছে সে কথা অম্বিকা পূর্বেই আভাসে জানিতে পারিয়াছিলেন, সেজগু নম্নতারার কথায় তিনি তেমন আন্চর্য হন নাই; তৎক্ষণাৎ বিনোদবিহারীর নিকট গিয়া জিজ্ঞাসা করিলেন, "আমাকে কি আপনি কাজ থেকে নিম্বৃতি দিতে চান।"

वित्नाम भगवाच इरेग्रा कहिन, "ना, कथरनारे ना।"

অম্বিকাচরণ পুনর্বার জিজ্ঞাসা করিলেন, "আমার উপর কি আপনার কোনো সন্দেহের কারণ ঘটেছে।"

বিনোদ অত্যস্ত অপ্রতিভ হইয়া কহিল, "কিছুমাত্র না।" অম্বিকাচরণ নয়নতারার ঘটনা উল্লেখযাত্র না করিয়া আপিসে চলিয়া আসিলেন; বাড়িতে ইক্রাণীকেও কিছু বিলিলেন না। এইভাবে কিছুদিন গেল।

এমন সময় অম্বিকাচরণ ইনফুয়েঞ্জায় পড়িলেন। শক্ত ব্যামো নহে, কিন্তু চুর্বলতা-বশত অনেক দিন আপিস কামাই করিতে হইল।

সেই সময় সদর থাজনা দেয় এবং অক্তান্ত কাজের বড়ো ভিড়। সেইজন্ত একদিন সকালে রোগশয়া ত্যাগ করিয়া অম্বিকাচরণ হঠাং আপিসে আসিয়া উপস্থিত হইলেন।

সেদিন কেহই তাঁহাকে প্রত্যাশা করে নাই এবং সকলেই বলিতে লাগিল, "আপনি বাড়ি যান, এত কাহিল শরীরে কাজ করিবেন না।"

অম্বিকাচরণ নিজের তুর্বলতার প্রসঙ্গ উড়াইয়া দিয়া, ডেস্কে গিয়া বসিলেন। আমলারা সকলেই কিছু যেন অস্থির হইয়া উঠিল এবং হঠাৎ অত্যন্ত অতিরিক্ত মনোযোগের সহিত নিজ নিজ কাজে প্রবৃত্ত হইল।

অম্বিকাচরণ ডেস্ক খুলিয়া দেখেন তাহার মধ্যে তাঁহার একথানি কাগজ্ঞও নাই। সকলকে জিজ্ঞাসা করিলেন, "এ কী!" সকলেই যেন আকাশ হইতে পড়িল, চোরে লইয়াছে কি ভূতে লইয়াছে কেহ ভাবিয়া স্থির করিতে পারিল না।

বামাচরণ কহিল, "আরে মশায়, আপনারা ত্যাকামি রেখে দিন। সকলেই জানেন, ওর কাগজপত্র বাবু নিজে তলব করে নিয়ে গেছেন।"

অম্বিকা রুদ্ধ রোধে শ্বেতবর্ণ হইয়া জিজ্ঞাসা করিলেন, "কেন।" বামাচরণ কাগজ লিখিতে লিখিতে বলিল, "সে আমরা কেমন করে বলব।"

বিনোদ অম্বিকাচরণের অমপস্থিতি-স্থযোগে বামাচরণের মন্ত্রণাক্রমে নৃতন চাবি তৈয়ার করাইয়া ম্যানেজারের প্রাইভেট ডেস্ক খুলিয়া তাঁহার সমস্ত কাগজপত্র পরীক্ষা করিতে লইয়া গিয়াছেন। চতুর বামাচরণ সে কথা গোপন করিল না, অম্বিকা অপমানিত হইয়া কাজে ইস্তফা দেন ইহা তাহার অনভিপ্রেত ছিল না।

অন্বিকাচরণ ডেন্সে চাবি লাগাইয়া কম্পিতদেহে বিনোদের সন্ধানে গেলেন—
বিনোদ বলিয়া পাঠাইল তাহার মাথা ধরিয়াছে— সেখান হইতে বাড়ি গিয়া হঠাৎ হ্র্বলদেহে বিছানায় শুইয়া পড়িলেন। ইন্দ্রাণী তাড়াতাড়ি ছুটিয়া আসিয়া তাঁহাকে তাহার সমস্ত হৃদয় দিয়া যেন আরুত করিয়া ধরিল। ক্রমে ইন্দ্রাণী সকল কথা শুনিল।

স্থিনসোদামিনী আৰু স্থির রহিল না-তাহার বক্ষ ফুলিতে লাগিল, বিস্ফারিত

মেঘক্তফ চক্ষুপ্রাস্ত হইতে উন্মুক্ত বজ্রশিখা স্থতীত্র উগ্রজ্ঞালা বিক্ষেপ করিতে লাগিল। এমন স্বামীর এমন অপমান! এত বিশ্বাসের এই পুরস্কার!

ইন্দ্রাণীর এই অত্যুগ্র নি:শন্দ রোষদাহ দেখিয়া অম্বিকার রাগ থামিয়া গেল। তিনি যেন দেবতার শাসন হইতে পাপীকে রক্ষা করিবার জন্ম ইন্দ্রাণীর হাত ধরিয়া বলিলেন, "বিনোন ছেলেমাহ্রম, তুর্বলম্বভাব, পাচজনের কথা শুনে তার মন বিগড়ে গেছে।"

তথন ইন্দ্রাণী তুই হত্তে তাহার স্বামীর গলদেশ বেপ্তন করিয়া তাঁহাকে বক্ষের কাছে টানিয়া লইয়া আবেগের সহিত চাপিয়া ধরিল এবং হঠাৎ তাহার তুই চক্ষ্র রোষদীপ্তি দ্রান করিয়া দিয়া ঝর্ঝর্ করিয়া অশুজল ঝরিয়া পড়িতে লাগিল। পৃথিবীর সমস্ত অস্থায় হইতে, সমস্ত অপমান হইতে, তুই বাহুপাশে টানিয়া লইয়া সে যেন তাহার স্বায়-দেবতাকে আপন হারমন্দিরে তুলিয়া রাখিতে চায়।

স্থির হইল অম্বিকাচরণ এখনই কাজ ছাড়িয়া দিবেন— আজ আর কেহ তাহাতে কিছুমাত্র প্রতিবাদ করিল না। কিন্তু এই তুচ্ছ প্রতিশোধে ইন্দ্রাণীর মন কিছুই সাম্বনা মানিল না। যথন সন্দিগ্ধ প্রভু নিজেই অম্বিকাকে ছাড়াইতে উত্তত তথন কাজ ছাড়িয়া দিয়া তাহার আর কা শাসন হইল। কাজে জবাব দিবার সংকল্প করিয়াই অম্বিকার রাগ থামিয়া গেল, কিন্তু সকল কাজকর্ম সকল আরামবিশ্রামের মধ্যে ইন্দ্রাণীর রাগ তাহার হৃৎপিণ্ডের মধ্যে জ্ঞালিতে লাগিল।

পরিশিষ্ট

এমন সময়ে চাকর আসিয়া থবর দিল, বাবুদের বাড়ির থাজাঞ্চি আসিয়াছে। অম্বিকা মনে করিলেন, বিনোদ স্বাভাবিক চক্ষ্লজ্জাবশত থাজাঞ্চির মৃথ দিয়া তাঁহাকে কাজ হইতে জবাব দিয়া পাঠাইয়াছেন। সেইজ্যু নিজেই একথানি ইস্তফাপত্র লিখিয়া থাজাঞ্চির হস্তে গিয়া দিলেন।

থাজাঞ্চি তৎসম্বন্ধে কোনো প্রশ্ন না করিয়া কহিল, "সর্বনাশ হইয়াছে।" অম্বিকা জিজ্ঞাদা করিলেন, "কী হইয়াছে।"

তত্ত্তরে শুনিলেন, যখন হইতে অম্বিকাচরণের সতর্কতাবশত থাজাঞিখানা হইতে বিনোদের টাকা লওয়া বন্ধ হইয়াছে তথন হইতে বিনোদ নানা স্থান হইতে গোপনে বিস্তর টাকা ধার লইতে আরম্ভ করিয়াছিল। একটার পর একটা ব্যাবসা ফাদিয়া সে যতই প্রতারিত ও ক্ষতিগ্রস্ত হইতেছিল ততই তাহার রোথ চড়িয়া যাইতেছিল; ততই নৃতন নৃতন অসম্ভব উপায়ে আপন ক্ষতি নিবারণের চেষ্টা করিয়া অবশেষে আকণ্ঠ ঋণে নিমগ্ন হইয়াছে। অম্বিকাচরণ যখন পীড়িত ছিলেন তখন বিনোদ সেই স্বযোগে

তহবিল হইতে সমস্ত টাকা উঠাইয়া লইয়াছে। বাঁকাগাড়ি পরগনা অনেক কাল হইতেই পার্শ্ববর্তী জমিদারের নিকট রেহেনে আবদ্ধ; সে এ-পর্যস্ত টাকার জন্ম কোনোপ্রকার তাগাদা না দিয়া অনেক টাকা স্থদ জমিতে দিয়াছে, এখন সময় বৃঝিয়া হঠাৎ ডিক্রি করিয়া লইতে উভাত হইয়াছে। এই তো বিপদ।

শুনিয়া অম্বিকাচরণ কিছুক্ষণ শুস্তিত হইয়া রহিলেন। অবশেষে কহিলেন, "আজ কিছুই ভেবে উঠতে পারছি নে, কাল এর পরামর্শ করা যাবে।"

থাজাঞ্চি যথন বিদায় লইতে উঠিলেন তখন অম্বিকা তাঁহার ইস্তফাপত্র চাহিয়া লইলেন।

অস্তঃপুরে আদিয়া অমিকা ইন্দ্রাণীকে সকল কথা বিস্তারিত জানাইয়া কহিলেন, "বিনোদের এ অবস্থায় তো আমি কাজ ছেড়ে দিতে পারি নে।"

ইন্দ্রাণী অনেকক্ষণ প্রস্তরমূতির মতো স্থির হইয়া রহিল। অবশেষে অস্তরের সমস্ত বিরোধন্দ্র সবলে দলন করিয়া নিশ্বাস ফেলিয়া কহিল, "না, এখন ছাড়তে পার না।"

তাহার পরে 'কোথায় টাকা' 'কোথায় টাকা' করিয়া সন্ধান পড়িয়া গেল— যথেন্ত পরিমাণে টাকা আর জুটে না। অন্তঃপুর হইতে গহনাগুলি সংগ্রহ করিবার জন্ম অধিকা বিনোদকে পরামর্শ দিলেন। ইতিপূর্বে ব্যাবসা উপলক্ষে বিনোদ সে চেষ্টা করিয়াছিলেন, কখনো ক্রতকার্য হইতে পারেন নাই। এবারে অনেক অন্থনয় বিনয় করিয়া, অনেক কাঁদিয়া-কাটিয়া, অনেক দীনতা স্বীকার করিয়া গহনাগুলি ভিক্ষা চাহিলেন। নয়নতারা কিছুতেই দিলেন না; তিনি মনে করিলেন, তাঁহার চারি দিক হইতে সকলই থসিয়া পড়িবার উপক্রম হইয়াছে; এখন এই গহনাগুলি তাঁহার একমাত্র শেষ অবলম্বনম্থল— এবং ইহা তিনি অস্তিম আগ্রহ সহকারে প্রাণপণে চাপিয়া ধরিলেন।

যখন কোথা হইতেও কোনো টাকা পাওয়া গেল না তথন ইক্রাণীর প্রতিহিংসাক্রক্টির উপরে একটা তীব্র আনন্দের জ্যোতি পতিত হইল। সে তাহার স্বামীর হাত
চাপিয়া ধরিয়া কহিল, "তোমার যাহা কর্তব্য তাহা তো করিয়াছ; এখন তুমি ক্ষান্ত
হও, যাহা হইবার তা হউক।"

স্বামীর অব্যাননায় উদ্দীপ্ত সভীর রোষানল এখনো নির্বাপিত হয় নাই দেখিয়া অম্বিকা মনে মনে হাসিলেন। বিপদের দিনে অসহায় বালকের ন্যায় বিনোদ তাঁহার উপরে এমন একাস্ত নির্ভর করিয়াছে যে, তাহার প্রতি তাঁহার দয়ার উদ্রেক হইয়াছে— এখন তাহাকে তিনি কিছুতেই ত্যাগ করিতে পারেন না। তিনি মনে করিতেছিলেন, তাঁহার নিজের বিষয় আবদ্ধ রাখিয়া টাকা উঠাইবার চেষ্টা করিবেন। কিস্ত

हेक्सांगी डांहां कि माथांत्र पिवा पित्रा विषान, "हेहां जात जूमि हो जिए पातिरव ना।"

অম্বিকাচরণ বড়ো ইভস্ততের মধ্যে পড়িয়া ভাবিতে বসিয়া গেলেন। তিনি ইন্দ্রাণীকে আন্তে আন্তে বৃঝাইবার যতই চেটা করিতে লাগিলেন ইন্দ্রাণী কিছুতেই তাঁহাকে কথা কহিতে দিল না। অবশেষে অম্বিকা কিছু বিমর্ষ হইয়া, গম্ভীর হইয়া, নিঃশব্দে বসিয়া রহিলেন।

তখন ইন্দ্রণী লোহার সিন্দুক থূলিয়া তাহার সমস্ত গহনা একটি বৃহং থালায় ভূপাকার করিল এবং সেই গুরুভার থালাটি বছকটে তৃই হত্তে তুলিয়া ঈষং হাসিয়া তাহার স্বামীর পায়ের কাছে রাখিল।

পিতামহের একমাত্র ক্ষেহের ধন ইক্রাণী পিতামহের নিকট হইতে জন্মাবধি বংসরে বংসরে অনেক বহুমূল্য অলংকার উপহার পাইয়া আলিয়াছে; মিতাচারী স্বামীরও জীবনের অধিকাংশ সঞ্চয় এই সন্তানহীন রমণীর ভাগুরে অলংকাররপে রূপান্তরিত হইয়াছে। সেই সমন্ত স্বর্ণমাণিক্য স্বামীর নিকট উপস্থিত করিয়া ইক্রাণী কহিল, "আমার এই গহনাগুলি দিয়া আমার পিতামহের দত্ত দান উদ্ধার করিয়া আমি পুন্র্বার তাঁহার প্রভূবংশকে দান করিব!"

এই বলিয়া সে সজল চক্ষ্ মুদ্রিত করিয়া মন্তক নত করিয়া কল্পনা করিল, তাহার সেই বিরশগুলকেশধারী, সরলস্করম্থচ্ছবি, শান্তস্নেহহাস্তময়, ধীপ্রদীপ্ত উজ্জলগোর-কান্তি বৃদ্ধ পিতামছ এই মৃহুর্তে এথানে উপস্থিত আছেন এবং তাহার নত মন্তকে শীতল স্নেহহন্ত রাখিয়া তাহাকে নীরবে আশীর্বাদ করিতেছেন।

বাঁকাগাড়ি পরগনা পুনশ্চ ক্রয় হইয়া গেলে, তথন প্রতিজ্ঞা ভঙ্গ করিয়া গতভূষণা ইন্দ্রাণী আবার নয়নতারার অন্তঃপুরে নিমন্ত্রণে গমন করিল। আর তাহার মনে কোনো অপমান-বেদনা রহিল না।

व्यायां ५००२

ক্ষুধিত পাষাণ

আমি এবং আমার আত্মীয় পূজার ছুটিতে দেশভ্রমণ সারিয়া কলিকাতায় ফিরিয়া আসিতেছিলাম, এমন সময় রেলগাড়িতে বাব্টির সঙ্গে দেখা হয়। তাঁহার বেশভ্ষা দেथिया প্রথমটা তাঁহাকে পশ্চিমদেশীয় মুসলমান বলিয়া ভ্রম ছইয়াছিল। তাঁহার कथावार्ज छनिया जाता धाँधा नाशिया यात्र। शृथिवीत नकन विषद्यहे अपन कत्रिया আলাপ করিতে লাগিলেন, যেন তাঁহার সহিত প্রথম পরামর্শ করিয়া বিশ্ববিধাতা সকল কাজ করিয়া থাকেন। বিশ্বসংসারের ভিতরে ভিতরে যে এমন-সকল অশ্রতপূর্ব নিগৃঢ় ঘটনা ঘটিতেছিল, রুশিয়ানরা যে এতদূর অগ্রসর হইয়াছে, ইংরাজদের যে এমন-সকল গোপন মতলব আছে, দেশীয় রাজাদের মধ্যে যে একটা থিচুড়ি পাকিয়া উঠিয়াছে, এ-সমস্ত কিছুই না জানিয়া আমরা সম্পূর্ণ নিশ্চিস্ত হইষ্না ছিলাম। আমাদের নবপরিচিত আলাপীটি ঈষং হাসিয়া কহিলেন: There happen more things in heaven and earth, Horatio, than are reported in your newspapers. আমরা এই প্রথম ঘর ছাড়িয়া বাহির হইয়াছি, স্বতরাং লোকটির রকমসকম দেখিয়া অবাক হইয়া গেলাম। লোকটা সামান্ত উপলক্ষে কখনো বিজ্ঞান বলে, কখনো বেদের ব্যাখ্যা করে, আবার হঠাং কখনো পার্সি বয়েত আওড়াইতে থাকে। বিজ্ঞান বেদ এবং পার্গিভাষায় আমাদের কোনোরপ অধিকার না থাকাতে তাঁহার প্রতি আমাদের ভক্তি উত্তরোত্তর বাড়িতে লাগিল। এমন-কি, আমার থিয়সফিন্ট্ আত্মীয়টির মনে দৃঢ় বিশ্বাস হইল যে, আমাদের এই সহযাত্রীর সহিত কোনো এক রকমের অলৌকিক ব্যাপারের কিছু-একটা যোগ আছে; কোনো একটা অপূর্ব ম্যাগ্নেটিজ্ম্ অথবা দৈবশক্তি, অথবা স্ক্র শরীর, অথবা ঐ ভাবের একটা-কিছু। তিনি এই অসামান্ত লোকের সমস্ত সামান্ত कथा ७ जिक्क निष्या मुक्क विकास कि निष्य আমার ভাবে বোধ হইল, অসামান্ত ব্যক্তিটিও গোপনে তাহা বুঝিতে পারিয়াছিলেন **এবং किছू थूमि इरे**शाहिलन।

গাড়িট আসিয়া জংশনে থামিলে আমরা দ্বিতীয় গাড়ির অপেক্ষায় ওয়েটিংক্রমে সমবেত হইলাম। তথন রাত্রি সাড়ে দশটা। পথের মধ্যে একটা কী ব্যাঘাত হওয়াতে গাড়ি অনেক বিলম্বে আসিবে শুনিলাম। আমি ইতিমধ্যে টেবিলের উপর বিছানা পাতিয়া ঘুমাইব দ্বির করিয়াছি, এমন সময়ে সেই অসামাক্ত ব্যক্তিটি নিম্নলিখিত গল্প

ফাঁদিয়া বসিলেন। সে রাত্রে আমার আর ঘুম হইল না।

রাজ্যচালনা সম্বন্ধে ত্ই-একটা বিষয়ে মতান্তর হওয়াতে আমি জুনাগড়ের কর্ম ছাড়িয়া দিয়া হাইদ্রাবাদে যখন নিজাম-সরকারে প্রবেশ করিলাম তখন আমাকে অল্ল-বয়ক্ষ ও মজবুত লোক দেখিয়া প্রথমে বরীচে তুলার মাশুল-আদায়ে নিযুক্ত করিয়া দিল।

বরীচ জায়গাটি বড়ো রমণীয়। নির্জন পাহাড়ের নীচে বড়ো বড়ো বনের ভিতর দিয়া শুস্তা নদীটি (সংস্কৃত স্বচ্ছতোয়ার অপভ্রংশ) উপলম্পরিত পথে নিপুণা নর্তকীর মতো পদে পদে বাঁকিয়া বাঁকিয়া ক্রত নৃত্যে চলিয়া গিয়াছে। ঠিক সেই নদীর ধারেই পাথর-বাঁধানো দেড়-শত-সোপান-ময় অত্যুক্ত ঘাটের উপরে একটি শ্বেতপ্রস্তরের প্রাসাদ শৈলপদমূলে একাকী দাড়াইয়া আছে— নিকটে কোথাও লোকালয় নাই। বরীচের তুলার হাট এবং গ্রাম এথান হইতে দ্রে।

প্রায় আড়াই শত বংসর পূর্বে দ্বিতীয় শা-মামুদ ভোগবিলাসের জন্ম প্রাসাদটি এই নির্জন স্থানে নির্মাণ করিয়াছিলেন। তথন হইতে স্নানশালার ফোয়ারার মৃথ হইতে গোলাপগন্ধী জ্বলধারা উৎক্ষিপ্ত হইতে থাকিত এবং সেই শীকরশীতল নিভূত গৃহের মধ্যে মর্মর্থচিত স্মিন্ধ শিলাসনে বসিয়া কোমল নগ্ন পদপল্পব জ্বলাশয়ের নির্মল জ্বানার মধ্যে প্রসারিত করিয়া তরুণী পারসিক রমণীগণ স্নানের পূর্বে কেশ মৃক্ত করিয়া দিয়া সেতার-কোলে ডাক্ষাবনের গজ্ব গান করিত।

এখন আর সে ফোয়ারা থেলে না, সে গান নাই, সাদা পাথরের উপর শুল চরণের স্থলর আঘাত পড়ে না— এখন ইহা আমাদের মতো নির্জনবাসপীড়িত সঞ্চিনীহীন মাশুল-কালেক্টরের অতি বৃহৎ এবং অতি শুল বাসন্থান। কিন্তু আপিসের বৃদ্ধ কেরানি করিম থা আমাকে এই প্রাসাদে বাস করিতে বারম্বার নিষেধ করিয়াছিল। বলিয়াছিল, ইচ্ছা হয় দিনের বেলা থাকিবেন, কিন্তু কখনো এখানে রাত্রিমাপন করিবেন না। আমি হাসিয়া উড়াইয়া দিলাম। ভৃত্যেরা বলিল, তাহারা সদ্ধ্যা পর্যন্ত কাজ করিবে, কিন্তু রাত্রে এখানে থাকিবে না। আমি বলিলাম, তথান্ত। এ বাড়িয় এমন বদনাম ছিল যে, রাত্রে চোরও এখানে আসিতে সাহস করিত না।

প্রথম প্রথম আসিয়া এই পরিত্যক্ত পাষাণপ্রাসাদের বিজনতা আমার বুকের উপর যেন একটা ভয়ংকর ভারের মতো চাপিয়া থাকিত, আমি যতটা পারিতাম বাহিরে থাকিয়া অবিশ্রাম কাজকর্ম করিয়া রাত্রে ঘরে ফিরিয়া শ্রাস্তদেহে নিদ্রা দিতাম।

কিন্তু সপ্তাহখানেক না যাইতেই বাড়িটার এক অপূর্ব নেশা আমাকে ক্রমশ আক্রমণ

করিয়া ধরিতে লাগিল। আমার সে অবস্থা বর্ণনা করাও কঠিন এবং সে কথা লোককে বিশ্বাস করানোও শক্ত। সমস্ত বাড়িটা একটা সজীব পদার্থের মতো জামাকে তাহার জঠরন্থ মোহরসে অল্পে অল্পে যেন জীর্ণ করিতে লাগিল।

বোধ হয় এ বাড়িতে পদার্পণমাত্রেই এ প্রক্রিয়ার আরম্ভ হইয়াছিল— কিন্তু আমি যেদিন সচেতনভাবে প্রথম ইহার স্থ্রপাত অত্মভব করি সেদিনকার কথা আমার স্পষ্ট মনে আছে।

তখন গ্রীম্মকালের আরম্ভে বাজার নরম; আমার হাতে কোনো কাজ ছিল না।
সুর্যান্তের কিছু পূর্বে আমি সেই নদীতীরে ঘাটের নিম্নতলে একটা আরাম-কেদারা লইয়া
বিদিয়াছি। তথন শুস্তানদী শীর্ণ হইয়া আসিয়াছে; ও পারে অনেকখানি বালুতট
অপরাষ্কের আভায় রঙিন হইয়া উঠিয়াছে, এ পারে ঘাটের সোপানমূলে স্বচ্ছ অগভীর
জলের তলে মুড়িগুলি ঝিক্ ঝিক্ করিতেছে। সেদিন কোথাও বাতাস ছিল না।
নিকটের পাহাড়ে বনতুলসী পুদিনা ও মৌরির জন্দল হইতে একটা ঘন স্থান্ধ উঠিয়া
স্থির আকাশকে ভারাক্রান্ত করিয়া রাথিয়াছিল।

স্থ যথন গিরিশিথরের অন্তরালে অবতীর্ণ ইইল তৎক্ষণাৎ দিবসের নাট্যশালার একটা দীর্ঘ ছায়াযবনিকা পড়িয়া গেল— এখানে পর্বতের ব্যবধান থাকাতে স্থান্তের সময় আলো আঁধারের সম্মিলন অধিকক্ষণ স্থায়ী হয় না। ঘোড়ায় চড়িয়া একবার ছুটিয়া বেড়াইয়া আসিব মনে করিয়া উঠিব-উঠিব করিতেছি, এমন সময়ে সিঁড়িতে পারের শব্দ শুনিতে পাইলাম। পিছনে ফিরিয়া দেখিলাম, কেহ নাই।

ইন্দ্রিয়ের ভ্রম মনে করিয়া পুনরায় ফিরিয়া বসিতেই একেবারে অনেকগুলি পায়ের শব্দ শোনা গেল, যেন অনেকে মিলিয়া ছুটাছুটি করিয়া নামিয়া আসিতেছে। ঈয়ং ভয়ের সহিত এক অপরপ পুলক মিল্রিত হইয়া আমার সর্বান্ধ পরিপূর্ণ করিয়া তুলিল। যদিও আমার সন্মুথে কোনো মুর্তি ছিল না তথাপি স্পষ্ট প্রত্যক্ষবং মনে হইল যে, এই গ্রীমের সায়াহে একদল প্রমোদচকল নারী শুস্তার জলের মধ্যে স্নান করিতে নামিয়াছে। যদিও সেই সন্ধ্যাকালে নিস্তন্ধ গিরিতটে, নদীতীরে, নির্জন প্রাসাদে কোথাও কিছুমাত্র শব্দ ছিল না, তথাপি আমি যেন স্পষ্ট শুনিতে পাইলাম নির্করের শতধারার মতো সকৌতুক কলহাস্তের সহিত পরস্পরের ক্রত অমুধাবন করিয়া আমার পার্ম দিয়া স্নানার্থিনীরা চলিয়া গেল। আমাকে যেন লক্ষ্য করিল না। তাহারা যেমন আমার নিকট অদৃশ্রু, আমিও যেন সেইরপ তাহাদের নিকট অদৃশ্রু। নদী পূর্ববং স্থির ছিল, কিন্তু আমার নিকট স্পষ্ট বোধ হইল, স্বচ্ছতোয়ার অগভীর স্রোত্ত অনেকগুলি বলয়ালিঞ্জিত বাছবিক্ষেপে বিক্ষ্ম হইয়া উঠিয়াছে; হাসিয়া হাসিয়া সথীগণ পরস্পরের

গায়ে জল ছুঁড়িয়া মারিতেছে, এবং সম্ভরণকারিণীদের পদাঘাতে জলবিন্দুরাশি মৃক্তামৃষ্টির মতো আকাশে ছিটিয়া পড়িতেছে।

আমার বক্ষের মধ্যে একপ্রকার কম্পন হইতে লাগিল; সে উত্তেজনা ভয়ের কি আনন্দের কি কৌতৃহলের, ঠিক বলিতে পারি না। বড়ো ইচ্ছা হইতে লাগিল ভালো করিয়া দেখি, কিন্তু সম্মুখে দেখিবার কিছুই ছিল না; মনে হইল ভালো করিয়া কান পাতিলেই উহাদের কথা সমস্তই স্পষ্ট শোনা যাইবে, কিন্তু একাস্তমনে কান পাতিয়া কেবল অরণ্যের ঝিল্লিরব শোনা যায়। মনে হইল, আড়াই শত বৎসরের ক্লম্বর্ণ যবনিকা ঠিক আমার সম্মুখে ত্লিতেছে— ভয়ে ভয়ে একটি ধার তুলিয়া ভিতরে দৃষ্টিপাত করি— সেখানে বৃহৎ সভা বিসম্বাছে, কিন্তু গাঢ় অন্ধকারে কিছুই দেখা যায় না।

হঠাৎ গুমট ভাঙিয়া হ হ করিয়া একটা বাতাস দিল— শুস্তার স্থির জলতল দেখিতে দেখিতে অপ্সরীর কেশদামের মতো কৃঞ্চিত হইয়া উঠিল, এবং সন্ধ্যাছায়াছ্য সমস্ত বনভূমি এক মৃহুর্তে একসঙ্গে মর্মরধ্বনি করিয়া যেন তৃঃস্বপ্ন হইতে জাগিয়া উঠিল। স্বপ্নই বল আর সত্যই বল, আড়াই শত বংসরের অতীত ক্ষেত্র হইতে প্রতিফলিত হইয়া আমার সম্মুখে যে এক অদৃশ্য মরীচিকা অবতীর্ণ হইয়াছিল তাহা চকিতের মধ্যে অন্তর্হিত হইল। যে মায়াময়ীরা আমার গায়ের উপর দিয়া দেহহীন ক্রতপদে শন্ধহীন উচ্চকলহান্তে ছুটিয়া শুস্তার জলের উপর গিয়া ঝাঁপ দিয়া পড়িয়াছিল তাহারা সিক্ত অঞ্চল হইতে জল নিন্ধণ করিতে করিতে আমার পাশ দিয়া উঠিয়া গেল না। বাতাসে যেমন করিয়া গদ্ধ উড়াইয়া লইয়া যায়, বসন্তের এক নিশ্বাসে তাহারা তেমনি করিয়া উড়িয়া চলিয়া গেল।

তখন আমার বড়ো আশকা হইল যে, হঠাং বুঝি নির্জন পাইয়া কবিতাদেবী আমার ক্ষেত্রে আসিয়া ভর করিলেন; আমি বেচারা তুলার মাণ্ডল আদায় করিয়া খাটয়া খাই, সর্বনাশিনী এইবার বুঝি আমার মৃণ্ডপাত করিতে আসিলেন। ভাবিলাম, ভালো করিয়া আহার করিতে হইবে; শৃ্যু উদরেই সকল প্রকার হরারোগ্য রোগ আসিয়া চাপিয়া ধরে। আমার পাচকটিকে ডাকিয়া প্রচুরম্বতপক মসলা-স্থান্ধি রীতিমত মোগলাই খানা হতুম করিলাম।

পরদিন প্রাতঃকালে সমস্ত ব্যাপারটি পরম হাস্মজনক বলিয়া বোধ হইল। জানন্দমনে সাহেবের মতো সোলাটুপি পরিয়া, নিজের হাতে গাড়ি হাঁকাইয়া, গড় গড় শব্দে আপন তদস্তকার্ধে চলিয়া গেলাম। সেদিন ত্রৈমাসিক রিপোর্ট্ লিখিবার দিন থাকাতে বিলম্বে বাড়ি ফিরিবার কথা। কিন্তু সন্ধ্যা হইতে না হইতেই জামাকে বাড়ির দিকে টানিতে লাগিল। কে টানিতে লাগিল বলিতে পারি না; কিন্তু মনে হইল, আর বিলম্ব করা

উচিত হয় না। মনে হইল, সকলে বদিয়া আছে। রিপোর্ট অসমাপ্ত রাখিয়া সোলার টুপি মাথায় দিয়া সেই সন্ধ্যাধ্সর তরুচ্ছায়াঘন নির্জন পথ রথচক্রশব্দে সচকিত করিয়া সেই অন্ধকার শৈলান্তবর্তী নিস্তন্ধ প্রকাণ্ড প্রাসাদে গিয়া উত্তীর্ণ হইলাম।

সিঁ ড়ির উপরে সম্মুখের ঘরটি অতি বৃহৎ। তিন সারি বড়ো বড়ো থামের উপর কারুকার্যথচিত থিলানে বিস্তীর্ণ ছাদ ধরিয়া রাথিয়াছে। এই প্রকাণ্ড ঘরটি আপনার বিপুল শৃত্যতাভরে অহর্নিশি গম্ গম্ করিতে থাকে। সেদিন সন্ধ্যার প্রাকালে তথনো প্রদীপ জালানো হয় নাই। দরজা ঠেলিয়া আমি সেই বৃহৎ ঘরে যেমন প্রবেশ করিলাম অমনি মনে হইল ঘরের মধ্যে যেন ভারি একটা বিপ্লব বাধিয়া গেল— যেন হঠাৎ সভা ভঙ্গ করিয়া চারি দিকের দরজা জানলা ঘর পথ বারান্দা দিয়া কে কোন্ দিকে পলাইল তাহার ঠিকানা নাই। আমি কোথাও কিছু না দেখিতে পাইয়া অবাক হইয়া দাঁড়াইয়া রহিলাম। শরীর একপ্রকার আবেশে রোমাঞ্চিত হইয়া উঠিল। যেন বহুদিবসের লুপ্তাবশিষ্ট মাথাঘষা ও আতরের মৃত্ গন্ধ আমার নাসার মধ্যে প্রবেশ করিতে লাগিল। আমি সেই দীপহীন জনহীন প্রকাণ্ড ঘরের প্রাচীন প্রস্তরস্তম্ভশ্রেণীর মাঝখানে দাঁড়াইয়া শুনিতে পাইলাম— ঝঝর শব্দে ফোয়ারার জল সাদা পাথরের উপরে আসিয়া পড়িতেছে, সেতারে কী স্থর বাজিতেছে বুঝিতে পারিতেছি না, কোথাও বা স্বর্ণভূষণের শিঞ্জিত, কোথাও বা নৃপুরের নিষ্কণ, কখনো বা বৃহৎ তাম্রঘণ্টায় প্রহর বাজিবার শব্দ, অতি দূরে নহবতের আলাপ, বাতালে দোহল্যমান ঝাড়ের ফটিকদোলকগুলির ঠুন্ ঠুন্ ধ্বনি, বারান্দা হইতে থাঁচার ব্লব্লের গান, বাগান হইতে পোষা সারসের ডাক আমার চতুদিকে একটা প্রেতলোকের রাগিণী সৃষ্টি করিতে লাগিল।

আমার এমন একটা মোহ উপস্থিত হইল, মনে হইল, এই অস্পৃষ্ঠ অগম্য অবাস্তব ব্যাপারই জগতে একমাত্র সত্য; আর সমস্তই মিথ্যা মরীচিকা। আমি যে আমি—অর্থাৎ আমি যে শ্রীযুক্ত অমুক, ৺অমুকের জ্যেষ্ঠ পুত্র, তুলার মান্তল সংগ্রহ করিয়া সাড়ে চার-শো টাকা বেতন পাই, আমি যে সোলার টুপি এবং থাটো কোর্তা পরিয়া টম্টম্ ইাকাইয়া আপিস করিতে যাই, এ-সমস্তই আমার কাছে এমন অদ্ভূত হাস্তকর অমূলক মিথ্যা কথা বলিয়া বোধ হইল যে, আমি সেই বিশাল নিস্তব্ধ অন্ধকার ঘরের মাঝখানে দাঁড়াইয়া হা হা করিয়া হাসিয়া উঠিলাম।

তথনই আমার মৃসলমান ভূত্য প্রজ্জনিত কেরোসিন ল্যাম্প হাতে করিয়া ঘরের মধ্যে প্রকেশ করিল। সে আমাকে পাগল মনে করিল কি না জানি না, কিন্তু তৎক্ষণাৎ আমার স্মরণ হইল যে, আমি ৺অমৃকচন্দ্রের জ্যেষ্ঠ পুত্র শ্রীযুক্ত অমৃকনাথ বটে; ইহাও মনে করিলাম যে, জগতের ভিতরে অথবা বাহিরে কোথাও অমুর্ত ফোরারা নিত্যকাল

উৎসারিত ও অনৃশ্র অকৃলির আঘাতে কোনো মায়া-সেতারে অনস্ক রাগিণী ধ্বনিত হইতেছে কি না তাহা আমাদের মহাকবি এবং কবিবরেরাই বলিতে পারেন, কিন্তু এ কথা নিশ্চয় সত্য যে, আমি বরীচের হাটে তুলার মাশুল আদায় করিয়া মাসে সাড়ে চার-শো টাকা বেতন লইয়া থাকি। তথন আবার আমার পূর্বক্ষণের অদ্ভূত মোহ স্মরণ করিয়া কেরোসিন-প্রদীপ্ত ক্যাম্প্টেবিলের কাছে থবরের কাগজ লইয়া সকোতৃকে হাসিতে লাগিলাম।

থবরের কাগজ পড়িরা এবং মোগলাই থানা থাইরা একটি ক্ষুদ্র কোণের ঘরে প্রদীপ নিবাইরা দিয়া বিছানায় গিয়া শয়ন করিলাম। আমার সম্থবর্তী থোলা জানালার ভিতর দিয়া অন্ধকার বনবেষ্টিত আরালী পর্বতের উর্পন্দেশের একটি অত্যুজ্জল নক্ষত্র কোটি যোজন দ্র আকাশ হইতে সেই অতিতৃক্ত ক্যাম্প্থাটের উপর প্রীযুক্ত মাশুল-কালেক্টরকে একদৃষ্টে নিরীক্ষণ করিয়া দেখিতেছিল ইহাতে আমি বিশ্বয় ও কৌতৃক অহুভব করিতে করিতে কখন ঘুমাইয়া পড়িয়াছিলাম বলিতে পারি না। কতক্ষণ ঘুমাইয়াছিলাম তাহাও জানি না। সহসা এক সময় শিহরিয়া জাগিয়া উঠিলাম; ঘরে যে কোনো শল হইয়াছিল তাহা নহে, কোনো যে লোক প্রবেশ করিয়াছিল তাহাও দেখিতে পাইলাম না। অন্ধকার পর্বতের উপর হইতে অনিমেষ নক্ষত্রটি অন্তমিত হইয়াছে এবং কৃষ্ণপক্ষের ক্ষীণচন্দ্রালোক অনধিকারসংকৃচিত মানভাবে আমার বাতায়নপথে প্রবেশ করিয়াছে।

কোনো লোককেই দেখিলাম না। তবু যেন আমার স্পষ্ট মনে হইল, কে একজন আমাকে আন্তে আন্তে ঠেলিতেছে। আমি জাগিয়া উঠিতেই সে কোনো কথা না বিলয়া কেবল যেন তাহার অঙ্গুরীথচিত পাঁচ অঙ্গুলির ইন্ধিতে অতি সাবধানে তাহার অনুসরণ করিতে আদেশ করিল।

আমি অত্যন্ত চুপিচুপি উঠিলাম। যদিও সেই শতকক্ষপ্রকোষ্ঠময় প্রকাণ্ডশৃন্মতাময়,
নিম্রিত ধ্বনি এবং সজাগ প্রতিধ্বনি -ময় বৃহৎ প্রাসাদে আমি ছাড়া আর জনপ্রাণীও
ছিল না তথাপি পদে পদে ভয় হইতে লাগিল, পাছে কেহ জাগিয়া উঠে। প্রাসাদের
অধিকাংশ ঘর রুদ্ধ থাকিত এবং সে-সকল ঘরে আমি কখনো যাই নাই।

সে রাত্রে নি:শব্দদিবিক্ষেপে সংযতনিশ্বাদে সেই অদৃশ্য-আহ্বান-রূপিণীর অনুসরণ করিয়া আমি যে কোথা দিরা কোথার যাইতেছিলাম, আজ তাহা স্পষ্ট করিয়া বলিতে পারি না। কৃত সংকীর্ণ অন্ধকার পথ, কত দীর্ঘ বারান্দা, কত গন্তীর নিস্তন্ধ স্বৃহৎ সভাগৃহ, কত কন্ধবায় ক্ষুত্র গোপন কন্ধ পার হইয়া যাইতে লাগিলাম তাহার ঠিকানা নাই।

আমার অদৃশ্য দ্তীটিকে যদিও চক্ষে দেখিতে পাই নাই, তথাপি তাহার মৃতি আমার মনের অগোচর ছিল না। আরব রমণী, ঝোলা আন্তিনের ভিতর দিয়া শ্বেত-প্রস্তররচিতবং কঠিন নিটোল হস্ত দেখা যাইতেছে, টুপির প্রাস্ত হইতে ম্থের উপরে একটি স্কা বসনের আবরণ পড়িয়াছে, কটিবজে একটি বাঁকা ছুরি বাঁধা।

আমার মনে হইল, আরব্য উপস্থাসের একাধিক সহস্র রজনীর একটি রজনী আজ উপস্থাসলোক হইতে উড়িয়া আসিয়াছে। আমি যেন অন্ধকার নিশীথে স্থপ্তিমগ্ন বোগদাদের নির্বাপিতদীপ সংকীর্ণ পথে কোনো এক সংকটসংকুল অভিসারে যাত্রা করিয়াছি।

অবশেষে আমার দৃতী একটি ঘননীল পর্দার সন্মুখে সহসা থমকিয়া দাঁড়াইয়া যেন নিম্নে অঙ্গুলি নির্দেশ করিয়া দেখাইল। নিম্নে কিছুই ছিল না, কিন্তু ভয়ে আমার বক্ষের রক্ত স্তন্তিত হইয়া গেল। আমি অন্তব করিলাম, সেই পর্দার সন্মুখে ভূমিতলে কিংখাবের-সাজ-পরা একটি ভীষণ কাফ্রি খোজা কোলের উপর খোলা তলোয়ার লইয়া ত্ই পা ছড়াইয়া দিয়া বসিয়া ঢুলিতেছে। দৃতী লঘুগতিতে তাহার ত্ই পা ডিঙাইয়া পর্দার এক প্রান্তদেশ তুলিয়া ধরিল।

ভিতর হইতে একটি পারশু-গালিচা-পাতা ঘরের কিয়দংশ দেখা গেল। তক্তের উপরে কে বিসিয়া আছে দেখা গেল না— কেবল জাফরান রঙের স্ফীত পায়জামার নিয়ভাগে জরির-চটি-পরা হইখানি ক্ষ্ম স্থলর চরণ গোলাপি মথমল-আসনের উপর অলসভাবে স্থাপিত রহিয়াছে দেখিতে পাইলাম। মেজের এক পার্থে একটি নীলাভ স্ফটিকপাত্রে কতকগুলি আপেল নাশপাতি নারাক্ষি এবং প্রচুর আঙুরে প্রগুছ সজ্জিত রহিয়াছে এবং তাহার পার্থে হইটি ছোটো পেয়ালা ও একটি স্থণাভ মদিরার কাচপাত্র অতিথির জন্ম অপেক্ষা করিয়া আছে। ঘরের ভিতর হইতে একটা অপ্র ধ্পের এক-প্রকার মাদক স্থান্ধি ধ্ম আসিয়া আমাকে বিহ্বল করিয়া দিল।

আমি কম্পিতবক্ষে সেই খোজার প্রসারিত পদম্বর যেমন লজ্যন করিতে গেলাম অমনি সে চমকিয়া জাগিয়া উঠিল— তাহার কোলের উপর হইতে তলোয়ার পাথরের মেজেয় শব্দ করিয়া পড়িয়া গেল।

সহসা একটা বিকট চীংকার শুনিয়া চমকিয়া দেখিলাম, আমার সেই ক্যাম্পথাটের উপরে ঘর্মাক্তকলেবরে বিদিয়া আছি, ভোরের আলোম্ব ক্ষণক্ষের থণ্ড-চাঁদ জাগরণ-ক্রিষ্ট রোগীর মতো পাণ্ড্রন হইয়া গেছে— এবং আমাদের পাগলা মেহের আলি তাহার প্রাত্যহিক প্রথা-অহসারে প্রত্যুবের জনশৃত্য পথে "তফাত যাও" "তফাত যাও" করিয়া চীৎকার করিতে করিতে চলিয়াছে।

এইরপে আমার আরব্য উপস্থাসের এক রাত্রি অকস্মাৎ শেষ হইল— কিন্তু এখনো এক সহস্র রক্ষনী বাকি আছে।

আমার দিনের শহিত রাত্রের ভারি একটা বিরোধ বাধিয়া গোল। দিনের বেলায় প্রান্তক্লান্তদেহে কর্ম করিতে যাইতাম এবং শৃত্যস্বপ্রময়ী মায়াবিনী রাত্রিকে অভিসম্পাত করিতে থাকিতাম, আবার সন্ধ্যার পরে আমার দিনের বেলাকার কর্মবন্ধ অস্তিত্বকে অত্যস্ত তুচ্ছ মিথ্যা এবং হাশ্রকর বলিয়া বোধ হইত।

সন্ধার পরে আমি একটা নেশার জালের মধ্যে বিহবলভাবে জড়াইরা পড়িতাম।
শত শত বংসর পূর্বেকার কোনো-এক অলিখিত ইতিহাসের অন্তর্গত আর-একটা অপূর্ব
ব্যক্তি হইরা উঠিতাম, তথন আর বিলাতি খাটো কোর্তা এবং আঁট প্যাণ্টলুনে আমাকে
মানাইত না। তথন আমি মাথার এক লাল মথমলের ফেজ তুলিয়া, ঢিলা পারজামা,
ফুলকাটা কাবা এবং রেশমের দীর্ঘ চোগা পরিয়া, রঙিন রুমালে আত্রর মাথিয়া, বহুযত্তে
সাজ করিতাম এবং সিগারেট ফেলিয়া দিয়া গোলাপজলপূর্ণ বহুকুগুলায়িত বৃহং আলবোলা লইয়া এক উচ্চগদিবিশিষ্ট বড়ো কেদারায় বসিতাম। যেন রাত্রে কোন্-এক
অপূর্ব প্রিয়্রসম্মিলনের জন্ত পরমাগ্রহে প্রস্তুত হইয়া থাকিতাম।

তাহার পর অন্ধকার যতই ঘনীভূত হইত ততই কী-যে এক অদ্ভূত ব্যাপার ঘটিতে থাকিত তাহা আমি বর্ণনা করিতে পারি না। ঠিক যেন একটা চমৎকার গল্পের কতক-গুলি ছিন্ন অংশ বসস্তের আকস্মিক বাতাসে এই বৃহৎ প্রাসাদের বিচিত্র ঘরগুলির মধ্যে উদ্বিদ্যা বেড়াইত। খানিকটা দূর পর্যন্ত পাওয়া যাইত তাহার পরে আর শেষ দেখা যাইত না। আমিও সেই ঘ্র্মান বিচ্ছিন্ন অংশগুলির অনুসরণ করিয়া সমস্ত রাত্রি ঘরে ঘরে ঘ্রিয়া বেড়াইতাম।

এই খণ্ডস্বপ্নের আবর্তের মধ্যে— এই কচিং হেনার গদ্ধ, কচিং সেতারের শন্ধ, কচিং স্থরভিজ্ঞলনীকরমিশ্র বায়ুর হিল্লোলের মধ্যে একটি নায়িকাকে ক্ষণে ক্ষণে বিত্যংশিখার মতো চকিতে দেখিতে পাইতাম। তাহারই জাফরান রঙের পায়জামা এবং ছটি শুল্র রক্তিম কোমল পায়ে বক্রনীর্ষ জ্বরির চটি পরা, বক্ষে অতিপিনদ্ধ জ্বরির ফুলকাটা কাঁচুলি আবদ্ধ, মাথায় একটি লাল টুপি এবং তাহা হইতে লোনার ঝালর ঝুলিয়া তাহার শুল্র লগাট এবং কপোল বেষ্টন করিয়াছে।

সে আমাকে পাগল করিয়া দিয়াছিল। আমি তাহারই অভিসারে প্রতি রাতে
নিদ্রার রসাতলরাজ্যে স্বপ্নের জটিলপথসংকুল মারাপুরীর মধ্যে গলিতে গলিতে কক্ষে
কক্ষে ভ্রমণ করিয়া বেড়াইয়াছি।

এক-একদিন मसात्र ममन वर्षा आमनात घ्रे मिरक घ्रे वां कि कानारेश यज्ञ पूर्वक

শাহজাদার মতো সাজ করিতেছি এমন সময় হঠাৎ দেখিতে পাইতাম, আয়নায় আমার প্রতিবিষের পার্যে ক্ষণিকের জন্ম সেই তরুণী ইরাণীর ছায়া আসিয়া পড়িল— পলকের মধ্যে গ্রীবা বাঁকাইয়া, তাহার ঘনক্ষ বিপুল চক্ষ্তারকায় স্থগভীর আবেগতীত্র বেদনাপূর্ণ আগ্রহকটাক্ষপাত করিয়া, সরস স্থলর বিশাধরে একটি অফুট ভাষার আভাসমাত্র দিয়া, লঘু ললিত নৃত্যে আপন যৌবনপুষ্পিত দেহলতাটিকে ক্রতবেগে উর্বাভিম্থে আবর্তিত করিয়া, মুহুর্তকালের মধ্যে বেদনা বাসনা ও বিভ্রমের, হাস্ত কটাক্ষ ও ভূষণজ্যোতির ফুলিঙ্গ বৃষ্টি করিয়া দিয়া, দর্পণেই মিলাইয়া গেল। গিরিকাননের সমস্ত দিত; আমি সাজসজ্জা ছাড়িয়া দিয়া, বেশগৃহের প্রান্তবর্তী শ্যাতলে পুলকিতদেহে মুদ্রিতনেত্রে শর্ম করিয়া থাকিতাম— আমার চারি দিকে সেই বাতাসের মধ্যে, সেই আরালী গিরিকুঞ্জের সমস্ত মিশ্রিত সৌরভের মধ্যে, যেন অনেক আদর অনেক চুম্বন অনেক কোমল করম্পর্শ নিভূত অন্ধকার পূর্ণ করিয়া ভাসিয়া বেড়াইত— কানের কাছে অনেক কলগুল্পন শুনিতে পাইতাম, আমার কপালের উপর হুগন্ধ নিখাস আসিয়া পড়িত, এবং আমার কপোলে একটি মৃত্সৌরভর্মণীয় স্থকোমল ওড়না বারম্বার উড়িয়া উড়িয়া আসিয়া স্পর্শ করিত। অল্পে অল্পে যেন একটি মোহিনী সর্পিণী তাহার মাদক-বেষ্টনে আমার স্বান্ধ বাধিয়া ফেলিত, আমি গাঢ় নিশাস ফেলিয়া অসাড় দেহে হুগভীর নিদ্রায় অভিভূত হইয়া পড়িতাম।

একদিন অপরাষ্ট্রে আমি ঘোড়ায় চড়িয়া বাহির হইব সংকল্প করিলাম— কে আমাকে নিষেধ করিতে লাগিল জানি না— কিন্তু সেদিন নিষেধ মানিলাম না। একটা কার্চদণ্ডে আমার সাহেবি হ্যাট এবং খাটো কোর্তা ছলিতেছিল, পাড়িয়া লইয়া পরিবার উপক্রম করিতেছি, এমন সময় শুন্তানদীর বালি এবং আরালী পর্বতের শুন্ধ পল্লবরাশির ধ্বজা তুলিয়া হঠাৎ একটা প্রবল ঘূর্ণাবাতাস আমার সেই কোর্তা এবং টুপি ঘুরাইতে ঘুরাইতে লইয়া চলিল এবং একটা অত্যন্ত স্থমিষ্ট কলহাস্থ সেই হাওয়ার সঙ্গে ঘুরিতে ঘুরিতে কৌতুকের সমস্ত পর্দায় পাদায় আঘাত করিতে করিতে উচ্চ হইতে উচ্চতর সপ্তকে উঠিয়া স্থাস্তলোকের কাছে গিয়া মিলাইয়া গেল।

সেদিন আর ঘোড়ায় চড়া হইল না এবং তাহার পরদিন হইতে সেই কৌতুকাবহ খাটো কোর্তা এবং সাহেবি হ্যাট পরা একেবারে ছাড়িয়া দিয়াছি।

আবার সেইদিন অর্ধরাত্তে বিছানার মধ্যে উঠিয়া বসিয়া গুনিতে পাইলাম কে যেন গুমরিয়া গুমরিয়া, বুক ফাটিয়া ফাটিয়া কাঁদিতেছে— যেন আমার থাটের নীচে, মেঝের নীচে, এই বৃহৎ প্রাসাদের পাষাণভিত্তির তলবর্তী একটা আর্দ্র অন্ধকার গোরের ভিতর হইতে কাঁদিয়া কাঁদিয়া বলিতেছে, 'তুমি আমাকে উদ্ধার করিয়া লইয়া যাও— কঠিন মায়া, গভীর নিদ্রা, নিক্ষল স্বপ্লের সমস্ত দ্বার ভাঙিয়া ফেলিয়া, তুমি আমাকে ঘোড়ায় তুলিয়া, তোমার ব্কের কাছে চাপিয়া ধরিয়া, বনের ভিতর দিয়া, পাহাড়ের উপর দিয়া, নদী পার হইয়া তোমাদের স্থালোকিত দরের মধ্যে আমাকে লইয়া যাও। আমাকে উদ্ধার করো।'

আমি কে! আমি কেমন করিরা উদ্ধার করিব। আমি এই ঘূর্ণ্যমান পরিবর্তমান স্বপ্নপ্রবাহের মধ্য হইতে কোন্ মজ্জ্মানা কামনাস্থলরীকে তীরে টানিয়া তুলিব। তুমি কবে ছিলে, কোথায় ছিলে হে দিব্যর্মপিণী। তুমি কোন্ শীতল উৎসের তীরে থর্জুর-কুঞ্জের ছায়ায় কোন গৃহহীনা মহুবাসিনীর কোলে জন্মগ্রহণ করিয়াছিলে। তোমাকে কোন্ বেছয়ীন দস্থ্য বনলতা হইতে পুষ্পকোরকের মতো মাতৃক্রোড় হইতে ছিন্ন করিয়া, বিছ্যৎগামী অশ্বের উপরে চড়াইয়া, জলস্ত বালুকারাশি পার হইয়া, কোন্ রাজপুরীর দাসীহাটে বিক্রমের জন্ম লইয়া গিয়াছিল। সেথানে কোন্ বাদশাহের ভূত্য তোমার নববিকশিত সলজ্জকাতর যৌবনশোভা নিরীক্ষণ করিয়া স্বর্ণমুদ্রা গনিয়া দিয়া, সমূদ্র পার হইয়া, তোমাকে সোনার শিবিকায় বসাইয়া, প্রভৃগৃহের অন্তঃপুরে উপহার দিয়াছিল। সেখানে সে কী ইতিহাস। সেই সারন্ধীর সংগীত, নৃপুরের নিরুণ এবং সিরাজের স্বর্ণমদিরার মধ্যে মধ্যে ছুরির ঝলক, বিষের জালা, কটাক্ষের আঘাত। কী অসীম ঐশ্বর্য, কী অনন্ত কারাগার। ত্ই দিকে তুই দাসী বলম্বের হীরকে বিজুলি খেলাইয়া চামর হুলাইতেছে। শাহেনশা বাদশা শুভ্র চরণের তলে মণিমুক্তাথচিত পাতৃকার কাছে লুটাইতেছে; বাহিরের দারের কাছে যমদূতের মতো হাবশি দেবদূতের মতো পাজ করিয়া, খোলা তলোয়ার হাতে দাঁড়াইয়া। তাহার পরে দেই রক্তকলুষিত ঈর্ধাফেনিল यप्रदेशः कुम ভीय (वाष्ट्रम अवर्था अवर्था का निमान इरेशा, कुमि मक्र क्मित अव्यास्त्री কোন নিষ্ঠুর মৃত্যুর মধ্যে অবতীণ অথবা কোন নিষ্ঠুরতর মহিমাতটে উৎক্ষিপ্ত श्रेश हिएन ?

এমন সময় হঠাৎ সেই পাগলা মেছের আলি চীৎকার করিয়া উঠিল, "তফাত যাও, তফাৎ যাও। সব ঝুট হ্যায়, সব ঝুট হ্যায়।" চাহিয়া দেখিলাম, সকাল হইয়াছে; চাপরাশি ডাকের চিঠিপত্র লইয়া আমার হাতে দিল এবং পাচক আসিয়া সেলাম করিয়া জিজ্ঞাসা করিল, আজু কিরূপ থানা প্রস্তুত করিতে হইবে।

আমি কহিলাম, না, আর এ বাড়িতে থাকা হয় না। সেইদিনই আমার জিনিসপত্র তুলিয়া আপিস-ঘরে গিয়া উঠিলাম। আপিসের বৃদ্ধ কেরানি করিম খা আমাকে দেখিয়া ঈষং হাসিল। আমি তাহার হাসিতে বিরক্ত হইয়া কোনো উত্তর না করিয়া কাজ করিতে লাগিলাম।

যত বিকাল হইয়া আসিতে লাগিল ততই অক্তমনস্ক হইতে লাগিলাম— মনে হইতে লাগিল, এখনই কোথায় যাইবার আছে— তুলার হিদাব পরীক্ষার কাজটা নিতান্ত অনাবশ্যক মনে হইল, নিজামের নিজামতও আমার কাছে বেশি কিছু বোধ হইল না— যাহা-কিছু বর্তমান, যাহা-কিছু আমার চারি দিকে চলিতেছে ফিরিতেছে থাটিতেছে থাইতেছে সমন্তই আমার কাছে অত্যন্ত দীন অর্থহীন অকিঞ্ছিৎকর বলিয়া বোধ হইল।

আমি কলম ছুঁড়িয়া ফেলিয়া, বৃহৎ থাতা বন্ধ করিয়া তৎক্ষণাৎ টম্টম্ চড়িয়া ছুটিলাম। দেখিলাম টম্টম্ ঠিক গোধূলিমুহুর্তে আপনিই সেই পাষাণ-প্রাদাদের দ্বারের কাছে গিয়া থামিল। জ্ঞতপদে দিঁড়িগুলি উত্তীর্ণ হইয়া ঘরের মধ্যে প্রবেশ করিলাম।

আজ সমস্ত নিস্তর্ধ। অন্ধকার ঘরগুলি যেন রাগ করিয়া মুখ ভার করিয়া আছে। অফুতাপে আমার হৃদয় উদ্বেলিত হইয়া উঠিতে লাগিল, কিন্তু কাহাকে জানাইব, কাহার নিকট মার্জনা চাহিব খুঁজিয়া পাইলাম না। আমি শৃশু মনে অন্ধকার ঘরে ঘরে ঘুরিয়া বেড়াইতে লাগিলাম। ইচ্ছা করিতে লাগিল একখানা যন্ত্র হাতে লইয়া কাহাকেও উদ্দেশ করিয়া গান গাহি; বলি, 'হে বহিং, যে পতক তোমাকে ফেলিয়া পলাইবার চেষ্টা করিয়াছিল, সে আবার মরিবার জন্ম আদিয়াছে। এবার তাহাকে মার্জনা করো, তাহার তুই পক্ষ দগ্ধ করিয়া দাও, তাহাকে ভস্মনাৎ করিয়া ফেলো।'

হঠাৎ উপর হইতে আমার কপালে ত্ই ফোঁটা অশ্রুজন পড়িল। সেদিন আরালী পর্বতের চূড়ার ঘনঘোর মেঘ করিয়া আসিয়াছিল। অন্ধকার অরণ্য এবং শুস্তার মসীবর্ণ জল একটি ভীষণ প্রতীক্ষার স্থির হইয়া ছিল। জলস্বল আকাশ সহসা শিহরিয়া উঠিল; এবং অকমাৎ একটা বিহ্যুদন্তবিকশিত ঝড় শৃঙ্খলছিয় উন্নাদের মতো পথহীন স্থদ্র বনের ভিতর দিয়া আর্ত চীংকার করিতে করিতে ছুটিয়া আসিল। প্রাসাদের বড়ো বড়ো শৃত্য ঘরগুলা সমস্ত দার আছড়াইয়া তীব্র বেদনায় হুল্ করিয়া কাঁদিতে লাগিল।

আজ ভূত্যগণ সকলেই আপিস-ঘরে ছিল, এখানে আলো জালাইবার কেই ছিল না।
সেই মেঘাচ্ছন্ন অমাবস্থার রাত্রে গৃহের ভিতরকার নিকষক্বন্ধ অন্ধকারের মধ্যে আমি স্পষ্ট
অহভব করিতে লাগিলাম— একজন রমণী পালঙ্কের তলদেশে গালিচার উপরে উপুড়
হইন্বা পড়িয়া তুই দৃঢ় বন্ধ মৃষ্টিতে আপনার আলুলান্বিত কেশদাল টানিয়া ছিঁড়িতেছে,

তাহার গৌরবর্ণ ললাট দিয়া রক্ত ফাটিয়া পড়িতেছে, কথনো দে শুদ্ধ তীত্র অট্টহাস্থে হাহা করিয়া হাসিয়া উঠিতেছে, কথনো ফুলিয়া ফুলিয়া ফাটিয়া ফাটিয়া কাদিতেছে, তুই হস্তে বক্ষের কাঁচুলি ছিঁড়িয়া ফেলিয়া অনাবৃত বক্ষে আঘাত করিতেছে, মৃক্ত বাতায়ন দিয়া বাতাস গর্জন করিয়া আসিতেছে এবং ম্যলধারে বৃষ্টি আসিয়া তাহার সর্বান্ধ অভিষিক্ত করিয়া দিতেছে।

সমস্ত রাজি ঝড়ও থামে না, ক্রন্দনও থামে না। আমি নিম্ফল পরিতাপে ঘরে ঘরে অদ্ধকারে ঘুরিয়া বেড়াইতে লাগিলাম। কেহ কোথাও নাই; কাহাকে সাম্বনা করিব। এই প্রচণ্ড অভিমান কাহার। এই অশান্ত আক্ষেপ কোথা হইতে উথিত হইতেছে।

পাগল চীংকার করিয়া উঠিল, "তফাত যাও, তফাত যাও! সব ঝুট হ্যায়, স্ব ঝুট হ্যায়।"

দেখিলাম ভোর হইয়াছে এবং মেহের আলি এই ঘোর ত্র্যোগের দিনেও যথানিয়্মে প্রাদাদ প্রদক্ষিণ করিয়া ভাষার অভ্যন্ত চীৎকার করিতেছে। হঠাৎ আমার মনে হইল, হয়ভো ওই মেহের আলিও আমার মতো এক সময় এই প্রাদাদে বাস করিয়াছিল, এখন পাগল হইয়া বাহির হইয়াও এই পাষাণ-রাক্ষসের মোহে আরুষ্ট হইয়া প্রত্যহ প্রত্যুষে প্রদক্ষিণ করিতে আসে।

আমি তৎক্ষণাৎ সেই বৃষ্টিতে পাগলার নিকট ছুটিয়া গিয়া তাহাকে জিজ্ঞাসা করিলাম, "মেহের আলি, ক্যা ঝুট হ্যায় রে ?"

দে আমার কথায় কোনো উত্তর না করিয়া আমাকে ঠেলিয়া ফেলিয়া অজগরের কবলের চতুর্দিকে ঘূর্যান মোহাবিষ্ট পক্ষীর স্থায় চীৎকার করিতে করিতে বাড়ির চারি দিকে ঘূরিতে লাগিল। কেবল প্রাণপণে নিজেকে সতর্ক করিবার জন্ম বারম্বার বলিতে লাগিল, "তফাত যাও, তফাত যাও, সব ঝুট হ্যায়, সব ঝুট হ্যায়।"

আমি সেই জলঝড়ের মধ্যে পাগলের মতো আপিসে গিয়া করিম থাঁকে ডাকিয়া বলিলাম, "ইহার অর্থ কী আমায় খুলিয়া বলো।"

বৃদ্ধ যাহা কহিল তাহার মর্মার্থ এই: একসময় ওই প্রাসাদে অনেক অনৃপ্ত বাসনা, অনেক উন্মন্ত সন্তোগের শিখা আলোড়িত হই ত— সেই-সকল চিন্তদাহে, সেই-সকল নিক্ষল কামনার অভিশাপে এই প্রাসাদের প্রত্যেক প্রন্তর্যও ক্ষার্ভ হইয়া আছে; সজীব মাহ্ম পাইলে তাহাকে লালান্থিত পিশাচীর মতো থাইয়া ফেলিতে চান্ন। যাহারা ত্রিরাত্রি ওই প্রাসাদে বাস করিয়াছে, তাহাদের মধ্যে কেবল মেহের আলি পাগল হইন্না বাহির হইন্না আসিন্নাছে, এ পর্যন্ত আরু কেহ তাহার গ্রাস এড়াইতে পারে নাই।

আমি জিজ্ঞাসা করিলাম, "আমার উদ্ধারের কি কোনো পথ নাই।"

বৃদ্ধ কহিল, "একটিমাত্র উপায় আছে তাহা অত্যন্ত হ্রহ। তাহা তোমাকে বলিতেছি— কিন্তু তৎপূর্বে ওই গুলবাগের একটি ইরানী ক্রীতদাসীর পুরাতন ইতিহাস বলা আবশুক। তেমন আশ্চর্য এবং তেমন হৃদয়বিদারক ঘটনা সংসারে আর কখনো ঘটে নাই।"

এমন সময় কুলিরা আলিয়া খবর দিল, গাড়ি আলিতেছে। এত শীন্ত্র প্রতাতি তিছানাপত্র বাঁধিতে বাঁধিতে গাড়ি আলিয়া পড়িল। সে গাড়ির ফার্ফ ক্লাসে একজন স্থপ্তোত্মিত ইংরাজ জানলা হইতে মুখ বাড়াইয়া স্টেশনের নাম পড়িবার চেষ্টা করিতেছিল, আমাদের সহ্যাত্রী বন্ধুটিকে দেখিয়াই 'হ্যালো' বলিয়া চীৎকার করিয়া উঠিল এবং নিজের গাড়িতে তুলিয়া লইল। আমরা সেকেণ্ড ক্লাসে উঠিলাম। বাব্টি কে খবর পাইলাম না, গল্পেরও শেষ শোনা হইল না।

আমি বলিলাম লোকটা আমাদিগকে বোকার মতো দেখিরা কৌতুক করিরা ঠকাইয়া গেল; গল্পটা আগাগোড়া বানানো।

এই তর্কের উপলক্ষে আমার থিয়সফিস্ট আত্মীয়টির সহিত আমার জন্মের মতো বিচ্ছেদ ঘটয়া গেছে।

শ্রাবণ ১৩০২

অতিথি

প্রথম পরিচ্ছেদ

কাঁঠালিয়ার জমিদার মতিলালবার নৌকা করিয়া সপরিবারে স্বদেশে যাইতেছিলেন।
পথের মধ্যে মধ্যাহ্নে নদীতীরের এক গঞ্জের নিকট নৌকা বাঁধিয়া পাকের আয়োজন
করিতেছেন এমন সময় এক ব্রাহ্মণবালক আসিয়া জিজ্ঞাসা করিল, "বার্, তোমরা যাচ্ছ কোথায়?"

প্রশ্নকর্তার বয়স পনেরো-যোলোর অধিক হইবে না।
মতিবাবু উত্তর করিলেন, "কাঁঠালে।"
ব্যাহ্মণবাসক কহিল, "আমাকে পথের মধ্যে ননীগাঁয়ে নাবিয়ে দিতে পার?"

বাবু সমতি প্রকাশ করিয়া জিজ্ঞাসা করিলেন, "তোমার নাম কী।" ব্রাহ্মণবালক কহিল, "আমার নাম তারাপদ।"

গৌরবর্ণ ছেলেটিকে বড়ো স্থন্দর দেখিতে। বড়ো বড়ো চক্ষু এবং হাস্তময় ওচাধরে একটি স্থলাভিত সৌরুমার্য প্রকাশ পাইতেছে। পরিধানে একখানি মলিন ধুতি। অনারত দেহথানি সর্বপ্রকার বাহল্যবজিত; কোনো শিল্পী যেন বহু যত্ত্বে নিথুত নিটোল করিয়া গড়িয়া দিয়াছেন। যেন সে পূর্বজন্মে তাপসবালক ছিল এবং নির্মল তপস্তার প্রভাবে তাহার শরীর হইতে শরীরাংশ বহুলপরিমাণে ক্ষয় হইয়া একটি সম্মাজিত ব্রাহ্মণ্যত্রী পরিফুট হইয়া উঠিয়াছে।

মতিশালবাব্ তাহাকে পরম স্নেহভরে কহিলেন, "বাবা, তুমি স্নান করে এসো, এইখানেই আহারাদি হবে।"

তারাপদ বলিল, "রোহ্মন।" বলিয়া তৎক্ষণাৎ অসংকোচে রন্ধনের আয়োজনে যোগদান করিল। মতিলালবাবুর চাকরটা ছিল হিন্দুখানী, মাছ কোটা প্রভৃতি কার্যে তাহার তেমন পটুতা ছিল না; তারাপদ তাহার কাজ নিজে লইয়া অক্সকালের মধ্যেই হুসম্পন্ন করিল এবং হুই-একটা তরকারিও অভ্যস্ত নৈপুণ্যের সহিত রন্ধন করিয়া দিল। পাককার্য শেষ হুইলে তারাপদ নদীতে স্নান করিয়া বোঁচকা খুলিয়া একটি শুল্র বস্ত্র পরিল; একটি ছোটো কাঠের কাঁকই লইয়া মাথার বড়ো বড়ো চুল কপাল হুইতে তুলিয়া গ্রীবার উপর ফেলিল এবং মার্জিত পইতার গোচ্ছা বক্ষে বিলম্বিত করিয়া নৌকায় মতিবাবুর নিকট গিয়া উপস্থিত হুইল।

মতিবাবু তাহাকে নৌকার ভিতরে লইয়া গেলেন। সেখানে মতিবাবুর স্থী এবং তাঁহার নবমবর্ষীয়া এক কন্তা বিসিয়া ছিলেন। মতিবাবুর স্থী অন্নপূর্ণা এই স্থন্দর বালকটিকে দেখিয়া স্নেহে উচ্ছুসিত হইয়া উঠিলেন— মনে মনে কহিলেন, আহা, কাহার বাছা, কোথা হইতে আসিয়াছে— ইহার মা ইহাকে ছাড়িয়া কেমন করিয়া প্রাণ ধরিয়া আছে।

যথাসময়ে মতিবাবু এবং এই ছেলেটির জন্ম পাশাপাশি হুইথানি আদন পড়িল। ছেলেটি তেমন ভোজনপটু নহে; অন্নপূর্ণা তাহার স্বল্প আহার দেখিয়া মনে করিলেন, সে লজ্জা করিতেছে; তাহাকে এটা ওটা খাইতে বিস্তর অহুরোধ করিলেন; কিছ যখন সে আহার হইতে নিরস্ত হইল তখন সে কোনো অহুরোধ মানিল না। দেখা গেল, ছেলেটি সম্পূর্ণ নিজের ইচ্ছা-অহুসারে কাজ করে, অথচ এমন সহজে করে যে তাহাতে কোনোপ্রকার জেদ বা গোঁ প্রকাশ পান্ন না। তাহার ব্যবহারে লজ্জার লক্ষণও লেশমাত্র দেখা গেল না।

সকলের আহারাদির পরে অন্নপূর্ণা তাহাকে কাছে বসাইন্না প্রশ্ন করিন্না তাহার ইতিহাস জানিতে প্রবৃত্ত হইলেন। বিস্তারিত বিবরণ কিছুই সংগ্রহ হইল না। মোট কথা এইটুকু জানা গেল, ছেলেটি সাত-আট বৎসর বৃহসেই স্বেচ্ছাক্রমে মর ছাড়িন্না পলাইন্না আসিয়াছে।

অন্নপূর্ণা প্রশ্ন করিলেন, "তোমার মা নাই ?"

তারাপদ কহিল, "আছেন।"

অম্পূর্ণা জিজ্ঞাসা করিলেন, "তিনি তোমাকে ভালোবাসেন না ?"

তারাপদ এই প্রশ্ন অত্যন্ত অন্তুত জ্ঞান করিয়া হাসিয়া উঠিয়া কহিল, "কেন ভালোবাসবেন না?"

অন্নপূর্ণা প্রশ্ন করিলেন, "তবে তুমি তাঁকে ছেড়ে এলে যে।"

তারাপদ কহিল, "তাঁর আরো চারটি ছেলে একং তিনটি নেয়ে আছে।"

অন্নপূর্ণা বালকের এই অদ্ভূত উত্তরে ব্যথিত হইয়া কহিলেন, "ওমা, সে কী কথা! পাঁচটি আঙুল আছে বলে কি একটি আঙুল ত্যাগ করা যায়।"

তারাপদর বয়স অল্প, তাহার ইতিহাসও সেই পরিমাণে সংক্ষিপ্ত, কিন্তু ছেলেটি সম্পূর্ব নৃতনতর। সে তাহার পিতামাতার চতুর্থ পুত্র, শৈশবেই পিতৃহীন হয়। বহু সন্তানের ঘরেও তারাপদ সকলের অত্যন্ত আদরের ছিল; মা ভাই বোন এবং পাড়ার সকলেরই নিকট হইতে সে অজস্র মেহ লাভ করিত। এমন-কি, গুরুমহাশন্ধও তাহাকে মারিত না; মারিলেও বালকের আত্মীরপর সকলেই তাহাতে বেদনা বোধ করিত। এমন অবস্থার তাহার গৃহত্যাগ করিবার কোনোই কারণ ছিল না। যে উপেক্ষিত রোগা ছেলেটা সর্বদাই চুরি-করা গাছের ফল এবং গৃহস্থ লোকদের নিকট তাহার চতুর্গুণ প্রতিফল খাইয়া বেড়ায় সেও তাহার পরিচিত গ্রামসীমার মধ্যে তাহার নির্ঘাতনকারিণী মার নিকট পড়িয়া রহিল, আর সমস্ত গ্রামের এই আদরের ছেলে একটা বিদেশী যাত্রার দলের সহিত মিলিয়া অকাতরচিত্তে গ্রাম ছাড়িয়া পলারন করিল।

সকলে থোঁজ করিয়া তাহাকে গ্রামে ফিরাইরা আনিল। তাহার মা তাহাকে বক্ষে চাপিয়া ধরিয়া অঞ্জলে আর্দ্র করিয়া দিল, তাহার বোনরা কাঁদিতে লাগিল; তাহার বড়ো ভাই পুরুষ-অভিভাবকের কঠিন কর্তব্য পালন উপলক্ষে তাহাকে মৃত্র রকম শাশন করিবার চেষ্টা করিয়া অবশেষে অমৃতপ্তচিত্তে বিস্তর প্রশ্রেয় এবং পুরস্কার দিল। পাড়ার মেয়েরা তাহাকে ঘরে ঘরে ডাকিয়া প্রচ্রতর আদর এবং বহুতর প্রশোভনে বাধ্য করিতে চেষ্টা করিল। কিন্তু বন্ধন, এমন-কি, স্মেহবন্ধনও তাহার

সহিল না; ভাহার জন্মনক্ষত্র তাহাকে গৃহহীন করিয়া দিয়াছে; সে যখনই দেখিত নদী দিয়া বিদেশী নৌকা গুণ টানিয়া চলিয়াছে, গ্রামের বৃহৎ অশ্বথগাছের তলে কোন্ দ্রদেশ হইতে এক সন্ন্যাসী আসিয়া আশ্রম লইয়াছে, অথবা বেদেরা নদীতীরের পতিত মাঠে ছোটো ছোটো চাটাই বাঁধিয়া বাঁথারি ছুলিয়া চাঙারি নির্মাণ করিতে বসিয়াছে, তথন অক্সাত বহিঃপৃথিবীর স্নেহহীন স্বাধীনতার জন্ম তাহার চিত্ত অশাস্ত হইয়া উঠিত। উপরি-উপরি ছই-তিনবার পলায়নের পর তাহার আগ্রীয়বর্গ এবং গ্রামের লোক তাহার আশা পরিত্যাগ করিল।

প্রনির্বিশেষে স্নেই করিতে লাগিল এবং দলস্থ ছোটো-বড়ো সকলেরই যখন সে প্রনির্বিশেষে স্নেই করিতে লাগিল এবং দলস্থ ছোটো-বড়ো সকলেরই যখন সে প্রিম্নপাত্র ইইয়া উঠিল, এমন-কি, যে বাড়িতে যাত্রা ইইত সে বাড়ির অধ্যক্ষগণ, বিশেষত পুর্মহিলাবর্গ, যখন বিশেষরূপে তাহাকে আহ্বান করিয়া সমাদর করিতে লাগিল, তখন একদিন সে কাহাকেও কিছু না বলিয়া কোথায় নিরুদ্দেশ ইইয়া গেল ভাহার আর সন্ধান পাওয়া গেল না।

তারাপদ হরিণশিশুর মতো বন্ধনভীক, আবার হরিণেরই মতো সংগীতমুঝ। যাত্রার গানেই তাহাকে প্রথম ঘর হইতে বিবাগি করিয়া দেয়। গানের স্থরে তাহার সমস্ত শিরার মধ্যে অত্বকম্পন এবং গানের তালে তাহার স্বাক্তে আন্দোলন উপস্থিত হইত। যখন সে নিতাস্ত শিশু ছিল তখনো সংগীতসভার সে যেরূপ সংযত গন্তীর বন্ধসভাবে আত্মবিশ্বত হইরা বসিয়া বসিয়া হলিত, দেখিয়া প্রবীণ লোকের হাস্থ সম্বরণ করা হংসাধ্য হইত। কেবল সংগীত কেন, গাছের ঘন পল্লবের উপর যখন শ্রাবণের রৃষ্টিধারা পড়িত, আকাশে মেঘ ডাকিত, অরণ্যের ভিতর মাতৃহীন দৈত্যশিশুর ন্থায় বাতাস ক্রন্দন করিতে থাকিত, তখন তাহার চিত্ত যেন উচ্চুঙ্খল হইয়া উঠিত। নিম্বন্ধ দ্বিপ্রহরে বহুদ্র আকাশ হইতে চিলের ডাক, বর্ষার সন্ধ্যায় ভেকের কলরব, গভীর রাত্রে শৃগালের চীৎকারধ্বনি সকলই তাহাকে উতলা করিত। এই সংগীতের মোহে আক্রন্ট হইয়া সে অনতিবিলম্বে এক পাঁচালির দলের মধ্যে গিয়া প্রবিষ্ট হইল। দলাধ্যক্ষ তাহাকে পরম যত্তে গান শিখাইতে এবং পাঁচালি মুখন্ত করাইতে প্রবৃত্ত হইল, এবং তাহাকে আপন বন্ধ-পিঞ্জরের পাধির মতো প্রিয় জ্ঞান করিয়া স্নেহ্ করিতে লাগিল। পাধি কিছু কিছু গান শিথিল এবং একদিন প্রত্যুধে উড়িয়া চলিয়া গেল।

শেষবারে সে এক জিম্মাস্টিকের দলে জুটিয়াছিল। জার্চমাসের শেষভাগ হইতে আষাঢ়মাসের অবসান পর্যন্ত এ অঞ্চলে স্থানে স্থানে পর্যায়ক্তমে বারোয়ারির মেলা হইয়া থাকে। তত্পলক্ষে তুই-ভিন দল যাত্রা পাঁচালি কবি নর্ভকী এবং নানাবিধ দোকান

নৌকাযোগে ছোটো ছোটো নদী-উপনদী দিয়া এক মেলা অস্তে অন্ত মেলায় ঘ্রিয়া বেড়ায়। গত বংসর হইতে কলিকাতার এক ক্ষুদ্র জিম্ম্যান্টিকের দল এই পর্যটননীল মেলার আমোদচক্রের মধ্যে যোগ দিয়াছিল। তারাপদ প্রথমত নৌকারোহী দোকানির সহিত মিশিয়া মেলায় পানের খিলি বিক্রয়ের ভার লইয়াছিল। পরে তাহার স্বাভাবিক কৌতৃহলবশত এই জিম্ম্যান্টিকের ছেলেদের আশ্চর্য ব্যায়ামনৈপুণ্যে আকৃষ্ট হইয়া এই দলে প্রবেশ করিয়াছিল। তারাপদ নিজে নিজে জভ্যাস করিয়া ভালো বাঁশি বাজাইতে শিথিয়াছিল— জিম্ম্যান্টিকের সময় তাহাকে ক্রত তালে লক্ষ্ণে ঠুংরির স্থরে বাঁশি বাজাইতে হইত— এই তাহার একমাত্র কাজ ছিল।

এই দল হইতেই তাহার শেষ পলায়ন। সে শুনিয়াছিল, ননীগ্রামের জমিদারবাবুরা মহাসমারোহে এক শখের যাত্রা থুলিতেছেন— শুনিয়া সে তাহার ক্ষুদ্র বোঁচকাটি লইয়া ননীগ্রামে যাত্রার আয়োজন করিতেছিল, এমন সময় মতিবাবুর সহিত তাহার সাক্ষাৎ হয়।

তারাপদ পর্বায়ক্তমে নানা দলের মধ্যে ভিড়িয়াও আপন স্বাভাবিক কল্পনাপ্রবণ প্রকৃতিপ্রভাবে কোনো দলের বিশেষত্ব প্রাপ্ত হয় নাই। অন্তরের মধ্যে সে সম্পূর্ণ নিলিপ্ত এবং মৃক্ত ছিল। সংসারে অনেক ক্ংসিত কথা সে সর্বদা শুনিয়াছে এবং অনেক কর্ম দৃশ্য তাহার দৃষ্টিগোচর হইয়াছে, কিন্তু তাহা তাহার মনের মধ্যে সঞ্চিত হইবার তিলমাত্র অবসর প্রাপ্ত হয় নাই। এ ছেলেটির কিছুতেই খেয়াল ছিল না। অন্তান্ত বন্ধনের ন্তায় কোনোপ্রকার অভ্যাসবন্ধনও তাহার মনকে বাধ্য করিতে পারে নাই, সে এই সংসারের পঙ্কিল জলের উপর দিয়া শুল্রপক্ষ রাজহংসের মতো সাতার দিয়া বেড়াইত। কৌতৃহলব্যত যতবারই তুব দিত তাহার পাখা সিক্ত বা মলিন হইতে পারিত না। এইজন্ম এই গৃহত্যাগী ছেলেটির মুথে একটি শুল্র স্বাভাবিক তারণা অমানভাবে প্রকাশ পাইত, তাহার সেই মুখ্নী দেখিয়া প্রবীণ বিষয়ী মতিলালবাবু তাহাকে বিনা প্রশ্নে বিনা সন্দেহে প্রম আদরে আহ্বান করিয়া লইয়াছিলেন।

দ্বিতীয় পরিচ্ছেদ

আহারান্তে নৌকা ছাড়িয়া দিল। অন্নপূর্ণা পরম ক্ষেহে এই ব্রাদ্ধণবালককে তাহার ঘরের কথা, তাহার আত্মীয়পরিজনের সংবাদ জিজ্ঞাসা করিতে লাগিলেন; তারাপদ অত্যন্ত সংক্ষেপে তাহার উত্তর দিয়া বাহিরে আসিয়া পরিত্রাণ লাভ করিল। বাহিরে বর্ধার নদী পরিপূর্ণতার শেষ রেখা পর্যন্ত ভরিয়া উঠিয়া আপন আত্মহারা উদ্ধান চাঞ্চল্যে প্রকৃতিমাতাকে যেন উদ্বিগ্ন করিয়া তুলিয়াছিল। মেঘনিম্ ক্

রৌদ্রে নদীতীরে অর্ধনিমগ্ন কাশত্ণশ্রেণী, এবং তাহার উর্দ্ধে সরস সঘন ইক্ষ্কেত্র এবং তাহার পরপ্রান্তে দ্রদিগন্তচুম্বিত নীলাঞ্জনবর্ণ বনরেখা সমস্তই যেন কোন্-এক রূপকথার সোনার কাঠির স্পর্দে সছজাগ্রত নবীন সৌন্দর্যের মতো নির্বাক্ নীলাকাশের মৃগ্ধদৃষ্টির সম্মুখে পরি ফুট হই গা উঠিয়াছিল— সমস্তই যেন সজীব, স্পন্দিত, প্রগল্ভ, আলোকে উদ্ভাসিত, নবীনতায় স্থচিক্কণ, প্রাচুর্যে পরিপূর্ণ।

তারাপন নৌকার ছাদের উপরে পালের ছায়ায় গিয়া আশ্রয় লইল। পর্যায়ক্রমে ঢালু সব্জ মাঠ, প্লাবিত পাটের থেত, গাঢ় শ্রামল আমনধান্তের আন্দোলন, ঘাট হইতে গ্রামাভিম্থী সংকীর্ণ পথ, ঘনবনবেষ্টিত ছায়াময় গ্রাম তাহার চোথের উপর আদিয়াপড়িতে লাগিল। এই জল স্থল আকাশ, এই চারি নিকের সচলতা সজীবতা মুখরতা, এই উর্প্ব-অধাদেশের ব্যাপ্তি এবং বৈচিত্র্য এবং নির্লিপ্ত স্বপ্রতা, এই স্বৃহৎ চিরস্থায়ী নির্নিমেষ বাক্যবিহীন বিশ্বজাৎ তরুল বালকের পরমাজীয় ছিল; অথচ সে এই চঞ্চল মানবকটিকে এক মূহুর্তের জন্মও স্নেহ্বাছ ঘারা ধরিয়া রাখিতে চেন্তা করিত না। নদীতীরে বাছুর লেজ তুলিয়া ছুটিতেছে, গ্রাম্য টাটুঘোড়া সম্মুথের ঘই দড়ি-বাঁধা পা লইয়া লাফ দিয়া নিয়া ঘাস থাইয়া বেড়াইতেছে, মাহরাঙা জেলেদের জাল বাঁধিবার বংশদণ্ডের উপর হইতে ঝপ্ করিয়া সবেগে জলের মধ্যে ঝাপাইয়া মাছ ধরিতেছে, ছেলেরা জলের মধ্যে পড়িয়া মাতামাতি করিতেছে, মেয়েরা উচ্চকঠে সহাস্থ গল্প করিয়া লইতেছে, কোমর-বাঁধা মেছুনিরা চুপড়ি লইয়া জেলেদের নিকট হইতে মাছ কিনিতেছে, এ-সমস্তই সে চিরন্তন অশ্রাস্ত কৌতুহলের সহিত বিসয়া বিসয়া দেখে, কিছুতেই তাহার দৃষ্টির পিপাসা নিরত্ত হয় না।

নৌকার ছাতের উপরে গিয়া তারাপদ ক্রমণ দাঁড়িমাঝিদের সঙ্গে জুড়িয়া দিল।
মাঝে মাঝে আবশুকমতে মাল্লাদের হাত হইতে লগি লইয়া নিজেই ঠেলিতে প্রবৃত্ত
হইল; মাঝির যথন তামাক খাইবার আবশুক তথন সে নিজে গিয়া হাল ধরিল—
যথন যে দিকে পাল ফিরানো আবশুক সমস্ত সে দক্ষতার সহিত সম্পন্ন করিয়া দিল।

সদ্ধার প্রাক্কালে অমপূর্ণা তারাপদকে জিজ্ঞাসা করিলেন, "রাত্রে তুমি কী থাও?"

তারাপদ কহিল, "যা পাই তাই খাই; সকল দিন খাইও না।"

এই স্থলর ব্রাহ্মণবালকটির আতিথ্যগ্রহণে উদাসীশ্র অন্নপূর্ণাকে ঈষং পীড়া দিতে লাগিল। তাঁহার বড়ো ইচ্ছা, খাওরাইরা পরাইরা এই গৃহচ্যুত পান্ধ বালকটিকে পরিত্প্ত করিয়া দেন। কিন্তু কিলে যে তাহার পরিতোষ হইবে তাহার কোনো সন্ধান

পাইলেন না। অন্নপূর্ণা চাকরদের ডাকিয়া গ্রাম হইতে হধ মিষ্টান্ত প্রভৃতি ক্রম করিয়া আনিবার জন্ম ধ্যধান বাধাইয়া দিলেন। তারাপদ যথাপরিমাণে আহার করিল; কিন্তু হধ খাইল না। মৌনসভাব মতিলালবাব্ও তাহাকে হধ খাইবার জন্ম অনুরোধ করিলেন; দে সংক্রেপে বলিল, "আমার ভালো লাগে না।"

নদীর উপর ত্ই-তিন দিন গেল। তারাপদ রাধাবাড়া, বাজার করা হইতে নৌকাচালনা পর্যন্ত সকল কাজেই স্বেচ্ছা এবং তৎপরতার সহিত যোগ দিল। যে-কোনো
দৃশ্য তাহার চোখের সম্মুখে আসে তাহার প্রতি তারাপদর সকোত্হল দৃষ্টি ধাবিত
হয়, যে-কোনো কাজ তাহার হাতের কাছে আসিয়া উপস্থিত হয় তাহাতেই
সে আপনি আরুই হইয়া পড়ে। তাহার দৃষ্টি, তাহার হস্ত, তাহার মন সর্বদাই সচল
হইয়া আছে; এইজন্য সে এই নিতাসচলা প্রকৃতির মতো সর্বদাই নিশ্চিস্ত উদাসীন,
অথচ সর্বদাই কিয়াসক্ত। মাহ্যুয়াতেরই নিজের একটি স্বতম্ব অধিষ্ঠানভূমি আছে;
কিয়্ক তারাপদ এই অনন্ত নীলাম্বরবাহী বিশ্বপ্রবাহের একটি আনন্দোজ্জ্বল তরক্ষ— ভূতভবিন্যতের সহিত তাহার কোনো বন্ধন নাই— সমুখাভিম্থে চলিয়া যাওয়াই তাহার
একমাত্র কার্য।

এ দিকে অনেক দিন নানা সম্প্রদায়ের সহিত যোগ দিয়া অনেকপ্রকার মনোরঞ্জনী বিলা তাহার আয়ত হইয়াছিল। কোনোপ্রকার চিন্তার ঘারা আচ্ছয় না থাকাতে তাহার নির্মল শ্বতিপটে সকল জিনিস আশ্চর্য সহজে মৃদ্রিত হইয়া যাইত। পাঁচালি কথকতা কীর্তনগান যাত্রাভিনয়ের স্থলীর্ঘ থণ্ডসকল তাহার কণ্ঠাগ্রে ছিল। মতিলালবার্ চিরপ্রথামত একদিন সন্ধ্যাবেলায় তাঁহার স্বীক্লাকে রামায়ণ পড়িয়া ভনাইতেছিলেন; কুললবের কথার স্ফলা হইতেছে এমন সময় তারাপদ উৎসাহ সময়ণ করিতে না পারিয়া নৌকার ছাদের উপর হইতে নামিয়া আলিয়া কহিল, "বই রাখ্ন। আমি কুললবের গান করি, আপনারা ভনে যান।"

এই বলিয়া সে কুশলবের পাঁচালি আরম্ভ করিয়া দিল। বাঁশির মতো স্থমিষ্ট পরিপূর্ণম্বরে দান্ডরায়ের অম্প্রাস ক্ষিপ্রবেগে বর্ষণ করিয়া চলিল। দাঁড়ি মাঝি সকলেই মারের কাছে আসিয়া ঝুঁকিয়া পড়িল; হাস্ত করুণা এবং সংগীতে সেই নদীতীরের সন্ধাকাশে এক অপূর্ব রসম্রোভ প্রবাহিত হইতে লাগিল— তুই নিন্তন্ধ ভটভূমি কুতৃহলী হইয়া উঠিল, পাশ দিয়া যে-সকল নৌকা চলিতেছিল তাহাদের আরোহিগণ ক্ষণকালের জন্য উৎকৃষ্টিত হইয়া সেই দিকে কান দিয়া রহিল; যথন শেষ হইয়া গেল সকলেই ব্যথিতিচিত্তে দীর্ঘনিশ্বাস ফেলিয়া ভাবিল, ইহারই মধ্যে শেষ হইল কেন।

সজ্পনমনা জনপূর্ণার ইচ্ছা করিতে লাগিল, ছেলেটিকে কোলে বসাইয়া বক্ষে চাপিয়া ২০॥১৭ তাহার মন্তক আন্ত্রাণ করেন। মতিলালবার্ ভাবিতে লাগিলেন, এই ছেলেটিকে যদি কোনোমতে কাছে রাখিতে পারি তবে পুত্রের অভাব পূর্ণ হয়। কেবল ক্ষু বালিকা চাক্লশীর অন্তঃকরণ দুর্বা ও বিষেষে পরিপূর্ণ হুইয়া উঠিল।

তৃতীয় পরিচ্ছেদ

চারুশনী তাহার পিতামাতার একমাত্র সন্তান, তাঁহাদের পিত্মাতৃত্বেহের একমাত্র অধিকারিণী। তাহার ধেয়াল এবং জেদের অন্ত ছিল না। থাওয়া, কাপড় পরা, চূল বাঁধা সম্বন্ধে তাহার নিজের স্বাধীন মত ছিল; কিন্তু সে মতের কিছুমাত্র স্থিরতা ছিল না। যেদিন কোথাও নিমন্ত্রণ থাকিত সেদিন তাহার মান্তের ভর হইত, পাছে মেয়েটি সাজ্ঞসজ্জা সম্বন্ধে একটা অসম্ভব জেদ ধরিয়া বসে। যদি দৈবাং একবার চূল বাঁধাটা তাহার মনের মতো না হইল তবে সেদিন যতবার চূল খুলিয়া যতরকম করিয়া বাঁধিয়া দেওয়া যাক্ কিছুতেই তাহার মন পাওয়া যাইবে না, অবশেষে মহা কালাকাটির পালা পড়িয়া যাইবে। সকল বিষয়েই এইরপ। আবার এক-এক সময় চিত্ত যধন প্রসন্ম থাকে তথন কিছুতেই তাহার কোনো আপত্তি থাকে না। তথন সে অতিমাত্রায় ভালোবাসা প্রকাশ করিয়া তাহার মাকে জড়াইয়া ধরিয়া, চূম্বন করিয়া, হালিয়া বকিয়া একেবারে অশ্বির করিয়া তোলে। এই ক্ষুম্র মেয়েটি একটি তুর্ভেত্য প্রহেলিকা।

এই বালিকা তাহার ত্র্বাধ্য হানরের সমস্ত বেগ প্ররোগ করিয়া মনে মনে তারাপদকে হতীব্র বিহেবে তাড়না করিতে লাগিল। পিতামাতাকেও সর্বতোভাবে উদ্বেজিত করিয়া তুলিল। আহারের সময় রোদনোন্মুখী হইয়া ভোজনের পাত্র ঠেলিয়া ফেলিয়া দেয়, রন্ধন তাহার ফচিকর বোধ হয় না, দাসীকে মারে, সকল বিষয়েই অকারণ অভিযোগ করিতে থাকে। তারাপদর বিছাগুলি যতই তাহার এবং অক্ত সকলের মনোরঞ্জন করিতে লাগিল ততই যেন তাহার রাগ বাড়িয়া উঠিল। ভারাপদর যে কোনো গুণ আছে ইহা স্বীকার করিতে তাহার মন বিমুখ হইল, অথচ তাহার প্রমাণ যখন প্রবল হইতে লাগিল তাহার অসন্তোষের মাত্রাও উদ্ধে উঠিল। তারাপদ যেদিন কুশলবের গান করিল সেদিন অম্বপূর্ণা মনে করিলেন, 'সংগীতে বনের পশু বশ হয়, আজ্ব বোধ হয় আমার মেয়ের মন গলিরাছে।' তাহাকে জিজ্ঞাসা করিলেন, "চায়্র, কেমন লাগল।" সে কোনো উত্তর না দিয়া অত্যন্ত প্রবলবেগে মাথা নাড়িয়া দিল। এই ভিন্নিটিকে ভাষায় তর্জমা করিলে এইরূপ দাঁড়ায়— কিছুমাত্র ভালো লাগে নাই এবং কোনোকালে ভালো লাগিবে না।

চাকর মনে দ্বার উদয় হইয়াছে ব্ঝিয়া তাহার মাতা চাকর সম্প্রে তারাপদর প্রতি

एक ध्येकांन क्रिट विव्रेख हरेला। मुक्कांत्र भरत यथन मकान मकान थारेवा होक শন্ত্রন করিত তথন অন্নপূর্ণা নৌকাকক্ষের দারের নিকট আসিয়া বসিতেন এবং মতিবাবু ও তারাপদ বাহিরে বসিত এবং অন্নপূর্ণার অহুরোধে তারাপদ গান আরম্ভ করিত; তাহার গানে যখন নদীভীরের বিশ্রামনিরতা গ্রামশ্রী সন্ধ্যার বিপুল অন্ধকারে মুগ্ধ निस्क रहेमा त्रहिष्ठ এবং अम्रभूनीत कोमन स्वत्रथीनि स्मरह ও मोन्वर्वत्र उष्हिनिष्ठ হইতে থাকিত তথন হঠাৎ চাৰু ক্ৰতপদে বিছানা হইতে উঠিয়া আসিয়া সরোষ-সরোদনে বলিত, "মা, তোমরা কী গোল করছ, আমার ঘুম হচ্ছে না।" পিতামাতা তাহাকে একলা ঘুমাইতে পাঠাইয়া তারাপদকে ঘিরিয়া সংগীত উপভোগ করিতেছেন ইহা তাহার একান্ত অসহ হইয়া উঠিত। এই দীপ্তকৃষ্ণনয়না বালিকার স্বাভাবিক স্তীত্রতা তারাপদর নিকটে অত্যস্ত কৌতুকজনক বোধ হইত। সে ইহাকে গল্প শুনাইয়া, গান গাহিয়া, বাঁশি বাজাইয়া বশ করিতে অনেক চেষ্টা করিল; কিন্তু কিছুতেই কুতকার্য हरेम ना। क्वम जाताशार यथार यथन नमीर स्नान कतिर नामिछ, शतिश्र জলরাশির মধ্যে গৌরবর্ণ সরল তমু দেহখানি নানা সম্ভরণভঙ্গিতে অবলীলাক্রমে সঞ্চালন করিয়া তরুণ জলদেবতার মতো শোভা পাইত, তখন বালিকার কৌতূহল আরুষ্ট না হইয়া থাকিত না। সে সেই সময়টির জন্ম প্রতীক্ষা করিয়া থাকিত; কিন্তু আন্তরিক আগ্রহ কাহাকেও জানিতে দিত না, এবং এই অশিক্ষাপটু অভিনেগ্রী পশমের গলাবন্ধ বোনা একমনে অভ্যাস করিতে করিতে মাঝে মাঝে যেন অভ্যস্ত উপেক্ষাভরে কটাক্ষে তারাপদর সম্ভরণদীলা দেখিয়া লইত।

চতুর্থ পরিচ্ছেদ

নন্দীগ্রাম কথন ছাড়াইয়া গেল তারাপদ তাহার থোঁজ লইল না। অত্যন্ত মৃত্মন্দ গতিতে বৃহং নৌকা কথনো পাল তুলিয়া, কখনো গুণ টানিয়া, নানা নদীর শাধা-প্রশাধার ভিতর দিয়া চলিতে লাগিল; নৌকারোহীদের দিনগুলিও এই-সকল নদী-উপনদীর মতো শান্তিমর সৌন্দর্যময় বৈচিত্র্যের মধ্য দিয়া সহজ্ব সৌম্য গমনে মৃত্মিট্ট কলম্বরে প্রবাহিত হইতে লাগিল। কাহারো কোনোরূপ তাড়া ছিল না; মধ্যাছে স্থানাহায়ে অনেকক্ষণ বিলম্ব হইত; এ দিকে সন্ধ্যা হইতে না হইতেই একটা বড়ো দেখিয়া গ্রামের ধারে, ঘাটের কাছে, ঝিল্লিমন্দ্রিত খড়োতখচিত বনের পার্যে নৌকা বাধিত।

এমনি করিয়া দিন-দশেকে নৌকা কাঁঠালিয়ায় পৌছিল। জমিদারের আগমনে বাড়ি হইতে পালকি এবং টাটুছোড়ার সমাগম হইল, এবং বাংশর লাঠি হত্তে পাইক- বরকন্দান্তের দল ঘন ঘন বন্দুকের ফাঁকা আওয়াজে গ্রামের উংক্তিত কাকস্মাজকে যথপরোনান্তি মুখর করিয়া তুলিল।

এই-সমন্ত সমারোহে কালবিলন্ধ হইতেছে, ইতিমধ্যে তারাপদ নৌকা হইতে ক্রত নামিয়া একবার সমস্ত গ্রাম পর্যটন করিয়া লইল। কাহাকেও দাদা, কাহাকেও খুড়া, কাহাকেও দিদি, কাহাকেও মাসি বলিয়া ত্ই-তিন ঘণ্টার মধ্যে সমস্ত গ্রামের সহিত সৌহার্দাবন্ধন স্থাপিত করিয়া লইল। কোথাও তাহার প্রকৃত কোনো বন্ধন ছিল না বিশ্বাই এই বালক আশ্চর্য সম্বর ও সহজে সকলেরই সহিত পরিচয় করিয়া লইতে পারিত। তারাপদ দেখিতে দেখিতে অল্পদিনের মধ্যেই গ্রামের সমস্ত হ্বদয় অধিকার করিয়া লইল।

এত সহজে হান হরণ করিবার কারণ এই, তারাপদ সকলেরই সঙ্গে তাহাদের নিব্দের মতো হইয়া স্বভাবতই যোগ দিতে পারিত। সে কোনোপ্রকার বিশেষ সংস্কারের দারা বন্ধ ছিল না, অথচ সকল অবস্থা সকল কাজের প্রতিই তাহার একপ্রকার সহজ প্রবণতা ছিল। বালকের কাছে সে সম্পূর্ণ স্বাভাবিক বালক, অথচ তাহাদের হইতে শ্রেষ্ঠ ও স্বতম্ব; রন্ধের কাছে সে বালক নহে, অথচ জ্যাঠাও নহে; রাখালের সঙ্গে সেরাখাল, অথচ ব্রাহ্মণ। সকলের সকল কাজেই সে চিরকালের সহযোগীর স্থায় অভ্যন্ত-ভাবে হস্তক্ষেপ করে। ময়রার দোকানে গল্প করিতে করিতে ময়রা বলে "দাদাঠাকুর, একটু বোসো তো ভাই, আমি আসছি"— তারাপদ অম্পানবদনে দোকানে বিসয়া একখানা শালপাতা লইয়া সন্দেশের মাছি তাড়াইতে প্রবৃত্ত হয়। ভিয়ান করিতেও সেমজবৃত, তাঁতের রহস্থও তাহার কিছু কিছু জানা আছে, কুমারের চক্রচালনও তাহার সম্পূর্ণ অজ্ঞাত নহে।

তারাপদ সমস্ত গ্রামটি আয়ত্ত করিয়া লইল, কেবল গ্রামবাসিনী একটি বালিকার দর্বা সে এখনো জয় করিতে পারিল না। এই বালিকাটি তারাপদর স্কুরে নির্বাসন ভীবভাবে কামনা করিতেছে জানিয়াই বোধ করি তারাপদ এই গ্রামে এতদিন জাবদ্ধ হইয়া য়হিল।

ি কর বালিকাবস্থাতেও নারীদের অন্তর্রহন্ত ভেদ করা স্কঠিন, চারুশনী তাহার প্রমাণ দিল।

বামুনঠাকরুনের মেয়ে সোনামণি পাঁচ বছর বয়সে বিধবা হয়; সেই চারুর সম-বয়সী সধী। তাহার শরীর অবস্থ থাকাতে গৃহপ্রত্যাগত সধীর সহিত সে কিছুদিন সাক্ষাং করিতে পারে নাই। হস্থ হইয়া যেদিন দেখা করিতে আসিল সেদিন প্রায় বিনা কারণেই ছই সধীর মধ্যে একটু মনোবিচ্ছেদ ঘটিবার উপক্রম হইল।

চার্ফ অত্যন্ত ফাঁদিয়া গল্প আরম্ভ করিয়াছিল। সে ভাবিয়াছিল, তারাপদ নামক তাহাদের নবার্জিত পরমর্থাটর আহরণকাহিনী সবিস্তারে বর্ণনা করিয়। সে তাহার স্থীর কৌতূহল এবং বিশ্বর সপ্তমে চড়াইয়া দিবে। কিন্তু যথন সে শুনিল, তারাপদ সোনামণির নিকট কিছুমাত্র অপরিচিত নহে, বাম্নঠাকফলকে সে মালি বলে এবং সোনামণি তাহাকে দাদা বলিয়া থাকে— যথন শুনিল, তারাপদ কেবল যে বাঁশিতে কীর্তনের স্বর বাজাইয়া মাতা ও কন্তার মনোরঞ্জন করিয়াছে তাহা নহে, সোনামণির অহ্বরোধে তাহাকে স্বত্তে একটি বাঁশের বাঁশি বানাইয়া দিয়াছে, তাহাকে ক্তদিন উচ্চশাথা হইতে ফল ও কন্টকশাথা হইতে ফল পাড়িয়া দিয়াছে, তথন চার্লর অন্তঃকরণে যেন তগুলেল বিধিতে লাগিল। চার্ল জানিত, তারাপদ বিশেষরূপে তাহাদেরই তারাপদ— অত্যন্ত গোপনে সংরক্ষণীয়, ইতর্সাধারণে তাহার একটু-আধটু আভাসমাত্র পাইবে, অথচ কোনোমতে নাগাল পাইবে না, দূর হইতে তাহার রূপে গুণে মৃয় হইবে এবং চাক্রশনীদের ধন্তবাদ দিতে থাকিবে। এই আশ্বর্ধ হলত দৈবলর বান্ধণবাদকটি সোনামণির কাছে কেন সহজ্পায় হইল। আমরা যদি এত যত্র করিয়া না আনিতাম, এত যত্র করিয়া না রাখিতাম, তাহা হইলে সোনামণিরা তাহার দর্শন পাইত কোখা হইতে। সোনামণির দালা। গুনিয়া স্বর্ণনীর জলিয়া যায়।

যে তারাপদকে চারু মনে মনে বিশ্বেষশরে ব্রব্জর করিতে চেষ্টা করিয়াছে, তাহারই একাধিকার লইয়া এমন প্রবল উদ্বেগ কেন।— ব্ঝিবে কাহার সাধ্য।

সেই দিনই অপর একটা ভুচ্ছস্থতে সোনামণির সহিত চারুর মর্মান্তিক আড়ি হইয়া গেল। এবং সে তারাপদর ঘরে গিয়া তাহার শথের বাশিটি বাহির করিয়া তাহার উপর লাফাইয়া মাড়াইয়া নির্দয়ভাবে ভাঙিতে লাগিল।

চারু যথন প্রচণ্ড আবেগে এই বংশিধ্বংসকার্যে নিযুক্ত আছে এমন সময় তারাপদ আসিয়া ঘরে প্রবেশ করিল। সে বালিকার এই প্রলয়মূর্তি দেখিয়া আশ্চর্য হইয়া গেল। কহিল, "চারু, আমার বাঁশিটা ভাঙছ কেন।" চারু রক্তনেত্রে রক্তিমমূর্যে "বেশ করিছি" "থুব করিছি" বলিয়া আরো বার হই-চার বিদীর্ণ বাঁশির উপর অনাবশুক পদাঘাত করিয়া উচ্ছুসিত কঠে কাঁদিয়া ঘর হইতে বাহির হইয়া গেল। তারাপদ বাঁশিটা তুলিয়া উলটিয়া পালটিয়া দেখিল, ভাহাতে আর পদার্থ নাই। অকারণে ভাহার পুরাতন নিরপরাধ বাঁশিটার এই আক্ষিক চুর্গতি দেখিয়া সে আর হাস্ত সম্বর্গ করিতে পারিল না। চারুশনী প্রতিদিনই তাহার পক্ষে পরম কৌত্হলের বিষয় হইয়া উঠিল।

তাহার আর-একটি কৌতৃহলের ক্ষেত্র ছিল, মতিলালবাবুর লাইব্রেরিতে ইংরাঞ্চি

ছবির বইগুলি। বাহিরের সংসারের সহিত তাহার যথেষ্ট পরিচয় হইয়াছে, কিন্তু এই ছবির জগতে সে কিছুতেই ভালো করিয়া প্রবেশ করিতে পারে না। কল্পনার ধারা আপনার মনে অনেকটা পূরণ করিয়া লইত, কিন্তু তাহাতে মন কিছুতেই তৃথি মানিত না।

ছবির বহির প্রতি তারাপদর এই আগ্রহ দেখিয়া একদিন মতিলালবাবু বলিলেন, "ইংরিজি শিথবে ? তা হলে এ-সমস্ত ছবির মানে বুঝতে পারবে।"

তারাপদ তংক্ষণাং বলিল, "শিথব।"

মতিবাব্ খুব খুশি হইয়া গ্রামের এন্ট্রেন্স্স্লের হেড-মাস্টার রামরতনবাবুকে প্রতিদিন সন্ধ্যাবেলায় এই বালকের ইংরাজি-অধ্যাপনকার্যে নিযুক্ত করিয়া দিলেন।

পঞ্চম পরিচ্ছেদ

তারাপদ তাহার প্রথম স্মরণশক্তি এবং অখণ্ড মনোযোগ লইয়া ইংরাজি-শিক্ষায় প্রবৃত্ত হইল। সে যেন এক নৃতন দুর্গম রাজ্যের মধ্যে ভ্রমণে বাহির হইল, পুরাতন সংসারের সহিত কোনো সম্পর্ক রাখিল না; পাড়ার লোকেরা আর তাহাকে দেখিতে পাইল না; যথন সে সদ্ধার পূর্বে নির্জন নদীতীরে ক্রতবেগে পদচারণ করিতে করিতে পড়া মুখস্থ করিত তথন তাহার উপাসক বালকসম্প্রদায় দূর হইতে ক্লুরচিত্তে সসম্ভবে তাহাকে নিরীক্ষণ করিত, তাহার পাঠে ব্যাঘাত করিতে সাহস করিত না।

চারুও আঞ্চলাল তাহাকে বড়ো একটা দেখিতে পাইত না। পূর্বে তারাপদ অন্ত:পুরে গিয়া অন্নপূর্ণার স্নেহদৃষ্টির সমুখে বসিয়া আহার করিত— কিন্তু তত্পলক্ষে প্রায় মাঝে মাঝে কিছু বিলম্ব হইয়া যাইত বলিয়া সে মতিবাবুকে অন্নরোধ করিয়া বাহিরে আহারের বন্দোবন্ত করিয়া লইল। ইহাতে অন্নপূর্ণা ব্যথিত হইয়া আপত্তি প্রকাশ করিয়াছিলেন, কিন্তু মতিবাবু বালকের অধ্যয়নের উৎসাহে অত্যন্ত সন্তুষ্ট হইয়া এই নৃতন ব্যবস্থার অন্নযোদন করিলেন।

এমন সময় চারুও হঠাং জেদ করিয়া বসিল, "আমিও ইংরাজি শিথিব।" তাহার পিতামাতা তাঁহাদের থামথেয়ালি কন্তার এই প্রস্তাবটিকে প্রথমে পরিহাসের বিষয় জ্ঞান করিয়া ফেহমিশ্রিত হাস্ত করিলেন; কিন্তু কন্তাটি এই প্রস্তাবের পরিহাস্ত অংশটুক্কে প্রচ্ন অশ্রুজনধারায় অতি শীদ্রই নিংশেষে ধৌত করিয়া ফেলিয়াছিল। অবশেষে এই সেহত্র্বল নিরুপায় অভিভাবক্ষয় বালিকার প্রস্তাব গন্তীরভাবে গ্রাহ্ করিলেন। চারু মান্টারের নিকট তারাপদর সহিত একত্র অধ্যয়নে নিযুক্ত হইল।

কিন্তু পড়ান্তনা করা এই অন্থিরচিত্ত বালিকার স্বভাবসংগত ছিল না। সে নিজে

কিছু শিখিল না, কেবল তারাপদর অধায়নে ব্যাঘাত করিতে লাগিল। সে পিছাইরা পড়ে, পড়া মুখহ করে না, কিন্তু তবু কিছুতেই তারাপদর পশ্চাদ্বর্তী হইয়া থাকিতে চাহে না। তারাপদ তাহাকে অতিক্রম করিয়া নৃতন পড়া লইতে গেলে সে মহা রাগারাগি করিত, এমন-কি, কায়াকাটি করিতে ছাড়িত না। তারাপদ পুরাতন বই শেষ করিয়া নৃতন বই কিনিলে তাহাকেও সেই নৃতন বই কিনিয়া দিতে হইত। তারাপদ অবসরের সময় নিজে ঘরে বিসয়া লিখিত এবং পড়া মুখহু করিত, ইহা সেই ঈর্যাপরায়ণা ক্যাটির সহা হইত না; সে গোপনে তাহার লেখা বাতায় কালী ঢালিয়া আসিত, কলম চুরি করিয়া রাখিত, এমন-কি বইয়ের যেখানে অভ্যাস করিবার, সেই অংশটি ছি ডিয়া আসিত। তারাপদ এই বালিকার অনেক দৌরাত্মা সকৌত্কে সহা করিত, অসহা হইলে মারিত, কিন্তু কিছুতেই শাসন করিতে পারিত না।

रित्वां विक्रों छेशांत्र वाहित इहेगा। विक्रित वर्षा वित्रक हहेग्रा निक्रशांत्र छाताश्रम তাহার মসীবিল্পু লেখা খাতা ছিন্ন করিয়া ফেলিয়া গম্ভীর বিষয়মূখে বসিয়া ছিল; চারু ধারের কাছে আসিয়া মনে করিল, আজ মার খাইবে। কিন্তু তাহার প্রত্যাশা পূর্ণ হইল না। তারাপদ একটি কথামাত্র না কহিয়া চুপ করিয়া বসিয়া রহিল। বালিকা ঘরের ভিতরে বাহিরে ঘুর্ঘুর্ করিয়া বেড়াইতে লাগিল। বারম্বার এত কাছে ধরা দিল य, তারাপদ ইচ্ছা করিলে অনায়াসেই তাহার পৃষ্ঠে এক চপেটাঘাত বসাইয়া দিতে পারিত। কিন্তু সে তাহা না দিয়া গন্তীর হইয়া রহিল। বালিকা মহা মুশকিলে পড়িল। কেমন করিয়া ক্ষমা প্রার্থনা করিতে হয় সে বিভা তাহার কোনোকালেই অভ্যাস ছিল না, অথচ অমুতপ্ত ক্তুত্র হাদয়টি তাহার সহপাঠীর ক্ষমালাভের জন্ম একান্ত কাতর হইয়া উঠিল। অবশেষে কোনো উপায় না দেখিয়া ছিন্ন খাতার এক টুকরা লইয়া তারাপদর निकटि वित्रा थ्व वट्णा वट्णा कतिया निथिन, "आिय आत कथता थां जां कानी মাখাব না।" লেখা শেষ করিয়া সেই লেখার প্রতি তারাপদর মনোযোগ আকর্ষণের জক্ত অনেকপ্রকার চাঞ্চল্য প্রকাশ করিতে লাগিল। দেখিয়া তারাপদ হাস্ত সম্বরণ कतिए পারিল না— হাসিয়া উঠিল। তথন বালিকা লজ্জায় ক্রোধে ক্ষিপ্ত হইয়া উঠিয়া ঘর হইতে জ্রুতবেগে ছুটিয়া বাহির হইয়া গেল। যে কাগজের টুকরায় সে স্বহন্তে দীনতা প্রকাশ করিয়াছে সেটা অনস্ত কাল এবং অনস্ত জগং হইতে সম্পূর্ণ লোপ করিতে পারিলে তবে তাহার স্থদশ্বের নিদারুণ ক্ষোভ মিটিতে পারিত।

এ দিকে সংকৃচিতচিত্ত সোনামণি তুই-একদিন অধ্যয়নশালার বাহিরে উকিরুঁকি মারিয়া ফিরিয়া চলিয়া গিয়াছে। সখী চারুশশীর সহিত তাহার সকল বিষয়েই বিশেষ হাজতা ছিল, কিন্ত তারাপদর সহজে চারুকে সে অত্যক্ত ভয় এবং সন্দেহের সহিত

দেখিত। চাক্ল যে সময়ে অন্ত:পুরে থাকিত সেই সময়টি বাছিয়া সোনামণি সসংকোচে ভারাপদর বারের কাছে আসিয়া দাঁড়াইত। তারাপদ বই হইতে মৃথ তুলিয়া সম্বেহে বলিত, "কী সোনা। থবর কী। মাসি কেমন আছে।"

সোনামণি কহিত, "অনেক দিন যাও নি, মা তোমাকে একবার যেতে বলেছে। মার কোমরে ব্যথা বলে দেখতে আসতে পারে না।"

ক্রমন সময় হয়তো হঠাৎ চারু আসিয়া উপস্থিত। সোনামণি শশব্যন্ত। সে বেন গোপনে তাহার স্থার সম্পত্তি চুরি করিতে আসিয়াছিল। চারু কণ্ঠস্বর সপ্তমে চড়াইয়া চোথ মৃথ ঘুরাইয়া বলিত, "আঁন সোনা! তুই পড়ার সময় গোল করতে এসেছিস, আমি এখনই বাবাকে গিয়ে বলে দেব।" যেন তিনি নিজে তারাপদর একটি প্রবীণা অভিভাবিকা; তাহার পড়াশুনায় লেশমাত্র ব্যাঘাত না ঘটে রাত্রিদিন ইহার প্রতিই তাহার একমাত্র দৃষ্টি। কিন্তু সে নিজে কী অভিপ্রায়ে এই অসময়ে তারাপদর পাঠগৃহে আসিয়া উপস্থিত হইয়াছিল তাহা অন্তর্যামীর অগোচর ছিল না এবং তারাপদও তাহা ভালোরপ জানিত। কিন্তু সোনামণি বেচারা ভীত হইয়া তংক্ষণাং একরাশ মিথা কৈফিয়ত স্কুল করিত; অবশেষে চারু যথন ঘুণাভরে তাহাকে মিথাাবাদী বলিয়া সম্ভাষণ করিত তখন সে লজ্জ্বি শহিত পরাজ্ঞিত হইয়া ব্যথিতিহত্তে ফিরিয়া যাইত। দয়ার্দ্র তারাপদ তাহাকে ডাকিয়া বলিত, "সোনা, আজ সন্ধ্যাবেলায় আমি তোদের বাড়ি বাব এখন।" চারু স্পিণীর মতো ফোঁস করিয়া উঠিয়া বলিত, "যাবে বৈকি। ভোমার পড়া করতে হবে না? আমি মান্টারমশায়কে বলে দেব না?"

চাক্ষর এই শাসনে ভীত না হইয়া তারাপদ ছই-একদিন সন্ধার পর বাম্নঠাকক্ষনের বাড়ি গিয়াছিল। তৃতীয় বা চতুর্থ বারে চাক্ষ ফাঁকা শাসন না করিয়া আন্তে আন্তে এক সময় বাহির হইতে তারাপদর ঘরের ঘারে শিকল আঁটিয়া দিয়া মার মসলার বাক্সর চাবিতালা আনিয়া তালা লাগাইয়া দিল। সমস্ত সন্ধ্যাবেলা তারাপদকে এইরপ বন্দী অবস্থায় রাথিয়া আহারের সময় ঘার খুলিয়া দিল। তারাপদ রাগ করিয়া কথা কহিল না এবং না থাইয়া চলিয়া যাইবার উপক্রম করিল। তখন অম্তপ্ত ব্যাকুল বালিকা করজোড়ে সাম্বরে বার্ঘার বলিতে লাগিল, "তোমার হুটি পায়ে পড়ি, আর আমি এমন করব না। তোমার হুটি পায়ে পড়ি, তুমি খেয়ে যাও।" তাহাতেও যখন তারাপদ বশ মানিল না, তখন সে অধীর হইয়া কাঁদিতে লাগিল; তারাপদ সংকটে পড়িয়া ফিরিয়া আসিয়া খাইতে বসিল।

চাক্ন কতবার একাস্ক্রমনে প্রতিজ্ঞা করিয়াছে যে, সে তারাপদর সহিত সদ্ব্যবহার করিবে, আর কপনো তাহাকে মৃহুর্তের জন্ম বিরক্ত করিবে না, কিন্তু সোনামণি প্রভৃতি আরু পাঁচজন মাঝে আসিয়া পড়াতে কখন তাহার কিরপ মেল্লাল্ল হইয়া নাম কিরুকেই আত্মসম্বরণ করিতে পারে না। কিছুদিন ধখন উপরি-উপরি সে ভালোমাহি বি করিতে থাকে তখনই একটা উৎকট আসন্ন বিপ্লবের জন্ম তারাপদ সতর্কভাবে প্রস্তুত হইয়া থাকে। আক্রমণটা হঠাৎ কা উপলক্ষে কোন্ দিক হইতে আসে কিছুই বলা যায় না। তাহার পরে প্রচণ্ড ঝড়, ঝড়ের পরে প্রচ্ব অশ্বারিবর্ষণ, তাহার পরে প্রসন্ধ সিশ্ধ শান্তি।

ষষ্ঠ পরিচ্ছেদ

এমনি করিয়া প্রায় ছই বংসর কাটিল। এত স্থাইকালের জন্ম তারাপদ কখনো কাছারো নিকট ধরা দেয় নাই। বোধ করি, পড়াগুনার মধ্যে তাহার মন এক অপূর্ব আকর্ষণে বন্ধ হইয়াছিল; বোধ করি, বয়োর্দ্ধিসহকারে তাহার প্রকৃতির পরিবর্তন আরম্ভ হইয়াছিল এবং স্থায়ী হইয়া বিসিয়া সংসারের স্থাসক্তন্দতা ভোগ করিবার দিকে তাহার মন পড়িয়াছিল; বোধ করি, তাহার সহপাঠিকা বালিকার নিয়তদোরাত্মচঞ্চল সৌন্দর্য অলক্ষিতভাবে তাহার স্থায়ের উপর বন্ধন বিস্তার করিতেছিল।

এ দিকে চাকর বন্ধস এগারো উত্তীর্ণ হইরা যায়। মতিবাব্ সন্ধান করিরা তাঁহার মেয়ের বিবাহের জ্বন্স ত্ই-তিনটি ভালো ভালো সম্বন্ধ আনাইলেন। কন্সার বিবাহ-বন্ধস উপস্থিত হইয়াছে জানিয়া মতিবাব্ তাহার ইংরাজি পড়া এবং বাহিরে যাওয়া নিষেধ করিয়া দিলেন। এই আকস্মিক অবরোধে চাক্র ঘরের মধ্যে ভারি-একটা আন্দোলন উপস্থিত করিল।

তথন একদিন অন্নপূর্ণা মতিবাবৃকে ডাকিয়া কহিলেন, "পাত্রের জন্মে তুমি অত থৌজ করে বেড়াচ্ছ কেন। তারাপদ ছেলেটি তো বেশ। আর তোমার মেয়েরও ওকে পছল হয়েছে।"

শুনিয়া মতিবাব্ অত্যন্ত বিশ্বয় প্রকাশ করিলেন। কহিলেন, "সেও কি কখনো হয়। তারাপদর কুলশীল কিছুই জানা নেই। আমার একটিমাত্র মেয়ে, আমি ভালো ঘরে দিতে চাই।"

একদিন রারভাঙার বাবুদের বাড়ি হইতে মেরে দেখিতে আসিল। চারুকে বেশভ্ষা পরাইরা বাছির করিবার চেষ্টা করা হইল। সে শোবার ঘরের দার রুদ্ধ করিরা বসিরা রহিল, কিছুতেই বাহির হইল না। মতিবাবু ঘরের বাহির হইতে অনেক অন্নর করিলেন, ভর্মনা করিলেন, কিছুতেই কিছু ফল হইল না। অবশেষে বাহিরে আসিরা রায়ভাঙার দ্ভবর্গের নিকট মিথ্যা করিয়া বলিতে ছইল, কন্সার হঠাৎ অত্যন্ত অহ্থ করিয়াছে, আন্ধ আর দেখানো হইবে না। তাহারা ভাবিল, মেয়ের বুঝি কোনো-একটা দোষ আছে, তাই এইরূপ চাতুরী অবলম্বন করা হইল।

তথন মতিবাবু ভাবিতে লাগিলেন, তারাপদ ছেলেটি দেখিতে শুনিতে সকল হিসাবেই ভালো; উহাকে আমি ঘরেই রাখিতে পারিব, তাহা হইলে আমার একমাত্র মেরেটিকে পরের বাড়ি পাঠাইতে হইবে না। ইহাও চিস্তা করিয়া দেখিলেন, তাঁহার অশাস্ত অবাধ্য মেরেটির ছরস্তপনা তাঁহাদের স্নেহের চক্ষে যতই মার্জনীয় বোধ হউক, শশুরবাড়িতে কেহ সহু করিবে না।

তথন স্থী-পুরুষে অনেক আলোচনা করিয়া তারাপদর দেশে তাহার সমস্ত কৌলিক সংবাদ সন্ধান করিবার জন্ম লোক পাঠাইলেন। থবর আসিল যে, বংশ ভালো, কিন্তু দরিদ্র। তথন মতিবাবু ছেলের মা এবং ভাইয়ের নিকট বিবাহের প্রস্তাব পাঠাইলেন। তাঁহারা আনন্দে উচ্ছুসিত হইয়া সমতি দিতে মুহূর্তমাত্র বিলম্ব করিলেন না।

কাঁঠা শিশ্বায় মতিবাব্ এবং অশ্বপূর্ণা বিবাহের দিনক্ষণ আলোচনা করিতে লাগিলেন, কিন্তু স্বাভাবিক গোপনতাপ্রিয় সাবধানী মতিবাব্ কথাটা গোপনে রাখিলেন।

চাক্লকে ধরিয়া রাখা গেল না। সে মাঝে মাঝে বর্গির হালামার মতো তারাপদর পাঠগৃহে গিয়া পড়িত। কখনো রাগ, কখনো অহুরাগ, কখনো বিরাগের ঘারা তাহার পাঠচর্ঘার নিভ্ত শাস্তি অকস্মাৎ তরন্ধিত করিয়া তুলিত। তাহাতে আক্সকাল এই নির্লিপ্ত মৃক্তস্বভাব ব্রাহ্মণবালকের চিত্তে মাঝে মাঝে ক্ষণকালের জন্ম বিহাংস্পন্দনের নায় এক অপূর্ব চাঞ্চল্য সঞ্চার হইত। যে ব্যক্তির লঘুভার চিত্ত চিরকাল অক্ষ্ম অব্যাহতভাবে কালযোতের তরক্ষচুড়ার ভাসমান হইয়া সম্মুখে প্রবাহিত হইয়া যাইতে সে আজকাল এক-একবার অন্তমনম্ব হইয়া বিচিত্র দিবাম্মক্রালের মধ্যে জড়ীভূত হইয়া পড়ে। এক-একদিন পড়াশুনা ছাড়িয়া দিয়া সে মতিবাব্র লাইব্রেরির মধ্যে প্রবেশ করিয়া ছবির বইয়ের পাতা উল্টাইতে থাকিত; সেই ছবিগুলির মিশ্রণে যে কল্পনালোক স্বজিত হইত তাহা পূর্বেকার হইতে অনেক স্বতন্ধ এবং অধিকতর রিজন। চাক্ষর অত্ত আচরণ লক্ষ্য করিয়া বে আর পূর্বের মতো স্বভাবত পরিহাস করিতে পারিত না, তৃষ্টামি করিলে তাহাকে মারিবার কথা মনেও উদয় হইত না। নিক্ষের এই গৃঢ় পরিবর্তন, এই আবন্ধ আসক্ত ভাব তাহার নিজের কাছে এক নৃতন স্বপ্রের মতো মনে হইতে লাগিল।

শ্রাবণ মাসে বিবাহের শুভদিন স্থির করিয়া মতিবাবু তারাপদর মা ও ভাইদের আনিতে পাঠাইলেন, তারাপদকে তাহা জানিতে দিলেন না। কলিকাভার যোক্তারকে গড়ের বান্থ বারনা দিতে আদেশ করিলেন এবং জ্বিনিসপত্রের ফর্দ পাঠাইরা দিলেন।

আকাশে নববর্ষার মেঘ উঠিল। গ্রামের নদী এতদিন শুক্তপ্রায় হইয়া ছিল, মাঝে মাঝে কেবল এক-একটা ডোবায় জল বাধিয়া থাকিত; ছোটো ছোটো নৌকা সেই পঙ্কিল জলে ডোবানো ছিল এবং শুষ্ক নদীপথে গোরুর গাড়ি -চলাচলের স্থগভীর চক্রচিহ্ন स्थि इटेट इन- এमन ममन्न এक मिन, পिতৃ गृङ्ख छा । १ वर्षी मर्छ। किथा হইতে জ্রুতগামিনী জলধারা কলহাস্তসহকারে গ্রামের শৃত্যবক্ষে আসিয়া স্যাগত হইল— উनम वानकवानिकाता जीदा जानिया উक्तिः यदा नृज्य कत्रित्व नानिन, ज्यूश जानत्न वांत्रचांत्र खटन यांनि निया निया ननीटक त्यन व्यानियन कत्रिया धतिराज नानियन, कृष्टिय-বাসিনীয়া তাহাদের পরিচিত প্রিয়সঙ্গিনীকে দেখিবার জ্ঞা বাহির হইয়া আসিল— ভঙ্ক নিৰ্জীব গ্ৰামের মধ্যে কোথা হইতে এক প্ৰবল বিপুল প্ৰাণহিল্লোল আসিয়া প্ৰবেশ করিল। দেশবিদেশ হইতে বোঝাই হইয়া ছোটো বড়ো নানা আয়তনের নৌকা আসিতে লাগিল, বাজারের ঘাট সন্ধ্যাবেলায় বিদেশী মাঝির সংগীতে ধ্বনিত হইয়া উঠিল। তুই তীরের গ্রামগুলি সম্বংসর আপনার নিভূত কোণে আপনার ক্ষুত্র ঘরকরা লইয়া একাকিনী দিন-ষাপন করিতে থাকে, বর্ষার সময় বাহিরের বৃহৎ পৃথিবী বিচিত্র পণ্যোপহার লইয়া গৈরিক্ব-জিলরথে চড়িয়া এই গ্রামকম্যকাগুলির তত্ত্ব লইতে আনে; তথন জগতের সঙ্গে আত্মীয়তাগর্বে কিছুদিনের জন্ম তাহাদের ক্ষ্ত্রতা ঘূচিয়া যায়, সমস্তই সচল সজাগ সজীব হইয়া উঠে এবং মৌন নিস্তন্ধ দেশের মধ্যে স্বদূর রাজ্যের কলালাপধ্বনি আসিয়া চারি দিকের আকাশকে আন্দোলিত করিয়া তুলে।

এই সময়ে কুড়্লকাটায় নাগবাব্দের এলাকায় বিখ্যাত রথযাত্রার মেলা হইবে। জ্যোৎসাসদ্ধায় তারাপদ ঘাটে গিয়া দেখিল, কোনো নৌকা নাগরদোলা, কোনো নৌকা যাত্রার দল, কোনো নৌকা পণ্যপ্রব্য লইয়া প্রবল নবীন স্রোতের মৃথে ক্রতবেগে মেলা অভিম্বে চলিয়াছে; কলিকাতার কন্সটের দল বিপুলশব্দে ক্রততালের বান্ধনা কুড়িয়া দিয়াছে; যাত্রার দল বেহালার সঙ্গে গান গাহিতেছে এবং সমের কাছে হাহাহা: শব্দে চীৎকার উঠিতেছে; পশ্চিমদেশী নৌকার দাঁড়িমাল্লাগুলো কেবলমাত্র মাদল এবং করতাল লইয়া উন্মন্ত উৎসাহে বিনা সংগীতে খচমচ শব্দে আকাশ বিদীন করিতেছে— উদ্দীপনার সীমা নাই। দেখিতে দেখিতে পূর্বদিগন্ত হইতে ঘনমেঘরাশি প্রকাণ্ড কালো পাল তুলিয়া দিয়া আকাশের মাঝখানে উঠিয়া পড়িল, চাঁদ আছের হইল— পূবে-বাতাস বেগে বহিতে লাগিল, মেঘের পশ্চাতে মেঘ ছুটিয়া চলিল, নদীর ক্ষল খল খল হাস্তে ফ্টাত হইয়া উঠিতে লাগিল— নদীতীরবর্তী আন্দোলিত বনশ্রেণীর মধ্যে অন্ধকার পূঞ্জীভৃত হইয়া উঠিল, ভেক

ভাকিতে আরম্ভ করিল, ঝিলিধননি যেন করাত দিয়া অন্ধনারকে চিরিতে লাগিল। সম্থে আজ যেন সমস্ত জগতের রথযাত্রা— চাকা ঘ্রিতেছে, ধ্বজা উড়িতেছে, পৃথিবী কাঁপিতেছে; মেঘ উড়িয়াছে, বাতাস ছুটিয়াছে, নদী বহিয়াছে, নৌকা চলিয়াছে, গান উঠিয়াছে; দেখিতে দেখিতে গুরু গুরু শব্দে মেঘ ভাকিয়া উঠিল, বিহাং আকাশকে কাটিয়া কাটিয়া ঝলসিয়া উঠিল, হুদ্র অন্ধকার হইতে একটা ম্যলধারাবর্ষী র্প্তর গন্ধ আসিতে লাগিল। কেবল নদীর এক তীরে এক পার্যে কাঁঠালিয়া গ্রাম আপন কুটির্ঘার বন্ধ করিয়া দীপ নিবাইয়া দিয়া নিঃশব্দে ঘুমাইতে লাগিল।

পরদিন তারাপদর মাতা ও ভ্রাতাগণ কাঁঠালিয়ায় আসিয়া অবতরণ করিলেন, পরদিন কলিকাতা হইতে বিবিধসামগ্রীপূর্ণ তিনধানা বড়ো নৌকা আসিয়া কাঁঠালিয়ার
জমিদারি কাছারির ঘাটে লাগিল, এবং পরদিন অতি প্রাতে সোনামণি কাগজে কিঞিং
আমসত্ত এবং পাতার ঠোঙায় কিঞিং আচার লইয়া ভয়ে ভয়ে তারাপদর পাঠগৃহয়ারে
আসিয়া নিঃশন্দে দাঁড়াইল, কিন্তু পরদিন তারাপদকে দেখা গেল না। স্নেহ-প্রেমবন্ধুত্বের বড়যন্ত্রবন্ধন তাহাকে চারি দিক হইতে সম্পূর্ণরূপে ঘিরিবার পূর্বেই সমস্ত গ্রামের
স্কার্থানি চুরি করিয়া একদা বর্ষার মেঘান্ধকার রাত্রে এই ব্রাহ্মণবালক আসক্তিবিহীন
উদাসীন জননী বিশ্বপৃথিবীর নিকট চলিয়া গিয়াছে।

ভাদ্ৰ-কার্তিক ১৩০২

ইচ্ছাপূরণ

স্বলচন্দ্রের ছেলেটির নাম স্থালচন্দ্র। কিন্তু সকল সময়ে নামের মতো মাহ্যটি হয় না। সেইজ্জাই স্থবলচন্দ্র কিছু ত্র্বল ছিলেন এবং স্থালচন্দ্র বড়ো শাস্ত ছিলেন না।

ছেলেটি পাড়াহ্মদ্ধ লোককে অহির করিয়া বেড়াইড, সেইজয় বাপ মাঝে মাঝে শাসন করিতে ছুটিডেন; কিন্তু বাপের পান্নে ছিল বাড, আর ছেলেটি হরিণের মডো দৌড়িতে পারিত; কান্সেই কিল চড়-চাপড় সকল সময় ঠিক জারগার গিরা পড়িত না। কিন্তু হুলীলচন্দ্র বৈবাৎ বেদিন ধরা পড়িতেন সেদিন তাঁহার আর রক্ষা থাকিত না।

আন্ধ শনিবারের দিনে হটোর সমর স্থলের ছুটি ছিল, কিন্তু আন্ধ স্থলে বাইতে স্থীলের কিছুতেই মন উঠিতেছিল না। তাহার অনেকগুলা কারণ ছিল। একে তো আ্রু স্থলে ভূগোলের পরীকা, তাহাতে আবার ও পাড়ার বোসেদের বাড়ি আন্ধ সন্ধার সময় বাজি পোড়ানো হইবে। সকাল হইতে সেধানে ধ্নধাম চলিতেছে। স্থীলের ইচ্ছা, সেইখানেই আজ দিনটা কাটাইরা দের।

অনেক ভাবিয়া, শেষকালে স্থলে যাইবার সময় বিছানায় গিয়া শুইয়া পড়িল। তাহার বাপ স্থল গিয়া জিজ্ঞাসা করিলেন, "কী রে, বিছানায় পড়ে আছিস যে। আজ
ইন্ধলে যাবি নে?"

স্থশীল বলিল, "আমার পেট কামড়াচ্ছে, আজ আমি ইস্থলে যেতে পারব না।"

স্বল তাহার মিথা কথা সমস্ত ব্বিতে পারিলেন। মনে মনে বলিলেন, 'রোসো, একে আজ জন্দ করতে হবে।' এই বলিয়া কহিলেন, "পেট কামড়াচ্ছে? তবে আর তোর কোথাও গিয়ে কাজ নেই। বোসেদের রাড়ি বাজি দেখতে হরিকে একলাই পাঠিয়ে দেব এখন। তোর জত্যে আজ লজজুন কিনে রেখেছিল্ম, সেও আজ থেয়ে কাজ নেই। তুই এখানে চুপ করে পড়ে থাক্, আমি থানিকটা পাঁচন তৈরি করে নিয়ে আসি।"

এই বলিয়া তাহার ঘরে শিক্ল দিয়া স্থবলচন্দ্র খ্ব তিতো পাঁচন তৈয়ার করিয়া আনিতে গেলেন। স্থাল মহা মৃশকিলে পড়িয়া গেল। লজ্জুস সে যেমন ভালোবাসিত পাঁচন থাইতে হইলে তাহার তেমনি সর্বনাশ বোধ হইত। ও দিকে আবার বোদেদের বাড়ি যাইবার জন্ম কাল রাত হইতে তাহার মন ছট্ফট্ করিতেছে, তাহাও বৃঝি বন্ধ হইল।

স্বলবাৰ যথন থব বড়ো এক বাটি পাঁচন লইয়া ঘরে চুকিলেন স্থাল বিছানা হইতে ধড়্ফড় করিয়া উঠিয়া বলিল, "আমার পেট কামড়ানো একেবারে সেরে গেছে, আমি আজ ইস্থলে যাব।"

বাবা বলিলেন, "না না, সে কাজ নেই, তুই পাঁচন খেয়ে এইখানে চুপচাপ করে শুয়ে থাক্।" এই বলিয়া তাহাকে জোর করিয়া পাঁচন খাওয়াইয়া ঘরে তালা লাগাইয়া বাহির হইয়া গেলেন।

স্থাল বিছানায় পড়িয়া কাঁদিতে কাঁদিতে সমস্ত দিন ধরিয়া কেবল মনে করিতে লাগিল যে, 'আহা, যদি কালই আমার বাবার মতো বয়স হয়, আমি যা ইচ্ছে তাই করতে পারি, আমাকে কেউ বন্ধ করে রাখতে পারে না।'

তাহার বাপ স্থবলবাব্ বাহিন্নে একলা বসিয়া বসিয়া ভাবিতে লাগিলেন যে, 'আমার বাপ মা আমাকে বড়ো বেশি আদর দিতেন বলেই তো আমার ভালোরকম পড়াশুনো किছू इन ना। আहा, आवात यि तारे ছেলেবেলা ফিরে পাই, তা হলে আর কিছুতেই সময় নষ্ট না করে কেবল পড়াশুনো করে নিই।'

ইচ্ছাঠাকরুন সেই সমন্ন ঘরের বাহির দিয়া যাইতেছিলেন। তিনি বাপের ও ছেলের মনের ইচ্ছা জানিতে পারিয়া ভাবিলেন, 'আচ্ছা, ডালো, কিছুদিন ইহাদের ইচ্ছা পূর্ণ করিয়াই দেখা যাক।'

এই ভাবিয়া বাপকে গিয়া বলিলেন, "তোমার ইচ্ছা পূর্ণ হইবে। কাল হইতে তুমি ভোমার ছেলের বয়স পাইবে।" ছেলেকে গিয়া বলিলেন, "কাল হইতে তুমি তোমার বাপের বয়সী হইবে।" শুনিয়া তুইজনে ভারি খুশি হইয়া উঠিলেন।

বৃদ্ধ স্থবলচন্দ্র রাত্রে ভালো ঘুমাইতে পারিতেন না, ভোরের দিকটার ঘুমাইতেন।
কিন্তু আজ তাঁহার কী হইল, হঠাং থ্ব ভোরে উঠিয়া একেবারে লাফ দিরা বিছানা
হইতে নামিরা পড়িলেন। দেখিলেন, থ্ব ছোটো হইরা গেছেন; পড়া দাঁত সবগুলি
উঠিয়াছে; মৃথের গোঁফদাড়ি সমস্ত কোথার গেছে, তাহার আর চিহ্ন নাই। রাত্রে যে
ধৃতি এবং জামা পরিয়া শুইয়াছিলেন, সকালবেলার তাহা এত ঢিলা হইয়া গেছে যে,
ছাতের তৃই আস্তিন প্রায় মাটি পর্যন্ত ঝুলিয়া পড়িয়াছে, জামার গলা বৃক পর্যন্ত
নাবিয়াছে, ধৃতির কোঁচাটা এতই লুটাইতেছে যে, পা ফেলিয়া চলাই দার।

আমাদের স্থাপচন্দ্র অন্তদিন ভোরে উঠিয়া চারি দিকে দৌরাত্মা করিয়া বেড়ান, কিন্তু আজ তাহার ঘুম আর ভাঙে না; যথন তাহার বাপ স্থবলচন্দ্রের চেঁচামেচিতে সে জাগিয়া উঠিল তখন দেখিল, কাপড়-চোপড়গুলো গায়ে এমনি আঁটিয়া গেছে যে, ছিঁড়িয়া ফাটিয়া কৃটিকৃটি হইবার জাে হইয়াছে; শরীরটা সমস্ত বাড়িয়া উঠিয়াছে; কাঁচা-পাকা গোঁফে-দাড়িতে অধেকটা মুখ দেখাই যায় না; মাথায় একমাথা চুল ছিল, হাত দিয়া দেখে সামনে চুল নাই— পরিষার টাক তক্তক্ করিতেছে।

আজ সকালে স্থালচন্দ্র বিছানা ছাড়িয়া উঠিতেই চায় না। অনেকবার তুড়ি দিয়া উঠিতেই চায় না। অনেকবার তুড়ি দিয়া উঠিচঃযবে হাই তুলিল; অনেকবার এপাশ ওপাশ করিল; শেষকালে বাপ স্বলচন্দ্রের গোলমালে ভারি বিরক্ত হইয়া উঠিয়া পড়িল।

তৃইজনের মনের ইচ্ছা পূর্ণ হইল বটে, কিন্তু ভারি মুশকিল বাধিয়া গেল। আগেই বলিয়াছি, স্থালচন্দ্র মনে করিত যে, লে যদি তাহার বাবা স্বলচন্দ্রের মতো বড়ো এবং স্বাধীন হয়, তবে যেমন ইচ্ছা গাছে চড়িয়া, জলে বাঁপ দিয়া, কাঁচা আম ধাইয়া, পাথিয় বাচ্ছা পাড়িয়া, দেশময় ঘ্রিয়া বেড়াইবে; যখন ইচ্ছা ঘরে আসিয়া যাহা ইচ্ছা ভাছাই ধাইবে, কেছ বারণ করিবার থাকিবে না। কিন্তু আশুর্ব এই, সেদিন স্কালে উঠিয়া তাহার গাছে চড়িতে ইচ্ছাই হইল না। পানাপুক্রটা দেখিয়া তাহার মনে হইল, ইহাতে ঝাঁপ দিলেই আমার কাঁপুনি দিয়া জর আসিবে। চুপচাপ করিয়া দাওয়ায় একটা মাত্র পাতিয়া বসিয়া তাবিতে লাগিল।

একবার মনে হইল, থেলাধুলোগুলো একেবারেই ছাড়িয়া দেওয়াটা ভালো হয় না, একবার চেষ্টা করিয়াই দেখা যাক। এই ভাবিয়া কাছে একটা আমড়া গাছ ছিল, সেইটাতে উঠিবার জন্ম অনেকরকম চেষ্টা করিল। কাল যে গাছটাতে কাঠবিড়ালির মতো তর তর করিয়া চড়িতে পারিত আজ বুড়া শরীর লইয়া সে গাছে কিছুতেই উঠিতে পারিল না; নিচেকার একটা কচি ডাল ধরিবামাত্র সেটা তাহার শরীরের ভারে ভাঙিয়া গেল এবং বুড়া স্থনীল ধপ করিয়া মাটিতে পড়িয়া গেল। কাছে রাস্তা দিয়া লোক চলিতেছিল, তাহারা বুড়াকে ছেলেমান্থবের মতো গাছে চড়িতে ও পড়িতে দেখিয়া হাসিয়া অন্থির হইয়া গেল। স্থনীলচক্র লজ্জায় মুখ নিচু করিয়া আবার সেই দাওয়ায় মাত্রে আসিয়া বসিল; চাকরকে বলিল, "ওরে, বাজার থেকে এক টাকার লজ্ঞ্ব কিনে আন্।"

লজ্জুসের প্রতি স্থালচন্দ্রের বড়ো লোভ ছিল। স্থলের ধারে দোকানে সে রোজ নানা রঙের লজ্জুস সাজানো দেখিত; ছ-চার পদ্দা যাহা পাইত তাহাতেই লজ্জুস কিনিয়া থাইত; মনে করিত যথন বাবার মতো টাকা হইবে তথন কেবল পকেট ভরিয়া ভরিয়া লজ্জুস কিনিবে এবং থাইবে। আজ চাকর এক টাকায় একরাশ লজ্জুস কিনিয়া আনিয়া দিল; তাহারই একটা লইয়া সে দন্তহীন ম্থের মধ্যে পুরিয়া চুষিতে লাগিল; কিন্তু বুড়ার ম্থে ছেলেমান্থ্যের লজ্জুস কিছুতেই ভালো লাগিল না। একবার ভাবিল 'এগুলো আমার ছেলেমান্থ্য বাবাকে থাইতে দেওয়া যাক্'; আবার তথনই মনে হইল, 'না কাজ নাই, এত লঙ্জুস খাইলে উহার আবার অস্থ্য করিবে।'

কাল পর্যস্ত যে-সকল ছেলে স্থালচন্দ্রের সঙ্গে কপাটি খেলিয়াছে আজ তাহারা স্থালের সন্ধানে আসিয়া বুড়ো স্থালকে দেখিয়া দূরে ছুটিয়া গেল।

স্থীল ভাবিয়াছিল, বাপের মতো স্বাধীন হইলে তাহার সমস্ত ছেলে বন্ধুদের সক্ষে
সমস্তদিন ধরিয়া কেবলই ভূভু ভূভু শব্দে কপাটি থেলিয়া বেড়াইবে; কিন্তু আদ্ধ রাখাল গোপাল অক্ষয় নিবারণ হরিশ এবং নন্দকে দেখিয়া মনে মনে বিরক্ত হইয়া উঠিল; ভাবিল, 'চুপচাপ করিয়া বসিয়াআছি, এখনই বৃঝিভোঁড়াগুলোগোলমাল বাধাইয়া দিবে।'

আগেই বলিয়াছি, বাবা স্থবলচক্র প্রতিদিন দাওয়ায় মাত্র পাতিয়া বসিয়া বসিয়া ভাবিতেন, যখন ছোটো ছিলাম তখন হুটামি করিয়া সময় নষ্ট করিয়াছি, ছেলেবয়স ফিরিয়া পাইলে সমস্তদিন শাস্ত শিষ্ট হইয়া, ঘরে দরজা বন্ধ করিয়া বসিয়া, কেবল বই

লইয়া পড়া মুখস্থ করি। এমন-কি, সদ্ধার পরে ঠাকুরমার কাছে গল শোনাও বদ্ধ করিয়া প্রদীপ জালিয়া রাত্রি দশটা এগারোটা পর্যন্ত পড়া তৈয়ারি করি।

কিন্তু ছেলেবয়স ফিরিয়া পাইয়া স্বলচন্দ্র কিছুতেই স্থলম্থো ছইতে চাছেন না। স্থীল বিরক্ত হইয়া আসিয়া বলিত, "বাবা, ইস্কুলে যাবে না?" স্থবল মাথা চুলকাইয়া ম্থ নিচু করিয়া আন্তে আন্তে বলিতেন, "আজ আমার পেট কামড়াচ্ছে, আমি ইস্কুলে যেতে পারব না।" স্থীল রাগ করিয়া বলিত, "পারবে না বইকি! ইস্কুলে যাবার সময় আমারও অমন তের পেট কামড়েছে, আমি ও-সব জানি।"

বাস্তবিক স্থাল এতরকম উপায়ে স্থল পলাইত এবং সে এত অল্পনিনের কথা যে, তাহাকে ফাঁকি দেওয়া তাহার বাপের কর্মনহে। স্থাল জোর করিয়া স্থ্য বাপটিকে স্থলে পাঠাইতে আরম্ভ করিল। স্থলের ছুটির পরে স্থবল বাড়ি আসিয়া খ্ব একচোট ছুটাছুটি করিয়া খেলিয়া বেড়াইবার জন্ম অস্থির হইয়া পড়িতেন; কিন্তু ঠিক সেই সময়টিতে বৃদ্ধ স্থালচন্দ্র চোখে চশমা দিয়া একখানা ক্রন্তিবাসের রামায়ণ লইয়া স্থর করিয়া করিয়া পড়িত, স্থবলের ছুটাছুটি গোলমালে তাহার পড়ার ব্যাঘাত হইত। তাই সে জোর করিয়া স্থবলকে ধরিয়া সামুখে বসাইয়া হাতে একখানা লেট দিয়া আঁক ক্ষিতে দিত। আঁকগুলো এমনি বড়ো বড়ো বাছিয়া দিত যে, তাহার একটা ক্ষিতেই তাহার বাপের একঘণ্টা চলিয়া যাইত। সন্ধ্যাবেলায় বৃড়া স্থালের ঘরে অনেক বৃড়ায় মিলিয়া দাবা খেলিত। সে স্ময়টায় স্থবলকে ঠাগুা রাখিবার জন্ম স্থাল একজন মাস্টার রাখিয়া দিল; মাস্টার রাত্রি দশটা পর্যন্ত তাহাকে পড়াইত।

থাওয়ার বিষয়ে স্থশীলের বড়ো কড়াকড় ছিল। কারণ, তাহার বাপ স্থ্রল যখন
বৃদ্ধ ছিলেন তথন তাঁহার থাওয়া ভালো হজম হইত না, একটু বেশি থাইলেই অম্বল
হইত— স্থশীলের সে কথাটা বেশ মনে আছে, সেইজন্ম সে তাহার বাপকে কিছুতেই
অধিক থাইতে দিত না। কিন্তু হঠাৎ অল্পবয়স হইয়া আজকাল তাঁহার এমনি ক্ষ্ধা
হইয়াছে যে, স্থড়ি হজম করিয়া ফেলিতে পারিতেন। স্থশীল তাঁহাকে যতই অল্প থাইতে
দিত পেটের জালায় তিনি ততই অস্থির হইয়া বেড়াইতেন। শেষকালে রোগা
হইয়া শুকাইয়া তাঁহার সর্বাঙ্গের হাড় বাহির হইয়া পড়িল। স্থশীল ভাবিল, শক্ত
ব্যামো হইয়াছে; তাই কেবলই ওবধ গিলাইতে লাগিল।

বুড়া স্থালৈরও বড়ো গোল বাধিল। সে তাহার পূর্বকালের অভ্যাসমত যাহা করে তাহাই তাহার সহ হয় না; পূর্বে সে পাড়ায় কোথাও যাত্রাগানের থবর পাইলেই বাড়ি হইতে পালাইয়া, হিমে হোক, বৃষ্টিতে হোক, সেথানে পিয়া হাজির হইত। আজিকার বুড়া স্থাল সেই কাজ করিতে গিয়া, স্দি হইয়া, কাসি হইয়া, গায়ে মাথার ব্যথা হইরা, তিন হপ্তা শ্ব্যাগত হইরা পড়িরা রহিল। চিরকাল দে পুক্রে সান করিয়া আদিরাছে, আজও তাহাই করিতে গিরা হাতের গাঁট পারের গাঁট ফুলিরা বিষম বাত উপস্থিত হইল; তাহার চিকিংলা করিতে ছর মাল গেল। তাহার পর হইতে ত্ই দিন অস্তর লে গরম জলে সান করিত এবং স্বলকেও কিছুতেই পুক্রে সান করিতে দিত না। পূর্বেকার অভ্যাসমত, ভূলিয়া তক্তপোষ হইতে লে লাফ দিরা নামিতে যার, আর হাড়গুলো টন্টন্ ঝন্ঝন্ করিয়া উঠে। মৃথের মধ্যে আস্ত পান পুরিয়াই হঠাং দেখে, দাঁত নাই, পান চিবানো অলাধ্য। ভূলিয়া চিক্লনি ক্রশ লইয়া মাধা আঁচড়াইতে গিরা দেখে, প্রায় সকল মাথাতেই টাক। এক-একদিন হঠাং ভূলিয়া যাইত যে, লে তাহার বাপের বয়লী বড়া হইয়াছে এবং ভূলিয়া পূর্বের সভ্যাসমত হন্তামি করিয়া পাড়ার বড়ি আলি পিনির জলের কললে হঠাং ঠন্ করিয়া তিল ছুঁড়িয়া মারিত—বড়ামান্ত্যের এই ছেলেমান্থিষ ত্রামি দেখিয়া লোকেরা তাহাকে মার্ মার্ করিয়া তাড়াইয়া যাইত, সেও লজ্জায় মৃথ রাথিবার জায়গা পাইত না।

স্বলচন্দ্রও এক-একদিন দৈবাং ভূলিয়া ষাইত যে, সে আজকাল ছেলেমায়্রষ্ হইয়াছে। আপনাকে পূর্বের মতো বুড়া মনে করিয়া যেখানে বুড়ামায়্র্যেরা তাস পাশা খেলিতেছে সেইখানে গিয়া সে বিদত এবং বুড়ার মতো কথা বলিত, শুনিয়া সকলেই তাহাকে "যা যা, খেলা কর্গে যা, জ্যাঠামি করতে হবে না" বলিয়া কান ধরিয়া বিদায় করিয়া দিত। হঠাৎ ভূলিয়া মাস্টারকে গিয়া বলিত, "দাও তো, তামাকটা দাও তো, থেয়ে নিই।" শুনিয়া মাস্টার তাহাকে বেঞ্চের উপর এক পায়ে দাঁড় করাইয়া দিত। নাপিতকে গিয়া বলিত, "ওরে বেজা, ক দিন আমাকে কামাতে আসিস নি কেন।" নাপিত ভাবিত, ছেলেটি খ্ব ঠাট্টা করিতে শিখিয়াছে। সে উত্তর দিত, "আর বছরদশেক বাদে আসব এখন।" আবার এক-একদিন তাহার পূর্বের অভ্যাসমত তাহার ছেলে স্থালকে গিয়া মারিত। স্থাল ভারি রাগ করিয়া বলিত, "পড়াশুনো করে তোমার এই বৃদ্ধি হচ্ছে? একরতি ছেলে হয়ে বুড়োমায়্রের গায়ে হাত তোল।" অমনি চারি দিক হইতে লোকজন ছুটিয়া আসিয়া কেহ কিল, কেহ চড়, কেহ গালি দিতে আরম্ভ করে।

তখন স্থবল একাস্তমনে প্রার্থনা করিতে লাগিল যে, "আহা, যদি আমি আমার ছেলে স্থশীলের মতো বুড়ো হই এবং স্বাধীন হই, তাহা হইলে বাঁচিয়া যাই।"

স্পীলও প্রতিদিন জোড়ছাত করিয়া বলে, "ছে দেবতা, আমার বাপের মতো আমাকে ছোটো করিয়া দাও, মনের স্থান্ধ খেলা করিয়া বেড়াই। বাবা যেরকম ছষ্টামি আরম্ভ করিয়াছেন উহাকে আর আমি সামলাইতে পারি না, সর্বদা ভাবিয়া অন্থির হইলাম।"

ववीख-वहनावली

তথন ইচ্ছাঠাকক্ষন আসিয়া বলিলেন, "কেমন, ভোমাদের শথ মিটিয়াছে ?" তাঁহারা ত্ইজনেই গড় হইয়া প্রণাম করিয়া কহিলেন, "দোহাই ঠাকক্ষন, মিটিয়াছে। এখন আমরা যে যাহা ছিলাম আমাদিগকে তাহাই করিয়া দাও।" ইচ্ছাঠাকক্ষন বলিলেন, "আচ্ছা, কাল সকালে উঠিয়া তাহাই হইবে।"

পরদিন সকালে স্থবল পূর্বের মতো বুড়া হইয়া এবং স্থাল ছেলে হইয়া জাগিয়া উঠিলেন। ত্ইজনেরই মনে হইল যে, স্বপ্ন হইতে জাগিয়াছি। স্থবল গলা ভার করিয়া বলিলেন, "স্থাল, ব্যাকরণ মৃথস্থ করবে না ?"

স্থীল মাথা চুলকাইতে চুলকাইতে বলিল, "বাবা, আমার বই হারিয়ে গেছে।" আদিন ১৩০২

প্রবন্ধ

রাশিয়ার চিঠি

কল্যাণীয় শ্রীমান্ সুরেজনাথ করকে আশীর্বাদ

শান্তিনিকেতন ২৫ বৈশাশ্ব ১৩৩৮

রবীন্দ্রনাথ ঠাকুর

রাশিয়ার চিঠি

٥

गरकी

রাশিরার অবশেষে আসা গেল। যা দেখছি আশ্চর্য ঠেকছে। অন্য কোনো দেশের মতোই নয়। একেবারে মূলে প্রভেদ। আগাগোড়া সকল মাহ্র্যকেই এরা সমান করে আগিরে ভুলছে।

চিরকালই মান্ন্যের সভ্যতার একদল অখ্যাত লোক থাকে, তাদেরই সংখ্যা বেশি, তারাই বাহন; তাদের মান্ন্য হবার সময় নেই; দেশের সম্পদের উচ্ছিষ্টে তারা পালিত। সব চেরে কম খেরে, কম প'রে, কম শিথে, বাকি সকলের পরিচর্চা করে; সকলের চেরে বেশি তাদের অসম্মান। কথার কথার তারা রোগে মরে, উপোসে মরে, উপরওরালাদের লাখি ঝাঁটা খেরে মরে—জীবনমাত্রার জন্ম যত-কিছু স্বযোগ স্থবিধে সব-কিছুর থেকেই তারা বঞ্চিত। তারা সভ্যতার পিলস্থজ, মাধার প্রদীপ নিয়ে খাড়া দাড়িয়ে থাকে— উপরের স্বাই আলো পার, তাদের গা দিয়ে তেল গড়িয়ে পড়ে।

আমি অনেক দিন এদের কথা ভেবেছি, মনে হরেছে এর কোনো উপায় নেই। এক দল তলায় না থাকলে আর-এক দল উপরে থাকতেই পারে না, স্মুখচ উপরে থাকার দরকার আছে। উপরে না থাকলে নিতাস্ত কাছের সীমার বাইরে কিছু দেখা যায় না; কেবলমাত্র জীবিকানির্বাহ করার জন্যে তো মাছ্যের মহয়ত্ব নয়। একান্ত জীবিকাকে অভিক্রম করে ভবেই তার সভ্যতা। সভ্যতার সমস্ত শ্রেষ্ঠ ফসল অবকাশের ক্ষেত্রে ফলেছে। মাছ্যের সভ্যতায় এক অংশে অবকাশ রক্ষা করার দরকার আছে। তাই ভাবতুম, বে-সব মাছ্য ভর্ম অবস্থার গতিকে নর, শরীরমনের গতিকে নীচের ভলায় কাজ করতে বাধ্য এবং সেই কাজেরই যোগ্য, বথাসভব তাদের শিক্ষাস্থান্থ্য-স্থান্থবিধার জন্যে চেষ্টা করা উচিত।

म्णिक थहे, महा करत्र कारना कांग्री किनिम कर्त्रा हर्त्व ना ; वाहरत्र त्यरक छेनकांत्र

করতে গেলে পদে পদে তার বিকার ঘটে। সমান হতে পারলে তবেই সত্যকার সহারতা সম্ভব হয়। যাই হোক, আমি ভালো করে কিছুই ভেবে পাই নি, অথ্চ অধিকাংশ মান্ত্র্যকে তলিয়ে রেখে, অমান্ত্র্য করে রেখে, তবেই সভ্যতা সমুচ্চে থাকবে এ কথা অনিবার্য বলে মেনে নিতে গেলে মনে ধিক্কার আসে।

ভেবে দেখো-না, নিরম ভারতবর্ষের অয়ে ইংলও পরিপুষ্ট হয়েছে। ইংলওের অনেক লোকেরই মনের ভাব এই যে, ইংলও কৈ চিরদিন পোষণ করাই ভারতবর্ষের সার্থকতা। ইংলও বড়ো হয়ে উঠে মানবসমাজে বড়ো কাজ করছে, অতএব এই উদ্দেশ্ত সাধনের জন্তে চিরকালের মতো একটা জাতিকে দাসতে বন্ধ করে রেথে দিলে দোষ নেই। এই জাতি যদি কম খায়, কম পরে, তাতে কী যায় আসে— তব্ও দয়া করে তাদের অবস্থার কিছু উরতি করা উচিত, এমন কথা তাদের মনে জাগে। কিন্তু এক-শো বছর হয়ে গেল; না পেলুম শিকা, না পেলুম স্বান্থ্য, না পেলুম সম্পদ।

প্রত্যেক সমাজের নিজের ভিতরেও এই একই কথা। যে মাত্র্যকে মাত্র্য সন্মান করতে পারে না সে মাহুষকে মাহুষ উপকার করতে অক্ষম। অন্তত যথনই নিজের স্বার্থে এলে ঠেকে তথনই মারামারি কাটাকাটি বেধে যায়। রাশিয়ায় একেবারে গোড়া खँरि এই সমস্তা সমাধান করবার চেষ্টা চলছে। তার শেষ ফলের কথা এখনো বিচার করবার সময় হয় নি, কিন্তু আপাতত যা চোখে পড়ছে তা দেখে আশ্চর্য হচিছ। আমাদের সকল সমস্তার সব চেয়ে বড়ো রাস্তা হচ্ছে শিক্ষা। এতকাল সমাজের অধিকাংশ লোক শিক্ষার পূর্ণ স্থােগ থেকে বঞ্চিত-ভারতবর্ধ তাে প্রায় সম্পূর্ণ ই বঞ্চিত। এখানে সেই শিক্ষা যে কী আশ্চর্য উভামে সমাজের সর্বত ব্যাপ্ত হচ্ছে তা দেখলে বিস্মিত হতে হয়। শিক্ষার পরিমাণ শুধু সংখ্যায় নয়, তার সম্পূর্ণতায়, তার व्यवगठांत्र। कारना माञ्चर गार्ज निः गरांत्र ७ निकर्मा रूप्त ना थारक धकरण की প্রচুর আরোজন পু কী বিপুল উভাম। শুধু শেত-রাশিয়ার অস্তে নয়-- মধ্য-এশিয়ার অর্ধসভ্য জাতের মধ্যেও এরা ক্যার মতো বেগে শিক্ষা বিস্তার করে চলেছে; সারন্দের শেষ-ফসল পর্যন্ত হারে। পার এইজন্মে প্রয়াসের অন্ত নেই। এখানে থিয়েটারে ভালো ভালো অপেরা ও বড়ো নাটকের অভিনয়ে বিষম ভিড়, কিন্তু যারা দেখছে जाना कृषि ७ क्यों एकत्र मरणतः। कांचां ७ अरमत्र जनमान त्नरे। रेजियसा अरम्त्र ख ছুই-একটা প্রতিষ্ঠান দেখলুম সর্বত্রই লক্ষ্য করেছি এদের চিত্তের জাগরণ এবং व्यापायर्गामात्र व्यानमा व्यापारमत रमस्यत क्रमाधात्रस्य का क्यारे त्नरे, रेशमरखत যকুর-শ্রেণীর সন্ধে তুলনা করলে আকাশপাতাল তফাত দেখা যায়। আমরা শ্রীনিকেতনে ৰা করতে চেয়েছি এর। সমস্ত দেশ কুড়ে প্রকৃষ্টভাবে ভাই করছে। আমাদের কর্মীরা

যদি কিছুদিন এখানে এগে শিক্ষা করে যেতে পারত তা হলে ভারি উপকার হত। প্রতিদিনই আমি ভারতবর্ধের সঙ্গে এখানকার তুলনা করে দেখি আর ভাবি, কী হয়েছে আর কী হতে পারত। আমার আমেরিকান সলী ডাক্তার হ্যারি টিম্বর্স্ এখানকার স্বাস্থাবিধানের ব্যবহা আলোচনা করছে— ভার প্রকৃষ্টতা দেখলে চমক লাগে— আর কোধার পড়ে আছে রোগতপ্ত অভুক্ত হতভাগ্য নিরুপার ভারতবর্ধ! করেক বংসর পূর্বে ভারতবর্বের অবস্থার সঙ্গে এদের জনসাধারণের অবস্থার সঙ্গে সানৃষ্ঠ ছিল— এই অল্পকানের মধ্যে ক্রত বেগে বদলে গেছে— আমরা পড়ে আছি জড়তার পাঁকের মধ্যে আকর্চ নিমগ্র।

এর মধ্যে যে গলদ কিছুই নেই তা বলি নে; গুরুতর গলদ আছে। সেজতো একদিন এদের বিপদ ঘটবে। সংক্ষেপে সে গলদ হচ্ছে, শিক্ষাবিধি দিয়ে এরা ছাঁচ বানিয়েছে— কিন্তু ছাঁচে-ঢালা মহয়ত্ব কথনো টে কে না— সজীব মনের তত্বের সঙ্গে বিভার তত্ব যদি না মেলে তা হলে হয় একদিন ছাঁচ হবে ফেটে চ্রমার, নয় মাহ্মের মন যাবে মরে আড়েই হয়ে, কিম্বা কলের পুতৃল হয়ে দাঁড়াবে।

এখানকার ছেলেদের মধ্যে বিভাগ করে কর্মের ভার দেওয়া হয়েছে দেখলুম, ওদের আবাসের ব্যবস্থা সম্বন্ধে একদল স্বাস্থ্য, একদল ভাণ্ডার ইত্যাদি নানারক্ম তদারকের দায়িত্ব নেয়; কর্তৃত্ব স্বই ওদের হাতে, কেবল একজন পরিদর্শক থাকে। শাস্তিনিকেতনে वामि हित्रकान এই-नमछ निष्ठम अवर्जन क्रवा हि एक्टी क्रिक्ट क्विन क्रियावनी রচনা হয়েছে, কোনো কাজ হয় নি। তার অগ্যতম কারণ হচ্ছে, স্বভাবতই পাঠবিভাগের চরম লক্ষ্য হয়েছে পরীক্ষায় পাস করা, আর সব-কিছুই উপলক্ষ; অর্থাৎ হলে ভালোই, ना रूटा कि विशेष प्राप्ति विशेष विशेष विशेष विशेष विशेष व्यनिष्कृत। তা ছাড়া শিশুকাল থেকেই আমরা পুঁথিমৃধস্থ বিছাতেই অভ্যন্ত। নিয়মাবলী রচনা করে কোনো লাভ নেই; নিয়ামকদের পক্ষে যেটা আন্তরিক নয় সেটা উপেক্ষিত না হয়ে থাকতে পারে না। গ্রামের কাজ ও শিক্ষাবিধি সম্বন্ধে আমি যে-সৰ কথা এতকাল ভেবেছি এখানে তার বেশি কিছু নেই— কেবল আছে শক্তি, আছে উভ্যম, আর কার্যকর্তাদের ব্যবস্থাবুদ্ধি। আমার মনে হয়, অনেকটাই নির্ভর করে গায়ের खादित छे भत्र — गामितियाय कौर्व व्यविश्रृष्टे प्रष्ट निष्य मण्यूर्व दिश्व कांक कत्रा ত্ংসাধ্য; এখানকার শীতের দেশের লোকের হাড় শক্ত বলেই কাজ এমন করে সহজে अर्गाम । याथा धनि करत्र जायारात्र स्टब्स्त कर्योरात्र मःथा निर्वत्र कर्मा ठिक नम्, ভারা পুরো একখানা মাহ্য নয়। ইভি ২০ সেপ্টেম্বর ১৯৩০

2

गटकी

স্থান রাশিরা। দৃশ্য, মস্কোরের উপনগরীতে একটি প্রাসাদভবন। জানলার ভিতর দিরে চেরে দেখি, দিক্প্রান্ত পর্যন্ত অরণ্যভূমি, সবুজ রঙের তেউ উঠেছে— ঘন সবুজ, ফিকে সবুজ, বেগনির সলে মেশামেশি সবুজ, হলদের-আমেজ-দেওয়া সবুজ। বনের শেষ-সীমার বহু দ্রে গ্রামের কৃটিরশ্রেণী। বেলা প্রায় দশ্টা, আকাশে স্তরে স্তরে মেঘ করেছে, জ্বুষ্টিসংর্জ্জ সমারোহ, বাতাসে ঋজুকারা পপ্লার গাছের শিথরগুলি দোহ্ল্যমান।

मस्त्रीदम्द कम्मिन य रहार्टिल हिन्म जांत्र नाम धान्छ रहार्टन। वाछिं। मछ, কিন্তু অবস্থা অতি দরিত্র। যেন ধনীর ছেলে দেউলে হয়ে গেছে। সাবেক কালের সাজসজ্জা কতক গেছে বিকিয়ে, কতক গেছে ছিড়ে; তালি দেওয়ারও সম্বৃতি নেই; यत्रमा हरत्र आहि, धारात्र वाफिन मन्भर्क वस्ता ममन्त महरत्रहे व्यवसा এहेनकम-একান্ত অপরিচ্ছন্নতার ভিতর দিয়েও নবাবী আমলের চেহারা দেখা যাচ্ছে, যেন ভেঁড়া জামাতেও সোনার বোতাম লাগানো, যেন ঢাকাই ধুতি রিফু-করা। আহারে ব্যবহারে এমন সর্বব্যাপী নির্ধনতা মুরোপের আর কোথাও দেখা যার না। তার প্রধান কারণ, আর-আর সব জারগায় ধনীদরিদ্রের প্রভেদ থাকাতে ধনের পুঞ্জীভূত রূপ সব চেয়ে बर्फ़ा करत्र क्रांट्य পर्फ़-- मिथान मात्रिया थारक यवनिकात्र जाफ़ारम निপ्राथा ; मिटे নেপথ্যে সব এলোমেলো, নোংরা, অস্বাস্থ্যকর, হংখে হুর্দশার হৃষ্পর্মে নিবিড় অন্ধকার। किन वरित थएक शिरा योगन राशान वांना शाहे मिथानकांत्र कांनना पिरा या-किन দেখতে পাই সমস্তই স্কুভন্ত, শোভন, স্থপরিপুষ্ট। এই সমৃদ্ধি যদি সমানভাবে ছড়িয়ে দেওয়া যেত তা হলে তথনই ধরা পড়ত, দেশের ধন এত কিছু বেশি নয় যাতে সকলেরই ভাত काপড़ यरथहे পরিমাণে জোটে। এধানে ভেদ নেই বলেই ধনের চেছারা গেছে ঘুচে; দৈষ্টেরও কুশ্রীতা নেই, আছে অকিঞ্নতা। দেশ-জোড়া এই অধন আর কোধাও मिरि नि रामरे अथरमरे विशे व्यामारित पूर्व कोर्स शर् । व्यक्त मिर्म योगित व्यामा জনসাধারণ বলি এখানে তারাই একমাতা।

মক্ষোমের রাস্তা দিয়ে নানা লোক চলেছে। কেউ ফিটফাট নয়, দেখলেই বোঝা বার অবকাশভোগীর দল একেবারে অন্তর্ধান করেছে। সকলকেই সহস্তে কাজকর্ম করে দিনপাত করতে হয়, বার্গিরির পালিশ কোনো জায়গাতেই নেই। ডাক্ডার পেটোড বলে এক ভন্তলোকের বাড়ি বেতে হয়েছিল, তিনি এখানকার একজন সম্মানী লোক, উচ্চপদন্ত কর্মচারী। যে বাড়িতে তাঁর জাপিস সেটা সেকালের একজন বড়োলোকের

বাড়ি। কিন্তু ঘরে আসবাব অতি সামান্ত, পারিপাট্যের কোনো লক্ষণ নেই; নিম্বার্পিট মেঝের এক কোণে যেমন-তেমন একখানা টেবিল; সবস্থদ্ধ, পিতৃবিয়োগে ধোবা-নাপিত-বর্জিত অশোচদশার মতো শয্যাসনাগৃত্য ভাব, যেন বাইরের লোকের কাছে সামাজিকতা রক্ষার কোনো দায় নেই। আমার বাসায় আহারাদির যে ব্যবস্থা তা গ্র্যান্ড, হোটেল নামধারী পাহাবাসের পক্ষে নিতান্তই অসংগত। কিন্তু এজত্যে কোনো কুঠা নেই, কেননা সকলেরই এক দশা।

আমাদের বাল্যকালের কথা মনে পড়ে। তথনকার জীবনযাত্রা ও তার আয়াজন এখনকার তুলনার কতই অকিঞিৎকর, কিন্তু সেজতে আমাদের কারো মনে কিছুমাত্র সংকোচ ছিল না। তার কারণ, তথনকার সংসার্যাত্রার আদর্শে অত্যন্ত বেশি উচুনিচ্ছিল না। সকলেরই ঘরে একটা মোটাম্টি রকমের চালচলন ছিল; তলাত যা ছিল তা বৈদক্ষাের, অর্থাৎ গানবাজনা পড়াশুনাে ইত্যাদি নিয়ে। তা ছাড়া ছিল কৌলিক রীতির পার্থক্য, অর্থাৎ ভাষাভাবভলী আচারবিচার -গত বিশেষত্ব। কিন্তু তথন আমাদের আহারবিহার ও সকল -প্রকার উপকরণ যা ছিল তা দেশলে এখনকার মধ্যবিত্ত লোকদের মনেও অবজ্ঞা জাগতে পারত।

ধনগত বৈষম্যের বড়াই আমাদের দেশে এসেছে পশ্চিম মহাদেশ থেকে। এক সময়ে আমাদের দেশে যখন হাল আমলের আপিসবিহারী ও ব্যাবসাদারদের ঘরে নতুন টাকার আমদানি হল তখন তারা বিলিতি বাব্গিরির চলন শুরু করে দিলে। তখন থেকে আগবাবের মাপেই ভদ্রতার পরিমাপ আরম্ভ হয়েছে। তাই আমাদের দেশেও আজকাল কুলণীল রীতিনীতি বৃদ্ধিবিছা সমস্ভ ছাপিয়ে চোখে পড়ে ধনের বিশিষ্টতা। এই বিশিষ্টতার গৌরবই মান্তবের পক্ষে সব চেয়ে অগৌরব। এরই ইতরতা যাতে মজ্জার মধ্যে প্রবেশ না করে সেজক্তে বিশেষ সাবধান হওয়া উচিত।

এখানে এসে সব চেয়ে যেটা আমার চোখে ভালো লেগেছে সে হচ্ছে, এই ধনগরিমার ইতরতার সম্পূর্ণ তিরোভাব। কেবলমাত্র এই কারণেই এ দেশে জনসাধারণের
আজুমর্যালা এক মৃহুর্তে অবারিত হয়েছে। চাষাভূষো সকলেই আজ অসম্মানের
বোঝা ঝেড়ে ফেলে মাখা তুলে দাঁড়াতে পেরেছে, এইটে দেখে আমি যেমন বিমিত
তেমনি আনন্দিত হয়েছি। মাছ্রুষে মাছ্রুষে ব্যবহার কী আশ্চর্য সহজ্ঞ হয়ে গেছে।
অনেক কথা বলবার আছে, বলবার চেষ্টা করব; কিন্তু এই মৃহুর্তে আপাতত বিপ্রাম
করবার দরকার হয়েছে। অতএব জানলার সামনে লহা কেদারার উপর হেলান
দিয়ে বসব, পায়ের উপর একটা কম্বল টেনে দেব— তার পরে চোখ যদি বুজে আসতে
চায় জোর করে টেনে রাখতে চেষ্টা করব না। ইতি ১৯ সেপ্টেম্বর ১৯৩০

9

यटको

বছকাল গত হল তোমাদের উভয়কে পত্র লিখেছিল্ম। তোমাদের সমিলিড নৈ:শব্য থেকে অহমান করি সেই যুগলপত্র কৈবল্য লাভ করেছে। এমনতরো মহতী বিনষ্টি ভারতীয় ডাকঘরে আজকাল মাঝে মাঝে ঘটছে বলে শকা করি। এই কারণেই আজকাল চিঠি লিখতে উৎসাহ বোধ করি নে। অন্তত তোমাদের দিক থেকে সাড়া না পেলে চুপ করে ষাই। নি:শব্দ রাত্রির প্রহরগুলোকে দীর্ঘ বলে মনে হয়; তেমনিতরোই নিশ্চিঠি কাল কল্পনায় অত্যন্ত লম্বা হয়ে ওঠে। তাই থেকে থেকে মনে হয় যেন লোকান্তরপ্রপ্রি হয়েছে। তাই পাঁজি গেছে বদল হয়ে, ঘড়ি বাজছে লম্বা তালে। জৌপদীর বস্তহরণের মতো আমার দেশে যাবার সময়কে যতই টান মারছে ততই অফ্রান হয়ে বেড়ে চলেছে। যেদিন ফিরব সেদিন নিশ্চিতই ফিরব— আজকের দিন যেমন অব্যবহিত নিকটে সেদিনও তেমনিই নিকটে আসবে, এই মনে করে সান্থনার চেষ্টা করি।

তা হোক, আপাতত রাশিয়ায় এসেছি— না এলে এ জন্মের তীর্থদর্শন অত্যস্ত অসমাপ্ত থাকত। এখানে এরা যা কাণ্ড করছে তার ভালোমন্দ বিচার করবার পূর্বে সর্বপ্রথমেই মনে হয়, কী অসম্ভব সাহস। সনাতন বলে পদার্থটা মাহুষের অস্থিমজ্জার মনে-প্রাণে হাজারথানা হয়ে আঁকড়ে আছে; তার কত দিকে কত মহল, কত দরজায় কত পাহারা, কত যুগ থেকে কত ট্যাক্সো আদায় করে তার তহবিল হয়ে উঠেছে পর্বতপ্রমাণ। এরা তাকে একেবারে জটে ধরে টান মেরেছে; ভন্ন ভাবনা সংশব্ধ কিছু মনে নেই। সনাতনের গদি দিয়েছে বাঁটিয়ে, नृভনের জন্মে একেবারে নৃতন আসন বানিয়ে দিলে। পশ্চিম মহাদেশ ৰিজ্ঞানের জাত্বলৈ ত্:সাধ্য সাধন করে, দেখে মনে মনে তারিফ করি। কিছ এখানে যে প্রকাণ্ড ব্যাপার চলছে সেটা দেখে আমি সব চেম্নে বেশি বিশ্বিত হয়েছি। শুধু যদি একটা ভীষণ ভাঙচুরের কাও হত তাতে তেমন আৰুৰ্ধ হতুম না— কেননা নান্তানাবৃদ করবার শক্তি এদের যথেষ্ট আছে— কিন্তু দেখতে পাচ্ছি, বহুদূরব্যাপী একটা ক্ষেত্র নিয়ে এরা একটা নৃতন জগৎ গড়ে তুলতে কোমর বেঁধে লেগে গেছে। দেরি সইছে না; কেননা জগৎ জুড়ে এদের প্রতিকৃশতা, স্বাই এদের বিরোধী— যত শীন্ত পারে এদের খাড়া হয়ে দাড়াতে হবে— হাতে হাতে প্রমাণ করে দিতে হবে, এরা ষেটা চাচ্ছে সেটা ভূল নয়, ফাঁকি নর। হাজার বছরের বিরুদ্ধে দল-পনেরো বছর জিভবে বলে পণ করেছে। অন্ত দেশের তুলনায় এদের অর্থের জোর অতি সামান্ত, প্রতিজ্ঞার জোর তুর্ধ। এই-यে विश्ववैरो घरेन और त्रानित्राण्ड चर्टित वर्णिहे ज्यानक कान त्यांक ज्यानका

করছিল। আরোজন কত দিন থেকেই চলছে। খ্যাত-অখ্যাত কত লোক কত কাল থেকেই প্রাণ দিয়েছে, জনহু ত্থে স্থাকার করেছে। পৃথিবীতে বিপ্লবের কারণ বহুদ্র পর্বস্ত ব্যাপক হরে থাকে, কিছু এক-একটা জারগার ঘনীভূত হয়ে ওঠে। সমস্ত শরীরের রক্ত দ্বিত হয়ে উঠলেও এক-একটা ত্র্বল জারগার ফোড়া হয়ে লাল হয়ে ওঠে। বাদের হাতে ধন, বাদের হাতে ক্ষমতা, তাদের হাত থেকে নিধন ও অক্ষমেরা এই রাশিরাতেই অসহু যয়ণা বহন করেছে। তুই পক্ষের মধ্যে একান্ত জনাম্য জবশেষে প্রশাসের মধ্যে দিয়ে এই রাশিরাতেই প্রতিকারসাধনের চেষ্টার প্রবৃত্ত।

একদিন ফরাসী-বিদ্রোহ ঘটেছিল এই অসাম্যের তাড়নায়। সেদিন সেখানকার পীড়িতেরা ব্ঝেছিল এই অসাম্যের অপমান ও তঃথ বিশ্বব্যাপী। তাই সেদিনকার বিপ্লবে সাম্য সৌজাত্র ও স্বাতস্ত্রের বাণী স্বদেশের গণ্ডি পেরিয়ে উঠে ধ্বনিত হয়েছিল। কিছু টি কল না। এদের এখানকার বিপ্লবের বাণীও বিশ্ববাণী। আজু পৃথিবীতে অস্কৃত এই একটা দেশের লোক স্বাজাতিক স্বার্থের উপরেও সমস্ত মাহ্মবের স্বার্থের কথা চিম্বাকরছে। এ বাণী চিরদিন টি কবে কি না কেউ বলতে পারে না। কিছু স্বন্ধাতির সমস্তা সমস্ত মাহ্মবের সমস্তার অন্তর্গত, এই কথাটা বর্তমান যুগের অন্তর্গনিহিত কথা। একে স্বীকার করতেই হবে।

এই যুগে বিশ্ব-ইতিহাসের রক্ষভূমির পর্দা উঠে গৈছে। এতকাল ষেন আড়ালে আড়ালে রিহার্স্যাল চলছিল, টুকরো টুকরো ভাবে, ভিন্ন ভিন্ন কামরায়। প্রত্যেক দেশের চারি দিকে বেড়া ছিল। বাহির থেকে আনাগোনা করবার পথ একেবারে ছিল না তা নয়, কিন্তু বিভাগের মধ্যে মানবসংসারের ষে চেহারা দেখেছি আজ তা দেখি নে। সেদিন দেখা যাছিল একটি-একটি গাছ, আজ দেখছি অরণ্য। মানবসমাজের মধ্যে যদি ভারসামঞ্জপ্রের অভাব ঘটে থাকে সেটা আজ দেখা দিছে পৃথিবীর এক দিক থেকে আর-এক দিক পর্যন্ত। এমন বিরাট করে দেখতে পাওয়া কম কথা নয়।

টোকিয়োতে বধন কোরীর যুবককে জিজাসা করেছিল্ম "তোমাদের হৃ:ধটা কী" সে বললে, "আমাদের কাঁধে চেপেছে মহাজনের রাজঅ, আমরা তাদের মুনকার বাহন।" আমি প্রশ্ন করল্ম, যে কারণেই হোক, "তোমরা যথন হুবল তথন এই বোঝা নিজের জোরে থেড়ে ফেলবে কী উপায়ে।" সে বললে, নিফপায়ের দল আজ পৃথিবী জুড়ে, হৃ:থে তাদের মেলাবে— যারা ধনী, যারা শক্তিমান, তারা নিজের নিজের লোহার সিদ্ধৃক ও সিংহাসনের চার দিকে পৃথক হয়ে থাকবে, তারা কথনো মিলতে পারবে না। কোরিয়ার জোর হচ্ছে তার হৃ:থের জোর।"

> এটবা পরিশিষ্ট : কোরীম মুবকের রাষ্ট্রিক মত

হংশী আৰু সমন্ত মাহ্নদের রঙ্গভূমিতে নিজেকে বিরাট করে দেখতে পাচ্ছে, এইটে মন্ত কথা। আগেকার দিনে নিজেদের বিচ্ছিন্ন করে দেখেছে বলেই কোনোমতে নিজের শক্তিরপ দেখতে পার নি— অদৃষ্টের উপর ভর করে সব সহু করেছে। আজ অত্যন্ত নিক্ষপান্ত অন্তত সেই স্বর্গরাজ্য করনা করতে পারছে যে রাজ্যে পীড়িতের পীড়া যান্ত, অপমানিতের অপমান ঘোচে। এই কারণেই সমন্ত পৃথিবীতেই আজ হংখজীবীরা নড়ে উঠেছে।

ষারা শক্তিমান তারা উদ্ধত। হুংথীদের মধ্যে আজ বে শক্তির প্রেরণা সঞ্চারিত হয়ে তাদের অন্থির করে তুলেছে তাকে বলণালীরা বাইরে থেকে ঠেকাবার চেষ্টা করছে— তার দ্তদের ঘরে তুকতে দিছে না, তাদের কণ্ঠ দিছে ক্ষদ্ধ করে। কিন্তু আসল যাকে সব চেয়ে ওদের ভয় করা উচিত ছিল সে হচ্ছে হুংথীর হুংথ— কিন্তু তাকেই এরা চিরকাল সব চেয়ে অবজ্ঞা করতে অভ্যন্ত। নিজের মূনফার থাতিরে সেই হুংথকে এরা বাড়িয়ে চলতে ভয় পায় না, হতভাগ্য চাবীকে হুর্ভিক্ষের কবলের মধ্যে ঠেশে-ধরে শতকরা ছ্-শো তিন-শো হারে মূনফা ভোগ করতে এদের হুংকম্প হয় না। কেননা সেই মূনফাকেই এরা শক্তি বলে জানে। কিন্তু মাহুষের সমাজে সমস্ত আতিশয়ের মধ্যেই বিপদ, সে বিপদকে কথনোই বাইরে থেকে ঠেকানো যায় না। অতিশয় শক্তি অতিশয় অশক্তির বিশ্বকে চিরদিন নিজেকে বাড়িয়ে চলতেই পারে না। ক্ষমতাশালী যদি আপন শক্তিমদে উন্মত্ত হয়ে না থাকত তা হলে সব চেয়ে ভয় করত এই অসাম্যের বাড়াবাড়িকে— কারণ অসামঞ্জ্য মাত্রই বিশ্ববিধির বিক্রছে।

মক্ষে থেকে যথন নিমন্ত্রণ এল তথনো বলশেভিকদের সম্বন্ধে আমার মনে স্পষ্ট কোনো ধারণা ছিল না। তাদের সম্বন্ধে ক্রমাগতই উলটো উলটো কথা শুনেছি। আমার মনে তাদের বিশ্বদ্ধে একটা থটকা ছিল। কেননা গোড়ায় ওদের সাধনা ছিল জ্বরদন্তির সাধনা। কিন্তু একটা জিনিস লক্ষ্য করে দেখলুম, ওদের প্রতি বিশ্বদ্ধতা মুরোপে যেন অনেকটা ক্ষীণ হয়ে এসেছে। আমি রাশিয়াতে আসছি শুনে অনেক লোকেই আমাকে উৎসাহ দিয়েছে। এমন-কি, অনেক ইংরেজের মুখেও ওদের প্রশংসা শুনেছি। অনেকে বলেছে, ওরা অতি আশ্চর্য একটা পরীক্ষায় প্রবৃত্ত।

আবার অনেকে আমাকে ভর দেখিয়েছে; কিন্তু প্রধান ভয়ের বিষয়, আরামের অভাব; বলেছে, আহারাদি সমন্তই এমন মোটারকম যে আমি তা সহু করতে পারব না। তা ছাড়া এমন কথাও অনেকে বলেছে, আমাকে যা এরা দেখাবে তার অধিকাংশই বানানো। এ কথা মানতেই হবে, আমার বয়সে আমার মতো শরীর নিয়ে রাশিয়ার অমণ ছংসাহসিকতা। কিন্তু পৃথিবীতে বেখানে সব চেয়ে বড়ো



রবীক্রচিত্রপ্রদর্শনীতে কবির আগমন

পায়োনিয়র্দ্ কম্যুনে আলাপ-আলোচনা





भारघानिष्ठत छाचछाजीभाकङ्क त्वीस्नारथत् मःवधना

ঐতিহাসিক যজের অমুষ্ঠান সেখানে নিমন্ত্রণ পেয়েও না আসা আমার পক্ষে
অমার্জনীয় হত।

তা ছাড়া আমার কানে সেই কোরীয় যুবকের কথাটা বান্ধছিল। মনে মনে ভাবছিল্ম, ধনশক্তিতে চ্র্জন্ন পাশ্চাত্য সভ্যতার প্রাহ্ণণনারে ওই রাশিয়া আন্ধ নিধনের শক্তিসাধনার আসন পেতেছে সমস্ত পশ্চিম মহাদেশের ক্রক্টিক্টিল কটাক্ষকে সম্পূর্ণ উপেক্ষা করে, এটা দেখবার জ্ঞে আমি যাব না তো কে যাবে। ওরা শক্তিশালীর শক্তিকে, ধনশালীর ধনকে বিপর্যন্ত করে দিতে চান্ন, তাতে আমরা ভন্ন করব কিসের, রাগই করব বা কেন। আমাদের শক্তিই বা কী, ধনই বা কত। আমরা তো জগতের নিরম্ন নি:সহান্নদের দলের।

যদি কেউ বলে, তুর্বলের শক্তিকে উদ্বোধিত করবার জন্মেই তারা পণ করেছে, তা হলে আমরা কোন্ মৃথে বলব যে, তোমাদের ছায়া মাড়াতে নেই। তারা হয়তো ভূল করতে পারে— তাদের প্রতিপক্ষেরাও যে ভূল করছে না তা নয়। কিন্তু আমাদের বলবার আজ সময় এসেছে যে, অশক্তের শক্তি এখনই যদি না জাগে তা হলে মাহযের পরিত্রাণ নেই, কারণ শক্তিমানের শক্তিশেল অতিমাত্র প্রবল হয়ে উঠেছে— এতদিন ভূলোক উত্তপ্ত হয়ে উঠেছিল, আজ আকাশকে পর্যন্ত পাপে কল্ষিত করে তুললে; নিরুপায় আজ অতিমাত্র নিরুপায়— সমস্ত স্থোগ-স্থবিধা আজ কেবল মানবসমাজের এক পাশে পুঞ্জীভূত, অন্ত পাশে নিঃসহায়তা অস্তহীন।

এরই কিছুদিন পূর্বে থেকে ঢাকার অত্যাচারের কাহিনী আমার মনের মধ্যে তোলপাড় করছিল। কী সব অমাস্থবিক নিষ্ঠুরতা, অথচ ইংলণ্ডের থবরের কাগজে তার থবর নেই—এথানকার মোটরগাড়ির হুর্ঘোগে হুটো-একটা মাহ্র্ব ম'লে তার থবর এ দেশের এক প্রাস্ত থেকে আর-এক প্রাস্তে ছড়িয়ে পড়ে, কিন্তু আমাদের ধন প্রাণ মানকী অসম্ভব সন্তা হুরে গেছে। যারা এত সন্তা তাদের সম্বন্ধে কখনো স্থবিচার হুতেই পারে না।

আমাদের নালিশ পৃথিবীর কানে ওঠবার জো নেই, সমস্ত রাস্তা বন্ধ। অথচ আমাদের বিশ্বন্ধ বচন জগতে ব্যাপ্ত করবার সকলপ্রকার উপায় এদের হাতে। আজকের দিনে হবল জাতির পক্ষে এও একটি প্রবলতম গ্লানির বিষয়। কেননা আজকের দিনের জনশ্রুতি সমস্ত জগতের কাছে ঘোষিত হয়, বাক্যচালনার যন্ত্রগুলো যে-সব শক্তিমান জাতির হাতে তারা অখ্যাতির এবং অপযশের আড়ালে অশক্তজাতীয়দের বিল্পু করে রাখতে পারে। পৃথিবীর লোকের কাছে এ কথা প্রচারিত যে, আমরা হিন্দু মুসলমানে কৃটোকাটি মারামারি করি, অতএব ইত্যাদি। কিন্তু মুরোপেও একদা সম্প্রদায়ে সম্প্রদায়ে

কাটাকাটি মারামারি চলত— গেল কী উপারে। কেবলমাত্র শিক্ষাবিস্তারের ধারা। আমাদের দেশেও দেই উপায়েই বেত। কিন্তু শতাধিক বংসরের ইংরেজ-শাসনের পরে দেশে শতকরা পাঁচজনের কপালে শিক্ষা জুটেছে, সে শিক্ষাও শিক্ষার বিড়ম্বনা।

অবজ্ঞার কারণকে দূর করবার চেষ্টা না করে লোকের কাছে প্রমাণ করা যে, আমরা অবজ্ঞার যোগ্য, এইটে হচ্ছে আমাদের অশক্তির সব চেয়ে যড়ো ট্যাক্সো। মাহ্মযের সকল সমস্তা সমাধানের মূলে হচ্ছে তার স্থশিক্ষা। আমাদের দেশে তার রাস্তা বন্ধ, কারণ 'ল আগত, অর্ডার' আর কোনো উপকারের জন্তে জারগা রাখলে না, তহবিল একেবারে ফাকা। আমি দেশের কাজের মধ্যে একটি কাজকেই শ্রেষ্ঠ বলে মেনে নিয়েছিলুম; জনসাধারণকে আত্মশক্তিতে প্রতিষ্ঠা দেবার শিক্ষা দেব বলে এতকাল ধরে আমার সমস্ত সামর্থ্য দিয়েছি। এজন্তে কর্তৃপক্ষের আহ্বকৃত্যও আমি প্রত্যাখ্যান করতে চাই নি, প্রত্যাশাও করেছি, কিন্তু তুমি জান কতটা ফল পেয়েছি। বৃথতে পেরেছি, হ্বার নয়। মন্ত আমাদের পাপ, আমরা অশক্ত।

তাই ষথন শুনল্ম, রাশিয়াতে জনসাধারণের শিক্ষা প্রায় শৃত্য অন্ধ থেকে প্রভৃত-পরিমাণে বেড়ে গেছে, তথন মনে মনে ঠিক করল্ম, ভাঙা শরীর আরো যদি ভাঙে তো ভাঙ্ক, গুখানে যেতেই হবে। এরা জেনেছে, অশক্তকে শক্তি দেবার একটিমাত্র উপায় শিক্ষা— অম স্বাস্থ্য শাস্তি সমন্তই এরই 'পরে নির্ভর করে। ফাঁকা 'ল আ্যাণ্ড্ অর্ডার' নিয়ে না ভরে পেট, না ভরে মন। অথচ তার দাম দিতে গিয়ে সর্বস্থ বিকিয়ে গেল।

আধুনিক ভারতবর্ষের আবহাওয়ায় আমি মায়্রয়, তাই এতকাল আমার মনে দৃঢ় ধারণা ছিল, প্রায় তেত্রিশ কোটি মূর্যকে বিভাদান করা অসম্ভব বললেই হয়; এজয় আমাদের মন্দ ভাগ্য ছাড়া আর কাউকে বৃঝি দোষ দেওয়া চলে না। বথন শুনেছিল্ম, এখানে চাষী ও কর্মীদের মধ্যে শিক্ষা হৄহু করে এগিয়ে চলেছে আমি ভেবেছিল্ম, সে শিক্ষা বৃঝি সামায়্য একটুখানি পড়া ও লেখা ও অরু কয়া— কেবলমাত্র মাথা-গুনতিতেই ভার গৌরব। সেও কম কথা নয়। আমাদের দেশে তাই হলেই রাজাকে আশীর্বাদ করে বাড়ি চলে যেতুম। কিছু এখানে দেখল্ম, বেশ পাকা রক্মের শিক্ষা, মায়্রয় করে ভোলবার উপযুক্ত, নোট মুখস্থ করে এম. এ. পাস করবার মতন নয়।

কিন্ধ এ-সব কথা আর-একটু বিস্তারিত করে পরে লিখব, আজ আর সময় নেই। আজই সন্ধ্যাবেলায় বর্লিন অভিমূখে যাত্রা করব। তার পরে ওরা অক্টোবর আট্লান্টিক পাড়ি দেব—কত দিনের মেরাদ আজও নিশ্চিত করে বলতে পারছি নে।

কিন্তু, শরীর মন কিছুতেই সায় দিচ্ছে না। তবু এবারকার স্থযোগ ছাড়তে সাহস হয় না— যদি কিছু কুড়িয়ে আনতে পারি তা হলেই বাকি যে-ক'টা দিন বাঁচি বিশ্রাম করতে পারব। নইলে দিনে দিনে মৃশধন খুইরে দিরে অবশেষে বাতি নিবিরে দিয়ে বিদার নেওয়া সেও মন্দ প্ল্যান নর; সামান্ত কিছু উচ্ছিষ্ট ছড়িয়ে রেখে গোলে জিনিসটা নোংরা হয়ে উঠবে। সম্বল যতই কমে আসতে থাকে মামুধের আস্তরিক ছর্বলতা ততই ধরা পড়ে— ততই শৈথিল্য, ঝগড়াঝাঁটি, পরস্পরের বিরুদ্ধে কানাকানি। উদার্য ভরা উদরের উপরে অনেকটা নির্ভর করে। কিন্তু যেখানেই ষথার্থ সিদ্ধির একটি চেহারা দেখতে পাই সেখানেই দেখা যায় সেটা কেবলমাত্র টাকা দিয়ে হাটে কেনবার নয়— দারিজ্যের জমিতেই সে সোনার ফসল ফলায়। এখানকার শিক্ষাব্যবন্থায় যে অক্লান্ত উত্তম, সাহস, বৃদ্ধিশক্তি, যে আত্মোৎসর্গ দেখল্ম, তার অতি অল্প পরিমাণ থাকলেও কৃতার্থ হতুম। আন্তরিক শক্তি ও অক্লতিম উৎসাহ যত কম থাকে টাকা থুঁজতে হয় ততই বেশি করে। ইতি ২৫ সেপ্টেম্বর ১৯৩০

8

মক্ষৌ থাকতে গোভিয়েট ব্যবস্থা সম্বন্ধে হুটো বড়ো বড়ো চিঠি লিখেছিল্ম। সে চিঠি কবে পাবে এবং পাবে কি না কী জানি।

বর্লিনে এসে একসঙ্গে তোমার ত্থানা চিঠি পাওয়া গেল। ঘন বর্ধার চিঠি, শান্তিনিকেতনের আকাশে শালবনের উপরে মেঘের ছায়া এবং জলের ধারায় প্রাবণ ঘনিয়ে উঠেছে, সেই ছবি মনে জাগলে আমার চিত্ত কি রকম উৎস্থক হয়ে ওঠে সে তোমাকে বলা বাছল্য।

কিন্ত এবারে রাশিয়া ঘূরে এসে সেই সৌন্দর্ধের ছবি আমার মন থেকে মৃছে গেছে। কেবলই ভাবছি আমাদের দেশ-জোড়া চামীদের ত্ঃধের কথা। আমার যৌবনের আরম্ভ-কাল থেকেই বাংলাদেশের পল্লীগ্রামের সঙ্গে আমার নিকট-পরিচয় হয়েছে। তখন চামীদের সঙ্গে আমার প্রত্যন্ত ছিল দেখাশোনা— ওদের সব নালিশ উঠেছে আমার কানে। আমি জানি, ওদের মতো নিঃসহায় জীব অল্লই আছে, ওরা সমাজের যে তলায় তলিয়ে সেখানে জ্ঞানের আলো অল্লই পৌছয়, প্রাণের হাওয়া বয় না বললেই হয়।

তখনকার দিনে দেশের পলিটিক্স্ নিয়ে যাঁরা আসর জমিয়েছিলেন তাঁদের মধ্যে একজনও ছিলেন না যাঁরা পল্লীবাসীকে এ দেশের লোক বলে অহুভব করতেন। আমার মনে আছে পাবনা কন্ফারেন্সের সময় আমি তখনকার খুব বড়ো একজন রাষ্ট্রনেতাকে বলেছিল্ম, আমাদের দেশের রাষ্ট্রীয় উন্নতিকে যদি আমরা সত্য করতে চাই তা হলে সব-

আগে আমাদের এই তলার লোকদের মান্ত্র্য করতে হবে। তিনি সে কথাটাকে এতই তৃচ্ছ বলে উড়িয়ে দিলেন যে আমি স্পষ্ট বৃঝতে পারলুম যে, আমাদের দেশাত্মবোধীরা দেশ বলে একটা তত্ত্বকে বিদেশের পাঠশালা থেকে সংগ্রহ করে এনেছেন, দেশের মান্ত্র্যকে তাঁরা অন্তরের মধ্যে উপলব্ধি করেন না। এইরকম মনোবৃত্তির স্থবিধে হচ্ছে এই যে, আমাদের দেশ আছে বিদেশীর হাতে এই কথা নিয়ে আক্ষেপ করা, উত্তেজিত হওয়া, কবিতা লেখা, খবরের কাগজ চালানো সহজ; কিন্তু দেশের লোক আমাদের আপন লোক, এ কথা বলবামাত্র তার দায়িত্ব তখন থেকেই স্বীকার করে নিতে হয়, কাজ শুরু হয় সেই মৃহুর্তে।

সেদিনকার পরেও অনেক দিন চলে গেল। সেই পাবনা কন্ফারেকে পল্লী সম্বন্ধে যা বলেছিল্ম তার প্রতিধানি অনেকবার শুনেছি— শুধু শব্দ নয়, পল্লীর হিতকল্পে অর্থন্ত সংগ্রহ হয়েছে, কিন্তু দেশের যে উপরিতলায় শব্দের আবৃত্তি হয় সেইখানটাতেই সেই অর্থন্ত আবর্তিত হয়ে বিল্প্ত হয়েছে, সমাজের যে গভীরতলায় পল্লী তলিয়ে আছে সেখানে তার কিছুই পৌছল না।

একদা আমি পদার চরে বোট বেঁধে সাহিত্যচর্চা করেছিলুম। মনে ধারণা ছিল, লেখনী দিয়ে ভাবের খনি খনন করব এই আমার একমাত্র কাজ, আর কোনো কাজের আমি যোগাই নই। কিন্তু যখন এ কথা কাউকে বলে কয়ে বোঝাতে পারলুম না যে, আমাদের স্বায়ন্তশাসনের ক্ষেত্র হচ্ছে কৃষিপল্লীতে, তার চর্চা আজ থেকেই শুরু করা চাই, তথন কিছুক্ষণের জন্তে কলম কানে গুঁজে এ কথা আমাকে বলতে হল— আচ্ছা, আমিই এ কাজে লাগব। এই সংকল্পে আমার সহায়তা করবার জন্তে লেদিন একটিমাত্র লোক পেয়েছিলুম, সে হচ্ছে কালীমোহন। শরীর তার রোগে জীর্ণ, ত্-বেলা তার জর আসে, তার উপরে পুলিসের খাতায় তার নাম উঠেছে।

তার পর থেকে তুর্গম বন্ধুর পথে সামান্ত পাথের নিয়ে চলেছে সেই ইতিহাস।
চাষীকে আত্মশক্তিতে দৃঢ় করে তুলতে হবে, এই ছিল আমার অভিপ্রায়। এ সম্বন্ধে
ত্টো কথা সর্বদাই আমার মনে আন্দোলিত হয়েছে— জমির স্বত্ব তারত জমিদারের নয়,
সে চাষীর; দ্বিতীয়ত, সমবায়নীতি-অহসোরে চাষের ক্ষেত্র একত্র করে চাষ না করতে
পারলে ক্ষরির উন্নতি হতেই পারে না। মান্ধাতার আমলের হাল লাঙল নিয়ে আলবাঁধা
টুকরো জমিতে ফলল ফলানো আর ফুটো কলসীতে জল আনা একই কথা।

কিন্তু এই হুটো পশ্বাই হুরছ। প্রথমত চাষীকে জমির শ্বত্ব দিলেই সে শ্বত্ব পর্ম্মুর্ভেই মহাজ্ঞনের হাতে গিয়ে পড়বে, তার হু:খভার বাড়বে বই কমবে না। কৃষিক্ষেত্র একত্রীকরণের কথা জামি নিজে একদিন চাষীদের ডেকে আলোচনা করে- ছিলুম। শিলাইদহে আমি বে বাড়িতে থাকতুম ভার বারান্দা থেকে দেখা যায়, থেতের পর খেত নিরন্তর চলে গেছে দিগন্ত পেরিয়ে। ভোরবেলা থেকে হাল লাঙল এবং গোরু নিয়ে একটি-একটি করে চাষী আলে, আপন টুকরো খেতটুকু ঘুরে ঘুরে চাষ করে চলে যায়। এইরকম ভাগ-করা শক্তির যে কতটা অপচয় ঘটে প্রতিদিন সে আমি সচক্ষে দেখেছি। চাষীদের ভেকে যখন সমস্ত জমি একতা করে কলের লাঙলে চাষ করার স্থবিধের কথা বৃঝিয়ে বলল্ম, তারা তথনই সমস্ত মেনে নিলে। কিন্তু, বললে, আমরা নির্বোধ, এতবড়ো ব্যাপার করে তুলতে পারব কী করে। আমি যদি বলতে পারতুম, এ ভার আমিই নেব, তা হলে তথনই মিটে যেতে পারত। কিন্তু আমার লাধ্য কী! এমন কাজের চালনাভার নেবার দায়িত্ব আমার পক্ষে অসন্তব; লে শিক্ষা, সে শক্তি আমার নেই।

কিন্তু এই কথাটা বরাবর আমার মনে জেগে ছিল। যথন বোলপুরের কোঅপারেটিভের ব্যবস্থা বিশ্বভারতীর হাতে এল তথন আবার একদিন আশা হয়েছিল,
এইবার বৃঝি স্থযোগ হতে পারবে। যাদের হাতে আপিসের ভার তাদের বয়্য অয়,
আমার চেয়ে তাদের হিসাবী বৃদ্ধি এবং শিক্ষা অনেক বেশি। কিন্তু আমাদের যুবকেরা
ইস্কলে-পড়া ছেলে, তাদের বই মুখন্ত করার মন। যে শিক্ষা আমাদের দেশে প্রচলিত
তাতে করে আমাদের চিন্তা করার সাহল, কর্ম করবার দক্ষতা থাকে না, প্রথির বৃলি
পুনরাবৃত্তি করার পরেই ছাত্রদের পরিত্রাণ নির্ভর করে।

বৃদ্ধির এই পল্লবগ্রাহিতা ছাড়া আমাদের আর-একটা বিপদ ঘটে। ইন্ধূলে যারা পড়া মুখন্থ করেছে আর ইন্ধূলের বাইরে পড়ে থেকে যারা পড়া মুখন্থ করে নি, তাদের মধ্যে শ্রেণীবিভাগ ঘটে গেছে— শিক্ষিত এবং অশিক্ষিত। ইন্ধূলে-পড়া মনের আত্মীয়তাবোধ পুঁথি-পোড়োদের পাড়ার বাইরে পৌছতে পারে না। যাদের আমরা বলি চাযাভ্যো, পুঁথির পাতার পর্দা ভেদ করে তাদের প্রতি আমাদের দৃষ্টি পৌছয় না, তারা আমাদের কাছে অম্পষ্ট। এইজ্যেই ওরা আমাদের সকল প্রচেষ্টা থেকে স্কাবতই বাদ পড়ে যার। তাই কো-অপারেটিভের যোগে অন্ত দেশে যখন সমাজের নীচের তলার একটা স্পের কাজ চলছে, আমাদের দেশে টিপে টিপে টাকা ধার দেওয়ার বেশি কিছু এগোর না। কেননা ধার দেওয়া, তার স্থদ কযা এবং দেনার টাকা আদার করা অত্যন্ত ভীক্ব মনের পক্ষেও সহজ কাজ, এমন-কি ভীক্ব মনের পক্ষেই সহজ, তাতে বিদি নামতার ভূল না ঘটে তা হলে কোনো বিপদ নেই।

বৃদ্ধির সাহস এবং জনসাধারণের প্রতি দরদ-বোধ এই উভরের অভাব ঘটাতেই ছংশীর হংশ আমাদের দেশে ঘোচানো এত কঠিন হরেছে; কিন্তু এই অভাবের জন্তে কাউকে দোষ দেওয়া যায় না। কেননা কেরানি-তৈরির কারখানা বসাবার জন্তেই একদা আমাদের দেশে বণিক-রাজত্বে ইস্ক্লের পদ্ধন হয়েছিল। ডেস্ক্লেকে মনিবের সঙ্গে নাযুজ্যলাভই আমাদের সদ্গতি। সেইজত্যে উমেদারিতে অক্লতার্থ হলেই আমাদের বিভাশিকা ব্যর্থ হয়ে যায়। এইজত্যেই আমাদের দেশে প্রধানত দেশের কাজ কংগ্রেসের পান্ডালে এবং খবরের কাগজের প্রবন্ধশালায় শিক্ষিত সম্প্রদারের বেদনা উদ্যোষণের মধ্যেই পাক থাছিল। আমাদের কলমে-বাঁধা হাত দেশকে গড়ে তোলবার কাজে এগোতেই পারলে না।

ঐ দেশের হাওয়াতেই আমিও তো মাহ্ম, সেইজ্জেই জোরের সঙ্গে মনে করতে সাহস হয় নি যে, বছ কোটি জনসাধারণের বৃকের উপর থেকে অশিকা ও অসামর্থের জগদল পাথর ঠেলে নামানো সম্ভব। অল্লম্বন্ধ কিছু করতে পারা যায় কি না এতদিন এই কথাই ভেবেছি। মনে করেছিল্ম, সমাজের একটা চিরবাধাগ্রন্থ তলা আছে, সেধানে কোনোকালেই স্থের আলো সম্পূর্ণ প্রবেশ করানো চলবে না, সেইজ্জেই সেধানে অন্তত্ত তেলের বাতি জালাবার জল্মে উঠে পড়ে লাগা উচিত। কিন্তু সাধারণত সেটুকু কর্তব্যবোধও লোকের মনে যথেষ্ট জোরের সঙ্গে ধাকা মারতে চায় না; কারণ যাদের আমরা অন্ধকারে দেখতেই পাই নে তাদের জন্মে যে কিছুই করা যেতে পারে একথা স্পষ্ট করে মনে আসে না।

এইরকম স্বল্লসাহস মন নিম্নেই রাশিয়াতে এসেছিলুম; শুনেছিলুম, এথানে চাষী ও কমিকদের মধ্যে শিক্ষাবিস্তারের পরিমাণ অনেক বেড়ে চলেছে। ভেবেছিলুম, তার মানে ওখানে পল্লীর পাঠশালায় শিশুশিক্ষা প্রথমভাগ, বড়োক্ষোর দ্বিতীয়ভাগ পড়ানোর কাজ সংখ্যায় আমাদের চেয়ে বেশি হয়েছে। ভেবেছিলুম, ওদের সাংখ্যিক তালিকা নেড়েচেড়ে দেখতে পাব ওদের কজন চাষী নাম সই করতে পারে আর কজন চাষীর নামতা দশের কোঠা পর্যন্ত এগিয়েছে।

মনে রেখাে, এখানে যে বিপ্লবে জারের শাসন লয় পেলে সেটা ঘটেছে ১৯১৭ খৃন্টানাে। অর্থাং তেরাে বছর পার হল মাত্র। ইতিমধ্যে ঘরে বাইরে এনের প্রচণ্ড বিশ্বজতার সঙ্গে লড়ে চলতে হরেছে। এরা একা, অত্যন্ত ভাঙাচােরা একটা রাট্রব্যবস্থার ঝাঝা নিয়ে। পথ পূর্বজন হংশাসনের প্রভ্জ আবর্জনায় হর্গম। যে আত্মবিপ্লবের প্রবল ঝড়ের মুখে এরা নবযুগের ঘাটে পাড়ি দিলে সেই বিপ্লবের প্রচ্ছন্ত এবং প্রকাশ্র সহার ছিল ইংলণ্ড এবং আমেরিকা। অর্থস্থল এদের সামান্ত; বিদেশের মহাজনী গদিতে এদের ক্রেডিট্ নেই। দেশের মধ্যে কলকারখানা এদের বথেন্ত পরিমাণে না থাকাতে অর্থ-উৎপাদনে এরা শক্তিহীন। এইজন্তে কোনােমতে পেটের ভাত বিক্রি

করে চলছে এদের উত্যোগপর্ব। অথচ রাষ্ট্রব্যবন্ধার সকলের চেয়ে যে অন্থ-পাদক বিভাগ— গৈনিক-বিভাগ— তাকে সম্পূর্ণরূপে স্থাক্ষ রাখার অপবার এদের পক্ষে অনিবার্ষ। কেননা আধুনিক মহাজনী যুগের সমস্ত রাষ্ট্রশক্তি এদের শত্রুপক্ষ এবং তারা সকলেই আপন আপন অন্ধালা কানার কানার ভরে তুলেছে।

মনে আছে, এরাই 'দীগ অব নেশন্দ্'এ অস্তবর্জনের প্রস্তাব পাঠিয়ে দিয়ে কপট শান্তিকামীদের মনে চমক লাগিয়ে দিয়েছিল। কেননা নিজেদের প্রতাপ-বর্ধন বা রক্ষ্ণ সোভিয়েটদের লক্ষ্য নয়— এদের সাধনা হচ্ছে জনসাধারণের শিক্ষা-স্বাস্থ্য-অয়সম্বলের উপায়-উপকরণকে প্রকৃষ্ট প্রণালীতে ব্যাপক করে গড়ে তোলা, এদেরই পক্ষে নিয়পদ্রব শান্তির দরকার সব চেয়ে বেশি। কিন্তু তুমি তো জান, 'দীগ অব নেশন্দ্'এর সমস্ত পালোয়ানই গুণ্ডাগিরির বহুবিস্থৃত উত্যোগ কিছুতেই বন্ধ করতে চায় না, কিন্তু 'শান্তি চাই' বলে সকলে মিলে হাঁক পাড়ে। এইজন্তেই সকল সাম্রাজ্যিক দেশেই অস্ত্রশস্থের কাঁটাবনের চায় আয়ের চায়কে ছাপিয়ে বেড়ে চলেছে। এর মধ্যে আবার কিছুকাল ধরে রাশিয়ায় অতি ভীষণ ছর্ভিক্ষ ঘটেছিল; কত লোক মরেছে তার ঠিক নেই। তার ধাকা কাটিয়ে সবেমাত্র আট বছর এরা নৃতন যুগকে গড়ে তোলবার কাজে লাগতে পেরেছে, বাইরের উপকরণের অভাব সত্বেও।

কাজ সামান্ত নম— যুরোপ-এশিয়া জুড়ে প্রকাণ্ড এদের রাষ্ট্রক্ষেত্র। প্রজামগুলীর মধ্যে যত বিভিন্ন জাতের মান্ত্র্য আছে ভারতবর্ষেও এত নেই। তাদের ভূপ্রকৃতি মানবপ্রকৃতির মধ্যে পরস্পর পার্থক্য অনেক বেশি। বস্তুত এদের সমস্তা বছবিচিত্র-জাতি-সমাকীর্ণ, বছবিচিত্র-জবস্থা-সংকৃত্য বিশ্বপৃথিবীর সমস্তারই সংক্ষিপ্ত রূপ।

তোমাকে পূর্বেই বলেছি, বাহির থেকে মন্ধে শহরে যখন চোথ পড়ল দেখল্ম,
য়ুরোপের অহা সমস্ত ধনী শহরের তুলনার অত্যন্ত মলিন। রান্ডার যারা চলেছে তারা
একজনও শৌখিন নয়, সমন্ত শহর আটপৌরে-কাপড়-পরা। আটপৌরে কাপড়ে
শ্রেণীভেদ থাকে না, শ্রেণীভেদ পোষাকী কাপড়ে। এখানে সাজে পরিচ্ছদে স্বাই এক।
স্বটা মিলেই শ্রমিকদের পাড়া; যেখানে দৃষ্টি পড়ে সেখানেই ওরা। এখানে শ্রমিকদের
ক্ষাণদের কি রকম বদল হয়েছে তা দেখবার জয়ে লাইত্রেরিতে গিয়ে বই খ্লতে অথবা
সামে কিমা বন্ডিতে গিয়ে নোট নিতে হয় না। যাদের আমরা 'ভদর লোক' বলে থাকি
তারা কোথায় সেইটেই ক্ষিক্ষাম্য।

এখানকার জনসাধারণ ভত্রলোকের আওভার একট্ও ছারা ঢাকা পড়ে নেই, যারা

ষ্ণে যুগে নেপথো ছিল তারা আব্দ সম্পূর্ণ প্রকাশ্যে। এরা যে প্রথমভাগ লিভলিক্ষা পড়ে কেবলমাত্র ছাপার অক্ষর হাৎড়ে বেড়াতে শিথেছে, এ ভূল ভাঙতে একটুও দেরি হল না। এরা মাহুষ হয়ে উঠেছে এই ক'টা বছরেই।

নিজের দেশের চারীদের মজ্রদের কথা মনে পড়ল। মনে হল, আরব্য উপক্রাবের আত্করের কীর্তি। বছর দশেক আগেই এরা ঠিক আমাদেরই দেশের জন-মজ্রদের মতোই নিরক্ষর নি:সহায় নিরম্ন ছিল, তাদেরই মতো অন্ধ্যংস্কার এবং মৃঢ় ধার্মিকতা। তৃংথে বিপদে এরা দেবতার হারে মাখা খুঁড়েছে; পরলোকের ভরে পাগুপুরুতদের হাতে এদের বৃদ্ধি ছিল বাঁখা, আর ইহলোকের ভরে রাজপুরুষ মহাজন ও জমিদারের হাতে; যারা এদের জ্তো-পেটা করত তাদের সেই জূতো সাফ করা এদের কাজ ছিল। হাজার বছর থেকে এদের প্রথাপদ্ধতির বদল হয় নি; বান-বাহন চরকা-ঘানি সমস্ত প্রেপিতামহের আমলের, হালের হাতিয়ারে হাত লাগাতে বললে বেঁকে বসত। আমাদের দেশের ত্রিশ কোটির পিঠের উপরে যেমন চেপে বসেছে ভৃতকালের ভৃত, চেপে ধরেছে তাদের তৃই চোখ— এদেরও ঠিক তেমনিই ছিল। ক'টা বছরের মধ্যে এই মৃঢ়তার অক্মতার অলভেলী পাহাড় নড়িয়ে দিলে যে কী করে, সে কথা এই হতভাগ্য ভারতবাসীকে যেমন একাস্ক বিশ্বিত করেছে এমন আর কাকে করবে বলো। অথচ যে সময়ের মধ্যে এই পরিবর্তন চলছিল সে সময়ে এ দেশে আমাদের দেশের বছপ্রশংসিত 'ল অ্যাগু অর্ডার' ছিল না।

ভোমাকে পূর্বেই বলেছি, এদের জনসাধারণের শিক্ষার চেহারা দেখবার জন্তে জামাকে দূরে যেতে হয় নি, কিয়া স্কুলের ইন্স্পেক্টরের মতো এদের বানান তদন্ত করবার সময় দেখতে হয় নি 'কান'এ 'সোনা'য় এরা মূর্বতা ণ লাগায় কি না। একদিন সন্ধ্যাবেলা মস্কৌ শহরে একটা বাড়িতে গিয়েছিল্ম, সেটা চাষীদের বাসা, গ্রাম থেকে কোনো উপলক্ষে যখন তারা শহরে আসে তখন সন্তায় ঐ বাড়িতে কিছু দিনের মজো থাকতে পায়। তাদের সঙ্গে জামার কথাবার্তা হয়েছিল। সে-রক্ম কথাবার্তা যখন আমাদের দেশের চাষীদের সঙ্গে হবে সেইদিন সাইমন কমিশনের জ্বাব দিতে পায়ব।

আর কিছু নয়, এটা স্পষ্ট দেখতে পেয়েছি, সবই হতে পায়ত কিছ হয় নি— না হোক, জামরা পেয়েছি ল জ্যাও অর্ডার'। জামাদের ওধানে সাম্প্রদায়িক লড়াই ঘটে বলে একটা অধ্যাতি বিশেষ ঝাঁক দিয়ে রটনা হয়ে থাকে—.এধানেও য়িছদি সম্প্রদায়ের সঙ্গেন সম্প্রদায়ের লড়াই আমাদের দেশেরই আধুনিক উপসর্গের মতো অতিকৃংসিত অতিবর্ষর ভাবেই ঘটত— শিক্ষায় এবং শাসনে একেবারে ভার মূল উৎপাটিত হয়েছে।

কতবার আমি ভেবেছি, আমাদের দেশে সাইমন কমিশন যাবার আগে একবার রাশিয়ায় তার ঘূরে যাওয়া উচিত ছিল।

তোমার মতো ভদ্রমহিলাকে সাধারণ ভদ্রগোছের চিঠি না লিথে এরকম চিঠি যে কেন লিথল্ম তার কারণ চিন্তা করলেই ব্যতে পারবে, দেশের দশা আমার মনের মধ্যে কি রকম ভোলপাড় করছে। জালিয়ানওয়ালাবাগের উপদ্রবের পর একবার আমার মনে এই রকম অলান্তি জেগেছিল। এবার ঢাকার উপদ্রবের পর আবার সেইরকম ফুংখ পাচ্ছি। সে ঘটনার উপর সরকারী চুনকামের কাজ হয়েছে, কিন্তু এরকম সরকারী চুনকামের যে কী মূল্য তা রাষ্ট্রনীতিবিং সবাই জানে। এই রকম ঘটনা যদি সোভিয়েট রাশিয়ায় ঘটত তা হলে কোনো চুনকামেই তার কলম্ব ঢাকা পড়ত না। স্থান্দ্র, আমাদের দেশের রাষ্ট্রীয় আন্দোলনে যার কোনো শ্রন্ধা কোনোদিন ছিল না, সেও এবারে আমাকে এমন চিঠি লিখেছে যাতে বোঝা যাচ্ছে সরকারী ধর্মনীতির প্রতি ধিক্কার আজ আমাদের দেশে কতদ্র পর্যন্ত পৌচেছে। যা হোক, তোমার চিঠি অসমাপ্ত রইল —কাগজ এবং সময় ফ্রিয়ে এসেছে, পরের চিঠিতে এ চিঠির অসম্পূর্ণ জংশ সম্পূর্ণ করব। ইতি ২৮ সেপ্টেম্বর, ১৯৩০

C

বৰ্ণিন

মস্কৌ থেকে তোমাকে একটা বড়ো চিঠিতে রাশিয়া সম্বন্ধে আমার ধারণা লিখেছিলুম। সে চিঠি যদি পাও তো রাশিয়া সম্বন্ধে কিছু খবর পাবে।

এখানে চাষীদের সর্বাদীণ উন্নতির জন্ম কতটা কাজ করা হচ্ছে তারই বিবরণ কিছু
দিয়েছি। আমাদের দেশে যে শ্রেণীর লোক মৃক মৃঢ়, জীবনের সকল স্কুযোগ থেকে
বঞ্চিত হয়ে যাদের মন অস্তর-বাহিরের দৈন্তের তলায় চাপা পড়ে গেছে, এখানে
সেই শ্রেণীর লোকের সঙ্গে যখন আমার পরিচয় হল তখন ব্ঝতে পারলুম, সমাজের
অনাদরে মাম্বের চিত্তসম্পদ কত প্রভৃতপরিমাণে অবলুগু হয়ে থাকে— কী অসীম তার
অপবায়, কী নিষ্ঠ্র তার অবিচার।

মস্কোতে একটি কৃষিভবন দেখতে গিরেছিল্ম; এটা ওদের ক্লাবের মতো। রাশিয়ার সমস্ক ছোটোবড়ো শহরে এবং গ্রামে এরকম আবাস ছড়ানো আছে। এ-সব জায়গায় কৃষিবিত্যা সমাজতত্ব প্রভৃতি সম্বন্ধে উপদেশ দেবার ব্যবস্থা আছে; যায়া নিরক্ষর তাদের পড়াশুনো শেখানোর উপায় করেছে; এধানে বিশেষ বিশেষ ক্লাসে বৈজ্ঞানিক রীতিতে চাষ করার ব্যবস্থা ক্ষাণদের বৃঝিয়ে দেওয়া হয়। এইরকম প্রত্যেক বাড়িতে প্রাকৃতিক সামাজিক সকলপ্রকার শিক্ষণীয় বিষয়ে মৃজিয়ম, তা ছাড়া চাষীদের সকলপ্রকার প্রয়োজনের উপযোগী পরামর্শ দেবার স্থােগ করে দেওয়া হয়েছে।

চাষীরা কোনো উপলক্ষে গ্রাম থেকে যখন শহরে আসে তখন খ্র কম ধরচে অন্তত তিন সপ্তাহ এইরকম বাড়িতে থাকতে পারে। এই বছব্যাপক প্রতিষ্ঠানের দারা সোভিয়েট গবর্মেট এককালে নিরক্ষর চাষীদের চিত্তকে উদ্বোধিত করে সমাজব্যাপী নবজীবন প্রতিষ্ঠার প্রশস্ততম ভিত্তি স্থাপন করেছে।

বাড়িতে ঢুকে দেখি, থাবার ঘরে কেউ কেউ বসে থাচ্ছে, পড়বার ঘরে এক দল ধবরের কাগজ পড়তে প্রবৃত্ত। উপরে একটা বড়ো ঘরে আমি এসে বসলুম; সেথানে সবাই এসে জমা হল। তারা নানা স্থানের লোক, কেউ বা অনেক দূর প্রদেশ থেকে এসেছে। বেশ সহজ ওদের ভাবগতিক, কোনোরকম সংকোচ নেই।

প্রথম অভার্থনা ও পরিচয় উপলক্ষে বাড়ির পরিদর্শক কিছু বললে, আমিও কিছু বললুম। তার পরে ওরা আমাকে প্রশ্ন করতে আরম্ভ করলে।

প্রথমেই ওদের মধ্যে একজন আমাকে জিজ্ঞাসা করলে, ভারতবর্ষে হিন্দু-মুসলমানের মধ্যে ঝগড়া হয় কেন।

উত্তর দিল্ম, "যথন আমার বয়স অল্ল ছিল কথনো এরকম বর্বরতা দেখি নি। তথন গ্রামে ও শহরে উভয় সম্প্রদায়ের মধ্যে সৌহার্দ্যের অভাব ছিল না। পরস্পরের ক্রিয়াকাতে পরস্পরের যোগ ছিল, জীবনযাত্রায় স্থথে হৃংথে তারা ছিল এক। এ-সব কুৎসিত কাও দেখতে পাচ্ছি যথন থেকে আমাদের দেশে রাষ্ট্রীয় আন্দোলন শুরু হয়েছে। কিন্তু প্রতিবেশীদের মধ্যে এইরকম অমাহ্যিক হ্র্যবহারের আশু কারণ যাই হোক, এর মূল কারণ হচ্ছে আমাদের জনসাধারণের মধ্যে অশিক্ষা। যে পরিমাণ শিক্ষার ছারা এইরকম হর্বৃদ্ধি দ্র হয় আমাদের দেশে বিস্তৃত ভাবে তার প্রচলন করা আজ্ঞ পর্যন্ত হয় নি। যা তোমাদের দেশে দেখলুম তাতে আমি বিশ্বিত হয়েছি।"

প্রশ্ন। তুমি তো লেখক, তোমাদের চাষীদের কথা কি কিছু লিখেছ। ভবিশ্বতে তাদের কী গতি হবে।

উত্তর। শুধু লেখা কেন, তাদের জন্ম আমি কাজ ফেঁদেছি। আমার একলার সাধ্যে যতটুকু সম্ভব তাই দিয়ে তাদের শিক্ষার কাজ চালাই, পল্লীর উন্নতিসাধনে তাদের সাহায্য করি। কিন্তু তোমাদের এখানে যে প্রকাণ্ড শিক্ষাব্যাপার যে আক্র সমরের মধ্যে তৈরি হয়েছে তার তুলনার আমার এ উত্যোগ অভি যৎসামাল্য। প্রধা আমাদের দেশে কৃষিক্ষেত্রের একত্রীকরণের যে চেষ্টা চলছে সে সমক্ষে তোমার মত কী।

উত্তর। মত দেবার মতো আমার অভিজ্ঞতা হয় নি, তোমাদেরই কাছ থেকে শুনতে চাই। আমার জানবার কথা এই যে, এতে তোমাদের ইচ্ছার উপর জবরদন্তি করা হচ্ছে কি না।

প্রশ্ন। ভারতবর্ষে স্বাই কি এই ঐকত্রিকতা এবং সাধারণভাবে এখানকার অন্ত সমস্ত উত্যোগের কথা কিছু জানে না।

উত্তর। জানবার মতো শিক্ষা অতি অল্প লোকেরই আছে। তা ছাড়া তোমাদের থবর নানা কারণে চাপা পড়ে যায়। এবং যা-কিছু শোনা যায় তাও সব বিশ্বাসযোগ্য নয়।

প্রশ্ন। আমাদের দেশে এই-যে চাষীদের জন্তে আবাস-ব্যবস্থা হয়েছে, এর অন্তিত্বও কি তুমি আগে জানতে না।

উত্তর। তোমাদের কল্যাণের জ্বন্যে কী করা হচ্ছে মস্কৌয়ে এসে তা প্রথম দেখলুম এবং জানলুম। যাই হোক, এবার আমার প্রশ্নের উত্তর তোমরা দাও। চাষী প্রজার পক্ষে এই ঐকত্রিকতার ফলাফল সম্বন্ধে তোমাদের মত কী, তোমাদের ইচ্ছা কী।

একজন যুবক চাষী যুক্তেন প্রদেশ থেকে এসেছে, সে বললে, "হ বছর হল একটি একজিক ক্ষিক্ষেত্র স্থাপিত হয়েছে, আমি তাতে কাজ করি। এই ক্ষেত্রের মধ্যে ফল-ফলনের বাগান আছে, ভার থেকে আমরা সবজির জোগান দিই সব কারখানাঘরে। সেখানে সেগুলো টিনের কোটোর মোড়াই হয়। এ ছাড়া বড়ো বড়ো খেত আছে, সেখানে সব গমের চাষ। আট ঘণ্টা করে আমাদের খাটুনি, প্রভ্যেক পঞ্চম দিনে আমাদের ছুটি। আমাদের প্রতিবেদী বে-সব চাষী নিজের খেত নিজে চবে তাদের চেয়ে আমাদের এখানে অস্তত ছনো ফল উৎপন্ন হয়।

"প্রায় গোড়াতেই আমাদের এই ঐকত্রিক চাষে দেড়-শো চাষীর খেত মিলিয়ে দেওয়া হয়েছিল। ১৯২৯ সালে অর্ধেক চাষী তাদের খেত ফিরিয়ে নিলে। তার প্রধান কারণ, সোভিয়েট কম্যূন্ দলের প্রধান মন্ত্রী স্ট্যালিনের উপদেশ আমাদের কর্মচারীরা ঠিকমত ব্যবহার করে নি। তাঁর মতে, ঐকত্রিকতার মূলনীতি হছে সমাক্রবন্ধ স্বেচ্ছাক্রত যোগ। কিন্তু অনেক জান্নগান্ন আমলারা এই কথাটা মনে না রাখাতেই গোড়ার দিকে অনেক চাষী ঐকত্রিক ক্রষিসমন্ত্র ছেড়ে দিয়েছিল। তার পরে ক্রমে তাদের মধ্যেকার সিকি ভাগ লোক আবার ফিরে এসেছে। এখন আগেকার

চেম্বে আরো আমরা বল পেয়েছি। আমাদের দলের লোকের জ্বন্তে নতুন সব বাসা, একটা নতুন ভোজনশালা, আর-একটা ইস্কুল তৈরি আরম্ভ হয়েছে।"

তার পরে সাইবীরিয়ার একজন চাষী স্ত্রীলোক বললে, "সমবেত থেতের কাজে আমি প্রায় দশ বছর আছি। একটা কথা মনে রেখো, একত্রিক ক্ষরিক্ষেত্রের দক্ষে নারী-উন্নতি-প্রচেষ্টার ঘনিষ্ঠ যোগ আছে। আজ দশ বছরের মধ্যে এখানে চাষী-মেয়েদের বদল হয়েছে যথেষ্ট। নিজের উপর তাদের অনেক বেশি ভরসা হয়েছে। যে-সব মেয়ে পিছিয়ে আছে, ঐকত্রিক চাযের যারা প্রধান বাধা, এরাই তাদের মন গড়ে তুলছে। আমরা মেয়ে-ঐক্রিকের দল তৈরি করেছি; তারা ভিন্ন ভিন্ন প্রদেশে ঘূরে বেড়ায়, মেয়েদের মধ্যে কাজ করে, চিত্তের এবং অর্থের উন্নতিসাধনে ঐক্রিকতার স্থযোগ কত তা ওদের ব্যিয়ে দেয়। ঐকত্রিক দলের চাষী-মেয়েদের জীবনযাত্রা সহজ করে দেবার জক্ষে প্রত্যেক ঐক্রিক ক্ষেত্রে একটি করে শিশুপালনাবাস, শিশুবিভালয়, আর সাধারণ-পাকশালা স্থাপিত হয়েছে।"

স্থান প্রদেশে জাইগান্ট্ নামক একটি স্থবিখ্যাত সরকারী কৃষিক্ষেত্র আছে।
সেখানকার একজন চাষী রাশিয়ায় ঐকত্রিকতার কিরকম বিস্তার হচ্ছে সেই সম্বন্ধে
আমাকে বললে, "আমাদের এই থেতে জমির পরিমাণ এক লক্ষ হেক্টার (hectares)।
গত বছরে সেখানে তিন হাজার চাষী কাজ করত। এ বছরে সংখ্যা কিছু কমে গেছে,
কিন্তু ফসলের ফলন আগেকার চেয়ে বাড়বার কথা। কেননা জমিতে বিজ্ঞানসমত
সার দেবার এবং কলের লাঙল ব্যবহার করবার ব্যবস্থা হয়েছে। এইরকম লাঙল
এখন আমাদের তিন-শো'র বেশি আছে। প্রতিদিন আমাদের আট ঘণ্টা কাজ করবার
মেয়াদ। যারা তার বেশি কাজ করে তারা উপরি পারিশ্রমিক পায়। শীতের সময়
খেতের কাজের পরিমাণ কমে; তখন চাষীরা বাড়ি-তৈরি রাস্তা-মেরামত প্রভৃতি
নানা কাজে শহরে চলে যায়। এই অমুপস্থিতির সময়েও তারা বেতনের একতৃতীয়াংশ পেয়ে থাকে আর তাদের পরিবারের লোক তাদের নির্দিষ্ট ঘরে বাস
করতে পায়।"

আমি বললেম, "একত্রিক কৃষিক্ষেত্রে আপন স্বতন্ত্র সম্পত্তি মিলিয়ে দেওয়া সম্বন্ধে তোমাদের আপত্তি কিম্বা সমতি যদি থাকে আমাকে স্পষ্ট করে বলো।"

পরিদর্শক প্রস্তাব করলে, হাত তুলে মত জানানো হোক। দেখা গোল, যাদের সমতি নেই এমন লোকও অনেক আছে। অসমতির কারণ তাদের বলতে বলল্ম; ভালো করে বলতে পারলে না। একজন বললে, "আমি ভালো ব্যতে পারি নে।" বেল বোঝা গোল, অসমতির কারণ মানবচরিত্রের মধ্যে। নিজের সম্পত্তির প্রতি

নিজের মমতা, ওটা তর্কের বিষয় নয়, ওটা আমাদের সংস্কারগত। নিজেকে আমরা প্রকাশ করতে চাই, সম্পত্তি সেই প্রকাশের একটা উপায়।

তার চেয়ে বড়ো উপার যাদের হাতে আছে তারা মহং, তারা সম্পত্তিকে গ্রাহ্ম করে না। সমস্ত খুইয়ে দিতে তাদের বাধা নেই। কিন্তু সাধারণ মাহ্মষের পক্ষে আপন সম্পত্তি তার আপন ব্যক্তিশ্বরূপের ভাষা— গেটা হারালে সে যেন বোবা হয়ে যায়। সম্পত্তি যদি কেবল আপন জীবিকার জত্তে হত, আত্মপ্রকাশের জত্তে না হত, তা হলে যুক্তির বারা বোঝানো সহজ হত যে, ওটা ত্যাগের হারাই জীবিকার উন্নতি হতে পারে। আত্মপ্রকাশের উচ্চতন উপায়, যেমন বৃদ্ধি, যেমন গুণপনা, কেউ কারো কাছ থেকে জাের করে কেড়ে নিতে পারে না; সম্পত্তি কেড়ে নেওয়া চলে, ফাঁকি দেওয়া চলে। সেই কারণে সম্পত্তি-বিভাগ ও ভােগ নিয়ে সমাজে এত নিষ্ঠ্রতা, এত ছলনা, এত অন্তহীন বিরোধ।

এর একটা মাঝামাঝি সমাধান ছাড়া উপার আছে বলে মনে করি নে; অর্থাৎ ব্যক্তিগত সম্পত্তি থাকবে অথচ তার ভোগের একাস্ত স্বাভন্তাকে সীমাবদ্ধ করে দিতে হবে। সেই সীমার বাইরেকার উদ্বৃত্ত অংশ সর্বসাধারণের জন্মে ছাপিয়ে যাওয়া চাই। তা হলেই সম্পত্তির মমত্ব লুক্কতার প্রতারণায় বা নিষ্ঠ্রতায় গিয়ে পৌছয় না।

সোভিয়েটরা এই সমস্থাকে সমাধান করতে গিয়ে তাকে অস্বীকার করতে চেয়েছে। সেজত্যে জবরদন্তির সীমা নেই। এ কথা বলা চলে না যে, মাছ্যের স্বাতন্ত্র্য থাকবে না; কিন্তু বলা চলে যে, স্বার্থপরতা থাকবে না। অর্থাৎ নিজের জত্যে কিছু নিজত না হলে নয়, কিন্তু বাকি সমস্তই পরের জত্যে হওয়া চাই। আত্ম এবং পর উভয়কেই স্বীকার করে তবেই তার সমাধান সম্ভব। কোনো একটাকে বাদ দিতে গেলেই মানবচরিত্রের সত্যের সঙ্গে লড়াই বেধে যায়। পশ্চিম মহাদেশের মাহ্য জোর জিনিসটাকে অত্যন্ত বেশি বিশ্বাস করে। যে ক্ষেত্রে জোরের যথার্থ কাজ আছে সেক্ষেত্রে সে খ্বই ভালো, কিন্তু অন্তর্র সে বিপদ ঘটায়। সত্যের জোরকে গায়ের জোরের বারা যত প্রবলভাবেই আমরা মেলাতে চেন্তা করি একদা তত প্রবলভাবেই তাদের বিচ্ছেদ ঘটে।

মধ্য-এশিরার বাস্কির রিপারিকের (Bashkir Republic) একজন চাষী বললে, "আজও আমার নিজের স্বতম্ব থেত আছে, কিন্তু নিকটবর্তী ঐকত্রিক ক্রষিক্ষেত্রে আমি শীব্রই যোগ দেব। কেননা, দেখছি, স্বাতত্রিক প্রণালীর চেয়ে ঐকত্রিক প্রণালীতে ঢের ভালো জাতের এবং অধিক পরিমাণে ফসল উৎপন্ন করানো যায়। যেহেতু প্রকৃষ্টভাবে

চাষ করতে গেলেই যন্ত্র চাই; ছোটো খেতের মালিকের পক্ষে যন্ত্র কনা চলে না। তা ছাড়া, আমাদের টুকরো জমিতে যন্ত্রের ব্যবহার অসম্ভব।"

আমি বললুম, "কাল একজন উচ্চপদস্থ সরকারী কর্মচারীর সঙ্গে আলাপ হল। তিনি বললেন, মেয়েদের এবং শিশুদের সর্বপ্রকার স্থ্যোগের জন্ম সোভিয়েট গবর্মেন্টের ছারা ষেরকম সব ব্যবস্থা হয়েছে এরকম আর কোথাও হয় নি। আমি তাঁকে বললুম, তোমরা পারিবারিক দায়িয়কে সরকারী দায়িয় করে তুলে হয়তো পরিবারের সীমা লোপ করে দিতে চাও। তিনি বললেন, সেটাই যে আমাদের আশু সংকয় তা নয়— কিন্তু শিশুদের প্রতি দায়িয়কে ব্যাপক করে দিয়ে যদি স্বভাবতই একদা পরিবারের গত্তী লোপ পায় তা হলে এই প্রমাণ হবে, সমাজে পারিবারিক যুগ আপন সংকীর্ণতা এবং অসম্পূর্ণতা -বশতই নবযুগের প্রসারের মধ্যে আপনিই অন্তর্ধান করেছে। যা হোক, এ সম্বন্ধে তোমাদের কী মত জানতে ইচ্ছে করি। তোমরা কি মনে কর যে, তোমাদের একত্রীকরণের নীতি বজায় রেখে পরিবার বজায় থাকতে পারে।"

সেই যুক্তেনিয়ার যুবকটি বললে, "আমাদের নৃতন সমাজব্যবস্থা পারিবারিকতার উপর কিরকম প্রভাব বিস্তার করেছে আমার নিজের দিক থেকে তার একটা দৃষ্টাস্ত দিই। আমার পিতা যখন বেঁচে ছিলেন, শীতের ছয় মাস তিনি শহরে কাজ করতেন আর গর্মের ছয় মাস ভাইবোনদের নিয়ে আমি ধনীর চাকরি নিয়ে পশুচারণ করতে যেতুম। বাবার সঙ্গে আমাদের দেখা প্রায়ই হত না। এখন এরকম বিচ্ছেদ ঘটে না। শিশুবিতালয় থেকে আমার ছেলে রোজ ফিরে আসে, রোজই তার সঙ্গে দেখা হয়।"

একজন চাষী-মেয়ে বললে, "শিশুদের দেখাশোনা ও শেখানোর স্বতন্ত্র ব্যবস্থা হওয়াতে স্বামীস্ত্রীর মধ্যে ঝগড়াঝাঁটি ঢের কমে গেছে। তা ছাড়া, ছেলেদের সম্বন্ধে দায়িত্ব যে কতথানি তা বাপ-মা ভালো করে শিখতে পারছে।"

একটি ককেশীয় যুবতী দোভাষীকে বললে, "কবিকে বলো, আমরা ককেশীয় রিপারিকের লোকেরা বিশেষ করেই অমুভব করি যে, অক্টোবরের বিপ্লবের পর থেকে আমরা বথার্থ স্বাধীনতা এবং স্থুপ পেয়েছি। আমরা নতুন যুগ স্পৃষ্ট করতে প্রবৃত্ত, তার কঠিন দায়িত্ব থুবই বৃঝি, তার জন্মে চূড়ান্ত রকমের ত্যাগ স্বীকার করতে আমরা রাজী। কবিকে জানাও, সোভিয়েট-সম্মিলনের বিচিত্র জাতির লোক তাঁর মারফত ভারতবাসীদের পরে তাদের আন্তরিক দরদ জানাতে চায়। আমি বলতে পারি, যদি সম্ভব হত, আমার হরত্রোর, আমার ছেলেপুলে, স্বাইকে ছেড়ে তাঁর স্বদেশীয়ের সাহায্য করতে যেতুম।"

দশের মধ্যে একজন ছিল তার মজোলীর ছাদের মুখ। তার কথা জিজ্ঞাসা করতেই জবাব পেলুম, সে খিবৃগিজ-জাতীয় চাধীর ছেলে, মস্কৌ এসেছে কলে কাপড় বোনার বিল্পা শিখতে। তিন বছর বাদে এঞ্জিনিয়র হয়ে তাদের রিপারিকে ফিরে যাবে—বিপ্লবের পরে সেখানে একটা বড়ো কারখানা স্থাপিত হয়েছে, সেইখানে সে কাজ করবে।

একটা কথা মনে রেখাে, এরা নানা জাতির লােক কল-কারথানার রহস্ত আয়ন্ত করবার জন্তে এত অবাধ উৎসাহ এবং স্থযােগ পেয়েছে, তার একমাত্র কারণ যন্ত্রকে ব্যক্তিগত স্বতন্ত্র স্বার্থসাধনের উদ্দক্ষে ব্যবহার করা হয় না। যত লােকেই শিক্ষা কর্মক তাতে সকল লােকেরই উপকার, কেবল ধনীলােকের নয়। আমরা আমাদের লােভের জন্তে যন্ত্রকে দােষ দিই, মাংলামির জন্তে শান্তি দিই তালগাছকে। মাস্টারমশায় যেমন নিজের অক্ষমতার জন্তে বেঞ্চির উপরে দাঁড় করিয়ে রাথেন ছাত্রকে।

সেদিন মক্ষে কৃষি-আবাসে গিয়ে স্পষ্ট করে স্বচক্ষে দেখতে পেলুম, দশ বছরের মধ্যে রাশিয়ার চাষীরা ভারতবর্ষের চাষীদের কত বছদ্রে ছাড়িয়ে গেছে। কেবল বই পড়তে শেখে নি, ওদের মন গেছে বদলে, ওরা মাহ্ম্ম হয়ে উঠেছে। শুধু শিক্ষার কথা বললে সব কথা বলা হল না, চাষের উন্নতির জন্যে সমস্ত দেশ জুড়ে যে প্রভৃত উত্যম সেও অসাধারণ। ভারতবর্ষেরই মতো এ দেশ কৃষিপ্রধান দেশ, এইজন্যে কৃষিবিভাকে যতদ্র সম্ভব এগিয়ে দিতে না পারলে দেশের মাহ্ম্মকে বাঁচানো যায় না। এরা সে কথা ভোলে নি। এরা অতি ত্ঃসাধ্য সাধন করতে প্রবৃত্ত।

সিভিল সাভিসের আমলাদের দিয়ে এরা মোটা মাইনেয় আপিস চালাবার কাজ করছে না— যারা যোগ্য লোক, যারা বৈজ্ঞানিক, তারা সবাই লেগে গেছে। এই দশ বছরের মধ্যে এদের কৃষিচর্চাবিভাগের যে উন্নতি ঘটেছে তার থ্যাতি ছড়িয়ে গেছে জগতের বৈজ্ঞানিক-মহলে। যুদ্ধের পূর্বে এ দেশে বীজ-বাছাইয়ের কোনো চেন্তাই ছিল না। আজ প্রায় তিন কোটি মণ বাছাই-করা বীজ এদের হাতে জমেছে। তা ছাড়া ন্তন শত্যের প্রচলন শুধু এদের কৃষি-কলেজের প্রান্ধণে নয়, ক্রভবেগে সমস্ত দেশে ছড়িয়ে দেওয়া হচ্ছে। কৃষি সম্বন্ধে বড়ো বড়ো বিজ্ঞানিক পরীক্ষাশালা আজর্বাইজান উজ্বেকিস্তান জ্ঞিয়া য়ুক্রেন প্রভৃতি রাশিয়ার প্রত্যন্তপ্রদেশেও স্থাপিত হয়েছে।

রাশিরার সমন্ত দেশ-প্রদেশকে জাতি-উপজাতিকে সক্ষম ও শিক্ষিত করে তোলবার জন্মে এডবড়ো সর্বব্যাপী অসামান্ত অক্লান্ত উল্ভোগ আমাদের মতো ব্রিটিশ সাব্জেক্টের স্থার কল্পনার অতীত। এতটা দ্র পর্যন্ত করে তোলা যে সম্ভব, এখানে আসবার আগে কথনো আমি তা মনেও করতে পারি নি। কেননা শিশুকাল থেকে আমরা বে 'ল আাত্ অর্ডার'এর আবহাওয়ায় মাহুষ, সেখানে এর কাছে পৌছতে পারে এমন দৃষ্টান্ত দেখি নি।

এবার ইংলতে থাকতে একজন ইংরেজের কাছে প্রথম শুনেছিল্ম সাধারণের কল্যাণের জন্যে এরা কিরকম অসাধারণ আয়োজন করেছে। চোথে দেখল্ম— এও দেখতে পেল্ম, এদের রাষ্ট্রে জাতিবর্ণবিচার একটুও নেই। সোভিয়েট শাসনের অন্তর্গত বর্বরপ্রায় প্রজার মধ্যে শিক্ষাবিস্তারের জন্যে এরা যে প্রকৃষ্ট প্রণালীর ব্যবস্থা করেছে ভারতবর্ধের জনসাধারণের পক্ষে তা হুর্লভ। অথচ এই অশিক্ষার অনিবার্থ ফলে আমাদের বৃদ্ধিতে চরিত্রে যে হুর্বলভা, ব্যবহারে যে মৃঢ্ভা, দেশ-বিদেশের কাছে তার রটনা চলছে। ইংরেজিতেই কথা চলিত আছে, যে কুকুরকে ফাঁসি দিতে হবে তাকে বদনাম দিলে কাজ সহজ হয়। যাতে বদনামটা কোনোদিন না ঘোচে তার উপায় করলে যাবজ্জীবন মেয়াদ ও ফাঁসি তুই'ই মিলিয়ে নেওয়া চলে। ইতি ১ অক্টোবর ১৯৩০

b

বলিন

রাশিয়া যুরে এসে আজ আমেরিকার মূথে চলেছি, এমন সন্ধিক্ষণে তোমার চিঠি পেলুম। রাশিয়ায় গিয়েছিলুম ওদের শিক্ষাবিধি দেখবার জন্তো। দেখে খুবই বিস্মিত হয়েছি। আট বছরের মধ্যে শিক্ষার জোরে সমস্ত দেশের লোকের মনের চেহারা বদলে দিয়েছে। যারা মৃক ছিল তারা ভাষা পেয়েছে, যারা মৃচ ছিল তাদের চিত্তের আবরণ উদ্ঘাটিত, যারা অক্ষম ছিল তাদের আত্মশক্তি জাগরক, যারা অবমাননার তলায় তলিয়েছিল আজ তারা সমাজের অন্ধকুটুরি থেকে বেরিয়ে এলে সবার সঙ্গে সমান আসন পাবার অধিকারী। এত প্রভূত লোকের যে এত ক্রত এমন ভাবান্তর ঘটতে পারে, তা কল্পনা করা কঠিন। এদের এক কালের মরা গাঙে শিক্ষার প্লাবন বয়েছে দেখে মন পুল্কিত হয়। দেশের এক প্রাস্ত থেকে আর-এক প্রাস্ত সচেতন। এদের সামনে একটা নৃতন আশার বীথিকা দিগস্ত পেরিয়ে অবারিত; সর্বত্র জীবনের বেগ পূর্ণমাত্রায়।

এরা তিনটে জিনিস নিয়ে অত্যন্ত ব্যস্ত আছে। শিক্ষা, কৃষি এবং যন্ত্র। এই তিন পথ দিয়ে এরা সমস্ত জাতি মিলে চিন্ত, অন্ন এবং কর্মশক্তিকে সম্পূর্ণতা দেবার সাধনা করছে। আমাদের দেশের মতোই এখানকার মাহ্রম কৃষিজীবী। কিন্তু আমাদের দেশের কৃষক এক দিকে মৃত, আর-এক দিকে অক্ষম; শিক্ষা এবং শক্তি তৃই থেকেই বঞ্চিত। তার একমাত্র ক্ষীণ আশ্রন্ত্র হচ্ছে প্রধা— পিতামহের আমলের চাকরের মতো সে কাক্ত করে কম, অ্থচ কর্তৃত্ব করে বেশি। তাকে মেনে চলতে হলে

তাকে এগিয়ে চলবার উপায় থাকে না। অ্থচ শত শত বংসর থেকে সে খুঁড়িয়ে চলছে।

আমাদের দেশে কোনো-এক সময়ে গোবর্ণনধারী কৃষ্ণ বোধ হয় ছিলেন কৃষির দেবতা, গোয়ালার ঘরে তাঁর বিহার; তাঁর দাদা বলরাম, হলধর। ঐ লাঙল-অপ্রচা হল মাফুষের যন্ত্রবলের প্রতীক। কৃষিকে বল দান করেছে যন্ত্র। আজকের দিনে আমাদের কৃষিক্ষেত্রের কোনো কিনারায় বলরামের দেখা নেই— তিনি লক্ষিত— যে দেশে তাঁর অস্ত্রে তেজ আছে গেই সাগরপারে তিনি চলে গেছেন। রাশিয়ায় কৃষি বলরামকে ডাক দিয়েছে; দেখতে দেখতে সেখানকার কেদারখণ্ডগুলো অথণ্ড হয়ে উঠল, তাঁর নৃতন হলের স্পর্শে অহল্যাভূমিতে প্রাণসঞ্চার হয়েছে।

একটা কথা আমাদের মনে রাখা উচিত, রামেরই হলযন্ত্রধারী রূপ হচ্ছে বলরাম।

১৯১৭ খৃদ্যান্দে এখানে যে বিপ্লব হয়ে গেল তার আগে এ দেশে শতকরা নিরানকাই জন চায়ী আধুনিক হলযন্ত্র চক্ষেও দেখে নি । তারা সেদিন আমাদেরই চায়ীদের মতো সম্পূর্ণ ত্র্বলরাম ছিল, নিরন্ন, নিঃসহান্ন, নির্বাক্। আজ দেখতে দেখতে এদের খেতে হাজার হাজার হলযন্ত্র নেমেছে। আগে এরা ছিল যাকে আমাদের ভাষান্ন বলে ক্ষেত্র জীব, আজ এরা হয়েছে বলরামের দল।

কিন্ত শুধু যন্ত্রে কোনো কাজ হর না যন্ত্রী যদি মাহ্নষ না হরে ওঠে। এদের থেতের কৃষি মনের কৃষির সঙ্গে এগোচ্ছে। এথানকার শিক্ষার কাজ সজীব প্রণালীতে। আমি বরাবর বলে এসেছি শিক্ষাকে জীবযাত্রার সঙ্গে মিশিয়ে চালানো উচিত। তার থেকে অবচ্ছিন্ন করে নিলে ওটা ভাগুরের সামগ্রী হয়, পাক্ষয়ের খাদ্য হয় না।

এখানে এসে দেখলুম, এরা শিক্ষাটাকে প্রাণবান করে তুলেছে। তার কারণ এরা সংসারের সীমা থেকে ইন্থলের সীমাকে সরিয়ে রাখে নি। এরা পাস করবার কিমা পত্তিত করবার জন্মে শেখায় না— সর্বতোভাবে মামুষ করবার জন্মে শেখায়। আমাদের দেশে বিভাগয় আছে, কিন্তু বিভার চেয়ে বৃদ্ধি বড়ো, সংবাদের চেয়ে শক্তি বড়ো, প্রথির পংক্তির বোঝার ভারে চিন্তকে চালনা করবার ক্ষমতা আমাদের থাকে না। কতবার চেটা করেছি আমাদের ছাত্রদের সক্ষে আলোচনা করতে, কিন্তু দেখতে পাই তাদের মনে কোনো প্রশ্নন্ত নেই। জানতে চাওয়ার সক্ষে জানতে পাওয়ার যে যোগ আছে সে যোগ ওদের বিচ্ছিয় হয়ে গেছে। ওরা কোনোদিন জানতে চাইতে শেখে নি— প্রথম থেকেই কেবলই বাঁধা নিয়মে ওদের জানিয়ে দেওয়া হয়, তার পরে সেই শিক্ষিত বিভার প্ররাবৃত্তি করে ওরা পরীক্ষার মার্কা সংগ্রহ করে।

আমার মনে আছে শাস্তিনিকেতনে যথন দক্ষিণ-আফ্রিকা থেকে ফিরে এসে
মহাত্মাজীর ছাত্রেরা ছিল তথন একদিন তাদের মধ্যে একজনকে জিজ্ঞাসা করেছিল্ম,
আমাদের ছেলেদের সক্ষে পাঞ্চল-বনে বেড়াতে যেতে ইচ্ছা কর কি। সে বললে,
জানি নে। এ সহজে সে তাদের দলপতিকে জিজ্ঞাসা করতে চাইলে। আমি বলল্ম,
জিজ্ঞাসা পরে কোরো, কিন্তু বেড়াতে যেতে তোমার ইচ্ছা আছে কি না আমাকে
বলো। সে বললে, আমি জানি নে। অর্থাৎ এ ছাত্র স্বহং কোনো বিষয়ে কিছু ইচ্ছা
করবার চর্চাই করে না; তাকে চালনা করা হয়, সে চলে, আপনা থেকে ভাকে কিছু
ভাবতে হয় না।

এরকম সামাক্ত বিষয়ে মনের এতটা অসাড়তা যদিও সাধারণত আমাদের ছাত্রদের মধ্যে দেখা যায় না, কিন্তু এর চেয়ে আরো একটুখানি শক্ত রকমের চিন্তনীয় বিষয় যদি পাড়া যায় তবে দেখা যাবে সেজত্যে এদের মন একটুখানিও প্রস্তুত নেই। এয়া কেবলই অপেকা করে থাকে আমরা উপরে থেকে কী বলতে পারি তাই শোনবার জত্যে। সংসারে এরকম মনের মতো নিম্নপায় মন আর হতে পারে না।

এখানে শিক্ষাপ্রণালী সম্বন্ধে নানারকম পরীক্ষা চলছে, তার বিস্তারিত বিবরণ পরে দেবার চেষ্টা করব। শিক্ষাবিধি সম্বন্ধে রিপোর্ট্ এবং বই পড়ে অনেকটা জানা বেতে পারে, কিন্তু শিক্ষার চেহারা মাহ্যবের মধ্যে যেটা প্রত্যক্ষ দেখা যায় সেটাই সব চেয়ে বড়ো কাজের। সেইটে সেদিন দেখে এসেছি। পায়োনিয়র্স্ কম্যুন বলে এ দেশে যেস্ব আশ্রম স্থাপিত হয়েছে তারই একটা দেখতে সেদিন গিয়েছিল্ম। আমাদের শান্তিনিকেতনে যেরকম ব্রতীবালক ব্রতীবালিকা আছে এদের পায়োনিয়র্স্ দল কতকটা সেই ধরনের।

বাড়িতে প্রবেশ করেই দেখি আমাকে অভ্যর্থনা করবার জন্মে সিঁড়ির তু ধারে বালকবালিকার দল সার বেঁধে দাঁড়িয়ে আছে। ঘরে আসতেই ওরা আমার চার দিকে ঘেঁবাঘেঁষি করে বসল, যেন আমি ওদেরই আপন দলের। একটা কথা মনে রেখো, এরা সকলেই পিতৃমাতৃহীন। এরা যে শ্রেণী থেকে এসেছে একদা সে শ্রেণীর মাতৃষ কারো কাছে কোনো যত্মের দাবি করতে পারত না, লন্ধীছাড়া হয়ে নিতান্ত নীচ বৃত্তির ঘারা দিনপাত করত। এদের ম্থের দিকে চেয়ে দেখলুম, অনাদরের অসমানের কুরাশাটাকা চেহারা একেবারেই নর। সংকোচ নেই, জড়ভা নেই। তা ছাড়া সকলেরই মনের মধ্যে একটা পণ, সামনে একটা কর্মক্ষেত্র আছে বলে মনে হয় যেন সর্বদা তংপর হয়ে আছে, কোনো-কিছুতে অনবধানের শৈথিশ্য থাকবার জো নেই।

অভ্যৰ্থনার জবাবে আমি ওদের অল বা বলেছিলুম তারই প্রসক্ষক্রমে একজন ছেলে

বললে, "পরশ্রমজীবীরা (bourgeoisie) নিজের ব্যক্তিগত মৃনফা থোঁজে, আমরা চাই দেশের ঐশর্যে সকল মাহুষের সমান স্বত্ব থাকে। এই বিভালয়ে আমরা সেই নীতি অহুসারে চলে থাকি।"

একটি নেম্নে বললে, "আমরা নিজেরা নিজেদের চালনা করি। আমরা সকলে
মিলে পরামর্ল করে কাজ করে থাকি, যেটা সকলের পক্ষেই শ্রেম সেইটেই আমাদের
স্বীকার্য।"

আর-একটি ছেলে বললে, "আমরা ভূল করতে পারি, কিন্তু যদি ইচ্ছা করি যারা আমাদের চেয়ে বড়ো তাদের পরামর্শ নিয়ে থাকি। প্রয়োজন হলে ছোটো ছেলে-মেয়েরা বড়ো ছেলেমেয়েদের মত নেয় এবং তারা যেতে পারে তাদের শিক্ষকদের কাছে। আমাদের দেশের শাসনতন্ত্রের এই বিধি। আমরা এখানে সেই বিধিরই চর্চা করে থাকি।"

এর থেকে ব্ঝতে পারবে, এদের শিক্ষা কেবল পুঁথিপড়ার শিক্ষা নয়। নিজের ব্যবহারকে চরিত্রকে একটা বৃহৎ লোকষাত্রার অহুগত করে এরা তৈরি করে তুলছে। সেই সম্বন্ধে এদের একটা পণ আছে এবং সেই পণ রক্ষায় এদের গৌরববোধ।

আমার ছেলেমেরে এবং শিক্ষকদের আমি অনেকবার বলেছি, লোকহিত এবং স্বায়ন্তশাসনের যে দায়িত্ববোধ আমরা সমস্ত দেশের কাছ থেকে দাবি করে থাকি শান্তিনিকেতনের ছোটো সীমার মধ্যে তারই একটি সম্পূর্ণ রূপ দিতে চাই। এখানকার ব্যবস্থা ছাত্র ও শিক্ষকদের সমবেত স্বায়ন্তশাসনের ব্যবস্থা হওয়া দরকার— সেই ব্যবস্থায় যথন এখানকার সমস্ত কর্ম হসম্পূর্ণ হয়ে উঠবে তথন এইটুকুর মধ্যে আমাদের সমস্ত দেশের সমস্তার পূরণ হতে পারবে। ব্যক্তিগত ইচ্ছাকে সাধারণ হিতের অমুগত করে তোলবার চর্চা রাষ্ট্রীয় বক্তৃতামঞ্চে দাড়িয়ে হতে পারে না, তার জন্যে ক্ষেত্র তৈরি করতে হয়— সেই ক্ষেত্র আমাদের আশ্রম।

একটা ছোটো দৃষ্টান্ত তোমাকে দিই। আহারের রুচি এবং অভ্যাস সম্বন্ধ বাংলাদেশে যেমন কদাচার এমন আর কোথাও নেই। পাকশালা এবং পাকষন্ত্রকে অভ্যন্ত অনাবশুক আমরা ভারগ্রন্ত করে তুলেছি। এ সম্বন্ধ সংস্থার করা বড়ো কঠিন। স্বজাতির চিরন্তন হিতের প্রতি লক্ষ্ক করে আমাদের ছাত্ররা ও শিক্ষকেরা পথা সম্বন্ধে নিজের ক্ষচিকে যথোচিতভাবে নিয়ন্ত্রিত করবার পণ গ্রহণ করতে যদি পারত তা হলে আমি যাকে শিক্ষা বলি সেই শিক্ষা সার্থক হত। তিন-নম্বে সাতাশ হর এইটে ম্থস্থ করাকে আমরা শিক্ষা বলে গণ্য করে থাকি, সে সম্বন্ধে ছেলেরা কোনো-মতেই ভূলে না করে তার প্রতি লক্ষ্ক না করাকে গুরুতর অপরাধ বলে জানি, কিন্ধ বে

জিনিসটাকে উদরশ্ব করি সে সমক্ষে শিক্ষাকে তার চেয়ে কম দাম দেওয়াই মূর্যতা।
আমাদের প্রতিদিনের খাওয়া সমক্ষে আমাদের সমস্ত দেশের কাছে দায়িত্ব আছে এবং
সে দায়িত্ব অতি গুরুতর— সম্পূর্ণ উপলব্ধির সঙ্গে এটাকে মনে রাখা পাসের মার্কার
চেয়ে অনেক বড়ো।

আমি এদের জিজাসা করলুম, "কেউ কোনো অপরাধ করলে এখানে তার বিধান কী।"

একটি মেম্বে বললে, "আমাদের কোনো শাসন নেই, কেননা আমরা নিজেদের শান্তি দিই।"

আমি বললুম, "আর-একটু বিস্তারিত করে বলো। কেউ অপরাধ করলে তার বিচার করবার জত্যে তোমরা কি বিশেষ সভা ডাকো। নিজেদের মধ্যে থেকে কাউকে কি তোমরা বিচারক নির্বাচন করো। শাস্তি দেবার বিধিই বা কী রকমের।"

একটি মেন্নে বললে, "বিচারসভা যাকে বলে তা নয়, আমরা বলা-কওয়া করি। কাউকে অপরাধী করাই শাস্তি, তার চেয়ে শাস্তি আর নেই।"

একটি ছেলে বললে, "সেও হঃখিত হয় আমরাও হঃখিত হই, বাস্ চুকে যায়।"

আমি বলন্ম, "মনে করো কোনো ছেলে যদি ভাবে তার প্রতি অযথা দোষারোপ হচ্ছে তা হলে তোমাদের উপরেও আর-কারো কাছে কি সে ছেলের আপিল চলে।"

ছেলেটি বললে, "তথন আমরা ভোট নিই— অধিকাংশের মতে যদি স্থির হয় যে লে অপরাধ করেছে তা হলে তার উপরে আর কথা চলে না।"

আমি বলদ্ম, "কথা না চলতে পারে, কিন্ধু তব্ ছেলেটি যদি মনে করে অধিকাংশই তার উপরে অক্সায় করছে তা হলে তার কোনো প্রতিবিধান আছে কি।"

একটি মেয়ে উঠে বললে, "তা হলে হয়তো আমরা শিক্ষকদের পরামর্শ নিতে যাই— কিন্তু এরকম ঘটনা কথনো ঘটে নি।"

আমি বললুম, "যে-একটি সাধনার মধ্যে সকলে আছু সেইটেভেই আপনা হতেই অপরাধ থেকে তোমাদের রক্ষা করে।"

ওদের কর্তব্য কী প্রশ্ন করাতে বললে, "অন্ত দেখের লোকেরা নিজের কাজের জন্ত অর্থ চার, সমান চার, আমরা তার কিছুই চাই নে, আমরা সাধারণের হিত চাই। আমরা গাঁরের লোকদের শিক্ষা দেবার জন্তে পাড়াগাঁরে যাই— কী করে পরিকার হয়ে থাকজে হয়, সকল কাজ কী করে বৃদ্ধিপূর্বক করতে হয়, এইসব তাদের বৃদ্ধিরে দিই। অনেক সময়ে আমরা তাদের মধ্যে গিয়েই বাস করি, নাটক-অভিনন্ন করি, দেশের অবস্থার কথা বলি।" তার পরে আমাকে দেখাতে চাইলে কাকে ওরা বলে সজীব সংবাদপতা। একটি মেমে বললে, "দেশের সমস্কে আমাদের অনেক খবর জানতে হয়, আমরা যা জানি তাই আবার অন্ত স্বাইকে জানানো আমাদের কর্তব্য। কেননা, ঠিক্সত করে তথ্যগুলিকে জানতে এবং তাদের সম্বন্ধে চিন্তা করতে পারলে তবেই আমাদের কাজ থাটি হতে পারে।"

একটি ছেলে বললে, "প্রথমে আমরা বই থেকে, আমাদের শিক্ষকের কাছ থেকে শিখি, তার পরে তাই নিয়ে আমরা পরস্পরের মধ্যে আলোচনা করি, তার পরে সেইগুলি সাধারণকে জানাবার জন্তে যাবার ছকুম হয়।"

সজীব সংবাদপত্র অভিনয় করে আমাকে দেখালে। বিষয়টা হচ্ছে এদের পাঞ্চবার্ষিক সংকয়। ব্যাপারটা হচ্ছে, এরা কঠিন পণ করেছে পাঁচ বছরের মধ্যে সমস্ত দেশকে যক্ষণিক্তিতে স্থলক করে তুলবে, বিদ্যুৎশক্তি বাষ্পশক্তিকে দেশের এক ধার থেকে আর-এক ধার পর্যন্ত কাজে লাগিয়ে দেবে। এদের দেশ বলতে কেবল মুরোপীয় রাশিয়া বোঝায় না। এশিয়ার অনেক দূর পর্যন্ত তার বিস্তার। সেখানেও নিয়ে যাবে এদের শক্তির বাহনকে। ধনীকে ধনীতর করবার জন্তে নয়, জনসমষ্টিকে শক্তিসম্পয় করবার জন্তে— সেই জনসমষ্টির মধ্যে মধ্য-এশিয়ার অসিতচর্ম মাসুষও আছে। তারাও শক্তির অধিকারী হবে ব'লে ভয় নেই, ভাবনা নেই।

এই কাজের জন্ম এদের প্রভৃত টাকার দরকার— মুরোপীয় বড়োবাজারে এদের হণ্ডি চলে না, নগদ দামে কেনা ছাড়া উপায় নেই। তাই পেটের অন্ধ দিয়ে এরা জিনিস কিনছে, উৎপন্ন শশু পশুমাংস ডিম মাধন সমস্ত চালান হছেছে বিদেশের হাটে। সমস্ত দেশের লোক উপবাসের প্রান্তে এসে দাড়িয়েছে। এখনো দেড় বছর বাকি। অন্থ দেশের মহাজনরা থূলি নয়। বিদেশী এঞ্জিনিয়াররা এদের কল-কারখানা অনেক নইও করেছে। ব্যাপারটা বৃহৎ ও জটিল, সমন্ন অত্যন্ত অন্ধ। সমন্ন বাড়াতে সাহস হন্ন না, কেননা সমস্ত ধনী-জগতের প্রতিকৃলতার মূখে এরা দাড়িয়ে, যত শীদ্র সম্ভব আপন শক্তিতে ধন উৎপাদন এদের পক্ষে নিতান্ত দরকার। তিন বছর কটে কেটে গেছে, এখনো ছ বছর বাকি।

'সজীব খবরের কাগজ'টা অভিনরের মতো; নেচে গেয়ে পতাকা তুলে এরা জানিরে দিতে চার দেশের অর্থশক্তিকে যন্ত্রবাহিনী করে ক্রমে ক্রমে ক্রমে কী পরিমাণে এরা সফলতা লাভ করছে। দেখবার প্রয়োজন অভ্যন্ত বেশি। যারা জীবনযাতার অত্যন্ত প্রয়োজনীয় সামগ্রী থেকে বঞ্চিত হল্নে বহু কন্তে কাল কাটাক্তে তালের বোঝানো চাই অনতিকালের মধ্যে এই কন্তের অবসান হবে এবং বদলে যা পাবে তার কথা শারণ করে যেন তারা জানন্দের সঙ্গে, গৌরবের সঙ্গে, ক্টকে বরণ করে নেয়।

এর মধ্যে সান্ধনার কথাটা এই যে, কোনো এক-দল লোক নয়, দেশের সকল লোকই একসঙ্গে তপস্থায় প্রবৃত্ত। এই 'সঙ্গীব সংবাদপত্র' অন্য দেশের বিবরণও এইরকম করে প্রচার করে। মনে পড়ল পতিসরে দেহতত্ত্ব মৃক্তিতত্ত্ব নিয়ে এক যাত্রার পালা শুনে-ছিল্ম— প্রণালীটা একই, লক্ষাটা আলাদা। মনে করছি দেশে ফিরে গিয়ে শাস্তি-নিকেতনে স্কলে 'সঙ্গীব সংবাদপত্র' চালাবার চেষ্টা করব।

ওদের দৈনিক কার্যপদ্ধতি হচ্ছে এইরকম— সকাল সাতটার সময় ওরা বিছানা থেকে ওঠে। তার পর পনেরো মিনিট ব্যায়াম, প্রাত্তঃকৃত্য, প্রাতরাল। আটটার সময় ক্লাস বসে। একটার সময় কিছুক্ষণের জন্ম আহার ও বিশ্রাম। বেলা তিনটে পর্যন্ত ক্লাস চলে। শেখবার বিষয় হচ্ছে ইতিহাস, ভূগোল, গণিত, প্রাথমিক প্রাকৃত-বিজ্ঞান, প্রাথমিক রসায়ন, প্রাথমিক জীববিজ্ঞান, যন্ত্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, সাহিত্য, হাতের কান্ত, ছুতোরের কান্ত, বই-বাধাই, হাল আমলের চাষের যন্ত্র প্রভৃতির ব্যবহার ইত্যাদি। রবিবার নেই। প্রত্যেক পঞ্চম দিনে ছুটি। তিনটের পরে বিশেষ দিনের কার্যতালিকা অহুসারে পায়োনিয়ররা (পুরোষায়ীর দল) কার্যানা, হাসপাতাল, গ্রাম প্রভৃতি দেখতে যায়।

পদ্ধীপ্রামে ভ্রমণ করতে যাওয়ার ব্যবস্থা করা হয়। মাঝে মাঝে নিজেরা অভিনয় করে; মাঝে মাঝে থিয়েটার দেখতে, সিনেমা দেখতে যায়। সন্ধ্যাবেলায় গল্প পড়া, গল্প বলা, তর্কসভা, সাহিত্যিক ও বৈজ্ঞানিক সভা। ছুটির দিনে পায়োনিয়ররা কিছু পরিমাণে নিজেদের কাপড় কাচে, ঘর পরিদ্ধার করে, বাড়ি এবং বাড়ির চার দিক পরিদার করে, ক্লাস-পাঠ্যের অভিরিক্ত পড়া পড়ে, বেড়াতে যায়। ভর্তি হবার বয়েস সাত-আট, বিভালয় ত্যাগ করবার বয়েস যোলো। এদের অধ্যয়নকাল আমাদের দেশের মতো লম্বা লম্বা ছুটি দিয়ে ফাঁক করে দেওয়া নয়, স্বভরাং অয়দিনে অনেক বেশি পড়তে পায়ে।

এখানকার বিভালয়ের মন্ত একটা গুণ, এরা যা পড়ে, তার সঙ্গে সজে ছবি আঁকে।
তাতে পড়ার বিষয় মনে চিত্রিত হয়ে ওঠে, ছবির হাত পেকে যায়— আর পড়ার সজে
রূপস্টি করার আনন্দ মিলিত হয়। হঠাং মনে হতে পারে, এরা বৃঝি কেবলই কাজের
দিকে ঝাঁক দিরেছে গোঁয়ারের মতো ললিভকলাকে অবজ্ঞা ক'রে। একেবারেই তা
নয়। সমাটের আমলের তৈরি বড়ো বড়ো রঙ্গালার উচ্চ অকের নাটক ও অপেরার
অভিনয়ে বিলয়ে টিকিট পাওয়াই শক্ত হয়। নাট্যাভিনয়কলার এদের মতো ওস্তাদ
অগতে অল্লই আছে, পূর্বতন কালে আমীর-ওমরাওরাই সে-সমন্ত ভোগ করে এসেছেন—
তথনকার দিনে যাদের পারে না ছিল জুতো, গায়ে ছিল ময়লা ঠেড়া কাপড়, আহার

ছিল আধ-পেটা, দেবতা মাহুষ স্বাইকেই যারা অহোরাত্র ভন্ন করে করে বেড়িরেছে, পরিত্রাণের জন্যে পুরুত-পাণ্ডাকে দিয়েছে ঘুষ, আর মনিবের কাছে ধুলোর মাথা লুটিয়ে আত্মাবমাননা করেছে, তাদেরই ভিড়ে থিয়েটারে জায়গা পাশুরা যায় না।

আমি যেদিন অভিনয় দেখতে গিয়েছিল্ম সেদিন হচ্ছিল টলস্টয়ের 'রিসারেক্শান'। জিনিসটা জনসাধারণের পক্ষে সহজে উপভোগ্য বলে মনে করা যায় না। কিন্তু শ্রোতারা গভীর মনোযোগের সঙ্গে সম্পূর্ণ নিঃশঙ্গে শুনছিল। অ্যাংলোম্খাক্শন চাষী-মন্ত্র শ্রেণীর লোকে এ জিনিস রাত্রি একটা পর্যন্ত এমন স্তব্ধ শাস্ত ভাবে উপভোগ করছে এ কথা মনে করা যায় না, আমাদের দেশের কথা ছেড়েই দাও।

আর-একটা উদাহরণ দিই। মস্কৌ শহরে আমার ছবির প্রদর্শনী হয়েছিল।
এ ছবিগুলো স্টেছাড়া লে কথা বলা বাছল্য। শুধু যে বিদেশী তা নয়, বলা চলে যে
তারা কোনোদেশীই নয়। কিন্তু লোকের ঠেলাঠেলি ভিড়। অয় কয় দিনে পাঁচ হাজার
লোক ছবি দেখেছে। আর যে যা বল্ক, অস্তুত আমি তো এদের ফুচির প্রশংসা না
করে থাকতে পারব না।

ক্ষচির কথা ছেড়ে দাও, মনে করা যাক এ একটা ফাঁকা কৌতৃহল। কিন্তু কোতৃহল থাকাটাই যে জাগ্রত চিত্তের পরিচয়। মনে আছে একদা আমাদের ইদারার জন্তে আমেরিকা থেকে একটা বায়্চল চক্রযন্ত্র এনেছিল্ম, তাতে কুয়োর গভীর তলা থেকে জল উঠেছিল। কিন্তু যখন দেখল্ম ছেলেদের চিত্তের গভীর তলদেশ থেকে একটুও কৌতৃহল টেনে তুলতে পারলে না তথন মনে বড়োই ধিক্কার লাগল। এই তো আমাদের ওখানে আছে বৈহাত আলোর কারখানা, কজন ছেলের তাতে একটুও উৎস্কা আছে? অথচ এরা তো ভদ্রশ্রেণীর ছেলে। বুদ্ধির জড়তা যেখানে সেইখানে কৌতৃহল হুর্বল।

এখানে ইস্কলের ছেলেদের আঁকা অনেকগুলি ছবি আমরা পেয়েছি— দেখে বিস্মিত ছতে হয়; সেগুলো রীতিমত ছবি, কারো নকল নয়, নিজের উদ্ভাবন। এখানে নির্মাণ এবং স্বাষ্ট ছইয়েরই প্রতি লক্ষ দেখে নিশ্চিম্ব হয়েছি। এখানে এসে অবধি স্বদেশের শিক্ষার কথা অনেক ভাবতে হয়েছে। আমার নিঃসহায় সামায়্ম শক্তি দিয়ে কিছু এর আহরণ এবং প্রয়োগ কয়তে চেষ্টা কয়ব। কিছু আর সময় কই— আমার পক্ষে পাঞ্চবার্ষিক সংকয়ও হয়তো প্রণ না হতে পারে। প্রায় ত্রিশ বছর কাল যেমন একা একা প্রতিক্লতার বিয়েছে লগি ঠেলে কাটিয়েছি আরো ছ্-চার বছর তেমনি করেই ঠেলতে হবে— বিশেষ এগোবে না ভাও জানি, তর্ নালিশ কয়ব না। আজ্ব আর সময় নেই। আজ রাত্রের গাড়িতে জাহাজের ঘাটের অভিমৃথে যেতে হবে, সমুত্রে কাল পাড়ি দেব। ইতি ২ অক্টোবর ১৯৩০

9

ব্রেমেন স্টামার অতলাস্তিক

রাশিয়া থেকে ফিরে এসে আজ চলেছি আমেরিকার ঘাটে। কিন্তু রাশিয়ার শ্বতি আজও আমার সমস্ত মন অধিকার করে আছে। তার প্রধান কারণ— জ্ব্যান্ত যে-সব দেশে ঘুরেছি তারা সমগ্রভাবে মনকে নাড়া দেয় না, তাদের নানা কর্মের উত্তম আছে আপন আপন মহলে। কোধাও আছে পলিটিক্স, কোধাও আছে হাসপাতাল, কোধাও আছে বিশ্ববিভালয়, কোধাও আছে ম্যুজিয়— বিশেষজ্ঞরা তাই নিম্নে কাজ করে যাচ্ছে। কিন্তু এধানে সমস্ত দেশটা এক অভিপ্রান্ত মনে নিম্নে সমস্ত কর্মবিভাগকে এক সায়ুজালে জড়িত করে এক বিরাট দেহ এক বৃহৎ ব্যক্তিশ্বরূপ ধারণ করেছে। সব-কিছু মিলে গেছে একটি অথও সাধনার মধ্যে।

যে-সব দেশে অর্থ এবং শক্তির অধ্যবসায় ব্যক্তিগত স্বার্থধারা বিভক্ত সেধানে এরকম চিত্তের নিবিড় ঐক্য অসম্ভব। যথন এখানে পাঞ্চবার্ধিক যুরোপীর যুদ্ধ চলছিল তথন দায়ে পড়ে দেশের অধিকাংশ ভাবনা ও কাজ এক অভিপ্রায়ে মিলিত হয়ে এক চিত্তের অধিকারে এসেছিল, এটা হয়েছিল অস্থায়ীভাবে। কিন্তু সোভিয়েট রাশিরার ধে কাজ চলছে তার প্রকৃতিই এই— সাধারণের কাজ, সাধারণের চিত্ত, সাধারণের স্বত্ব ব'লে একটা অসাধারণ সভা এরা স্বষ্ট করতে লেগে গেছে।

উপনিষদের একটা কথা আমি এখানে এসে খ্ব স্পষ্ট করে ব্ঝেছি— 'মা গৃধঃ', লোভ কোরো না। কেন লোভ করবে না। যেহেতু সমস্ত কিছু এক সত্যের ধারা পরিব্যাপ্ত; ব্যক্তিগভ লোভেতেই সেই একের উপলব্ধির মধ্যে বাধা আনে। 'তেন ত্যক্তেন ভূঞীথাঃ'— সেই একের থেকে যা আসছে তাকেই ভোগ করো। এরা আর্থিক দিক থেকে সেই কথাটা বলছে। সমস্ত মানবসাধারণের মধ্যে এরা একটি অধিতীয় মানবসত্যকেই বড়ো বলে মানে— সেই একের যোগে উৎপন্ন বা-কিছু, এরা বলে, তাকেই সকলে মিলে ভোগ করো— 'মা গৃধঃ কল্পবিদ্ধনং'— কারো ধনে লোভ কোরো না। কিছু ধনের ব্যক্তিগত বিভাগ থাকলেই ধনের লোভ আপনিই হয়। সেইটিকে ঘূচিরে দিয়ে এরা বলন্তে চার, 'ভেন ত্যক্তেন ভূঞীথাঃ।'

যুরোপে অক্স সকল দেশেরই সাধনা ব্যক্তির লাভকে, ব্যক্তির ভোগকে নিয়ে। তারই
মন্থন-আলোড়ন খুবই প্রচণ্ড, জার পৌরাণিক সমুক্রমন্থনের মতোই তার থেকে বিষ ও
ক্রধা তুই'ই উঠছে। কিন্তু স্থার ভাগ কেবল এক দলই পাছে অধিকাংশই পাছে না—

এই নিম্নে অম্ব্য-অশান্তির সীমা নেই। স্বাই মেনে নিমেছিল এইটেই অনিবার্ষ ;

বলেছিল মানবপ্রকৃতির মধ্যেই লোভ আছে এবং লোভের কাজই হচ্ছে ভোগের মধ্যে

অসমান ভাগ করে দেওরা। অতএব প্রতিযোগিতা চলবে এবং লড়াইয়ের জত্যে স্বদা
প্রস্তুত থাকা চাই। কিন্তু সোভিয়েটরা যা বলতে চার তার থেকে ব্রুতে হবে মাহ্র্যের

মধ্যে ঐক্যটাই সত্য, ভাগটাই মারা, সম্যক্ চিন্তা সম্যক্ চেষ্টা-ছারা সেটাকে যে মৃহুর্তে

মানব না সেই মৃহুর্তেই স্বপ্লের মতো সে লোপ পাবে।

রাশিরার সেই না-মানার চেষ্টা সমস্ত দেশ জুড়ে প্রকাণ্ড করে চলছে। সব-কিছু এই এক চেষ্টার অন্তর্গত হয়ে গেছে। এইজন্মে রাশিরার এসে একটা বিরাট চিত্তের ম্পর্ল পাওরা গেল। শিক্ষার বিরাটপর্ব আর কোনো দেশে এমন করে দেখি নি, তার কারণ অন্ত দেশে শিক্ষা যে করে শিক্ষার ফল তারই— 'হুগুভাতৃ ধার সেই।' এধানে প্রত্যেকের শিক্ষার সকলের শিক্ষা। একজনের মধ্যে শিক্ষার যে অভাব হবে সে অভাব সকলকেই লাগবে। কেননা সম্মিলিত শিক্ষারই যোগে এরা সমিলিত মনকে বিশ্বসাধারণের কাজে সফল করতে চার। এরা 'বিশ্বকর্মা'; অতএব এদের বিশ্বমনা হওরা চাই। অতএব এদের জন্মেই যথার্থ বিশ্ববিভালর।

িশ্বা-ব্যাপারকে এরা নানা প্রণালী দিয়ে সকলের মধ্যে ছড়িয়ে দিচ্ছে। তার মধ্যে একটা হচ্ছে মৃাজিয়ম। নানাপ্রকার মৃাজিয়মের জালে এরা সমস্ত প্রাম-শহরকে জড়িয়ে ফেলেছে। সে মৃাজিয়ম আমাদের শান্তিনিকেতনের লাইব্রেরির মতো অকারী (passive) নম্ন, সকারী (active)।

রাশিয়ার region study অর্থাং স্থানিক তথ্যসন্ধানের উত্যোগ সর্বত্র পরিব্যাপ্ত।
এরকম শিক্ষাকেন্দ্র প্রায় ত্ব হাজার আছে, তার সদস্তসংখ্যা সত্তর হাজার পেরিয়ে
গেছে। এই-সব কেন্দ্রে তত্তৎ স্থানের অতীত ইতিহাস এবং অতীত ও বর্তমানের আর্থিক
অবস্থার অহসন্ধান হয়। তা ছাড়া সে-সব জায়গার উৎপাদিকা শক্তি কিরকম শ্রেণীর
কিন্ধা কোনো খনিজ্ব পদার্থ সেখানে প্রচ্ছের আছে কি না, তার খোঁজ হয়ে থাকে। এইসব কেন্দ্রের সঙ্গে যে-সব মৃজিয়ম আছে তারই যোগে সাধারণের শিক্ষাবিস্তার
একটা গুরুতর কর্তব্য। সোভিয়েট রাষ্ট্রে সর্বসাধারণের জ্ঞানোয়তির যে নবয়্গ এসেছে,
এই স্থানিক তথ্যসন্ধানের ব্যাপক চর্চা এবং তৎসংশ্লিষ্ট মৃজিয়ম তার একটা প্রধান
শ্রণালী।

এইরক্য নিক্টবর্তী স্থানের তথ্যাহসদ্ধান শান্তিনিকেতনে কালীযোহন কিছু পরিমাণে করেছেন; কিন্তু এই কাজের সঙ্গে আমাদের ছাত্র ও শিক্ষকেরা যুক্ত না থাকাতে তাদের এতে কোনো উপকার হয় নি। সন্ধান করবার ফল পাওয়ার চেম্বে সন্ধান করার মন তৈরি করা কম কথা নয়। কলেজ-বিভাগের ইকনমিক্স্ ক্লাসের ছাত্রদের নিম্নে প্রভাত এইরকম চর্চার পত্তন করছেন শুনেছিল্ম; কিন্তু এ কাজটা আরো বেশি সাধারণভাবে করা দরকার, পাঠভবনের ছেলেদেরও এই কাজে দীক্ষিত করা চাই, আর এইসকে সমস্ত প্রাদেশিক সামগ্রীর ম্যুজিরম স্থাপন করা আবশ্রক।

এখানে ছবির মৃাজিয়মের কাজ কিরকম চলে তার বিবরণ শুনলে নিশ্চয় তোমার ভালো লাগবে। মস্কৌ শহরে ট্রেটিয়াকভ গ্যালারি (Tretyakov Gallery) নামে এক বিখ্যাত চিত্রভাগ্রার আছে। সেখানে ১৯২৮ থেকে ১৯২৯ পর্যন্ত এক বছরের মধ্যে প্রায় তিন লক্ষ লোক ছবি দেখতে এসেছে। যত দর্শক আসতে চায় তাদের ধরানো শক্ত হয়ে উঠেছে। সেইজ্ঞে ছুটির দিনে আগে থাকতে দর্শকদের নাম রেজেন্ট্রি করানো দরকার হয়েছে।

১৯১৭ থুস্টান্দে সোভিয়েট-শাসন প্রবর্তিত হবার পূর্বে যে-সব দর্শক এইরকম গ্যান্সারিতে আসত তারা ধনী মানী জ্ঞানী দলের লোক এবং তারা, যাদের এরা বলে bourgeoisie, অর্থাং পরশ্রমজীবী। এখন আসে অসংখ্য স্বশ্রমজীবীর দল, যথা রাজমিন্ধি, লোহার, মৃদি, দরজি ইত্যাদি। আর আসে সোভিয়েট সৈনিক, সেনানায়ক, ছাত্র এবং চাষী-সম্প্রদায়।

আর্টের বোধ ক্রমে ক্রমে এদের মনে জাগিয়ে তোলা আবশ্রক। এদের মতো আনাড়িদের পক্ষে চিত্রকলার রহস্ত প্রথম দৃষ্টিতে ঠিকমত বোঝা অসাধা। দেয়ালে দেয়ালে ছবি দেখে দেখে এরা ঘুরে ঘুরে বেড়ায়, বৃদ্ধি যায় পথ হারিয়ে। এই কারণে প্রোয় সব মৃজিয়মেই উপযুক্ত পরিচায়ক রেখে দেওয়া হয়েছে। মৃজিয়মের শিক্ষাবিভাগে কিম্বা অক্সত্র তদহরপ রাষ্ট্রকর্মশালায় যে-সমস্ত বৈজ্ঞানিক কর্মী আছে তাদেরই মধ্যে থেকে পরিচায়ক বাছাই করে নেওয়া হয়। যায়া দেখতে আসে তাদের সক্ষে এদের দেনাপাওনার কোনো কারবার থাকে না। ছবিতে যে বিয়য়টা প্রকাশ করছে সেইটে দেখলেই যে ছবি দেখা হয়, দর্শকেরা যাতে সেই ভুল না করে পরিদর্শমিভার সেটা জানা চাই।

চিত্রবন্ধর সংস্থান (composition), তার বর্ণকর্মনা (colour scheme), তার অবনাণ (space), তার উজ্জলতা (illumination), যাতে করে তার বিশেষ সম্প্রদার ধরা পড়ে সেই তার বিশেষ আঙ্গিক (technique)— এ-সকল বিষয়ে আজও অল্ল লোকেরই জানা আছে। এইজন্তে পরিচারকের বেশ দস্তরমন্ত শিক্ষা থাকা চাই, তবেই দর্শকদের উৎস্কা ও মনোযোগ সে জাগিয়ে রাখতে পারে। আর-একটি কথা তাকে ব্যতে হবে, মৃজিরনে কেবল একটিমাত্র ছবি নেই, অতএব একটা

ছবিকে চিনে নেওয়া দর্শকের উদ্দেশ্য হওয়া উচিত নয়; মাজিয়মে যে-সব বিশেষ শ্রেণীর ছবি রক্ষিত আছে তাদের শ্রেণীগত রীতি বোঝা চাই। পরিচায়কদের কর্তব্য কয়েকটি করে বিশেষ হাঁদের ছবি বেছে নিয়ে তাদের প্রকৃতি ব্ঝিয়ে দেওয়া। আলোচ্য ছবিগুলির সংখ্যা খ্ব বেশি হলে চলবে না এবং সময়ও বিশ মিনিটের বেশি হওয়া ঠিক নয়। ছবির যে-একটি স্বকীয় ভাষা, একটি ছলা আছে সেইটেই ব্ঝিয়ে দেবার বিষয়; ছবির রূপের সক্ষে ছবির বিষয়ের ও ভাবের সম্বন্ধ কী সেইটে ব্যাখ্যা করা দরকার। ছবির পরম্পর-বৈপরীত্যন্থারা তাদের বিশেষত্ব বোঝানো অনেক সময় কাজে লাগে। কিছে দর্শকদের মন একটুমাত্র প্রাস্ত হলেই তাদের তথনই ছুটি দেওয়া চাই।

অশিক্ষিত দর্শকদের এরা কী করে ছবি দেখতে শেখায় তারই একটা রিপোর্ট্ থেকে উল্লিখিত কথাগুলি তোমাকে সংগ্রহ করে পাঠালুম। এর থেকে আমাদের দেশের লোকের যেটি ভাববার কথা আছে সেটি হচ্ছে এই—

পূর্বে যে চিঠি লিখেছি তাতে আমি বলেছি, সমস্ত দেশকে ক্লবিবলে যন্ত্রবলে অভিক্রতমাত্রায় শক্তিমান করে তোলবার জন্মে এরা একাস্ক উত্তমের সঙ্গে লেগে গেছে। এটা ঘোরতর কেজো কথা। অন্ত-সব ধনী দেশের সঙ্গে পাল্লা দিয়ে নিজের জোরে िं एक थाकवात्र जत्य এए तर विश्रुल गांधना। जामारात्र प्रत्भ यथन এই-जाणीप्र দেশব্যাপী রাষ্ট্রিক সাধনার কথা ওঠে তখনই আমরা বলতে শুরু করি, এই একটিমাত্র লাল মশাল জালিয়ে তুলে দেশের অস্তু সকল বিভাগের সকল আলো নিবিয়া দেওয়া চাই, নইলে মাহ্ষ অশুমনম্ব হবে। বিশেষত ললিতকলা সকল প্রকার কঠোর সংকল্পের বিরোধী। স্বজাতিকে পালোয়ানি করবার জক্তে কেবলই তাল ঠুকিয়ে পদ্মভারা করাতে হবে, সরস্বতীর বীণাটাকে নিম্নে যদি লাঠি বানানো সম্ভব হয় তবেই সেটা চলবে, নতুবা নৈব নৈব চ। এই কথাগুলো যে কতথানি মেকি পৌরুষের কথা তা এখানে এলে স্পষ্ট বোঝা যায়। এখানে এরা দেশ কুড়ে কারখানা চালাতে ্যে-সব শ্রমিকদের পাকা করে তুলতে চায়, তারাই যাতে শিক্ষিত মন নিয়ে ছবির রস বুঝতে পারে তারই জন্মে এত প্রভূত আয়োজন। এরা জানে, রসজ্ঞ যারা নয় তারা বর্বর; যারা বর্বর তারা বাইরে রুক্ষ, অন্তরে তুর্বল। রাশিয়ায় নবনাট্যকলার অসামান্ত উন্নতি হরেছে। এদের ১৯১৭ থৃদ্টাব্দের বিপ্লবের দক্ষে লক্ষেই ঘোরতর ত্র্দিন ত্রভিক্ষের মধ্যেই এরা নেচেছে, গান গেম্বেছে, নাট্যাভিনম্ন করেছে— এদের ঐতিহাসিক বিরাট নাট্যাভিনয়ের সঙ্গে তার কোনো বিরোধ ঘটে নি।

মরুভূমিতে শক্তি নেই। শক্তির যথার্থ রূপ দেখা যার সেইখানেই যেখানে পাথরের বুক থেকে জলের ধারা কলোলিত হয়ে বেরিয়ে আসে, যেখানে বসস্তের রূপছিল্লোলে ছিমাচলের গান্তীর্ব মনোহর হরে ওঠে। বিক্রমাদিত্য ভারতবর্ব থেকে শব্দ শব্দদের তাড়িরে দিরেছিলেন, কিন্তু কালিদাসকে নিষেধ করেন নি মেঘদ্ত লিখতে। জাপানীরা তলোয়ার চালাতে পারে না এ কথা বলবার জো নেই, কিন্তু সমান নৈপুণাই তারা তুলিও চালায়। রাশিয়ায় এসে যদি দেখতুম এরা কেবলই মজুর সেজে কারখানাঘরের সরঞ্জাম জোগাচ্ছে আর লাঙল চালাচ্ছে, তা হলেই ব্যাতুম, এরা শুকিরে মরবে। যে বনস্পতি পল্লবমর্মর বন্ধ করে দিয়ে খট্ খট্ আওয়াজে অহংকার করে বলস্তে থাকে 'আমায় রসের দরকার নেই' লে নিশ্চয়ই ছুতোরের দোকানের নকল বনস্পতি— সে খ্বই শক্ত হতে পারে, কিন্তু খ্বই নিফল। অতএব আমি বীরপুরুষদের বলে রাখছি এবং তপলীদেরও সাবধান করে দিছিছ যে, দেশে যখন ফিরে যাব পুলিসের যাইধারার প্রাণবর্বণেও আমার নাচগান বন্ধ হবে না।

রাশিয়ার নাট্যমঞ্চে যে কলাসাধনার বিকাশ হয়েছে সে অসামান্ত। তার মধ্যে
নৃতন স্বাধীর সাহস ক্রমাগতই দেখা দিচ্ছে, এখনো থামে নি। ওখানকার সমাজবিপ্লবে
এই নৃতন স্বাধীরই অসমসাহস কাজ করছে। এরা সমাজে রাষ্ট্রে কলাততে কোথাও
নৃতনকে ভর করে নি।

ষে প্রাতন ধর্মতন্ত্র এবং প্রাতন রাষ্ট্রতন্ত্র বহু শতানী ধরে এদের বৃদ্ধিকে অভিভূত এবং প্রাণশক্তিকে নিংশেষপ্রায় করে দিয়েছে এই সোভিয়েট-বিপ্লবীরা তাদের হুটোকেই দিয়েছে নির্দ্ করে; এত বড়ো বন্ধনজর্জর জাতিকে এত অল্পকালে এত বড়ো মৃক্তি দিয়েছে দেখে মন আনন্দিত হয়। কেননা, যে ধর্ম মৃঢ়তাকে বাহন করে মান্তবের চিত্তের স্বাধীনতা নষ্ট করে, কোনো রাজাও তার চেয়ে আমাদের বড়ো শক্র হতে পারে না—লে রাজা বাইরে থেকে প্রজাদের স্বাধীনতাকে যতই নিগড়বদ্ধ কলক-না। এ-পর্যন্ত দেখা গেছে, যে রাজা প্রজাকে দাস করে রাখতে চেয়েছে সে রাজার সর্বপ্রধান সহায় সেই ধর্ম যা মান্তবকে আন্ধ করে রাখে। সে ধর্ম বিষক্তার মতো; আলিক্ষন করে সে মৃদ্ধ করে, মৃদ্ধ করে সে মারে। শক্তিশেলের চেয়ে ভক্তিশেল গভীরতর মর্মে গিয়ে প্রবেশ করে, কেননা তার মার আরামের মার।

সোভিয়েটরা রুশসমাট্রত অপমান এবং আত্মরুত অপমানের হাত থেকে এই দেশকে বাঁচিয়েছে— অক্ত দেশের ধার্মিকেরা ওদের যত নিলাই করুক আমি নিলা করতে পারব না। ধর্মমোহের চেয়ে নান্তিকতা অনেক ভালো। রাশিরার বুকের পারে ধর্ম ও অত্যাচারী রাজার পাধর চালা ছিল; দেশের উপর থেকে সেই পাধর নড়ে যাওয়ার কী প্রকাণ্ড নিছুভি হয়েছে, এখানে এলে সেটা স্বচক্ষে দেখতে পেতে। ইতি ও অক্টোবর ১৯৩০

-

অতলাম্ভিক মহাসাগর

রাশিয়া থেকে ফিরে এসেছি, চলেছি আমেরিকার পথে। রাশিয়াযাতার আমার একটিমাত্র উদ্দেশ্য ছিল— ওথানে জনসাধারণের শিক্ষাবিস্তারের কাজ কিরকম চলছে আর ওরা তার ফল কিরকম পাচ্ছে সেইটে অল্প সময়ের মধ্যে দেখে নেওয়া।

শামার মত এই যে, ভারতবর্ষের বুকের উপর যত-কিছু ছ:४ আজ অল্রভেদী হয়ে দাঁড়িয়ে আছে তার একটিমাত্র ভিত্তি হচ্ছে অশিকা। জাতিভেদ, ধর্মবিরোধ, কর্মজড়তা, আর্থিক দৌর্বল্য— সমস্তই আঁকিছে আছে এই শিক্ষার অভাবকে। সাইমন কমিশনে ভারতবর্ষের সমস্ত অপরাধের তালিকা শেষ করে ব্রিটিশ শাসনের কেবল একটিমাত্র অপরাধ কর্ল করেছে। সে হচ্ছে যথেষ্ট পরিমাণে শিক্ষাবিধানের ক্রটি। কিন্তু আর-কিছু বলবার দরকার ছিল না। মনে কক্ষন যদি বলা হয়— গৃহস্থ সাবধান হতে শেখে নি; এক ঘর থেকে আর-এক ঘরে যেতে চৌকাঠে হঁচট লেগে সে আছাড় থেয়ে পড়ে; জিনিসপত্র কেবলই হারায়, তার পরে খুঁলে পায় না; ছায়া দেখলে তাকে জুকু বলে ভয় করে; নিজের ভাইকে দেখে চোর এসেছে বলে লাঠি উচিয়ে মারতে যায়; কেবলই বিছানা আঁকড়ে পড়ে থাকে; উঠে হেঁটে বেড়াবার সাহসই নেই; খিদে পায়, কিন্তু থাবার কোথায় আছে খুঁলে পায় না; অদৃষ্টের উপর অন্ধ নির্ভর করে থাকা ছাড়া অন্য সমস্ত পথ তার কাছে লুগু; অতএব নিজের গৃহস্থালির তদারকের ভার তায় উপর দেওয়া চলে না— তার পরে সবশেষে গলা অত্যন্ত থাটো করে যদি বলা হয় 'আমি ওর বাতি নিবিয়ে রেথেছি'— তা হলে সেটা কেমন হয়।

প্রবা একদিন ডাইনী বলে নিরপরাধাকে পুড়িয়েছে, পাপিষ্ঠ বলে বৈজ্ঞানিককে মেরেছে, ধর্মনতের স্বাভয়্রকে শুভি নিষ্ঠ্রভাবে পীড়ন করেছে, নিজেরই ধর্মের ভিল্ল সম্প্রদারের রাষ্ট্রাধিকারকে ধর্ব করে রেখেছে, এ ছাড়া কত শুভুভা কত কদাচার মধ্যযুগের ইতিহাস থেকে তার তালিকা ভূপাকার করে তোলা যায়। এ-সমস্ত দ্র হল কী করে। বাইরেকার কোনো কোর্ট্ অফ ওয়ার্ড্সের হাতে ওদের অক্ষমতার সংস্কারসাধনের ভার দেওয়া হয় নি; একটিমাত্র শক্তি ওদের এগিয়ে দিয়েছে, সে হচ্ছে ওদের শিক্ষা।

জাপান এই শিক্ষার যোগেই অল্পকালের মধ্যেই দেশের রাষ্ট্রশক্তিকে সর্বসাধারণের ইচ্ছা ও চেষ্টার সঙ্গে যুক্ত করে দিয়েছে, দেশের অর্থ-উৎপাদনের শক্তিকে বছগুণে বাড়িয়ে তুলেছে। বর্তমান তুরস্ক প্রবলবেগে এই শিক্ষা অগ্রসর করে দিয়ে ধর্মাজ্বতার প্রবল বোঝা থেকে দেশকে মৃক্ত করবার পথে চলেছে। 'ভারত শুধুই ঘুমায়ে রয়'। কেননা ঘরে আলো আসতে দেওয়া হয় নি; যে আলোতে আজকের পৃথিবী জেগে সেই শিক্ষার আলো ভারতের রুদ্ধ ঘারের বাইরে।

রাশিয়ায় য়ধন যাত্রা করলুম খ্ব বেশি আশা করি নি! কেননা, কডটা সাধ্য এবং অসাধ্য তার আদর্শ ব্রিটিশ ভারতবর্ধ থেকেই আমি পেয়েছি। ভারতের উম্নতিসাধনের ত্বন্ধতা যে কত বেশি সে কথা স্বয়ং খৃন্টান পাল্রি টমসন অতি করণস্বরে সমস্ত পৃথিবীর কাছে জানিয়েছেন। আমাকেও মানতে হয়েছে ত্বন্ধতা আছে বই-কি, নইলে আমাদের এমন দশা হবেই বা কেন। একটা কথা আমার জানা ছিল, রাশিয়ায় প্রজাসাধারণের উম্নতিবিধান ভারতবর্ধের চেয়ে বেশি ত্বন্ধ বই কম নয়। প্রথমত এখানকার সমাজে যারা ভত্রেতর শ্রেণীতে ছিল আমাদের দেশের সেই শ্রেণীর লোকের মতোই তাদের অন্তর-বাহিরের অবস্থা। সেইরকমই নিরক্ষর নির্দ্ধায়, পৃজার্চনা প্রকতপাণ্ডা দিনকাণ তাগাতাবিজে বৃদ্ধিস্থিক সমস্ত চাপা-পড়া, উপরওআলাদের পায়ের ধ্লোতেই মলিন তাদের আত্মসম্মান, আধুনিক বৈজ্ঞানিক যুগের স্থ্যোগ-স্থবিধা তারা কিছুই পায় নি, প্রপিতামহদের ভূতে-পাওয়া তাদের ভাগ্য, সেই ভূত তাদের বেঁধে রেখেছে হাজার বছরের আগেকার অচল খোঁটায়— মাঝে মাঝে য়িছ্লী প্রতিবেশীদের পরে খুন চেপে যায়, তথন পাশবিক নিষ্ট্রতার আর অন্ত থাকে না। উপরওআলাদের কাছ থেকে চাব্ক থেতে যেমন মজব্ত, নিজেদের সমশ্রেণীর প্রতি অন্তায় অত্যাচার করতে তারা তেমনি প্রস্তত।

এই তো হল ওদের দশা— বর্তমানে যাদের হাতে ওদের ভাগ্য ইংরেজের মতো তারা ঐশ্বর্থশালী নম্ন, কেবলমাত্র ১৯১৭ খৃন্টাব্দের পর থেকে নিজের দেশে তাদের অধিকার আরম্ভ হয়েছে; রাষ্ট্রব্যবস্থা আটে-ঘাটে পাকা হবার মতো সমন্ন এবং সমল তারা পান্ন নি; ঘরে-বাইরে প্রতিকূলতা; তাদের মধ্যে আত্মবিদ্রোহ সমর্থন করবার জন্তে ইংরেজ এমন-কি আমেরিকানরাও গোপনে ও প্রকাশ্যে চেষ্টা করছে। জন-সাধারণকে সক্ষম ও শিক্ষিত করে তোলবার জন্তে তারা যে পণ করেছে তার 'ডিফিকাল্টি' ভারতকর্তৃপক্ষের ডিফিকাল্টির চেন্নে বছগুণে বড়ো।

অতএব রাশিয়ায় গিয়ে বেশি কিছু দেখতে পাব এরকম আশা করা অন্যায় হত। কীই বা জানি, কীই বা দেখেছি যাতে আমাদের আশার জোর বেশি হতে পারে। আমাদের তৃঃধী দেশে লালিত অতিত্র্বল আশা নিয়ে রাশিয়ায় গিয়েছিল্ম। গিয়ে যা দেখল্ম তাতে বিশায়ে অভিভূত হয়েছি। 'ল আ্যাও্ অর্ডার' কী পরিমাণে রক্ষিত হচ্ছে বা না হচ্ছে তার তদম্ভ করবার যথেষ্ট সময় পাই নি— শোনা যায়, যথেষ্ট জ্বরদন্তি আছে; বিনা বিচারে ক্রত পদ্ধতিতে শান্তি, সেও চলে; আর-সব বিষয়ে স্বাধীনতা আছে, কিন্তু কর্তৃপক্ষের বিধানের বিরুদ্ধে নেই। এটা তো হল চাঁদের কলত্বের দিক, কিন্তু আমার দেখবার প্রধান লক্ষ্য ছিল আলোকের দিক। সে দিকটাতে যে দীপ্তি দেখা গেল সে অতি আশ্চর্য— যারা একেবারেই অচল ছিল তারা সচল হয়ে উঠেছে।

শোনা যায় যুরোপের কোনো কোনো তীর্থস্থানে দৈবরুপায় এক মৃহুর্তে চিরপঙ্গৃ তার লাঠি ফেলে এসেছে। এখানে তাই হল; দেখতে দেখতে খুঁড়িয়ে চলবার লাঠি দিয়ে এরা ছুটে চলবার রথ বানিয়ে নিচ্ছে, পদাতিকের অধন যারা ছিল তারা বছর দশেকের মধ্যে হয়ে উঠেছে রথী। মানবসমাজে তারা মাথা তুলে দাঁড়িয়েছে, তাদের বৃদ্ধি স্ববশ, তাদের হাত-হাতিয়ার স্ববশ।

আমাদের সমাট্বংশীর থৃদ্টান পাদ্রিরা বছকাল ভারতবর্ষে কাটিরেছেন, ভিফিকাল্টিজ যে কিরকম অনড় তা তাঁরা দেখে এসেছেন। একবার তাঁদের মস্কৌ আসা উচিত। কিন্তু এলে বিশেষ ফল হবে না। কারণ বিশেষ করে কলন্ধ দেখাই তাঁদের ব্যাবসা-গত অভ্যাস; আলো চোখে পড়ে না, বিশেষত যাদের উপর বিরাগ আছে। ভূলে যান তাঁদের শাসনচক্রেও কলন্ধ থুঁজে বের করতে বড়ো চশমার দরকার করে না।

প্রায় সম্ভর বছর আমার বয়স হল; এতকাল আমার ধৈর্যচ্যতি হয় নি। নিজেদের দেশের অতি তুর্বহ মৃঢ়তার বোঝার দিকে তাকিয়ে নিজের ভাগ্যকেই বেশি করে দোষ দিয়েছি। অতি সামান্ত শক্তি নিয়ে অতি সামান্ত প্রতিকারের চেষ্টাও করেছি, কিন্তু জীন আশার রথ যত মাইল চলেছে ভার চেয়ে বেশি সংখ্যায় দড়ি ছিঁড়েছে, চাকা ভেঙেছে। দেশের হতভাগাদের হৃংথের দিকে তাকিয়ে সমস্ত অভিমান বিসর্জন দিয়েছি। কর্তৃপক্ষের কাছে সাহায্য চেয়েছি; তাঁরা বাহ্বাও দিয়েছেন; যেটুকু ভিক্ষে দিয়েছেন তাতে জাত যায় পেট ভরে না। সব চেয়ে হৃংথ এবং লজ্জার কথা এই য়ে, তাঁদের প্রসাদলালিত আমাদের স্বদেশী জীবরাই সব চেয়ে বাধা দিয়েছে। যে দেশ পরের কর্তৃষে চালিত সেই দেশে সব চেয়ে গুরুতর ব্যাধি হল এই— সে-সব জায়গায় দেশের লোকের মনে যে ঈর্ষা যে ক্ষেতা যে স্বদেশবিক্ষম্বতার কল্য জনায় তার মতো বিষ নেই।

বাইরের সকল কাজের উপরেও একটা জিনিস আছে যেটা আত্মার সাধনা।
রাষ্ট্রিক আর্থিক নানা গোলেমালে যথন মনটা আবিল হয়ে ওঠে তখন তাকে ম্পষ্ট দেখতে পাই নে বলেই তার জাের কমে যায়। আমার মধ্যে যে বিপদ আছে, সেই-জান্তেই আসল জিনিসকে আঁকড়ে ধরতে চাই। কেউ বা আমাকে উপহাস করে, কেউ বা আমার উপর রাগ করে, তালেয় নিজের পথেই আমাকে টেনে নিতে চায়। কিস্ক কোথা থেকে জানি নে আমি এসেছি এই পৃথিবীর তীর্থে, আমার পথ আমার তীর্থদেবতার বেদীর কাছে। মাসুষের দেবতাকে স্বীকার করে এবং প্রণাম করে বাব
আমার জীবনদেবতা আমাকে সেই মন্ত্র দিয়েছেন। যখন আমি সেই দেবতার নির্মাল্য
ললাটে প'রে বাই তথন সব জাতের লোকই আমাকে ডেকে আসন দের, আমার কথা
মন দিয়ে শোনে। যখন ভারতবর্ষীয়ের মুখোস পরে দাঁড়াই তখন বাধা বিন্তর। যখন
আমাকে এরা মাসুষরূপে দেখে তখনই এরা আমাকে ভারতবর্ষীয়রূপেই শ্রন্ধা করে;
যখন নিছক ভারতবর্ষীয়রূপে দেখা দিতে চাই তখন এরা আমাকে মাসুষরূপে সমাদর
করতে পারে না। আমার স্বর্ধে পালন করতে গিয়ে আমার চলবার পথ ভূল-বোঝার
হারা বন্ধুর হয়ে ওঠে। আমার পৃথিবীর মেয়াদ সংকীর্ণ হয়ে এসেছে; অতএব আমাকে
সত্য হবার চেষ্টা করতে হবে, প্রিয় হবার নয়।

আমার এথানকার থবর সত্য মিখ্যা নানাভাবে দেশে গিয়ে পৌছয়। সে সমন্তে সব সময় উদাসীন থাকতে পারি নে বলে নিজের উপর ধিক্কার জন্ম। বার বার মনে হয়, বানপ্রস্থের বয়সে সমাজতের মতো ব্যবহার করতে গেলে বিপদে পড়তে হয়।

যাই হোক এ দেশের 'এনর্মান্ ডিফিকাল্টিজ'এর কথা বইয়ে পড়েছিলুম, কানে শুনেছিলুম, কিন্তু সেই ডিফিকাল্টিজ অতিক্রমণের চেহারা চোখে দেখলুম। ইতি ৪ অক্টোবর ১৯৩০

5

ব্ৰেমেন জাহাজ

আমাদের দেশে পলিটিক্স্কে যার। নিছক পালোয়ানি বলে জানে সব-রক্ষম ললিতকলাকে তারা পৌক্ষবের বিরোধী বলে ধরে রেখেছেন। এ সম্বন্ধে আমি আগেই লিখেছি। রাশিয়ার জার ছিল একদিন দশাননের মতো সম্রাট; তার সাম্রাজ্য পৃথিবীর অনেকধানিকেই অজগর সাপের মতো গিলে ফেলেছিল, লেজের পাকে যাকে সে জড়িয়েছে তার হাড়গোড় দিয়েছে পিষে।

প্রায় বছর-তেরো হল এরই প্রতাপের সব্দে বিপ্রবীদের ক্টোপ্টি বেধে গিয়েছিল।
সমাট যথন গুটিছেন্ধ গেল সরে তথনো তার সাজোপাকরা দাপিয়ে বেড়াতে লাগল,
ভাদের অন্ধ এবং উৎসাহ জোগালে অপর সামাজ্যভোগীরা। ব্যুতেই পারছ ব্যাপারথানা সহজ ছিল না। একদা যারা ছিল সমাটের উপগ্রহ, ধনীর দল, চাষীদের 'পরে
যাদের ছিল অসীম প্রভূষ, তাদের সর্বনাশ বেধে গৈল। লুটপাট কাড়াকাড়ি চলল;

তাদের বছমূল্য ভোগের সামগ্রী ছারধার করবার জন্মে প্রজারা হল্মে হয়ে উঠেছে।
এতবড়ো উচ্ছুম্বল উৎপাতের সময় বিপ্লবী নেতাদের কাছ থেকে কড়া হকুম এসেছে—
আট্-সামগ্রীকে কোনোমতে যেন নষ্ট হতে দেওরা না হয়। ধনীদের পরিত্যক্ত প্রাসাদ
থেকে ছাত্ররা অধ্যাপকেরা অর্ধ-অভুক্ত শীতক্রিষ্ট অবস্থায় দল বেঁধে যা-কিছু রক্ষাযোগ্য
জিনিস সমস্ত উদ্ধার করে য়্নিভার্সিটির ম্যুজিয়মে সংগ্রহ করতে লাগল।

মনে আছে আমরা যখন চীনে গিয়েছিলুম কী দেখেছিলুম। য়ুরোপের সামাজ্য-ভোগীরা পিকিনের বসন্তপ্রাসাদকে ক্রিরকম ধৃলিসাং করে দিয়েছে, বছ যুগের অমৃল্য শিল্পসামগ্রী কিরকম লুটে পুটে ছিড়ে ভেঙে দিয়েছে উড়িয়ে-পুড়িয়ে। তেমন সব জিনিস জগতে আর কোনোদিন তৈরি হতেই পারবে না।

সোভিয়েটরা ব্যক্তিগতভাবে ধনীকে বঞ্চিত করেছে, কিন্তু যে এশ্বর্যে সমস্ত মাত্র্যের চিরদিনের অধিকার, বর্বরের মতো তাকে নষ্ট হতে দেয় নি। এতদিন যারা পরের ভোগের জন্মে জমি চাষ করে এসেছে এরা তাদের যে কেবল জমির স্বত্ব দিয়েছে তা নয়; জ্ঞানের জন্মে, আনন্দের জন্মে, মানবজীবনের ষা-কিছু মূল্যবান সমস্ত তাদের দিতে চেয়েছে; শুধু পেটের ভাত পশুর পক্ষে যথেষ্ট, মাত্র্যের পক্ষে নয়— এ কথা তারা ব্রেছিল এবং প্রকৃত মহ্যাত্বের পক্ষে পালোয়ানির চেয়ে আর্টের অহনীলন অনেক বড়ো এ কথা তারা স্বীকার করেছে।

এদের বিপ্লবের সময় উপরতলার অনেক জিনিস নীচে তলিয়ে গেছে এ কথা সত্য, কিন্তু টি কৈ রয়েছে এবং ভরে উঠেছে মৃজিয়ম থিয়েটর লাইত্রেরি সংগীতশালা।

আমাদের দেশের মতোই একদা এদের গুণীর গুণপনা প্রধানত ধর্মমন্দিরেই প্রকাশ পেত। মোহন্তেরা নিজের স্থুল কচি নিয়ে তার উপরে যেমন-খুশি হাত চালিয়েছে। আধুনিক শিক্ষিত ভক্ত বাবুরা পুরীর মন্দিরকে যেমন চুনকাম করতে সংকৃচিত হয় নি, তেমনি এখানকার মন্দিরের কর্তারা আপন সংস্কার -অমুসারে সংস্কৃত করে প্রাচীন কীর্তিকে অবাধে আছয় করে দিয়েছে— তার ঐতিহাসিক মৃল্য যে সর্বজনের সর্বকালের পক্ষে এ কথা তারা মনে করে নি, এমন-কি পুরোনো পুজোর পাত্র-গুলিকে নৃতন করে ঢালাই করেছে। আমাদের দেশেও মঠে মন্দিরে অনেক জিনিস আছে, ইতিহাসের পক্ষে যা মূল্যবান। কিন্তু কারো তা ব্যবহার করবার জ্যো নেই—মোহস্তেরাও অভলম্পর্ল মোহে মগ্ধ— সেগুলিকে ব্যবহার করবার মতো বৃদ্ধি ও বিভার ধার ধারে না; ক্ষিতিবাবুর কাছে শোনা যায়, প্রাচীন অনেক পুঁথি মঠে মঠে আটক পড়ে আছে, দৈত্যপুরীতে রাজকভার মতো, উদ্ধার করবার উপায় নেই।

বিপ্লবীরা ধর্মমন্দিরের সম্পত্তির বেড়া ভেঙে দিয়ে সমস্তকেই সাধারণের সম্পত্তি করে ২০॥২১

দিয়েছে। যেগুলি পূজার সামগ্রী সেগুলি রেখে বাকি সমস্ত জ্বমা করা হচ্ছে মাজিরমে।
এক দিকে যখন আত্মবিপ্লব চলছে, যখন চার দিকে টাইফরিডের প্রবল প্রকোপ, রেলের
পথ সব উংখাত, সেই সময়ে বৈজ্ঞানিক সন্ধানীর দল গিয়েছে প্রত্যন্তপ্রদেশ সমস্ত
হাৎড়িরে পুরাকালীন শিল্পসামগ্রী উদ্ধার করবার জন্মে। কত পুঁথি কত ছবি কত
খোদকারির কাজ সংগ্রহ হল তার সীমা নেই।

এ তো গেল ধনীগৃছে বা ধর্মমন্দিরে যা-কিছু পাওয়া গেছে তারই কথা। দেশের সাধারণ চাষীদের, কর্মিকদের কত শিল্পামগ্রী, পূর্বতন কালে যা অবজ্ঞাভাজন ছিল তার মূল্য নিরূপণ করবার দিকেও দৃষ্টি পড়েছে। শুধু ছবি নয়, লোকসাহিত্য লোকসংগীত প্রস্তৃতি নিয়েও প্রবলবেগে কাজ চলছে।

এই তো পেল সংগ্রহ, তার পরে এই-সমস্ত সংগ্রহ নিয়ে লোকশিক্ষার ব্যবস্থা।
ইতিপূর্বেই তার বিবরণ লিখেছি। এত কথা যে তোমাকে লিখছি তার কারণ এই,
দেশের লোককে আমি জানাতে চাই, আজ কেবলমাত্র দশ বছরের আগেকার রাশিয়ার
জনসাধারণ আমাদের বর্তমান জনসাধারণের সমতুল্যই ছিল; সোভিয়েট শাসনে এইজাতীয় লোককেই শিক্ষার ছারা মাহ্ম্য করে তোলবার আদর্শ কতথানি উচ্চ। এর
মধ্যে বিজ্ঞান সাহিত্য সংগীত চিত্রকলা সমস্তই আছে— অর্থাৎ আমাদের দেশের
ভদ্রনামধারীদের জন্যে শিক্ষার যে আয়োজন তার চেয়ে অনেক গুণেই সম্পূর্ণতর।

কাগজে পড়লুম, সম্প্রতি দেশে প্রাথমিক শিক্ষা প্রবর্তন উপলক্ষে হুকুম পাস হয়েছে প্রজাদের কান ম'লে শিক্ষাকর আদায় করা, এবং আদায়ের ভার পড়েছে জমিদারের পরে। অর্থাৎ যারা অমনিতেই আধমরা হয়ে রয়েছে শিক্ষার ছুতো করে তাদেরই মার বাড়িয়ে দেওয়া।

শিক্ষাকর চাই বইকি, নইলে থরচ জোগাবে কিসে। কিন্তু দেশের মন্ধলের জন্মে যে কর, কেন দেশের স্বাই মিলে সে কর দেবে না। সিভিল সার্ভিস আছে, মিলিটারি সার্ভিস আছে, গভর্নর ভাইসরর ও তাঁদের সদস্থবর্গ আছেন, কেন তাঁদের পরিপূর্ণ পকেটে হাত দেবার জো নেই। তাঁরা কি এই চাষীদের অন্নের ভাগ থেকেই বেতন নিম্নে ও পেনসন নিম্নে অধশেষে দেশে গিয়ে ভোগ করেন না। পাটকলের যে-সব বড়ো বড়ো বিলাতি মহাজন পাটের চাষীর রক্ত দিয়ে মোটা মৃনফার স্বষ্টি করে দেশে রক্তনা করে, সেই মৃতপ্রায় চাষীদের শিক্ষা দেবার জন্মে তাদের কোনোই দায়িও নেই? বে-স্ব মিনিস্টার শিক্ষা-আইন পাস নিয়ে ভরা পেটে উৎসাহ প্রকাশ করেন তাঁদের উৎসাহের কানাকড়ি মৃন্যুও কি তাঁদের নিজের তহবিল থেকে দিতে হবে না।

একেই বলে শিক্ষার জন্যে দরদ ? আমি তো একজন জমিদার, আমার প্রজাদের

প্রাথমিক শিক্ষার জন্তে কিছু দিয়েও থাকি— আরো বিগুণ তিনগুণ বদি দিতে হয় তো তাও দিতে রাজি আছি, কিছু এই কথাটা প্রতিদিন তাদের ব্ঝিয়ে দেওয়া দরকার হবে যে, আমি তাদের আপন শোক, তাদের শিক্ষায় আমারই মঙ্গল এবং আমিই তাদের দিচ্ছি, দিচ্ছে না এই রাজ্যশাসকদের সর্বোচ্চ থেকে সর্বনিম্ন শ্রেণীর একজনও এক পয়সাও।

সোভিয়েট রাশিয়ায় জনসাধারণের উন্নতিবিধানের চাপ খুবই বেশি, সেজতো আছারে বিহারে লোকে কন্ত পাচ্ছে কম নয়, কিন্তু এই কন্তের ভাগ উপর থেকে নীচে পর্যন্ত সকলেই নিয়েছে। তেমন কন্তকে তো কন্ত বলব না, সে যে তপস্তা। প্রাথমিক শিক্ষার নামে কণামাত্র শিক্ষা চালিয়ে ভারত-গবর্মেন্ট এতদিন পরে ত্-শো বছরের কলম মোচন করতে চান— অথচ তার দাম দেবে তারাই যারা দাম দিতে সকলের চেম্নে অক্ষম; গবর্মেন্টের প্রশ্রেমালিত বহুবাশী বাহন যারা ভারা নয়, তারা আছে গৌরব ভোগ করবার জন্তে।

আমি নিজের চোখে না দেখলে কোনোমতেই বিশ্বাস করতে পারতুম না যে,
অশিকা ও অবমাননার নিয়তম তল থেকে আজ কেবলমাত্র দশ বংসরের মধ্যে লক্ষ
লক্ষ মাহ্মকে এরা শুধু ক থ গ ঘ শেথায় নি, মহ্মুত্বে সম্মানিত করেছে। শুধু নিজের
জাতকে নয়, অন্ম জাতের জন্মেও এদের সমান চেষ্টা। অথচ সাম্প্রদায়িক ধর্মের
মাহ্মবেরা এদের অধার্মিক বলে নিন্দা করে। ধর্ম কি কেবল পূঁথির মস্ত্রে, দেবতা কি
কেবল মন্দিরের প্রাক্ষণে। মাহ্মকে যারা কেবলই ফাঁকি দেয় দেবতা কি তাদের
কোনোখানে আছে।

অনেক কথা বলবার আছে। এরকম তথ্য সংগ্রহ করে লেখা আমার অভ্যস্ত নম্ন, কিন্তু না-লেখা আমার অন্তায় হবে বলে লিখতে বসেছি। রাশিয়ার শিকাবিধি সম্বন্ধে ক্রমে ক্রমে লিখব বলে আমার সংকল্প আছে। কতবার মনে হয়েছে আর-কোথাও নয়, রাশিয়ায় এসে একবার তোমাদের সব দেখে যাওয়া উচিত। ভারতবর্ষ থেকে অনেক চর সেখানে যায়, বিপ্লবপদীরাও আনাগোনা করে; কিন্তু আমার মনে হয় কিছুর জন্যে নয়, কেবল শিকাসম্বন্ধে শিকা করতে যাওয়া আমাদের পক্ষে একান্ত দরকার।

যাক, আমার নিজের ধবর দিতে উৎসাহ পাই নে। আমি যে আর্টিন্ট্ এই অভিমান মনে প্রবল হবার আশকা আছে। কিন্তু এ পর্যন্ত বাইরে খ্যান্তি পেয়েছি, অন্তরে পৌছর না। কেবলই মনে হয়, দৈবগুণে পেয়েছি, নিজগুণে নয়।

ভাসছি এখন गांव-সম্তে। পারে গিমে কপালে কী আছে জানি নে। শরীর

ক্লান্ত, মন অনিচ্ছুক। শৃশু ভিক্ষাপাত্রের মতো ভারী জ্লিনিস জগতে আর কিছুই নেই, সেটা জগন্নাথকে শেষ নিবেদন করে দিয়ে কবে আমি ছুটি পাব। ইতি ৫ অক্টোবর ১৯৩০

50

D. 'Bremen'

বিজ্ঞানশিক্ষার পুঁথির পড়ার সকে চোথের দেখার যোগ থাকা চাই, নইলে সে
শিক্ষার বারো-আনা ফাঁকি হয়। শুধু বিজ্ঞান কেন, অবিকাংশ শিক্ষাতেই এ কথা
খাটে। রাশিরাতে বিবিধ বিষয়ের মৃজিয়মের যোগে সেই শিক্ষার সহায়তা করা
হয়েছে। এই মৃজিয়ম শুধু বড়ো বড়ো শহরে নয়, প্রদেশে প্রদেশে, সামান্ত পলীগ্রামের
লোকেরও আয়ন্তগোচরে।

চোথে দেখে শেখার আর-একটা প্রণালী হচ্ছে ভ্রমণ। তোমরা তো জান'ই আমি অনেক দিন থেকেই ভ্রমণ-বিভালয়ের সংকল্প মনে বহন করে এসেছি। ভারতবর্ষ এতবড়ো দেশ, সকল বিষয়েই তার এত বৈচিত্র্য বেশি যে, তাকে সম্পূর্ণ করে উপলব্ধি করা হন্টারের গেজেটিয়র পড়ে হতে পারে না। এক সময়ে পদত্রজে তীর্থভ্রমণ আমাদের দেশে প্রচলিত ছিল— আমাদের তীর্থগুলিও ভারতবর্ষের সকল অংশে ছড়ানো। ভারতবর্ষকে যথাসম্ভব সমগ্রভাবে প্রত্যক্ষ অমুভব করবার এই ছিল উপার। শুধুমাত্র শিক্ষাকে লক্ষ্য করে পাঁচ বছর ধরে ছাত্রদের যদি সমস্ত ভারতবর্ষ ঘূরিয়ে নেওয়া যায় তা হলে তাদের শিক্ষা পাকা হয়।

মন যখন সচল থাকে সে তথন শিক্ষার বিষয়কে সহজে গ্রহণ ও পরিপাক করতে পারে। বাঁধা থোরাকের সঙ্গে সঙ্গেই ধেছদের চ'রে থেতে দেওয়ারও দরকার হয়—তেমনি বাঁধা শিক্ষার সঙ্গে সঙ্গেই চ'রে: শিক্ষা মনের পক্ষে অত্যাবশুক। অচল বিভালয়ে বন্দী হয়ে অচল ক্লাসের পুঁথির থোরাকিতে মনের স্বাস্থ্য থাকে না। পুঁথির প্রােজন একেবারে অস্বীকার করা ধার না—জ্ঞানের বিষয় মান্ত্রের এত বেশি যে, ক্ষেত্রে গিয়ে তাদের আহরণ করবার উপায় নেই, ভাগুরি থেকেই তাদের বেশির ভাগ সংগ্রহ করতে হয়। কিন্তু পুঁথির বিভালয়েক সঙ্গে করে নিয়ে যদি প্রকৃতির বিভালয়ের মধ্যে দিয়ে ছাত্রনের বেড়িয়ে নিয়ে আসা যায় তা হলে কোনো অভাব থাকে না। এ সম্বন্ধ অনেক কথা আমার মনে ছিল, আশা ছিল বদি সম্বল জ্বাটে তবে কোনো-এক সমরে শিক্ষাপরিব্রজন চালাতে পারব। কিন্ধু আমার সময়ও নেই, সম্বন্ধও জুটবে না।

সোভিয়েট রাশিয়ায় দেখছি সর্বসাধারণের জন্ম দেশভ্রমণের ব্যবস্থা ফলাও করে তুলছে। বৃহৎ এদের দেশ, বিচিত্রজাতীয় মাহ্মষ তার অধিবাসী। জার-শাসনের সময়ে এদের পরস্পর দেখাসাক্ষাৎ জানাশোনা মেলামেশার হ্রমোগ ছিল না বললেই হয়। বলা বাহলা, তখন দেশভ্রমণ ছিল শথের জিনিস, ধনী লোকের পক্ষেই ছিল সম্ভব। সোভিয়েট আমলে সর্বসাধারণের জন্ম তার উল্ফোগ। শ্রমক্লান্ত এবং রুগ্ কমিকদের শ্রান্তি এবং রোগ দূর করবার জন্মে প্রথম থেকেই সোভিয়েটয়া দূরে নিকটে নানা স্থানে সাহ্মনিবাস স্থাপনের চেষ্টা করেছে। আগেকার কালের বড়ো বড়ো প্রাসাদ তারা এই কাজে লাগিয়েছে। সে-সব জায়গায় গিয়ে বিশ্রাম এবং আরোগ্যলাভ যেমন একটা লক্ষ্য তেমনি শিক্ষালাভ আর-একটা।

লোকহিতের প্রতি যাদের অন্তরাগ আছে এই ভ্রমণ-উপলক্ষে তারা নানা স্থানে নানা লোকের আন্তর্কুল্য করবার অবকাশ পায়। জনসাধারণকে দেশভ্রমণে উৎসাহ দেওয়া এবং তার স্থবিধা করে দেওয়ার জন্যে পথের মাঝে মাঝে বিশেষ বিশেষ শিক্ষা-বিতরণের উপযোগী প্রতিষ্ঠান খোলা হয়েছে, সেখানে পথিকদের আহারনিদ্রার ব্যবস্থা আছে, তা ছাড়া সকল-রকম দরকারি বিষয়ে তারা পরামর্শ পেতে পারে। ককেশীয় প্রদেশ ভৃতত্ব-আলোচনার উপযুক্ত স্থান। সেখানে এইরকম পান্থ-শিক্ষালয় থেকে ভৃতত্ব সম্বদ্ধে বিশেষ উপদেশ পাবার আয়োজন আছে। যে-সব প্রদেশ বিশেষভাবে নৃতত্ব-আলোচনার উপযোগী সে-সব জায়গায় পথিকদের জন্যে নৃতত্ববিৎ উপদেশক তৈরি করে নেওয়া হয়েছে।

গ্রীম্মের সময় হাজার হাজার ভ্রমণেচ্ছু আপিসে নাম রেজেন্ট্রি করে। মে মাস থেকে আরম্ভ করে দলে দলে নানা পথ বেয়ে প্রতিদিন যাত্রা চলে— এক-একটি দলে পঁচিশত্রিশটি করে যাত্রী। ১৯২৮ খৃস্টাব্দে এই যাত্রীসংঘের সভ্যসংখ্যা ছিল তিন ছাজারের
কাছাকাছি— ২৯-এ হয়েছে বারো ছাজারের উপর।

এ সম্বন্ধে মুরোপের অন্তন্ত্র বা আমেরিকার সন্ধে তুলনা করা সংগত হবে না;
সর্বনাই মনে রাখা দরকার হবে যে, রাশিয়ায় দশ বছর আগে শ্রমিকদের অবস্থা
আমাদের মতোই ছিল— তারা শিক্ষা করবে, বিশ্রাম করবে বা আরোগ্য লাভ করবে,
সেজত্যে কারো কোনো থেয়াল ছিল না— আজ এরা যে-সমন্ত স্থবিধা সহজেই পাছে
তা আমাদের দেশের মধ্যবিত্ত ভল্লভোকের আশাতীত এবং ধনীদের পক্ষেও সহজ্ঞ নয়।
তা ছাড়া শিক্ষালাভের ধারা সমস্ত দেশ বেয়ে একসন্ধে কত প্রণালীতে প্রবাহিত তা
আমাদের সিবিল-সার্বিসে-পাওয়া দেশের লোকের পক্ষে ধারণা কয়াই কঠিন।

যেমন শিক্ষার ব্যবস্থা তেমনি স্বাস্থ্যের ব্যবস্থা। স্বাস্থ্যতত্ত্ব সম্বন্ধে সোভিয়েট

রাশিরার বেরকম বৈজ্ঞানিক অফ্শীসন চলছে তা দেখে যুরোপ আমেরিকার পণ্ডিতেরা প্রচুর প্রশংসা করেছেন। শুধু মোটা বেতনের বিশেষজ্ঞাদের দিরে পুঁথি স্বষ্ট করা নয়, সর্বজ্ঞানের মধ্যে স্বাস্থ্যবিজ্ঞানের প্রয়োগ যাতে পরিব্যাপ্ত হয়, এমন-কি এ দেশের চৌরলী থেকে বারা বহু দ্রে থাকে তারাও যাতে অস্বাস্থ্যকর অবস্থার মধ্যে অয়ত্বে বা বিনা তিকিৎসায় মারা না বায় সে দিকে সম্পূর্ণ দৃষ্টি আছে।

বাংলাদেশে ঘরে ঘরে যক্ষারোগ ছড়িয়ে পড়ছে— রাশিয়া দেখে অবধি এ প্রশ্ন মন থেকে তাড়াতে পারছি নে যে, বাংলাদেশের এই-সব অম্পবিত্ত মৃম্য্ দের জন্যে কটা আরোগ্যাশ্রম আছে। এ প্রশ্ন আমার মনে সম্প্রতি আরো জেগেছে এইজন্যে যে, খ্যুটান ধর্মথাজক ভারতশাসনে অসাধারণ ডিফিকল্টিজ নিম্নে আমেরিকার লোকের কাছে বিলাপ করছেন।

ডিফিকল্টিজ আছে বইকি। এক দিকে সেই ডিফিকল্টিজের মূলে আছে ভারতীয়দের অশিক্ষা, অপর দিকে ভারতশাসনের ভূরিব্যন্থিতা। সেজন্যে দোষ দেব কাকে। রাশিরায় অন্নবস্থের সচ্ছলতা আজও হয় নি, রাশিরাও বছবিস্তৃত দেশ, সেখানেও বছ বিচিত্র জাতির বাস, সেখানেও অজ্ঞান এবং স্বাস্থ্যতত্ব সম্বন্ধে অনাচার ছিল পর্বতপ্রমাণ; কিন্তু শিক্ষাও বাধা পাচ্ছে না, স্বাস্থ্যও না। সেইজন্মেই প্রশ্ন না করে থাকা যায় না, ডিফিকল্টিজ্টা ঠিক কোন্ধানে।

ষারা থেটে থায় তারা সোভিয়েট স্বাস্থানিবাসে বিনাব্যয়ে থাকতে পারে, তা ছাড়া এই স্বাস্থানিবাসের সঙ্গে লকে থাকে আরোগ্যালয় (sanatorium)। সেধানে ভার্ চিকিৎসা নয়, পথ্য ও ভাগ্রার উপযুক্ত ব্যবস্থা আছে। এই-সমস্ত ব্যবস্থাই সর্বসাধারণের জন্যে। সেই সর্বসাধারণের মধ্যে এমন-সব জাত আছে যারা য়ুরোপীয় নয় এবং মুরোপীয় আদর্শ -অহসারে যাদের অসভ্য বলা হয়ে থাকে।

এইরকম পিছিয়ে-পড়া জাত, যারা য়ুরোপীর রাশিরার প্রাক্ষণের ধারে বা বাইরে বাল করে তাদের শিক্ষার জন্ম ১৯২৮ খৃন্টাব্দের বজেটে কত টাকা ধরে দেওয়া হয়েছে তা দেখলে শিক্ষার জন্ম কী উদার প্রয়াশ তা ব্ঝতে পারবে। য়ুক্রেনিয়ান রিপরিকের জন্ম ৪০ কোটি ৩০ লক্ষ, অতি-ক্কেশীর রিপরিকের জন্ম ১০ কোটি ৪০ লক্ষ, উদ্বেকিস্তানের জন্ম ২ কোটি ৯ লক্ষ কব্ল।

অনেক দেশে আরবী অকরের চলন থাকাতে শিক্ষাবিস্তারের বাধা হচ্ছিল, সেখানে রোমক বর্ণমালা চালিয়ে দেওয়াতে শিক্ষার কাজ সহজ্ঞ হয়েছে।

যে বুলেটিন থেকে তথ্য সংগ্রছ করছি তারই হুটি অংশ তুলে দিই:

Another of the most important tasks in the sphere of culture is

undoubtedly the stabilization of local administrative institutions and the transfer of all local government and administrative work in the federative and autonomous republics to a language which is familiar to the toiling masses. This is by no means simple, and great efforts are still needed in this regard, owing to the low cultural level of the mass of the workers and peasants, and lack of sufficient skilled labour.

একট্থানি ব্যাখ্যা করা আবশ্রুক। সোভিয়েট স্মিলনীর অন্তর্গত কতকগুলি রিপরিক ও শ্বতম্বশাসিত (autonomous) দেশ আছে। তারা প্রায়ই যুরোপীয় নয়, এবং তাদের আচারব্যবহার আধুনিক কালের সঙ্গে মেলে না। উদ্ধৃত অংশ থেকে বোঝা যাবে যে, সোভিয়েটদের মতে দেশের শাসনতত্ত্ব দেশের লোকের শিক্ষারই একটা প্রধান উপায় ও অল। আমাদের দেশের রাষ্ট্রচালনার ভাষা যদি দেশের লোকের আপন ভাষা হত, তা হলে শাসনতত্ত্বের শিক্ষা তাদের পক্ষে হ্রুগম হত। ভাষা ইংরেজি হওয়াতে শাসননীতি সম্বন্ধে স্পপ্ত ধারণা সাধারণের আয়ভাতীত হয়েই রইল। মধ্যুছের যোগে কাজ চলছে, কিন্ধ প্রত্যক্ষ যোগ রইল না। আয়রক্ষার জল্পে অল্লচালনার শিক্ষা ও অভ্যাস থেকে যেমন জনসাধারণ বঞ্চিত, দেশশাসননীতির জ্ঞান থেকেও তারা তেমনি বঞ্চিত। রাষ্ট্রশাসনের ভাষাও পরভাষা হওয়াতে পরাধীনতার নাগপাশের পাক আরো বেড়ে গেছে। রাজমন্ত্রসভার ইংরেজি ভাষায় যে আলোচনা হয়ে থাকে তার সফলতা কতদ্র আমি আনাড়ি তা বৃঝি নে, কিন্তু তার থেকে প্রজাদের যে শিক্ষা হতে পারত তা একট্ও হল না।

আর-একটা অংশ:

Whenever questions of cultural-economic construction in the national republics and districts come before the organs of the Soviet government, they are settled not on the lines of guardianship, but on the lines of the maximum development of independence among the board masses of workers and peasants and of initiative of the local Soviet organs.

ষাদের কথা বলা হল তারা হচ্ছে পিছিয়ে-পড়া জাত। তাদের আগাগোড়া সমস্তই ডিফিকল্টিজ, কিন্তু এই ডিফিকল্টিজ সরিয়ে দেবার জন্তে সোভিয়েটরা হ্-শো বছর চ্পচাপ বসে থাকবার বন্দোবস্ত করে নি। ইতিমধ্যে দশ বছর কাজ করেছে। দেখে-ভনে ভাবছি, আমরা কি উজবেকদের চেয়ে, তুর্কমানীদের চেয়েও, পিছিয়ে-পড়া জাত। আমাদের ডিফিকল্টিজের মাপ কি এদের চেয়েও বিশগুণ বেশি।

একটা कथा मनে পড়न। এদের এখানে খেলনার ম্যক্তিয়ম আছে। এই খেলনা-

সংগ্রহের সংকল্প বছকাল থেকে আমার মনের মধ্যে ঘূরেছে। তোমাদের নন্দনালয়ে কলাভাগ্রারে এই কাজ অবশেষে আরম্ভণ্ড হল। রাশিয়া থেকে কিছু থেলনা পেরেছি। অনেকটা আমাদেরই মতো।

পিছিয়-পড়া জাতের সম্বন্ধে আরো কিছু জানাবার আছে। কাল লিখব। পরশু সকালে পৌছব নিয়্ইয়র্কে— তার পরে লেখবার যথেষ্ট অবসর পাব কি না কে জানে। ইতি ৭ অক্টোবর ১০৩০

22

পিছিম্নে-পড়া জাতের শিক্ষার জন্মে সোভিয়েট রাশিয়ায় কিরকম উত্যোগ চলছে লে কথা তোমাকে লিখেছি। আজ হুই-একটা দৃষ্টাস্ক দেওয়া যাক।

উরাল পর্বতের দক্ষিণে বাষ্কির্দের বাস। জারের আমলে সেথানকার সাধারণ প্রজার অবস্থা আমাদের দেশের মতোই ছিল। তারা চির-উপবাসের ধার দিয়ে দিয়েই চলত। বেতনের হার ছিল অতি সামান্ত, কোনো কারখানার বড়োরকমের কাজ করবার মতো শিক্ষা ছিল না, অবস্থাগতিকে তাদের ছিল নিতান্তই মজুরের কাজ। বিপ্লবের পরে এই দেশের প্রজাদের স্বতম্ব শাসনের অধিকার দেবার চেষ্টা আরম্ভ হল।

প্রথমে যাদের উপর ভার পড়েছিল তারা ছিল আগেকার আমলের ধনী জোতদার, ধর্মযাজক এবং বর্তমানে আমাদের ভাষায় যাদের বলে থাকি শিক্ষিত। সাধারণের পক্ষে সেটাতে স্থবিধা হল না। আবার এই সময়ে উংপাত আরম্ভ করলে কল্চাকের সৈতা। সে ছিল জার-আমলের পক্ষপাতী, তার পিছনে ছিল ক্ষমতাশালী বহি:শক্রদের উৎসাহ এবং আর্ফুল্য। সোভিয়েটরা যদি বা তাদের তাড়ালে, এল ভীষণ ত্তিক। দেশে চাষ্বাসের ব্যবস্থা ছারধার হয়ে গেল।

১৯২২ খুন্টান্দ থেকে সোভিয়েট আমলের কাজ ঠিকমত শুরু হতে পেরেছে।
তবন থেকে দেশে শিক্ষাদান এবং অর্থোৎপত্তির ব্যবস্থা প্রবলবেগে গড়ে উঠতে লাগল।
এর আগে বাষ্কিরিয়াতে নিরক্ষরতা ছিল প্রায় সর্বব্যাপী। এই কয় বছরের মধ্যে
এখানে আটট নর্মাল ছল, পাঁচটি রুষিবিদ্যালয়, একটি ডাব্রুলারি শিক্ষালয়, অর্থকরী বিদ্যা
শেখাবার জন্মে হটি, কারখানার কাজে হাত পাকাবার জন্মে সতেরোটি, প্রাথমিক
শিক্ষার জন্মে ২৪০০টি এবং মধ্য-প্রাথমিকের জন্মে ৮৭টি স্থল শুরু হয়েছে। বর্তমানে
বাষ্কিরিয়াতে ইটি আছে সরকারি খিয়েটার, ছটি ম্যুজিয়ম, চৌন্দটি পৌরগ্রন্থাগার,
১১২টি গ্রামের পাঠসুহ (reading room), ৩০টি সিনেমা শহরে এবং ৪৬টি গ্রামে,

চাষীরা কোনো উপলক্ষে শহরে এলে তাদের জ্বন্থে বহুতর বাসা, ৮৯১টি খেলা ও আরামের জায়গা (recreation corners), তা ছাড়া হাজার হাজার কর্মী ও চাষীদের ঘরে রেডিয়ো শুভিয়ন। বীরভূম জেলার লোক বাষ্কির্দের চেয়ে নি:সন্দেহ স্থভাবত উন্নততর শ্রেণীর জীব। বাষ কিরিয়ার সঙ্গে বীর্জুমের শিক্ষা ও আরামের ব্যবস্থা মিলিয়ে দেখো। উভয় পক্ষের ডিফিকল্টিজেরও তুলনা করা কর্তব্য হবে।

সোভিয়েট রাষ্ট্রশং বের মধ্যে যতগুলি রিপাবলিক হয়েছে তার মধ্যে তুর্কমেনিস্তান
এবং উজ্বেকিস্তান সব চেয়ে অল্লদিনের। তাদের পত্তন হয়েছে ১৯২৪ খৃণ্টাব্দের
অক্টোবরে, অর্থাৎ বছর-ছয়েকের চেয়েও তাদের বয়স কম। তুর্কমেনিস্তানের জনসংখ্যা
সবশুদ্ধ সাড়ে দশ লক্ষ। এদের মধ্যে নয় লক্ষ লোক চাষের কাজ করে। কিন্তু নানা
কারণে থেতের অবস্থা ভালো নয়, পশুপালনের স্থযোগও তদ্রপ।

এরকম দেশকে বাঁচাবার উপায় কারখানার কাজ খোলা, যাকে বলে industrialization। বিদেশী বা স্বদেশী ধনী মহাজনদের পকেট ভরাবার জন্মে কারখানার কথা হছে না, এখানকার কারখানার উপস্বত্ব সর্বসাধারণের। ইতিমধ্যেই একটা বড়ো স্থতোর কল এবং রেশমের কল খোলা হয়েছে। আশকাবাদ শহরে একটা বৈহ্যতজ্ঞনন স্টেশন বসেছে, অন্তান্ত শহরেও উচ্চোগ চলেছে। যন্ত্রচালনক্ষম শ্রমিক চাই, তাই বছসংখ্যক তুর্কমেনি যুবকদের মধ্য-ক্লিয়ার বড়ো বড়ো কারখানায় শিক্ষার জন্মে পাঠানো হয়ে থাকে। আমাদের যুবকদের পক্ষে বিদেশী-চালিত কারখানায় শিক্ষার স্থযোগলাভ যে কত তৃংসাধ্য তা সকলেরই জানা আছে।

বুলেটিনে লিখছে, তুর্কমেনিন্তানে শিক্ষার ব্যবস্থা করা এত কঠিন যে, তার তুলনা বোধ হয় অন্ত কোথাও পাওয়া যায় না। বিরলবসতি জনসংস্থান দূরে দূরে, দেশে রাস্তার অভাব, জলের অভাব, লোকালয়ের মাঝে মাঝে বড়ো বড়ো মরুভূমি, লোকের আর্থিক তুরবস্থা অত্যস্ত বেশি।

আপাতত মাথা-পিছু পাঁচ রুবল করে শিক্ষার খরচ পড়ছে। এ দেশের প্রক্ষাসংখ্যার সিকি পরিমাণ লোক যাযাবর (nomads)। তাদের জত্যে প্রাথমিক পাঠশালার সঙ্গে সঙ্গে বোর্ডিং স্থল থোলা হয়েছে, ইদারার কাছাকাছি, যেখানে বহু পরিবার মিলে আড্ডা করে সেইরকম কায়গায়। পড়ুয়াদের জত্যে খবরের কাগজও প্রকাশ করা হয়ে থাকে।

মক্ষো শহরে নদীতীরে সাবেক কালের একটি উন্থানবৈষ্টিত স্থনর প্রাসাদে তুর্কমেনদের জন্ম শিক্ষক শিক্ষিত করবার একটি, বিন্থাভবন (Turcomen People's Home of Education) স্থাপিত হয়েছে। সেধানে সম্প্রতি এক-শো তুর্কমেন ছাত্র শিক্ষা পাচ্ছে, বারো-তেরো বছর তাদের বরস। এই বিন্থাভবনের ব্যবস্থা স্থায়ন্তশাসন-

নীতি-অহসারে। এই ব্যবস্থার মধ্যে কতকগুলি কর্মবিভাগ আছে। যেমন স্বাস্থ্যবিভাগ, গার্হস্থাবিভাগ (household commission), ক্লাস-কমিটি। স্বাস্থ্যবিভাগ থেকে দেখা হয়, সমন্ত মহলগুলি (compartments), ক্লাসগুলি, বাসের ঘর, আঙিনা পরিষ্ণার আছে কি না। কোনো ছেলের যদি অহুথ করে, তা সে যতই সামাগ্য হোক, তার জন্যে ডাব্রুনার দেখাবার বন্দোবন্ত এই বিভাগের 'পরে। গার্হস্থাবিভাগের অন্তর্গত অনেকগুলি উপবিভাগ আছে। এই বিভাগের কর্তব্য হচ্ছে দেখা— ছেলেরা পরিষ্ণার পরিপাটি আছে কি না। ক্লাসে পড়বার কালে ছেলেদের ব্যবহারের প্রতি দৃষ্টি রাখা ক্লাস-কমিটির কাজ। প্রত্যেক বিভাগ থেকে প্রতিনিধি নির্বাচিত হয়ে অধ্যক্ষসভা গড়ে ওঠে। এই অধ্যক্ষসভার প্রতিনিধিরা স্কৃল-কৌন্সিলে ভোট দেবার অধিকার পায়। ছেলেদের নিজেদের মধ্যে বা আর-কারো সঙ্গে বিবাদ হলে অধ্যক্ষসভা তার তদন্ত করে; এই সভার বিচার স্বীকার করে নিতে সব ছাত্রই বাধ্য।

এই বিছাভবনের সব্দে একটি ক্লাব আছে। সেধানে অনেক সময়ে ছেলেরা নিজের ভাষার নিজেরা নাট্যাভিনর করে, গান-বাজনার সংগত হয়। ক্লাবের একটি সিনেমা আছে, ভার থেকে মধ্য-এশিরার জীবনযাত্রার চিত্রাবলী ছেলেরা দেখতে পায়। এ ছাড়া দেওরালে-টাভানো ধবরের কাগজ বের করা হয়।

তুর্কমেনিস্তানের চাষের উন্নতির জন্যে সেথানে বহুসংখ্যক কৃষিবিভার ওস্তাদ পাঠানো হচ্ছে। ত্-শো'র বেশি আদর্শ কৃষিক্ষেত্র খোলা হয়েছে। তা ছাড়া জল এবং জমি ব্যবহার সম্বন্ধে যে ব্যবস্থা করা হল তাতে কুড়ি হাজার দরিদ্রতম কৃষক-পরিবার কৃষির খেত, জল এবং কৃষির বাহন পেয়েছে।

এই বিরলপ্রজ দেশে ১০০টা হাসপাতাল খোলা হয়েছে, ডাক্তারের সংখ্যা ছয়-শো। বুলেটিনের লেখক সলজ্জ ভাষায় বলছেন:

However there is no occasion to rejoice in the fact since there are 2,640 inhabitants to each hospital bed and, as regards doctors, Turcmenistan must be relegated to the last place in the Union. We can boast of some attainments in the field of modernization and the struggle against crass ignorance, though again we must warn the reader that Turcmenistan being on a very low level of civilization has preserved a good many customs of the distant past. However, the recent laws, passed in order to combat the selling of women into marriage and child marriages had produced the desired effect.

তুর্কমেনিস্তানের মতো মরুপ্রদেশে ছয় বৎসরের মধ্যে আপাতত ১০০টা হাসপাতাল স্থাপন করে এরা লক্ষা পায়— এমনতরো লক্ষা দেখা আমাদের অভ্যাস নেই ব'লে বড়ো আশ্চর্য বোধ হল। আমাদের ভাগ্যদোষে বিশুর 'ডিফিকল্টির' দেখতে পেলুম, সেগুলো নড়ে বসবার কোনো লক্ষণ দেখার না তাও দেখলুম, কিন্তু বিশেষ লক্ষা দেখতে পাই নে কেন।

সত্যি কথা বলি, ইতিপূর্বে আমারও মনে দেশের জত্যে যথেষ্ট পরিমাণে আশা করবার মতো সাহস চলে গিয়েছিল। খুস্টান পাদ্রির মতো আমিও ডিফিকল্টিজের হিসাব দেখে স্তম্ভিত হয়েছি— মনে মনে বলেছি, এত বিচিত্র জাতের মাহ্রম, এত বিচিত্র জাতের মূর্থতা, এত পরস্পরবিষদ্ধ ধর্ম, কী জানি কত কাল লাগবে আমাদের কেশের বোঝা, আমাদের কলুষের আবর্জনা নড়াতে।

সাইমন কমিশনের ফসল যে আবহাওয়ায় ফলেছে স্বদেশ সম্বন্ধে আমার প্রত্যাশার ভীকতা সেই আবহাওয়ারই। সোভিয়েট রাশিয়াতে এসে দেখলুম, এখানকার উয়তির ঘড়ি আমাদেরই মতো বন্ধ ছিল, অস্তত জনসাধারণের ঘরে— কিন্তু বহু শত বছরের অচল ঘড়িতেও আট-দশ বছর দম লাগাতেই দিব্যি চলতে লেগেছে। এতদিন পরে ব্যতে পেরেছি আমাদের ঘড়িও চলতে পারত, কিন্তু দম দেওয়া হল না। ডিফিকলটিজের মন্ত্র আওড়ানোতে এখন থেকে আর বিশ্বাস করতে পারব না।

এইবার বুলেটিন থেকে ছই-একটি অংশ উদ্ধৃত করে চিঠি শেষ করব:

The imperialist policy of the Czarist generals, after the conquest of Azerbaijan, consisted in converting the districts, inhabited by Mahommedans, into colonies destined to supply raw material to the central Russian markets.

মনে আছে অনেক কাল হল, পরলোকগত অক্ষয়কুমার মৈত্রেয় একদা রেশমগুটির চাষ প্রচলন সম্বন্ধে উৎসাহী ছিলেন। তাঁরই পরামর্শ নিয়ে আমিও রেশমগুটির চাষ প্রবর্তনের চেষ্টায় নিযুক্ত ছিলুম। তিনি আমাকে বলেছিলেন, রেশমগুটির চাষে তিনি ম্যাজিস্টেটের কাছ থেকে যথেষ্ট আফুকুল্য পেয়েছিলেন। কিন্তু যতবার এই গুটি থেকে স্থতো ও স্থতো থেকে কাপড় বোনা চাষীদের মধ্যে চলতি করবার ইচ্ছা করেছেন ততবারই ম্যাজিস্টেট দিয়েছেন বাধা।

The agents of the Czar's Government were ruthlessly carrying out the principle of 'Divide and Rule' and did all in their power to sow hatred and discord between the various races. National animosities were fostered by the Government and Mahommedans and Armenians were systematically incited against each other. The ever-recurring conflicts between these two nations at times assumed the form of massacres.

হাসপাতালের সংখ্যাল্পতা নিম্নে ব্লেটিন-লেখক লক্ষা স্বীকার করেছেন বটে, কিন্তু একটা বিষয়ে গৌরব প্রকাশ না করে থাকতে পারেন নি:

It is an undoubted fact, which even the worst enemies of the Soviets cannot deny: for the last eight years the peace between the races of Azerbaijan has never been disturbed.

ভারতবর্ষের রাজত্বে লজ্জা-প্রকাশের চলন নেই, গৌরব-প্রকাশেরও রাস্তা দেখা যার না।

এই লক্ষা স্বীকারের উপলক্ষে একটা কথা পরিষ্কার করে দেওয়া দরকার। বুলেটিনে আছে, সমস্ত তুর্কমেনিস্তানে শিক্ষার জন্ম জন-পিছু পাঁচ রুবল খরচ হয়ে থাকে। রুবলের মূল্য আমাদের টাকার হিসাবে আড়াই টাকা। পাঁচ রুবল বলতে বোঝায় সাড়ে বারো টাকা। এই বাবদ কর আদায়ের কোনো একটা ব্যবস্থা হয়তো আছে, কিন্তু সেই কর আদায় উপলক্ষে প্রজাদের নিজেদের মধ্যে আত্মবিরোধ ঘটিয়ে দেবার কোনো আদায় নিশ্চয় সৃষ্টি করা হয় নি। ইতি ৮ অক্টোবর ১৯৩০। ত্রেমেন জাহাজ

25

ব্ৰেমেন জাহাজ

তুর্কোমেনদের কথা পূর্বেই বলেছি, মরুভূমিবাসী তারা, দশ লক্ষ মাহ্রষ। এই চিঠি তারই পরিশিষ্ট। সোভিয়েট গবর্মেন্ট সেখানে কী কী বিছায়তন-স্থাপনের সংকল্প করেছে তারই একটা ফর্দ তুলে দিচ্ছি।

Beginning with October 1st, 1930, the new budget year, a number of new scientific institutions and Institutes will be opened in Turcomenia, namely:

- 1. Turcomen Geological Committee
- 2. Turcomen Institute of Applied Botany
- 3. Institute for study and research of stock breeding
- 4. Institute of Hydrology and Geophysics
- 5. Institute for Economic Research
- 6. Chemico-Bacteriological Institute and Institute of Social Hygiene

The activity of all the scientific institutions of Turcomenia will be regulated by a special scientific management attached to the Council of People's Commissars of Turcomenia.

In connection with the removal of the Turcomen Government from Ashkhabad to Chardjni the construction of buildings for the following museums has been started: Historical, Agricultural, Industrial and Trade Museum, Art Museum, Museum of the Revolution. In addition, the construction of an Observatory, State Library, House of Published Books and House of Science and Culture is planned.

The Department of Language and Literature of the Institute of the Turcomen Culture has completed the revision and translation into Russian of Turcomenian poetry, including folk-lore material and old poetry texts.

Five itinerant cultural bases have been organized in Turcomenia. During the year 1930 two courses for training practical nurses and midwives were completed. Altogether 46 persons were graduated. All graduates are sent to the village.

ইতি ৮ অক্টোবর ১৯৩০

30

সোভিয়েট রাশিয়ায় জনসাধারণকে শিক্ষা দেবার জন্যে কত বিবিধ রক্ষের উপায় অবলম্বন করা হয়েছে তার কিছু কিছু আভাস পূর্বের চিঠিপত্র থেকে পেয়ে থাকবে। আজ্র তোমাকে তারই মধ্যে একটা উত্যোগের সংক্ষেপ বিবরণ সিখে পাঠাচ্ছি।

কিছুদিন হল মকৌ শহরে সাধারণের জক্ত একটি আরামবাগ থোলা হয়েছে।
বুলেটিনে তার নাম দিয়েছে Moscow Park of Education and Recreation।
তার মধ্যে প্রধান মগুপটি প্রদর্শনীর জন্তো। দেখানে ইচ্ছা করলে খবর পাওয়া ষায়
সমস্ত প্রদেশে কারখানার শতসহত্র শ্রমিকদের জন্তো কত ডিস্পেলারি খোলা হয়েছে,
মক্ষো প্রদেশে স্থলের সংখ্যা কত বাড়ল; ম্যানিসিপ্যাল বিভাগে দেখিয়েছে কত নতুন
বাসাবাড়ি তৈরি হল, কত নতুন বাগান—শহরের কত বিষয়ে কতরকমের উন্নতি
হয়েছে। নানারকমের মডেল আছে, পুরানো পাড়াগাঁ এবং আধুনিক পাড়াগাঁ, ফুল ও
সব্জি উৎপাদনের আদর্শ খেত, সোভিয়েট আমলে গোভিয়েট কারখানায় যে-সব যয়
তৈরি হচ্ছে তার নম্না, হাল আমলের কো-অপারেটিভ ব্যবস্থায় কী কটি তৈরি হচ্ছে
আর ওদের বিশ্লবের সময়েতেই বা কিরকম হত। তা ছাড়া নানা তামাশা, নানা
খেলার জায়গা, একটা নিত্য-মেলার মতো আর-কি!

পার্কের মধ্যে একটা স্বতন্ত্র জারগা কেবল ছোটো ছেলেদ্বের জন্মে, সেধানে বয়স্ক

লোকেদের প্রবেশ নিষেধ, সেধানকার প্রবেশদারে লেখা আছে 'ছেলেদের উৎপাত কোরো না'। এইখানে ছেলেদের যতরকম খেলনা, খেলা, ছেলেদের থিয়েটার— সে থিয়েটারের ছেলেরাই চালক, ছেলেরাই অভিনেতা।

এই ছেলেদের বিভাগ থেকে কিছু দ্রে আছে creche, বাংলার তার নাম দেওরা যেতে পারে শিশুরক্ষণী। মা-বাপ যথন পার্কে ঘূরে বেড়াতে প্রবৃত্ত তথন এই জারগার ধাত্রীদের জিমার ছোটো শিশুদের রেখে যেতে পারে। একটা দোতলা মণ্ডপ (pavillion) আছে ক্লাবের জন্ম। উপরের তলার লাইবেরি। কোধাও বা সতরঞ্চ-খেলার ঘর, কোথাও আছে মানচিত্র আর দেয়ালে-ঝোলানো খবরের কাগজ। তা ছাড়া সাধারণের জন্মে আহারের বেশ ভালো কো-অপারেটিভ দোকান আছে, সেখানে মদ বিক্রি বন্ধ। মস্কৌ পশুশালাবিভাগ থেকে এখানে একটা দোকান খুলেছে; এই দোকানে নানারকম পাথি মাছ চারাগাছ কিনতে পাওয়া যার। প্রাদেশিক শহরগুলিতেও এইরকমের পার্ক খোলবার প্রস্তাব আছে।

যেটা ভেবে দেখবার বিষয় সেটা হচ্ছে এই যে, জনসাধারণকে এরা ভদ্রসাধারণের উচ্ছিষ্টে মাস্থ্য করতে চায় না। শিক্ষা, আরাম, জীবনযাত্রার স্থযোগ সমস্তই এদের বোলো-আনা পরিমাণে। তার প্রধান কারণ, জনসাধারণ ছাড়া এখানে আর-কিছুই নেই। এরা সমাজগ্রন্থের পরিশিষ্ট অধ্যায় নয়; সকল অধ্যায়েই এরা।

আর-একটা দৃষ্টান্ত তোমাকে দিই। মন্ধে শহর থেকে কিছু দ্রে সাবেক কালের একটি প্রাসাদ আছে। রাশিয়ার প্রাচীন অভিজাত বংশীয় কাউণ্ট আপ্রাক্সিনদের সেই ছিল বাসভবন। পাহাড়ের উপর থেকে চারি দিকের দৃষ্ঠ অতি স্থানর দেখতে—শক্ষকের, নদী এবং পার্বত্য অরণ্য। ছটি আছে সরোবর, আর অনেকগুলি উৎস। থামওয়ালা বড়ো বড়ো প্রকোষ্ঠ, উঁচু বারান্দা, প্রাচীনকালের আসবাব ছবি ও পাথরের মৃতি দিয়ে সাজানো দরবারগৃহ; এ ছাড়া আছে সংগীতশালা, থেলার ঘর, লাইত্রেরি, নাট্যশালা; এ ছাড়া অনেকগুলি স্থানর বহির্ভবন বাড়িটিকে অর্ধচন্দ্রাকারে ঘিরে আছে।

এই বৃহৎ প্রাসাদে অল্গভো নাম দিয়ে একটি কো-অপারেটিভ স্বাস্থ্যাগার স্থাপন করা হয়েছে, এমন সমস্ত লোকদের জন্ম যারা একদা এই প্রাসাদে দাসশ্রেণীতে গণ্য হত। সোভিয়েট রাষ্ট্রসংঘে একটি কো-অপারেটিভ সোসাইটি আছে, শ্রমিকদের জন্মে বাসা-দির্মাণ যার প্রধান কর্তব্য; সেই সোসাইটির নাম বিশ্রান্তিনিকেতন: The Home of Rest। এই অল্গভো ভারই তত্বাবধানে।

এমনতরো আরো চারটে সানাটোরিয়ন এর হাতে আছে। খাটুনির ঋতুকাল

শেষ হয়ে গেলে অন্তত ত্রিশ হাজার শ্রমক্লান্ত এই পাঁচটি আরোগ্যশালায় এসে বিশ্রাম করতে পারবে। প্রত্যেক লোক এক পক্ষকাল এখানে থাকতে পারে। আহারের ব্যবস্থা পর্যাপ্ত, আরামের ব্যবস্থা যথেষ্ট, ডাক্তারের ব্যবস্থাও আছে। কো-অপারেটিড প্রণালীতে এইরকম বিশ্রান্তিনিকেতন স্থাপনের উত্যোগ ক্রমশই সাধারণের সমতি লাভ করছে।

আর-কিছু নয়, শ্রমিকদের বিশ্রামের প্রয়োজন এমনভাবে আর-কোথাও কেউ চিস্তাও করে নি, আমাদের দেশের অবস্থাপন্ন লোকের পক্ষেও এরকম স্থযোগ ত্র্লভ।

শ্রমিকদের জন্মে এদের ব্যবস্থা কিরকম সে তো শুনলে, এখন শিশুদের সম্বন্ধে এদের বিধান কিরকম সে কথা বলি। শিশু জারজ কিংবা বিবাহিত দম্পতির সন্থান সে সম্বন্ধে কোনো পার্থক্য এরা গণ্যই করে না। আইন এই যে, শিশু যে-পর্যন্ত না আঠারো বছর বয়সে সাবালক হয় দে-পর্যন্ত তাদের পালনের ভার বাপ-মারের। বাড়িতে তাদের কী ভাবে পালন করা বা শিক্ষা দেওয়া হয় স্টেট সে সম্বন্ধে উদাসীন নয়। যোলো বছর বয়সের পূর্বে সন্তানকে কোথাও খাটুনির কাজে নিযুক্ত করতে পারবে না। আঠারো বছর বয়স পর্যন্ত তাদের কাজের সময়-পরিমাণ হয় ঘণ্টা। ছেলেদের প্রতি পিতামাতা আপন কর্তব্য করছে কি না তার তদারকের ভার অভিভাবক-বিভাগের 'পরে। এই বিভাগের কর্মচারী মাঝে মাঝে পরিদর্শন করতে আদে, দেখে ছেলেদের স্বাস্থ্য কিরকম আছে, পড়াশুনো কিরকম চলছে। যদি দেখা যায় ছেলেদের প্রতি অযত্ম হচ্ছে তা হলে বাপ-মায়ের হাত থেকে ছেলেদের ছাড়িয়ে নেওয়া হয়। কিন্ধ তব্ ছেলেদের ভরণপোষণের দায়িত্ব থাকে বাপ-মায়েরই। এইরকম ছেলেমেয়েদের মায়্র্য করবার ভার পড়ে সরকারী অভিভাবক-বিভাগের।

ভাবখানা এই, সন্তানেরা কেবল তো বাপ-মায়ের নয়, ম্থ্যত সমস্ত সমাজের।
তাদের ভালোমন্দ নিয়ে সমস্ত সমাজের ভালোমন্দ। এরা যাতে মায়্য় হয়ে ওঠে তার
দায়িয় সমাজের, কেননা তার ফল সমাজেরই। ভেবে দেখতে গেলে পরিবারের
দায়িয়ের চেয়ে সমাজের দায়িয় বেশি বই কম নয়। জনসাধারণ সম্বন্ধেও এদের
মনের ভাব ঐরকমেরই। এদের মতে জনসাধারণের অন্তিয় প্রধানত বিশিষ্টসাধারণের
স্থ্যোগ-স্থবিধার জত্যে নয়। তারা সমগ্র সমাজের অন্ত, সমাজের কোনো বিশেষ
আন্তের প্রত্যন্ধ নয়। অতএব তাদের জন্য দায়িয় সমস্ত স্টেটের। ব্যক্তিগতভাবে
নিজের ভোগের বা প্রতাপের জন্য কেউ সমগ্র সমাজকে ডিঙিয়ে যেতে গেলে
চলবে না।

যাই হোক, মাহুষের ব্যষ্টিগত ও স্মষ্টিগত সীমা এরা যে ঠিকমত ধরতে পেরেছে

তা আমার বোধ হয় না। সে হিসাবে এরা ফ্যাসিন্ট্ দেরই মতো। এই কারণে সমষ্টির ধাতিরে ব্যষ্টির প্রতি পীড়নে এরা কোনো বাধাই মানতে চায় না। ভূলে যায়, ব্যষ্টিকে ত্র্বল করে সমষ্টিকে সবল করা যায় না, ব্যষ্টি যদি শৃঞ্জলিত হয় তবে সমষ্টি স্বাধীন হতে পারে না। এখানে জবরদন্ত লোকের একনায়কত্ব চলছে। এইরকম একের হাতে দশের চালনা দৈবাং কিছুদিনের মতো ভালো ফল দিতেও পারে, কিন্তু কথনোই চিরদিন পারে না। উপযুক্তমত নায়ক পরম্পরাক্রমে পাওয়া কখনোই সম্ভব নয়।

তা ছাড়া, অবাধ ক্ষমতার লোভ মাহ্নবের বৃদ্ধিবিকার ঘটার। একটা হ্রবিধার কথা এই যে, যদিও গোভিয়েট মৃলনীতি সম্বন্ধে এরা মাহ্নবের ব্যক্তিগত স্বাধীনতাকে অতি নির্দয়ভাবে পীড়ন করতে কুঠিত হয় নি, তথাপি সাধারণভাবে শিক্ষার দ্বারা, চর্চার দ্বারা, ব্যক্তির আত্মনিহিত শক্তিকে বাড়িয়েই চলেছে— ফ্যাসিন্ট্লের মতো নিয়তই তাকে পেষণ করে নি। শিক্ষাকে আপন বিশেষ মতের একান্ত অহ্নবর্তী করে কতকটা গায়ের জোরে কতকটা মাহ্মস্তের জোরে একঝোঁকা করে তুলেছে, তব্ও সাধারণের বৃদ্ধির চর্চা বন্ধ করে নি। যদিও সোভিয়েট নীতি -প্রচার সম্বন্ধে এরা যুক্তির জোরের উপরেও বাহ্নবলকে থাড়া করে রেথেছে, তব্ও যুক্তিকে একেবারে ছাড়ে নি এবং ধর্মমৃত্তা এবং স্মাজপ্রথার অন্ধতা থেকে সাধারণের মনকে মৃক্ত রাথবার জন্যে প্রবল চেষ্টা করেছে।

মনকে এক দিকে স্বাধীন করে অশ্য দিকে জুলুমের বশ করা সহজ নয়। ভয়ের প্রভাব কিছুদিন কাজ করবে, কিন্তু সেই ভীক্ষতাকে ধিক্কার দিয়ে শিক্ষিত মন একদিন আপন চিন্তার স্বাতন্ত্রের অধিকার জোরের সলে দাবি করবেই। মাত্র্যকে এরা দেহের দিকে নিপীড়িত করেছে, মনের দিকে নয়। যারা যথার্থই দৌরাত্ম্য করতে চায় তারা মাত্র্যের মনকে মারে আগে; এরা মনের জীবনীশক্তি বাড়িয়ে তুলছে। এইখানেই পরিত্রাশের রাস্তা রয়ে গেল।

আজ আর ঘণ্টা-কয়েকের মধ্যে পৌছব নিয়ইয়র্কে। তার পরে আবার নতুন পালা। এরকম করে সাত ঘাটের জল খেয়ে বেড়াতে আর ভালো লাগে না। এবারে এ অঞ্চলে না আসার ইচ্ছায় মনে অনেক তর্ক উঠেছিল, কিন্তু লোভই শেষকালে জয়ী হল। ইতি ০ অক্টোবর ১৯৩০

ল্যান্ডাউন

ইতিমধ্যে চ্ই-একবার দক্ষিণ-দরক্ষার কাছ ঘেঁষে গিয়েছি। মলয়-সমীরবের দক্ষিণন্ধার নয়, যে যার দিয়ে প্রাণবায় বেরোবার পথ থোঁজে। ভাক্তার বললে, নাড়ীর সক্ষে হংপিতের মুহুর্তকালের যে বিরোধ ঘটেছিল সেটা যে অল্লের উপর দিয়েই কেটে গেছে এটাকে অবৈজ্ঞানিক ভাষায় মিরাক্ল্ বলা যেতে পারে। যাই হোক, যমদ্তের ইশারা পাওয়া গেছে, ভাক্তার বলছে এখন থেকে সাবধান হতে হবে। অর্থাৎ, উঠে হেঁটে বেড়াতে গেলেই বুকের কাছটাতে বাণ এসে লাগবে— ভয়ে পড়লেই লক্ষ্য এড়িয়ে যাবে। তাই ভালোমাহ্যের মতো আধ-শোওয়া অবস্থায় দিন কাটাছি। ভাক্তার বলে, এমন করে বছর-দশেক নিরাপদে কাটতে পারে, তার পরে দশম দশাকে কেউ ঠেকাতে পারে না। বিছানায় হেলান দিয়ে আছি, আমার লেখার লাইনও আমার দেহ-রেখার নকল করতে প্রবৃত্ত। রোকো, একটু উঠে বসি।

দেখলুম কিছু হ:সংবাদ পাঠিয়েছ, শরীরের এ অবস্থায় পড়তে ভয় করে, পাছে তেউয়ের ঘায়ে ভাঙন লাগে। বিষয়টা কী তার আভাস পূর্বেই পেয়েছিলুম— বিস্তারিত বিবরণের ধাকা সহু করা আমার পক্ষে শক্ত। তাই আমি নিজে পড়ি নি, অমিয়কে পড়তে দিয়েছি।

যে বাধনে দেশকে জড়িয়েছে টান মেরে মেরে সেটা ছিঁড়তে হয়। প্রত্যেক টানে চোথের তারা উলটে যায়, কিন্তু এ ছাড়া বন্ধনম্ক্তির অহা উপায় নেই। ব্রিটিশরাজ্ঞ নিজের বাধন নিজের হাতেই ছিঁড়ছে, তাতে আমাদের তরফে বেদনা যথেষ্ট, কিন্তু তার তরফে লোকসান কম নয়। সকলের চেয়ে বড়ো লোকসান এই যে, ব্রিটিশরাজ্ঞ আপন মান খুইয়েছে। ভীষণের হুর্ত্ততাকে আমরা ভয় করি, সেই ভয়ের মধ্যেও সম্মান আছে, কিন্তু কাপ্ক্ষের হুর্ত্ততাকে আমরা ঘুণা করি। ব্রিটিশ সামাজ্য আজ আমাদের ঘুণার ঘারা ধিক্কত। এই ঘুণায় আমাদের জ্বোর দেবে, এই ঘুণার জোরেই আমরা জিতব।

সম্প্রতি রাশিয়া থেকে এসেছি— দেশের গৌরবের পথ যে কত হুর্গম তা অনেকটা স্পষ্ট করে দেখলুম। যে অসহা হুংখ পেয়েছে সেখানকার সাধকেরা পুলিসের মার তার তুলনার পুপার্ষ্ট। দেশের ছেলেদের বোলো, এখনো অনেক বাকি আছে— তার কিছুই বাদ যাবে না। অতএব তারা যেন এখনই বলতে শুরু না করে যে বড়ো লাগছে— সে কথা বললেই গুণ্ডার লাঠিকে অর্ঘ্য দেওয়া হয়।

দেশে বিদেশে ভারতবর্ধ আজ গৌরব লাভ করেছে কেবলমাত্র মারকে স্বীকার না করে— তুংখকে উপেক্ষা করবার সাধনা আমরা যেন কিছুতে না ছাড়ি। পশুবল কেবলই চেষ্টা করছে আমাদের পশুকে জাগিয়ে তুলতে, যদি সফল হতে পারে তবেই আমরা হারব। তুংখ পাল্ছি সেজতো আমরা তুংখ করব না। এই আমাদের প্রমাণ করবার অবকাশ এসেছে যে, আমরা মাত্র্য— পশুর নকল করতে গেলেই এই শুভযোগ নষ্ট হবে। শেষ পর্যন্ত আমাদের বলতে হবে, ভর করি নে। বাংলাদেশের মাঝে মাঝে থৈব নষ্ট হয়, সেটাই আমাদের ত্বলতা। আমরা যখন নখদন্ত মেলতে যাই তখনই তার দ্বারা নথীদন্তীদের সেলাম করা হয়। উপেক্ষা কোরো, নকল কোরো না। অশ্রুবর্গ নৈব নৈব চ।

আমার সব চেয়ে ত্থে এই, যৌবনের সম্বল নেই। আমি পড়ে আছি গতিহীন হয়ে পাস্থালায়— যারা পথ চলছে তাদের সঙ্গে চলবার সময় চলে গেছে। ইতি ২৮ অক্টোবর ১৯৩০

উপসংহার

সোভিমেট শাসনের প্রথম পরিচয় আমার মনকে বিশেষভাবে আকর্ষণ করেছে, সে কথা পূর্বেই বলেছি। তার কয়েকটি বিশেষ কারণ আছে, সেটা আলোচনার যোগ্য।

সেখানকার বে ছবিটি আমার মনের মধ্যে মৃতি নিয়েছে তার পিছনে ত্লছে ভারতবর্ষের ত্র্গতির কালো রঙের পটভূমিকা। এই ত্র্গতির মূলে যে ইতিহাস আছে তার থেকে একটি তত্ত্ব পাওয়া যায়, সেই তত্ত্তিকে চিস্তা করে দেখলে আলোচ্য প্রসক্ষে আমার মনের ভাব বোঝা সহজ হবে।

ভারতবর্ষে মৃসলমান-শাসন-বিস্তারের ভিতরকার মানসটি ছিল রাজমহিমালাভ। সেকালে সর্বদাই রাজ্য নিয়ে যে হাত-চালাচালি হত তার গোড়ায় ছিল এই ইচ্ছা। গ্রীসের সেকেনর শাহ ধ্মকেতুর অনলোজ্জ্বল পুচ্ছের মতো তাঁর রণবাহিনী নিয়ে বিদেশের আকাশ ঝেঁটিয়ে বেড়িয়েছিলেন সে কেবল তাঁর প্রতাপ প্রসারিত করবার জত্যে। রোমকদেরও ছিল সেই প্রবৃত্তি। ফিনীশীয়েরা নানা সম্ব্রের তীরে বাণিজ্য করে ফিরেছে কিন্তু তারা রাজ্য নিয়ে কাড়াকাড়ি করে নি।

একদা যুরোপ হতে বিণিকের পণ্যতরী যথন পূর্ব-মহাদেশের ঘাটে ঘাটে পাড়ি জমালে তথন থেকে পৃথিবীতে মাহুষের ইতিহাসে এক নৃতন পর্ব ক্রমণ অভিব্যক্ত হয়ে উঠল; ক্ষাত্রযুগ গেল চলে, বৈশুযুগ দেখা দিল। এই যুগে বণিকের দল বিদেশে এসে তাদের পণ্যহাটের খিড়কিমহলে রাজ্য জুড়ে দিতে লাগল। প্রধানত তারা মৃনফার আহু বাড়াতে চেম্নেছিল; বীরের সম্মান তাদের লক্ষ্য ছিল না। এই কাজে তারা নানা কুটিল পন্থা অবলম্বন করতে কুন্তিত হয় নি; কারণ তারা চেম্নেছিল সিদ্ধি, কীর্তি নয়।

এই সময় ভারতবর্ষ তার বিপুল ঐশর্যের জন্ম জগতে বিখ্যাত ছিল— তথনকার বিদেশী ঐতিহাসিকেরা সে কথা বারম্বার ঘোষণা করে গেছেন। এমন-কি স্বয়ং ক্লাইড বলে গেছেন যে, "ভারতবর্ষের ধনশালিতার কথা যখন চিস্তা করে দেখি তখন অপহরণ-নৈপুণ্যে নিজের সংযমে আমি নিজেই বিস্মিত হই।" এই প্রভৃত ধন, এ কখনো সহজে হয় না— ভারতবর্ষ এ ধন উৎপন্ন করেছিল। তখন বিদেশ থেকে যারা এসে এখানকার রাজাসনে বসেছে তারা এ ধন ভোগ করেছে, কিন্তু নষ্ট করে নি। অর্থাং তারা ভোগীছিল, কিন্তু বণিক ছিল না।

তার পর বাণিজ্যের পথ স্থাম করার উপলক্ষে বিদেশী বণিকেরা তাদের কারবারের গদিটার উপরে রাজতক্ত চড়িয়ে বসল। সমর ছিল অমুকূল। তথন মোগলরাজত্বে ভাঙন ধরেছে, মারাঠিরা শিখেরা এই সামাজ্যের গ্রন্থিগুলো শিথিল করতে প্রবৃত্ত, ইংরেজের হাতে সেটা ছিন্নভিন্ন হয়ে গেল ধ্বংসের পথে।

পূর্বতন রাজগৌরবলোল্পেরা ধখন এ দেশে রাজত্ব করত তখন এ দেশে অত্যাচারঅবিচার-অব্যবস্থা ছিল না এ কথা বলা চলে না। কিছু তারা ছিল এ দেশের অঙ্গীভূত।
তাদের আঁচড়ে দেশের গায়ে যা ক্ষত হয়েছিল তা অকের উপরে; রক্তপাত অনেক
হয়েছে, কিছু অন্থিবন্ধনীগুলোকে নড়িয়ে দেয় নি। ধন-উৎপাদনের বিচিত্র কাজ তখন
অব্যাহত চলছিল, এমন-কি নবাব-বাদশাহের কাছ থেকে সে-সমস্ত কাজ প্রশ্রম্ম পেয়েছে।
তা যদি না হত তা হলে এখানে বিদেশী বলিকের ভিড় ঘটবার কোনো কারণ থাকত
না— মক্ষভ্মিতে পঙ্গপালের ভিড় জমবে কেন।

তার পরে ভারতবর্ষে বাণিজ্য ও সামাজ্যের অশুভ সংগমকালে বণিক রাজা দেশের ধনকল্পতক্ষর শিকড়গুলোকে কী করে ছেদন করতে লাগলেন, সে ইতিহাস শতবার-কথিত এবং অত্যন্ত শ্রুতিকটু। কিন্তু পুরাতন বলে সেটাকে বিশ্বতির মৃথ্ঠুলি চাপা দিয়ে রাখবার চেষ্টা চলবে না। এ দেশের বর্তমান ত্র্বহ দারিল্যের উপক্রমণিকা সেইখানে। ভারতবর্ষের ধনমহিমা ছিল, কিন্তু সেটা কোন্ বাহন-যোগে দ্বীপান্তরিত হল্লেছে সে কথা যদি ভূলি তবে পৃথিবীর আধুনিক ইতিহাসের একটা তত্তকথা আমাদের এড়িয়ে যাবে। আধুনিক রাষ্ট্রনীতির প্রেরণাশক্তি বীর্যাভিমান নয়, সে হচ্ছে ধনের লোভ, এই তত্তি মনে রাথা চাই। রাজগোরবের সঙ্গে প্রজাদের একটা মানবিক সম্বদ্ধ থাকে, কিন্তু ধনলোভের সঙ্গে তা থাকতেই পারে না। ধন নির্মম, নৈর্যাক্তিক। যে ম্র্রিগি সোনার ডিম পাড়ে লোভ যে কেবল তার ডিমগুলোকেই মুড়িতে তোলে তা নয়, ম্র্রিগিটাকে স্কন্ধ সে জবাই করে।

বণিকরাজের লোভ ভারতের ধন-উৎপাদনের বিচিত্র শক্তিকেই পঙ্গু করে দিয়েছে।
বাক্ষি রয়েছে কেবল ক্বান্ধ, নইলে কাঁচা মালের জ্বোগান বন্ধ হয় এবং বিদেশী পণ্যের
ছাটে মূল্য দেবার শক্তি একেবারে নষ্ট হয়ে যায়। ভারতবর্ষের স্থাপাতী জীবিকা এই
অতিক্ষীণ বৃস্তের উপর নির্ভর করে আছে।

এ কথা মেনে নেওয়া যাক, তথনকার কালে যে নৈপুণ্য ও যে-সকল উপায়ের ষোগে হাতের কাজ চলত ও শিল্পীরা খেয়ে-প'রে বাঁচত, যদ্রের প্রতিযোগিতায় তারা শতই নিজিয় হয়ে প্ডেছে। অতএব প্রজাদের বাঁচাবার জত্যে নিতান্তই প্রয়োজন ছিল সর্বপ্রয়ম্মে তাদের ব্যক্তমান কালে সকল দেশেই এই উল্যোগ

প্রবশ। জাপান অল্পকালের মধ্যে ধনের মন্ত্রবাহনকে আয়ন্ত করে নিয়েছে, যদি না সম্ভব হত তা হলে যন্ত্রী যুরোপের ষড়যন্ত্রে সে ধনে-প্রাণে মারা যেত। আমাদের ভাগ্যে সে হযোগ ঘটল না, কেননা লোভ ঈর্বাপরায়ণ। এই প্রকাণ্ড লোভের আওতায় আমাদের ধনপ্রাণ মৃষড়ে এল, তৎপরিবর্তে রাজা আমাদের গান্থনা দিয়ে বলছেন, "এখনো ধনপ্রাণের যেটুকু বাকি সেটুকু রক্ষা করবার জন্তে আইন এবং চৌকিদারের ব্যবস্থাভার রইল আমার হাতে।" এ দিকে আমাদের অল্পবন্ধ বিভাবৃদ্ধি বন্ধক রেখে কণ্ঠাগত প্রাণে আমরা চৌকিদারের উদির খরচ জোগান্তি। এই-যে সাংঘাতিক উদাসীন্ত এর মূলে আছে লোভ। সকলপ্রকার জ্ঞানে ও কর্মে যেখানে শক্তির উৎস বা পীঠন্থান গেখান থেকে বহু নীচে দাঁড়িয়ে এতকাল আমরা হাঁ করে উপরের দিকে তাকিয়ে আছি আর সেই উর্ধেলোক থেকে এই আখাসবাণী ভনে আসছি, "ভোমাদের শক্তি কয় যদি হয় ভয় কী, আমাদের শক্তি আছে, আমরা তোমাদের রক্ষা করব।"

যার সঙ্গে মাছধের লোভের সম্বন্ধ তার কাছ থেকে মাছ্য প্রয়োজন উদ্ধার করে, কিন্তু কথনো তাকে সম্মান করে না। যাকে সম্মান করে না তার দাবিকে মাছ্য যথাসম্ভব ছোটো করে রাখে; অবশেষে সে এত সন্তা হয়ে পড়ে যে, তার অসামান্ত অভাবেও সামান্ত থরচ করতে গায়ে বাজে। আমাদের প্রাণরক্ষা ও মহ্নত্যতের লজ্জারজন্তে কতই কম বরাদ্দ সে কারো অগোচর নেই। অন্ধ নেই, বিভা নেই, বৈভ নেই, পানের জল পাওয়া যায় পাক ছেঁকে; কিন্তু চৌকিদারের অভাব নেই, আর আছে মোটা মাইনের কর্মচারী— তাদের মাইনে গাল্ফ্ স্ট্রীমের মতো সম্পূর্ণ চলে যায় বিটিশ দ্বীপের শৈত্যনিবারণের জন্তে, তাদের পেন্সন জোগাই আমাদের অস্ত্যেষ্টিশংকারের থরচের অংশ থেকে। এর একমাত্র কারণ, লোভ অন্ধ, লোভ নিষ্ঠ্র— ভারতবর্ষ ভারতেশ্বরদের লোভের সামগ্রী।

অথচ কঠিন বেদনার অবস্থাতেও এ কথা আমি কখনো অধীকার করি নে যে, ইংরেজের সভাবে উদার্থ আছে, বিদেশীয় শাসনকার্যে অক্স যুরোপীয়দের ব্যবহার ইংরেজের চেয়েও কপণ এবং নিষ্ঠর। ইংরেজ জাতি ও তার শাসননীতি সম্বন্ধে বাক্যেও আচরণে আমরা যে বিক্ষরতা প্রকাশ করে থাকি তা আর-কোনো জাতের শাসনকর্তাদের সম্বন্ধে সম্ভবপর হত না; যদি-বা হত তবে তার দওনীতি আরো অনেক হুংসহ হত, সমং যুরোপে এমন-কি আমেরিকাতেও তার প্রমাণের অভাব নেই। প্রকাশভাবে বিদ্রোহঘোষণাকালেও রাজপুক্ষদের কাছে পীড়িত হলে আমরা যখন সবিশ্বরে নালিশ করি তখন প্রমাণ হয় যে, ইংরেজ জাতির প্রতি আমাদের নিগৃত্ব প্রমাণ

মার খেতে খেতেও মরতে চায় না। আমাদের স্বদেশী রাজা বা জমিদারের কাছে আমাদের প্রত্যাশা আরো অনেক কম।

ইংলণ্ডে থাকার সময় এটা লক্ষ্য করে দেখেছি, ভারতবর্ষে দণ্ডবিধানব্যাপারে মানিজনক ঘটনা ইংরেজ থবরের কাগজে প্রায় কিছুই এসে পৌছত না। তার একমাত্র কারণ এ নয়, পাছে য়ুরোপে বা আমেরিকায় নিন্দা রটে। বস্তুত, কড়া ইংরেজ শাসনকর্তা স্বন্ধাতির শুভবুন্ধিকেই ভয় করে। বেশ করেছি, খ্ব করেছি, দরকার ছিল জ্বরদন্তি করবার—এটা বুক ফুলিয়ে বলা ইংরেজদের পক্ষে সহজ্ব নয়, তার কারণ ইংরেজের মধ্যে বড়ো মন আছে। ভারতবর্ষ সম্বন্ধে আসল কথাগুলো ইংরেজ খ্ব কম জানে। নিজেদের উপর ধিক্কার দেবার কারণ চাপা থাকে। এ কথাও সত্য, ভারতের নিমক দীর্ঘকাল যে খেরেছে তার ইংরেজি য়য়্বং এবং হ্লয় কল্মিত হয়ে গেছে, অথচ আমাদের ভাগ্যক্রমে তারাই হল অথরিটি।

ভারতবর্ধে বর্তমান বিপ্লব উপলক্ষে দণ্ডচালনা সম্বন্ধে কর্তৃপক্ষ বলেছেন যে, তার পীড়ন ছিল নানতম মাত্রায়। এ কথা মেনে নিতে আমরা অনিজুক, কিন্তু অতীত ও বর্তমানের প্রচলিত শাসননীতির সঙ্গে তুলনা করে দেখলে কথাটাকে অত্যুক্তি বলতে পারব না। মার খেরেছি, অন্যায় মারও যথেষ্ট খেরেছি; এবং সব চেয়ে কলঙ্কের কথা গুপ্ত মার, তারও অভাব ছিল না। এ কথাও বলব, অনেক স্থলেই যারা মার খেরেছে মাহাত্ম্য তাদেরই, যারা মেরেছে তারা আপন মান খুইয়েছে। কিন্তু সাধারণ রাষ্ট্রশাসন নীতির আদর্শে আমাদের মারের মাত্রা ন্যুনতম বইকি। বিশেষত আমাদের 'পরে ওদের নাড়ীর টান নেই, তা ছাড়া সমস্ত ভারতবর্ধকে জালিয়ানওমালাবাগ করে তোলা এদের পক্ষে বাহুবলের দিক থেকে অসম্ভব ছিল না। আমেরিকার সমগ্র নিগ্রোজাতি মুক্তরাজ্যের সঙ্গে নিজেদের যোগ বিচ্ছিয় করবার জন্মে যদি স্পর্ধাপুর্বক অন্যবসায়ে প্রবৃত্ত তা হলে কিরকম বীভংসভাবে রক্তমাবন ঘটত, বর্তমান শান্তির অবস্থাতেও ভা অস্থান করে নিতে অধিক কল্পনাশক্তির প্রয়োজন হয় না। তা ছাড়া ইটালি প্রভৃতি দেশে যা ঘটেছে তা নিয়ে আলোচনা করা বাহুল্য।

কিছ এতে সাহ্বনা পাই নে। যে মার লাঠির ডগায় সে মার ত্দিন পরে ক্লান্ত হয়ে পড়ে, এমন-কি, ক্রমে তার লজা আসাও অসম্ভব নয়। কিছ যে মার অন্তরে অন্তরে বে তো কেবল কতকগুলো মাহ্যের মাথা ভেঙে তার পরে খেলাঘরের ব্রিক্স-পার্টির অন্তরালে অন্তর্ধান করে না। সমন্ত জাতকে সে যে ভিতরে ভিতরে ফতুর করে দিলে। শতাব্দীর পর শতাব্দী তার তো বিরাম নেই। ক্রোধের মার থামে, লোভের মারের অন্ত পাওয়া বায় না।

টাইম্স্'এর সাহিত্যিক ক্রোড়পত্রে দেখা গেল ম্যাকী-নামক এক লেখক বলেছেন মে, ভারতে দারিদ্রোর root cause, মূল কারণ হচ্ছে, এ দেশে নির্বিচার বিবাহের ফলে অতিপ্রজন। কথাটার ভিতরকার ভাবটা এই যে, বাহির থেকে যে শোষণ চলছে তা হঃসহ হত না যদি স্বল্প আন নিম্নে স্বল্প লোকে হাঁড়ি চেন্টে-পুঁছে খেত। শুনতে পাই, ইংলতে ১৮৭১ খুন্টাব্দ থেকে ১৯২১ খুন্টাব্দের মধ্যে শতকরা ৬৬ সংখ্যা হারে প্রজাবৃদ্ধি হয়েছে। ভারতবর্ষে পঞ্চাশ বৎসরের প্রজাবৃদ্ধির হার শতকরা ৩০। তবে এক যাত্রার পৃথক ফল হল কেন। অতএব দেখা যাচ্ছে root cause প্রজাবৃদ্ধি নয়, root cause আন্নসংস্থানের অভাব। তারও root কোথায়!

দেশ যারা শাসন করছে আর যে প্রজারা শাসিত হচ্ছে তাদের ভাগ্য যদি এক-কক্ষবর্তী হয় তা হলে অন্তত অন্নের দিক থেকে নালিশের কথা থাকে না, অর্থাৎ স্থভিক্ষে র্ছিক্ষে উভয়ের ভাগ প্রায় সমান হয়ে থাকে। কিন্তু যেখানে ক্রম্পক্ষ ও শুক্লপক্ষের মাঝখানে মহালোভ ও মহাসম্ভের ব্যবধান সেধানে অমাবস্থার তরকে বিহ্যাস্থা-সম্মানসম্পদের ক্রপণতা ঘূচতে চায় না, অথচ নিশীথরাত্রির চৌকিদারদের হাতে ব্যবস্থ্য লঠনের আয়োজন বেড়ে চলে। এ কথা হিসাব করে দেখতে স্ট্যাটিস্টিক্সের থ্ব বেশি থিটিমিটির দরকার হয় না, আজ একশো যাট বংসর ধরে ভারতের পক্ষে সর্ববিষয়ে দারিন্দ্র ও ব্রিটেনের পক্ষে সর্ববিষয়ে ঐশ্বর্য পিঠোপিঠি সংলগ্ন হয়ে আছে। এর যদি একটি সম্পূর্ণ ছবি আঁকতে চাই তবে বাংলাদেশের যে চায়ী পাট উংপন্ন করে আর স্থদ্র ডাণ্ডিতে যারা তার মূনফা ভোগ করে উভয়ের জীবনযাত্রার দৃশ্য পাশাপাশি দাঁড় করিয়ে দেখতে হয়। উভয়ের মধ্যে যোগ আছে লোভের, বিচ্ছেদ আছে ভোগের—এই বিভাগ দেড়শো বছরে বাড়ল বই কমল না।

ষান্ত্রিক উপায়ে অর্থলাভকে যথন থেকে বহুগুণীকৃত করা সম্ভবপর হল তথন থেকে মধ্যযুগের শিভল্রি অর্থাৎ বীরধর্ম বিণিকধর্মে দীক্ষিত হয়েছে। এই নিদারুণ বৈশুযুগের প্রথম স্চনা হল সমুদ্রযানযোগে বিশ্বপৃথিবী-আবিদ্ধারের সঙ্গে সঙ্গে। বৈশুযুগের আদিম ভূমিকা দম্যরুত্তিতে। দাসহরণ ও ধনহরণের বীভৎস্চায় ধরিত্রী সেদিন কেঁদে উঠেছিল। এই নিষ্ঠুর ব্যবসায় বিশেষভাবে চলেছিল পরদেশে। সেদিন মেক্সিকোতে স্পেন শুধু কেবল সেথানকার সোনার সঞ্চয় নয়, সেথানকার সমগ্র সভ্যতাটাকেও রক্ত দিয়ে মুছে দিয়েছে। সেই রক্তমেঘের ঝড় পশ্চিম থেকে ভিন্ন ভিন্ন দমকায় ভারতবর্ষে এগে পড়ল। তার ইতিহাস আলোচনা করা অনাবশ্যক। ধনসম্পদের স্রোত পূর্ব দিক থেকে পশ্চিম দিকে ফিরল।

তার পর থেকে কুবেরের সিংহাসন পাকা হল পৃথিবীতে। বিজ্ঞান ঘোষণা করে

দিলে, যন্ত্রের নিয়মই বিশের নিয়ম, বাহ্ সিদ্ধিলাভের বাহিরে কোনো নিতা সত্য নেই। প্রতিযোগিতার উগ্রতা সর্বরাপী হয়ে উঠল, দহারুত্তি ভদ্রবেশে পেল সমান। লোভের প্রকাশ্য ও চোরা রাস্তা দিয়ে কারধানাঘরে, খনিতে বড়ো বড়ো আবাদে, ছয়নামধারী দাসবৃত্তি মিধ্যাচার ও নিদয়তা কিরকম হিংশ্র হয়ে উঠেছে সে সম্বদ্ধে য়ুরোপীয় সাহিত্যে রোমহর্ষক বর্ণনা বিশুর পাওয়া যায়। পাশ্চাত্য ভূখণ্ডে যারা টাকা করে আর যায়া টাকা যোগায় অনেক দিন ধরে তাদের মধ্যে হাতাহাতি বেধে গেছে। মাহুষের স্ব চেয়ে বড়ো ধর্ম সমাজধর্ম, লোভরিপু স্ব চেয়ে তার বড়ো হস্তারক। এই যুগে সেই রিপু মাহুষের সমাজকে আলোড়িত করে তার সম্বদ্ধবন্ধনক শিথিল ও বিচ্ছিয় করে দিছে।

এক দেশে এক জাতির মধ্যেই এই নির্মম ধনার্জন ব্যাপারে যে বিভাগ স্থান্ট করতে উত্তত তাতে যত তৃঃধই থাক্ তবু সেধানে স্থযোগের ক্ষেত্র ধোলা থাকে, শক্তির বৈষম্য থাকতে পারে কিন্তু অধিকারের বাধা থাকে না। ধনের জাতাকলে সেধানে আদ্ধ যে আছে পেয়বিভাগে কাল সেই উঠতে পারে পেষণবিভাগে। শুধু তাই নয়, ধনীরা যে ধন সঞ্চয় করে, নানা আকারে সমস্ত দেশের মধ্যে তার কিছু-না-কিছু ভাগ-বাঁটোয়ারা আপনিই হয়ে যায়। ব্যক্তিগত সম্পদ জাতীয় সম্পদের দায়িজভার অনেক পরিমাণে না নিয়ে থাকতে পারে না। লোকশিক্ষা, লোকস্বাস্থ্য, লোকরঞ্জন, সাধারণের জত্যে নানাপ্রকার হিতাহুষ্ঠান— এ-সমস্তই প্রভূত ব্যয়সাধ্য ব্যাপার। দেশের এই-সমস্ত বিচিত্র দাবি ইচ্ছায়্ম অনিচ্ছায়্ম লক্ষ্যত অলক্ষ্যত ধনীরা মিটিয়ে থাকে।

কিছ ভারতের যে ধনে বিদেশী বণিক বা রাজপুরুষেরা ধনী তার ন্যুনতম উচ্ছিষ্ট-মাত্রই ভারতের ভাগে পড়ে। পাটের চাষী শিক্ষার জন্যে, স্বাস্থ্যের জন্যে স্থাভীর অভাবগুলো অনার্টির নালাভোবার মতো হাঁ করে রইল, বিদেশগামী মূনফা থেকে তার দিকে কিছুই ফিরল না। যা গেল তা নিংশেষে গেল। পাটের মূনফা সম্ভবপর করবার জন্যে গ্রামের জলাশয়গুলি দৃষিত হল— এই অসহ জলকষ্ট নিবারণের উদ্দেশে বিদেশী মহাজনদের ভরা থলি থেকে এক পর্না খসল না। যদি জলের ব্যবস্থা করতে হয় তবে তার সমস্ত ট্যাক্সের টান এই নিংম্ব নিরন্নদের রক্তের উপরই পড়ে। সাধারণকে শিক্ষা দেবার জন্মে রাজকোষে টাকা নেই— কেন নেই। তার প্রধান কারণ, প্রভূত পরিমাণ টাকা ভারতবর্ষকে সম্পূর্ণই ত্যাগ করে চলে যার— এ হল লোভের টাকা, যাতে করে আপন টাকা যোলো-আনাই পর হয়ে যার। অর্থাৎ জ্বল উবে যার এ পারের জলাশারে আর মেদ হয়ে তার বর্ষণ হতে থাকে ও পারের দেশে। সে দেশের ইাসপাতালে বিভালরে এই হতভাগ্য অশিক্ষিত অন্তর্ম্ব মূম্ব্ ভারতবর্ষ স্বদীর্ঘকাল অপ্রত্যক্ষভাবে রসদ জ্গিরে আসহে।

দেশের লোকের দৈহিক ও মানসিক অবস্থার চরম হংখনৃষ্ঠ অনেককাল স্বচক্ষে দেখে আসছি। দারিন্ত্রো মাহ্রষ কেবল যে মরে তা নম্ন, নিজেকে অবজ্ঞার যোগ্য করে তোলে। তাই সার্ব্বন সাইমন বললেন যে:

In our view the most formidable of the evils from which India is suffering have their roots in social and economic customs of longstanding which can only be remedied by the action of the Indian people themselves.

এটা হল অবজ্ঞার কথা। ভারতের প্রশ্নোজনকে তিনি যে আদর্শ থেকে বিচার করছেন দেটা তাঁদের নিজেদের আদর্শ নয়। প্রচুর ধন-উৎপাদনের জন্মে যে অবারিত শিক্ষা, যে হ্রাধীনতা তাঁদের নিজেদের আছে, যে-সমন্ত হ্রবিধা থাকাতে তাঁদের জীবনযাত্রার আদর্শ জ্ঞানে কর্মে ভোগে নানা দিক থেকে প্রভূত পরিমাণে পরিপুষ্ট হতে পেরেছে, জীর্ণবন্ধ শীর্ণতহ্য রোগক্লান্ত শিক্ষাবঞ্চিত ভারতের পক্ষে সে আদর্শ তারা কল্পনার মধ্যেই আনেন না— আমরা কোনোমতে দিন্যাপন করব লোকর্ছন নিবারণ করে এবং থরচপত্র কমিয়ে, আর আজ তাঁরা নিজের জীবিকার যে পরিস্ফীত আদর্শ বহন করছেন তাকে চিরদিন বছলপরিমাণে সম্ভব করে রাথব আমাদের জীবিকা থর্ব করে, এর বেশি কিছু ভাববার নেই। অতএব রেমেডি'র দায়িত্ব সম্পূর্ণ আমাদেরই হাতে, যারা রেমেডি'কে হংসাধ্য করে তুলেছে তাদের বিশেষ কিছু করবার নেই।

মাহ্ব এবং বিধাতার বিরুদ্ধে এই-সমস্ত নালিশ ক্ষান্ত করে রেখেই অন্তরের দিক্ত্ব আমাদের নির্দ্ধীব পল্লীর মধ্যে প্রাণস্থার করবার জন্মে আমার অতিক্ষ্প্র শক্তিকে কিছুকাল প্রয়োগ করছি। এ কাজে গবর্মেণ্টের আহ্নক্ল্য আমি উপেক্ষা করি নি, এমন-কি ইচ্ছা করেছি। কিন্তু ফল পাই নি, তার কারণ দরদ নেই। দরদ থাকা সম্ভব নয়— আমাদের অক্ষমতা, আমাদের সকলপ্রকার হুর্দশা, আমাদের দাবিকে ক্ষীণ করে দিয়েছে। দেশের কোনো যথার্থ কৃত্যকর্মে গবর্মেণ্টের সঙ্গে আমাদের কর্মীদের উপযুক্ত যোগসাধন অসম্ভব বলেই অবশেষে দ্বির করেছি। অতএব চৌকিদারদের উদির পরচ ছুগিয়ে যে-কটা কড়ি বাচে তাই দিয়ে যা সম্ভব তাই করা যাবে, এই রইল কথা।

রাজকীয় লোভ ও তংপ্রহত ত্র্বিষহ উদাসীত্যের চেহারাটা যখন মনের মধ্যে নৈরাশ্যের অক্ষকার ঘনিয়ে বসেছে এমন সময়েই রাশিরায় গিয়েছিলুম। মুরোপের অক্সান্ত দেশে ঐশর্যের আড়ম্বর যথেষ্ট দেখেছি; সে এতই উত্তৃত্ব যে দরিত্র দেশের ইর্ষাও তার উচ্চ চূড়া পর্যন্ত পৌছতে পারে না। রাশিরায় সেই ভোগের

ममार्ताष्ट्र একেবারেই নেই, বোধ করি সেইজন্তেই তার ভিতরকার একটা রূপ দেখা সহজ ছিল।

ভারতবর্ধ যার থেকে একেবারেই বঞ্চিত তারই আয়োজনকে সর্বরাপী করবার প্রবল প্রয়াস এখানে দেখতে পেলেম। বলা বাংল্য, আমি আমার বহুদিনের ক্ষ্ ধিত দেখার ভিতর দিয়ে সমস্তটা দেখেছি। পশ্চিম মহাদেশের অন্ত কোনো স্বাধিকার-সৌভাগ্যশালী দেশবাসীর চক্ষে দৃষ্ঠটা কিরকম ঠেকে সেকথা ঠিকমত বিচার করা আমার পক্ষে সম্ভবপর নয়। অতীতকালে ভারতবর্ধের কী পরিমাণ ধন ব্রিটিশ দ্বীপে চালান গিয়েছে এবং বর্তমানে কী পরিমাণ অর্থ বর্ধে বর্ধে নানা প্রণালী দিয়ে সেই দিকে চলে যাছে তার অক্ষ্যংখ্যা নিয়ে তর্ক করতে চাই নে। কিন্তু অতি স্পষ্টই দেখতে পাক্ষি এবং অনেক ইংরেজ লেখকও তা স্বীকার করেন যে, আমাদের দেশের রক্তহীন দেহে মন চাপা পড়ে গেছে, জীবনে আনন্দ নেই, আমরা অস্তরে বাহিরে মরছি— এবং তার root cause যে ভারতবাসীরই মর্মাত অপরাধের সঙ্গে জড়িত, অর্থাৎ কোনো গ্রমেন্টই এর প্রতিকার করতে নিরতিশয় অক্ষ্ম, এ অপবাদ আমরা একেবারেই স্বীকার করব না।

এ কথা চিরদিনই আমার মনে ছিল যে ভারতের সঙ্গে যে প্রদেশবাসী শাসনকর্তার স্বার্থের সম্বন্ধ প্রবল এবং দরদের সম্বন্ধ নেই সে গ্রমেণ্ট নিজের গ্রজেই প্রবল শক্তিতে বিধি ও ব্যবস্থা রক্ষা করতে উৎসাহপরায়ণ; কিন্তু যে-সকল ব্যাপারে গরজ একান্ত আমাদেরই, যেথানে আমাদের দেশকে সর্বপ্রকারে বাঁচিয়ে তুলতে হবে ধনে মনে ও প্রাণে, সেথানে যথোচিত পরিমাণে শক্তি প্রয়োগ করতে এ গ্রমেণ্ট উদাসীন। অর্থাৎ এ সম্বন্ধে নিজের দেশের প্রতি শাসনকর্তাদের যত সচেইতা, যত বেদনাবোধ, আমাদের দেশের প্রতি তার কিয়দংশও সন্তব হয় না। অথচ আমাদের ধনপ্রাণ তাদেরই হাতে, যে উপায়ে যে উপাদানে আমরা বিনাশ থেকে কক্ষা পেতে পারি সে আমাদের হাতে নেই।

এমন-কি, এ কথা যদি সত্য হয় যে, সমাজবিধি সম্বন্ধে মৃঢ়তাবশতই আমরা মরতে বসেছি তবে এই মৃঢ়তা যে শিক্ষা, যে উৎসাহ দারা দূর হতে পারে সেও এ বিদেশী গ্রমেন্টেরই রাজকোষে ও রাজমজিতে। দেশব্যাপী অশিক্ষাজনিত বিপদ দূর করবার উপায় কমিশনের পরামর্শমাত্র দারা লাভ করা যায় না— সে সম্বন্ধে গর্মেন্টের তেমনি তৎপর হওয়া উচিত যেমন তৎপর ব্রিটিশ গ্রমেন্ট নিশ্বরই হত যদি এই সমস্থা ব্রিটেন দীপের হত। সাইমন কমিশনকে আমাদের প্রশ্ন এই যে, ভারতের অজ্ঞতা-অশিক্ষার মধ্যেই এতবড়ো মৃত্যুশেল নিহিত হয়ে এতদিন রক্তপাত করছে, এই কথাই যদি সভ্য

হয় তবে আজ একশো ষাট বংসরের ব্রিটিশ শাসনে তার কিছুমাত্র লাঘব হল না কেন। কমিশন কি সাংখ্যতথ্যযোগে দেখিয়েছেন পুলিসের ডাণ্ডা যোগাতে ব্রিটিশরাক্স যে খরচ করে থাকেন তার তুলনায় দেশকে শিক্ষিত করতে এই স্থদীর্ঘকাল কত থরচ করা হয়েছে। দ্রদেশবাসী ধনী শাসকের পক্ষে পুলিসের ডাণ্ডা অপরিহার্য কিছু সেই লাঠির বংশগত যাদের মাথার খুলি তাদের শিক্ষার ব্যয়বিধান বহু শতাকী মূলতবি রাখলেও কাজ চলে যায়।

রাশিয়ায় পা বাড়িয়েই প্রথমেই চোথে পড়ল, সেখানকার যে চাষী ও শ্রমিক -সম্প্রদায়, আজ আট বংসর পূর্বে, ভারতীয় জনসাধারণেরই মতো নিঃসহায় নিরম্ন নির্যাতিত নিরক্ষর ছিল, অনেক বিষয়ে যাদের তৃঃধভার আমাদের চেয়ে বেশি বই কম ছিল না, অন্তত তাদের মধ্যে শিক্ষাবিস্তার এ অল্প কয় বংসরের মধ্যেই যে উয়তি লাভ করেছে দেড় শো বছরেও আমাদের দেশে উচ্চশ্রেণীর মধ্যেও তা হয় নি। আমাদের দরিশ্রাণাং মনোরথাঃ স্বদেশের শিক্ষা সম্বন্ধে যে ত্রাশার ছবি মরীচিকার পটে আঁকতেও সাহস পায় নি এখানে তার প্রত্যক্ষ রূপ দেখলুম দিগস্ত থেকে দিগস্তে বিস্তৃত।

নিজেকে এ প্রশ্ন বারবার জিজ্ঞাসা করেছি— এতবড়ো আশ্চর্য ব্যাপার সম্ভবপর হল কী করে। মনের মধ্যে এই উত্তর পেয়েছি যে, লোভের বাধা কোনোখানে নেই। শিক্ষার দ্বারা সব মার্থই যথোচিত সক্ষম হয়ে উঠবে, এ কথা মনে করতে কোথাও খটকা লাগছে না। দূর এশিয়ার তুর্কমেনিস্তানবাসী প্রজাদেরও পুরোপুরি শিক্ষা দিতে এদের মনে একটুও ভয় নেই, প্রত্যুত প্রবল আগ্রহ আছে। তুর্কমেনিস্তানের প্রথাগত মৃত্তার মধ্যেই সেথানকার লোকের সমস্ত ত্থের কারণ, এই কথাটা রিপোর্টে নির্দেশ করে উদাসীন হয়ে বসে নেই।

কোচিন-চায়নায় শিক্ষাবিস্তার সম্বন্ধে শুনেছি, কোনো ফরাসী পাণ্ডিত্যব্যবসায়ী বলেছেন যে, ভারতবর্ষে ইংরেজ-রাজ দেশী লোককে শিক্ষা দিতে গিয়ে যে ভূল করেছেন ক্রান্ধ যেন সে ভূল না করেন। এ কথা মানতে হবে যে, ইংরেজের চরিত্রে এমন একটা মহন্ত আছে যেজন্যে বিদেশী শাসননীতিতে তাঁরা কিছু কিছু ভূল করে বসেন, শাসনের ঠাস বুনানিতে কিছু কিছু থেই হারায়, নইলে আমাদের মৃথ ফুটতে হয়তো আরো এক-আধ শতাকী দেরি হত।

এ কথা অস্বীকার করবার জো নেই যে শিক্ষার অভাবে অশক্তি অটল হয়ে থাকে, অভতএব অশিক্ষা পুলিসের ডাগুরি চেয়ে কম বলবান নয়। বোধ হয় যেন লর্ড কার্জন সে কথাটা কিছু কিছু অহুভব করেছিলেন। শিক্ষাদান সম্বন্ধে ফরাসী পাণ্ডিত্যব্যবসায়ী স্বদেশের প্রয়োজনকে যে আদর্শে বিচার করে থাকেন, শাসিত দেশের প্রয়োজনকৈ গে

আদর্শে করেন না। তার একমাত্র কারণ লোভ। লোভের বাহন যারা তাদের
মহ্যত্ত্বের বান্তবতা লুন্নের পক্ষে অস্পন্ত, তাদের দাবিকে আমরা স্বভাবতই ধর্ব করে
থাকি। যাদের সঙ্গে ভারতের শাসনের সম্বন্ধ তাদের কাছে ভারতবর্ধ আরু দেড় শো
বংসর ধর্ব হয়ে আছে। এইজন্তেই তার মর্মাত প্রয়োজনের 'পরে উপরওআলার
উদাসীক্ত ঘূচল না। আমরা যে কী অরু ধাই, কী জলে আমাদের পিপাসা মেটাতে হয়,
কী স্বগভীর অশিক্ষায় আমাদের চিত্ত তমসাবৃত, তা আরু পর্যন্ত ভালো করে তাদের
চোধে পড়ল না। কেননা, আমরাই তাদের প্রয়োজনের এইটেই বড়ো কথা, আমাদেরও
যে প্রাণাত প্রয়োজন আছে এ কথাটা জরুরি নয়। তা ছাড়া আমরা এত অকিঞ্চিৎকর হয়ে আছি যে, আমাদের প্রয়োজনকে সম্মান করাই সম্ভব হয় না।

ভারতের যে কঠিন সমস্তা, যাতে করে আমরা এতকাল ধরে ধনে প্রাণে মনে মরছি, এ সমস্তাটা পাশ্চাত্যে কোথাও নেই। সে সমস্তাটি এই যে, ভারতের সমস্ত স্বত্ব বিধাকত ও সেই সর্বনেশে বিভাগের মূলে আছে লোভ। এই কারণে রালিয়ায় এসে যথন সেই লোভকে তিরদ্ধৃত দেখলুম তথন সেটা আমাকে যতবড়ো আনন্দ দিলে এতটা হয়তো স্বভাবত অন্তকে না দিতে পারে। তব্ও মূল কথাটা মন থেকে ভাড়াতে পারি নে, সে হচ্ছে এই যে, আজ কেবল ভারতে নয়, সমস্ত পৃথিবীতেই যে-কোনো বড়ো বিপদের জালবিস্তার দেখা যাচ্ছে তার প্রেরণা হচ্ছে লোভ— সেই লোভের সঙ্গেই যত ভয়, যত সংশয়; সেই লোভের পিছনেই যত অস্ত্রসক্ষা, যত মিথুকে ও নিষ্ঠ্র রাষ্ট্রনীতি।

আর-একটা তর্কের বিষয় হচ্ছে ডিক্টেটবৃশিপ অর্থাৎ রাষ্ট্রব্যাপারে নায়কতন্ত্র নিয়ে। কোনো বিষয়েই নায়কিয়ানা আমি নিজে পছল করি নে। ক্ষতি বা শান্তির ভয়কে অগ্রবর্তী করে অথবা ভাষায় ভঈাতে বা ব্যবহারে জিদ প্রকাশের দ্বারা, নিজের মত-প্রচারের রাস্তাটাকে সম্পূর্ণ সমতল করবার লেশমাত্র চেষ্টা আমি কোনোদিন নিজের কর্মক্ষেত্রে করতে পারি নে। সন্দেহ নেই যে, একনায়কতার বিপদ আছে বিস্তর; তার ক্রিয়ার একতানতা ও নিত্যতা অনিশ্চিত, যে চালক ও যারা চালিত তাদের মধ্যে ইচ্ছার অসম্পূর্ণ যোগসাধন হওয়াতে বিপ্লবের কারণ সর্বদাই ঘটে, তা ছাড়া সবলে চালিত হওয়ার অভ্যাস চিত্তের ও চরিত্রের বলহানি করে— এর সফলতা যান্দন বাইরের দিকে ছই-চার ফসলে হঠাং আঁজলা ভরে তোলে, ডিতরের শিকড়কে দের মেরে।

জনগণের ভাগ্য যদি তাদের সম্মিলিত ইচ্ছার বারাই স্বন্ধ ও পালিত না হয় তবে সেটা হয় থাঁচা, দানাপানি সেধানে ভালো মিলতেও পারে, কিছু তাকে নীড় কলা চলে না, সেধানে থাকতে থাকতে পাধা যায় আড়াই হয়ে। এই নায়কতা শাম্বের মধ্যেই থাক্, গুরুর মধ্যেই থাক্, আর রাষ্ট্রনেতার মধ্যেই থাক্, মহয়ত্বহানির পক্ষে এমন উপত্রব কিছুই নেই।

আমাদের সমাজে এই ক্লীবস্বসৃষ্টি বহুযুগ থেকে ঘটে আগছে এবং এর ফল প্রতিদিন দেখে আগছি। মহাত্মাজি যখন বিদেশী কাপড়কে অশুচি বলেছিলেন আমি তার প্রতিষাদ করেছিলাম; আমি বলেছিলাম, গুটা আর্থিক ক্ষতিকর হতে পারে, অশুচি হতেই পারে না। কিন্তু আমাদের শাস্ত্রচালিত অন্ধ চিত্র ভোলাতে হবে, নইলে কাজ্প পাব না— মহুয়াফের এমনতরো চিরস্থায়ী অবমাননা আর কী হতে পারে। নারক্চালিত দেশ এমনিভাবেই মোহাচ্ছর হবে থাকে— এক জাত্কর যথন বিদার গ্রহণ করে তথন আর-এক জাত্কর আর-এক মন্ত্র সৃষ্টি করে।

ভিক্টেটবৃশিপ একটা মস্ত আপদ, সে কথা আমি মানি এবং সেই আপদের বছ অত্যাচার রাশিয়ায় আজ ঘটছে সে কথাও আমি বিশ্বাস করি। এর নঙর্থক দিকটা জবরদন্তির দিক, সেটা পাপ। কিন্তু সদর্থক দিকটা দেখেছি, সেটা হল শিক্ষা, জবরদন্তির একেবারে উলটো।

দেশের দৌভাগ্যসৃষ্টি-ব্যাপারে জনগণের চিত্ত সম্মিলিত হলে তবে সেটার ক্রিয়া সঙ্গীব ও স্থায়ী হয়; নিজের একনায়কত্বের প্রতি যারা লুরু, নিজের চিত্ত ছাড়া অন্ত সকল চিত্তকে অশিকা-দ্বারা আড়ন্ট করে রাখাই তাদের অভিপ্রায়সিদ্ধির একমাত্র উপায়। জারের রাজ্বে শিক্ষার অভাবে জনগণ ছিল মোহাভিভূত, তার উপরে সর্বব্যাপী একটা ধর্মমৃত্তা অজগর সাপের মতো সাধারণের চিত্তকে শত পাকে বেড়ে ধরেছিল। সেই মৃত্তাকে সম্মাট অতিসহজে নিজের কাজে লাগাতে পারতেন। তখন ফ্রিছদির সকে খুন্টানের, মৃসলমানের সকে আর্মানির সকলপ্রকার বীভৎস উৎপাত ধর্মের নামে অনায়াসে ঘটানো যেতে পারত। তখন জ্ঞান ও ধর্মের মোহ দ্বারা আত্মশক্তিস্থারা ক্লথগ্রিছ বিভক্ত দেশ বাহ্বিরের শক্তির কাছে সহজেই অভিভূত ছিল। একনায়কত্বের চিরাধিপত্যের পক্ষে এমন অমুকূল অবস্থা আর কিছুই হতে পারে না।

পূর্বতন রাশিয়ার মতোই আমাদের দেশে এই অবস্থা বছকাল থেকে বর্তমান।
আজ আমাদের দেশ মহাত্মাজির চালনার কাছে বশ মেনেছে, কাল তিনি থাকবেন না,
তথন চালকত্বের প্রত্যাশীরা তেমনি করেই অকস্মাৎ দেখা দিতে থাকবে যেমন করে
আমাদের দেশের ধর্মাভিভূতদের কাছে নৃতন নৃতন অবতার ও গুরু যেথানে-সেথানে
উঠে পড়ছে। চীনদেশে আজ নায়কত্ব নিয়ে জনকয়েক ক্ষমতালোভী জবরদন্তদের
মধ্যে নিরবচ্ছিয় প্রলয়সংঘর্ষ চলেইছে, কারণ, জনসাধারণের মধ্যে সে শিক্ষা নেই যাতে
তারা নিজের সমিলিত ইচ্ছা-ধারা দেশের ভাগ্য নিয়ামিত করতে পারে; তাই সেখানে

আজ সমস্ত দেশ ক্ষতবিক্ষত হয়ে গেল। আমাদের দেশে সেই নাম্নকপদ নিম্নে দারুণ হানাহানি ঘটবে না, এমন কথা মনে করতে পারি নে; তথন দলিতবিদলিত হয়ে মরবে উল্থড় জনসাধারণ, কারণ তারা উল্থড়, তারা বনস্পতি নম।

রাশিয়াতেও সম্প্রতি নায়কের প্রবল শাসন দেখা গেল। কিন্তু এই শাসন নিজেকে চিরন্থায়ী করবার পন্থা নেয় নি— একদা সে পন্থা নিয়েছিল জারের রাজত্ব, অশিক্ষাও ধর্মমোহের হারা জনসাধারণের মনকে অভিভূত ক'রে এবং কসাকের কশাঘাতে তাদের পৌক্ষকে জীর্ণ করে দিয়ে। বর্তমান আমলে রাশিয়ায় শাসনদণ্ড নিশ্চল আছে বলে মনে করি নে, কিন্তু শিক্ষাপ্রচারের প্রবলতা অসাধারণ। তার কারণ এর মধ্যে ব্যক্তিগত বা দলগত ক্ষমতালিন্সা বা অর্থলোভ নেই। একটা বিশেষ অর্থ নৈতিক মতে সর্বসাধারণকে দীক্ষিত করে জাতি বর্ণ ও শ্রেণী -নির্বিশেষে সকলকেই মান্ত্র্য করে তোলবার একটা ত্র্নিবার ইচ্ছা আছে। তা যদি না হত তা হলে ফরাসী পণ্ডিতের কথা মানতে হত যে, শিক্ষা দেওয়াটা একটা মন্ত ভূল।

অর্থ নৈতিক মতটা সম্পূর্ণ গ্রাহ্য কি না সে কথা বলবার সময় আজও আসে নি; কেননা এ মত এতদিন প্রধানত পুঁথির মধ্যেই টলে টলে বেড়াচ্ছিল, এমন বৃহৎ ক্ষেত্রে এতবড়ো সাহসের সঙ্গে ছাড়া পায় নি। যে প্রবল লোভের কাছে এই মত প্রথম থেকেই সাংঘাতিক বাধা পেত সেই লোভকেই এরা সাংঘাতিকভাবে সরিয়ে দিয়েছে। পরীক্ষার ভিতর দিয়ে পরিবর্তন ঘটতে ঘটতে এ মতের কতটুকু কোথায় গিয়ে দাড়াবে তা আজ নিশ্চিত কেউ বলতে পারে না। কিছু এ কথাটা নিশ্চিত বলা যেতে পারে যে, রাশিয়ার জনসাধারণ এতকাল পরে যে শিক্ষা নির্বারিত ও প্রচুরভাবে পাচ্ছে তাতে করে তাদের মহাত্র স্থায়ীভাবে উৎকর্ষ এবং সম্মানলাভ করল।

বর্তমান রাশিয়ার নিষ্ঠর শাসনের জনশ্রুতি সর্বদাই শোনা যায়— অসম্ভব না হতে পারে। নিষ্ঠর শাসনের ধারা সেখানে চিরদিন চলে এসেছে, হঠাং তিরোভূত না হওয়াই সভব। অথচ সেখানে চিত্রযোগে সিনেমাযোগে ইতিহাসের ব্যাখ্যায় সাবেক আমলের নিদারুণ শাসনবিধি ও অত্যাচারকে সোভিয়েট গবর্মেট অবিরত প্রত্যক্ষ করিয়ে দিছে। এই গবর্মেট নিজেও যদি এইরকম নিষ্ঠর পথ অবলম্বন করে থাকে তবে নিষ্ঠ্রাচারের প্রতি এত প্রবল করে ঘুণা উৎপাদন করে দেওয়াটাকে, আর-কিছু না হোক, অভূত ভূল বলতে হবে। সিরাজউদ্দোলা-কর্তৃক কালা-গর্তের নৃশংসতাকে যদি সিনেমা প্রভৃতি ধারা সর্বত্র লাঞ্চিত করা হত তবে তার সঙ্গে সঙ্গেল জালিয়ানওআলা বাগের কাণ্ড করাটাকে অস্তত মূর্থতা বললে দোষ হত না। কারণ, এ ক্ষেত্রে বিমৃথ অস্ত্র অস্ত্রীকেই লাগবার কথা।

সোভিয়েট রাশিয়ায় মার্ক্সীয় অর্থনীতি সম্বন্ধে সর্বসাধারণের বিচারবৃদ্ধিকে এক ছাঁচে ঢালবার একটা প্রবল প্রয়াস স্থপ্রত্যক্ষ; সেই জেদের মৃথে এ সম্বন্ধে স্বাধীন আলোচনার পথ জাের করে অবক্ষম করে দেওয়া হয়েছে, এই অপবাদকে আমি সত্য বলে বিশ্বাস করি। সেদিনকার মুরোপীয় যুদ্ধের সময় এইরকম মৃথ চাপা দেওয়া এবং গ্রেক্টে-নীতির বিক্ষমবাদীর মতস্বাতদ্রাকে জেলথানায় বা ফাঁসিকাঠে বিল্পু করে দেওয়ার চেষ্টা দেখা গিয়েছিল।

যেখানে আশু ফললাভের লোভ অতি প্রবল দেখানে রাষ্ট্রনান্নকেরা মান্তবের মতস্বাতন্ত্যের অধিকারকে মানতে চায় না। তারা বলে, ওসব কথা পরে হবে, আপাতত কাজ উদ্ধার করে নিই। রাশিয়ার অবস্থা যুদ্ধকালের অবস্থা। অন্তরে বাহিরে শত্রু। ওথানকার সমস্ত পরীক্ষাকে পণ্ড করে দেবার জন্যে চারি দিকে নানা ছলবলের কাণ্ড চলছে। তাই ওদের নির্মাণকার্থের ভিত্তী যত শীঘ্র পাকা করা চাই, এজন্যে বলপ্রয়োগ করতে ওদের কোনো দিবা নেই। কিন্তু গরক্ত অক্সরিই হোক, বল জিনিসটা একতরফা জিনিস। ওটাতে ভাঙে, স্থাষ্ট করে না। স্থাইকার্যে ত্ই পক্ষ আছে; উপাদানকে স্বপক্ষে আনা চাই, মারধোর করে নম্ব, তার নিম্নকে স্বীকার করে।

রাশিয়া যে কাজে লেগেছে এ হচ্ছে যুগান্তরের পথ বানানো; পুরাতন বিধিবিশ্বাসের শিকড়গুলো তার সাবেক জমি থেকে উপড়ে দেওয়া; চিরাভ্যাসের আরামকে
তিরস্কৃত করা। এরকম ভাঙনের উৎসাহে যে আবর্ত স্পষ্ট করে তার মাঝখানে পড়লে
মাহ্র্য তার মাতুনির আর অন্ত পায় না— স্পর্ধা বেড়ে ওঠে; মানবপ্রকৃতিকে সাধনা করে
বশ করবার অপেকা আছে, এ কথা ভূলে যায়; মনে করে, তাকে তার আশ্রম্ম থেকে
ছিঁড়ে নিম্নে একটা সীতাহরণ-ব্যাপার করে তাকে পাওয়া যেতে পারে। তার পরে
লক্ষায় আগুন লাগে তো লাগুক। উপযুক্ত সময় নিয়ে স্বভাবের সঙ্গে রফা করবার তর
সয় না যাদের তারা উৎপাতকে বিশ্বাস করে; অবশেষে লাঠিয়ে পিটিয়ে রাতারাতি যা
গড়ে তোলে তার উপরে ভরসা রাখা চলে না, তার উপরে দীর্ঘকালের ভর সয় না।

যেখানে মাহন তৈরি নেই, মত তৈরি হয়েছে, সেধানকার উচ্চগু দণ্ডনায়কদের আমি বিশ্বাস করি নে। প্রথম কারণ, নিজের মত সম্বন্ধে আগেভাগে সম্পূর্ণ বিশ্বাস করা স্ববৃদ্ধি নয়, সেটাকে কাজে থাটাতে খাটাতে তবে তার পরিচয় হয়। ও দিকে ধর্মতন্ত্রের বেলায় যে জননায়কেরা শাস্ত্রবাক্য মানে না তারাই দেখি অর্থতন্ত্রের দিকে শাস্ত্র মেনে অচল হয়ে বলে আছে। সেই শাস্ত্রের সক্রে যেমন করে হোক মাহ্র্যুকে টুটি চেপে ঝুটি ধরে মেলাতে চায়— এ কথাও বোঝে না, জোর করে ঠেসে-ঠুলে যদি কোনো-এক

রকমে মেলানো হয় তাতে সত্যের প্রমাণ হয় না; বস্তুত যে পরিমাণেই জোর সেই পরিমাণেই সত্যের অপ্রমাণ।

যুরোপে বধন খুন্টান শাস্ত্রবাক্যে জবরদন্ত বিশাস ছিল তথন মাহবের হাড়গোড় ভেঙে, তাকে পুড়িরে বিধিয়ে, তাকে ঢিলিয়ে, ধর্মের সত্য-প্রমাণের চেষ্টা দেখা গিয়েছিল। আজ বলশেভিক মতবাদ সম্বন্ধে তার বন্ধু ও শক্র উভয় পক্ষেরই সেইরকম উদাম গায়ের-জোরী যুক্তিপ্রয়োগ। ছই পক্ষেরই পরস্পরের নামে নালিশ এই যে, মাহ্যের মতস্বাতন্ত্রের অধিকারকে পীড়িত করা হচ্ছে। মাঝের থেকে পশ্চিম মহাদেশে আজ মানবপ্রকৃতি ছই তরফ থেকেই ঢেলা থেয়ে মরছে। আমার মনে পড়ছে আমাদের বাউলের গান—

নিঠুর গরজী,
তুই কি মানসমূক্ল ভাজবি আগুনে?
তুই ক্ল ফুটাবি বাস ছুটাবি সবুর বিহুনে।
দেখ-না আমার পরম গুরু সাঁই
সে যুগযুগান্তে ফুটায় মুকুল, তাড়াহুড়া নাই।
তোর লোভ প্রচণ্ড, তাই ভরসা দণ্ড—
এর আছে কোন্ উপায়।
কয় সেমন দিস নে বেদন, শোন্ নিবেদন,
সেই শ্রীগুরুর মনে।
সহজধারা আপনহারা তাঁর বাণী শোনে
রে গরজী॥

সোভিয়েট রাশিরার লোকশিক্ষা সম্বন্ধে আমার যা বক্তব্য সে আমি বলেছি, তা ছাড়া সেখানকার পলিটিক্স্ মৃনফা-লোল্পদের লোভের দারা কল্ষিত নয় বলে রাশিরা রাষ্ট্রের অন্তর্গত নালাবিধ প্রজা জাতিবর্ণ-নিবিশেষে সমান অধিকারের দারা ও প্রকৃষ্ট শিক্ষার স্থযোগে সমানিত হয়েছে, এ কথাটারও আলোচনা করেছি। আমি ব্রিটিশ-ভারতের প্রজা বলেই এই ছটি ব্যাপার আমাকে এত গভীরভাবে আনন্দ দিয়েছে।

এখন বোধ করি একটি শেষ প্রশ্নের উত্তর আমাকে দিতে হবে। বলদেভিক অর্থনীতি সম্বন্ধে আমার মত কী, এ কথা অনেকে আমাকে জিজ্ঞাসা করে থাকেন। আমার ভর এই বে, আমরা চিরদিন শাস্ত্রশাসিত পাণ্ডাচালিত দেশ, বিদেশের আমদানি বচনকে একেবারেই বেদবাক্য বলে নেনে নেবার দিকেই আমাদের মৃদ্ধ মনের ঝোঁক। গুরুমন্ত্রের মোহ থেকৈ সামলিয়ে নিয়ে আমাদের বলা দরকার যে, প্রয়োগের ছারাই মতের বিচার হতে পারে, এখনো পরীক্ষা শেষ হয় নি। যে-কোনো মতবাদ মাস্থ-সম্বন্ধীয় তার প্রধান অন্ধ হচ্ছে মানবপ্রকৃতি। এই মানবপ্রকৃতির সন্ধে তার সামঞ্জ কী পরিমাণে ঘটবে তার সিদ্ধান্ত হতে সময় লাগে। তত্তাকে সম্পূর্ণ গ্রহণ করবার পূর্বে অপেক্ষা করতে হবে। কিন্তু তবু সে সম্বন্ধে আলোচনা করা চলে, কেবলমাত্র লঞ্জিক নিয়ে বা অন্ধ কষে নয়— মানবপ্রকৃতিকে সামনে রেখে।

মান্ত্বের মধ্যে ছুটো দিক আছে— এক দিকে সে বতন্ত্র, আর-এক দিকে সে সকলের সদে যুক্ত। এর একটাকে বাদ দিলে যেটা বাকি থাকে সেটা অবান্তব। যথন কোনো একটা ঝোঁকে পড়ে মান্ত্য এক দিকেই একান্ত উধাও হরে বার এবং ওজন হারিয়ে নানাপ্রকার বিপদ ঘটাতে থাকে তথন পরামর্শদাতা এসে সংকটটাকে সংক্ষেপ করতে চান; বলেন, অন্ত দিকটাকে একেবারেই হুটে দাও। ব্যক্তিবাতন্ত্র্য যথন উৎকট বার্থ-পরতার পৌছিয়ে সমাজে নানাপ্রকার উৎপাত মথিত করে তথন উপদেষ্টা বলেন, বার্থ থেকে ব্য-টাকে এক কোপে দাও উড়িয়ে, তা হলেই সমন্ত ঠিক চলবে। তাতে হরতো উৎপাত কমতে পারে, কিন্তু চলা বন্ধ হওরা অসম্ভব নয়। লাগাম-ছেড়া ঘোড়া গাড়িটাকে খানার ফেলবার জো করে— ঘোড়াটাকে গুলি করে মারলেই যে তার পর থেকে গাড়িটা অস্থভাবে চলবে, এমন চিন্তা না করে লাগামটা সম্বন্ধে চিন্তা করবার দরকার হয়ে ওঠে।

দেহে দেহে পৃথক বলেই মাহ্য কাড়াকাড়ি হানাহানি করে থাকে, কিন্তু সব মাহ্যকে এক দড়িতে আষ্টেপৃষ্ঠে বেঁধে সমস্ত পৃথিবীতে একটিমাত্র বিপুল কলেবর ঘটিয়ে ভোলবার প্রস্তাব বলগবিত অর্থতাত্বিক কোনো জারের মৃথেই শোভা পায়। বিধাতার বিধিকে একেবারে সমূলে অতিদিষ্ট করবার চেষ্টায় যে পরিমাণে সাহস তার চেয়ে অধিক পরিমাণে মৃত্তা দয়কার করে।

একদিন ভারতের সমাজটাই ছিল প্রধানত পদ্দীসমাজ। এইরকম ঘনিষ্ঠ পদ্দীসমাজে ব্যক্তিগত সম্পত্তির সঙ্গে সমাজগত সম্পত্তির সামঞ্জ ছিল। লোকমতের
প্রভাব ছিল এমন যে, ধনী আপনার ধন সম্পূর্ণ আপন ভোগে লাগাতে আগোরব বোধ
করত। সমাজ তার কাছ থেকে আহ্নকূল্য স্বীকার করেছে বলেই তাকে কৃতার্থ
করেছে, অর্থাৎ ইংরেজি ভাষায় যাকে চ্যারিটি বলে এর মধ্যে তা ছিল না। ধনীর স্থান
ছিল সেখানেই যেখানে ছিল নির্ধন; সেই সমাজে আপন স্থানমর্যাদা রক্ষা করতে গেলে
ধনীকে নানা পরোক্ষ আকারে বড়ো অঙ্কের থাজনা দিতে হত। গ্রামে বিশুদ্ধ জল,
বৈজ, পঞ্জিত, দেবালয়, যাত্রা, গান, কথা, পথ্যাট, সমস্তই রক্ষিত হত গ্রামের ব্যক্তিগত
অর্থের সমাজমুখীন প্রবাহ থেকে, রাজকর থেকে নয়। এর মধ্যে জেছা এবং সমাজের

ইচ্ছা ছ'ই মিলতে পেরেছে। যেহেতু এই আদানপ্রদান রাষ্ট্রীর যারযোগে নর, পরস্ক মাহুষের ইচ্ছাবাহিত, সেইজ্বন্তে এর মধ্যে ধর্মসাধনার ক্রিয়া চলত, অর্থাৎ এতে কেবল-মাত্র আইনের চালনার বাহ্য ফল ফলত না, অন্তরের দিকে ব্যক্তিগত উৎকর্ষসাধন হত। এই ব্যক্তিগত উৎকর্ষই মানবসমাজের স্থায়ী কল্যাণময় প্রাণবান আপ্রয়।

বণিকসম্প্রনায়, বিত্ত থাটিয়ে লাভ করাটাই যাদের ম্থ্য ব্যবসায়, তারা সমাজে ছিল পতিত। যেহেত্ তথন ধনের বিশেষ সমান ছিল না এইজন্ত ধন ও অধনের একটা মন্ত বিভেদ তথন ছিল অবর্তমান। ধন আপন বৃহৎ সক্ষয়ের দ্বারা নয়, আপন মহৎ দায়িত পূবণ করে তবে সমাজে মর্যাদা লাভ করত; নইলে তার ছিল লজ্জা। অর্থাৎ সমান ছিল ধর্মের, ধনের নয়। এই সমান সমর্পণ করতে গিয়ে কারো আত্মসমানের হানি হত না। এখন সেদিন গেছে বলেই সামাজিক-দায়িত্বীন ধনের প্রতি একটা অসহিষ্কৃতার লক্ষণ নানা আকারে দেখা যাছে। কারণ, ধন এখন মাম্বকে অর্ঘ্য দেয় লা, তাকে অপ্যানিত করে।

যুরোপীয় সভাতা প্রথম থেকেই নগরে সংহত হবার পথ খুঁজেছে। নগরে মান্তবের স্থাগ হয় বড়ো, সম্বন্ধ হয় থাটো। নগর অতিবৃহৎ, মান্ত্র্য সেথানে বিক্ষিপ্ত, ব্যক্তি-স্বাভয়্য একান্ত, প্রতিযোগিতার মথন প্রবল। ঐশর্য সেথানে ধনী-নির্ধনের বিভাগকে বাড়িয়ে তোলে এবং চ্যারিটির দ্বারা যেটুকু যোগসাধন হয় তাতে সান্তনা নেই, সন্মান নেই। সেথানে যারা ধনের অধিকারী এবং যারা ধনের বাহন তাদের মধ্যে আর্থিক যোগ আছে, সামাজিক সম্বন্ধ বিকৃত অথবা বিচ্ছিয়।

এমন অবস্থার বয়য়ৄগ এল, লাভের অফ বেড়ে চলল অসম্ভব পরিমাণে। এই লাভের মহামারী সমস্ত পৃথিবীতে বখন ছড়াতে লাগল তখন যারা দ্রবাসী অনাত্মীয়, যারা নির্ধন, তাদের আর উপায় রইল না— চীনকে খেতে হল আফিম; ভারতকে উজাড় করতে হল তার নিজস্ব; আফ্রিকা চিরদিন পীড়িত, তার পীড়া বেড়ে চলল। এ তো গেল বাইরের কথা, পশ্চিম মহাদেশের ভিতরেও ধনী-নির্ধনের বিভাগ আজ অত্যস্ত কঠোর; জীবনযাত্রার আদর্শ বছমূল্য ও উপকরণবহুল হওয়াতে তুই পক্ষের ভেদ অত্যস্ত প্রবল হয়ে চোখে পড়ে। সাবেক কালে, অস্তত আমাদের দেশে, এশর্মের আড়ম্বর ছিল প্রধানত সামাজিক দানে ও কর্মে, এখন হয়েছে ব্যক্তিগত ভোগে। তাতে বিশ্বিত করে, আনন্দিত করে না; দ্বর্মা জাগায়, প্রশংসা জাগায় না। সব চেয়ে রড়ো কথাটা হচ্ছে এই যে, তখন সমাজে ধনের ব্যবহার একমাত্র দাতার জেছার উপর নির্ভর করত না, তার উপয়ে ছিল সামাজিক ইচ্ছার প্রবল প্রভাব। হতরাং দাতাকে নম্ম হয়ে দান করতে হত; 'শ্রক্ষা দেয়ং' এই কথাটা খটিত।

মোট কথা হচ্ছে, আধুনিক কালে ব্যক্তিগত ধনসঞ্চয় ধনীকে যে প্রবল শক্তিয় অধিকার দিছে তাতে সর্বজনের সন্মান ও আনন্দ থাকতে পারে না। তাতে এক পক্ষে অসীম লোভ, অপর পক্ষে গভীর ঈর্বা, মাঝখানে ত্তর পার্থকা। সমাজে সহযোগিতার চেয়ে প্রতিযোগিতা অসম্ভব বড়ো হয়ে উঠল। এই প্রতিযোগিতা নিজের দেশের এক শ্রেণীর সলে অন্ত শ্রেণীর, এবং বাহিরে এক দেশের সঙ্গে অন্ত দেশের। তাই চার দিকে সংশয়হিংশ্র অন্ত শানিত হয়ে উঠছে, কোনো উপায়েই তার পরিমাণ কেউ ধর্ব করতে পারছে না। আর, পরদেশী যারা এই দ্রন্থিত ভোগরাক্ষসের ক্ষ্ণা মেটাবার কাজে নিযুক্ত তাদের রক্তবিরল ক্ষণতা যুগের পর যুগে বেড়েই চলেছে। এই বছবিন্থত ক্ষণতার মধ্যে পৃথিবীর অশান্তি বাসা বাঁধতে পারে না, এ কথা যারা বলদর্পে কল্পনা করে তারা নিজের গোঁয়ার্তমির অন্ধতার হারা বিড়ম্বিত। যারা নিরম্ভর হঃথ পেয়ে চলেছে দেই হতভাগারাই হঃধবিধাভার প্রেরিত দ্তদের প্রধান সহায়; তাদের উপবাদের মধ্যে প্রলয়ের আগুন সঞ্চিত হচ্ছে।

বর্তমান সভ্যতার এই অমানবিক অবস্থায় বলপেভিক নীতির অভ্যুদয়; বায়্ন
মগুলের এক অংশে তহুত ঘটলে ঝড় যেমন বিহ্যদম্ভ পেষণ করে মারম্তি ধরে
ছুটে আসে এও সেইরকম কাণ্ড। মানবস্মাজে সামঞ্জয় ভেঙে গেছে বলেই এই
একটা অপ্রাকৃতিক বিপ্লবের প্রাহ্রভাব। সমষ্টির প্রতি ব্যষ্টির উপেক্ষা ক্রমশই বেড়ে
উঠছিল বলেই সমষ্টির দোহাই দিয়ে আজ ব্যষ্টিকে বলি দেবার আত্মঘাতী প্রস্তাব
উঠেছে। তারে অগ্নিগিরি উৎপাত বাধিয়েছে বলে সম্প্রকেই একমাত্র বন্ধু বলে এই
ঘোষণা। তারহীন সম্জের রীতিমত পরিচয় যথন পাওয়া যাবে তখন কুলে ওঠবার
জন্মে আবার আকুবাকু করতে হবে। সেই ব্যষ্টিবর্জিত সমষ্টির অবান্তবতা কখনোই
মাহ্র্য চিরদিন সইবে না। সমাজ থেকে লোভের হুর্গগুলোকে জয় করে আয়ভ
করতে হবে, কিন্তু ব্যক্তিকে বৈতরণী পার করে দিয়ে সমাজরক্ষা করবে কে।
অসম্ভব নয় যে, বর্তমান কয় য়ুণে বলশেভিক নীতিই চিকিৎসা; কিন্তু চিকিৎসা তো
নিত্যকালের হতে পারে না, বস্তুত ডাক্ডারের শাসন যেদিন ঘুচবে সেইদিনই রোগীর
ভভদিন।

আমাদের দেশে আমাদের পদ্ধীতে পদ্ধীতে ধন- উৎপাদন ও পরিচালনার কাজে সমবারনীতির জয় হোক, এই আমি কামনা করি। কারণ, এই নীতিতে যে সহযোগিতা আছে তাতে সহযোগীদের ইচ্ছাকে চিস্তাকে তিরস্কৃত করা হয় না বলে, মানব প্রস্কৃতিকে স্বীকার করা হয়। সেই প্রস্কৃতিকে বিরুদ্ধ করে দিয়ে জোর খাটাতে গেলে সে জোর খাটবে না।

ইংলতে একদা কোনো-এক গ্রামে একজন কৃষকের বাড়িতে ছিলুম। দেখলুম,
লগুনে যাবার জ্বস্তে ধরের মেয়েগুলির মন চঞ্চল। শহরের সর্ববিধ ঐশর্ষের তুলনার
গ্রামের সম্বলের এত দীনতা যে, গ্রামের চিত্তকে স্বভাবতই সর্বদা শহরের দিকে টানছে।
দেশের মাঝখানে থেকেও গ্রামগুলির যেন নির্বাসন। রাশিয়ায় দেখেছি, গ্রামের সঙ্গে
শহরের বৈপরীত্য ঘূচিয়ে দেবার চেট্টা। এই চেট্টা যদি ভালো করে সিদ্ধ হয় তা হলে
শহরের অস্বাভাবিক অতিবৃদ্ধি নিবারণ হবে। দেশের প্রাণশক্তি চিন্তাশক্তি দেশের
সর্বত্র ব্যাপ্ত হয়ে আপন কাজ করতে পারবে।

আমাদের দেশের গ্রামগুলিও শহরের উচ্ছিষ্ট ও উদ্বৃত্ত -ভোজী না হয়ে ময়্যত্বের পূর্ব সমান ও সম্পদ ভোগ করুক, এই আমি কামনা করি। একমাত্র সমবায়প্রণালীর দারাই গ্রাম আপন সর্বাদীণ শক্তিকে নিমজ্জনদশা থেকে উদ্ধার করতে পারবে, এই আমার বিশাস। আক্ষেপের বিষয় এই যে, আজ পর্যন্ত বাংলাদেশে সমবায়প্রণালী কেবল টাকা ধার দেওয়ার মধ্যেই মান হয়ে আছে, মহাজনী গ্রাম্যভাকেই কিঞিৎ শোধিত আকারে বহন করছে, সমিলিত চেষ্টায় জীবিকা উৎপাদন ও ভোগের কাজে সে লাগল না।

তার প্রধান কারণ, যে শাসনতন্তকে আশ্রন্ধ করে আমলা-বাহিনী সমবান্ধনীতি আমাদের দেশে আবিভূতি হল সে বন্ধ, অন্ধ, বধির, উদাসীন। তা ছাড়া হয়তো এ কথা লক্ষার সন্ধে স্বীকার করতে হবে বে, চরিত্রে যে গুণ থাকলে সমবেত হওয়া সহজ্ঞ হয় আমাদের সে গুণ নেই; বারা হ্বল পরস্পরের প্রতি বিশাস তাদের হ্বল। নিজের পরে অশ্রন্ধাই অপরের প্রতি অশ্রন্ধার ভিত্তি। যারা দীর্ঘকাল পরাধীন, আত্মসন্মান হারিমে তাদের এই হুর্গতি। প্রভূশ্রেণীর শাসন তারা নতশিরে স্বীকার করতে পারে, কিন্তু সম্প্রেনি চালনা তারা সন্ধ করে না। স্বশ্রেণীকে বঞ্চনা করা এবং তার প্রতি নিষ্ঠুর বাবহার করা তাদের পক্ষে সহজ্ঞ।

ক্ষশীর গল্পের বই পড়ে জানা যার, সেখানকার বছকাল-নির্বাতন-পীড়িত রুষকদেরও এই দশা। যতই হংসাধ্য হোক, জার কোনো রাস্তা নেই, পরস্পরের শক্তিকে মনকে সম্মিলিত করবার উপলক্ষ সৃষ্টি করে প্রকৃতিকে শোধন করে নিতে হবে। সমবার-প্রধালীতে ঋণ দিয়ে নয়, একত্র কর্ম করিয়ে পল্লীবাসীর চিন্তকে ঐক্যপ্রবণ করে তুলে তবে আমরা পল্লীকে বাঁচাতে পারব।

পরিশিষ্ট

গ্রামবাদীদিগের প্রতি

শ্রীনিকেতন বাৎসরিক উৎসবে সমবেত গ্রামবাসীগণের নিকট ক্ষিত

বন্ধুগণ, আমি এক কংসর প্রবাসে পশ্চিম মহাদেশের নানা জারগার ঘুরে আবার আমার আপন দেশে ফিরে এসেছি। একটি কথা ভোমাদের কাছে বলা দরকার— অনেকেই হয়তো ভোমরা অহভব করতে পারবে না কথাটি কতথানি সত্য। পশ্চিমের দেশ বিদেশ হতে এত হঃখ আজ প্রকাশ হয়ে পড়েছে ভিতর থেকে— এরকম চিত্র যে আমি দেখব মনে করি নি। তারা হথে নেই। সেখানে বিপুল পরিমাণে আসবাবপত্র নানারকম আয়োজন উপকরণের স্পষ্ট হয়েছে সন্দেহ নেই। কিছু গভীর অশান্তি তার এক প্রান্ত থেকে অপর প্রান্তে; স্থগভীর একটা হঃখ তাদের সর্বত্র অধিকার করে রয়েছে।

আমার নিজের দেশের উপর কোনো অভিমান আছে বলে এ কথাটি বলছি মনে কোরোনা। বস্তুত মুরোপের প্রতি আমার গভীর শ্রন্ধা আছে। পশ্চিম মহাদেশে মাহ্য যে সাধনা করছে সে সাধনার যে মূল্য তা আমি অন্তরের সঙ্গে স্বীকার করি। স্বীকার না করাকে অপরাধ বলে গণ্য করি। সে মাহ্যকে অনেক এশ্র্য দিয়েছে, এশ্র্যের পন্থা বিস্তৃত করে দিয়েছে। সব হয়েছে। কিন্তু, তৃঃধ পাপে। কলি এমন কোনো ছিন্ত দিয়ে প্রবেশ করে, তা প্রথমত চোখেই পড়েনা। ক্রমে ক্রমে তার ফল আমরা দেখতে পাই।

আমি সেখানকার অনেক চিস্তাশীল মনীষীর সক্ষে আলাপ করেছি। তাঁরা উদ্বিশ্ন হয়ে ভাবতে বসেছেন— এত বিছা, এত জ্ঞান, এত শক্তি, এত সম্পদ, কিন্তু কেন স্থধ নেই, শাস্তি নেই। প্রতি মৃহুর্তে সকলে শন্ধিত হয়ে আছে, কখন একটা ভীষণ উপদ্রব প্রলয়কাণ্ড বাধিয়ে দেবে। তাঁরা কী স্থির করলেন বলতে পারি না। এখনো বোধ হয় ভালো করে কোনো কারণ নির্ণন্ধ করতে পারেন নি কিন্তা তাঁদের মধ্যে নানান লোক আপন আপন স্বভাব-অহুসারে নানারকম কারণ কল্পনা করেছেন। আমিও এ সম্বন্ধে কিছু চিন্তা করেছি। আমি যেটা মনে করি সেটা সম্পূর্ণ সত্য কি না জ্ঞানি না; কিন্তু আমার নিজের বিশাস, এর কারণটি কোখার তা আমি অহুভব করতে পেরেছি ঠিকমত।

পশ্চিম দেশ যে সম্পদ স্বাষ্ট্র করেছে সে অভিবিপুল প্রচণ্ডশক্তিসম্পন্ন যন্ত্রের বোগে।

ধনের বাহন হয়েছে যন্ত্র, আবার সেই যদ্তের বাহন হয়েছে মাহ্রয়। ছাজার হাজার বছ শতসহস্র। তার পর যান্ত্রিক সম্পৎ-প্রতিষ্ঠার বেদীরূপে তারা বড়ো বড়ো শহর তৈরি করেছে। সে শহরের পেট ক্রমেই বেড়ে চলেছে, তার পরিধি অত্যন্ত বড়ো হয়ে উঠল। নিউইয়র্ক লগুন প্রভৃত্তি শহর বহু গ্রাম-উপগ্রামের প্রাণশক্তি গ্রাস করে তবে একটা বৃহৎ দানবীয় রূপ ধারণ করেছে। কিন্তু একটি কথা মনে রাখতে হবে— শহরে মাহ্র্য কথনো ঘনিষ্ঠভাবে সম্বন্ধ্বক হতে পারে না। দ্রে যাবার দরকার নেই— কলিকাতা শহর, যেধানে আমরা থাকি, জানি, প্রতিবেশীয় সঙ্গে সেধানে প্রতিবেশীয় স্থে তৃঃথে বিপদে আপদে কোনো সম্বন্ধ নেই। আমরা তাদের নাম পর্যন্ত জানি নে।

মাহ্যের একটি স্বাভাবিক ধর্ম আছে, সে তার সমাজধর্ম। সমাজের মধ্যে সে ধ্বার্থ আপনার আশ্রের পার পরস্পরের যোগে। পরস্পর সাহায্য করে বলে মাহ্য যে শক্তি পার আমি তার কথা বলি না। মাহ্যেরে সম্বন্ধ যথন চারি দিকের প্রতিবেশীর মধ্যে, যথন আপন ঘরে এবং আপন ঘরের বাইরে ব্যাপ্ত হয়, তখন সে সম্বন্ধের বৃহত্ত মাহ্যুষ্যকে আপনি আনন্দ দেয়। আমাদের গভীর পরিতৃপ্তি সেখানে যেখানে কেবলমাত্র ব্যবহারিক সম্বন্ধ নয়, স্থ্যোগ-স্থবিধার সম্বন্ধ নয়, ব্যাবসার সম্বন্ধ নয়, কিন্তু সকলরকম স্বার্থের অতীত আত্মীয়সম্বন্ধ। সেখানে মাহ্যু আর-সমন্ত থেকে বঞ্চিত হতে পারে, কিন্তু মানব-আত্মার তৃপ্তি তার প্রত্ন পরিমাণে হয়।

বিদেশে আমাকে অনেকে জিজ্ঞাসা করেছেন— বাকে ওঁরা 'হ্যাপিনেস্' বলেন, আমরা বলি স্থুখ, এর আধার কোথায়। মাছ্য স্থুখী হয় সেখানেই যেখানে মাছ্যের সঙ্গে মাছ্যের সঙ্গল পতা হয়ে ওঠে— এ কথাটি বলাই বাছল্য। কিন্তু আজকের দিনে এটা বলার প্রয়োজন হয়েছে। কেননা, এই সম্বন্ধকে বাদ দিয়ে যেখানে ব্যাবসাঘটিত যোগ সেখানে মাছ্য এত প্রচুর ফললাভ করে— বাইরের ফল— এত তাতে মূন্ফা হয়, এতরকম স্থযোগ-স্থবিধা মাহ্য পার যে মাহ্যের বলবার সাহস থাকে না, এটাই সভ্যতার চরম বিকাশ নর। এত পার! এত তার শক্তি! যন্ত্রযোগে যে শক্তি প্রবল হরে ওঠে তার দারা এমনি করে সমন্ত পৃথিবীকে সে অভিভূত করেছে, বিদেশের এত লোককে তার নিজের দাসত্বে ব্রতী করতে পেরেছে— তার এত অহংকার! আর, সেই সঙ্গে এমন অনেক স্থবোগ-স্বিধা আছে যা বস্তুত মাহ্যের জীবনযাত্রার পথে অত্যন্ত অস্কুল। সেগুলি ঐশ্বযোগে উদ্ভূত হয়েছে। এগুলিকে চরম লাভ বলে মাহ্য সহজেই মনে করে। না মনে করে থাকতে পারে না। এর কাছে সে বিকিয়ে দিয়েছে মাহ্যের সকলের চেয়ে বড়ো জিনিস, সে হল মানবসক্ষ।

মাহ্ব বন্ধকে চান্ন, যারা হথে ত্থে আমার আপন, যাদের কাছে বলে আলাপ করলে খুলি হই, যাদের বাপ-মার সঙ্গে আমার সহদ্ধ ছিল, যাদের আমার পিতৃস্থানীয় বলে জেনেছি, যাদের ছেলেরা আমার পুত্রসন্তানের স্থানীয়। এ-সব পরিমণ্ডলীর ভিতর মাহ্ব আপনার মানবস্বকে উপলব্ধি করে।

একথা সত্য, একটা প্রকাণ্ড দানবীয় ঐশর্ষের মধ্যে মাহ্ন্য আপনার শক্তিকে অহভব করে। সেও বছম্পা, আমি তাকে অবজ্ঞা করব না। কিন্ধু সেই শক্তি-বিন্তারের সঙ্গে সঙ্গে বদি মাহ্ন্যী সম্বন্ধ-বিকাশের অহন্ত্বপ ক্ষেত্র কেবলই সংকীর্ণ হতে থাকে তবে সেই শক্তি শক্তিশেল হয়ে উঠে মাহ্ন্যকে মারে, মারবার অহা তৈরি করে, মাহ্ন্যের সর্বনাশ করবার জন্ম বড়্যন্ত্র করে, অনেক মিথ্যার স্থিষ্ট করে, অনেক নিষ্ঠ্রতাকে পালন করে, অনেক বিষর্ক্ষের বীজ রোপণ করে সমাজে। এ হতেই হবে। দরদ যখন চলে যায়, মাহ্ন্য অধিকাংশ মাহ্ন্যকে যখন প্রয়োজনীয় সামগ্রীর মতো দেখতে অভ্যন্ত হয়, লক্ষ লক্ষ মাহ্ন্যকে যখন দেখে 'তারা আমার কলের চাকা চালিয়ে আমার কাপড় সন্তা করবে, আমার থাবার জুগিয়ে দেবে, আমার ভোগের উপকরণ হুগম করবে'— এইভাবে যখন মাহ্ন্যকে দেখতে অভ্যন্ত হয় তখন তারা মাহ্নকে দেখে না, মাহ্ন্যের মধ্যে কলকে দেখে।

এখানে চালের কল আছে। সেই কল-দানবের চাকা সাঁওতাল ছেলেমেরেরা।
ধনী তাদের কি মাহ্র মনে করে। তাদের স্থতঃথের কি হিসেব আছে। প্রতিদিনের
পাওনা গুনে দিরে তার কাছে কষে রক্ত শুষে কাজ আদার করে নিচ্ছে। এতে টাকা
হয়, স্থও হয়, অনেক হয়, কিস্কু বিকিয়ে যায় মায়্র্যের সকলের চেয়ে শ্রেষ্ঠ মানবত্ব।
দরামায়া, পরস্পরের সহজ আহ্রক্লা, দরদ— কিছু থাকে না। কে দেখে তাদের ঘরে
কী হয়েছে না হয়েছে। একসময় আমাদের গ্রামে উচ্চনীচের ভেদ ছিল না তা নয়—
প্রভু ছিল, দাস ছিল; পণ্ডিত ছিল, অজ্ঞান ছিল; ধনী ছিল, নির্ধন ছিল; কিস্কু সকলের
স্থতঃথের উপর সকলের দৃষ্টি ছিল। পরস্পর সম্মিলিত হয়ে এক্ত্রীভূত একটা
জীবন্যাত্রা তারা তৈরি করে তুলেছিল। পূজাপার্বনে আনন্দ-উৎসবে সকল সম্বজ্ব
প্রতিদিন তারা নানারকমে মিলিত হয়েছে। চণ্ডীমগুপে এসে গয় করেছে দাদাঠাকুরের
সঙ্গেন। যে অস্তান্ধ্ব সেও একপাশে বসে আনন্দের অংশ গ্রহণ করেছে। উপর-নীচ
জ্ঞানী-অক্তানীর মাঝখানে যে রাস্তা যে সেতু সেটা থোলা ছিল।

আমি পল্লীর কথা বলছি, কিন্তু মনে রেখো— পল্লীই তখন সব; শহর তখন নগণ্য বলতে চাই না, কিন্তু গোণ, মৃথ্য নর, প্রধান নয়। পল্লীতে পল্লীতে কভ পণ্ডিত, কভ ধনী, কত মানী, আপনার পল্লীকে জন্মস্থানকে আপনার করে বাস করেছে। সমস্ত জীবন হয়তো নবাবের ঘরে, দরবারে কাজ করেছে। যা-কিছু সম্পদ ভারা পদ্লীতে এনেছে। সেই অর্থে টোল চলেছে, পাঠশালা বলেছে, রান্তাঘাট হয়েছে, অতিথিশালা, বাত্রা-পূজা-অর্চনার প্রাথের মনপ্রাণ এক হরে মিলেছে। গ্রামে আমাদের দেশের প্রাণ্প্রতিষ্ঠা ছিল, তার কারণ গ্রামে মাহ্মষের সঙ্গে মাহ্মষের যে সামাজিক সম্বন্ধ সেটা সভ্য হতে পারে। শহরে তা সম্ভব নয়। অভত্রব সামাজিক মাহ্মষ আশ্রন্ধ পায় গ্রামে। আর, সামাজিক মাহ্মষের জক্তই তো সব। ধর্মকর্ম সামাজিক মাহ্মষেরই জক্ত। লক্ষপতি ক্রোড়পতি টাকার থলি নিয়ে গদিয়ান হয়ে বসে থাকতে পারে। বড়ো বড়ো হিসাবের থাতা ছাড়া তার আর কিছু নেই, তার সঙ্গে কারো সম্বন্ধ কোবার। আপনার টাকার গড়খাই করে তার মধ্যে সে বসে আছে, সর্বসাধারণের সঙ্গে তার সম্বন্ধ কোথার।

এখনকার সঙ্গে তুলনা করলে অনেক অভাব আমাদের দেশে ছিল। এখন আমরা কলের জল থাই, তাতে রোগের বীজ কম; ভালো ডাক্তার পাই, ডাক্তারখানা আছে; জ্ঞানবিজ্ঞানের সাহায্যে অনেক স্থযোগ ঘটেছে। আমি তাকে অসম্মান করি নে; কিন্তু আমাদের থুব একটা বড়ো সম্পদ ছিল, সে হচ্ছে আত্মীয়তা। এর চেয়ে বড়ো সম্পদ নেই। এই আত্মীয়তার যেখানে অভাব সেখানে স্থশান্তি থাকতে পারে না।

সমস্ত পশ্চিম মহাদেশে মাহুষে মাহুষে আত্মীয়তা অত্যস্ত ভাসা-ভাসা। তার গভীর শিকড় নেই। সকলে বলছে, "আমি ভোগ করব, আমি বড়ো হব, আমার নাম হবে, আমার মূনফা হবে।" যে তা করছে তার কতবড়ো সম্মান। তার ধনশক্তির পরিমাপ করতে গিয়ে সেখানকার লোকের মন রোমাঞ্চিত হয়ে ওঠে। ব্যক্তিগত শক্তির এইরকম উপাসনা এমনভাবে আমাদের দেশে দেখি নি। কিছু না, একটা লোক ভধু ঘূষি চালাতে পারে। সে ঘূষির বড়ো ওস্তাদ রাস্তা দিয়ে বেরোল, রাস্তায় ভিড় জনে গেল। থবর এল সিনেমার নটী লগুনের রাম্ভা দিয়ে গাড়ি করে আসছে, গাড়ির ভিতর থেকে চকিতে তাকে দেখবে বলে জনতায় রাস্তা নিরেট হয়ে উঠল। আমাদের দেশে মহদাশয় বাঁকে বলি তিনি এলে আমরা সকলে তাঁর চরণধুলো নেব। মহাত্মা গান্ধী यिन जारमन दिश्व लोक स्थरिन यारि । ठींत ना जारह जर्थ, ना जारह राह्रकन, কিন্তু আছে হানন্ত, আছে আধ্যাত্মিক শক্তি। আমি যতদ্র জানি তিনি ঘুষি মারতে জানেন না, কিন্তু মাহুষের সঙ্গে মাহুষের সম্বন্ধকে তিনি বড়ো করে স্থীকার করেছেন; আপনাকে তিনি স্বতন্ত্র করে রাখেন নি, তিনি আমাদের সকলের, আমরা नकल छैरित। वाम्, इरम भिल, अत किस दिनि आमत्रा किছू त्वि न। छैरित किस व्यत्नक विद्यान, व्यत्नक खानी, व्यत्नक धनी व्याद्धः, किन्न व्याकारमञ्जल प्रमा प्रभरत आंधानात्नत्र अंधर्य। এ कि कम कथा। अत्र थिक वृत्ति, आंधारनत्र मिल्पत्र लांक की हां।।

পাণ্ডিতা নয়, ঐশ্বর্ধ নয়, আর কিছু নয়, চায় মায়্র্যের আত্মার সম্পদ। কিন্তু দিনে দিনে পরিবর্তন হয়ে এসেছে। আমি গ্রামে অনেকদিন কাটিয়েছি, কোনোরকম চাট্রাক্য বলতে চাই নে। গ্রামের যে মূর্তি দেখেছি সে অতি কুংসিত। পরস্পরের মধ্যে ঈর্ষা বিদেষ হলনা বঞ্চনা বিচিত্র আকারে প্রকাশ পায়। মিথ্যা মকন্দমায় সাংঘাতিক জালে পয়স্পরকে জড়িয়ে মারে। সেখানে ফ্রাতি কতদ্র শিকড় গেড়েছে তা চক্ষে দেখেছি। শহরে কভকগুলি স্থবিধা আছে, গ্রামে তা নেই; গ্রামের যেটা আপন জিনিস ছিল তাও আজ্ব সে হারিয়েছে।

মনের মধ্যে উৎকণ্ঠা নিয়ে আজ এসেছি গ্রামবাদী ভোষাদের কাছে। পূর্বে তোমরা সমাজবন্ধনে এক ছিলে, আজ ছিন্নবিচ্ছিন্ন হরে পরস্পরকে কেবল আঘাত করছ। আর-একবার সন্মিলিত হরে তোমাদের শক্তিকে জাগিয়ে তুলতে হবে। বাহিরের আহুকুল্যের অপেক্ষা কোরো না। শক্তি তোমাদের মধ্যে আছে জেনেই সেই শক্তির আত্মবিশ্বৃতি আমরা ঘোচাতে ইচ্ছা করেছি। কেননা তোমাদের সেই শক্তির উপর সমস্ত দেশের দাবি আছে। ভিত যতই যাচ্ছে ধ্বসে উপরের তলায় ফাটল ধরছে— বাইরে খেকে পলস্থারা দিশ্বে বেশি দিন তাকে বাঁচিয়ে রাখা চলবে না।

এলো ভোমরা, প্রার্থীভাবে নয়, য়তীভাবে। আমাদের সহযোগী হও, তা হলেই
সার্থক হবে আমাদের এই উত্তোগ। গ্রামের সামাজিক প্রাণ স্বস্থ হয়ে সবল হয়ে
উঠুক। গানে গীতে কাব্যে কথায় অম্প্রানে আনন্দে শিক্ষায় দীক্ষায় চিত্ত জাগুক।
ভোমাদের দৈন্ত ত্বলতা আত্মাবমাননা ভারতবর্ষের ব্কের উপর প্রকাণ্ড বোঝা হয়ে
চেপে রয়েছে। আর-সকল দেশ এগিয়ে চলেছে, আমরা অজ্ঞানে অশিক্ষায় স্থাবর হয়ে
পড়ে আছি। এ সমস্তই দ্র হয়ে যাবে যদি নিজের শক্তিসম্বলকে সমবেত করতে
পারি। আমাদের এই শ্রীনিকেতনে জনসাধারণের সেই শক্তিসমবায়ের সাধনা।

পদ্দীদেবা

শ্ৰীনিকেতনের উৎসবে কথিত

বেদে অনম্বন্ধপকে বলেছেন আবি:, প্রকাশস্বরূপ। তাঁর প্রকাশ আপনার মধ্যেই সম্পূর্ণ। তাঁর কাছে মান্নবের প্রার্থনা এই যে: আবিরাবীর্ম এধি! হে আবি, আমার মধ্যে ভোমার আবির্ভাব হোক। অর্থাং, আমার আত্মায় অনম্বন্ধপের প্রকাশ চাই। জ্ঞানে প্রেমে কর্মে আমার অভিব্যক্তি অনম্বের পরিচয় দেবে, এতেই আমার সার্থকতা। আমাদের চিত্তবৃত্তি থেকে, ইচ্ছাশক্তি থেকে, কর্মোগ্যম থেকে, অপূর্ণভার আবরণ ক্রমে ক্রেমে মোচন করে অনস্বের সঙ্গে নিজের সাধর্ম্য প্রমাণ করতে থাকব এই হচ্ছে মান্নবের ধর্মসাধনা।

অগ্য জীবজন্ত যেমন অবস্থায় সংসারে এসেছে সেই অবস্থাতেই তাদের পরিণাম। অর্থাৎ, প্রকৃতিই তাদের প্রকাশ করেছে এবং সেই প্রকৃতির প্রবর্তনা মেনেই তারা প্রাণযাত্রা নির্বাহ করে, তার বেশি কিছু নয়। কিন্ত, নিজের ভিতর থেকে নিজের অন্তরতর সত্যকে নিরন্তর উদ্ঘাটিত করতে হবে নিজের উগ্যমে— মান্তবের এই চরম অধ্যবসায়। সেই আব্যোপলন্ধ সত্যেই তার প্রকাশ, প্রকৃতিনিয়ন্ত্রিত প্রাণযাত্রায় নয়। তাই তার ত্রন্তর প্রথিনা এই যে, সকল দিকেই অনন্তকে যেন প্রকাশ করি। তাই সেবলে, ভূমৈর স্থাং, মহত্তেই স্থা, নাল্লে স্থানন্তি, অল্ল-কিছুতেই স্থা নেই।

মাস্থ্যের পক্ষে তাই সকলের চেয়ে তুর্গতি যথন আপনার জীবনে সে আপন অন্তর্নিছিত ভূমাকে প্রকাশ করতে পারলে না— বাধাগুলো শক্ত হয়ে রইল। এই তার পক্ষে মৃত্যুর চেম্নে বড়ো মৃত্যু। আহারে বিহারে ভোগে বিলাসে সে পরিপুট্ট হতে পারে; কিছ জ্ঞানের দীপ্তিতে, ত্যাগের শক্তিতে, প্রেমের বিস্তারে, কর্মচেষ্টার সাহসে সে যদি আপনার প্রবৃদ্ধ মৃক্তস্বরূপ কিছু পরিমাণেও প্রকাশ করতে না পারে তরে তাকেই বলে 'মহতী বিনষ্টিং'। সে বিনষ্টি জীবের মৃত্যুতে নয়, আত্মার অপ্রকাশে।

সভ্যতা যাকে বলি তার এক প্রতিশব্দ হচ্ছে 'ভূমাকে প্রকাশ'। মাহুষের ভিতরকার যে 'নিহিতার্থ' যা তার গভীর সত্য, সভ্যতায় তারই আবিষ্কার চলছে। সভ্য মাহুষের শিক্ষাবিধি এত ব্যাপক, এত ছরুহ এইজন্মেই। তার সীমা কেবলই অগ্রসর হয়ে চলেছে; সভ্য মাহুষের চেষ্টা প্রকৃতিনির্দিষ্ট কোনো গঙীকে চরম বলতে চাচ্ছে না।

মান্থবের মধ্যে নিত্যপ্রসার্থমাণ সম্পূর্ণতার যে আকাজ্জা তার হুটো দিক, কিন্তু তারা পরম্পরযুক্ত। একটা ব্যক্তিগত পূর্ণতা, আর-একটা সামাজিক, এদের মাঝখানে ডেম নেই। ব্যক্তিগত উৎকর্ষের ঐকাস্তিকতা অসম্ভব। মানবলোকে ধারা শ্রেষ্ঠ পদবী পেয়েছেন তাঁদের শক্তি সকলের শক্তির ভিতর দিয়েই ব্যক্ত, তা পরিচ্ছিন্ন
নাম। মাহ্যষ বেখানে ব্যক্তিগতভাবে বিচ্ছিন্ন, পরম্পরের সহযোগিতা যেখানে নিবিড় নাম,
সেইখানেই বর্বরতা। বর্বর একা একা শিকার করে, খণ্ড খণ্ড ভাবে জীবিকার উপযুক্ত
অভিজ্ঞতা সঞ্চয় করে, সেই জীবিকার ভোগ অত্যন্ত ছোটো সীমার মধ্যে। বছজনের
চিত্তবৃত্তির উৎকর্ষসহযোগে নিজের চিত্তের উৎকর্ষ, বছজনের শক্তিকে সংযুক্ত করে
নিজের শক্তি, বছজনের সম্পদকে সমিলিত করার হারা নিজের সম্পদ স্বপ্রতিষ্ঠিত করাই
হল স্ভ্যু মানবের লক্ষ্য।

উপনিষৎ বলেন, আমরা যখন আপনার মধ্যে অক্সকে ও অক্সের মধ্যে আপনাকে পাই
তথনই সত্যকে পাই— ন ততো বিজ্ঞুপ্সতে— তখন আর গোপনে থাকতে পারি নে,
তখনই আমাদের প্রকাশ। সভ্যতার মাহ্র্য প্রকাশমান, বর্বরতার মাহ্র্য অপ্রকাশিত।
পরস্পরের মধ্যে পরস্পরের আত্মোপলির যতই সত্য হতে থাকে ততই সভ্যতার যথার্থ
স্বরূপ পরিক্ষ্ট হয়। ধর্মের নামে, কর্মের নামে, বৈষয়িকতার নামে, স্বাদেশিকতার
নামে, যেথানেই মাহ্র্য মানবলোকে ভেদ স্কৃষ্টি করেছে সেইখানেই ত্র্যতির কারণ গোচরে
অগোচরে বল পেতে থাকে। সেখানে মানব আপন মানবধর্মকে আঘাত করে, সেই
হচ্ছে আত্মঘাতের প্রকৃষ্ট পন্থা। ইতিহাসে যুগে তার প্রমাণ পাওয়া গেছে।

সভ্যতা-বিনাশের কারণ সন্ধান করলে একটিমাত্র কারণ পাওয়া যায়, সে হচ্ছে মানবসম্বন্ধের বিকৃতি বা ব্যাঘাত। যারা ক্ষমতাশালী ও যারা অক্ষম তাদের মধ্যেকার ব্যবধান প্রশস্ত হয়ে সেখানে সামাজিক সামঞ্জয় নষ্ট হয়েছে। সেখানে প্রভুর দলে, দাসের দলে, ভোগীর দলে, অভ্যক্তের দলে, সমাজকে দ্বিখণ্ডিত করে সমাজদেহে প্রাণ্প্রবাহের সঞ্চরণকে অবক্ষম করেছে; তাতে এক অক্ষের অতিপৃষ্টি এবং অন্য অক্ষের অতিশীর্ণতায় রোগের সৃষ্টি হয়েছে; পৃথিবীর সকল সভ্য দেশেই এই ছিদ্র দিয়ে আছ যমের চর আনাগোনা করছে। আমাদের দেশে তার প্রবেশপথ অন্য দেশের চেয়ে আরো যেন অবারিত। এই ত্র্টনা সম্প্রতি ঘটেছে।

একদিন আমাদের দেশে পদ্ধীসমাজ সজীব ছিল। এই সমাজের ভিতর দিয়েই ছিল সমন্ত দেশের বোগবদ্ধন, আমাদের সমন্ত শিক্ষাদীক্ষা ধর্মকর্মের প্রবাহ পদ্ধীতে পদ্ধীতে ছিল সঞ্চারিত। দেশের বিরাট চিত্ত পদ্ধীতে পদ্ধীতে প্রসারিত হয়ে আশ্রয় পেয়েছে, প্রাণ পেয়েছে। এ কথা সত্য যে, আধুনিক অনেক জ্ঞানবিজ্ঞান স্থযোগ-স্থবিধা থেকে আমরা বঞ্চিত ছিলুম। তথন আমাদের চেপ্তার পরিধি ছিল সংকীন, বৈচিত্র্য ছিল স্বন্ধ, জীবনষাত্রার আয়োজনে উপকরণে অভাব ছিল বিশ্বর। কিন্তু, সামাজিক প্রাণক্রিয়ার যোগ ছিল অবিচ্ছিয়া এখন তা নেই। নদীতে স্থোক যখন বহুমান থাকে ভখন সেই স্রোভের ঘারা এ পারে ও পারে, এ দেশে ও দেশে, আনাগোনা-দেনাপাওনার যোগ রক্ষা হয়। জল যখন শুকিয়ে যায় তখন এই নদীরই খাত বিষম বিয় হয়ে ওঠে। তখন এক কালের পথটাই হয় অন্ত কালের অপথ। বর্তমানে তাই ঘটেছে।

যাদের আমরা ভদ্রসাধারণ নাম দিয়ে থাকি তারা যে বিচালাভ করে, তাদের যা আকাজ্জা ও সাধনা, তারা যে-সব স্থযোগ-স্থবিধা ভোগ করে থাকে, সে-সব হল মরা নদীর শুদ্ধ গহ্বরের এক পাড়িভে— তার অপর পাড়ির সন্দে জ্ঞান-বিশ্বাস আচার-অভ্যাস দৈনিক জীবনযাত্রায় হন্তর দ্রত্ব। গ্রামের লোকের না আছে বিচা, না আছে আরবায়। বিদ্যাস না আছে অন্নবস্থ। ও দিকে যারা কলেজে পড়ে, ওকালতি করে, ডাকোরি করে, ব্যাক্তে টাকা জমা দেয়, তারা রয়েছে দ্বীপের মধ্যে; চারি দিকে অভল-স্পর্ল বিচ্ছেদ।

যে সায়ুজালের যোগে অক্পপ্রত্যকের বেদনা দেহের মর্মনানে পৌছয়, সমন্ত দেহের আত্মবোধ অকপ্রত্যকের বোধের সন্মিলনে সম্পূর্ণ হয়, তার মধ্যে যদি বিচ্ছিয়তা ঘটে তবে তো মরণদশা। সেই দশা আমাদের সমাজে। দেশকে মৃক্তিদান করবার জন্মে আজ যারা উৎকট অধ্যবসায়ে প্রবুত্ত এমন-সব লোকের মধ্যেও দেখা যায়, সমাজের মধ্যে গুরুতর ভেদ যেখানে, যেখানে পক্ষাঘাতের লক্ষণ, সেখানে তাঁদের দৃষ্টিই পড়ে না। থেকে থেকে বলে ওঠেন, কিছু করা চাই। কিছু কণ্ঠের সঙ্গে সঙ্গে হাত এগোয় না। দেশ সম্বন্ধে আমাদের যে উত্যোগ তার থেকে দেশের লোক বাদ পড়ে। এটা আমাদের এতই অভ্যন্ত হয়ে গেছে যে, এর বিপুল বিড়ম্বনা সম্বন্ধে আমাদের বোধ নেই। একটা তার দৃষ্টাস্ক দিই।

আমাদের দেশে আধুনিক শিকাবিধি বলে একটা পদার্থের আবির্ভাব হয়েছে। তারই নামে স্থল কলেজ ব্যাঙের ছাতার মতো ইতন্তত মাথা তুলে উঠেছে। এমন ভাবে এটা তৈরি যে, এর আলো কলেজি মওলের বাইরে অতি জয়ই পৌছয়— স্থের আলো টাদের আলোর পরিণত হয়ে যতটুকু বিকীর্ণ হয় তার চেয়েও কম। বিদেশী ভাষার স্থল বেড়া তার চার দিকে। মাতৃভাষার যোগে শিকাবিন্তার সমজে যখন চিন্তা করি সে চিন্তার সাহস অতি জয়। সে যেন অন্তঃপ্রিকা বধ্র মতোই ভীক্ল। আছিনা পর্যন্তই তার অধিকার, তার বাইরে চিব্ক পেরিয়ে তার ঘোমটা নেমে পড়ে। মাতৃভাষার আমল প্রোথমিক শিকার মধ্যেই, অর্থাৎ সে কেবল শিশুশিকারই যোগ্য— অর্থাৎ মাতৃভাষা ছাড়া আরু কোনো ভাষা শেখবার স্থযোগ নেই, সেই বিরাট জনসংঘকে বিভার অধিকার সমজে চিরশিশ্বর মতোই গণ্য করা হয়েছে। তারা কোনোমতেই পুরো

মাস্থ হয়ে উঠবে না, অথচ স্বরাজ সম্বন্ধ তারা পুরো মাস্থ্যের অধিকার লাভ করবে, চোখ বুজে এইটে আমরা কল্পনা করি।

জ্ঞানলাভের ভাগ নিয়ে দেশের অধিকাংশ জনমগুলী সম্বন্ধ এতবড়ো অনশনের ব্যবস্থা আর-কোনো নবজাগ্রত দেশে নেই— জাপানে নেই, পারস্তো নেই, তুরস্কে নেই, ইজিপ্টে নেই। যেন মাতৃভাষা একটা অপরাধ, যাকে খুস্টান ধর্মশাস্ত্রে বলে আদিম পাপ। দেশের লোকের পক্ষে মাতৃভাষাগত শিক্ষার ভিতর দিয়ে জ্ঞানের সর্বাক্তসম্পূর্ণতা আমরা কল্পনার বাইরে ফেলে রেখেছি। 'ইংরেজি হোটেলওয়ালার দোকান ছাড়া আর কোথাও দেশের লোকের পৃষ্টিকর অন্ন মিলবেই না' এমন কথা বলাও যা আর 'ইংরেজি ভাষা ছাড়া মাতৃভাষার যোগে জ্ঞানের সম্যক সাধনা হতেই পারবে না' এও বলা তাই।

এই উপলক্ষে এ কথা মনে বাধা দরকার যে, আধুনিক সমস্ত বিভাকে জাপানী ভাষার সম্পূর্ণ আয়ন্তগম্য করে তবে জাপানী বিশ্ববিভালয় দেশের শিক্ষাব্যবস্থাকে সভ্য ও সম্পূর্ণ করে তুলেছে। তার কারণ, শিক্ষা বলতে জাপান সমস্ত দেশের শিক্ষাব্যবহাকে তভ্রলোক বলে এক সংকীর্ণ শ্রেণীর শিক্ষা বোঝে নি। মূথে আমরা যাই বলি, দেশ বলতে আমরা যা বৃঝি সে হচ্ছে ভদ্রলোকের দেশ। জনসাধারণকে আমরা বলি, ছোটোলোক; এই সংজ্ঞাটা বহুকাল থেকে আমাদের অন্থিমজ্জায় প্রবেশ করেছে। ছোটোলোকদের পক্ষে সকলপ্রকার মাপকাঠিই ছোটো। তারা নিজেও সেটা স্বীকার করে নিয়েছে। বড়ো মাপের কিছুই দাবি করবার ভরসা তাদের নেই। তারা ভদ্রলোকের ছায়াচর, তাদের প্রকাশ অফ্লজন, অথচ দেশের অধিকাংশই তারা, স্তরাং দেশের অস্তত বারো-আনা অনালোকিত। ভদ্রসমাক্ষ তাদের স্পষ্ট করে দেখতেই পায় না, বিশ্বসমাজের তো কথাই নেই।

রাষ্ট্রীয় আলোচনার মন্ত অবস্থায় আমরা মুখে যাই কিছু বলি-না কেন, দেশাভিমান যত তারস্বরে প্রকাশ করি-না কেন, আমাদের দেশ প্রকাশহীন হয়ে আছে বলেই কর্মের পথ দিয়ে দেশের সেবায় আমাদের এত উদাসীন্ত। যাদের আমরা ছোটো করে রেখেছি মানবস্বভাবের রূপণতাবশত তাদের আমরা অবিচার করেই থাকি। তাদের দোহাই দিয়ে ক্লণে ক্রণে অর্থসংগ্রহ করি; কিন্তু তাদের ভাগে পড়ে বাক্য, অর্থটা অবশেষে আমাদের দলের লোকের ভাগোই এসে জোটে। মোট কথাটা হচ্ছে, দেশের বে অতিকৃত্র অংশে বৃদ্ধি বিত্যা ধন মান, সেই শতকরা পাঁচ পরিমাণ লোকের সঙ্গে পাঁচানক্ষই পরিমাণ লোকের ব্যবধান মহাসমুদ্রের ব্যবধানের চেয়ে বেশি। আমরা এক দেশে আছি, অথচ আমাদের এক দেশে নয়।

শিশুকালে আমাদের ঘরে যে সেক্ষের দীপ জলত তার এক আংশে অল্প তেল অপর ২০॥২৪ অংশে অনেকথানি জল ছিল। জলের অংশ ছিল নীচে, তেলের অংশ ছিল উপরে।
আলো মিট্মিট্ করে জলত, অনেকথানি ছড়াত ধোঁয়া। এটা কতকটা আমাদের
লাবেক কালের অবস্থা। ভত্রসাধারণ এবং ইতর্সাধারণের সম্বন্ধটা এইরকমই ছিল।
তাদের মর্যাদা সমান নম্ন কিন্তু তবুও তারা উভয়ে একত্র মিলে একই আলো জালিয়ে
রেখেছিল। তাদের ছিল একটা অথও আধার। আত্মকের দিনে তেল গিয়েছে এক
দিকে, জল গিয়েছে আর-এক দিকে; তেলের দিকে আলোর উপাদান অতি সামান্ত,
জলের দিকে একেবারেই নেই।

বন্ধস যখন হল, ঘরে এল কেরোসিনের ল্যাম্প্ বিদেশ থেকে; তাতে সবটাতেই এক তেল, সেই তেলের সমস্তটার মধ্যেই উদ্দীপনের শক্তি। জালোর উজ্জ্লতাও বেশি। এর সঙ্গে মুরোপীয় সভ্যসমাজের তুলনা করা যেতে পারে। সেখানে এক জাতেরই বিচাও শক্তি দেশের সকল লোকের মধ্যেই ব্যাপ্ত। সেখানে উপরিতল নিম্নতল আছে, সেই উপরিতলের কাছেই বাতি দীপ্ত হয়ে জলে, নীচের তল অদীপ্ত। কিন্তু, সেই ভেদ অনেকটা আক্ষিক; সমস্ত তেলের মধ্যেই দীপ্তির শক্তি আছে। সে হিসাবে জ্যোতির জাতিভেদ নেই; নীচের তেল যদি উপরে ওঠে তা হলে উজ্জ্লেভার তারতম্য ঘটে না। সেখানে নীচের দলের পক্ষে উপরের দলে উত্তীর্ণ হওয়া অসাধ্য নয়; সেই চেটা নিয়তই চলছে।

আর-এক শ্রেণীর বাতি আছে তাকে বলি বিজলি বাতি। তার মধ্যে তারের কুওলী আলো দের, তার আগাগোড়াই সমান প্রদীপ্ত। তার মধ্যে দীপ্ত-অদীপ্তের ভেদ নেই; এই আলো দিবালোকের প্রায় সমান। মুরোপীয় সমাজে এই বাতি জালাবার উত্যোগ সব দেশে এখন চলছে না; কিন্তু কোথাও কোথাও শুক্ত হয়েছে— এর ষন্ত্রটাকে পাকা করে তুলতে হয়তো এখনো অনেক ভাঙচুর করতে হবে, মন্ত্রের মহাজন কেউ কেউ হয়তো দেউলে হয়ে যেতেও পারে, কিন্তু পশ্চিম মহাদেশে এই দিকে একটা ঝোক পড়েছে সে কথা আর গোপন করে রাখবার জো নেই। এইটে হচ্ছে প্রকাশের চেষ্টা, মাহ্বের অন্তর্নিহিত ধর্ম; এই ধর্মসাধনায় সকল মাহ্বই অব্যাহত অধিকার লাভ করবে এইরকমের একটা প্রশ্বাস ক্রমশই যেন ছড়িরে পড়ছে।

কেবল আমাদের হতভাগ্য দেশে দেখি, মাটির প্রদীপে যে আলো একদিন এখানে জলেছিল তাতেও আজ বাধা পড়ল। আজ আমাদের দেশের ডিগ্রিধারীরা পল্লীর কথা বখন ভাবেন তখন তাদের জন্মে অতি সামাল ওজনে কিছু করাকেই যথেষ্ট বলে মনে করেন। যতক্ষণ আমাদের এইরকমের মনোভাব ততক্ষণ পল্লীর লোকেরা আমাদের পক্ষে বিদেশী। এমন-কি, ভার চেয়েও তারা বেশি পর, তার কারণ এই— আমরা স্থলে

কলেজে বেটুকু বিভা পাই সে বিভা যুরোপীর। সেই বিভার সাহায্যে যুরোপীরকে বোঝা ও যুরোপীরের কাছে নিজেকে বোঝানো আমাদের পক্ষে সহজ্ঞ। ইংলও ফ্রান্স্ জার্মানির চিত্তবৃত্তি আমাদের কাছে সহজ্ঞে প্রকাশমান; তাদের কার্য গল্প নাটক বা আমরা পড়ি সে আমাদের কাছে হেঁয়ালি নয়; এমন-কি যে কামনা, যে তপত্তা তাদের, আমাদের কামনা-সাধনাও অনেক পরিমাণে তারই পথ নিয়েছে। কিন্তু, যারা মা-বন্ধী মনসা ওলাবিবি শীতলা ঘেঁটু রাছ শনি ভূত প্রেত ব্রহ্মদৈত্য গুপ্তপ্রেস-পঞ্জিকা পাণ্ডা পুকতের আওতায় মাহ্ম হয়েছে তাদের থেকে আমরা থ্ব বেশি উপরে উঠেছি তা নয়, কিন্তু দ্বে সরে গিয়েছি— পরম্পরের মধ্যে ঠিকমত সাড়া চলে না। তাদের ঠিকমত পরিচয় নেবার উপযুক্ত কৌতুহল পর্যন্ত আমাদের নেই।

আমাদের কলেজে যারা ইকনমিক্স্ এপ্নোলন্ধি পড়ে তারা অপেক্ষা করে থাকে যুরোপীয় পণ্ডিতের— পাশের গ্রামের লোকের আচারবিচার বিধিব্যবন্ধা জানবার জন্মে। ওরা ছোটোলোক, আমাদের মনে মান্থবের প্রতি যেটুকু দরদ আছে তাতে করে ওরা আমাদের কাছে দৃশুমান নয়। পশ্চিম মহাদেশের নানাপ্রকার 'মৃভ্যেন্ট্'এর প্রাপর ইতিহাস এরা পড়েছেন। আমাদের জনসাধারণদের মধ্যেও নানা মৃভ্যেন্ট্ চলে আসছে, কিন্তু সে আমাদের শিক্ষিত-সাধারণের অগোচরে। জানবার জন্মে কোনো ওৎক্ষর নেই; কেননা তাতে পরীক্ষা-পাসের মার্কা মেলে না। দেশের সাধারণের মধ্যে আউল বাউল কত সম্প্রদার আছে, সেটা একেবারে অবজ্ঞার বিষয় নয়; ভদ্র-সমাজের মধ্যে ন্তন নৃতন ধর্মপ্রচেষ্টার চেয়ে তার মধ্যে অনেক বিষয়ে গভীরতা আছে; সে-সব সম্প্রদারের যে সাহিত্য তাও শ্রন্ধা করে রক্ষা করবার যোগ্য— কিন্তু 'ওয়া ছোটোলোক'।

সকল দেশেই নৃত্য কলাবিভার অন্তর্গত, ভাবপ্রকাশের উপার্রপে প্রদ্ধা পেরে থাকে। আমাদের দেশে ভদ্রসমাজে তা লোপ পেরে গেছে বলে আমরা ধরে রেখেছি সেটা আমাদের নেই। অথচ জনসাধারণের নৃত্যকলা নানা আকারে এখনো আছে—কিন্তু 'ওরা ছোটোলোক'। অতএব ওদের যা আছে সেটা আমাদের নর। এমন-কি, স্থানর স্থানিপুণ হলেও সেটা আমাদের পশে লক্ষার বিষয়। ক্রমে হয়তো এ-সমন্তই লোপ হরে যাছে; কিন্তু সেটাকে আমরা দেশের শ্বতি বলেই গণ্য করি নে, কেননা বস্তুতই ওরা আমাদের দেশে নেই।

কবি বলেছেন, 'নিজ বাসভূমে পরবাসী হলে।' তিনি এইভাবেই বলেছিলেন ষে, আমরা বিদেশীর শাসনে আছি। তার চেম্নে সত্যতর গভীরতর ভাবে বলা চলে যে, আমাদের দেশে আমরা পরবাসী, অর্থাৎ আমাদের জাতের অধিকাংশের দেশ আমাদের দেশ নর। সে দেশ আমাদের অনৃষ্ঠা, অস্পৃষ্ঠা। যথন দেশকে মা বলে আমরা গলা ছেড়ে ডাকি তথন মুখে যাই বলি মনে মনে জানি, সে মা গুটিকরেক আত্বরে ছেলের মা। এই করেই কি আমরা বাঁচব। শুধু ভোট দেবার অধিকার পেরেই আমাদের চরম পরিত্রাণ?

এই তৃংখেই দেশের লোকের গভীর উদাসীন্তের মাঝখানে, সকল লোকের আমুক্ল্য থেকে বঞ্চিত হরে, এথানে এই গ্রাম-কর্মটর মধ্যে আমরা প্রাণ-উদ্বোধনের যজ্ঞ করেছি। যারা কোনো কাজ্ঞই করেন না তাঁরা অবজ্ঞার সঙ্গে জিজ্ঞাসা করতে পারেন, এতে কতটুকু কাজ্ঞই বা হবে। স্বীকার করতেই হবে, তেত্রিশ কোটির ভার নেবার যোগ্যতা আমাদের নেই। কিন্তু, তাই বলে লজ্জা করব না। কর্মক্ষেত্রের পরিধি নিয়ে গৌরব করতে পারব এ কল্পনাও আমাদের মনে নেই, কিন্তু তার সত্য নিয়ে যেন গৌরব করতে পারি। কথনো আমাদের সাধনায় যেন এ দৈল্য না থাকে যে, পল্লীর লোকের পক্ষে অতি অল্পটুকুই যথেষ্ট। ওদের জন্তে উচ্ছিষ্টের ব্যবস্থা করে যেন ওদের অপ্রেমা না করি। শ্রম্মা দেয়ম্। পল্লীর কাছে আমাদের আত্মোৎসর্গের যে নৈবেল তার মধ্যে শ্রমার যেন কোনো অভাব না থাকে।

2009

কোরীয় যুবকের রাফ্রিক মত

কোরীয় যুবকটি সাধারণ জাপানীর চেম্নে মাধায় বড়ো। ইংরেজি সহজে বলেন, উচ্চারণে অভতা নেই।

আমি তাঁকে জিজ্ঞাসা করলুম, "কোরিয়ায় জাপানী রাষ্ট্রণাসন তোমার পছন্দ নয়?" "না।"

"কেন। জাপানী আমলে তোমাদের দেশে পূর্বেকার চেয়ে কি ব্যবস্থা ভালো হয় নি।"

তা হয়েছে। কিন্তু আমাদের যে হৃংখ সেটা সংক্ষেপে বলতে গেলে দাড়ার, জাপানী রাজত্ব ধনিকের রাজত। কোরিয়া তার মূনফার উপায়, তার ভোজ্যের ভাণ্ডার। প্রয়োজনের আসবাবকে মাহ্য উজ্জল করে রাখে, কারণ সেটা তার আপন সম্পত্তি, ভাকে নিম্নে তার অহ্যিকা। কিন্তু মাহ্র্য তো থালা ঘটা বাটি কিন্তা গাড়োহানের ঘোড়া বা গোরালের গোরু নর যে, বাহ্ন যত্ন করলেই তার পক্ষে যথেষ্ট।"

"তুমি কি বলতে চাও জাপান যদি কোরিয়ার সঙ্গে প্রধানত আর্থিক সম্বন্ধ না পাতিরে তোমাদের পৈরে রাজপ্রভাপের সম্বন্ধ খাটাত, অর্থাং বৈশুরাজ না হয়ে ক্ষত্রিয়রাজ হত, তা হলে তোমাদের পরিতাপের কারণ থাকত না।"

"আর্থিক সম্বন্ধের যোগে বিরাট জাপানের সহস্রম্থী ক্ষ্বা আমাদের শোষণ করে।
কিন্তু রাজপ্রতাপের সম্বন্ধ ব্যক্তিগত, সীমাবদ্ধ— তার বোঝা হালকা। রাজার ইচ্ছা
কেবল যদি শাসনের ইচ্ছা হয়, শোষণের ইচ্ছা না হয়, তবে তাকে স্বীকার করেও
মোটের উপর সমস্ত দেশ আপন স্বাভন্তা ও আত্মসন্মান রাখতে পারে। কিন্তু ধনিকের
শাসনে আমাদের গোটা দেশ আর-একটি গোটা দেশের পণ্যক্রব্যে পরিণত। আমরা
লোভের জিনিস; আত্মীয়তার না, গৌরবের না।"

"এই-যে কথাগুলি ভাবছ এবং বলছ, এই-যে সমষ্টগতভাবে জাতীয় আত্মসমানের জন্মে তোমার আগ্রহ, তার কি কারণ এই নম্ন যে, জাপানের প্রতিষ্ঠিত বিভালমে তোমরা আধুনিক যুগের রাষ্ট্রিক শিক্ষায় দীক্ষিত।"

কোরীয় যুবক দ্বিধার ভাবে চুপ করে রইলেন।

আমি বলল্ম, "চেয়ে দেখো সামনে ঐ চীনদেশ। সেধানে স্বজাতীয় আত্মসমানবাদ শিক্ষার অভাবে দেশের জনসাধারণের মধ্যে অপ্রবৃদ্ধ। তাই দেখি, ব্যক্তিগত ক্ষমতাপ্রাপ্তির ত্রাশায় সেধানে কয়েকজন লুক লোকের হানাহানি-কাটাকাটির ঘূর্ণিপাক। এই নিয়ে লুটপাট-অত্যাচারে, ডাকাতের হাতে, সৈনিকের হাতে, হতভাগ্য দেশ ক্ষতবিক্ষত, রক্তে প্রাবিত, অসহায়ভাবে দিনরাত সম্ভও। শিক্ষার জোরে যেখানে সাধারণ লোকের মধ্যে স্বাধিকারবোধ স্পষ্ট না হয়েছে সেখানে স্বদেশী বা বিদেশী ত্রাকাজ্জীদের হাতে তাদের নির্ধাতন ঠেকাবে কিলে। সে অবস্থায় তারা ক্ষমতা-লোল্পের স্বার্থনাধনের উপকরণমাত্র হয়ে থাকে। তুমি তোমার দেশকে ধনীর উপকরণদশাগ্রন্ত বলে আক্ষেপ করেছিলে, সেই পরের উপকরণদশা তাদের কিছুতেই ঘোচে না যারা মৃড়, যারা কাপুরুষ, ভাগ্যের মৃথপ্রত্যাশী, যারা আত্মকর্ত্তে আস্থাবান নয়। কোরিয়ার অবস্থা জানি নে, কিন্তু সেখানে নবমুগের শিক্ষার প্রভাবে যদি সাধারণের মধ্যে স্বাধিকারবোধের অজ্বমাত্র উদসত হয়ে থাকে তবে সে শিক্ষা কি জ্বাপানের কাছ থেকেই পাও নি।"

"কার কাছ থেকে পেয়েছি তাতে কী আদে যায়। শত্রু হোক, যিত্র হোক, যে-কেউ আমাদের যে উপায়ে জাগিয়ে তুলুক-না কেন, জাগরণের যা ধর্ম তার তো কাজ চলবে।" শেল কথা আমি মানি, সে তর্ক আমার নয়। বিচারের বিষয় এই যে, তোমার দেশে শিক্ষাবিস্তার এতটা হয়েছে কি না যাতে দেশের অধিকাংশ লোক স্বাধিকার উপলব্ধি এবং সেটা যথার্বভাবে দাবি করতে পারে। যদি তা না হয়ে থাকে তবে সেথানে বিদেশী নিরম্ভ হলেও সর্বসাধারণের বোগে আত্মশাসন ঘটবে না, ঘটবে কয়েকজনের দৌরাত্মো আত্মবিপ্রব। এই সল্ল লোকের ব্যক্তিগত স্বার্থবোধকে সংষত করবার একমাত্র উপায় বছ লোকের সমষ্টিগত স্বার্থবোধের উদ্বোধন।"

"যে পরিমাণ ও যে প্রকৃতির শিক্ষার বৃহৎ ভাবে সমস্ত দেশের চৈতন্ত হতে পারে সেটা আমরা সম্পূর্ণভাবে পরের হাত থেকে প্রত্যাশা করব কেমন করে।"

"তোমরা শিক্ষিত লোকেরা দেশে সেই শিক্ষার অভাব যদি অহভব কর তবে এই শিক্ষাবিস্তারের সাধনাকেই সর্বপ্রথম ও সর্বপ্রধান কর্তব্য-রূপে নিজেরাই গ্রহণ করবে না কেন। দেশকে বাঁচাতে গেলে কেবল তো ভাবুকতা নম্ন, জ্ঞানের প্রয়োজন করে। জ্ঞামার মনে আরো একটি চিস্তার বিষয় আছে। ভৌগোলিক ঐতিহাসিক বা জাতীয়প্রকৃতিগত কারণে কোরিয়া অনেক কাল থেকেই ত্র্বল। আজকের দিনে যুদ্ধবিগ্রহ যথন বৈজ্ঞানিক-সাধনা-সাধ্য ও প্রভৃতব্যয়সাধ্য তথন জাপান হতে নিজের শক্তিতে বিচ্ছিয় হয়ে তোমরা নিজের শক্তিতেই কি আত্মরক্ষা করতে পার— ঠিক করে বলো।"

"পারি নে সে কথা স্বীকার করতেই হবে।"

"যদি না পার তবে এ কথাও মানতে হবে যে, তুর্বল কেবল নিজের বিপদ নয়, অত্যেরও বিপদ ঘটায়। ত্র্বলতার গহরর-কেন্দ্রে প্রবলের ত্রাকাজ্জা আপনিই দ্র থেকে আরুই হয়ে আবর্তিত হতে থাকে। সওয়ার সিংহের পিঠে চড়ে না; ঘোড়াকেই লাগানে বাঁধে। মনে করো, রাশিয়া যদি কোরিয়ায় ধ্রজা গেড়ে বলে তবে সেটা, কেবল কোরিয়ায় পক্ষে নয়, জাপানের পক্ষেও বিপদ। এমন অবস্থায় অভ্য প্রবলকে ঠেকাবার জভাই কোরিয়ায় জাপানের নিজের শক্তিকেই প্রবল করতে হয়। এমন অবস্থায় কোনো একদিন জাপান বিনা পয়াভবেই কোরিয়ার ক্ষীণ হল্ডেই কোরিয়ার ভাগাকে সমর্পণ করবে, এ সম্ভবপর নয়। এয় মধ্যে জাপানের শুধু মৃনফার লোভ না, প্রাণের দায়।"

"আপনার প্রশ্ন এই যে, তা ছলে কোরিয়ার উপায় কী। জানি, আধুনিক যুদ্ধের উপযোগী সৈতাদল বানিয়ে তুলতে পারব না। তার পরে যুদ্ধের জন্য ভাসান-জাহাজ, ড্ব-জাহাজ, উড়ো-জাহাজ, এ-সমস্ত তৈরি করা, চালনা করা, বর্তমান অবস্থার জামাদের কল্পনার অতীত। সেই উদ্দেশে চেষ্টা করাও বিদেশী শাসনাধীনে অসম্ভব। তবু তাই বলে হাল ছেড়ে দেব, এ কথা বলতে পারি নে।"

"এ কথা বলা ভালোও না। হাল ছাড়ব না, কিন্তু কোন্ দিক বাগে হাল চালাতে হবে সেটা যদি না ভাবি ও বৃদ্ধিশংগত তার একটা জ্বাব না দিই তবে মুখে যতই আফালন করি, ভাষাস্তরে তাকেই বলে হাল ছেড়ে দেওয়া।"

"আমি কী ভাবি তা বলা যাক। এমন একটা সময় আগবে যখন পৃথিবীতে জাপানী চীনীয় রুশীয় কোরীয় প্রভৃতি নানা জাতির মধ্যে আর্থিক-স্বার্থগত রাষ্ট্রীয় প্রতিযোগিতাই সব চেয়ে প্রধান ঐতিহাসিক ঘটনারূপে থাকবে না। কেন থাকবে না তা বলি। যে দেশের মাহ্রুষকে চলিত ভাষায় স্বাধীন বলে থাকে তাদেরও ঐশ্বর্য এবং প্রতাপের ক্ষেত্রে তুই ভাগ। এক ভাগের অল্প লোকে ঐশ্বর্য ভোগ করে, আর-এক ভাগের অসংখ্য তুর্ভাগা সেই ঐশ্বর্যের ভার বয়; এক ভাগের ত্-চারজন লোক প্রতাপযজ্ঞশিখা নিজের ইচ্ছায় উদ্দীপিত করে, আর-এক ভাগের বিস্তর লোক ইচ্ছা না থাকলেও নিজের অন্থিমাংস দিয়ে সেই প্রতাপের ইন্ধন জোগায়। সমস্ত পৃথিবী জুড়ে যুগে যুগে মাহ্রুষের মধ্যে এই মূলগত বিভাগ, এই তুই স্তর। এতদিন নিম্নন্তরের মাহ্রুষ নিজের নিম্নতা নতশিরেই মেনে নিয়েছে, ভারতেই পারে নি যে এটা অবশ্ব-স্বীকার্য নয়।"

আমি বলল্ম, "ভাবতে আরম্ভ করেছে, কেননা আধুনিক যুগে পাশ্চাত্য মহাদেশে নিমন্তরের মধ্যে শিক্ষা পরিব্যাপ্ত।"

"তাই ধরে নিচ্ছি। কারণ যাই হোক, আজ পৃথিবীতে যে যুগান্তকারী বন্দের স্চনা হয়েছে সে ভিন্ন ভিন্ন মহাজাতির মধ্যে নয়, মান্তবের এই তুই বিভাগের মধ্যে, শাস্ত্রিতা এবং শাস্তি, শোষন্থিতা এবং শুক্ত। এখানে কোরীয় এবং জাপানী, প্রাচ্য এবং পাশ্চাত্য এক পঙ্ক্তিতেই মেলে। আমাদের তুংখই আমাদের দৈন্তই আমাদের মহাশক্তি। সেইটেতেই জগং জুড়ে আমাদের সন্মিলন এবং সেইটেতেই ভবিশ্বংকে আমরা অধিকার করব। অথচ যারা ধনিক তারা কিছুতেই একত্র মিলতে পারে না, স্বার্থের তুর্লজ্য প্রাচীরে তারা বিচ্ছিন্ন। আমাদের মস্ত আশ্বাসের কথা এই যে, যারা সত্য করে মিলতে পারে তাদেরই জয়। যুরোপে যে মহাযুদ্ধ হয়ে গেছে সেটা ধনিকের যুদ্ধ। সেই যুদ্ধের বীজ আজ অসংখ্য পরিমাণে পৃথিবীতে ছড়িয়ে রইল। সেই বীজ মানব-প্রকৃতির মধ্যেই; স্বার্থই বিছেষবৃদ্ধির জন্মভূমি, পালন-দোলা। এতকাল তুংখীরাই দৈন্ত-ছারা, অজ্ঞানের ছারা পরস্পার বিচ্ছিন্ন ছিল; ধনের মধ্যে যে শক্তিশেল আছে তাই দিয়েই তাদের মর্ম বিদ্ধ হয়েছে। আজ তুংখদৈন্তেই আমরা মিলিত হব, আর ধনের ছারাই ধনী হবে বিচ্ছিন্ন। পৃথিবীতে আজ রাষ্ট্রতন্ত্রে যে ম্বান্ত আলোড়ন, বলশালী জাতির মধ্যে যে ত্রম্ভ আশক্ষা, তাতে এইটেই কি দেখতে পাচ্ছি নে।"

वरीख-ब्राज्यावनी

अत्र शरत व्यामारमत्र व्यात्र कथा कवात्र व्यवकां इत्र नि। व्यामि गरन गरन ভावलुम, अनः ये अकिन्यूक्त । निर्द्धत्र यासा विष उप्लोपन करत्र निर्द्धारक योद्य এ कथा गणा, কিন্তু শক্ত ও অশক্তের ভেদ আজ যে একটা বিশেষ আকার ধরে প্রকাশ পাচ্ছে मেইটেকেই त्रक्रभां करत विनाम कर्ति के मानवश्रक्ष एक एक एक प्राप्त मून अरकवारत চলে যার। পৃথিবীর সমস্ত উচ্চভূমি ঝড়বৃষ্টির ঝাঁটার তাড়নার ক্ষর পেরে পেরে একদিন সমুদ্রের গর্ভে তলিয়ে যাবে এমন কথা শোনা যায়, কিন্ধু সেই দিনেই কি পৃথিবীর মরবার সময় আসবে না। সমত্ব এবং পঞ্চত্ব কি একই কথা নয়। ভেদ নষ্ট করে মানবসমাজের সত্য নষ্ট করা হয়। ভেদের মধ্যে কল্যাণসম্বন্ধ স্থাপনই তার নিত্য সাধনা, আর ভেদের মধ্যকার অন্তান্ধের সঙ্গেই ভার নিত্য সংগ্রাম। এই সাধনায়, এই সংগ্রামেই মাত্রুষ বড়ো হয়ে ওঠে। যুরোপ আজ সাধনাকে বাদ দিয়ে সংগ্রামকেই যথন একান্ত করতে চার তথন তার চেষ্টা হয়- শক্তকে বিনাশ করে অশক্তকে সাম্য দেওয়া। যদি অভিলাষ সফল হয় তবে যে হিংসার সাহায্যে সফল হবে সেই রক্তবীজকেই জয়ভন্না বাজিয়ে সেই শফলতার কাঁধের উপর চড়িয়ে দেবে। কেবলই চলতে থাকবে রক্তপাতের চক্রাবর্তন। শান্তির দোহাই পেড়ে এরা শড়াই করে এবং সেই লড়াইয়ের ধাক্কাতেই সেই শান্তিকে মারে; আজকের দিনের শক্তির বিরুদ্ধে যুদ্ধ করে কালকের দিনের যে শক্তিকে জাগিয়ে তোলে আবার তারই বিরুদ্ধে পরদিন থেকে যুদ্ধের আয়োজন করতে থাকে। অবশেষে চরমশান্তি কি বিশ্বব্যাপী শ্মশানক্ষেত্রে ?

কোরীয় যুবকের সঙ্গে আমার যে কথাবার্তা হয়েছিল তার ভাবধানা এই লেখায় আছে। এটা যথাবধ অহলিপি নয়।

beeck

यानुदयत धर्य

ভূমিকা

মান্থবের একটা দিক আছে যেখানে বিষয়বৃদ্ধি নিয়ে সে আপন সিদ্ধি খোঁজে। সেইখানে আপন ব্যক্তিগত জীবনযাত্রানির্বাহে তার জ্ঞান, তার কর্ম, তার রচনাশক্তি একাস্ত ব্যাপৃত। সেখানে সে জীবরূপে বাঁচতে চায়।

কিন্তু মামুষের আর-একটা দিক আছে যা এই ব্যক্তিগত বৈষয়িকতার বাইরে। সেখানে জীবনযাত্রার আদর্শে যাকে বলি ক্ষতি তাই লাভ, যাকে বলি মৃত্যু সেই অমরতা। সেখানে বর্তমান কালের জ্বন্যে বস্তু-সংগ্রহ করার চেয়ে অনিশ্চিত কালের উদ্দেশে আত্মতাগ করার মূল্য বেশি। সেখানে জ্ঞান উপস্থিত-প্রয়োজনের সীমা পেরিয়ে যায়, কর্ম স্বার্থের প্রবর্তনাকে অস্বীকার করে। সেখানে আপন স্বতন্ত্র জীবনের চেয়ে যে বড়ো জীবন সেই জীবনে মানুষ বাঁচতে চায়।

স্বার্থ আমাদের যে-সব প্রয়াসের দিকে ঠেলে নিয়ে যায় তার মূল প্রেরণা দেখি জীবপ্রকৃতিতে; যা আমাদের ত্যাগের দিকে, তপস্থার দিকে নিয়ে যায় তাকেই বলি মনুষ্যুত্ব, মানুষের ধর্ম।

কোন্ মানুষের ধর্ম। এতে কার পাই পরিচয়। এ তো সাধারণ মানুষের ধর্ম নয়, তা হলে এর জন্মে সাধনা করতে হত না।

আমাদের অন্তরে এমন কে আছেন যিনি মানব অথচ যিনি ব্যক্তিগত মানবকে অতিক্রম করে 'সদা জনানাং হৃদয়ে সদ্পিবিষ্টঃ'। তিনি সর্বজনীন সর্বকালীন মানব। তাঁরই আকর্ষণে মানুষের চিস্তায় ভাবে কর্মে সর্বজনীনতার আবির্ভাব। মহাত্মারা সহজে তাঁকে অনুভব করেন সকল মানুষের মধ্যে, তাঁর প্রেমে সহজে জীবন উৎসর্গ করেন। সেই মানুষের উপলব্ধিতেই মানুষ আপন জীবসীমা অতিক্রম করে মানবসীমায় উত্তীর্ণ হয়। সেই মানুষের উপলব্ধি সর্বত্র সমান নয় ও অনেক স্থলে বিকৃত বলেই সব মানুষ আজও মানুষ হয় নি। কিন্তু তাঁর আকর্ষণ নিয়ত মানুষের অন্তর থেকে কাজ করছে বলেই আত্মপ্রকাশের প্রত্যাশায় ও প্রয়াসে মানুষ কোথাও সীমাকে স্বীকার করছে না। সেই মানবকেই মানুষ নানা নামে

পূজা করেছে, তাঁকেই বলেছে 'এষ দেবাে বিশ্বকর্মা মহাত্মা'। সকল মানবের ঐক্যের মধ্যে নিজের বিচ্ছিন্নতাকে পেরিয়ে তাঁকে পাবে আশা করে তাঁর উদ্দেশে প্রার্থনা জানিয়েছে—

म (प्रवः

স নো বৃদ্ধ্যা শুভয়া সংযুবজু।

সেই মানব, সেই দেবতা, য একঃ, যিনি এক, তাঁর কথাই আমার এই বক্তৃতাগুলিতে আলোচনা করেছি।

শান্তিনিকেতন ১৮ মাঘ ১৩৩৯

রবীজ্রনাথ ঠাকুর

यानुत्यत शर्य

পথ চলেছিল একটানা বাইরের দিকে, তার নিজের মধ্যে নিজের অর্থ ছিল না। পৌছল এসে ঘরে, সেখানে অর্থ পাওয়া গেল, আরম্ভ হল ভিতরের লীলা। মাহুষে এসে পৌছল স্ষ্টেব্যাপার, কর্মবিধির পরিবর্তন ঘটল, অন্তরের দিকে বইল তার ধারা। অভিব্যক্তি চলছিল প্রধানত প্রাণীদের দেহকে নিম্নে, মাহুষে এসে সেই প্রক্রিয়ার সমস্ত ঝোঁক পড়ল মনের দিকে। পূর্বের থেকে মস্ত একটা পার্থক্য দেখা গেল। দেহে জীব স্বতন্ত্র; পৃথকভাবে আপন দেহরক্ষায় প্রবৃত্ত, তা নিয়ে প্রবল প্রতিযোগিতা। মনে মনে সে আপনার মিল পায় এবং মিল চায়, মিল না পেলে সে অক্কভার্থ। ভার সফলতা সহযোগিতায়। বুঝতে পারে, বহুর মধ্যে সে এক; জানে, তার নিজের মনের कानोटक विश्वयानवयन यांठारे करत्र, श्रयाणिक करत्र, जरव जांत्र यूना। পায়, জ্ঞানে কর্মে ভাবে যতই সকলের সঙ্গে সে যুক্ত হয় ততই সে সত্য হয়। যোগের এই পূর্ণতা নিমেই মান্থযের সভ্যতা। তাই মান্থযের সেই প্রকাশই শ্রেষ্ঠ যা একাস্ক ব্যক্তিগত মনের নয়, যাকে সকল কালের সকল মাহুষের মন স্বীকার করতে পারে। বৃদ্ধির বর্বরতা তাকেই বলে যা এমন মতকে, এমন কর্মকে, স্বষ্ট করে যাতে বৃহৎকালে সুর্বজনীন মন আপনার সায় পায় না। এই সর্বজনীন মনকে উত্তরোত্তর বিশুদ্ধ করে উপলব্ধি করাতেই মাহুষের অভিবাক্তির উৎকর্ষ। মাহুষ আপন উন্নতির সঙ্গে সঞ্চে ব্যক্তিশীমাকে পেরিয়ে বৃহৎমান্থ্য হয়ে উঠছে, তার সমস্ত শ্রেষ্ঠ সাধনা এই বৃহংমান্থ্যের गाधना। এই तृहर्याङ्घ अस्टतित्र योङ्घ। वाहेदित आह्य नाना मिरायत नाना न्यारक्त নানা জাত, অন্তরে আছে এক মানব।

ইতিহাসে দেখা যায়, মাছ্যের আত্মোপলনি বাহির থেকে অন্তরের দিকে আপনিই
নিয়েছে, যে অন্তরের দিকে তার বিশ্বজনীনতা, বেখানে বস্তর বেড়া পেরিয়ে সে পৌচেছে
বিশ্বমানসলোকে। যে লোকে তার বাণী, তার শ্রী, তার মৃক্তি। সফলতালাডের জ্বের
সে মন্ত্রতন্ত্র ক্রিয়াকর্ম নিয়ে বাহু পরীক্ষায় প্রবৃত্ত হয়েছিল; অবশেষে সার্থকতালাভের
ক্রেরে একদিন সে বললে, তপস্তা বাহাাস্থলানে নয়, সত্যই তপস্তা; গীতার ভাষায় ঘোষণা
করলে, ত্রব্যময় যজ্জের চেয়ে জ্ঞানযজ্ঞই শ্রেয়; খুস্টের বাণীতে শুনলে, বাহু বিধিনিষেধে
পবিত্রতা নয়, পবিত্রতা চিত্তের নির্মণতায়। তখন মানবের ক্রন্ধ মনে বিশ্বমানবচিস্তের
উদ্বোধন হল। এই তার আন্তর্ম সন্তার বোধ দৈহিক সন্তার ভেদসীমা ছাড়িয়ে দেশে

কালে সকল মাহুষের মধ্যে ঐক্যের দিকে প্রসারিত। এই বোধেরই শেষ কথা এই ষে, যে মাহুষ আপনার আত্মার মধ্যে অক্সের আত্মাকে ও অন্তের আত্মার মধ্যে আপনার আত্মাকে জানে সেই জানে সত্যকে।

মান্থৰ আছে তার দুই ভাবকে নিয়ে, একটা তার জীবভাব, আর-একটা বিশ্বভাব। জীব আছে আপুন উপস্থিতকে আঁকড়ে, জীব চলছে আশু প্রয়োজনের কেন্দ্র প্রদক্ষিণ করে। মান্থবের মধ্যে সেই জীবকে পেরিয়ে গেছে যে সত্তা সে আছে আদর্শকে নিয়ে। এই আদর্শ অয়ের মতো নয়, বস্তের মতো নয়। এ আদর্শ একটা আস্তরিক আহ্বান, এ আদর্শ একটা নিগৃঢ় নির্দেশ। কোন্ দিকে নির্দেশ। যে দিকে সে বিচ্ছিয় নয়, যে দিকে তার পূর্ণতা, যে দিকে ব্যক্তিগত সীমাকে সে ছাড়িয়ে চলেছে, যে দিকে বিশ্বমানব। ঋগ্বেদে সেই বিশ্বমানবের কথা বলেছেন,

পাদোহস্ত বিশ্বা ভূতানি ত্রিপাদস্তামৃতং দিবি—

তাঁর এক চতুর্ধাংশ আছে জীবজগতে, তাঁর বাকি বৃহৎ অংশ উর্ধের্ব অমৃতরূপে।
মাহ্র্য যে দিকে সেই ক্ষু অংশগত আপনার উপস্থিতকে, প্রত্যক্ষকে, অতিক্রম করে
সত্য সেই দিকে সে মৃত্যুহীন; সেই দিকে তার তপস্থা শ্রেষ্ঠকে আবিদ্ধার করে।
সেই দিক আছে তার অস্তরে, যেখান থেকে চিরকালের সকলের চিস্তাকে সে চিস্তিত
করে, সকলের ইচ্ছাকে সে সফল করে, রপদান করে সকলের আনন্দকে। যে পরিমাণে
তার গতি এর বিপরীত দিকে, বাহ্যিকতার দিকে, দেশকালগত সংকীর্ণ পার্থক্যের
দিকে, মানবসত্য থেকে সেই পরিমাণে সে ভ্রষ্ট; সভ্যতার অভিমান সত্ত্বেও সেই পরিমাণে
সে বর্বর।

মানবদেহে বহুকোটি জীবকোষ; তাদের প্রত্যেকের স্বতম্ব জন্ম, স্বতম্ব মরণ।
অনুবীক্ষণযোগে জানা যায়, তাদের প্রত্যেকের চারি দিকে ফাঁক। এক দিকে এই
জীবকোষগুলি আপন আপন পৃথক জীবনে জীবিত, আর-এক দিকে তাদের মধ্যে
একটি গভীর নির্দেশ আছে, প্রেরণা আছে, একটি ঐক্যুতত্ব আছে, গেটি অগোচর
পদার্থ; সেই প্রেরণা সমগ্র দেহের দিকে, সেই ঐক্যু সমস্ত দেহে ব্যাপ্ত। মনে করা
যেতে পারে, সেই সমগ্র দেহের উপলব্ধি অসংখ্য জীবকোষের অগম্য, অথচ সেই দেহের
পরম রহস্তময় আহ্বান তাদের প্রত্যেকের কাছে দাবি করছে তাদের আত্মনিবেদন।
যেখানে তারা প্রত্যেকে নিজেরই স্বতম্ব জীবনসীমায় বর্তমান সেখানে তার মধ্যে রহস্ত
কিছুই নেই। কিছু, যেখানে তারা নিজের জীবনসীমাকে অতিক্রম করে সমস্ত দেহের
জীবনে সত্য সেখানে তারা আশ্রুণ, সেখানে তারা আপন স্বতম্ব জনমৃত্যুর মধ্যে বন্ধ
নয়। সেইখানেই তাদের সার্থকতা।

শোনা যায়, প্রতি সাত বছর অন্তর মাহ্নবের দেহে এই জীবকোষগুলির পরিবর্তন ঘটে। তারা বিদায় নেয়, অর্থাৎ তাদের পৃথক সত্তা থাকে না। কিন্তু তাদের মধ্যে যে সত্তা সমস্ত দেহের আয়ুর অন্তর্গত, অর্থাৎ যেটা তাদের স্বদৈছিক নয়, বিশ্বদৈছিক, সেই সত্তা সমস্ত দেহের জীবনপ্রবাহে থেকে যায়।

দেহে কখনো কখনো কর্কটরোগ অর্থাৎ ক্যান্সার জন্মার; সেই ক্যান্সার একান্তই স্বতন্ত্র, বলা যেতে পারে তার মধ্যে দেহাত্মবোধ নেই। সমগ্র দেহের সে প্রতিকৃল। দেহের পক্ষে একেই বলা যায় অশুভ।

মান্তবের দেহের জীবকোষগুলির যদি আত্মবোধ থাকত তা হলে এক দিকে তারা ক্ষেতাবে আপনাদেরকে স্বতম্ব জানত, আবার বৃহৎভাবে নিজেদেরকে জানত সমগ্র দেহে। কিন্তু জানত অন্তভবে, কল্পনায়; সমগ্র দেহকে প্রত্যক্ষত ও সম্পূর্ণত জানা সম্ভব হত না। কেননা এই দেহ শুধু যে বর্তমানে অধিষ্ঠিত তা নয়, এই দেহে রয়েছে তার অতীত, অপেক্ষা করছে তার ভবিশ্বৎ। আরো একটা প্রত্যক্ষাতীত পদার্থ রয়েছে যা সর্বদেহব্যাপী কল্যাণ, যাকে বলি স্বাস্থ্য, যাকে বিশ্লেষণ করা যায় না। তা ছাড়াও সমগ্র জীবনরক্ষার গভীরতর চেষ্টা প্রত্যেক জীবকোষের আছে, যে চেষ্টা রোগের অবস্থায় সর্বদেহের শত্রুহননে নিজেদের আত্মহানিও ঘটায়, দেশপ্রেমিক যেমন করে দেশের জন্মে প্রাণ দেয়। এই চেষ্টার রহস্থ অন্ত্যরণ করলেই বোঝা যেতে পারে, এই ক্রুদ্র দেহগুলির চরম লক্ষ্য অর্থাৎ পরম ধর্ম এমন-কিছুকে আশ্রয় করে যাকে বলব তাদের বিশ্বদেহ।

মান্নমণ্ড আপন অন্তরের গভীরতর চেষ্টার প্রতি লক্ষ করে অন্নভব করেছে যে, সে শুধু ব্যক্তিগত মান্নম নয়, সে বিশ্বগত মান্নমের একাত্ম। সেই বিরাট মানব 'অবিজক্ত ভূতের্ বিজক্তমিব চ স্থিতম্'। সেই বিশ্বমানবের প্রেরণার ব্যক্তিগত মান্নম এমন-সকল কাজে প্রবৃত্ত হয় যা তার ভৌতিক সীমা অতিক্রমণের মৃথে। যাকে সে বলে ভালো, বলে স্থলর, বলে প্রেষ্ঠ— কেবল সমাজরক্ষার দিক থেকে নয়— আপন আত্মার পরিপূর্ণ পরিতৃপ্রির দিক থেকে।

ডিমের ভিতরে যে পাধির ছানা আছে তার অঙ্গে দেখতে পাই ডানার স্চনা।
ডিমে-বাঁধা জীবনে সেই ডানার কোনো অর্থ ই নেই। সেখানে আছে ডানার অবিচলিত
প্রতিবাদ। এই অপরিণত ডানার সংকেত জানিরে দের, ডিমের বাইরে সত্যের যে
পূর্ণতা আজও তার কাছে অপ্রত্যক্ষ সেই মৃক্ত সভ্যে সঞ্চরণেই পাধির সার্থকতা।
ডেমনিই মাস্থবের চিত্তর্ভির যে উৎস্ক্র মাস্থবের পূর্ণ সভ্যের সাক্ষ্য দেয় সেইখানেই
অন্তব্য করি তার ব্যক্তিগত স্বাতয়্রা থেকে মৃক্তি। সেইখানে সে বিশ্বাভিম্থী।

জীবকে কল্পনা করা যাক, সে যেন জীবষাত্রার একটা রেলগাড়ির মধ্যেই জন্মার, বেঁচে থাকে এবং মরে। এই গাড়ি সংকীর্ণ লক্ষ্যপথে বাঁধা রান্তার চলে। জন্তর মাথাটা গাড়ির নিয়তলের সমরেখার। গাড়ির সীমার মধ্যে তার আহারবিহারের সন্ধান চলছে নীচের দিকে ঝুঁকে। এটুকুর মধ্যে বাধাবিপত্তি যথেষ্ট। তাই নিম্নে দিন কাটে। মাহ্মবের মতো সে মাথা তুলে উঠে দাড়াতে পারে না। উপরের জানলা পর্যন্ত পৌছর না তার দৃষ্টি, তার মনের গতি নেই প্রাণধারণের বাইরে।

মাহ্য থাড়া হয়ে উঠে দাঁড়িয়েছে। সামনে পেয়েছে জানলা। জানতে পেয়েছে, গাড়ির মধ্যেই সব-কিছু বদ্ধ নয়। তার বাইরে দিগস্তের পর দিগস্ত। জীবনের আশু লক্ষ্যপথ উত্তীর্ণ হয়েও যা বাকি আছে তার আভাস পাওয়া যায়, সীমা দেখা যায় না। যেটুকু জালো গাড়ির প্রয়োজনের পক্ষে যথোপযুক্ত, বাইরে তারই বিস্তার অবাধ অজপ্র। সেই আলো তাকে ভাকে কেন। ঐ প্রয়োজনাতীত বাইরেটার প্রতি উদাসীন থাকলে কতি কী ছিল। দিন তো চলে যেত, যেমন চলছে হাজার লক্ষ প্রাণীর। কিছু মাহ্যকে অন্থির করে তুললে যে। বললে, তাকে ছাড়া পেতে হবে সেইখানেই যেখানে তার প্রয়োজন নেই, যার পরিচয় তার কাছে আজও অসম্পূর্ণ। প্রাণশক্তির অতিনিদিষ্ট সামাজ্যপ্রাচীর লক্ষ্যন করে সে জয় করতে বেরোল আপন স্বরাজ। এই জয়্যাত্রার পথে তার সহজ প্রবৃত্তি তার পক্ষ নেয় না, এই পথে তার আরাম নেই, তার বিশ্রাম নেই, গত শত যাত্রী প্রাণ দিয়ে এই পথকে কেবলই প্রশন্ত করছে, উমুক্ত করছে।

দেহের দিকে মাহ্যুষকে বিচার করে দেখা যাক। সে উঠে দাঁড়িরেছে। এমন কথা বলা চলে না যে, দাঁড়াবে না তো কী। দাঁড়ানো সহজ নয়। পাথির দেহের ছলটা ছিপদী। মাহ্যুষর দেহটা চতুপদ জীবের প্রশস্ত ছলে বানানো। চার পায়ের উপর লঘা দেহের ওজন সামনে পিছনে ভাগ করে দিলেই এমনতরো দেহটাকে একসজে বছন ও সঞ্চালন তার পক্ষে সহজ হতে পারত। কিন্তু মাহ্যু আপন দেহের স্বভাবকে মানতে চাইলে না, এজত্তে সে অহ্বিধে সইতেও রাজি। চলমান দার্ঘ দেহটার ভাররক্ষার সাধনা করলে এ তুই পায়ের উপরেই। সেটা সহজ্যাধ্য নয়, ছেলেদের প্রথম চলার জভ্যাস দেধলেই তা বোঝা যায়। শেষ বয়সে বুজকে লাঠির উপর ভর দিতে হয়, সেও একটা প্রমাণ। এও দেখা যায়। শেষ বয়সে বুজকে লাঠির উপর ভর দিতে হয়, সেও একটা প্রমাণ। এও দেখা যায়, চার-পেয়ে জন্তু যত সহজে ভার বহন করতে পারে মাহ্যুষ তা পারে না— এইজত্তেই অত্যের 'পরে নিজের বোঝা চাপাবার নানা কৌশল মাহ্যুষর অভ্যন্ত। সেই স্ক্রোগ পেয়েছে বলেই যত পেয়েছে ভার-স্কৃষ্টি করেছে। তাকে পরিমিত করবার চেষ্টা নেই। মাহ্যুষের এই চালটা যে সহজ নয় তার দৃষ্টান্ত প্রায়ই পাওয়া যায়। ধাকা থেয়ে মাহ্যুবের অক্ষহানি বা গান্তীর্বহানির যে

আশহা, জন্তদের সেটা নেই। শুধু তাই নয়, ডাক্তারের কাছে শোনা যায় মান্ত্র্য উত্তভন্নী নিয়েছে বলে তার আদিম অবতত দেহের অনেক যত্নকে রোগহু:খ ভোগ করতে হয়। তবু মাহ্র্য স্পর্ধা করে উঠে দাড়ালো।

নীচের দিকে ঝুঁকে পড়ে জন্ত দেখতে পার থণ্ড থণ্ড বস্তুকে। তার দেখার সঞ্চেতার জাণ দেয় যোগ। চোথের দেখাটা অপেক্ষাকৃত অনাসক্ত, জ্ঞানের রাজ্যে তার প্রভাব বেশি। জ্ঞাণের অহভূতি দেহর্তির সংকীর্ণ সীমায়। দেখা ও জ্ঞাণ নিয়ে জন্তুরা বস্তুর যে পরিচয় পায় সে পরিচয় বিশেষভাবে আশু প্রয়োজনের। উপরে মাথা তুলে মাহ্ম দেখলে কেবল বস্তুকে নয়, দেখলে দৃশুকে অর্থাৎ বিচিত্র বস্তুর এক্যকে। একটি অথণ্ড বিস্তারের কেন্দ্রস্থলে দেখলে নিজেকে। একে বলা যায় মৃক্তদৃষ্টি। খাড়া-হওয়া মাহ্মেরে কাছে নিকটের চেয়ে দ্রের দাম বেশি। অজ্ঞাত অভাবনীয়ের দিকে তার মন হয়েছে প্রস্তু। এই দৃষ্টির সক্ষে যোগ দিয়েছে অন্তরের কল্পনাদৃষ্টি। শুর্ দৃষ্টি নয়, সক্ষে স্টো হাতও পেয়েছে মৃক্তি। পায়ের কাজ থেকে হাত যদি ছুটি না পেত তা হলে সে থাকত দেহেরই একান্ত অহুগত, চতুর্থ বর্ণের মতো অস্পৃশুতার মলিনতা নিয়ে। প্রাণে বলে, ব্রহ্মার পায়ের থেকে শুল জন্মছে, ক্ষত্রিয় হাতের থেকে।

মান্তবের দেহে শ্দ্রের পদোয়তি হল ক্ষাত্রধর্মে, পেল সে হাতের গৌরব, তখন মনের সঙ্গে হল তার মৈত্রী। মাহুষের কল্পনাবৃত্তি হাতকে পেয়ে বদল। দেহের জরুরি কাজগুলো সেরে দিয়েই সে লেগে গেল নানা বাজে কাজে। জীবনযাত্রার কর্মব্যবস্থায় সে whole-time কর্মচারী রইল না। সে লাগল অভাবিতের পরীক্ষায়, অচিন্তাপূর্বের রচনায়— অনেকটাই অনাবশ্রক। মাহ্নবের ঋজু মুক্ত দেহ মাটির নিকটস্থ টান ছাড়িয়ে যেতেই তার মন এমন একটা বিরাট রাজ্যের পরিচয় পেলে যা অন্নবস্থের নয়, যাকে বলা যায় বিজ্ঞানব্রন্মের, আনন্দব্রন্মের রাজ্য। এ রাজ্যে মানুষ যে কাজগুলো করে হিদাবি লোক জিজ্ঞাসা করতে পারে, "এ-সব কেন।" একমাত্র তার উত্তর, "আমার খুশি।" তার বিজ্ঞানে, তার দাহিত্যে, তার শিল্পকলায় এই এক উত্তর "আমার খুশি"। মাধা-তোলা মাহুষের এতবড়ো গর্ব। জন্তদেরও যথেচ্ছ খেলার অবকাশ আছে, কিন্তু জীবনে তাদের খেলাটা গৌণ। তা ছাড়া তাদের খেলাও প্রকৃতির অহুগত। বিড়াল-ছানার रथमा मिथा। रैइत मिছामिছि ध्वा, क्कूत-ছानात्र रथमा निष्कत लिष्कत मक्न मड़ारे कतात्र मगर्जन छान। किन्द, माञ्चरमत्र रम कांकोरिक नीना वना यात्र वर्षा थात्र कार्या দরকারের আমলে আলে না, কথায় কথায় সেইটেই হয়ে ওঠে ম্থ্য, ছাড়িয়ে যায় তার প্রাণযাত্রাকে। সেইটের বারাই তার শ্রেষ্ঠতার পরিচয়। অবকাশের ভূমিকায় মামুষ সর্বত্রই আপন অমরাবতী-রচনায় ব্যন্ত, সেধানে তার আকাশকুস্থমের কুঞ্জবন। এই-

সব কাজে সে এত গৌরব বোধ করে যে চাষের থেতে তার অবজ্ঞা। আধুনিক বাংলাভাষার সে যাকে একটা কুশ্রাব্য নাম দিয়েছে রুষ্টি, হাল-লাওলের সঙ্গে তার কোনো যোগ নেই এবং গোরুকে তার বাহন বললে ব্যঙ্গ করা হয়। বলা বাহল্য, দ্রতম তারায় মাহুষের ন্যনতম প্রয়োজন, সেই তারার যে আলোকরিছা চার-পাঁচ হাজার এবং ততোধিক বংসর ধরে ব্যোমবিহারী, গৃহত্যাগী, তারই দৌড় মাপতে মাহুষের দিন যায়, তার রাত কাটে। তা ছাড়া মাহুষ অকারণে কথার সঙ্গে কথার বিছনি করে কবিতাও লেখে; এমন-কি, যারা আধপেটা থেয়ে রুশতেই তারাও বাহ্বা দেয়। এর থেকেই আলাজ করি, মাহুষের অয়ের থেত প্রকৃতির এলেকায় থাকতে পারে, দেহের হারে পেয়াদার তাগিদে তার থাজনাও দিতে হয়, কিছু যেখানে মাহুষের বাস্তভিটে সেই লাথেরাজ দেবত্রভূমি প্রকৃতির এলেকায় বাইরে। সেখানে জার তলবের দায় নেই, সেখানে সকলের চেয়ে বড়ো দায়িত্ব স্বাধীন দায়িত্ব; তাকে বলব আদর্শের দায়িত্ব, মহুস্থাত্বের দায়িত্ব।

দেহের দিক থেকে মাহ্রষ যেমন উর্প্রশিরে নিজেকে টেনে তুলেছে থণ্ডভূমির থেকে বিশ্বভূমির দিকে, নিজের জানাশোনাকেও তেমনি স্বাতন্ত্রা দিয়েছে জৈবিক প্রয়োজন থেকে, ব্যক্তিগত অভিকচির থেকে। জ্ঞানের এই সম্মানে মাহ্র্যের বৈষ্মিক লাভ হোক বা না হোক, আনন্দলাভ হল। এইটেই বিশ্বয়ের কথা। পেট না ভরিয়েও কেন হয় আনন্দ। বিষয়কে বড়ো করে পায় বলে আনন্দ নয়, আপনাকেই বড়ো করে, সত্য করে পায় বলে আনন্দ। মানবজীবনের যে বিভাগ অহৈতৃক অহ্বরাগের অর্থাৎ আপনার বাহিরের সঙ্গে অন্তরক যোগের, তার পুরস্কার আপনারই মধ্যে। কারণ, সেই যোগের প্রসারেই আত্মার সত্য।

ন বা অরে পুত্রশু কামার পুত্র: প্রিয়োভবতি, আত্মনস্ত কামার পুত্র: প্রিয়োভবতি। জীবলোকে চৈতন্তের নীহারিকা জ্বন্দান্ত আলোকে ব্যাপ্ত। সেই নীহারিকা মাহুষের মধ্যে কেন্দ্রীভূত হয়ে উজ্জল দীপ্তিতে বললে, "অয়মহং ভো:! এই-য়ে আমি।" সেই দিন থেকে মাহুষের ইতিহাসে নানা ভাবে নানা রূপে নানা ভাষার এই প্রশ্নের উত্তর দেওয়া চলল "আমি কী"। ঠিক উত্তরটিতে তার আনন্দ, তার গৌরব। জন্তর উত্তর পাওয়া যায় তার দৈহিক ব্যবস্থার যথাযোগ্যতায়। সনাতন গণ্ডারের মতো স্থল ব্যবহারে গণ্ডার যদি কোনো বাছ বাধা না পায় তা হলে আপন সার্থক্য সম্বন্ধে তার কোনো সংশল্প থাকে না। কিন্তু, মাহুষ কী করে হবে মাহুষের মতো তাই নিয়ে বর্বরদশা থেকে সভা অবস্থা পর্যন্ত তার চিন্তা ও প্রয়াসের জন্ত নেই। সে বুঝেছে, সে সহজ্ঞানয়, তার মধ্যে একটা রহস্ম আছে; এই রহজ্যের আবরণ উল্যাটিত হতে হতে তবে সে

আপনাকে চিনবে। শত শত শতাকী ধরে চলেছে তার প্রশাস। কত ধর্মতন্ত্র, কত অফুষ্ঠানের পত্তন হল; সহজ প্রবৃত্তির প্রতিবাদ করে নিজেকে সে স্বীকার করাতে চার যে, বাইরে সে যা ভিতরে ভিতরে তার চেয়ে সে বড়ো। এমন কোনো সন্তার স্বরূপকে সে মনের মধ্যে গ্রহণ করবার চেষ্টা করছে, আদর্শরূপে যিনি তার চেয়ে বড়ো অথচ তার সঙ্গে চিরসম্বন্ধযুক্ত। এমনি করে বড়ো ভূমিকায় নিজের সত্যকে স্পষ্ট করে উপলন্ধি করতে তার অহৈতৃক আগ্রহ। যাকে সে পূজা করে তার ঘারাই সে প্রমাণ করে তার মতে নিজে সে সত্য কিসে, তার বৃদ্ধি কাকে বলে পৃজনীয়, কাকে জানে পূর্ণতা বলে। সেইখানেই আপন দেবতার নামে মাহ্র্ম উত্তর দিতে চেষ্টা করে "আমি কী— আমার চরম মূল্য কোথায়"। বলা বাহল্য, উত্তর দেবার উপলক্ষে পূজার বিষয়কল্পনায় অনেক সময়ে তার এমন চিত্ত প্রকাশ পায় বৃদ্ধিতে যা অদ্ধ, শ্রেরোনীতিতে যা গহিত, সৌলর্ষের আদর্শে যা বীভৎস। তাকে বলব ভ্রান্ত উত্তর এবং মাহ্রুষের কল্যাণের জন্তে সকল রকম ভ্রমকেই যেমন শোধন করা দরকার এখানেও তাই। এই ভ্রমের বিচার মাহ্রুষেরই প্রেরাবৃদ্ধি থেকেই, মাহ্রুষের দেবতার শ্রেষ্ঠতার বিচার মাহ্রুষেরই পূর্ণতার আদর্শ থেকে।

জীবস্প্রির প্রকাশপর্যায়ে দেহের দিকটাই যখন প্রধান ছিল তথন দেহসংস্থানঘটিত লম বা অপূর্ণতা নিম্নে অনেক জীবের ধ্বংস বা অবনতি ঘটেছে। জীবস্থার প্রকাশে মান্থযের মধ্যে যথন 'আমি' এসে দাঁড়ালো তথন এই 'আমি' সম্বন্ধে ভূল করলে দৈহিক বিনাশের চেয়ে বড়ো বিনাশ। এই আমিকে নিয়ে ভূল কোথায় ঘটে সে প্রশ্নের একই উত্তর দিয়েছেন আমাদের সকল মহাপুরুষ। তাঁরা এই অভূত কথা বলেন, যেখানে আমিকে না-আমির দিকে জানতে বাধা পাই, তাকে অহং-বেড়ায় বিচ্ছিন্ন সীমাবদ্ধ করে দেখি। এক আত্মলোকে সকল আত্মার অভিমূখে আত্মার সত্য; এই সত্যের আদর্শেই বিচার করতে হবে মান্থযের সভ্যতা, মান্থযের সমস্ত অন্থর্চান, তার রাষ্ট্রতন্ত্র, সমাজতন্ত্র, ধর্মতন্ত্র— এর থেকে যে পরিমাণে লে ল্রন্ট সেই পরিমাণে লে বর্বর।

মাহ্যের দার মহামানবের দার, কোথাও তার সীমা নেই। অন্তহীন সাধনার ক্ষেত্রে তার বাস। জন্ধদের বাস ভূমগুলে, মাহ্যুষের বাস সেইখানে যাকে সে বলে তার দেশ। দেশ কেবল ভৌমিক নয়, দেশ মানসিক। মাহ্যুষ মাহ্যুষ মিলিয়ে এই দেশ জ্ঞানে জ্ঞানে, কর্মে কর্মে। যুগযুগাস্তরের প্রবাহিত চিস্তাধারার প্রীতিধারার দেশের মন ফলে শস্ত্রে সমুদ্ধ। বহু লোকের আত্মতাগে দেশের গৌরব সমুজ্জল। যে-সব দেশবাসী অতীতকালের তারা বন্ধত বাস করতেন ভবিশ্বতে। তাঁদের ইচ্ছার গতি কর্মের গতি ছিল আগামীকালের অভিমুখে। তাঁদের তপস্থার ভবিশ্বৎ আজ বর্তমান হয়েছে আমাদের

মধ্যে, কিন্তু আবদ্ধ হয় নি। আবার আমরাও দেশের ভবিশ্বতের জন্ম বর্তমানকে উৎসর্গ করছি। সেই ভবিশ্বংকে ব্যক্তিগতরূপে আমরা ভোগ করব না। বে তপশীরা অস্কহীন ভবিশ্বতে বাস করতেন, ভবিশ্বতে বাদের আনন্দ, বাঁদের আশা, বাঁদের গৌরর, মাহুষের সভ্যতা তাঁদেরই রচনা। তাঁদেরই শ্বরণ করে মাহুষ আপনাকে জেনেছে অমৃতের সন্ধান; বুঝেছে যে, তার দৃষ্টি, তার স্বষ্টি, তার চরিত্র মৃত্যুকে পেরিয়ে। মৃত্যুর মধ্যে গিয়ে বাঁরা অমৃতকে প্রমাণ করেছেন তাঁদের দানেই দেশ রচিত। ভাশীকালবাসীরা, ভর্ম আপন দেশকে নয়, সমস্ত পৃথিবীয় লোককে অধিকার করেছেন। তাঁদের চিষ্টা, তাঁদের কর্ম, জাতিবর্ণনিবিচারে সমস্ত মাহুষের। স্বাই তাঁদের সম্পদের উত্তরাধিকারী। তাঁরাই প্রমাণ করেন, সব মাহুষকে নিয়ে, সব মাহুষকে অতিক্রম করে, সীমাবদ্ধ কাদকে পার হুয়ে এক-মাহুষ বিরাজিত। সেই মাহুষকেই প্রকাশ করতে হুবে, শ্রেষ্ঠ স্থান দিতে হুবে বলেই মাহুষের বাস দেশে। অর্থাৎ, এমন জায়গায় যেখানে প্রত্যেক মাহুষের বিন্তার বণ্ড থণ্ড দেশকালপাত্র ছাড়িয়ে— যেখানে মাহুষের বিন্তা, মাহুষের সাধনা সত্য হন্ধ সকল কালের সকল মাহুষকে নিয়ে।

ভবিশ্রংকাল অসীম, অতীতকালও তাই। এই তুই দিকে মান্নষের মন প্রবলভাবে व्याकृष्टे। शूक्ष्म এবেদং गर्वः यम्बृजः यक्त ख्वाम्। या वृत्त, या जावी, এই नमखरे मिर পুরুষ। মাহ্র্য ভাবতে ভালোবাসে, কোনো-এক কালে তার শ্রেষ্ঠতার আদর্শ পূর্বেই বিষয়ীকৃত। তাই প্রায় সকলজাতীয় মাহুষের পুরাণে দেখা যায় সত্যযুগের কল্পনা षञी छका ला। त्र मत्न करत्र, य ष्यानर्सित्र छे भनिक्कि ष्यम्पूर्व का त्ना-এक नृत्रका ल তা পরিপূর্ণ অথও বিশুদ্ধ আকারে। সেই পুরাণের বৃত্তান্তে মাহুষের এই আকাজ্জাটি প্রকাশ পায় যে, অনাদিতে যা প্রতিষ্ঠিত অসীমে তাই প্রমাণিত হতে থাকবে। যে গানটি পূর্বেই সম্পূর্ণ রচিত গাওয়ার মারাই সেটা ক্রমশ প্রকাশমান, এও তেমনি। মনুয়াবের আদর্শ এক কোটিতে সমাপ্ত, আর-এক কোটিতে উপলভ্যমান। এখনকার দিনে মামুষ অতীতকালে সভাযুগকে মানে না, তবু তার সকলপ্রকার শ্রেষোত্র গানের মধ্যে প্রচ্ছের থাকে অনাগতকালে সত্যযুগের প্রত্যাশা। কোনো ব্যক্তি नान्तिक इंटि भारत किंक मिरे नािक यां के मैठा वर्ण कार्न मृत्रामाण जातीकारण সেও তাকে সার্থক করবার জন্মে প্রাণ দিতে পারে, এমন দৃষ্টাস্কের অভাব নেই। অগোচর ভবিশ্বতেই নিজেকে সত্যতররূপে জ্বত্তব করে বলেই তার প্রত্যক্ষ বর্তমানকে বিসর্জন मिख्या त्र क्षि गत्न करत्र ना। जिलान्यामुकः निवि। পूर्व श्रूकस्वत्र व्यक्षिकाः न এथना আছে অব্যক্ত। তাঁকেই ব্যক্ত করবার প্রত্যাশা নিয়ত চলেছে ভবিয়তের দিকে। পূর্ণপুরুষ আগস্তক। তাঁর রথ ধাৰমান, কিছ তিনি এখনো এলে পৌছন নি। বর্ষাত্রীরা

আসছে, যুগের পর যুগ অপেকা করছে, বরের বাজনা আসছে দূর থেকে। তাঁকে এগিয়ে নিয়ে আসবার জত্যে দূতেরা চলেছে হুর্গম পথে। এই-যে অনিশ্চিত আগামীর দিকে মামুষের এত প্রাণপণ আগ্রহ— এই-যে অনিশ্চিতের মধ্যে, অনাগতের মধ্যে তার চিরনিশ্চিতের সন্ধান অক্লান্ত— তারই সংকটসংকুল পথে মামুষ বারবার বাধা পেয়ে বার্থ হয়েও যাত্রা বন্ধ করতে পারলে না। এই অধ্যবসায়কে বলা যেতে পারত পাগলামি. কিন্তু মাত্রৰ তাকেই বলেছে মহত্ত। এই মহত্ত্বের আশ্রের কোধায়। অলক্ষ্য একটা পরিপূর্ণতার দিকে মান্তুষের মনের আকর্ষণ দেখতে পাই; অন্ধকার ঘরের গাছে, তার শাখার প্রশাখার, যেমন একটা স্বাভাবিক ব্যাকুলতা প্রাচীরের ও পারের আলোকের দিকে। আলোক যেমন সত্যা, পূর্ণের আকর্ষণ নিম্নত যেখান থেকে প্রেরিত সেও যদি তেমনি সত্য না হত তা হলে জীবিকার প্রয়োজনের বাইরে আত্মার উৎকর্ষের জ্ঞান্তে মান্থ্য যা-কিছু চিন্তা করে, কর্ম করে, তার কোনো অর্থ ই থাকে না। এই সত্যকে ক্ষণে कत्व न्थर्भ कति व्यामारमत मःकरम्भ, व्यामारमत भाग्न, व्यामारमत व्यामर्त्म। त्यहे অভাবনীয় পূর্ণকে দেখতে পাই হঃখের দীপ্তিতে, মৃত্যুর গৌরবে। সে আমাদের জ্ঞানকে घत्रहाफ़ा करत रएका स्कटल मुक्ति निरम्राह, नरेल शत्रमानु जारद करम श्रीकथ्यनानी মামুষের কাছে অধিক আদর পেত। সীমাবদ্ধ সৃষ্টিকে মানুষ প্রত্যক্ষ দেখছে, তাকে ব্যবহার করছে; কিন্তু তার মন বলছে, এই সমস্তেরই সত্য রয়েছে সীমার অতীতে— এই সীমাকে যদি প্রশ্ন করি তার শেষ উত্তর পাই নে এই সীমার মধ্যেই।

ছান্দোগ্য উপনিষদে কথিত আছে, ক্ষত্রির রাজা প্রবাহণের সামনে তৃই ব্রাহ্মণ তর্ক তুলেছিলেন, সামগানের মধ্যে যে রহস্ত আছে তার প্রতিষ্ঠা কোথার।

দাল্ভ্য বললেন, "এই পৃথিবীতেই।" স্থুল প্রত্যক্ষই সমস্ত রহস্তের চরম আশ্রয়, বোধ করি দাল্ভ্যের এই ছিল মত।

প্রবাহণ বললেন, "তা হলে তোমার সত্য তো অন্তবান হল, সীমায় এসে ঠেকে গেল যে।"

ক্ষতি কী তাতে। ক্ষতি এই যে, সীমার মধ্যে মাস্থবের জিজ্ঞাসা অসমাপ্ত থেকে যায়। কোনো সীমাকেই মাস্থব চরম বলে যদি মানত তা হলে মাস্থবের ভৌতিক বিজ্ঞানও বছকাল পূর্বেই ঘাটে নোঙর ফেলে যাত্রা বন্ধ করত। একদিন পণ্ডিতেরা বলেছিলেন, ভৌতিক বিখের মূল উপাদানস্বরূপ আদিভূতগুলিকে তাঁরা একেবারে কোণঠেসা করে ধরেছেন, একটার পর একটা আবরণ থুলে এমন-কিছুতে ঠেকেছেন যাকে আর বিশ্লেষণ করা যায় না। বললে কী হবে। অন্তরে আছেন প্রবাহণ রাজা, তিনি বছন করে নিয়ে চলেছেন মাস্থবের সব প্রশ্নকে সীমা থেকে দ্রতর ক্ষেত্রে। তিনি বললেন,

অপ্রতিষ্ঠিতং বৈ কিল তে সাম, অস্তবদ বৈ কিল তে সাম।

আদিভূতের যে বস্তুদীমার প্রশ্ন এনে থেমেছিল সে দীমাও পেরোল। আৰু মাহুষের চরম ভৌতিক উপলব্ধি পৌছল গাণিতিক চিহ্নসংকেতে, কোনো বোধগম্যতায় নয়। একদিন আলোকের তত্তকে মাহ্নষ বোধগম্যতার পরপারেই স্থাপন করেছিল। অদ্ভুত কথা বলেছিল, 'ঈথরের ঢেউ' -জিনিদকেই আলোকরপে অমুভব করি। অথচ ঈথর যে কী আমাদের বোধের ভাষায় তার কোনো কিনারা পাওয়া যায় না। আলো, যা আমাদের দৃষ্টির ক্ষেত্রে সকল ভৌতিক জিনিসকে প্রকাশ করে দাড়ালো তা এমন-কিছুর প্রকাশ যা সম্পূর্ণ ই ভৌতিক ধর্মের অতীত, কেবল ব্যবহারে মাত্র জানা যায় যে তাতে নানা ছন্দের ঢেউ খেলে। কিন্তু, প্রবাহণের গণনা থামে না। খবর আসে, কেবল তরক্ষমী বললে আলোর চরিত্রের হিসাব পুরো মেলে না, সে কণিকাব্যীও বটে। এই-সব স্ববিরোধী কথা মান্থযের সহজ বৃদ্ধির সহজ ভাষার সীমার বাইরেকার কথা। তবু বোধাতীতের ডুবজলেওমান্থ্য ভয় পেলে না। পাথরের দেয়ালটাকেও বললে বিত্যুৎ-কণার নিরম্ভর নৃত্য। সন্দেহ করলে না যে, হয়তো বা পাগল হয়ে গেছি। মনে করলে ना, रुप्रতा প্রজ্ঞা, যাকে বলে রীজ্ন, সে মানস-সার্কাসের ডিগ্বাজি-খেলোয়াড়; সব জিনিসকে একেবারে উলটিয়ে ধরাই তার ব্যাবসা। পশুরা যদি বিচারক হত মামুষকে বলত জন্ম-পাগল। বস্তুত মামুষের বিজ্ঞান সব মামুষকে এক-পাগলামিতে-পাওয়া জীব বলে প্রমাণ করছে। বলছে, লে যাকে যেরকম জানছে বলে মনে করে সেটা একেবারেই তা নয়, সম্পূর্ণ ই উলটো। জন্ধরা নিজেদের সম্বন্ধে এরকম লাইবেল প্রচার করে না। তাদের বোধের কাছে যেটা যা সেটা তাই, অর্থাৎ তাদের কাছে কেবল আছে তথ্য, তাদের অবিচলিত নিষ্ঠা প্রতীয়মানের প্রতি। তাদের জগতের আয়তন কেবল তলপৃষ্ঠ নিমে। তাদের সমস্ত দায় ঐ একতলাটাতেই। মানবজগতের আয়তনে বেধ আছে, যা চোখে পড়ে তার গভীরে। প্রত্যক্ষ তথ্যকে উপেক্ষা করলে যাম্বের চলে না, আবার সত্যকেও নইলে নয়।

অক্সান্ত বস্তুর মতোই তথ্য মাহ্নযের সম্বল, কিন্তু সত্য তার এশ্বর্য। এশ্বর্যের চরম লক্ষ্য অভাব দূর করা নম্ন, মহিমা উপলব্ধি করানো। তাই এশ্বর্য-অভিমানী মহিষ বলেছে, ভূমৈব হুখং নাল্লে হুখমস্তি। বলেছে, অল্লে হুখ নেই, বৃহতেই হুখ।

এটা নিতান্তই বেহিগাবি কথা হল। হিগাবিবৃদ্ধিতে বলে, যা চাই আর যা পাই এই হুটো মাপে মিলে গেলেই স্থাের বিষয়। ইংরেজিতে একটা চলতি কথা আছে, যা যথেষ্ট সেটাই ভ্রিভোজের সমান-দরের। শাহ্রেও বলছে, সস্তোষং প্রমান্থার স্থার্থী সংঘতো ভবেং। তবেই তো দেখছি, সম্ভোযে স্থা নেই আবার সম্ভোবেই স্থা, এই ত্টো উলটো কথা সামনে এসে দাড়ালো। তার কারণ, মান্থ্যের সম্ভান্ন হৈব আছে। তার যে সন্তা জীবসীমার মধ্যে, সেখানে যেটুকু আবশুক সেইটুকুতেই তার স্থা। কিন্তু, অস্তরে অস্তরে জীবমানব বিশ্বমানবে প্রসারিত, সেই দিকে সে স্থা চান্ন না, সে স্থারে বেলি চান্ন, সে ভ্যাকে চান্ন। তাই সকল জীবের মধ্যে মান্থ্যই কেবল অমিতাচারী। তাকে পেতে হবে অমিত, তাকে দিতে হবে অমিত, কেননা তার মধ্যে আছে অমিত্মানব। সেই সমিত্যানব স্থারে কাঙাল নন্ন, ত্র্থভীক নন্ন। সেই অমিত্যানব আরামের হার ভেঙে কেবলই মান্থ্যকে বের করে নিয়ে চলেছে কঠোর অধ্যবসারে। আমাদের ভিতরকার ছোটো মান্থ্যটি তা নিমে বিজ্ঞাপ করে থাকে; বলে, হবের থেয়ে বনের মোহ তাড়ানো। উপান্ন নেই। বিশ্বের মান্থ্যটি হবের মান্থ্যকে পাঠিয়ে দেন বুনো মোষটাকে দাবিয়ে রাখতে, এমন-কি হবের থাওয়া যথেই না জুটলেও।

উপনিষদে ভগবান সম্বন্ধে একটি প্রশ্নোত্তর আছে। স ভগব: কম্মিন্ প্রতিষ্ঠিত:। সেই ভগবান কোথায় প্রতিষ্ঠিত। এই প্রশ্নের উত্তর, স্বে মহিমি। নিজের মহিমায়। সেই মহিমাই তাঁর স্বভাব। সেই স্বভাবেই তিনি আনন্দিত।

মাহ্যেরও আনন্দ মহিনায়। তাই বলা হয়েছে, ভূমৈব হুখম্। কিন্তু, যে স্বভাবে তার মহিনা দেই স্বভাবকে সে পায় বিরোধের ভিতর দিয়ে, পরম হুখকে পায় পরম ছঃখে। মাহ্যের সহজ অবস্থা ও স্বভাবের মধ্যে নিত্যই দ্বা তাই ধর্মের পথকে অর্থাৎ মাহ্যের পরম স্বভাবের পথকে— হুর্গং পথস্তৎ ক্বয়ো বদন্তি।

জন্তব অবস্থাও যেমন, স্বভাবও তার অহুগত। তার বরাদ্দও যা, কামনাও তার পিছনে চলে বিনা বিস্তোহে। তার যা পাওনা তার বেশি তার দাবি নেই। মাহুষ বলে বদল, "আমি চাই উপরি-পাওনা।" বাঁধা বরাদ্দের সীমা আছে, উপরি-পাওনার সীমা নেই। মাহুষের জীবিকা চলে বাঁধা বরাদ্দে, উপরি-পাওনা দিয়ে প্রকাশ পায় তার মহিমা।

জীবধর্মরক্ষার চেষ্টাতেও মাহুষের নিরম্ভর একটা হন্দ্ব আছে। সে হচ্ছে প্রাণের সঙ্গে অপ্রাণের হন্দ্ব। অপ্রাণ আদিম, অপ্রাণ বিরাট। তার কাছ থেকে রসদ সংগ্রহ করতে হয় প্রাণকে, মালমসলা নিম্নে গড়ে তুলতে হয় দেহযন্ত্র। সেই অপ্রাণ নিষ্ঠ্র মহাজনের মতো, ধার দেয় কিন্তু কেবলই টানাটানি করে ফিরে নেবার জ্বন্থে, প্রাণকে দেউলে করে দিয়ে মিলিয়ে দিতে চায় পঞ্চভূতে।

এই প্রাণচেষ্টাতে মামুষের শুধু কেবল অপ্রাণের সঙ্গে প্রাণের হন্দ্ব নয়, পরিমিতের সঙ্গে অপরিমিতের। বাঁচবার দিকেও তার উপরি-পাওনার দাবি। বড়ো করে বাঁচতে হবে, তার অন্ন ষ্বেমন-তেমন নয়; তার বসন, তার বাসস্থান কেবল কাজ চলাবার জন্মে

নদ্ধ— বড়োকে প্রকাশ করবার জন্তে। এমন-কিছুকে প্রকাশ, যাকে সে বলে থাকে 'মান্থবের প্রকাশ', জীবযাত্রাতেও যে প্রকাশে ন্যনতা ঘটলে মান্থব লজ্জিত হয়। সেই তার বাড়তি ভাগের প্রকাশ নিয়ে মান্থবের বেমন তঃসাধ্য প্রদাস এমন তার সাধারণ প্রয়োজন মেটাবার জন্তও নয়। মান্থবের মধ্যে ঘিনি বড়ো আছেন, আহারে বিহারেও পাছে তাঁর অসমান হয় মান্থবের এই এক বিষম ভাবনা।

ঋদ্ হয়ে চলতে গিয়ে প্রতি মৃহুর্তেই মাম্বকে ভারাকর্ষণের বিরুদ্ধে মান বাঁচিয়ে চলতে হয়। পশুর মতো চলতে গেলে তা করতে হত না। মম্মুত্ব বাঁচিয়ে চলাতেও তার নিয়ত চেষ্টা, পদে পদেই নীচে পড়বার শকা। এই মম্মুত্ব বাঁচানোর হল মানব-বর্মের সলে পশুধর্মের হল, অর্থাং আদর্শের সলে বাস্তবের। মামুবের ইতিহাসে এই পশুও আদিম। সে টানছে তামসিকভায়, মৃঢ়তার দিকে। পশু বলছে, "সহজ্বধর্মের পথে ভোগ করো।" মামুষ বলছে, "মানবধর্মের দিকে তপস্থা করো।" যাদের মন মন্থর—যারা বলে, যা আছে তাই ভালো, যা হয়ে গেছে তাই শ্রেষ্ঠ, তারারইল জস্তধর্মের স্থাবর বেড়াটার মধ্যে; তারা মৃক্ত নয়, তারা স্থভাব থেকে শ্রষ্ট। তারা পূর্বসঞ্চিত ঐশ্বর্যকে বিয়ত করে, নষ্ট করে।

মাহ্য এক দিকে মৃত্যুর অধিকারে, আর-এক দকে অমৃতে; এক দিকে সে ব্যক্তিগত সীমার, আর-এক দিকে বিশ্বগত বিরাটে। এই হ্রের কোনোটাকেই উপেক্ষা করা চলে না। মাহ্য নিজেকে জানে, তদ্দ্রে তদ্বস্তিকে চ— সে দ্রেও বটে, সে নিকটেও। সেই দ্রের মাহ্যের দাবি নিকটের মাহ্যের সব-কিছুকেই ছাড়িয়ে যার। এই অপ্রত্যক্ষের দিকে মাহ্যেরে কল্পনার্ত্তি দৌত্য করে। ভূল করে বিস্তর, যেখানে থই পার না সেখানে অভূত স্কি দিয়ে ফাঁক ভরার; তব্ও এই অপ্রতিহত প্ররাস সত্যকেই প্রমাণ করে, মাহ্যেরের এই একটি আশ্চর্য সংস্কারের সাক্ষ্য দেয় যে, যেখানে আজ্ঞ তার জানা পৌছর, নি সেখানেও শেষ হয় নি তার জানা।

গাছে গাছে ঘর্ষণে আগুন জলে। জলে বলেই জলে, এই জেনে চূপ করে থাকলে মাহ্যমের বৃদ্ধিকে দোষ দেওরা যেত না। জানবার নেই বলেই জানা যাছে না, এ কথাটা সংগত নয় তো কী। কিন্তু, মাহ্যম ছেলেমাহ্যমের মজো বারবার জিচ্ছাসা করতে লাগল, ঘর্ষণে আগুন জলে কেন। বৃদ্ধির বেগার-ধাটুনি শুরু হল। খুব সম্ভব গোড়ায় ছেলেমাহ্যমের মতোই জবাব দিয়েছিল; হয়তো বলেছিল, গাছের মধ্যে একটা রাগী ভূত অদৃশ্যভাবে বাস করে, মার খেলে সে রেগে আগুন হয়ে ওঠে। এইরকম স্ব উত্তরে মাহ্যমের পুরাণ বোঝাই-করা। বাদের শিশুবৃদ্ধি কিছুতেই বাড়তে চায় না তারা এইরকম উত্তরকে আঁকড়ে ধরে থাকে। কিন্তু, আলো-সম্ভাই মৃঢ়ভার মাঝখানেও মাহ্যমের

প্রশ্ন বাধা ঠেলে ঠেলে চলে। কাজেই উন্থন ধরাবার জন্মে আগুন জালাতে মান্ন্বকে ষত চেষ্টা করতে হয়েছে তার চেয়ে সে কম চেষ্টা করে নি 'আগুন জলে কেন' তার জনাবশুক উত্তর বের করতে। এ দিকে হয়তো উন্থনের আগুন গেছে নিবে, হাঁড়ি চড়ে নি, পেটে ক্ষার আগুন জলছে, প্রশ্ন চলছেই— আগুন জলে কেন। সাক্ষাৎ আগুনের মধ্যে তার উত্তর নেই, উত্তর আছে প্রত্যক্ষ আগুনকে বহুদ্বে ছাড়িয়ে। জন্ত-বিচারক মান্ন্যকে কি নির্বোধ বলবে না, আমরা পতক্ষকে যেমন বলি মৃত, বারবার যে পতক্ষ আগুনে কাঁপ দিয়ে পড়ে?

এই অভূত বৃদ্ধির সকলের চেয়ে স্পর্ধা প্রকাশ পায় যখন মাত্র্যকে সে ঠেলা দিয়ে দিয়ে প্রশ্ন করে, "তৃমি আপনি কে।" এমন কথা বলতেও তার বাধে না য়ে, "মনে ছচ্ছে বটে তৃমি আছ কিন্তু সভাই তৃমি আছ কি, তৃমি আছ কোথায়।" উপস্থিতমত কোনো জবাব না থুঁজে পেয়ে তাড়াভাড়ি যদি বলে বিস "আছি দেহধর্মে" অমনি অস্তর থেকে প্রবাহণ রাজা মাথা নেড়ে বলবেন, ওথানে প্রশ্নের শেষ হতে পায়ে না। তখন মাত্র্য বললে, ধর্মস্থ তত্ত্বং নিহিতং গুহায়াম্— মানবধর্মের গভীর সত্য নিহিত আছে গোপনে। আমার 'এই আমি' আছে প্রত্যক্ষে, 'সেই আমি' আছে অপ্রত্যক্ষে।

কথাটা স্পষ্ট করে বুঝে দেখবার চেষ্টা করা যাক।

এই-বে জল, এই-যে স্থল, এই-যে এটা, এই-যে ওটা, যত-কিছু পদার্থকে নির্দেশ করে বলি 'এই-যে', এই-সমস্তই ভালো করে জেনে-বুঝে নিতে হবে, নইলে ভালো করে বাঁচা যায় না। কিছু সঙ্গে সঙ্গেই মাহ্ব বলে, তদ্বিদ্ধি নেদং যদিদম্ উপাসতে। তাকেই জানো। কাকে, না, ইদং অর্থাৎ এই-যে বলে যাকে স্বীকার করি তাকে নয়। 'এই-যে আমি শুনছি' এ হল সহজ্ব কথা। তব্ও মাহ্ব বললে, এর শেষ কথা সেইখানে যেখানে ইদং সর্বনাম পৌছয় না। খেপার মতো সে জিজ্ঞাসা করে, কোথায় আছে শ্রোক্রন্থ শ্রেবার প্রবেশন প্রবেশন ব্রাক্রি শ্রেবার কম্পনে। কিছু, ওখানেও রয়েছে ইদং, 'এই-যে কম্পন'। কম্পন তো শোনা নয়। যে বলছে 'আমি শুনছি' তার কাছে পৌছনো গেল। তারও সত্য কোথায়।

উপর থেকে নীচে পড়ল একটা পাথর। জ্ঞানের দেউড়িতে যে দারী থাকে লে খবর দিলে, এই-যে পড়েছে। নীচের দিকে উপরের বস্তুর যে টান সেইটে ঘটল। দারীর কর্তব্য শেষ হল। ভিতর-মহল থেকে শোনা গেল, একে টান, ওকে টান, তাকে টান, বারে বারে 'এই-যে'। কিন্তু সব 'এই-যে'কে পেরিয়ে বিশ্বজ্ঞোড়া একমাত্র টান।

উপনিষদ সকলের মধ্যে এই এককে জানাই বলেন প্রতিবোধবিদিতম্— প্রত্যেক

পৃথক পড়ার বোধে একটি অন্বিতীয় টানকে সত্য বলে জানা। তেমনি, আমি শুনি, তৃমি শোন, এখন শুনি, তখন শুনি, এই প্রত্যেক শোনার বোধে বে একমাত্র পরম শোনার সত্য বিদিত সেই প্রতিবোধবিদিত এক সত্যই শ্রোক্রশু শ্রোক্রং। তার সম্বন্ধে উপনিষদ বলেন, অন্তদেব তদ্বিদিতাদথো অবিদিতাদথি। আমরা যা-কিছু জানি এবং জানি নে সব হতেই স্বতম্ম। ভৌতিক বিজ্ঞানেও যা গুহাহিত তাকে আমাদের প্রত্যক্ষ অভিজ্ঞতার সঙ্গে কেবল যে মেলাতে পারি নে তা নয়, বলতে হয়— এ তার বিপরীত। ভাষায় বলি ভারাকর্ষণশক্তি, কিছু আকর্ষণ বলতে সাধারণত যা বৃষ্ধি এ তা নয়, শক্তি বলতে যা বৃষ্ধি এ তাও নয়।

প্রকৃতির গুহাহিত শক্তিকে আবিষ্কার ও ব্যবহার করেই মাহুষের বাহিরের সমৃদ্ধি; যে সত্যে তার আত্মার সমৃদ্ধি সেও গুহাহিত, তাকে সাধনা করেই পেতে হবে। সেই সাধনাকে মাহুষ বলে ধর্মসাধনা।

ধর্ম শব্দের অর্থ স্বভাব। চেষ্টা করে সাধনা করে স্বভাবকে পাওয়া, কথাটা শোনায় স্ববিরোধী অর্থাৎ স্বভাবকে অতিক্রম করে স্বভাবকে পাওয়া। খুস্টানশাস্ত্রে মাহুষের স্বভাবকে নিন্দা করেছে; বলেছে, তার আদিতেই পাপ, অবাধ্যতা। ভারতীয় শাস্ত্রেও আপনার সত্য পাবার জল্মে স্বভাবকে অস্বীকার করতে বলে। মাহুষ নিজে সহজ্রে যা তাকে শ্রন্ধা করে না। মাহুষ বলে বসল, তার সহজ্র স্বভাবের চেয়ে তার সাধনার স্বভাব সত্যা। একটা স্বভাব তার নিজেকে নিয়ে; আর-একটা স্বভাব তার ভ্র্মাকে নিয়ে।

কথিত আছে—

শ্বেরণ্ড প্রেরণ্ড মহায়মেতদ্তৌ সম্পরীত্য বিবিনক্তি ধীর:।
তরো: শ্বের আদদানশ্র সাধু ভবতি হীয়তে২র্থাদ্ য উ প্রেরোর্ণীতে ।

মাহবের স্বভাবে শ্রেরও আছে, প্রেরও আছে। ধীর ব্যক্তি হুইকে পৃথক করেন।

যিনি শ্রেরকে গ্রহণ করেন তিনি সাধু, যিনি প্রেরকে করেন তিনি পুরুষার্থ থেকে হীন হন।

এ-সব কথাকে আমরা চিরাভান্ত হিতকথা বলে গণ্য করি অর্থাং মনে করি, লোকব্যবহারের উপদেশরূপেই এর মূল্য। কিন্তু, সমাজব্যবহারের প্রতি লক্ষ করেই

এ শ্লোকটি বলা হয় নি। এই শ্লোকে আত্মাকে সত্য করে জানবার উপার আলোচনা
করা হয়েছে।

প্রবৃত্তির প্রেরণায় আমরা যা ইচ্ছা করি সেই প্রেরের ইচ্ছা মামুষের স্বভাবে বর্তমান, আবার যা ইচ্ছা করা উচিত সেই শ্রেরের ইচ্ছাও মামুষের স্বভাবে। শ্রেরকে গ্রহণ করার বারা মাহ্র কিছু-একটা পার যে তা নয়, কিছু-একটা হয়। সেই হওয়াকে বলে সাধূহওয়া। তার বারা ধনী হয় না, বলী হয় না, সমাজে সম্মানিত হতেও পারে, নাহতেও পারে, এমন-কি, অবমানিত হওয়ার সম্ভাবনা যথেয়। সাধূহওয়া পদার্থ টা কী, প্রকৃতির রাজ্যে তার কোনো কিনারা নেই। শ্রের শকটাও তেমনি। অপর পক্ষেপ্রেরকে একান্তরপে বরণ করার বারা মাহ্র আর-একটা কিছু হয়, তাকে উপনিষদ বলছেন— আপন অর্থ থেকে হীন হওয়া। নাগর শক বলতে যদি citizen না ব্রিয়ে libertine বোঝায় তা হলে বলতে হয়, নাগর শক্ষ আপন সত্য অর্থ হতে হীন হয়ে গেছে। তেমনি একান্তভাবে প্রেয়কে অবলম্বন করলে, মাহ্র্য বলতে যা বোঝায় সেই সত্য হীন হয়ে যায়। নিজের মধ্যে সর্বকালীন বিশ্বভূমীন মহ্যুধর্মের উপলব্ধিই সাধূতা, হীনতা সেই মহামানবের উপলব্ধি থেকে বিচ্যুত হওয়া। প্রাকৃতিক স্বভাবের উপরেও মাহ্র্যের আত্মিক স্বভাব যদি না থাকত তা হলে এ-সব কথার অর্থ থাকত না।

৺ ডিমের মধ্যেই পাধির প্রথম জন্ম। তথনকার মতো সেই ডিমটাই তার একমাত্র ইদম্। আর-কিছুই সে জানে না। তবু তার মধ্যে একটা প্রবর্তনা আছে বাইরের অজানার মধ্যে সার্থকতার দিকে। সেই সার্থকতা— নেদং যদিদম্পাসতে। যদি খোলাটার মধ্যেই এক-শো বছর সে বেঁচে থাকত তা হলে সেটাকেই বলা যেত তার মহতী বিনষ্টি।

মান্থবের সাধনাও এক স্বভাব থেকে স্বভাবাস্তরের সাধনা। ব্যক্তিগত সংস্কার ছাড়িয়ে যাবে তার জিজ্ঞাসা, তবেই বিশ্বগত জ্ঞানে প্রতিষ্ঠিত হবে তার বিজ্ঞান। ব্যক্তিগত স্বার্থ ও জড়প্রথাগত অভ্যাস কাটিয়ে যাবে তার প্রয়াস, তবেই বিশ্বগত কর্মের দারা সে হবে বিশ্বকর্মা। অহংকারকে ভোগাসক্তিকে উত্তীর্ণ হবে তার প্রেম, তবেই বিশ্বগত আত্মীয়তায় মান্থব হবে মহাত্মা। মান্থবের একটা স্বভাবে আবরণ, অন্ত স্বভাবে মৃক্তি।

জ্যোতির্বিদ দেখলেন, কোনো গ্রন্থ আপন কক্ষপথ থেকে বিচলিত। নি:সন্দেহ
মনে বললেন, অন্ত কোনো অগোচর গ্রহের অদৃশু শক্তি তাকে টান দিয়েছে। দেখা
গেল, মাহ্বেরও মন আপন প্রকৃতিনির্দিষ্ট প্রাণধারণের কক্ষপথ যথাযথ আবৃত্তি করে
চলছে না। অনির্দিষ্টের দিকে, স্বভাবের অতীতের দিকে ঝুঁকছে। তার থেকে মাহ্ব্য কল্পনা করলে দেবলোক। বললে, আদেশ সেইখানকার, আকর্ষণ সেখান হতে। কে সেই দেবলোকের দেবতা তা নিয়ে মাহ্ব্যে মাহ্ব্যে হানাহানি চলেছে। যিনিই হোন, তাঁকে দেবতাই বলি আর যাই বলি, মাহ্ব্যকে জীবসীমার মধ্যে কিছুতেই স্থির থাকতে
দিলেন না। সমৃদ্রের চাঞ্চল্যেই চাঁদের আহ্বান প্রমাণ হত। বাঁচবার চেষ্টাতেও মায়ুষ অনেক সমর্ মরে। বে ক্ষা তার অন্তরে নিঃসংশয়, তার লক্ষ্য যে তার বাইরেও সত্য সে কথাটা সভোজাত শিশুও বতই জানে। মাহুষের প্রাণান্তিক উত্তম দেখা গেছে এমন কিছুর জন্মে যার সঙ্গে বাঁচবার প্ররোজনের কোনো যোগই নেই। মৃত্যুকে ছাড়িয়ে আছে যে প্রাণ সেই তাকে হঃসাহসের পথে এগিয়ে নিয়ে চলেছে। ভৌতিক প্রাণের পথে প্রাণীর নিজেকে রক্ষা; আর এ পথে আত্মবানের আত্মাকে রক্ষা নয়, আত্মাকে প্রকাশ।

বৈদিক ভাষার ঈশবকে বলেছে আবি:, প্রকাশস্বরূপ। তাঁর সম্বন্ধে বলেছে, যস্ত নাম মহদ্যশঃ। তাঁর মহদ্যশই তাঁর নাম, তাঁর মহৎ কীতিতেই তিনি সভ্য। মাস্ক্ষের স্বভাবও তাই— আত্মাকে প্রকাশ। বাইরে থেকে থাতবন্ত গ্রহণ করার স্বারাই প্রাণী আপনাকে রক্ষা করে, বাইরে আপনাকে উৎসর্গ করার হারাই আত্মা আপনাকে প্রকাশ করে। এইখানে প্রকৃতিকে ছাড়িয়ে গিয়ে সে আপনাকে ঘোষণা করে। এমন-কি, বর্বর দেশের মামুষও নিজেকে প্রকাশ করার চেষ্টান্ন প্রকৃতিকে লজ্মন করতে চান্ন। সে নাক ফুঁড়ে মস্ত এক শলা দিয়েছে চালিয়ে। উখো দিয়ে দাত ঘষে ঘষে ছুঁচোলো করেছে। শিশুকালে তক্তা দিয়ে চেপে বিক্বত করেছে যাথার খুলি, বানিয়েছে বিকটাকার বেশভূষা। এই-সব উৎকট সাজে-সজ্জায় অশহ কন্ত মেনেছে; বলতে চেয়েছে, সে নিজে সহজে যা তার চেয়ে সে বড়ো। সেই তার বড়ো-আমি প্রকৃতির বিপরীত। যে দেবতাকে সে আপন আদর্শ বলে মানে সেও এমনি অদ্ভুত; তার মহিমার প্রধান পরিচয় এই যে, সে অপ্রাক্ষতিক। প্রকৃতির হাতে পালিত তবু প্রকৃতিকে হয়ো দেবার জন্মে মাহুষের এই যেন একটা ঝগড়াটে ভাব। ভারতবর্ষেও দেখি, কত লোক, কেউ বা উর্মবাহু, কেউ বা কণ্টকশয্যায় শয়ান, কেউ বা অগ্নিকুণ্ডের দিকে নতশীর্ষ। তারা জানাচ্ছে, তারা শ্রেষ্ঠ, তারা সাধু, কেননা তারা অস্বাভাবিক। আধুনিক পাশ্চাতা দেশেও কত লোক নিরর্থক কুদ্রুশাখনের গৌরব করে। তাকে বলে 'রেকর্ড্ ব্রেক' করা, ত্রংসাধ্যক্তার পূর্ব-অধ্যবসায় পার হওয়া। শীতার কাটছে ঘটার পর ঘটা, বাইসিক্লে অবিশ্রাম যুরপাক খাচ্ছে, দীর্ঘ উপবাস করছে স্পর্ধা করে, কেবলমাত্র অস্বাভাবিকতার গৌরব প্রচারের জন্মে। ময়্রকে দেখা যার গর্ব করতে আপন ময়ুরত নিয়েই, হিংস্র জন্ত উংসাহ বোধ করে আপনার হিংশ্রতার সাফল্যে। কিন্তু, বর্বর মাত্র্য মুখন্দ্রীর বিক্তৃতি ও বেশভূষার অভিকৃতি নিয়ে গর্ব করে জানায়, "আমি ঠিক মাহুষের মতো নই, সাধারণ गांकूरकर्त्र व्यागांत्क किनवांत क्या मिरे।" अमन उत्या व्याजा अकात्मत्र किशांक विम নতর্থক, এ সদর্থক নম ; প্রকৃতির বিরুদ্ধে স্পর্ণামাত্র, যা তার সহজ তার প্রতিবাদমাত্র— তার বেশি আর কোনো অর্থ এতে নেই। অহংকারের প্রকাশকে আত্মগোরবের প্রকাশ বলে মনে করা বর্বরতা, তেমনি নির্থক বাহ্যাস্কানকে মনে করা প্র্যাস্কান।

এ যেমন দৈহিক দিকে তেমনি আর্থিক দিকেও মাহংষর স্পর্ধার অন্ত নেই। এখানেও রেকর্ড্ ত্রেক্ করা, পূর্ব-ইতিহাসের বেড়া-ডিঙোনো লন্ফ। এখানকার চেষ্টা ঠিক অস্বাভাবিকের জন্মে নয়, অসাধারণের জন্মে। এতে আছে সীমার প্রতি অসহিষ্ণুতা, তার বাইরে আর কিছুই নয়। কিন্তু, যা-কিছু বস্তুগত বা বাহিক, সীমাই তার ধর্ম। त्मरे मीयां व वाफित्य हमा यात्र, त्मतित्य यां छत्रा यात्र ना। यिख्युक वत्म हम, क्हीत রন্ধ দিয়ে উট যেমন গলে না ধনীর পক্ষে স্বর্গদার তেমনি হুর্গম। কেননা ধনী নিজের সভ্যকে এমন-কিছুর দারা অমুভব ও প্রকাশ করতে অভ্যন্ত যা অপরিমেয়ের বিপরীত, তাই সে হীয়তেহর্থাৎ, মহুদ্ববের অর্থ হতে হীন হয়। হাতির মতো বড়ো হওয়াকে মাহ্য বড়োলোক হওয়া বলে না, হয়তো বর্বর মাহ্য তাও বলে। বাহিরের উপকরণ পুঞ্জিত করার গর্ব করা সম্বন্ধেও সেই কথা থাটে। অত্যের চেয়ে আমার বস্তুসঞ্চয় বেশি, এ কথা মাহুষের পক্ষে বলবার কথা নয়। তাই মৈত্রেয়ী বলেছিলেন, যেনাহং নামুতা স্থাম কিমহং তেন কুর্যাম। তিনি উপেক্ষা করেছিলেন উপকরণবতাং জীবিতম্। যে ওস্তাদ তানের অজম্রতা গণনা করে গানের শ্রেষ্ঠতা বিচার করে তার বিছাকে সেই উটের সঙ্গে তুলনা করব। শ্রেষ্ঠ গান এমন পর্যাপ্তিতে এসে স্তব্ধ হয় যার উপরে আর একটিমাত্র স্থরও যোগ করা যায় না। বস্তুত গানের সেই থামাকে দীমা বলা যায় না। সে এমন একটি শেষ যার শেষ নেই। অতএব যথার্থ গায়কের আত্মা আপন সার্থকতাকে প্রকাশ করে তানের প্রভূত সংখ্যার দারা নয়, সমগ্র গানের সেই চরম রূপের দ্বারা, যা অপরিমেয়, অনিব্চনীয়, বাইরের দৃষ্টিতে যা স্বল্প, অন্তরে যা অসীম। তাই মাহুষের যে সংসার তার অহং-এর ক্ষেত্র সে দিকে তার অহংকার ভূরিতার, যে দিকে তার আত্মা সে দিকে তার সার্থকতা ভূমায়। এক দিকে তার গর্ব স্বার্থসিদ্ধিতে, আর-এক দিকে তার গৌরব পরিপূর্ণতায়। সৌন্দর্য কল্যাণ বীর্ষ ত্যাগ প্রকাশ করে মাহুষের জাত্মাকে, অতিক্রম করে প্রাকৃত মামুষকে, উপলব্ধি করে জীবমানবের অস্তরতম বিশ্বমানবকে। যং লব্ধা চাপরং লাভং মন্ততে, নাধিকং ততঃ।

চারি দিকে ঘুরে ঘুরে বেড়াচ্ছে অশ্য-সকল প্রাণী, বাইরে থেকে জীবিকার অর্থ থুজে থুঁজে। মাছ্ম আপন অস্তরের মধ্যে আশ্চর্য হয়ে কাকে অস্কুত্রব করলে। যিনি নিহিতার্থো দধাতি, যিনি তাকে তার অস্তর্নিহিত অর্থ দিচ্ছেন। সেই অর্থ মাহ্ম্যের আপন আত্মারই পভীর অর্থ। সেই অর্থ এই যে মাহ্ম্য মহং। মাহ্ম্যকে প্রমাণ করতে হবে যে, সে মহং; তবেই প্রমাণ হবে যে, সে মাহ্ম্য। প্রাণের মূল্য দিয়েও তার আপন ভূমাকে প্রকাশ

করতে হবে; কেননা তিনি চিরস্তন মানব, সর্বন্ধনীন মানব, তিনি মৃত্যুর অতীত—
তাঁকে যে অর্থ্য দিতে হবে সে অর্থ্য সকল মাস্থবের হয়ে, সকল কালের হয়ে, আপনারই
অক্তরতম বেদীতে। আপনারই পরমকে না দেখে মাস্থব বাইরের দিকে সার্থকতা থুঁজে
বেড়ায়। শেষকালে উদ্প্রান্ত হয়ে ক্লান্ত হয়ে কে বলে, কলৈ দেবায় হবিষা বিধেম।
মাস্থবের দেবতা মাস্থবের মনের মাস্থব; জ্ঞানে কর্মে ভাবে যে পরিমাণে সত্য হই সেই
পরিমাণেই সেই মনের মাহ্যকে পাই— অন্তরে বিকার ঘটলে সেই আমার আপন মনের
মাস্থকে মনের মধ্যে দেখতে পাই নে। মান্থবের যত-কিছু হুর্গতি আছে সেই আপন
মনের মান্থবকে হারিয়ে, তাকে বাইরের উপকরণে থুঁজতে গিয়ে, অর্থাৎ আপনাকেই পর
করে দিয়ে। আপনাকে তথন টাকায় দেখি, খ্যাতিতে দেখি, ভোগের আয়োজনে দেখি।
এই নিয়েই তো মান্থবের যত বিবাদ, যত কায়া। সেই বাইরে-বিক্লিপ্ত আপনহারা
মান্থবের বিলাপগান একদিন শুনেছিলেম পথিক ভিধারির মৃথে—

আমি কোথায় পাব তারে
আমার মনের মান্ত্র্য যে রে।
হারায়ে সেই মান্ত্র্যে তার উদ্দেশে
দেশ-বিদেশে বেড়াই ঘুরে।

সেই নিরক্ষর গাঁষের লোকের মৃথেই শুনেছিলেম—
তোরই ভিতর অতল সাগর।

সেই পাগলই গেয়েছিল—

মনের মধ্যে মনের মান্ত্র করে। অন্বেষণ।

সেই অম্বেদণেরই প্রার্থনা বেদে আছে, আবিরাবীর্ম এধি— পরম মানবের বিরাটরূপে যার স্বতঃপ্রকাশ আমারই মধ্যে তাঁর প্রকাশ সার্থক হোক।

कृष्टे

অথৰ্ববেদ বলেছেন—

ঋতং সত্যং তপো রাষ্ট্রং শ্রমো ধর্মন্চ কর্ম চ ভূতং ভবিশুছচ্ছিষ্টে বীর্যং লক্ষীর্বলং বলে।

ঋত সত্য তপস্থা রাষ্ট্র শ্রম ধর্ম কর্ম ভূত ভবিষ্যং বীর্ষ সম্পদ বল সমস্তই উচ্ছিষ্টে অর্থাৎ উদ্বুত্তে আছে।

অর্থাৎ, মানবধর্ম বলতে আমরা যা বৃঝি প্রকৃতির প্রয়োজন লে পেরিয়ে, লে আসছে অতিরিক্ততা থেকে। জীবজগতে মাহুষ বাড়তির ভাগ। প্রকৃতির বেড়ার মধ্যে তাকে কুলোল না। ইতিপূর্বে জীবাণুকোষের গঙ্গে সমগ্র দেহের গছদ্ধ আলোচনা করেছিল্ম। অথববেদের ভাষার বলা যেতে পারে, প্রত্যেক জীবকোষ তার অভিরিক্তের মধ্যে বাস করে। সেই অভিরিক্ততাতেই উৎপন্ন হচ্ছে স্বাস্থ্য আনন্দ শক্তি, সেই অভিরিক্ততাকেই অধিকার করে আছে সৌন্দর্য, সেই অভিরিক্ততাতেই প্রসারিত ভূত ভবিশ্বং। জীবকোষ এই সমগ্র দেহগত বিভূতি উপলব্ধি করে না। কিন্তু, মাহ্র্য প্রকৃতিনির্দিষ্ট আপন ব্যক্তিগত স্বাত্য্যকে পেরিয়ে যায়; পেরিয়ে গিয়ে যে আত্মিক সম্পদকে উপলব্ধি করে অথববিদ তাকেই বলেছেন, ঋতং সত্যম্। এ সমস্তই বিশ্বমানবমনের ভূমিকার, যারা একে স্বীকার করে তারাই মহা্মত্বের পদবীতে এগোতে থাকে। অথববিদ যে-সমস্ত গুণের কথা বলেছেন তার সমস্তই মানবগুণ। তার যোগে আমরা যদি আমাদের জীবধর্মসীমার অভিরিক্ত সন্তাকে অহ্বত্ব করি তবে বলতে হবে, সে সন্তা কথনোই অমানব নয়, তা মানবব্রন্ধ। আমাদের ঋতে সত্যে তপস্থার ধর্মে কর্মে সেই বৃহং মানবক্ত আমরা আত্মবিষয়ীকৃত করি। এই কথাটিকেই উপনিষদ আর-এক রকম করে বলেছেন—

এষাস্থ পরমা গতি রেষাস্থ পরমা সম্পদ্ এষোহস্থ পরমো লোক এষোহস্থ পরম আনন্দ:।

এথানে উনি এবং এ, এই ত্মের কথা। বলছেন, উনি এর পরম গতি, উনি এর পরম সম্পদ, উনি এর পরম আত্রম, উনি এর পরম আনন্দ। অর্থাৎ, এর পরিপূর্ণতা তাঁর মধ্যে। উৎকর্ষের পথে এ চলেছে সেই বৃহত্তের দিকে, এর এখর্ষ সেইখানেই, এর প্রতিষ্ঠা তাঁর মধ্যেই, এর শাখত আনন্দের ধন যা-কিছু সে তাঁতেই।

এই তিনি বস্তু-অবচ্ছিন্ন একটা তত্ত্বমাত্র নন। যাকে বলি 'আমার আমি' সে যেমন অস্তরতমভাবে আমার একান্ত বোধবিষয় তিনিও তেমনি। যথন তাঁর প্রতি ভক্তি জেগে ওঠে, যথন তাঁতে আনন্দ পাই, তথন আমার এই আমি-বোধই বৃহৎ হন্ন, গভীর হন্ন, প্রসারিত হন্ন আপন সীমাতীত সত্যে। তথন অহুভব করি, এক বৃহৎ আনন্দের অন্তর্গত আমার আনন্দ। অন্ত কোনো গ্রন্থে এ সম্বন্ধে যে উপমা ব্যবহার করেছি এখানে তার পুনরাবৃত্তি করতে চাই।

একখণ্ড লোহার রহস্তভেদ করে বৈজ্ঞানিক বলেছেন, সেই টুকরোটি আর-কিছুই
নয়, কতকগুলি বিশেষ ছন্দের বিত্যংমগুলীর চিরচঞ্চলতা। সেই মগুলীর তড়িংকণাগুলি
নিজেদের আয়তনের অহপাতে পরস্পরের থেকে বহু দ্রে দ্রে অবস্থিত। বিজ্ঞানের
দৃষ্টিতে যা ধরা পড়েছে সহজ্ব দৃষ্টিতে যদি সেইরকম দেখা যেত, তা হলে মানবমগুলীতে
প্রত্যেক ব্যক্তিকে যেমন পৃথক দেখি তেমনি তাদেরও দেখতুম। এই অণুগুলি যত

পৃথকই হোক, এদের মধ্যে একটা শক্তি কাজ করছে। তাকে শক্তিই বলা যাক।
সে সম্বন্ধকি, একাশক্তি, সে এ লোহখণ্ডের সংঘশক্তি। আমরা যখন লোহা দেখছি.
তখন বিত্যাংকণা দেখছি নে, দেখছি সংঘরপকে। বস্তুত, এই-যে লোহার প্রতীয়মান
রূপ একটা প্রতীক। বস্তুটা পরমার্থত যা, এ তা নয়। অক্সবিধ দৃষ্টি যদি থাকে তবে
এর প্রকাশ হবে অক্সবিধ। দশ-টাকার নোট পাওয়া গেল, বিশেষ রাজত্বে তার বিশেষ
মূল্য। একে দেখবামাত্র যে জানে যে এই কাগজখানা স্বতম্ব দশ-সংখ্যক টাকার সংঘরপা,
তা হলেই দে একে ঠিক জানে। কাগজখানা এ সংঘের প্রতীক।

আমরা যাকে চোথে দেখছি লোহা সেও প্রকাশ করছে সেই সংঘকে যাকে চোথে দেখা যায় না, দেখা যায় স্থুল প্রতীকে। তেমনি ব্যক্তিগত মাত্বয়গুলির মধ্যে দেশকালের ব্যবধান যথেষ্ট, কিন্তু সমস্ত মাত্বয়কে নিয়ে আছে একটি বৃহৎ এবং গভীর ঐক্য। সেই ইক্রিয়বোধাতীত ঐক্য সাংখ্যিক সমষ্টিকে নিয়ে নয়, সমষ্টিকে অতিক্রম করে। সেই হচ্ছে সমস্তের এক গৃঢ় আত্মা, একধৈবাত্ত্রপ্রতীয়া, কিন্তু বছধাশক্তিযোগে তার প্রকাশ। সমস্ত মাত্র্যের মধ্যে সেই এক আত্মাকে নিজের মধ্যে অত্যত্তব করবার উদার শক্তি যায়া পেয়েছেন তাঁদেরই তো বলি মহাত্মা, তাঁরাই তো সর্বমানবের জ্বল্লে প্রাণ দিতে পারেন। তাঁরাই তো এই এক গৃঢ় আত্মার প্রতি লক্ষ করে বলতে পারেন, তদেতং প্রেয়ঃ পুরাৎ প্রেয়ো বিত্তাৎ প্রেয়াহল্তমাৎ সর্বমাদ্ অন্তর্যতরং যদয়মাত্মা— তিনি পুত্রের চেয়ে প্রিয়, বিত্তের চেয়ে প্রিয়, অন্ত-সকল হতে প্রিয়, এই আত্মা যিনি অন্তর্যতর।

বৈজ্ঞানিক এই কথা শুনে ধিক্কার দেন, বলেন, দেবতাকে প্রিয় বললে দেবতার প্রতি মানবিকতা আরোপ করা হয়। আমি বলি, মানব্দ্ধ আরোপ করা নয়, মানব্দ্দ উপলিন্ধি করা। মান্ত্র্য আপন মানবিকতারই মাহাত্মাবোধ অবলম্বন করে আপন দেবতায় এনে পৌচেছে। মান্ত্র্যের মন আপন দেবতায় আপন মানবন্ধের প্রতিবাদ করতে পারে না। করা তার পক্ষে সত্যই নয়। ঈথরের কম্পনে মান্ত্র্য আলোক্দ্র আরোপ করে না, তাকে কতই আলোক্রপে অন্তন্ত্র্য করে, আলোক্দ্রপেই ব্যবহার করে, করে ফল পায়, এও তেমনি।

পর্মমানবিক সন্তাকে পেরিয়ে গিয়েও পরমজাগতিক সন্তা আছে। স্থলোককে ছাড়িয়ে যেমন আছে নক্ষত্রলোক। কিন্তু, যার অংশ এই পৃথিবী, যার উত্তাপে পৃথিবীর প্রাণ, যার যোগে পৃথিবীর চলাফেরা, পৃথিবীর দিনরাত্রি, সে একাস্তভাবে এই স্থলোক। জ্ঞানে আমরা নক্ষত্রলোককে জানি, কিন্তু জ্ঞানে কর্মে আনন্দে দেহমনে সর্বভোভাবে জানি এই স্থলোককে। তেমনি জাগতিক ভূমা আমাদের জ্ঞানের বিষয়, মানবিক ভূমা

আমাদের সমগ্র দেহমন ও চরিত্রের পরিতৃপ্তি ও পরিপূর্ণতার বিষয়। আমাদের ধর্মশ্চ কর্ম চ, আমাদের ঋতং সত্যং, আমাদের ভূতং ভবিষ্যুৎ সেই সন্তারই অপর্যাপ্তিতে।

মানবিক সম্ভাকে সম্পূর্ণ ছাড়িয়ে যে নৈর্ব্যক্তিক জাগতিক সত্তা, তাঁকে প্রিয় বলা বা क्रांता-किष्टूरे वनात्र काता वर्ष तरे। जिनि जाता-मन युन्तत-व्ययनात्रत जन-বঞ্জিত। তাঁর সঙ্গে সম্বন্ধ নিয়ে পাপপুণ্যের কথা উঠতে পারে না। অন্তীতিক্রবতো-২ক্তজ্ঞ কথং তত্বপলভাতে। তিনি আছেন, এ ছাড়া তাঁকে কিছুই বলা চলে না। মানবমনের সমস্ত লক্ষ্ণ সম্পূর্ণ লোপ করে দিয়ে সেই নিবিশেষে মগ্ন ছওয়া যায়, এমন কথা শোনা গেছে। এ নিম্নে তর্ক চলে না। মন-সমেত সমস্ত সন্তার সীমানা क्षि अक्वादार हाफ़िया राहि कि ना, जामारित यन निया रा कथा निकिछ वनव की করে। আমরা স্ভামাত্রকে থে ভাবে যেখানেই স্বীকার করি সেটা মাহুষের মনেরই श्रीकृष्ठि। এই কারণেই দোষারোপ করে মাহুষের মন স্বয়ং যদি তাকে অস্বীকার করে, তবে শৃত্যতাকেই সত্য বলা ছাড়া উপায় থাকে না। এমন নান্তিবাদের কথাও মামুষ বলেছে, কিন্তু বৈজ্ঞানিক তা বললে তার ব্যাবসা বন্ধ করতে হয়। বৈজ্ঞানিক অভিজ্ঞতায় আমরা বে জগংকে জানি বা কোনোকালে জানবার সন্তাবনা রাখি সেও মানবজগং। অর্থাং, মাহুষের বৃদ্ধির, যুক্তির কাঠামোর মধ্যে কেবল মাহুষই তাকে আপন চিস্তার আকারে আপন বোধের দ্বারা বিশিষ্টতা দিয়ে অমুভব করে। এমন কোনো চিত্ত কোখাও থাকতেও পারে যার উপলব্ধ জগৎ আমাদের গাণিতিক পরিমাপের অতীত, আমরা যাকে আকাশ বলি সেই আকাশে যে বিরাজ করে না। কিন্তু, যে জগতের গুঢ় তত্তকে মানব আপন অন্তৰ্নিহিত চিম্ভাপ্ৰণালীর দ্বারা মিলিয়ে পাচ্ছে তাকে অতিমানবিক বলব কী করে। এইজন্মে কোনো আধুনিক পণ্ডিত বলেছেন, বিশ্বজ্ঞগৎ গাণিতিক মনের স্প্রষ্ট। সেই গাণিতিক মন তো মাহুষের মনকে ছাড়িয়ে গেল না। যদি যেত তবে এ জগতের বৈজ্ঞানিক তত্ত্ব আমরা জানতেই পারতুম না, যেমন কুকুর বিড়াল ি কিছুতেই জানতে পারে না। যিনি আমাদের দর্শনে শাস্ত্রে সগুণ ব্রহ্ম তাঁর স্বরূপসম্বন্ধে বলা হয়েছে সর্বেন্দ্রিয়গুণাভাসম্। অর্থাৎ মাম্বের বহিরিন্দ্রিয়-অন্তরিন্দ্রিয়ের যত-কিছু গুণ তার আভাস তাঁরই মধ্যে। তার অর্থই এই যে, মানবব্রন্ধ, তাই তাঁর জ্বগৎ মানবজগং। এ ছাড়া অন্ত জগং যদি থাকে তা হলে সে আমাদের সম্বন্ধে শুধু যে আঞ্চই त्नहे जा नम्न, क्लांदना कार्लाहे त्नहे।

এই জগংকে জানি আপন বোধ দিয়ে। যে জানে সেই আমার আত্মা। সে আপনাকেও আপনি জানে। এই স্বপ্রকাশ আত্মা একা নয়। আমার আত্মা, তোমার আত্মা, তার আত্মা, এমন কত আত্মা। তারা যে এক আত্মার মধ্যে স্ত্য তাঁকে আমাদের শাস্ত্রে বলেন প্রমাত্মা। এই প্রমাত্মা মানবপ্রমাত্মা, ইনি সদা জনানাং জ্বান্তে সন্ধিবিষ্টঃ। ইনি আছেন স্বদা জনে-জনের স্থান্তের।

বলা হয়েছে বটে, আমাদের সকল ইন্দ্রিয়গুণের আভাস এর মধ্যে, কিন্তু এতেই সব কথা শেষ হল না। এক আত্মার সক্ষে আর-এক আত্মার যে সম্বন্ধ সকলের চেয়ে নিবিড়, সকলের চেয়ে সত্যা, তাকেই বলে প্রেম। ভৌতিক বিশের সঙ্গে আমাদের বান্তব পরিচয় ইন্দ্রিয়বোধে, আত্মিক বিশ্বের সঙ্গে আমাদের সভ্য পরিচয় প্রেমে। ষাত্মিক বিশের পরিচয় যাহ্র্য জন্মমূহুর্তেই আরম্ভ করেছে পিতামাতার প্রেমে। এইখানে অপরিমেয় রহস্ত, অনির্বচনীয়ের সংস্পর্ণ। প্রশ্ন উঠল মনে, এই পিতামাতার সত্য কোপায় প্রতিষ্ঠিত। দাল্ভ্য যদি উত্তর করেন, এই পৃথিবীর মাটিতে প্রবাহণ মাথা নেড়ে বলবেন, যিনি পিতৃতম: পিতৃণাম্, সকল পিতাই খাঁর মধ্যে পিতৃতম হয়ে আছেন, তাঁরই মধ্যে। মাটির অর্থ বুঝতে পারি বাহির থেকে তাকে নেড়েচেড়ে দেখে, পিতামাতার রহস্ত ব্ঝতে পারি আপনারই আত্মার গভীরে এবং সেই গভীরেই উপলব্ধি করি পিতৃতমকে। সেই পিতৃতম বিশেষ কোনো স্বর্গে নেই, বিশেষ কোনো দেশকালে-বন্ধ ইতিহাসে নেই, ইনি বিশেষ কোনো একটি মামুষে একদা অবভীৰ্ণ নন, ইনি প্ৰেমের সম্বন্ধে মানবের ভৃতভবিষ্যংকে পূর্ণ করে আছেন নিখিল মানবলোকে। আহ্বান করছেন দুর্গম পথের ভিতর দিয়ে পরিপূর্ণতার দিকে, অসত্যের থেকে সত্যের দিকে, অন্ধকার থেকে জ্যোতির দিকে, মৃত্যু থেকে অমৃতের দিকে, হৃ:থের মধ্য দিয়ে, তপস্থার यश मिटन ।

এই আহ্বান মাহ্বাকে কোনোকালে কোথাও থামতে দিলে না, তাকে চিরপথিক করে রেথে দিলে। ক্লান্ত হরে যারা পথ ছেড়ে পাকা করে ঘর বেঁধেছে তারা আপন সমাধিঘর রচনা করেছে। মাহ্ব যথার্থ ই অনাগারিক। জন্তরা পেয়েছে বাসা, মাহ্ব পেয়েছে পথ। মাহ্বের মধ্যে শ্রেষ্ঠ যারা তাঁরা পথনির্মাতা, পথপ্রদর্শক। বৃদ্ধকে যখন কোনো একজন লোক চরমতন্ত্বের প্রশ্ন জিজ্ঞাসা করেছিল তিনি বলেছিলেন, "আমি চরমের কথা বলতে আসি নি, আমি বলব পথের কথা।" মাহ্ব এক যুগে যাকে আশ্রম করছে আর-এক যুগে উমাদের মতো তার দেয়াল ভেঙে বেরিয়ে পড়েছে পথে। এই-যে বারে বারে ঘর ভেঙে দিয়ে চলবার উদ্ধামতা, যার জন্তো সে প্রাণপণ করে, এ প্রমাণ করছে কোন্ সত্যকে। সেই সত্য সম্বন্ধেই উপনিষদ বলেন, মনসো জবীয়ো নৈনন্দেবা আপুবন্ প্র্মার্থ। তিনি মনকে ইন্রিয়কে ছাড়িয়ে চলে গেছেন। ছাড়িয়ে যদি না যেতেন তবে পদে পদে মাহ্যবন্ত আপানাকে ছাড়িয়ে যেত না। অথর্ববেদ বলেছেন, এই আরও'র দিকে, এই ছাড়িয়ে যাবার দিকে মাহ্বের শ্রী, তার ঐশ্বর্ণ, তার মহত্ব।

তাই মানবদেবতার সম্বন্ধে এই কথা শুনি—

যদ্ যদ্ বিভৃতিমং সন্ধং শ্রীমদ্ উর্জিতমেব বা

তত্তদেবাবগচ্ছ সং মম তেজো২ংশসম্ভবম্।

যা কিছুতে ঐশ্বৰ্থ আছে, শ্ৰী আছে, শ্ৰেষ্ঠতা আছে, দে আমার্ই তেজের অংশ থেকে সম্ভূত।

বিশ্বে ছোটোবড়ো নানা পদার্থ ই আছে। থাকা-মাত্রের যে দাম তা সকলের পক্ষেই সমান। নিছক অন্তিত্বের আদর্শে মাটির ঢেলার সঙ্গে পদাফুলের উৎকর্ম-অপকর্ষের ভেদ নেই। কিন্তু, মান্তবের মনে এমন একটি মূল্যভেদের আদর্শ আছে যাতে প্রয়োজনের বিচার নেই, যাতে আয়তনের বা পরিমাণের তৌল চলে না। মান্তবের মধ্যে বস্তুর অতীত একটি অহৈত্বক পূর্ণতার অহুভূতি আছে, একটা অন্তর্গতম সার্থকতার বোধ। তাকেই সে বলে শ্রেষ্ঠতা। অথচ, এই শ্রেষ্ঠতা সম্বন্ধে মতের এক্য তোদেখি নে। তা হলে সেটা যে নৈর্ব্যক্তিক শাশ্বত সত্যে প্রতিষ্ঠিত, এ কথা বলা যায় কী করে।

জ্যোতির্বিদ দূরবীন নিয়ে জ্যোতিন্ধের পর্যালোচনা করতে চান, কিন্তু তার বাধা বিশুর। আকাশে আছে পৃথিবীর ধুলো, বাতাসের আবরণ, বাপ্পের অবগুঠন চার দিকে নানাপ্রকার চঞ্চলতা। যন্ত্রের ক্রটিও অসম্ভব নয়, যে মন দেখছে তার মধ্যে আছে পূর্বসংস্কারের আবিলতা। ভিতর-বাহিরের সমস্ত ব্যাঘাত নিরম্ভ করলে বিশুদ্ধ সত্য পাওয়া যায়। সেই বিশুদ্ধ সত্য এক, কিন্তু বাধাগ্রস্ত প্রতীতির বিশেষত্ব- অমুসারে ভ্রান্ত মত বছ।

পুরোনো সভ্যতার মাটিচাপা ভাঙাচোরা চিহ্নশেষ উদ্ধার করলে তার মধ্যে দেখা যার আপন শ্রেষ্ঠতাকে প্রকাশ করবার জন্মে মাহুষের প্রভৃত প্রয়াস। নিজের মধ্যে যে কল্পনাকে সকল কালের সকল মাহুষের বলে সে অহুভব করেছে তারই দারা সর্ব-কালের কাছে নিজের পরিচয় দিতে তার কত বল কত কৌশল। ছবিতে, মৃতিতে, ঘরে, ব্যবহারের সামগ্রীতে, সে ব্যক্তিগত মাহুষের খেয়ালকে প্রচার করতে চায় নিবিশ্বগত মাহুষের আনন্দকে স্থায়ী রূপ দেবার জন্মে তার হঃসাধ্য সাধনা। মাহুষ তাকেই জানে শ্রেষ্ঠতা যাকে সকল কাল ও সকল মাহুষ স্বীকার করতে পারে। সেই শ্রেষ্ঠতার বারা মাহুষ আত্মপরিচয় দিয়ে থাকে। অর্থাৎ, আপন আত্মায় সকল মাহুষের আত্মার পরিচয় দেয়। এই পরিচয়ের সম্পূর্ণতাতেই মাহুষের অভ্যুদয়, তার বিক্ততেই মাহুষের পতন। বাহুসম্পদের প্রাচুর্যের মাঝ্রখনেই সেই বিনষ্টির লক্ষণ সহসা এসে দেখা দেয় যখন মদাদ্ধ স্থার্থান্ধ মাহুষ চিরমানবের বিক্লেজ বিদ্রোহ করে। পাশ্চাত্য

মহাদেশে কি সেই লক্ষণ আজ দেখা দেয় নি। সেধানে বিজ্ঞান আছে, বাহুবল আছে, অর্থবল আছে, বৃদ্ধিবল আছে, কিন্তু তার দ্বারাও মান্ত্র রক্ষা পায় না। স্বাজাত্যের শিশবের উপরে চড়ে বিশ্বগ্রাদী লোভ যখন মন্ত্রান্ত্রকে খর্ব করতে স্পর্ধা করে, রাষ্ট্র-নীতিতে নিষ্ঠরতা ও ছলনার সীমা থাকে না, পরস্পরের প্রতি ইবা এবং সংশয় যখন নিদাক্ষণ হিংপ্রতায় শান দিতে বলে, তখন মানবের ধর্ম আঘাত পায় এবং মানবের ধর্ম ই মান্ত্রকে ফিরে আঘাত করে। এ কোনো পৌরাণিক ইশবের আদিষ্ট বিধির বিক্লকে বিজ্ঞোহের কথা নয়। এই-সব আত্মন্তরীরা আত্মহনো জনাং। এরা সেই আত্মাকে মারে বে আত্মা স্বদেশের বা স্বগোষ্ঠীর মধ্যে বন্ধ নয়, যে আত্মা নিত্যকালের বিশ্বজনের। একলা নিজেকে বা নিজেদেরকে বড়ো করবার চেষ্টায় অন্ত-সকল প্রাণীরই উন্নতি ঘটতে পারে, তাতে তাদের সত্যন্ত্রোহ ঘটে না; কিন্তু মান্তবের পক্ষে সেইটেই অস্ত্য, অধর্ম, এইজন্মে সকলপ্রকার সমৃদ্ধির মাঝখানেই তার দ্বারাই মান্ত্র্য স্কলপ্রকার সমৃদ্ধির মাঝখানেই তার দ্বারাই মান্ত্র্য সমৃদ্ধন বিনশ্রতি।

বিশুদ্ধ সত্যের উপলব্ধিতে বিশ্বমানবমনের প্রকাশ, এ কথা স্বীকার করা সহজ; কিন্তু রসের অন্তর্ভূতিতে সেই বিশ্বমনকে হান্তংগম করি কি না, এ নিয়ে সংশয় জল্মাতে পারে। সৌন্দর্যে আনন্দরোধের আদর্শ দেশকালপাত্রভেদে বিচিত্র যদি হয় তবে এর শাস্বত আদর্শ কোথায়। অথচ, বৃহৎ কালে মেলে দিয়ে মাহুহের ইতিহাসকে যখন দেখি তথন দেখতে পাই, শিল্পসৌন্দর্যের শ্রেষ্ঠতা সম্বন্ধে সকল কালের সকল সাধকদের মন মেলবার দিকেই যায়। এ কথা সত্য যে, নিশ্চিতভাবে প্রত্যেক ব্যক্তিই স্থানর স্তরিতে সম্পূর্ণ রস পায় না। অনেকের মন রপকানা, তাদের ব্যক্তিগত অভিক্রচির সঙ্গে বিশ্বক্রচির মিল নেই। মাহুষের মধ্যে অনেকে আছে স্বভাবতই বিজ্ঞানমূড, বিশ্ব সম্বন্ধে তাদের ধারণা নোহাচ্ছের বলেই তা বহু, এক সংস্কারের সঙ্গে আর-এক সংস্কারের মিল হয় না, অথচ নিজ নিজ অন্ধ সংস্কারের সত্যতা সম্বন্ধে তাদের প্রত্যেকের এমন প্রচন্ত দম্ভ যে তা নিয়ে তারা খ্নোখনি করতেও প্রস্তত। তেমনি সংসারে স্বভাবতই অরসিক বা বেরসিকের অভাব নেই; তাদেরও মতভেদ সাংঘাতিক হয়ে ওঠে। নিয়সপ্রক থেকে উচ্চসপ্রক পর্যন্ত উদারা ম্লারা তারা নানা প্র্যারের জল্মমূড্রা আছে বলেই যেমন জ্ঞানের বিশ্বভূমীন সম্পূর্ণতার অশ্রন্ধা করা যায় না, সৌন্দর্যের আদর্শ সম্বন্ধেও তেমনি।

বার্টা ও রাসেল কোনো-এক গ্রন্থের ভূমিকার লিখেছেন যে, বেটোভনের 'সিন্ফনি'কে বিশ্বমনের রচনা বলা যার না, সেটা ব্যক্তিগত; অর্থাং, সেটা ভোগাণিতিক তত্ত্বের মতো নর যার উদ্ভাবনা সম্বন্ধে ব্যক্তিগত মন উপলক্ষ্মাত্র, যা নিধিল মনের সামগ্রী। কিন্তু, যদি এ কথা স্বীকার করতে হয় যে, বেটোভনের রচনা সকলেরই

ভালো লাগা উচিত অর্থাং ঠিকমত শিক্ষা পেলে, স্বাভাবিক চিত্তজড়তা না থাকলে, অজ্ঞান অনভ্যাসের আবরণ দূর হলে, সকল মাহুষের তা ভালো লাগবে, তা হলে বলতেই হবে প্রেষ্ঠগীত-রচিয়িতার প্রেষ্ঠত্ব সকল মাহুষের মনেই সম্পূর্ণ আছে, প্রোতৃরূপে ব্যক্তিবিশেষের মনে তা বাধাগ্রস্ত।

বৃদ্ধি জিনিসটা অন্তিত্বরক্ষার পক্ষে অপরিহার্য, কিন্তু সৌন্দর্যবাধের অপূর্ণতা সত্তেও সংসারে সিদ্ধিলাভের দৃষ্টান্ত অনেক আছে। সৌন্দর্যবাধের কোনো সাংঘাতিক তাগিদ নেই। এ সন্থদ্ধে যথেচ্ছাচারের কোনো দণ্ডনীয় বাধা নেই। যুক্তিস্বীকারকারী বৃদ্ধি মাহ্যবের মনে যত স্থনিশ্চিত হয়েছে প্রাণের বিভাগে, শাসনের অভাবে সৌন্দর্যস্বীকার-কারী রুচি তেমন পাকা হয় নি। তবু সমস্ত মানবসমাজে সৌন্দর্যস্পত্তির কাজে মাহ্যবের যত প্রভৃত শক্তির প্রয়োগ হচ্ছে এমন অল্প বিষয়েই। অথচ, জীবনধারণে এর প্রয়োজন নেই, এর প্রয়োজন আ্মিক। অর্থাৎ, এর দ্বারা বাইরের জিনিসকে পাই নে, অন্তরের থেকে দীপ্তিমান হই, পরিতৃপ্ত হই। এই পরিতৃপ্ত হওয়ার দ্বারা যাঁকে জানি তাঁকে বলি, রসো বৈ সঃ।

এই ছওয়ার স্বারা পাওয়ার কথা উপনিষদে বারবার শোনা যায়; তার থেকে এই বৃঝি, মাহুষের যা চরম পাবার বিষয় তার সঙ্গে মাহুষ একাত্মক, মাহুষ তারই মধ্যে সভ্য— কেবল তার বোধের বাধা আছে।

নাবিরতো হৃশ্চরিতান্ নাশাস্তো নাসমাহিত: নাশাস্তমানসো বাপি প্রজ্ঞানেনৈন্মাপুষাৎ।

বলছেন, কেবল জানার দারা তাঁকে পাওয়া যায় না। হওয়ার দারা পেতে হবে, হুশ্চরিত থেকে বিরত হওয়া, সমাহিত হওয়া, রিপুদমন করে অচঞ্চলমন হওয়া দারাই তাঁকে পেতে হবে। অর্থাং, এ এমন পাওয়া যা আপনারই চিরস্তন সত্যকে পাওয়া।

পূর্বে বলেছি, ভৌতিক সভ্যকে বিশুদ্ধ করে দেখতে গেলে কাছের সমস্ত মলিনতা ও চাঞ্চল্য, ব্যক্তিগত সমস্ত বিকার দ্র করা চাই। আত্মিক সভ্য সম্বন্ধে সে কথা আরো বেশি খাটে। যথন পশুসন্তার বিকার আমরা আত্মিক সভ্যে আরোপ করি তথন সেই প্রমাদ সব চেয়ে সাংঘাতিক হয়ে ওঠে। কেননা, তথন আমাদের হওয়ার ভিত্তিতেই লাগে আঘাত। জানার ভূলের চেয়ে হওয়ার ভূল কত সর্বনেশে তা ব্রুতে পারি যখন দেখতে পাই বিজ্ঞানের সাহায্যে যে শক্তিকে আমরা আয়ত্ত করেছি সেই শক্তিই মাহ্রুবের হিংসা ও লোভের বাহন হয়ে তার আত্মঘাতকে বিস্তার করছে পৃথিবীর এক প্রান্ত থেকে অন্ত প্রান্তে। এইজন্মেই সম্প্রদায়ের নামে ব্যক্তিগত বা বিশেষজনগত স্বভাবের বিক্তিত মাহ্রুবের পাপবৃদ্ধিকে যত প্রশ্রের দেয় এমন বৈজ্ঞানিক ভ্রান্তিতে কিংবা

বৈষয়িক বিরোধেও না। সাম্প্রদায়িক দেবতা তথন বিষেষবৃদ্ধির, অহংকারের, অবজ্ঞাপরতার, মৃঢ়তার দৃঢ় আশ্রন্থ হয়ে দাঁড়ার; শ্রেয়ের নামান্ধিত পতাকা নিয়ে অশ্রের জ্ঞাদ্ব্যাপী অশান্তির প্রবর্তন করে— স্বয়ং দেবত্ব অবমানিত হয়ে মাত্র্যমকে অবমানিত ও পরম্পরব্যবহারে আতন্ধিত করে রাখে। আমাদের দেশে এই ত্র্যোগ আমাদের শক্তিও সৌভাগ্যের মৃলে আঘাত করছে।

অন্ত দেশেও তার দৃষ্টাস্ত আছে। সাম্প্রদায়িক খৃদ্যান ভারতবর্ধের সাম্প্রদায়িক দেবচরিত্রে পূজাবিধিতে চরিত্রবিক্বতি বা হিংশ্রতা দেখে অবজ্ঞা প্রকাশ করেন। সংস্কারবশত দেখতে পান না, মাহুষের আপন অহিতবৃদ্ধি তাঁদেরও দেবতার ধারণাকে কিরকম নিদারণভাবে অধিকার করতে পারে। অপ্সুদীক্ষা বা ব্যাপ্টিজ্ম্ হবার পূর্বে কোনো শিশুর মৃত্যু হলে যে সাম্প্রদায়িক শাস্ত্রমতে তার অনন্ত নরকবাস বিহিত হতে পারে সেই শাস্ত্রমতে দেবচরিত্রে যে অপরিসীম নির্দয়তার আরোপ করা হয় তার তুলনা কোথায় আছে। বস্তুত, যে-কোনো পাপের প্রসক্ষেই হোক, অনন্ত-নরকের কল্পনা হিংশ্রবৃদ্ধির চরম প্রকাশ। য়ুরোপে মধ্যযুগে শাস্ত্রগত ধর্মবিশ্বাসকে অবিচলিত রাথবার জন্মে যে বিজ্ঞানবিজ্ঞে ও ধর্মবিক্বন্ধ উৎপীড়ন আচরিত তার ভিত্তি এইখানে। সেই নরকের আদর্শ সভ্যমান্থবের জেলখানায় আজন্ত বিভীষিকা বিস্তার করে আছে। সেখানে শোধন করবার নীতি নেই, আছে শাসন করবার হিংশ্রতা।

মস্যাত্বের বিকাশের সঙ্গে সঙ্গেই দেবতার উপলব্ধি মোহমুক্ত হতে থাকে, অন্তত হওয়া উচিত। হয় না যে তার কারণ, ধর্মসম্বদ্ধীয় সব-কিছুকেই আমরা নিত্য বলে ধরে নিয়েছি। ভূলে যাই যে, ধর্মের নিত্য আদর্শকে শ্রন্ধা করি বলেই ধর্মমতকেও নিত্য বলে সীকার করতে হবে এমন কথা বলা চলে না। ভৌতিক বিজ্ঞানের মুলে নিত্য সত্য আছে বলেই বৈজ্ঞানিক মতমাত্রই নিত্য, এমন গোঁড়ামির কথা যদি বলি তা হলে আজও বলতে হবে, স্থাই পৃথিবীকে প্রদক্ষিণ করছে। ধর্ম সম্বন্ধে সাধারণত এই ভূলই ঘটে; সম্প্রদায় আপন মতকেই বলে ধর্ম, আর ধর্মকেই করে আঘাত। তার পরে যে বিবাদ, যে নির্দয়্বতা, যে বৃদ্ধিবিচারহীন অন্ধ্যংস্কারের প্রবর্তন হয় মামুষের জীবনে আর-কোনো বিভাগে তার তুলনাই পাওয়া যায় না।

এ কথা মানতে হবে, ভূল মত মাস্থবেরই আছে, জন্তর নেই। আদিম কাল থেকে আজ পর্যস্ত ভূল মতবাদের উত্তব হচ্ছে, যেহেতু মাস্থবের একটা প্রনিবার সমগ্রতার বোধ আছে। কোনো-একটা তথ্য যথন স্বতম্বভাবে বিচ্ছিন্নভাবে তার সামনে আসে তথন তাকেই সমাক্ বলে সে স্বীকার করে নিতে পারে না। তাকে পূর্ণ করবার আগ্রহে কল্পনার আশ্রের নের। সেই কল্পনা প্রকৃতিভেদে মৃঢ় বা প্রাজ্ঞ, স্থনার বা

কুৎসিৎ, নিষ্ঠর বা সকরুণ, নানাপ্রকার হতে পারে। কিন্তু, মূল কথাটা হচ্ছে, তার এই বিশাস যে, প্রত্যক্ষ বিচ্ছিন্নতাকে পরিপূর্ণ করে আছে অপ্রত্যক্ষ নিখিলতার সত্য। সমগ্রকে উপলব্ধি করবার যে প্রেরণা আছে তার মনে সেই তার ভূমার বোধ।

মান্থৰ অন্তরে বাহিরে অন্তত্তব করে, সে আছে একটি নিখিলের মধ্যে। সেই নিখিলের সঙ্গে সচেতন সচেষ্ট যোগসাধনের দ্বারাই সে আপনাকে সত্য করে জানতে থাকে। বাহিরের যোগে তার সমৃদ্ধি ভিতরের যোগে তার সার্থকতা।

আমাদের ভৌতিক দেহ স্বতন্ত্র পদার্থ নয়। পৃথিবীর মাটি জল বাতাল উত্তাপ, পৃথিবীর ওজন আয়তন গতি, সমস্তের লকে সামঞ্জস্তে এই শরীর; কোথাও তার লকে এর একাস্ত ছেদ নেই। বলা যেতে পারে, পৃথিবী মাহুষের পরম দেহ; সাধনার দ্বারা, যোগবিস্তারের দ্বারা এই বিরাটকে মাহুষ আপন করে তুলছে, বড়ো দেহের মধ্যে ছোটো দেহকে প্রসারিত করছে, বিশ্বভৌতিক শক্তিকে আয়ত্ত করে পরিমিত দেহের কর্মশক্তিকে পরিপূর্ণ করেছে, চোথ স্পষ্টতর করে দেথছে স্থদ্বন্থ মহীয়ান ও নিকটস্থ কনীয়ানকে, তুই হাত পাচ্ছে বহুসহস্র হাতের শক্তি, দেশের দ্রত্ব সংকীর্ণ হয়ে আমাদের দেহের নিকটবর্তী হচ্ছে। একদিন সমস্ত ভৌতিক শক্তি দেহশক্তির পরিশিষ্ট হয়ে উঠবে, মাহুষের এই সংকল।

সর্বতঃ পাণিপাদন্তৎ সর্বতোহক্ষিশিরোম্থম্ সর্বতঃ শ্রুতিমলোঁকে সর্বমার্ত্য তিষ্ঠতি।

এই বাণীকে নিজের মধ্যে সার্থক করবে সেই স্পর্ধা নিয়ে মাত্র্য অগ্রসর। একেবারে নতুন-কিছু উদ্ভাবন করবে তা নয়, নিজের দেহশক্তির সঙ্গে বিরাট ভৌতিক শক্তির সংযোগকে উত্তরতর করে তুলবে।

মনে করা যাক, সবই হল, ভৌতিক শক্তির পূর্ণভাই ঘটল। তবু কি মান্ত্য বলতে ছাড়বে 'ততঃ কিম্'। রামায়ণে বর্ণিত দশাননের শরীরে মানবের স্বভাবসিদ্ধ দেহশক্তি বছগুণিত হয়েছিল, দশ দিক থেকে আহরিত ঐশ্বর্যে পূর্ণ হয়েছিল স্বর্ণলয়াপুরী। কিন্তু মহাকাব্যে শেষ জায়গাটা সে পেল না। তার পরাভব হল রামচন্দ্রের কাছে। অর্থাৎ, বাহিরে যে দরিন্ত, আত্মায় যে ঐশ্বর্যান, তার কাছে। সংসারে এই পরাভব আমরা যে সর্বদা প্রত্যক্ষ করে থাকি তা নয়, অনেক সময়ে তার বিপরীত দেখি; তবু আশ্বর্যের বিষয় এই যে, মান্ত্রয় একে পরাভব বলে। মান্ত্র্যের আর-একটা গৃঢ় জগৎ আছে, সেই-খানেই এই পরাভবের অর্থ পাওয়া যায়। সেই হল তার আত্মার জগৎ।

আপন সত্তার পরিচয়ে মাহুষের ভাষায় চুটি নাম আছে। একটি অছং, আর-একটি আত্মা। প্রদীপের সঙ্গে একটিকে তুলনা করা যায়, আর-একটিকে শিখার সঙ্গে। প্রদীপ আপনার তেল সংগ্রহ করে। আপনার উপাদান নিয়ে প্রদীপের বাজার-দর, কোনোটার দর সোনার, কোনোটার মাটির। শিখা আপনাকেই প্রকাশ করে, এবং তারই প্রকাশে আর-সমন্তও প্রকাশিত। প্রদীপের সীমাকে উত্তীর্ণ হয়ে সে প্রবেশ করে নিখিলের মধ্যে।

মাহবের আলো জালায় তার আত্মা, তথন ছোটো হরে যায় তার সঞ্চয়ের অহংকার। জ্ঞানে প্রেমে ভাবে বিশের মধ্যে ব্যাপ্তি-ছারাই সার্থক হয় সেই আত্মা। সেই যোগের বাধাতেই তার অপকর্ষ। জ্ঞানের যোগে বিকার ঘটায় মোহ, ভাবের যোগে আহংকার, কর্মের যোগে লোভ স্বার্থপরতা। ভৌতিক বিশ্বে সত্য আপন সর্বব্যাপক ঐক্য প্রমাণ করে, সেই ঐক্য-উপলব্ধিতে আনন্দিত হয় বৈজ্ঞানিক। তেমনি আত্মার আনন্দ আত্মিক ঐক্যকে উপলব্ধি-ছারা; যে আত্মার সম্বন্ধে উপনিষদ বলছেন তমেবৈকং জানধ আত্মানম্— সেই আত্মাকে জানো, সেই এককে, যাকে সকল আত্মার মধ্যে এক করে জানলে সত্যকে জানা হয়। প্রার্থনামন্তে আছে য এক:, যিনি এক, স নো বৃদ্ধা শুভরা সংযুন্ত্যু, শুভবৃদ্ধির ছারা তিনি আমাদের সকলকে এক করে দিন। যে বৃদ্ধিতে আমরা সকলে মিলি সেই বৃদ্ধিই শুভবৃদ্ধি, সেই বৃদ্ধিই আত্মার। যথৈবাত্মা পরত্তদ্বদ্ প্রন্থবা: শুভমিছতা। আপনার মতো করে পরকে দেখার ইচ্ছাকেই বলে শুভ-ইচ্ছা, সিদ্ধিলোভেও শুভ নয়, প্ণ্যলোভেও শুভ নয়। পরের মধ্যে আপন চৈতভের প্রশারণেই শুভ, কেননা পরম মানবাত্মার মধ্যেই আত্মানত্য।

সর্ববাপী স ভগবান্ তথাৎ সর্বগতঃ শিবঃ— যেহেতু ভগবান সর্বগত, সকলকে নিম্নে আছেন, সেইজন্তেই তিনি শিব। সমগ্রের মধ্যেই শিব, শিব ঐক্যবদ্ধনে। আচারীরা সামাজিক কৃত্রিম বিধির দ্বারা যখন থগুতার স্বষ্ট করে তথন কল্যাণকে হারায়, তার পরিবর্তে যে কাল্পনিক পরার্থ দিয়ে আপনাকে ভোলায় তার নাম দিয়েছে পুণা। সেই পুণা আর যাই হোক সে শিব নয়। সেই সমাজবিধি আত্মার ধর্মকে পীড়িত করে। স্বল্পনস্ক যো বেদ স মুনিঃ শ্রেষ্ঠ উচ্যতে। আত্মার লক্ষণকে যে জানে সেই মুনি শ্রেষ্ঠ। আত্মার লক্ষণকে যে জানে সেই মুনি শ্রেষ্ঠ। আত্মার লক্ষণ হচ্ছে শুভবৃদ্ধি, যে শুভবৃদ্ধিতে সকলকে এক করে।

পৃথিবী আপনাতে আপনি আবর্তিত, আবার রহং কক্ষপথে সে সুর্যকে প্রদক্ষিণ করছে। মামুষের সমাজেও যা-কিছু চলছে সেও এই তুইরকমের বেগে। এক দিকে ব্যক্তিগত আমি'র টানে ধনসম্পদপ্রভূত্বের আয়োজন পুঞ্জিত হয়ে উঠছে, আর-এক দিকে অমিতমানবের প্রেরণার পরস্পরের সঙ্গে তার কর্মের যোগ, তার আনন্দের যোগ, পরস্পরের উদ্দেশে ত্যাগ। এইখানে আআর লক্ষণকে স্বীকার করার ঘারাই তার

শ্রেষ্ঠতার উপলব্ধি। উভয়ের মধ্যে পাশাপাশি কিরক্ম বিপরীত অসংগতি দেখা যায় একটা তার দৃষ্টান্ত দেওয়া যাক।

করেক বংশর পূর্বে লগুনের টাইম্ল্ পত্রে একটি সংবাদ বেরিরেছিল, আমেরিকার নেশন পত্র থেকে তার বিবরণ পেরেছি। বায়ুপোতে চড়ে ব্রিটিশ বায়ুনাবিকলৈন্ত আফগানিস্থানে মাহ্সদ্ গ্রাম ধ্বংস করতে লেগেছিল; শতল্পীবর্ষিণী একটা বায়ুত্রী বিকল হয়ে গ্রামের মাঝখানে গেল পড়ে। একজন আফগান মেয়ে নাবিকদের নিয়ে গেল নিকটবর্তী গুছার মধ্যে, একজন মালিক তাদের রক্ষার জন্মে গুছার দ্বার আগলিয়ে রইল। চল্লিশজন ছুরি আফালন করে তাদের আক্রমণ করতে উম্বত, মালিক তাদের ঠেকিয়ে রাখলে। তখনো উপর থেকে বোমা পড়ছে, ভিড়ের লোক ঠেলাঠেলি করছে গুছার আশ্রম নেবার জন্মে। নিকটবর্তী স্থানের জন্ম কল্পেকজন মালিক এবং একজন মোলা এদের আফুক্ল্যে প্রবৃত্ত হল। মেয়েরা কেউ কেউ নিলে এদের আহারের ভার। অবশেষে কিছুদিন পরে মাহ্স্থদের ছন্মবেশ পরিয়ে এরা তাদের নিরাপদ স্থানে পৌছিয়ে দিল।

এই ঘটনার মধ্যে মানবস্বভাবের ছই বিপরীত দিক চূড়াস্কভাবেই দেখা দিয়েছে।
এরোপ্নেন থেকে বোমাবর্ষণে দেখা যায় মান্তবের শক্তির আশ্চর্য সমৃদ্ধি, ভূতল থেকে
নভন্তল পর্যন্ত তার সশস্ত্র বাহুর বিপুল বিস্তার। আবার হননে-প্রবৃত্ত শক্তকে ক্ষমা করে
তাকে রক্ষা করতে পারল, মান্তবের এই আর-এক পরিচয়। শক্রহননের সহজ প্রবৃত্তি
মান্তবের জীবধর্মে, তাকে উত্তীর্ণ হয়ে মান্তব অভুত কথা বললে, "শক্রকে ক্ষমা করো।"
এ কথাটা জীবধর্মের হানিকর, কিন্তু মানবধ্যের উৎকর্ষলক্ষণ।

আমাদের ধর্মণান্ত্রে বলে, যুদ্ধকালে যে মাসুষ রথে নেই, যে আছে ভৃতলে, রথী তাকে মারবে না। যে ক্লীব, যে ক্লতাঞ্চলি, যে মুক্তকেশ, যে আসীন, যে সাহ্বনেরে বলে 'আমি তোমারই', তাকেও মারবে না। যে ঘুমচ্ছে, যে বর্মহীন, যে নগ্ন, যে নিরন্ধ, যে অযুধ্যমান, যে যুদ্ধ দেখছে মাত্র, যে অন্তের সক্ষে যুদ্ধে প্রবৃত্ত, তাকেও মারবে না। যার অন্তর গেছে ভেঙে, যে শোকার্ড, যে পরিক্ষত, ভীত, যে পরার্ত্ত, সতের ধর্ম অহুসরণ করে তাকেও মারবে না।

সতের ধর্ম বলতে বোঝার মাহ্নবের মধ্যে যে সত্য তারই ধর্ম, মাহ্নবের মধ্যে যে মহৎ তারই ধর্ম। যুদ্ধ করতে গিয়ে মাহ্নষ যদি তাঁকে অঙ্গীকার করে তবে ছোটো দিকে তার জিত হলেও বড়ো দিকে তার হার। উপকরণের দিকে তার সিদ্ধি, অমৃতের দিকে সেবফিড; এই অমৃতের আদর্শ মাপজোখের বাইরে।

স্বর্ণলক্ষার মাপজোধ চলে। দশাননের মৃত্ত ও ছাত গণনা করে বিশ্বিত হ্বার কথা। তার অক্টোহিণী সেনারও সংখ্যা আছে, জয়বিস্তারের পরিধি-ছারা সেই সেনার শক্তিও পরিমেয়। আত্মার মহিমার পরিমাণ নেই। শক্তকে নিধনের পরিমাণ আছে,
শক্তকে ক্ষমার পরিমাপ নেই। আত্মা যে মহার্যতায় আপন পরিচয় দেয় ও পরিচয়
পায় সেই পরিচয়ের সত্য কি বিরাজ করে না অপরিমেয়ের মধ্যে, যাকে অথর্বকে
বলেছেন সকল সীমার উদ্বৃত্ত, সকল শেষের উংশেষ। সে কি এমন একটি স্বয়ভূব
বৃদ্বৃদ্ কোনো সম্ব্রের সকে যার কোনো যোগ নেই। মাহ্যুষের কাছে শুনেছি, ন পাপে
প্রতিপাপ: ত্যাৎ— তোমার প্রতি পাপ যে করে তার প্রতি ফিরে পাপ কোরো না।
কথাটাকে ব্যবহারে ব্যক্তিবিশেষ মানে বা নাই মানে, তর্ মন তাকে পাগলের প্রলাপ
বলে হেসে ওঠে না। মাহ্যুষের জীবনে এর স্বীকৃতি দৈবাং দেখি, প্রায় দেখি বিরুদ্ধতা,
অর্থাৎ মাথা গনতি করে এর সত্য চোথে পড়ে না বললেই হয়। তবে এর সত্যতা
কোন্থানে। মাহ্যুষের যে স্বভাবে এটা আছে তার আশ্রয় কোথায়। মাহ্যুষ এ প্রশ্রের
কী উত্তর দিয়েছে শুনি।

যস্তাত্মা বিরতঃ পাপাং কল্যাণে চ নিবেশিতঃ তেন সর্বমিদং বৃদ্ধং প্রকৃতিবিকৃতিশ্চ যা।

আত্মা যার পাপ থেকে বিরত ও কল্যাণে নিবিষ্ট তিনি সমস্তকে ব্ঝেছেন। তাই তিনি জানেন কোন্টা স্বভাবসিদ্ধ, কোন্টা স্বভাববিরুদ্ধ।

মাহ্য আপনার স্থভাবকে তথনই জানে যথন পাপ থেকে নিবৃত্ত হয়ে কল্যাণের অর্থাৎ সর্বজ্ঞনের হিত্যাধনা করে। অর্থাৎ মাহ্যুয়ের স্থভাবকে জানে মাহ্যুয়ের মধ্যে যারা মহাপুরুষ। জানে কী করে। তেন সর্বমিদং বৃদ্ধম্। স্বচ্ছ মন নিম্নে সমস্তটাকে সে বোঝে। সত্য আছে, শিব আছে সমগ্রের মধ্যে। যে পাপ অহংসীমাবদ্ধ স্থভাবের তার থেকে বিরত হলে তবে মাহ্যু আপনার আত্মিক সমগ্রকে জানে, তথনই জানে আপনার প্রকৃতি। তার এই প্রকৃতি কেবল আপনাকে নিয়ে নয়, তাঁকেই নিয়ে যাকে গীতা বলছেন: তিনিই পৌরুষং নয়, মাহ্যুয়ের মধ্যে মহ্যুত্ম। মাহ্যু এই পৌরুষের প্রতিই লক্ষকরে বলতে পারে, ধর্মযুদ্ধে মতো বাপি তেন লোকএয়ং জিতম্। মৃত্যুতে সেই পৌরুষকে সে প্রমাণ করে যা তার দেবত্বের লক্ষণ, যা মৃত্যুর অতীত।

শ্রের প্রের নিয়ে এতক্ষণ যা বলা হল সেটা সমাজস্থিতির দিক দিয়ে নয়। নিলা-প্রশংসার ভিত্তিতে পাকা করে গেঁথে, শাসনের হারা, উপদেশের হারা, আত্মরক্ষার উদেশে সমাজ যে ব্যবস্থা করে থাকে তাতে চিরস্তন শ্রেমোধর্ম গোণ, প্রথাঘটিত সমাজ-রক্ষাই মৃথ্য। তাই এমন কথা শোনা যায়, শ্রেমোধর্মকে বিশুক্ষভাবে সমাজে প্রবর্তন করা ক্ষতিকর। প্রায়ই বলা হয়, সাধারণ মাফ্ষের মধ্যে ভ্রিপরিমাণ মৃঢ়তা আছে, এই-জ্যে অনিষ্ট থেকে ঠেকিয়ে রাখতে হলে মোহের হারাও তাদের মন ভোলানো চাই,

মিধা উপারেও তাদের ভর দেখানো বা সান্থনা দেওরা দরকার, তাদের সঙ্গে এমন ভাবে ব্যবহার করা দরকার যেন তারা চিরশিশু বা চিরপশু। ধর্মসম্প্রদায়েও ধেমন সমাজেও তেমনি, কোনো এক পূর্বতনকালে যে-সমস্ত মত ও প্রথা প্রচলিত ছিল সেগুলি পরবর্তীকালেও আপন অধিকার ছাড়তে চার না। পতঙ্গমহলে দেখা যার, কোনো কোনো নিরীহ পতঙ্গ ভীষণ পতত্বের ছন্মবেশে নিজেকে বাঁচায়। সমাজরীতিও তেমনি। তা নিতাধর্মের ছন্মবেশে আপনাকে প্রবন্ধ ও স্থায়ী করতে চেষ্টা করে। এক দিকে তার পবিত্রতার বাহ্যাড়ম্বর, অন্য দিকে পার্রিক তুর্গতির বিভীষিকা, সেই সঙ্গে সমিলিত শাসনের নানাবিধ কঠোর, এমন-কি অন্যায় প্রণালী— ঘর-গড়া নরকের তর্জনী-সংকেতে নিরর্থক অন্ধ আচাবের প্রবর্তন। রাষ্ট্রতন্তে এই বৃদ্ধিরই প্রতীক আগুমান, ক্রান্সের ডেভিল আইলান্ড, ইটালির লিপারি দ্বীপ। এদের ভিতরের কথা এই বে, বিশুদ্ধ প্রোনীতি ও লোকস্থিতি এক তালে চলতে পারে না। এই বৃদ্ধির সঙ্গে শুদ্ধা করেন।

রাজ্যের বা সমাজের উপযোগিতারপে শ্রেরের মৃশ্যবিচার এ প্রবন্ধের উদ্দেশ্ত নয়।
শ্রেরকে মান্ত্রর যে স্বীকার করেছে, দেই স্বীক্ষতির আশ্রের কোথার, সত্য কোথার, সেইটেই
আমার আলোচ্য। রাজ্যে সমাজে নানাপ্রকার স্বার্থনাধনের ক্ষেত্রে প্রতিদিনের ব্যবহারে
ভার প্রতিবাদ পদে পদে, তব্ও আত্মপরিচয়ে মান্ত্র্য তাকে শ্রেষ্ঠ স্থান দিরেছে, তাকেই
বলেছে ধর্ম অর্থাৎ নিজের চরম স্বভাব; শ্রেরের আদর্শ সম্বন্ধে দেশকালপাত্রভেদে যথেন্ত
মতভেদ সত্ত্বেও দেই শ্রেরের সত্যকে সকল মান্ত্র্যই শ্রেনা করেছে, এইটেতে মান্ত্র্যের
ধর্মের কোন্ স্বরূপ প্রমাণিত হয় সেইটে আমি বিচার করেছি। 'হয়' এবং 'হওয়া
উচিত' এই হন্দ্র মানব-ইতিহাসের আরম্ভকাল থেকেই প্রবলবেগে চলছে, তার কারণ
বিচার করতে গিয়ে বলেছি— মান্ত্রের অন্তরের এক দিকে পরমমানব, আর-এক দিকে
স্বার্থনীমাবদ্ধ জীবমানব, এই উভয়ের সামঞ্জ্য-চেটাই মানবের মনের নানা অবস্থাজন্মনারে নানা আকারে প্রকারে ধর্মতন্ত্ররূপে অভিব্যক্ত। নইলে কেবল স্থবিধা-অস্থবিধা
প্রিয়-অপ্রিয় প্রবল থাকত জৈবিক ক্ষেত্রে জীবধর্মে; পাপ-পূণ্য কল্যাণ-অকল্যাণের
কোনো অর্থই থাকত না।

মাহ্যের এই-যে কল্যাণের মতি এর সত্য কোথায়। ক্ষাত্ফার মতো প্রথম থেকেই আমাদের মনে তার বোধ যদি পূর্ণ থাকত তা হলে তার সাধনা করতে হত না। বলব, বিশ্বমানবমনে আছে। কিন্তু, সকল মাহ্যের মন সমষ্টিভূত হয়ে বিশ্বমানবমনের মহাদেশ স্তু, এ কথা বলব না। ব্যক্তিমন বিশ্বমনে আপ্রিত কিন্তু ব্যক্তিমন

যনের যোগফল বিশ্বমন নয়। তাই যদি হত তা হলে যা আছে তাই হত একান্ত, বা হতে পারে তার জায়গা পাওয়া যেত না। অথচ, যা হয় নি, যা হতে পারে, মাহ্মবের ইতিহাসে তারই জোর তারই দাবি বেশি। তারই আকাজ্জা ছর্নিবার হয়ে মাহ্মবের সভ্যতাকে যুগে যুগে বর্তমানের সীমা পার করিয়ে দিচ্ছে। সেই আকাজ্জা শিথিল হলেই সত্যের অভাবে সমাজ শ্রীহীন হয়।

ষিতীর প্রশ্ন এই যে, আমার ব্যক্তিগত মনে স্থত্থের যে অন্তর্ভূতি সেটা বিশ্বমনের মধ্যেও সত্য কি না। ভেবে দেখলে দেখা যার, অহংসীমার মধ্যে যে স্থত্থে আত্মার সীমার তার রপাস্তর ঘটে। যে মান্ত্র্য সভ্যের জন্মে জীবন উৎসর্গ করেছে, দেশের জন্মে, দোকহিতের জন্মে— বৃহৎ ভূমিকার যে নিজেকে দেখেছে, ব্যক্তিগত স্থত্থেরে অর্থ তার কাছে উলটো হরে গেছে। সে মান্ত্র্য সহজেই স্থাকে ত্যাগ করতে পারে এবং ছথেকে স্বীকার করে হংথকে অভিক্রম করে। স্বার্থের জীবন্যাত্রার স্থত্থের ভার গুরুত্ব, মান্ত্র্য বার্থকে ঘার তথন তার ভার এত হালকা হয়ে যার যে, তথন পরম ছংথের মধ্যে তার সহিষ্ণুতাকে, পরম অপমানের আঘাতে তার ক্ষমাকে, আলোকিক বলে মনে হয়। আপনাকে বৃহত্তে উপল্যান্ধি করাই সত্যা, অহংসীমার অবক্ষম জানাই অস্ত্যা। ব্যক্তিগত হংথ এই অসত্যো।

আমরা হংখকে যে ভাবে দেখি বৃহতের মধ্যে সে ভাব থাকতে পারে না, যদি থাকত তা হলে সেখানে হংখের লাঘব বা অবসান হত না। সংগীতের অসম্পূর্গতার বিশুর বেশ্বর আছে, সেই বেশ্বরের একটিও থাকতে পারে না সম্পূর্ণ সংগীতেন সেই সম্পূর্ণ সংগীতের দিকে যতই যাওয়া যায় ততই বেশ্বরের হ্রাস হতে থাকে। বেশ্বর আমাদের পীড়া দেয়, যদি না দিত তা হলে শ্বরের দিকে আমাদের যাত্রা এগোত না। তাই বিরাটকে বলি রুদ্র, তিনি মৃক্তির দিকে আকর্ষণ করেন হংখের পথে। অপূর্ণতাকে ক্ষম করার ছারা পূর্ণের সঙ্গে মিলন বিশুদ্ধ আনন্দময় হবে, এই অভিপ্রায় আছে বিশ্বমানবের মধ্যে। তাঁর প্রতি প্রেমকে জাগরিত করে তাঁরই প্রেমকে সার্থক করব, যুগে এই প্রতীক্ষার আছ্বান আসছে আমাদের কাছে।

সেই আহ্বানের আকর্ষণে মাহ্য বেরিরে পড়েছে অঞ্চানার দিকে, এই যাত্রার ইতিহাসই তার ইতিহাস। তার চলার পথপার্যে কত সাম্রাজ্য উঠল এবং পড়ল, ধনসম্পদ হল ভূপীকৃত, আবার গেল মিলিরে ধুলোর মধ্যে। তার আকাজ্ঞাকে রূপ দেবার জয়ে কত প্রতিমা সে গড়ে তুললে, আবার ভেঙে দিরে গেল, বরুল পেরিরে ছেলেবেলাকার খেলনার মতো। কড মারামন্ত্রের চাবি বানাবার চেষ্টা করলে— তাই দিরে খুলতে চেরেছিল প্রকৃতির রহস্তভাগুার, আবার সমস্ত কেলে দিরে নৃতন করে

পুঁজতে বেরিরেছে গৃহনে প্রবেশের গোপন পথ। এমনি করে তার ইতিবৃত্তে এক
যুগের পর আর-এক যুগ আসছে— মাহ্নদ অপ্রান্ত যাত্রা করেছে অরুরম্বের জন্তে নর,
আপনার সমস্ত শক্তি দিয়ে মানবলোকে মহামানবের প্রতিষ্ঠা করবার জন্তে, আপনার
জটিল বাধার থেকে আপনার অন্তর্গুয় সত্যকে উদ্ধার করবার জন্তে; গেই সত্য যা
তার পুঁজিত প্রব্যভারের চেয়ে বড়ো, তার সমস্ত কৃতকর্মের চেয়ে বড়ো, তার সমস্ত
প্রথা মত বিশ্বাসের চেয়ে বড়ো, যার মৃত্যু নেই, যার ক্ষর নেই। প্রভৃত হয়েছে মাহ্নমের
ভূলপ্রান্তি নিফলতা, পথে পথে তারা প্রকাশ্ত ভগ্নস্থপরপে ছড়িয়ে আছে; মাহ্নমের
ভঃখব্যথার আঘাত হয়েছে অপরিসীম, তার অবক্ষর সার্থকতার শৃশ্বল ছেদনে কঠিন
অধ্যবসায়; এ-সমস্ত এক মৃহুর্ভন্ত কে সহ্ব করতে পারত, মাহ্নমের অন্তর্গাসী ভূমার মধ্যে
যদি এর চিরন্তন কোনো অর্থ না থাকত। মাহ্নমের সকল ছঃথের উপরকার কথা এই
যে— মাহ্নম আপন চৈতন্সকে প্রসারিত করছে আপন অসীমের দিকে, জ্ঞানে প্রেমে কর্মে
বৃহত্তর ঐক্যকে আয়ন্ত করতে চলেছে আপনার সকল মহ্ কীর্তিতে, তাঁর নিকটতর
সামীপ্য পাবার জন্তে ব্যগ্র বাছ বাড়িয়েছে যাকে তে স্বর্গং স্বর্তঃ প্রাণ্য পাব কোথায়।
ম্কি পেতে হবে, মৃক্তি দিতে হবে, এই-যে তার জীবনের একমাত্র লক্ষ্য—

মহাবিশ্বজীবনের তরকেতে নাচিতে নাচিতে
নির্ভয়ে ছুটিতে হবে, সত্যেরে করিয়া ধ্রুবতারা।
মৃত্যুরে না করি শকা। ত্র্দিনের অশুজলধারা
মন্তকে পড়িবে ঝরি— তারি মাঝে যাব অভিসারে
তারি কাছে, জীবনসর্বস্ববন অপিয়াছি যারে
জন্ম জন্ম ধরি।

কে সে। জানি না কে। চিনি নাই তারে।
ভগু এইটুকু জানি, তারি লাগি রাত্রি-অন্ধকারে
চলেছে মানব্যাত্রী যুগ হতে যুগান্তর-পানে,
ঝড়ঝস্পা-বজ্রপাতে, জালামে ধরিয়া সাবধানে
জন্তর-প্রদীপখানি। ভগু জানি, যে ভনেছে কানে
তাহার আহ্বানগীত, ছুটেছে সে নির্ভীক পরানে
সংকট-আবর্ত-মাঝে, দিয়েছে সে সর্ব বিসর্জন,
নির্বাতন লয়েছে সে বক্ষ পাতি; মৃত্যুর গর্জন

শুনেছে সে সংগীতের মতো। দহিয়াছে অয়ি তারে, বিদ্ধ করিয়াছে শূল, ছিয় তারে করেছে কুঠারে, সর্বপ্রিয়বস্ত তার অকাতরে করিয়া ইন্ধন চিরজন্ম তারি লাগি জ্লেলেছে সে হোমছতাশন।

শুনিয়াছি, তারি সাগি রাজপুত্র পরিয়াছে ছিন্ন কম্বা, বিষয়ে বিরাগী পথের ডিক্ষ্ক। মহাপ্রাণ সহিয়াছে পলে পলে প্রত্যহের কুশাস্ক্র।

তারি পদে মানী সঁপিয়াছে মান, ধনী সঁপিয়াছে ধন, বীর সঁপিয়াছে আত্মপ্রাণ।

শুধু জানি
সে বিশ্বপ্রিয়ার প্রেমে ক্ষুত্রতারে দিয়া বলিদান
বর্জিতে হইবে দূরে জীবনের সর্ব অসম্মান,
সম্মুখে দাড়াতে হবে উন্নত মন্তক উচ্চে তুলি
যে মন্তকে ভন্ন লেখে নাই লেখা, দাসত্বের ধূলি
আঁকে নাই কলক তিলক।

ভিন

বৃহদারণ্যকে একটি আশ্চর্য বাণী আছে—

অথ যোহন্তাং দেবতাম্ উপাত্তে অন্তোহসো অন্তোহহম্ অস্মীতি ন স বেদ, যথা পশুরেবং স দেবানাম্।

যে মাসুষ অশু দেবতাকে উপাসনা করে সেই 'দেবতা অশু আর আমি অশু' এমন কথা ভাবে সে তো দেবতাদের পশুর মতোই।

অর্থাৎ, সেই দেবতার কল্পনা মাহ্যকে আপনার বাইরে বন্দী করে রাখে; তথন মাহ্য আপন দেবতার দ্বারাই আপন আত্মা হতে নির্বাসিত, অপমানিত।

এই যেমন শোনা গেল উপনিষদে আবার সেই কথাই আপন ভাষার বলছে নিরক্ষর আশাস্ত্রজ্ঞ বাউল। সে আপন দেবতাকে জানে আপনার মধ্যেই, তাকে বলে মনের মাহুষ। বলে, "মনের মাহুষ মনের মাঝে করো অন্বেষণ।"

মান্ত্ষের ইতিছালে এমন অনেক ধর্মসম্প্রদায়ের উদ্ভব হয়েছে যারা কাঠ-পাথর-পূজাকে

বলেছে হীনতা এবং তাই নিয়ে তারা মারকাট করতে ছোটে। স্বীকার করি, কাঠ-পাশ্বর বাইরের জিনিস, সেথানে সর্বকালের সর্বমান্থবের পূজা মিলতে পারে না। মান্থবের ভক্তিকে জাতিতে জাতিতে প্রথায় প্রথায় সেই পূজা বিচ্ছিন্ন করে, তার ঐতিহাসিক গণ্ডীগুলি সংকীণ।

কিন্তু, তাদের বিরুদ্ধ-সম্প্রদায়েরও দেবতা প্রতিমার মতোই বাইরে অবস্থিত, নানাপ্রকার অমাত্র্যিক বিশেষণে লক্ষণে সজ্জিত, শুধু তাই নয়, বিশেষ জাতির ঐতিহাসিক
কার্যকলাপে জড়িত ও কাল্পনিক কাহিনী বারা দৈশিক ও কালিক বিশেষত্ব-গ্রন্থ। এই
পৌত্তলিকতা স্ক্রেতর উপাদানে রচিত বলেই নিজেকে অপৌত্তলিক বলে গর্ব করে।
বৃহদারণ্যক এই বাহ্যিকতাকেও হীন বলে নিন্দা করেছেন। তিনি বলেন, যে দেবতাকে
আমার থেকে পৃথক করে বাইরে স্থাপন করি তাঁকে স্বীকার করার ধারাই নিজেকে
নিজের সত্য থেকে দূরে সরিয়ে দিই।

এমনতরো কথায় একটা ক্রুদ্ধ কলরব উঠতে পারে। তবে কি মান্ন্য নিজেকে নিজেই পূজা করবে। নিজেকে ভক্তি করা কি সম্ভব। তা হলে পূজা-ব্যাপারকে তো বলতে হবে অহংকারের বিপুলীকরণ।

একেবারে উলটো। অহংকে নিয়েই অহংকার। সে তো পশুও করে। অহং থেকে বিযুক্ত আত্মায় ভূমার উপলন্ধি একমাত্র মাহ্মষের পক্ষেই সাধ্য। কেননা মাহ্মষের পক্ষে তাই সত্য। ভূমা— আহারে বিহারে আচারে বিচারে ভোগে নৈবেছে মন্ত্রে তন্ত্রে নয়। ভূমা— বিশুদ্ধ জ্ঞানে, বিশুদ্ধ প্রেমে, বিশুদ্ধ কর্মে। বাইরে দেবতাকে রেখে স্তবে অহুষ্ঠানে পূজোপচারে শাহ্মপাঠে বাহ্মিক বিধিনিষেধ-পালনে উপাসনা করা সহন্ধ, কিন্তু আপনার চিন্তায়, আপনার কর্মে, পরম মানবকে উপলন্ধি ও বীকার করা সব চেয়ে কঠিন সাধনা। সেইজন্মেই কথিত আছে, নায়্মাত্মা বলহীনেন লভ্যঃ। তারা সত্যকে অন্তরে পায় না যারা অন্তরে ত্র্বল। অহংকারকে দূর করতে হয়, তবেই অহংকে পেরিয়ে আত্মাতে পৌছতে পারি।

য আত্মা অপহতপাপ্পা বিজ্ঞানিতব্য:।
সত্যসংকল্প: সোহধেষ্টব্য: স বিজ্ঞিজানিতব্য:।

আমার মধ্যে যে মহান আত্মা আছেন, যিনি জ্বামৃত্যুশোক-ক্ষাত্ফার অতীত, যিনি সত্যকাম, সত্যসংকল্প, ভাঁকে অম্বেষণ করতে হবে, তাঁকে জানতে হবে।

"মনের মাহ্র মনের মাঝে করো অন্বেষণ।" এই-যে তাঁকে সন্ধান করা, তাঁকে জানা, এ তো বাইরে জানা, বাইরে পাওয়া নয়; এ যে আপন অন্তরে আপনি হওয়ার শারা জানা, হওয়ার শারা পাওয়া। প্রজ্ঞানেননমাপুরাং— যুক্তিতর্কের যোগে বাছজ্ঞানের বিষয়কে যেমন করে জানি এ তো তেমন করে জানা নয়, অন্তরে হওয়ার য়ারা জানা। নদী সমুদ্রকে পায় য়েমন করে, প্রতিক্ষণেই সমুদ্র হতে হতে। এক দিকে সে ছোটো নদী, আর-এক দিকে সে বৃহৎ সমুদ্র। সেই হওয়া তার পক্ষে সম্ভব, কেননা সমুদ্রের সঙ্গে তার স্বাজ্ঞাবিক ঐক্য; বিচ্ছেদের ভিতর দিয়ে সেই ঐক্য। জীবধর্ম যেন উচু পাড়ির মতো জন্তদের চেতনাকে মিরে আটক করেছে। মাহ্যেরে আআ। জীবধর্মের পাড়ির ভিতর দিয়ে তাকে কেবলই পেরিয়ে চলেছে, মিলেছে আত্মার মহাসাগরে, সেই সাগরের যোগে সে জেনেছে আপনাকে। যেমন নদী পায় আপনাকে য়ঝন সে বৃহৎ জলরাশিকে আপন করে; নইলে সে থাকে বন্ধ হয়ে, বিল হয়ে, জলা হয়ে। তাই বাউল মাহ্যুবকে বলেছে, "তোরই ভিতর অতল সাগর।" পূর্বেই বলেছি; মাহ্যুব আপন ব্যক্তিগত সংস্কারকে পার হয়ে রে জ্ঞানকে পায়, মাকে বলে বিজ্ঞান, সেই জ্ঞান নিধিল মানবের, তাকে সকল মাহ্যুবই স্বীকার করবে, সেইজন্মে তা প্রান্ধেয়। তেমনি মাহ্যুবের মধ্যে স্বার্থাত আমির চেরে যে বড়ো আমি সেই-আমির সক্ষে সকলের ঐক্য, তার কর্ম সকলের কর্ম। একলা আমির কর্ম ই বন্ধন, সকল আমির কর্ম মৃক্তি। আমাদের বাংলাদেশের বাউল বলেছে—

মনের মাহ্রুষ মনের মাঝে করো অন্বেষণ। একবার দিব্যচক্ত্ খুলে গেলে দেখতে পাবি সর্বঠাই।

সেই মনের মাহ্রষ সকল মনের মাহ্রষ, আপন মনের মধ্যে তাঁকে দেখতে পেলে সকলের মধ্যেই তাঁকে পাওয়া হয়। এই কথাই উপনিষদ বলেছেন, যুক্তাত্মান: সর্বমেবাবিশস্তি। বলেছেন, তং বেছং পুরুষং বেদ— যিনি বেদনীয় সেই পূর্ণ মাহ্রষকে জানো; অস্তরে আপনার বেদনায় যাঁকে জানা যায় তাঁকে সেই বেদনায় জানো, জ্ঞানে নয়, বাইরে নয়।

আমাদের শাস্ত্রে সোহহম্ বলে যে তত্তকে স্বীকার করা হয়েছে তা যত বড়ো অহংকারের মতো শুনতে হর আসলে তা নয়। এতে ছোটোকে বড়ো বলা হয় নি, এতে সত্যকে ব্যাপক বলা হয়েছে। আমার যে ব্যক্তিগত আমি তাকে ব্যাপ্ত করে আছে বিশ্বগত আমি। মাধার জটা ধারণ করলে, গারে ছাই মাধলে, বা মুথে এই শক্ষ উচ্চারণ করলেই সোহহম্-সত্যকে প্রকাশ করা হল, এমন কথা যে মনে করে সেই অহংকত। যে আমি সকলের সেই আমিই আমারও এটা সত্য, কিন্তু এই সত্যকে আপন করাই মাহ্যের সাধনা। মাহ্যের ইতিহাসে চিরকাল এই সাধনাই নানা রূপে নানা নামে নানা সংকল্পের মধ্য দিয়ে চলেছে। যিনি পরম আমি, যিনি সকলের আমি, সেই আমিকেই আমার বলে সকলের মধ্যে জানা যে পরিমাণে আমাদের জীবনে,

আমাদের সমাজে উপলব্ধ হচ্ছে সেই পরিমাণেই আমরা সত্য মান্ত্র হয়ে উঠছি। মান্তবের রিপু মাঝখানে এলে এই সোহহম্-উপলব্ধিকে হুই ভাগ করে দেয়, একাস্ত হয়ে শুঠে অহম্।

তাই উপনিষদ বলেন, মা গৃধঃ— লোভ কোরো না। লোভ বিশ্বের মান্ত্র্যকে ভূলিয়ে বৈষয়িক মান্ত্র্যক করে দেয়। যে ভোগ মান্ত্রের যোগ্য তা সকলকে নিয়ে, তা বিশ্বভৌমিক, তা মান্ত্রের সাহিত্যে আছে, শিল্পকলায় আছে, তাই প্রকাশ পায় মান্ত্র্যের সংসার্যাত্রায় তার হলয়ের আতিথো। তাই আমাদের শাস্ত্রে বলে, অতিথি-দেবো ভব। কেননা 'আমার ভোগ সকলের ভোগ' এই কথাটা অতিথিকে দিয়ে গৃহস্থ শীকার করে; তার ঐশর্বের সংকোচ দূর হয়। ব্যক্তিগত মানবের দরে সর্বমানবের প্রতিনিধি হয়ে আসে অতিথি, তার গৃহসীমাকে বিশ্বের দিকে নিয়ে যায়। না নিয়ে গেলে সেটা রাজপ্রাসাদের পক্ষেপ্ত দীনতা। এই আতিথাের মধ্যে আছে সোহহংতত্ব— অর্থাৎ, আমি তাঁর সক্ষে এক যিনি আমার চেয়ে বড়ো। আমি তাঁর সক্ষে মিলে আছি যিনি আমার এবং আমার অতিরিক্ত।

আমাদের দেশে এমন-সকল সন্ন্যাসী আছেন যাঁরা সোহহংতত্বকে নিজের জীবনে অহবাদ করে নেন নিরতিশন্ধ নৈজম্যে ও নির্মান্তার। তাঁরা দেহকে পীড়ন করেন জীবপ্রকৃতিকে লজ্মন করবার জন্তে, মাহুষের স্বাধীন দান্ত্বিও ত্যাগ করেন মানব-প্রকৃতিকে অস্বীকার করবার স্পর্ধান্ত। তাঁরা অহংকে বর্জন করেন যে অহং বিষয়ে আসক্ত, আআকেও অমান্ত করেন যে আআ সকল আআর সলে যোগে যুক্ত। তাঁরা যাকে ভূমা বলেন তিনি উপনিষদে-উক্ত সেই ঈশ নন যিনি সকলকেই নিম্নে আছেন; তাঁদের ভূমা স্ব-কিছু হতে বর্জিত, স্ক্তরাং তাঁর মধ্যে কর্মতত্ব নেই। তাঁরা মানেন না তাঁকে যিনি পৌকষং নৃষ্, মাহুষের মধ্যে যিনি মহুছত্ব, যিনি বিশ্বকর্মা মহাত্মা, যার কর্ম থণ্ডকর্ম নন্ধ, যার কর্ম বিশ্বকর্ম; যাঁর স্বাভাবিকী জ্ঞানবলক্রিয়া চ— যাঁর মধ্যে জ্ঞানশক্তি ও কর্ম স্বাভাবিক, যে স্বাভাবিক জ্ঞানশক্তিকর্ম অন্তহীন দেশে কালে প্রকাশমান।

পূর্বেই বলেছি, মাহুষের অভিব্যক্তির গতি অস্তরের দিকে। এই দিকে তার সীমার আবরণ খুলে যাবার পথ। একদা মাহুষ ছিল বর্বর, সে ছিল পশুর মতো, তখন ভৌতিক জীবনের সীমায় তার মন তার কর্ম ছিল বন্ধ। জলে উঠল যথন ধীশক্তি তখন চৈতন্তের রশ্মি চলল সংকীর্ণ জীবনের সীমা ছাড়িয়ে বিশ্বভৌমিকতার দিকে। ভারতীয় মধ্যযুগের কবিশ্বতি ভাগুর হৃষদ্ ক্ষিতিমোহনের কাছ থেকে কবি রক্ষবের একটি বাণী পেয়েছি। তিনি বলেছেন—

সব সাঁচ মিলৈ সো সাঁচ হৈ না মিলৈ সো ঝুঁঠ। জন রক্ষব সাঁচী কহী ভাবই রিঝি ভাবই রঠ।

সব সত্যের দক্ষে যা মেলে তাই সত্য, যা মিলল না তা মিথ্যে; রজ্জবংবলছে, এই কথাই খাঁটি, এতে তুমি খুশিই হও আর রাগই কর।

ভাষা থেকে বোঝা যাচ্ছে, রক্ষব ব্ঝেছেন, এ কথার রাগ করবার লোকই সমাজে বিশুর। তাদের মত ও প্রধার সঙ্গে বিশুরত্যের মিল হচ্ছে না, তব্ তারা তাকে সত্য নাম দিয়ে জটিলতার জড়িয়ে থাকে— মিল নেই বলেই এই নিয়ে তাদের উত্তেজনা উগ্রতা এত বেশি। রাগারাগির বারা সত্যের প্রতিবাদ, অগ্নিশিখাকে ছুরী দিয়ে কেঁধবার চেষ্টার মতো। সেই ছুরী সত্যকে মারতে পারে না, মারে মাত্র্যকে। তব্ সেই বিভীষিকার সামনে দাঁড়িয়েই বলতে হবে—

गव गाँठ गिर्टन ला गाँठ है ना गिर्टन ला के है।

একদা যেদিন কোনো-একজন মাত্র বৈজ্ঞানিক বললেন, পৃথিবী সূর্যের চার দিকে ঘুরছে, সেদিন সেই একজন মাত্র মান্ত্র্যই বিশ্বমান্ত্র্যের বৃদ্ধিকে প্রকাশ করেছেন। সেদিন লক্ষ লক্ষ লোক সে কথার ক্রুদ্ধ; তারা ভয় দেখিয়ে জোর করে বলাতে চেয়েছে, সূর্যই পৃথিবীর চার দিকে ঘুরছে। তাদের সংখ্যা যতই বেশি হোক, তাদের গায়ের জোর যতই থাক্, তব্ তারা প্রজ্ঞাকে অস্বীকার করবামাত্র চিরকালের মানবকে অস্বীকার করলে। সেদিন অসংখ্য বিক্লম্বাদীর মাঝখানে একলা দাঁড়িয়ে কে বলতে পেরেছে গোহহং, অর্থাৎ, আমার জ্ঞান আর মানবভূমার জ্ঞান এক। তিনিই বলেছেন যাকে সেদিন বিপুল জনসংঘ সত্য প্রত্যাখ্যান করাবার জ্ঞে প্রাণাস্তিক পীড়ন করেছিল।

যদি লক্ষ লক্ষ লোক বলে, কোটি যোজন দূরে কোনো বিশেষ গ্রহনক্ষত্রের সমবায়ে পৃথিবীর কোনো-একটি প্রদেশের জলধারায় এমন অভৌতিক জাত্শক্তির সঞ্চার হয় যাতে স্নানকারীর নিজের ও পূর্বপূরুষের আন্তরিক পাপ যায় ধুয়ে, তা হলে বলতেই হবে—

সব সাঁচ মিলৈ সো সাঁচ হৈ না মিলৈ সো বঁঠে।

বিশের বৃদ্ধি এ বৃদ্ধির সঙ্গে মিলল না। কিন্তু বেখানে বলা হয়েছে, অন্তির্গাত্রাণি ভুধ্যন্তি
মন: সত্যেন ভুধ্যতি— জল দিয়ে কেবল দেহেরই শোধন হয়, মনের শোধন হয় সত্যে,
সেখানে বিশ্বমানব্যনের সম্বৃতি পাওয়া যায়। কিংবা যেখানে বলা হয়েছে—

ক্বতা পাপং হি সম্ভণ্য তন্ত্বাৎ পাপাৎ প্লাম্চ্যতে। নৈবং কুৰ্যাম্ পুনরিতি নির্ত্ত্যা প্রতে তু সঃ॥

পাপ করে সম্ভপ্ত ছলে সেই সম্ভাপ থেকেই পাপের মোচন হয়, এমন কাজ আর করব

না' বলে নিবৃত্ত হলেই মাহ্য পৰিত্র হতে পারে— সেধানে এই বলাতেই মাহ্য আপন বৃদ্ধিতে স্বীকার করে বিশ্বমনের প্রজ্ঞাকে। তং হ দেবম্ আত্মবৃদ্ধিপ্রকাশম্— সেই দেবভাকে আমাদের আত্মায় জানি যিনি আত্মবৃদ্ধিপ্রকাশক। আমার মন আর বিশ্বমন একই, এই কথাই সত্যসাধনার মূলে, আর ভাষান্তরে এই কথাই সোহহম্।

একদিন প্রাহ্মণ রামানন্দ তাঁর শিশুদের কাছ থেকে চলে গিয়ে আলিদন করলেন নাভা চণ্ডালকে, ম্নলমান জোলা কবীরকে, রবিদাস চামারকে। সেদিনকার সমাজ তাঁকে জাতিচ্যুত করলে। কিন্তু, তিনি একলাই সেদিন সকলের চেয়ে বড়ো জাতিতে উঠেছিলেন যে জাতি নিখিল মাহ্মষের। সেদিন প্রাহ্মণমণ্ডলীর ধিক্কারের মাঝখানে একা দাঁড়িয়ে রামানন্দই বলেছিলেন সোহহম্; সেই সভ্যের শক্তিতেই তিনি পার হয়ে গিয়েছিলেন সেই ক্ত্র সংস্কারগত ঘ্লাকে যা নিষ্ঠ্র হয়ে মাহ্মষে মাহ্মষে ভেদ ঘটিয়ে সমাজিহিতির নামে সমাজধর্মের মূলে আঘাত করে।

একদিন যিশুখৃষ্ট বলেছিলেন, "সোহহুম্। আমি আর আমার পরমপিতা একই।" কেননা, তাঁর যে প্রীতি, যে কল্যাণবৃদ্ধি সকল মান্তবের প্রতি সমান প্রসারিত সেই প্রীতির আলোকেই আপন অহংসীমাকে ছাড়িয়ে পরম্মানবের সকে তিনি আপন অভেদ দেখেছিলেন।

বৃদ্ধদেব উপদেশ দিলেন, সমস্ত জগতের প্রতি বাধাশৃত্য হিংসাশৃত্য শত্রুতাশৃত্য মানসে অপরিমাণ মৈত্রী পোষণ করবে। দাঁড়াতে বসতে চলতে শুতে, যাবং নিদ্রিত না হবে, এই মৈত্রীস্থতিতে অধিষ্ঠিত থাকবে— একেই বলে ব্রহ্মবিহার।

এতবড়ো উপদেশ মাহ্বকেই দেওয়া চলে। কেননা, মাহ্বের মধ্যে গভীর হয়ে আছে সোহহংতত্ত্ব। সে কথা বৃদ্ধদেব নিজের মধ্য থেকেই জ্পেনেছেন, তাই বলেছেন, অপরিমাণ প্রেমেই আপনার অন্তরের অপরিমেয় সত্যকে মাহ্ব প্রকাশ করে।

অথববদে বলেন, তশাদ্ বৈ বিদ্যান্ পুরুষমিদং ব্রন্ধেতি মন্ততে— যিনি বিদ্যান তিনি মাহ্রুষকে তার প্রত্যক্ষের অতীত বৃহৎ বলেই জানেন। সেইজন্তে তিনি তার কাছে প্রত্যাশা করতে পারেন হংসাধ্য কর্মকে, অপরিমিত ত্যাগকে। যে পুরুষে ব্রন্ধ বিহুস্তে বিহুং পরমেষ্টিনম্— যারা ভূমাকে জানেন মাহ্রুষে তাঁরা জানেন পরম দেবতাকেই। সেই মানবদেবতাকে মাহ্রুষের মধ্যে জেনেছিলেন বলেই বৃদ্ধদেব উপদেশ দিতে পেরেছিলেন—

মাতা যথা নিয়ং পুত্তং আয়ুসা এক পুত্তমমুরক্খে, একম্পি সক্বভূতেষু মানসম্ভাবত্তে অপরিমাণং।

মা যেমন আপন আয়ু ক্ষয় করেই নিজের একমাত্র পুত্রকে রক্ষা করে ভেমনি সকল প্রাণীর প্রতি মনে অপরিমাণ দয়াভাব জনাবে। যাথা গ'ণে বলব না ক'জন এই উপদেশ পালন করতে পারে। সেই গণনাম নয় সভ্যের বিচার।

মাহ্নবের অসীমতা যিনি নিজের মধ্যে অহতব করেছিলেন তাঁকে অপেকা করতে হয় নি মাথা গোনবার। তিনি অসংকোচে মাহ্নবের মহামানবকে আহ্বান করেছিলেন; বলেছিলেন, "অপরিমাণ ভালোবাসায় প্রকাশ করে। আপনার অন্তরে ব্রহ্মকে।" এই বাণী অসংকোচে সকলকে শুনিয়ে তিনি মাহ্নবকে শ্রহা করেছিলেন।

আমাদের দেশে এমন আত্মাবমাননার কথা প্রারই শুনতে পাওরা ধার যে, সোহহ:তত্ত্ব সকলের নয়, কেবল তাঁদেরই যারা ক্ষণজন্মা। এই বলে মান্ত্র্যের অধিকারকে শ্রেষ্ঠ ও নিরুষ্ট -ভেদে সম্পূর্ণ বিচ্ছিয় করে নিশ্চেষ্ট নিরুষ্টভাকে আরাম দেওয়া হয়েছে। আমাদের দেশে যাদের অস্তাজ বলা হয় তারা যেমন নিজের হেয়তাকে নিশ্চল করে রাখতে কৃষ্ঠিত হয় না তেমনি এ দেশে অগণ্য মান্ত্র্য আপন কনির্চ অধিকার নিঃসংকোচে মেনে নিয়ে মৃ্ঢতাকে, চিত্তের ও ব্যবহারের দীনতাকে, বিচিত্র আকারে প্রকাশ করতে বাধা পায় না। কিছু, মান্ত্র্য হয়ে জয়েছি, ললাটের লিখনে নিয়ে একেছি সোহহম্— এই বাণীকে সার্থক করবার জল্পেই আমরা মান্ত্র্য। আমাদের একজনেরও অগোরব সকল মান্ত্র্যের গৌরব ক্ষ্ম করবে। যে সেই আপন অধিকারকে থর্ব করে সে নিজের মধ্যে তাঁর অসম্মান করে যিনি কর্মাধ্যক্ষঃ সর্বভূতাধিবাসঃ সাক্ষী— যিনি সকলের কর্মের অধ্যক্ষ, সকলের যিনি অস্তর্যুক্তম সাক্ষী, সকলের মধ্যে যাঁর বাস।

পূর্বেই দেখিয়েছি অথববেদ বলেছেন, মান্ত্র প্রত্যক্ষত যা পরমার্থত তার চেম্নে বেশি, সে আছে অসীম উদ্বুত্তের মধ্যে। সেই উদ্বৃত্তেই মান্ত্রের যা কিছু শ্রেষ্ঠ, তার ঋতং সত্যং তপো রাষ্ট্রং শ্রমো ধর্মশ্চ কর্ম চ।

মুল্ডবামরী এই পৃথিবী। তাকে বহুদ্র অতিক্রম করে গেছে তার বায়্মগুল। সেই অনৃষ্ঠ বায়্লোকের ভিতর দিয়ে আসছে তার আলো, তার বর্ণচ্ছটা, বইছে তার প্রাণ, এরই উপর জমছে তার মেঘ, ঝরছে তার বারিধারা, এইখানকার প্রেরণাতেই তার অঙ্গে অঙ্গে রূপধারণ করছে প্রমরহস্থমর সৌন্দর্য— এইখান থেকেই আসছে পৃথিবীর যা শ্রেষ্ঠ, পৃথিবীর শ্রী, পৃথিবীর প্রাণ। এই বায়্মগুলেই পৃথিবীর সেই ক্সানালা খোলা রয়েছে যেখানে নক্ষরলোক থেকে অন্ধকার পেরিয়ে প্রতি রাজে দৃত আসছে আত্মীয়তার জ্যোতির্মর বার্তা নিয়ে। এই তার প্রসারিত বায়্মগুলকেই বলা যেতে পারে পৃথিবীর উদ্বৃত্ত ভাগের আত্মা, যেমন পূর্ণ মাহ্নযুক্তে বলা হয়েছে, ত্রিপাদস্তায়ত্ম্ব্

এই স্ক্রবায়ুলোক ভূলোকের একান্ত আপনার্ই বলে সম্ভব হয়েছে পৃথিবীর ধূলিন্তরে এত বিচিত্র ঐশ্ববিস্তার যার মৃশ্য ধূলির মূল্যের চেয়ে অনেক বেশি।

উপনিষদ বলেন, অসম্ভূতি ও সম্ভূতিকে এক করে জানলেই তবে সত্য জানা হয়। व्यमकृष्डि या व्यनौत्य व्यवाक, मकृष्डि या त्मर्त्य कांत्म व्यक्ति। এই नीयात्र व्यनीत्य मिल माञ्चरवत गडा मल्पूर्व। माञ्चरवत मरधा यिनि चनौम डाँक मौमात्र मरधा कौवरन সমাজে ব্যক্ত করে তুলতে হবে। অসীম সত্যকে বান্তব সত্য করতে হবে। তা করতে গেলে কর্ম চাই। ঈশোপনিষদ তাই বলেন, "শত বংসর তোমাকে বাঁচতে হবে, কর্ম তোমার না করলে নয়।" শত বংসর বাঁচাকে সার্থক করো কর্মে— এমনতরো কর্মে যাতে প্রত্যয়ের সঙ্গে, প্রমাণের সঙ্গে, বলতে পারা যায় সোহহম্। এ নয় যে, চোধ উলটিয়ে, নিখাস বন্ধ করে বলে থাকতে হবে মান্তবের থেকে দূরে। অসীম উদ্বৃত্ত থেকে মামুষের মধ্যে যে শ্রেষ্ঠতা সঞ্চারিত হচ্ছে সে কেবল সত্যং ঋতং নয়, তার সক্ষে আছে রাষ্ট্রং শ্রমো ধর্মণ্ট কর্ম চ ভূতং ভবিষ্যং। এই-যে কর্ম, এই-যে শ্রম, যা জীবিকার জন্তে নয়, এর নিরস্তর উত্তম কোন্ সত্যে। কিসের জোরে মাহুষ প্রাণকে করছে তুচ্ছ, ত্বংথকে করছে বরণ, অন্তায়ের ত্র্দান্ত প্রতাপকে উপেক্ষা করছে বিনা উপকরণে, বুক পেতে নিচ্ছে অবিচারের তৃঃসহ মৃত্যুশেল। তার কারণ, মাছ্রমের মধ্যে ভুধু কেবল তার প্রাণ নেই, আছে তার মহিমা। সকল প্রাণীর মধ্যে মাম্ব্যেরই মাধা তুলে বলবার অধিকার আছে, সোহহ্ম। সেই অধিকার জাতিবর্ণনিবিচারে সকল মাহুষেরই। ক্ষিতিযোহনের অমূল্য সংগ্রহ থেকে বাউলের এই বাণী পাই—

> জীবে জীবে চাইয়া দেখি সবই যে তার অবতার, ও তুই নৃতন লীলা কী দেখাবি যার নিতালীলা চমৎকার।

প্রতিদিনই মানব-সমাজে এই দীলা। অসংখ্য মাহ্বৰ জ্ঞানে প্রেমে ত্যাগে নানা আকারেই অপরিমেয়কে প্রকাশ করছে। ইতিহাসে তাদের নাম ওঠে না, আপন প্রাণ থেকে মাহ্যের প্রাণপ্রবাহে তারা ঢেলে দিয়ে যায় তাঁরই অমিততেজ যশ্চায়মন্মিন্ তেজাময়োহয়তময়ঃ পুরুষঃ সর্বাহ্নভূ:— যিনি এই আত্মার মধ্যেই তেজাময় অয়তময় পুরুষ, যিনি সমস্তই অহভব করেন, যেমন আকাশব্যাপী তেজকে উদ্ভিদ আপন প্রাণের সামগ্রী করে নিয়ে পৃথিবীর প্রাণলোকে উৎসর্গ করে।

উদ্ভিদের ভিতর দিয়ে বিশ্বতেজ যদি প্রাণবস্তুতে নিয়ত পরিণত না হতে পারত তা হলে জীবলোক যেমন মরুশযাশায়ী হত, তেমনি আমাদের গোচরে-অগোচরে দেশে দেশে কালে-কালে নরনারী নিজের অস্তরস্থিত পরমপুরুষের অমিততেজ যদি কল্যাণে ও প্রেম, জ্ঞানে ও কর্মে, নিরস্কর সমাজের প্রাণবস্তুতে পরিণত না করত, তা হলে সমাজ

সোহহংতত্ত্বর্জিত হয়ে পশুলোকের সাথে এক হয়ে য়েত। তাও নয়, আপন সত্য হতে অলিত হয়ে বাঁচতেই পারত না। ভাক্তার বলেন, মাহ্মেরে দেহে পশুরক্ত সঞ্চার করলে তাতে তার প্রাণহৃদ্ধি না হয়ে প্রাণনাশ হয়। পশুসমাজ পশুভাবেই চিরদিন বাঁচতে পারে, মাহ্মেরে সমাজ পশু হয়ে বাঁচতেই পারে না। তার্কিক বলবে, নরলোকে তো অনেক পশু আরামেই বেড়ে ওঠে। শরীরে কোড়াও তো বাড়ে। আশপাশের চেয়ে তার উন্নতি বেশি বই কম নয়। সমস্ত দেহে আন্মের গৌরব সেই ফোড়াকে যদি ছাড়িয়ে না যায় তা হলে সে মারে এবং মেরে ময়ে। প্রকৃতিয় সমাজ অনেক পাপ সইতে পারে, কিন্তু বখন তার বিকৃতিটাই হয়ে ওঠে প্রধান তখন চিন্তার ব্যবহারে সাহিত্যে শিল্পকলার পশুরক্তমোত আত্মন্থ করে সমাজ বেশিদিন বাঁচতেই পারে না। বিলাসোমত্ত রোম কি আপন ঐশর্বের মধ্যেই পাকা ফলে কীটের মতো মরে নি। কালিনাস রঘ্বংশের যে পতনের ছবি দিয়েছেন সে কি মাহ্মেরে জীবনে পশুপ্রবেশের ফলেই না।

অথবিবেদে শুধু কেবল সত্য ও ঝতের কথা নেই, আছে রাষ্ট্রের কথাও। জনসংঘের শ্রেষ্ঠ রূপ প্রকাশ করবার জন্তে তার রাষ্ট্র। ছোটো টবের বাইরে বনস্পতি যদি তার হাজার শিকড় মেলতে না পারে তা হলে সে বেঁটে হয়ে, কাঠি হয়ে থাকে। রাষ্ট্রের প্রশন্ত ভূমি না পেলে জনসমূহ পৌরুষবর্জিত হয়ে থাকে। আপনার মধ্যে যে ভূমাকে প্রমাণ করবার দায়িম্ব মাহ্যবের, সমস্ত জাতি বৃহৎ জীবনযাত্রায় তার থেকে বঞ্চিত হলে ইতিহাসে ধিক্রত হয়়। সকলের মাঝখানে সকল কালের সমুখে উঠে দাড়িছে সে বলতে পারে না "সোহহম্", বলতে পারে না "আমি আছি আমার মহিমায়, যে আমি কেবল আজকের দিনের জন্ত নয়, যার 'আজুঘোষণা ভাবীকালের তোরণে তোরণে ধ্বারণে হতে থাকবে"। ইতিহাসের সেই বিক্কার বহুকালের হস্তিময় এসিয়া-মহাদেশের বক্ষে দিয়েছে আজ আঘাত; সকল দিকেই শুনছি জনগণের অন্তর্গামী মহান প্রক্ষয় তামসিকতার কনীশালায় শৃত্বলে দিয়েছেন ঝংকার, তাঁর প্রকাশের তপোদীপ্তি জলে উঠেছে ভমসঃ পরস্তাৎ। রব উঠেছে, শৃধস্ক বিশ্বেল শোনো বিশ্বজন, তাঁর আহ্বান শোনো, যে আহ্বানে ভন্ম যায় ছুটে, স্বার্থ হয়্ম লজ্জিড, মৃত্যুঞ্জয় শৃক্ষবনি করে ওঠেন মৃত্যুত্বঃখবন্ধুর অমৃতের পথে।

ভূমা থেকে উৎপিষ্ট ষে শ্রেষ্ঠতার কথা অথববেদ বলেছেন সে কোনো একটিমাত্র বিশেষ সিদ্ধিতে নর। মান্ত্রের সকল তপস্থাই তার মধ্যে, মান্ত্রের বীর্ষং লক্ষীর্বলং সমস্ত তার অন্তর্গত। মহস্তত্বের বছধা বৈচিত্র্যকে একটিমাত্র বিন্তুতে সংহত করে নিশ্চল করলে হরতো তার আত্মভোলা একটা আনন্দ আছে। কিন্তু, ততঃ কিন। কী হবে সে আনন্দে। সে আনন্দকে বলব না শ্রের, বলব না চরম সত্য। সমস্ত মানবসংসারে যতক্ষণ তৃঃথ আছে, অভাব আছে, অপমান আছে, ততক্ষণ কোনো একটিমাত্র
মানুষ নিদ্ধৃতি পেতে পারে না। একটিমাত্র প্রদীপ অন্ধকারে একটুমাত্র ছিন্ত করলে
ভাতে রাত্রির ক্ষর হয় না, সমস্ত অন্ধকারের অপসারণে রাত্রির অবসান। সেইজন্তে
মানুষের মৃক্তি যে মহাপুরুষেরা কামনা করেছেন তাঁদেরই বাণী "সম্ভবামি যুগে যুগে"।
যুগে যুগেই তো জন্মাচ্ছেন তাঁরা দেশে দেশে। আজও এই মৃহুর্তেই জন্মেছেন, কালও
জন্মাবেন। সেই জন্মের ধারা চলেছে ইতিহাসের মধ্য দিয়ে, এই বাণী বহন করে—
সোহহম্। I and my Father are one.

সোহহম্ মন্ত্র মৃথে আউড়িরে তুমি ত্রাশা কর কর্ম থেকে ছুটি নিতে! সমন্ত পৃথিবী রইল পড়ে, তুমি একা যাবে দার এড়িয়ে! যে ভীক চোথ বুজে মনে করে "পালিয়েছি" সে কি সভ্যই পালিয়েছে। সোহহম্ সমন্ত মাহ্মদের সম্মিলিত অভিব্যক্তির মন্ত্র, কেবল একজনের না। ব্যক্তিগত শক্তিতে নিজে কেউ যতট্কু মৃক্ত হচ্ছে সেই মৃক্তি তার নির্থক যতক্ষণ সে তা সকলকে না দিতে পারে। বুজদেব আপনার মৃক্তিতেই সভ্যই যদি মৃক্ত হতেন, তা হলে একজন মাহ্মষের জন্তেও তিনি কিছুই করতেন না। দীর্ঘজীবন ধরে তাঁর তো কর্মের অন্ত ছিল না। দৈহিক প্রাণ নিয়ে তিনি যদি আজ পর্যন্ত বৈচে থাকতেন তা হলে আজ পর্যন্তই তাঁকে কাজ করতে হত আমাদের সকলের চেয়ে বেশি। কেননা, যারা মহাত্মা তাঁরা বিশ্বকর্মা।

নীহারিকার মহাক্ষেত্রে যেখানে জ্যোতিক সৃষ্টি হচ্ছে দেখানে মাঝে মাঝে এক-একটি তারা দেখা যায়; তারা স্পষ্ট জানিয়ে দেয় সমন্ত নীহারিকার বিরাট অন্তরে সৃষ্টি-হোমছতাশনের উদ্দীপনা। তেমনি মাছুযের ইতিহাসের ক্ষেত্রে মাঝে মাঝে মহাপুরুষদের দেখি। তাঁদের থেকে এই কথাই বুঝি যে, সমন্ত মান্থুযের অন্তরেই কাজ করছে অভিব্যক্তির প্রেরণা। সে ভূমার অভিব্যক্তি। জীবমানব কেবলই তার অহং-আবরণ মোচন করে আপনাকে উপলব্ধি করতে চাচ্ছে বিশ্বমানবে। বস্তুত, সমন্ত পৃথিবীরই অভিব্যক্তি আপন সত্যকে থুঁজছে সেইখানে, এই বিশ্বপৃথিবীর চরম সত্য সেই মহামানবে। পৃথিবীর আরম্ভকালের লক্ষ্ণ লক্ষ্ণ যুগের পরে মাহুযের স্কুজতা বিচার করে কোনো কোনো পণ্ডিত অভিভূত হয়ে পড়েন। পরিমাণকে অপরিমেয় সত্যের চেয়ে বড়ো করা একটা মাহ মাত্র। যাকে আমরা জড় বলি সেই অব্যক্ত প্রাণ বছ কোটি কোটি বংসর হথ ছিল। কিন্তু, একটিমাত্র প্রাণকণা যেদিন এই পৃথিবীতে দেখা দিল সেইদিনই জগতের অভিব্যক্তি তার একটি মহৎ কর্যে একে পৌছল। জড়ের বাছিক

সন্তার মধ্যে দেখা দিল একটি আন্তরিক সতা। প্রাণ আন্তরিক। যেহেতৃ সেই প্রাণকণা জড়পুঞ্জের তুলনার দৃশুত অতি কৃষে এবং যেহেতৃ স্থাবিদালের এক প্রান্তে তার সত্য জন্ম, তাই তাকে হের করবে কে। মৃকতার মধ্যে এই-যে অর্থ অবারিত হল তার থেকে মাহ্য বিরাট প্রাণের রূপ দেখলে; বললে, যদিদং কিঞ্চ সর্বং প্রাণ এজতি নিঃস্থতম্। যা-কিছু সমন্তই প্রাণ থেকে নিঃস্থত হয়ে প্রাণে কম্পিত হচ্ছে। আমরা জড়কে তথ্যরূপে জানি, কেননা সে যে বাইরের। কিন্তু, প্রাণকে আমাদের অন্তর থেকে জানি সত্যরূপে। প্রাণের ক্রিয়া অন্তরে অন্তরে— তার সমন্তটাই গতি। তাই চলার একটিমাত্র ভাষা আমাদের কাছে অব্যবহিত, সে আমাদের প্রাণের ভাষা। চলা ব্যাপারকে অন্তর থেকে সত্য করে চিনেছি নিজেরই মধ্যে। বিশ্বে অবিশ্রাম চলার যে উত্তম তাকে উত্তাপই বলি, বিহাৎই বলি, সে কেবল একটা কথা মাত্র। যদি বলি, এই চলার মধ্যে আছে প্রাণ, তা হলে এমন-কিছু বলা হয় আমার অভিজ্ঞতার মধ্যে যার অর্থ আছে। সেই সঙ্গে এও বৃঝি, আমার প্রাণ যে চলছে সেও ঐ বিশ্বপ্রাণের চলার মধ্যেই। প্রাণগতির এই উত্তম নিথিলে কোথাও নেই, কেবল আক্সিকভাবে আছে প্রাণীতে— এমন খাপছাড়া কথা আমাদের মন মানতে চার না, যে মন সমগ্রতার ভৃমিকার সত্যকে প্রনা জানার।

উপনিষদ বলেছেন, কো হোবায়াৎ কঃ প্রাণ্যাৎ যদেষ আকাশ আনন্দোন স্থাৎ।
একটা কটিও প্রাণের ইচ্ছা করত কিসের জোরে, যদি প্রাণের আনন্দ সমস্ত আকাশে
না ধাকত। দেশালাইরের মুথে একটি শিখা এক মুহুর্তের জন্তেও জলে কী করে, যদি
সমস্ত আকাশে তার সত্য ব্যাপ্ত না থাকে। প্রাণের মধ্যে সমস্ত স্কৃষ্টির একটি অন্তর্রত্বর
ক্ষর্থ পাওয়া গেল, সেই অর্থকে বলি ইচ্ছা। জড় মৃক হয়ে ছিল, এই ইচ্ছার ভাষা
কানাতে পারে নি; প্রাণ এসে ইচ্ছার বার্তা প্রকাশ করলে। যে বার্তা গভীরে নিহিত
ছিল তাই উচ্ছুসিত হয়ে উঠল।

ছাত্র বছদিন বছ প্রয়াসে অক্ষর শিখল, বানান শিখল, ব্যাকরণ শিখল, অনেক কাগজে অনেক আঁকাবাঁকা অসম্পূর্ণ নির্ম্থক লেখা শিখল, উপকরণ ব্যবহার করল ও বর্জন করল বিন্তর; অবশেষে কবিরূপে যে মৃহুর্ভে সে তার প্রথম কবিতাটি লিখতে পেরেছে সেই মৃহুর্ভে ঐ একটি লেখায় এতদিনকার পূঞ্জ পূঞ্জ বাক্যহীন উপকরণের প্রথম অর্থ টুকু দেখা দিল। জগতের বিপুল অভিব্যক্তিতে প্রথম অর্থ দেখলুম প্রাণকণায়, তার পরে জন্ততে, তার পরে মানুষে। বাহির থেকে জন্তরের দিকে একে একে মৃক্তির দার খুলে যেতে লাগল। মানুষে এসে যখন ঠেকল তখন যবনিকা উঠতেই জীবকে দেখলুম তার ভূমায়। দেখলুম রহক্তময় যোগের তত্তকে, পরম ঐক্যকে। মানুষ বলতে

পারলে, যাঁরা সত্যকে জানেন তাঁরা সর্বমেবাবিশন্তি— সকলের মধ্যেই প্রবেশ করেন।

আলোকেরই মতো মায়ষের চৈতন্ত মহাবিকিরণের দিকে চলেছে জ্ঞানে কর্মে ভাবে। সেই প্রসারণের দিকে দেখি তার মহৎকে, দেখি মহামানবকে, দেখি যভায়মন্মিন্ আত্মনি তেজোমদ্বোহ্যুতময়ঃ পুরুষঃ সর্বাহ্নত্ঃ এবং শুভকামনায় হাদয়কে সর্বত্র এই বলে ব্যাপ্ত করতে পারি—

সবে সত্তা স্থতিত হোস্ক, অবেরা হোস্ক, অব্যাপজ্বা হোস্ক, স্থী অতানং পরিহরস্ক। সবে সত্তা তৃক্ধা পম্কস্ক। সবে সতা মা যথালবসম্পতিতো বিগচ্চস্ক।

সকল জীব স্থবিত হোক, নি:শক্ৰ হোক, অবধ্য হোক, স্থী হয়ে কালহরণ করুক। সকল জীব হঃথ হতে প্রমুক্ত হোক, সকল জীব যথালব্ধ সম্পত্তি থেকে বঞ্চিত না হোক।

সেই সঙ্গে এও বলতে পারি, তুঃখ আসে তো আস্থক, মৃত্যু হয় তো হোক, ক্ষতি ঘটে তো ঘটুক— মাহুষ আপন মহিমা থেকে বঞ্চিত না হোক, সমস্ত দেশকালকে ধ্বনিত করে বলতে পারুক "সোহহম্"।

পরিশিষ্ট

যানবস্ত্য

আয়াদের জন্মভূমি তিনটি, তিনটিই একত্র জড়িত। প্রথম পৃথিবী। মান্তবের বাসন্থান পৃথিবীর সর্বত্র। শীতপ্রধান তুষারাদ্রি, উত্তপ্ত বালুকাময় মক, উৎতৃক তুর্গম গিরিভোগী, আর এই বাংলার মতো সমতলভূমি, সর্বত্রই মান্তবের স্থিতি। মান্তবের বস্তুত বাসন্থান এক। ভিন্ন জাতির নম্ন, সমগ্র মান্তবের কাছে পৃথিবীর কোনো অংশ তুর্গম নম। পৃথিবী তার কাছে হদর অবারিত করে দিয়েছে।

মান্থবের বিতীয় বাসস্থান শ্বতিলোক। অতীতকাল থেকে পূর্বপুরুষদের কাহিনী
নিয়ে কালের নীড় সে তৈরি করেছে। এই কালের নীড় শ্বতির দারা রচিত, গ্রথিত।
এ শুধু এক-একটা বিশেষ জাতির কথা নয়, সমস্ত মান্থবজাতির কথা। শ্বতিলোকে
সকল মান্থবের মিলন। বিশ্বমানবের বাসস্থান— এক দিকে পৃথিবী, আর-এক দিকে
সমস্ত মান্থবের শ্বতিলোক। মান্থব জন্মগ্রহণ করে সমস্ত পৃথিবীতে, জন্মগ্রহণ করে
নিথিল ইতিহাসে।

তার তৃতীয় বাসন্থান আত্মিক লোক। সেটাকে বলা যেতে পারে সর্বমানবচিত্তের মহাদেশ। অন্তরে অন্তরে সকল মান্তবের যোগের ক্ষেত্র এই চিন্তলোক। কারো চিন্ত হয়তো বা সংকীর্ণ বেড়া দিয়ে ঘেরা, কারো বা বিকৃতির দ্বারা বিপরীত। কিন্তু, একটি বাপেক চিত্ত আছে যা ব্যক্তিগত নয়, বিশ্বগত। সেটির পরিচয় অকস্মাৎ পাই। একদিন আহ্বান আসে। অকস্মাৎ মাহ্রম সত্যের জন্মে প্রাণ দিতে উৎস্কক হয়। সাধারণ লোকের মধ্যেও দেখা যায়, যখন সে স্বার্থ ভোলে, যেখানে সে ভালোবাসে, নিজের ক্ষতি করে ফেলে, তখন ব্ঝি, মনের মধ্যে একটা দিক আছে যেটা সর্বমানবের চিত্তের দিকে।

বিশেষ প্রশ্নেজনে ঘরের সীমার বঙাকাশ বন্ধ, কিন্তু মহাকাশের সঙ্গে তার সত্যকার বোগ। ব্যক্তিগত মন আপন বিশেষ প্রয়োজনের সীমার সংকীর্ণ হলেও তার সত্যকার বিভার সর্বমানবচিতে। সেইখানকার প্রকাশ আশ্চর্যজনক। একজন কেউ জলে পড়ে সেছে, আর-একজন জলে ঝাঁপ দিলে তাকে বাঁচাবার জন্তে। অন্তের প্রাণরক্ষার জন্তে নিজের প্রাণ সংকটাপত্র করা। নিজের সভাই যার একান্ত সে বলবে, আপনি বাঁচলে বাঁপের নাম। কিন্তু, আপনি বাঁচাকে সব চেরে বড়ো বাঁচা বললে না, এমনও দেখা গেল। তার কারণ, সর্বমানবস্তা পরক্ষার যোগযুক্ত।

আমার জন্ম যে পরিবারে সে পরিবারের ধর্মসাধন একটি বিশেষ ভাবের। উপনিষদ এবং পিতৃদেবের অভিজ্ঞতা, রামমোহন এবং আর-আর সাধকদের সাধনাই আমাদের পারিবারিক সাধনা। আমি পিতার কনিষ্ঠ পুত্র। জাতকর্ম থেকে আরম্ভ করে আমার সব সংস্কারই বৈদিক মন্ত্র-বারা অক্ষিত হয়েছিল, অবশু ব্রাহ্মমতের সক্ষেমিলিয়ে। আমি ইস্কুল-পালানো ছেলে। যেখানেই গণ্ডী দেওয়া হয়েছে সেখানেই আমি বনিবনাও করতে পারি নি কখনো। যে অভ্যাস বাইরে থেকে চাপানো তা আমি গ্রহণ করতে অক্ষম। কিন্তু, পিতৃদেব সেজ্ঞে কখনো ভর্মনা করতেন না। তিনি নিজেই স্বাধীনতা অবলম্বন করে পৈতামহিক সংস্কার ত্যাগ করেছিলেন। গভীরতর জীবনতত্ব সম্বন্ধে চিস্তা করার স্বাধীনতা আমারও ছিল। এ কথা স্বীকার করতেই হবে, আমার এই স্বাতম্ব্যের জন্তে কখনো কথনো তিনি বেদনা পেয়েছেন। কিছু বলেন নি।

বাল্যে উপনিষ্দের অনেক অংশ বার্বার আবৃত্তি-ছারা আমার কণ্ঠন্থ ছিল।
সব-কিছু গ্রহণ করতে পারি নি সকল মন দিয়ে। শ্রদ্ধা ছিল, শক্তি ছিল না হয়তো।
এমন সময় উপনয়ন হল। উপনয়নের সময় গায়এীমন্ত দেওয়া হয়েছিল। কেবলমাত্র
ম্থস্থভাবে না; বারংবার স্থপ্পষ্ট উচ্চারণ করে আবৃত্তি করেছি এবং পিতার কাছে
গায়এীমন্ত্রের ধ্যানের অর্থ পেয়েছি। তথন আমার বয়স বারো বৎসর হবে। এই মন্ত্র
চিন্তা করতে করতে মনে হত, বিশ্বভ্বনের অন্তিত্ব আর আমার অন্তিত একাত্মক।
ভূর্ব: স্থ:— এই ভূলোক, অন্তরীক্ষ, আমি তারই সকে অথও। এই বিশ্বজন্ধাণ্ডের
আদি-অন্তে ঘিনি আছেন তিনিই আমাদের মনে চৈতন্ত প্রেরণ করছেন। চৈতন্ত ও
বিশ্ব, বাহিরে ও অন্তরে স্টির এই তৃই ধারা এক ধারায় মিলছে।

এমনি করে ধ্যানের দ্বারা থাকে উপলব্ধি করছি তিনি বিশ্বাত্মাতে আমার আত্মাতে চৈতত্যের বোগে যুক্ত। এইরকম চিস্তার আনন্দে আমার মনের মধ্যে একটা জ্যোতি এনে দিলে। এ আমার স্থাপষ্ট মনে আছে।

যখন বন্ধস হয়েছে, হয়তো আঠারো কি উনিশ হবে, বা বিশও হতে পারে, তখন চৌরন্ধিতে ছিলুম দাদার সঙ্গে। এমন দাদা কেউ কখনো পান্ন নি। তিনি ছিলেন একাধারে বন্ধু, ভাই, সহযোগী।

তথন প্রত্যুবে ওঠা প্রথা ছিল। আমার পিতাও খ্ব প্রভাবে উঠতেন। মনে আছে, একবার ডালহৌসি পাহাড়ে পিডার সজে ছিলুম। সেখানে প্রচণ্ড নীড। সেই নীতে ভোরে আলো-হাতে এসে আমাকে শ্যা থেকে উঠিরে দিভেন। সেই ভোরে উঠে একদিন চৌরদির বাসার বারান্দার দাড়িয়ে ছিলুম। তখন ওবানে ক্রি ইছল বলে একটা

ইস্কৃল ছিল। রান্ডাটা পেরিরেই ইস্ক্লের হাতাটা দেখা যেত। সে দিকে চেয়ে দেখল্ম, গাছের আড়ালে স্থ উঠছে। যেমনি স্থের আবিতার হল গাছের অন্তরালের থেকে, অমনি মনের পর্দা খুলে গেল। মনে হল, মাস্থ আজন একটা আবরণ নিয়ে থাকে। সেটাতেই তার স্বাতম্র। স্বাতম্রের বেড়া লুগু হলে সাংসারিক প্রয়োজনের অনেক অস্থবিধা। কিন্তু, সেদিন স্থোদয়ের সকে শক্তে আমার আবরণ থসে পড়ল। মনে হল, সত্যকে মৃক্ত দৃষ্টিতে দেখল্ম। মাস্থবের অন্তরাত্মাকে দেখল্ম। হজন মৃটে কাঁধে হাত দিয়ে হাসতে হাসতে চলেছে। তাদের দেখে মনে হল, কী অনিব্চনীয় স্থলর। মনে হল না, তারা মৃটে। সেদিন তাদের অন্তরাত্মাকে দেখল্ম, থেখানে আছে চিরকালের মাস্থব।

স্থার কাকে বলি। বাইরে যা অকিঞিৎকর, যখন দেখি তার আন্তরিক অর্থ তখন मिथि चुन्ददक्। এकि गोनां भक्न बाह्नद्वत्र को एक चुन्दद नम्र। यां स्टियं को एक ज স্থলার— যে মামুষ তার কেবল পাপড়ি না, বোটা না, একটা সমগ্র আন্তরিক সার্থকতা পেয়েছে। পাবনার গ্রামবাসী কবি যথন প্রতিকৃল প্রণায়নীর মানভঞ্জনের জ্বন্মে 'ট্যাহা দামের মোটরি' আনার প্রস্তাব করেন তথন মোটরির দাম এক টাকার চেয়ে অনেক বেড়ে যায়। এই মোটরি বা গোলাপের আস্করিক অর্থটি যখন দেখতে পাই তখনই সে হুন্দর। সেদিন তাই আশ্চর্য হয়ে গেলুম। দেখলুম, সমস্ত সৃষ্টি অপরপ। আমার এক বন্ধু ছিল, সে স্ববৃদ্ধির জন্মে বিশেষ বিখ্যাত ছিল না। তার স্ববৃদ্ধির একটু পরিচন্ন দিই। একদিন সে আমাকে জিজ্ঞাদা করেছিল, "আচ্ছা, ঈশ্বরকে দেখেছ?" আমি वनमूम, "ना, सिथ नि छ।।" ता वनता, "आमि स्थि ।" किकांगा कतन्म, "কিরকম।" সে উত্তর করলে, "কেন? এই-যে চোখের কাছে বিজ্বিজ্করছে।" লে এলে ভাবতুম, বিরক্ত করতে এসেছে। সেদিন তাকেও ভালো লাগল। তাকে নিজেই ডাকল্ম। সেদিন মনে হল, তার নির্বৃদ্ধিতাটা আকস্মিক, সেটা তার চরম ও চিরম্ভন সভ্য নয়। তাকে ডেকে সেদিন আনন্দ পেলুম। সেদিন সে 'অমুক' নয়। আমি যার অন্তর্গত সেও সেই মানবলোকের অন্তর্গত। তখন মনে হল, এই মৃক্তি। এই অবস্থার চার দিন ছিলুম। চার দিন জগংকে সভ্যভাবে দেখেছি। তার পর জ্যোতিদা वनलन, "नार्किनिड हला।" मिश्रान शिष्त्र आवात भर्मा भएए मिन। आवात मह অকিঞ্চিৎকরতা, সেই প্রাত্যহিকতা। কিন্তু, তার পূর্বে কয়দিন সকলের মাঝে যাঁকে দেখা গেল তাঁর সম্বন্ধে আৰু পর্যস্ত আর সংশয় রইল না। তিনি সেই অথও মাত্র্য যিনি মান্তবের ভূত-ভবিশ্বতের মধ্যে পরিব্যাপ্ত- যিনি অরপ, কিন্তু সকল মান্তবের রূপের মধ্যে বার অন্তরতম আবির্ভাব।

?

সেই সময়ে এই আমার জীবনের প্রথম অভিজ্ঞতা যাকে আধ্যাত্মিক নাম দেওরা বিতে পারে। ঠিক সেই সময়ে বা তার অব্যবহিত পরে বে ভাবে আমাকে আবিষ্ট করেছিল তার স্পষ্ট ছবি দেখা যার আমার সেই সময়কার কবিতাতে— প্রভাতসংগীতের মধ্যে। তখন স্বতই যে ভাব আপনাকে প্রকাশ করেছে তাই ধরা পড়েছে
প্রভাতসংগীতে। পরবর্তীকালে চিস্তা করে লিখলে তার উপর ততটা নির্ভর করা
যেত না। গোড়াতেই বলে রাখা ভালো, প্রভাতসংগীত থেকে যে কবিতা শোনাব তা
কেবল তথনকার ছবিকে স্পষ্ট দেখাবার জ্ঞে, কাবাহিসাবে তার মূল্য অত্যন্ত সামান্ত।
আমার কাছে এর একমাত্র মূল্য এই যে, তথনকার কালে আমার মনে যে একটা
আনন্দের উচ্ছাস এসেছিল তা এতে ব্যক্ত হয়েছে। তার ভাব অসংলয়, ভাষা কাঁচা,
যেন হাংড়ে হাংড়ে বলবার চেষ্টা। কিন্তু, 'চেষ্টা' বললেও ঠিক হবে না, বন্ধত চেষ্টা
নেই তাতে, অক্ট্বাক্ মন বিনা চেষ্টায় যেমন করে পারে ভাবকে ব্যক্ত করেছে,
সাহিত্যের আদর্শ থেকে বিচার করলে স্থান পাওয়ার যোগ্য সে মোটেই নয়।

বে কবিতাগুলো পড়ব তা একটু কৃতিভভাবেই শোনাব, উৎসাহের সঙ্গে নর। প্রথম দিনেই যা লিখেছি সেই কবিতাটাই আগে পড়ি। অবশ্র, ঠিক প্রথম দিনেরই লেখা কি না, আমার পক্ষে জার করে বলা শক্ত। রচনার কাল সম্বন্ধে আমার উপর নির্ভর করা চলে না; আমার কাব্যের ঐতিহাসিক যারা তাঁরা সে কথা ভালো জানেন। রুদর যখন উদ্বেল হয়ে উঠেছিল আশ্চর্য ভাবোচ্ছাসে, এ হচ্ছে তথনকার লেখা। একে এখনকার অভিক্রতার সঙ্গে মিলিয়ে দেখতে হবে। আমি বলেছি, আমাদের এক দিক অহং আর-একটা দিক আআ। অহং যেন খণ্ডাকাল, ঘরের মধ্যেকার আকাল, যা নিয়ে বিষয়কর্ম মামলা-মকদমা এই-সব। সেই আকাশের সঙ্গে মুক্ত মহারাল, তা নিয়ে বৈষয়িকতা নেই; সেই আকাল অসীম, বিশ্ববাপী। বিশ্ববাপী আকাশে ও খণ্ডাকাশে যে ভেদ, অহং আর আআর মধ্যেও সেই ভেদ। মানবদ্ধ বলতে যে বিরাট পুরুষ তিনি আমার খণ্ডাকাশের মধ্যেও আছেন। আমারই মধ্যে ত্টো দিক আছে— এক আমাতেই বন্ধ, আর-এক সর্বত্য ব্যাপ্ত। এই ত্ই'ই যুক্ত এবং এই উভরকে মিলিয়েই আমার পরিপূর্ণ সন্তা। তাই বলেছি, যখন আমরা অহংকে একান্তভাবে আকত্যে ধরি তথন আমরা মানবধর্ম থেকে বিচ্যুত হরে পড়ি। দেই মহামানব, সেই বিরাটপুরুষ যিনি আমার মধ্যে রয়েছেন, তাঁর সক্ষে তথন ঘটে বিছেদ।

ব্দাগিরা দেখিত আমি আঁধারে রয়েছি আঁধা, আপনারি মাঝে আমি আপনি রয়েছি বাঁধা। রয়েছি মগন হয়ে আপনারি কলম্বরে, ফিরে আলে প্রতিধ্বনি নিজেরি প্রবণ-'পরে।

এইটেই হচ্ছে অহং, আপনাতে আবদ্ধ, অদীম থেকে বিচ্যুক্ত হয়ে, আদ হয়ে থাকে অন্ধকারের মধ্যে। তারই মধ্যে ছিলুম, এটা অন্কভব করলুম। সে যেন একটা স্বপ্রদশা।

গভীর— গভীর শুহা, গভীর শ্বাধার ঘোর, গভীর ঘুমস্ক প্রাণ একেলা গাহিছে গান, মিশিছে স্বপনগীতি বিজন হৃদরে মোর।

নিজার মধ্যে স্বপ্নের বে-লীলা সভাের বােগ নেই তার সলে। অম্লুক, মিধ্যা, নানা নাম দিই তাকে। অহং-এর মধ্যে সীমাবদ্ধ বে জীবন সেটা মিধ্যা। নানা অভিকৃতি দৃংশ ক্ষতি সব জড়িয়ে আছে তাতে। অহং যখন জেগে উঠে আত্মাকে উপলন্ধি করে তখন সে নৃতন জীবন লাভ করে। এক সময়ে সেই অহং-এর খেলাঘরের মধ্যে বন্দী ছিলুম। এমনি করে নিজের কাছে নিজের প্রাণ নিয়েই ছিলুম, রহং সভাের রূপ দেখি নি।

আজি এ প্রভাতে রবির কর
কেমনে পশিল প্রাণের 'পর,
কেমনে পশিল গুহার আঁখারে
প্রভাতপাখির গান!
না জানি কেন রে এত দিন পরে
জাগিয়া উঠিল প্রাণ!
জাগিয়া উঠিছ প্রাণ,
প্রের উথলি উঠেছে বারি,
প্রের প্রাণের বাসনা প্রাণের আবেগ
কধিয়া রাখিতে নারি।

এটা হচ্ছে সেদিনকার কথা যেদিন অন্ধকার থেকে আলো এল বাইরের, অসীমের। দেদিন চেতনা নিজেকে ছাড়িরে ভূমার মধ্যে প্রবেশ করল। সেদিন কারার হার খুলে বেরিয়ে পড়বার জন্মে, জীবনের সকল বিচিত্র লীলার সলে যোগযুক্ত হয়ে প্রবাহিত্ত হবার জন্মে অস্তরের মধ্যে তীত্র ব্যাকুল্ডা। সেই প্রবাহের গতি মহান বিরাট সমুজের দিকে। তাকেই এখন বলেছি বিরাটপুরুষ। সেই-যে মহামানব তারই মধ্যে গিয়ে নদী মিলবে, কিন্তু সকলের মধ্যে দিয়ে। এই-যে ভাক পড়ল, সুর্যের আলোতে জ্বেগে মন ব্যাকুল হয়ে উঠল, এ আহ্বান কোথা থেকে। এর আকর্ষণ মহাসমুদ্রের দিকে, সমস্ত মানবের ভিতর দিয়ে, সংসাবের ভিতর দিয়ে, ভাগ ত্যাগ কিছুই অস্বীকার করে ময়, সমস্ত স্পর্ল নিয়ে শেষে পড়ে এক জায়গায় যেখানে—

কী জানি কী হল আজি, জাগিয়া উঠিল প্রাণ, দ্র হতে শুনি যেন মহাসাগরের গান। সেই সাগরের পানে হৃদয় ছুটিতে চায়, ভারি পদপ্রাম্ভে গিয়ে জীবন টুটিতে চায়।

সেধানে যাওয়ার একটা ব্যাকৃলতা অন্তরে জ্বেগেছিল। মানবর্ধর্ম সম্বন্ধে যে বক্তৃতা করেছি, সংক্ষেপে এই তার ভূমিকা। এই মহাসম্প্রকে এখন নাম দিয়েছি মহামানব। সমস্ত মাহ্যবের ভূত ভবিশ্বং বর্জমান নিয়ে তিনি সর্বজ্ঞনের হৃদরে প্রতিষ্ঠিত। তাঁর সঙ্গে গিয়ে মেলবারই এই ডাক।

এর ত্-ছার দিন পরেই লিখেছি 'প্রভাত-উংসব'। একই কথা, আর-একটু স্পষ্ট করে লেখা—

> স্থান আজি মোর কেমনে গেল খুলি! স্থাত আসি সেখা করিছে কোলাকুলি।

ধরার আছে যত

মানুষ শত শত

আসিছে প্রাণে যোর, হাসিছে গলাগলি।

এই তো সমন্তই মাছ্যের হৃদয়ের তরঙ্গীলা। মাছ্যের মধ্যে স্নেহ-প্রেম-ভক্তির যে সম্বন্ধ সেটা তো আছেই। তাকে বিশেষ করে দেখা, বড়ো ভূমিকার মধ্যে দেখা, যার মধ্যে সে তার একটা একা, একটা তাৎপর্য লাভ করে। সেদিন যে-ত্ব্বন মৃটের কথা বলেছি তাদের মধ্যে যে আনন্দ দেখলুম সে সংখ্যের আনন্দ, অর্থাৎ এমন-কিছু যার উৎস সর্বব্দীন সর্বকালীন চিন্তের গভীরে। সেইটে দেখেই খুলি হয়েছিলুম। আরো খুলি হয়েছিলুম এইজ্বল্ফে যে, যাদের মধ্যে ঐ আনন্দটা দেখলুম তাদের বরাবর চোখে পড়ে না, ভাদের অকিঞ্চিৎকর বলেই দেখে এসেছি; যে মৃহুর্ভে তাদের মধ্যে বিশ্বরাপী প্রকাশ দেখলুম অমনি পরম সৌন্দর্যকে অফ্তব করলুম। মানবসম্বন্ধের যে বিচিত্র রসলীলা, আনন্দ, অনির্বচনীয়তা, তা দেখলুম সেইদিন। সে দেখা বালকের কাঁচা লেখার আক্রীকু করে নিজেকে প্রকাশ করেছে কোনোরক্রমে, পরিফুর্ট হয় নি। সে সময়ে আভাসে যা অফ্তব করেছি তাই লিখেছি। আমি যে যা-খুলি গেয়েছি ভা

নয়। এ গান ছ দণ্ডের নর, এর অবসান নেই। এর একটা ধারাবাহিকতা আছে, এর অহবৃত্তি আছে মাহুবের হৃদরে হৃদরে। আমার গানের সঙ্গে সকল মাহুবের যোগ আছে। গান থামলেও সে যোগ ছিল্ল হয় না।

কাল গান ফুরাইবে, তা বলে গাবে না কেন
আৰু যবে হয়েছে প্ৰভাত।
কিসের হরষ-কোলাহল,
ভুধাই তোদের, ভোরা বল্!
আনন্দ-মাঝারে সব উঠিতেছে ভেসে ভেসে,
আনন্দে হতেছে কভু লীন,
চাহিয়া ধরণী-পানে নব আনন্দের গানে
মনে পড়ে আর-এক দিন।

এই-যে বিরাট আনন্দের মধ্যে সব তর্মিত হচ্ছে তা দেখি নি বছদিন, সেদিন দেখলুম। মামুষের বিচিত্র সম্বন্ধের মধ্যে একটি আনন্দের রস আছে। সকলের মধ্যে এই-যে আনন্দের রস, তাকে নিয়ে মহারসের প্রকাশ। রসো বৈ সঃ। রসের খণ্ড প্রকাশের মধ্যে তাকে পাওরা গিয়েছিল। সেই অমুভৃতিকে প্রকাশের অফ্যেমরিয়া হয়ে উঠেছিল্ম, কিন্তু ভালোরকম প্রকাশ করতে পারি নি। যা বলেছি অসম্পূর্ণভাবে বলেছি।

প্রভাতসংগীতের শেষের কবিতা-

আৰু আমি কথা কহিব না।
আর আমি গান গাহিব না।
হেরো আজি ভোরবেলা এগেছে রে মেলা লোক,
থিরে আছে চারি দিকে,
চেয়ে আছে অনিমিথে,
হেরে মোর হার্সিম্থ ভূলে গেছে হ্থণোক।
আজ আমি গান গাহিব না।

এর থেকে ব্যতে পারা যাবে, মন তথন কী ভাবে আবিষ্ট হয়েছিল, কোন্ সত্যকে মন স্পর্শ করেছিল। যা-কিছু হচ্ছে সেই মহামানবে মিলছে, আযার ফিরেও আসছে সেধান থেকে প্রতিধ্বনিরূপে নানা রসে সৌন্দর্ফে মন্তিত হয়ে। এটা উপলব্ধি হয়েছিল অহভ্ভিরূপে, তত্তরূপে নয়। সে সময় বালকের মন এই অহভ্ভি-য়ারা যেভাবে আন্দোলিত হয়েছিল তারই অসম্পূর্ণ প্রকাশ প্রভাজসংগীতের মধ্যে। সেদিন

অকৃস্ফোর্ডে বা বলেছি তা চিন্তা করে বলা। অস্থভৃতি থেকে উদ্ধার করে অন্ত তথের সদে ঘিলিয়ে যুক্তির উপর খাড়া করে সেটা বলা। কিন্তু, তার আরম্ভ ছিল এখানে। তখন স্পষ্ট দেখেছি, জগতের তৃচ্ছতার আবরণ খসে গিয়ে সত্য অপরূপ সৌন্দর্বে দেখা দিয়েছে। তার মধ্যে তর্কের কিছু নেই, সেই দেখাকে তখন সত্যরূপে জেনেছি। এখনো বাসনা আছে, হয়তো সমস্ত বিশের আনন্দরূপকে কোনো-এক শুভমুহুর্তে আবার জেমনি পরিপূর্ণভাবে কখনো দেখতে পাব। এইটে যে একদিন বাল্যাবদ্ধার স্থাপিই দেখেছিল্ম, সেইজন্তেই 'আনন্দরূপমসূতং বদ্বিভাতি' উপনিবদের এই বাণী আমার মুখে বারবার ধ্বনিত হয়েছে। সেদিন দেখেছিল্ম, বিশ্ব স্থল নয়, বিশ্বে এমন কোনো বস্তু নেই যার মধ্যে রসম্পর্ণ নেই। যা প্রত্যক্ষ দেখেছি তা নিয়ে তর্ক কেন। স্থল আবরণের মৃত্যু আছে, অস্তরতম আনন্দময় যে সন্তা তার মৃত্যু নেই।

9

বর্ষার সময় খালটা থাকত জলে পূর্। শুকনোর দিনে লোক চলত তার উপর দিয়ে। এ পারে ছিল একটা হাট, সেখানে বিচিত্র জনতা। দোতলার ঘর থেকে লোকালয়ের লীলা দেখতে ভালো লাগত। পদায় আমার জীবনযাতা ছিল জনতা থেকে দ্রে। নদীর চয়, ধ্-ধ্ বালি, স্থানে স্থানে জলকুও ঘিরে জলচয় পাখি। সেখানে ধে-সব ছোটো গল্প লিথেছি তার মধ্যে আছে পদাতীয়ের আভাস। সাজাদপুরে যখন আসত্ম চোখে পড়ত গ্রামাজীবনের চিত্র, পল্লীর বিচিত্র কর্মোগ্যম। তারই প্রকাশ পোস্ট্মান্টার' 'স্মাপ্তি' 'ছুটি' প্রভৃতি গল্পে। তাতে লোকালয়ের খণ্ড খণ্ড চলতি দৃশাগুলি কল্পনার ঘায়া ভরাট করা হয়েছে।

সেই সময়কার একদিনের কথা মনে আছে। ছোটো শুকনো পুরানো খালে জল এসেছে। পাঁকের মধ্যে ডিঙিগুলো ছিল অর্ধেক ডোবানো, জল আসতে তানের ভাসিয়ে তোলা হল। ছেলেগুলো নতুন জলধারার ডাক শুনে মেতে উঠেছে। তারা দিনের মধ্যে দশবার করে বাঁপিয়ে পড়ছে জলে।

দোতলার জানলায় দাঁড়িয়ে সেদিন দেখছিল্ম সামনের জাকাশে নববর্ধার জলভারনত মেদ, নীচে ছেলেদের মধ্যে দিয়ে প্রাণের তরজিত কল্লোল। আমার মন সহসা জাপন খোলা হয়ার দিয়ে বেরিয়ে গেল বাইয়ে, স্কৃরে। জত্যস্ক নিবিড়ভাবে জামার জন্তবে একটা জন্তভূতি এল; সামনে দেখতে পেল্ম নিত্যকালব্যাপী একটি স্বান্তভূতির অনবজ্জিম ধারা, নানা প্রাণের বিচিত্র লীলাকে মিলিয়ে নিয়ে একটি জ্বপঞ্

লীলা। নিজের জীবনে যা বোধ করছি, যা ভোগ করছি, চার দিকে ঘরে ঘরে জনে জনে মৃহুর্তে মৃহুর্তে যা-কিছু উপলব্ধি চলেছে, সমস্ত এক হরেছে একটি বিরাট অভিজ্ঞানার মধ্যে। অভিনয় চলেছে নানা নটকে নিয়ে, স্থগহংবের নানা থণ্ডপ্রকাশ চলছে তাদের প্রত্যেকের স্বতন্ত জীবনযাতায়, কিছু সমস্তটার ভিতর দিয়ে একটা নাট্যরস প্রকাশ পাছে এক পরমন্ত্রার মধ্যে যিনি সর্বাহ্মভূঃ। এতকাল নিজের জীবনে স্থগহংখের বেস্ব অন্ত্রতি একাস্কভাবে আমাকে বিচলিত করেছে, তাকে দেখতে পেনুম দ্রষ্টারপে এক নিত্য সাক্ষীর পাশে দাঁড়িয়ে।

এমনি করে আপনা থেকে বিবিক্ত হয়ে সমগ্রের মধ্যে খণ্ডকে স্থাপন করবারাত্র নিজের অন্তিত্বের ভার লাঘব হয়ে গেল। তখন জীবনলীলাকে রসরপে দেখা গেল কোনো রসিকের সঙ্গে এক হয়ে। আমার সেদিনকার এই বোধটি নিজের কাছে গভীরভাবে আশ্চর্য হয়ে ঠেকল।

একটা মৃক্তির আনন্দ পেলুম। স্নানের ঘরে যাবার পথে একবার জানলার কাছে
দাড়িয়েছিলুম ক্ষণকাল অবসর্যাপনের কৌতুকে। সেই ক্ষণকাল এক মৃহুর্তে আমার
সামনে বৃহৎ হয়ে উঠল। চোথ দিয়ে জল পড়ছে তখন; ইচ্ছে করছে, সম্পূর্ণ আত্মনিবেদন
করে ভূমিষ্ঠ হয়ে প্রণাম করি কাউকে। কে সেই আমার পরম অন্তরক্ষ সঙ্গী মিনি
আমার সমস্ত ক্ষণিককে গ্রহণ করছেন তাঁর নিত্যে। তখনই মনে হল, আমার
এক দিক থেকে বেরিয়ে এসে আর-এক দিকের পরিচয় পাওয়া গেল; এযোহস্থ পরম
আনন্দ:। আমার মধ্যে এ এবং সে— এই এ যখন সেই সে-র দিকে এসে দাড়ায় তখন
তার আনন্দ।

সেদিন হঠাৎ অত্যন্ত নিকটে জেনেছিলুন, আপন সন্তার মধ্যে ছটি উপলব্ধির দিক আছে। এক, যাকে বলি আমি; আর তারই সঙ্গে জড়িয়ে মিলিয়ে যা-কিছু, যেমন আমার সংসার, আমার দেশ, আমার ধনজনমান, এই যা-কিছু নিয়ে মারামারি কাটাকাটি ভাবনা-চিন্তা। কিন্তু, পরমপুক্ষ আছেন সেই-সমন্তকে অধিকার করে এবং অতিক্রম করে, নাটকের প্রস্তা ও লন্তা যেমন আছে নাটকের সমন্তটাকে নিয়ে এবং তাকে পেরিয়ে। সন্তার এই ছই দিককে সব সমন্তে মিলিয়ে অহতব করতে পারি নে। একলা আপনাকে বিরাট থেকে বিচ্ছিয় করে হথে ছংখে আন্দোলিত হই। তার মাত্রা থাকে না, তার বৃহৎ সামঞ্জল্প দেখি নে। কোনো-এক সময়ে সহসা দৃষ্টি ফেরে তার দিকে, মৃক্তির আদ পাই তথন। যথন আহং আপন ঐকান্তিকতা ভোলে তথন দেখে সত্যকে। আমার এই অহত্তি কবিতাতে প্রকাশ পেয়ছে 'জীবনদেবতা' জেণীর কারে।

ওগো অন্তর্গতম, মিটেছে কি তব সকল তিয়াব আসি অন্তরে মম।

আমি যে পরিমাণে পূর্ণ অর্থাৎ বিশ্বভূমীন সেই পরিমাণে আপন করেছি তাঁকে, ঐক্য হরেছে তাঁর সঙ্গে। সেই কথা মনে করে বলেছিলুম, "তুমি কি খুলি হরেছ আমার মধ্যে তোমার লীলার প্রকাশ দেখে।"

বিশবেতা আছেন, তাঁর আসন লোকে লোকে, গ্রহচন্দ্রভারার। জীবনদেবতা বিশেষভাবে জীবনের আসনে, হাদরে হাদরে তাঁর পীঠস্থান সকল অয়ভূতি, সকল অভিজ্ঞতার কেন্দ্রে। বাউল তাঁকেই বলেছে মনের মাহ্র্য। এই মনের মাহ্র্য, এই সর্বমাহ্নবের জীবনদেবতার কথা বলবার চেষ্টা করেছি 'Religion of Man' বক্তাগুলিতে। সেগুলিকে দর্শনের কোঠায় ফেললে ভূল হবে। তাকে মতবাদের একটা আকার দিতে হয়েছে, কিন্তু বস্তুত সে কবিচিত্তের একটা অভিজ্ঞতা। এই আন্তরিক অভিজ্ঞতা অনেককাল থেকে ভিতরে ভিতরে আমার মধ্যে প্রবাহিত; তাকে আমার ব্যক্তিগত চিত্তপ্রকৃতির একটা বিশেষত্ব বললে তাই আমাকে মেনে নিতে হবে।

ষিনি সর্বজ্ঞগন্থত ভূমা তাঁকে উপলব্ধি করবার সাধনায় এমন উপদেশ পাওয়া যায় বে, "লোকালয় ত্যাগ করো, গুহাগহ্বরে যাও, নিজের সন্তাসীমাকে বিলুপ্ত করে অসীমে অস্তর্হিত হও।" এই সাধনা সম্বন্ধে কোনো কথা বলবার অধিকার আমার নেই। অস্তত, আমার মন যে সাধনাকে স্বীকার করে তার কথাটা হচ্ছে এই যে, আপনাকে ত্যাগ না করে আপনার মধ্যেই সেই মহান পুরুষকে উপলব্ধি করবার ক্ষেত্র আছে—তিনি নিখিল মানবের আ্যা। তাঁকে সম্পূর্ণ উত্তীর্ণ হয়ে কোনো আমানব বা অতিমানব সত্ত্যে উপনীত হওয়ার কথা যদি কেউ বলেন তবে সে কথা বোঝবার শক্তি আমার নেই। কেননা, আমার বৃদ্ধি মানববৃদ্ধি, আমার হৃদ্ধ মানবহৃদ্ধা, আমার কল্পনা মানবহৃদ্ধা, আমার বৃদ্ধি মানববৃদ্ধি, তা মানবহিত্ত কথনোই ছাড়াতে পারে না। আমরা যাকে বিজ্ঞান বলি তা মানববৃদ্ধিতে প্রমাণিত বিজ্ঞান, আমরা যাকে বন্ধানক বলি তাত মানববৃদ্ধিতে প্রমাণিত বিজ্ঞান, আমরা যাকে বন্ধানক বিল তাও মানবের চৈতত্তে প্রকাশিত আনল। এই বৃদ্ধিতে, এই আননে যাকে উপলব্ধি করি তিনি ভূমা, কিন্ধ মানবিক ভূমা। তাঁর বাইরে অন্ত কিছু থাকা না-ধাকা মাহুবের পক্ষে স্মান। মাহুরকে বিলুপ্ত করে যদি মাহুবের মৃক্তি, তরে মানুষ হলুম কেন।

একসময় বসে বসে প্রাচীন মন্ত্রগুলিকে নিয়ে ঐ আত্মবিলয়ের ভাবেই ধ্যান করেছিলুম। পালাবার ইচ্ছে করেছি, শান্তি পাই নি তা নয়। বিক্লোভের থেকে সহজেই নিয়ভি পাওয়া যেত। এ ভাবে হৃ:খের সময় সান্থনা পেয়েছি। প্রলোভনের হাত থেকে এমনি ভাবে উদ্ধার পেয়েছি। আবার এমন একদিন এল যেদিন সমস্তকে স্বীকার করলুম, সবকে গ্রহণ করলুম। দেখলুম, মানবনাট্যমকের মাঝখানে যে লীলা ভার জংশের অংশ আমি। সব জড়িয়ে দেখলুম সকলকে। এই-যে দেখা একে হোটো বলব না। এও সত্য। জীবনদেবতার সঙ্গে জীবনকে পৃথক করে দেখলেই হৃ:খ, মিলিয়ে দেখলেই মৃক্তি।

গ্রন্থপরিচয়

রচনাবলীর বর্তমান খণ্ডে মৃদ্রিত গ্রন্থগোলর প্রথম প্রকাশের তারিখ ও রচনা-সংক্রান্ত অক্যান্ত জ্ঞাতব্য তথ্য গ্রন্থপরিচয়ে সংকলিত হইল। পূর্ণতর তথ্যসংগ্রহ সর্বশেষ খণ্ডে একটি পঞ্জীতে সংকলিত হইবে।]

পত্ৰপুট

পত্রপূট ১৩৪৩ সালের ২৫ বৈশাথ গ্রন্থাকারে প্রকাশিত হয়। তৎপূর্বে ইহার অধিকাংশ কবিতা বিভিন্ন সাময়িক পত্রে প্রকাশিত হইয়াছিল—

পত্ৰপুট-সংখ্যা	সাময়িক পত্ৰে প্ৰকাশিত নাম	পত্ৰিকা
3	বিস্মন্ন	প্রবাসী। কার্তিক ১৩৪২
2	ছুটি	কবিতা। পৌষ ১৩৪২
•	পৃথিবী	প্রবাসী। অগ্রহায়ণ ১৩৪২
e	शरप	প্রবাসী। পৌষ ১৩৪২
&	পথের মান্ত্য	विहिजा। याच ১७८२
9	সার্থক আলস্থ	প্রবাসী। याघ ১৩৪२
ь	পেয়াশী	প্রবাসী। ফান্তুন ১৩৪२
>•	দেহাতীত	প্রবাসী। চৈত্র ১৩৪२
>>	উमां मीन	প্রবাসী। বৈশাখ ১৩৪৩
>5	'বসেছি অপরাত্ত্বে পারের ঝেয়াঘাটে'	প্রবাসী। জ্যৈষ্ঠ ১৩৪৩
১৬	আফ্রিকা	व्यवांगी। देखा ३७८०
59	वृक्तः भव्रभः शच्छामि	व्यवागी। याच ১७८८
74	(भट्यत्र त्योन	বিচিত্রা। বৈশাখ ১৩৪৩

পত্রপুটের বর্তমান যোলো ও সতেরো নদংখ্যক কবিতা, ১৩৪৫ সালে প্রকাশিত বিতীয় সংস্করণে গ্রন্থভুক্ত হয়। যোলো-সংখ্যক কবিতার 'মিলহীন পদ্মছন্দে' লিখিত অন্ত তুইটি পাঠ এখানে মৃদ্রিত হইল। 'আফ্রিকা

বিশ্বভারতী পত্রিকা : প্রাবশ-আবিন ১৩৫১

উদ্প্রাস্থ আদিম যুগে

কম্র সম্ব্রের বাছ ছিন্ন করি নিয়ে গেল ভোরে
প্রাচী ধরিতীর বক্ষ হতে
রে আফ্রিকা,
রেথে দিল নির্বাসনে মহা-অরণ্যের অন্ধকারে।

লতাগুদ্ম-অবরুদ্ধ বনঘনিমায়

চিনে নিভেছিলে পথ

তিমির বিদীর্ণ করি তীক্ষ দৃষ্টি দিয়ে।

বিদ্রুপ করিতেছিলে ভীষণেরে

নিজেরে বিরূপ করি—
ভয়মোচনের মস্ত্রে

আপনারে দিতেছিলে বিভীষার প্রচণ্ড মহিমা
তাণ্ডবের হন্দুভি বাজায়ে।
অরণ্যের প্রেরণায়
রচনা করিতেছিলে
জীবনের অষ্ঠান
অরণ্যের মতো,

অর্থগ্রন্থিইীন, খচিত বিবিধ বর্ণে, সহজে উদ্ভূত জটিশতা।

সেদিন উঠিতেছিল দূর মহাদেশে

নব নব বাণীর নির্যোব

নব নব দিন-অভ্যাদরে

মানবচিত্তের তুক্ত গিরিশৃক্ত-পরে

উন্নাধিত ইতিহাস প্রকাশ লভিতেছিল অকমাৎ স্টিতে প্রলয়ে; বারম্বার-অবলুপ্ত সভ্যতার ভূগর্ভবিলীন কবরের 'পরে উঠেছে হঠাৎফুর্ত প্রতাপের স্পর্ধিত প্রতাকা।

স্পৃষ্টির আরম্ভযুগে থাকে যে শুক্তিত অন্ধকার
গর্ভে বহি শিশু স্থাতারা
নিভূতে আছিলে তুমি
তেমনি তমিপ্রঘন
ধরণীর ধ্যানের মন্দিরে।
অন্ধকারভাগুরের রহস্তসম্পদ যত,
অধরা, অক্টোওয়া, নিতেছিলে সন্ধান তাহার।
মান্নাবিনী প্রকৃতির যত মান্না
ধরিতে শিধিতেছিলে ইক্সিম্নের ফাঁদে।

হায়াছয় হে আফ্রিকা,
কালো অবগুঠনের তলে
আছিলে অপরিচিতা তব প্রতিবেশিনীর কাছে।
রূপমদোদ্ধত ইয়ুরোপ
দহ্যবেশে গিমেছিল দীপহীন তোমার প্রাঙ্গণে
তোমার বক্ষের 'পরে চালায়েছে রথ,
যেখানে বেদনাভরা মানবন্ধদয়
তক্ষছামে ছিল প্রসারিত।
সভ্যের বর্বর লোভ নয় করেছিল অন্ধকারে
নির্লক্ষ অমাহ্যবিতা।
অঞ্চ তব রক্ত-সাথে মিশে
ভাষাহীন ক্রন্দনের পথ
দিয়েছে পিছল করি—

দস্থাপদপাত্তকার তলে

অশুচি কর্দম সেই

চিরচিন্স দিয়ে গেছে তোমার তুর্ভাগা ইতিহাসে।

তথনি তাদের দেশে দয়াময় দেবতার নামে

মন্দিরে বাজিতেছিল পূজাঘণ্টা প্রভাতে সন্ধ্যায়,

শিশুরা খেলিতেছিল মার কোলে,

অবাধে ধ্বনিতেছিল কবির সংগীতে

স্বদরের আরাধনা।

আজ হেরো পশ্চিমনিগস্তে হোপা
বাঞ্চামেঘে উঠে ওই বজ্রের বাঞ্চনা
ধূলিবাপ্স-আবর্তের আবিল আকাশে—
দিন বৃঝি হল অবসান।
পশুরা উঠিল গর্জি ছিল যারা গোপন গহরের—
নথে নথে ছিন্ন করিতেছে তারা
অঙ্গনের বছমূল্য আন্তর্মণ,
ধূলিরে করিছে অবারিত।

এসো তৃমি যুগান্তের কবি—

আত্ম-অবমাননার আসম সন্ধার অন্ধকারে

এই চিরনিপীড়িতা মানবীর কাছে,

এই অবমানিতার হারে,

ক্ষমা ভিক্ষা করো।

হোক ভাহা তব সভ্যতার

হিংল্ল প্রকাপের মাঝে শেষ পুণ্যবাণী।

আফ্রিকা

कविछा : व्यापिन ১७८८

উদ্ভ্ৰাস্ত আদিন যুগে ষবে একদিন

আপনাতে স্ত্রার আপন অসম্ভোষ

বিক্ষত করিতেছিল বারবার নৃতন স্ষ্টিরে

एक्टि फिन

রুজ সমৃজের বাহু ভোমারে নিরেছে ছিন্ন করি প্রাচী ধরিতীর বন্ধ হতে

হে আফ্রিকা।

সেথার অরণ্য-অন্তরালে
নিভূতে গোপন অবকাশে
হুর্গমের বিহ্যা তুমি করেছ সঞ্চর
দিনে দিনে।

জলস্থল-বাতাসের

তুৰ্বোধ সংকেত যত নিয়েছ চিনিয়া।

প্রকৃতির মারা

ধরিতে শিথিতেছিলে আপন চেতনাভীত মনে।

বিদ্রূপ করিতেছিলে ভীষণেরে

ञांभनादा कतिया विक्रभ,

শহারে যানাতে হার

নিজেরে অর্পিতেছিলে বিভীষার প্রচণ্ড মহিমা তাওবের হন্দুভিনিনাদে।

ছারাচ্ছর হে আফ্রিকা, কালো অবগুঠনের তলে আছিল অপরিচিত ভোমার মানবরূপ উপেক্ষার আবিল দৃষ্টিতে। এল তারা দলে দলে
তোমার শাপদ হতে ক্রেতর যারা,
এল তারা গর্বে যারা অন্ধ্রায়
স্বহারা তোমার অরণা-চেয়ে।

সেথা অন্ধকারে

সভ্যের বর্বর লোভ উলঙ্গ করিল আপনার নির্লজ্জ তুর্মাস্থতা।

অশ্রু তব রক্ত-সাথে মিশে ভাষাহীন ক্রন্দনের বাস্পাকুল পথ ভূবালো পঙ্কের শুরে।

দস্থাপদপাত্কার তলে বীভৎস কর্দম

চিরচিহ্ন দিয়ে গেল ভোমার তুর্ভাগা ইতিহাসে।

সে মৃহুর্তে তাদের পদ্ধীতে

যন্দিরে বাজিতেছিল দয়াময় দেবতার নামে
পূজাঘণ্টা প্রভাতে সন্ধ্যায়,
শিশুরা খেলিতেছিল মার কোলে,
অবাধে ধ্বনিতেছিল কবির সংগীতে
স্কারের আরাধনা।

আজ যবে পশ্চিমদিগন্ততলে

বঞ্চাঘাতে ক্ষমান মৃম্ব্ প্রদোষ,
গোপনগহররচারী পশুর অশুভ ধ্বনি
দিনাস্তের করিছে ঘোষণা,

এলো মৃগান্তের কবি—

স্বনন্ত এ সন্ধ্যার শেষ ক্রিপাতে

নির্দাদিত ওই মানহারা মানবীর কাছে ক্রমা ভিক্ষা করে।,

হোক তাহা তব সভাতার হিংম্র প্রলাপের মাবে শেষ পুণাবাণী।

সতেরো-সংখ্যক কবিতার অহা একটি রূপ নবজাতক গ্রন্থে মৃদ্রিত আছে। এখানে তাহা উদ্ধৃত হইশ।

বুদ্ভজি

জাপানের কোনো কাগজে পড়েছি, জাপানি দৈনিক যুদ্ধের সাফল্য কামনা করে বৃদ্ধমন্দিরে পুজা দিতে গিয়েছিল। ওরা শক্তির বাণ মারছে চীনকে, ভক্তির বাণ বৃদ্ধকে।

হংকত যুদ্ধের বাতা
সংগ্রহ করিবারে শমনের থাতা।
সাজিয়াছে ওরা সবে উৎকটদর্শন,
দত্তে দত্তে ওরা করিতেছে ঘর্ষণ,
হিংসার উম্মায় দারুণ অধীর
সিদ্ধির বর চায় করুণানিধির—
ওরা তাই স্পর্ধায় চলে
বুদ্ধের মন্দিরতলে।
তুরী ভেরি বেজে ওঠে রোবে গরোগরো,
ধরাতল কেঁপে ওঠে তালে থরোথরো।

গজিয়া প্রার্থনা করে;
আর্তরোদন যেন জাগে ঘরে ঘরে।
আত্মান্তর্বদন করি দিবে ছিন্ন,
গ্রামপল্লীর রবে ভন্মের চিহ্ন,
হানিবে শৃত্ত হতে বহিন-আঘাত,
বিভার নিকেতন হবে ধ্লিসাৎ—
বক্ষ ফ্লান্তে বর বাচে
দ্যাময় বুদ্ধের কাছে।

তৃরী ভেরি বেজে ওঠে রোধে গরোপরো, ধরাতল কেঁপে ওঠে তালে থরোপরো।

তালে তালে মন্ত্রিত হবে জয়ভয়।
নারীর শিশুর মত কাটা-ছেড়া জ্বন
জাগাবে অটুহানে পৈশাচীরক,
মিথ্যায় কলুমিবে জনতার বিশ্বাস,
বিষবান্দের বাবে রোধি দিবে নিশাস—
মৃষ্টি উচায়ে তাই চলে
বুজেরে নিতে নিজ দলে।
তুরী ভেরি বেজে ওঠে রোবে গরোগরো,
ধরাতল কেঁপে ওঠে ত্রানে থরোগরো।

শান্তিনিকেতন ৭ জামুয়ারি ১৯৩৮

পত্রপুটের আঠারো-সংখ্যক কবিভার একটি পাঠান্তর পাণ্ড্লিপি হইতে উদ্ধৃত হইল—

এলো অন্তরে গভীর নির্বাক্,
সংগীত যদি সঞ্চিত থাকে থাক্,
এখনো ক্লান্ত নাহন্ন না হল গলা;
শক্তির নাঝে যত-কিছু আছে দান
সব যদি করি নিংশেষে অবসান,
সব কথা যদি শেষ হন্দে যান্ন বলা,
বলার অতীত যাহা তার তরে তবে
অবকাশটুকু কিছু আর নাহি রবে,
শব্দে লুকাবে স্তব্ধের মহাবাণী—

লীলা হারাইয়া গুরুজার হয় খেলা, নীড়ের পাথির উড়িবার যায় বেলা, থামিবার দিনে থামিতে যদি না জানি।

দিবস ঢালে যা মৃথর মৃথের কথা
রক্তনীতে তার নীরব সার্থকতা,
তারার আলোয় দিনের আলোর ছুটি।
মাহ্যবেরে ঢাকে সংসারে নানা কাব্দে,
উজ্জল রূপ লভে শ্বরণের মাঝে,
চরমের ভাষা আভাসেতে উঠে ফুটি।

মোর হৃদয়ের কথিত বাণীর ধারা

অকথিত বাণী-সমৃদ্রে হোক সারা,

পূর্ণ সে হোক মিলিয়া মৌন-সাথে।

জানা জীবনের নানা বেদনার কবি

রেখে দিয়ে যেন যায় পজানার ছবি

যে শেষ অশেষ হেন মরণের রাতে।

[শান্তিনিকেতন] ১ কৈশাধ ১৬৪৩

ग्रामनी

শ্রামলী ১৩৪৩ সালের ভাত্র মাসে গ্রন্থাকারে প্রকাশিত হয়। তৎপূর্বে ইহার অনেক কবিতা বিভিন্ন সাময়িক পত্রে প্রকাশিত হইয়াছিল—

नाम	পত্ৰিকা
শেষ পছরে	বিচিত্রা। আষাত ১৩৪৩
আমি	পরিচয়। ভাবে ১৩৪৩
ষপ্ন	কবিতা। আশ্বিন ১৩৪৩
চির্যাত্রী	প্রবাসী। ভার ১৩৪৩
বিদায়-বরণ	বিচিত্রা। ভাত্র ১৩৪৩
অকাল ঘুম	প্রবাসী। প্রাবণ ১৩৪৩
वैनि अप्रामा	প্রবাসী। আশ্বিন ১৩৪৩
অমৃত	প্রবাসী। আশ্বিন ১৩৪৩
বঞ্চিত, অপর পক্ষ	পরিচয়। বৈশাখ ১৩৪৩
	:

'দ্বৈত' কবিতার একটি পাঠাস্তর আষাঢ় ১৩৪৩ প্রবাসীতে প্রকাশিত হইয়াছিল ; এখানে তাহা মৃদ্রিত হইল।

ষৈত

প্রথম দেখেছি তোমাকে,
বিশ্বরূপকারের ইঙ্গিতে,
তথন ছিলে তুমি আভাসে।
যেন দাঁড়িয়ে ছিলে বিধাতার মানসলোকের
সেই সীমানায়
সৃষ্টির আঙিনা যেখানে আরম্ভ।

যেমন অন্ধকারে ভোরের ব্যঞ্জনা অরণ্যের অশ্রুতপ্রায় মর্মরে

১ এই বুখা-কবিতা 'পাত্র ও পাত্রী ১') চক্রমন্নিকা ২) অপরপক্ষ' নামে পরিচরে প্রকাশিত হয়।

আকাশের অস্পষ্টপ্রায় রোমাঞে— উषा यथन পांत्र नि जांशन नांग, যখন জানে নি আপনাকে। তার পরে সে নেমে আসে ধরাতলে; তার মুখ থেকে অসীমের ছান্না-ঘোমটা পড়ে খ'সে উদয়সমূদ্রতটে। পৃথিবী তাকে আপন রঙে রাঙিয়ে তোলে, পরায় তাকে আপন হাওয়ার উত্তরীয়। তেমনি তুমি এসেছিলে ছবির প্রাস্তরেখাটুকু আমার হৃদয়ের দিগন্তপটে। আমি তোমার চিত্রকরের শরিক; কথা ছিল, তোমার 'পরে মনের তুলি আমিও দেব বুলিয়ে, তোমার রচনা সম্পূর্ণ করব আমি।— দিনে দিনে তোমাকে রাঙিয়েছি আমার ভাবের রঙে। আমার প্রাণের হাওয়া বইন্ধে দিয়েছি তোমার চারি দিকে, কখনো ঝড়ের বেগে, कथरना मृज्यन वी करन।

একদিন ত্যুলোকের দূরত্বে ছিলে তুমি অধরা,
ছিলে তুমি একলা বিধাতার,
একের নির্জনে।
আমি বেঁধেছি তোমাকে তৃইয়ের গ্রন্থিতে;
তোমার স্ঠাই আন্ধ্র তোমাতে আরু আমাতে,
তোমার বেদনায় আমার বেদনায়।
আন্ধ্র তুমি আপনাকে চিনেছ
আমার চেনা দিয়ে,
আমার সীমাবন্ধনে তুমি স্পাষ্ট।

আমার বিশ্বিত দৃষ্টির সোনার কাঠির স্পর্ণে জাগ্রত তোমার আনন্দরূপ তোমার আপন চৈতক্যে।

বরানগর ৯ জ্যৈষ্ঠ ১৩৪৩

'জকাল ঘুম' কবিতাটির একটি পূর্বতন পাঠ পাঙ্লিপি হইতে উদ্যুত করা গেল। ইহার চতুর্থ ন্তবকটি কবির স্বহন্তের লেখায় একাধিক খাতাতেই আছে, এবং ঘটনা-বিবৃতি অহসরণ করিবার পক্ষে অমুকূল বলিয়া প্রণিধানযোগ্য—

এসেছি অনাহ্ত,
মনে ছিল—
কোমরে-আঁচল-জড়ানো ব্যস্তভায় ওর
অসময়ে দেব বাধা।
চমক লাগল ঘরের হুয়ারে পা বাড়িয়ে,
চোথে পড়ল মেঝের 'পরে এলিয়ে পড়া
অকাল ঘুমের ছবিখানি।
হুখানি হাত গালের নীচে জড়ো করে
আজ পড়েচে ঘুমিয়ে শিধিল দেহে
উৎসবরাত্রির অবসাদে
অসমাপ্ত ঘরকরার এক ধারে।

দ্র পাড়ায় বিয়েবাড়িতে
বাজচে সানাই সারং স্থরে,
প্রথম প্রহর পেরিয়ে গেছে
জ্যৈষ্ঠের রৌদ্রে ঝামরে পড়া
সকালবেলায়। এই তো
কোমরে-আঁচল-বাঁধা ব্যস্তভার সময়,
এতক্ষণে কর্মশ্রোত বইত জ্বলে অক্ষে—

इठां रगरइ (धरम। যেন ভরা বাদলের মাঝখানে অকস্মাৎ বৃষ্টির অবসর। ঘড়ির উপেক্ষিত ইন্সিত চলচে পাশের টেবিলে, (मत्रांत्न ज्नाट मिनश्री। চলতি মৃহুৰ্তগুলি निक्त अक-मृहुर्छ श्रुष्त भिर्ण ए ওর নিস্তন্ধ নিদ্রায়। ঘটি হপ্ত চোথের কালো পক্ষভায়া পড়েছে পাণ্ডুর কপোলে। ক্লান্ত দেহের করুণ মাধুরী যেন সারারাত-জাগা পূর্ণিমার मकारलत है। टिए टिए पिथे जिय অকাল ঘুমের ছবিখানি।

ঘুম ভেঙে অভিমানভরে সে বললে, "ছি ছি, কেন জাগালে না এতক্ষণ!" আমি তার জবাব দিই নি ঠিকমত।

এ ছবি অনেক দিনের ছবি।
অনেক দ্রের মূল্যে এ আজ অসামান্ত।
প্রতিদিনের ছোঁওরা লাগবে না এর গারে;
যে ভাষার পূর্ব হস্ত এর অর্থ
শে আমার জানা নেই,
শে বৃঝি কোন্ পৌরাণিক যুগের ধ্বনিগন্তীর ভাষা,

আজকের দিনের অপরিচিত।

সেদিন গলির ও পারের পাঠশালার
ছেলেরা চেঁচিরে পড়ছিল নামতা,
পাট-বোঝাই মোষের গাড়ি
চাকার ক্লিষ্ট শব্দে চলেছিল রাস্তার,
ছাদ পিটোচ্ছিল পাড়ার কোন্ বাড়িতে,
জানলার নীচে বাগানে
চালতা গাছের তলার
উচ্ছিষ্ট আমের আঠি নিয়ে
টানাটানি করছিল একটা কাক—
আজ এ-সমস্তর উপরেই লেগেছে
সেই দ্র কালের মারা।
ইতিহাসবিশ্বত
তুচ্ছ মধ্যাহ্লের রৌদ্রে
এরা অপরূপের রসে রইল ঘিরে
সেই অকালঘুমের ছবিখানি।

বিভিন্ন পাণ্ড্লিপি আলোচনা করিয়া দেখা যায় 'কনি' (পৃ ৮৭-৯৪) কবিতাটির নানা পাঠান্তরের ভিতর দিয়া একপ্রকার রূপান্তর ঘটিয়াছে। পূর্ববর্তী একটি পাঠে 'টেমি' কুকুরের কোনো প্রসন্ধ নাই, পক্ষান্তরে কনির পুতৃলের বিয়ে ও তর্পলক্ষে অমলের সহিত তাহার মান-অভিমানের বর্ণনা আছে। উপসংহারটুকু সম্পূর্ণ অক্সরূপ, যেমন, ১০ পৃষ্ঠার সপ্তম ছত্র হইতে—

হঠাৎ গর্জন উঠল "কে রে"; লাফ দিতে যাচ্ছি গাছ থেকে,

১ অপ্রকাশিতপূর্ব তবক। অন্ত এক পাণ্ডুলিপিতে ইহারই ইবং ভিন্ন পাঠ আছে।

কনি বললে, "কথ্খনো না— ফল পাড়ো তুমি।" श्रद्धः भिवतायवाव्। वनलन, "बात्र कारना विशा श्रव ना वानू, চুরিবিতাই শেষ ভরশা।" কনি বললে, "ওঁকে ডেকে এনেছি আমিই তো। মিছে বোকো না অমলদাকে।" শিবরামবাবু কান দিলেন না সে কথার। বললেন, "লোভী তুমি। এই চুরির ফল ভোগ করতে পাবে না, এই তোমার শান্তি।" ঝুড়িটা নিম্নে গেলেন তিনি, পাছে ফলবান হয় পাপের চেষ্টা। कनित्र इंशे किया पिरत জল পড়তে লাগল মোটা মোটা ফোটায়— ওর চোখে জল দেখেছি এই প্রথম।

মাঝথানে অনেকথানি ফাঁক।
বিলেত থেকে ফিরে এসে দেখি,
কনির হয়ে গেছে বিয়ে।
মাথায় উঠেছে কাপড়,
দিথেয় দিঁত্র,
শাস্ত হয়েছে চোথের দৃষ্টি;
স্বর হয়েছে গন্ডীর।

আমি রসায়নের কারখানায় ওয়্ধ বানিয়ে থাকি। উন্নতির আশা আছে এইরকম জনশ্রুতি।

শিবরামবাবুর জামাই
বাজি রেখে বিন্সিতি চালে তাস খেলেন
সন্ধ্যাবেলায় বন্ধুমণ্ডলীতে,
তাঁর সিনেমা দেখবারও
অপরিমিত শখ।
শিবরামবাবু চেষ্টা করেছেন
পাপসংশোধনের,
উভয়ের মধ্যে বিচ্ছেদ ঘটেছে তর্কের ফলে,
তিনি চলে গেছেন ছশিয়ারপুরে।

এমনি চলচে আমার দিন কর্মচক্রে বাঁধা।

গ্রামের বাড়ি সংস্কার করব বলে
গিরেছি সেখানে কাজের ছুটি নিরে।
তথন কনি এসেছে খণ্ডরবাড়ি থেকে
তার মারের কাছে।
দ্বের থেকে দেখি ভাকে বাগানে,
বলে আছে অশ্থগাছের বাঁধা চাভালে।
কতবার যাই-যাই করে মন,
ভেবে পাই নে যাবার অধিকার
এখনো আছে কি নেই।

রবীন্দ্রনাথের 'মাটির বাসা' 'শেষবেলাকার ঘরখানি'র উদ্দেশে লিখিত 'খ্যামলী' কবিতা-প্রসদ্দে 'শেষ সপ্তক'-এর চুন্নাল্লিশ-সংখ্যক কবিতাও দ্রন্তব্য। ২৫ বৈশাখ ১৩৪২ তারিখে খ্যামলীগৃহ-প্রবেশ উপলক্ষে শিল্পী শ্রীস্ক্রেন্দ্রনাথ করকে লিখিত কবিতাটিও ১৩৪২ জ্যৈচের প্রবাসী হইতে এই প্রসদ্ধে উদ্ধৃত করা মাইতে পারে—

শ্রীৰুক্ত হরেশ্রদাধ কর কলাণীয়েষু

ধরণী বিদায়বেলা আজ মোরে ডাক দিল পিছু—
কহিল, "একটু থাম্, তোরে আমি দিতে চাই কিছু,
আমার বক্ষের স্নেহ; রাখিব একান্ত কাছে ধরে
যে ক'দিন রয়েছিল হেখা, ঘিরিয়া রাখিব তোরে
স্পর্শ মোর করি মৃতিমান।"

হে স্বেক্র, গুণী তৃমি,
তোমারে আদেশ দিল ধ্যানে তব মোর মাতৃভূমি—
অপরপ রপ দিতে শ্রামন্ত্রির তাঁর মমতারে
অপূর্ব নৈপুণাবলে। আজ্ঞা তাঁর মোর জন্মবারে
সম্পূর্ণ করেছ তৃমি আজি। তাঁর বাহুর আহ্বান
নিঃশন্দ সৌন্দর্যে রচি আমারে করিলে তৃমি দান
ধরণীর দৃত হয়ে। মাটির আসনখানি ভরি
রূপের যে প্রতিমারে সমুখে তৃলিলে তৃমি ধরি
আমি তার উপলক্ষ; ধরার সন্তান যারা আছে
ধরার মহিমাগান করিবে সে সকলের কাছে।
পাঁচিশে বৈশাথে আমি একদিন না রহিব যবে
মোর আমন্ত্রণথানি তোমার কীর্তিতে বাঁধা রবে,
তোমার বাণীতে পাবে বাণী। সে বাণীতে রবে গাঁধা,
ধরারে বেসেছি ভালো, ভূমিরে জ্লেনেছি মোর মাতা।

শান্তিনিকেতৰ ২৫ কৈশাখ ১৩৪২

পরিত্রাণ

পরিত্রাণ ১৩৩৬ সালের জ্যৈষ্ঠমানে গ্রন্থাকারে প্রকাশিত হয়। তৎপূর্বে ১৩০৪ সালের বার্ষিক শারদীয়া বস্থমতীতে ইহা মৃদ্রিত হইয়াছিল।

পরিত্রাণ 'বউঠাকুরানীর হাট' উপন্থাসের নাট্যরূপ 'প্রায়শ্চিত্ত' নাটকের পুন:সংস্কৃত রূপ; ইহার কোনো কোনো অংশ প্রায়শ্চিত্ত হইতে গৃহীত, অবশিষ্ট অংশ নৃতন।

গল্পগুচ্ছ

বর্তমান খণ্ডে মৃত্রিত গল্পগুলি ১৩০২ সালে সাময়িক পত্রে প্রকাশিত হই রাছিল। নিয়ে প্রকাশস্চী প্রদত্ত হইল—

नाम	পত্ৰিকা
যানভঞ্জন	সাধনা। বৈশাখ ১৩০২
ঠাকুরদা	माधना। टेकार्छ ১००२
প্রতিহিংসা	সাধনা। আষাত ১৩০২
শ্বৃধিত পাষাণ	गांधना । खांचन ১७०२
অতিথি	সাধনা। ভাত্ৰ-কার্তিক ১৩০২
ইচ্ছাপুরণ	স্থা ও সাথী। আশ্বিন ১৩০২

রাশিয়ার চিঠি

রাশিরার চিঠি ১০০৮ সালের ২৫ বৈশাখ গ্রন্থাকারে প্রকাশিত হয়। তৎপূর্বে এই গ্রন্থের অন্তর্ভুক্ত পত্র ও প্রবন্ধাবলী প্রবাসীতে প্রকাশিত হয়, নিমে প্রকাশস্চী মৃদ্রিত হইল—

সংখ্যা বা নাম	প্রবাসীতে প্রকাশিত গ্রন্থবহির্ভূত নাম	প্রকাশকাল
>	রাশিয়ায় লোকশিকা (১)	অগ্রহারণ ১৩৩৭
2	রাশিয়ার সর্বব্যাপী নির্ধন্তা	পৌষ ১৩৩৭
৩	রাশিয়ায় সকল মাহুষের উন্নতির চেষ্টা [১]	পৌষ ১৩৩৭
8	রাশিয়া সম্বন্ধে রবীন্দ্রনাথের পত্রাবলী [১]	कांबुन ১००१
¢	রাশিয়ায় সকল মামুষের উন্নতির চেষ্টা [২]	পৌষ ১০৩৭
•	রাশিয়ার শিক্ষাবিধি [১]	চৈত্ৰ ১৩৩৭

সংখ্যা বা নাম	প্রবাদীতে প্রকাশিত গ্রন্থবহির্ভূত নাম	প্রকাশকাল
9	শোভিয়েট রাশিয়ার শিক্ষাব্যবন্থা [১]	मोघ ১०७१
b	সাইমন কমিশনের কর্ল	অগ্রহায়ণ ১৩৩৭
	রবীন্দ্রনাথের কয়েকটি পত্রাংশ [৩]	অগ্ৰহায়ণ ১৩৩৭
•	রাশিয়ায় লোকশিকা (২)	অগ্রহায়ণ ১৩৩৭
>•	সোভিয়েট রাশিয়ার শিক্ষাব্যবন্থা [২]	गांच ১००१
>>	রাশিয়া সম্বন্ধে রবীন্দ্রনাথের পতাবলী [২]	ফান্ধন ১৩৩৭
52	রাশিয়া সম্বন্ধে রবীন্দ্রনাথের পত্রাবলী [৩]	ফাল্পন ১৩৩৭
30	রাশিয়ার শিক্ষাবিধি [২]	চৈত্ৰ ১৩৩৭
78	রাশিয়ার শিক্ষাবিধি [৩]	टेह्य ५७७१
উপসংহার	শেভিয়েট নীতি	বৈশাখ ১৩৩৮
পরিশিষ্ট		
গ্রামবাসী	দিগের প্রতি	१९०८ क्रवर्
পল্লীদেবা		ফাস্কন ১০৩৭
_	বকের রাষ্ট্রিক মত	পৌষ ১৩৩৬

১-সংখ্যক চিঠি শ্রীরথীন্দ্রনাথ ঠাকুরকে; ২ ও ৪ -সংখ্যক চিঠি শ্রীনির্মলকুমারী মহলানবীশকে; ৩ ও ৫ -সংখ্যক চিঠি শ্রীপ্রশাস্তচন্দ্র মহলানবীশকে; ৬-সংখ্যক চিঠি শ্রীপ্রাণা অধিকারীকে; ৭, ১০, ১১ ও ১২ -সংখ্যক চিঠি শ্রীপ্ররেক্সনাথ করকে; ৮-সংখ্যক চিঠি এবং 'উপসংহার' রামানন্দ চট্টোপাধ্যায়কে; ৯-সংখ্যক চিঠি শ্রীনন্দলাল বস্থকে; ১৩-সংখ্যক চিঠি কালীমোহন ঘোষকে এবং ১৪-সংখ্যক চিঠি শ্রীপ্রধীন্দ্রনাথ দত্তকে লিখিত হয়। 'রবীন্দ্রনাথের কয়েকটি পত্রাংশ' শিরোনামে অগ্রহায়ণ ১০০৭ প্রবাসীতে প্রকাশিত ও রামানন্দ চটোপাধ্যায়কে লিখিত একটি চিঠি (২৬ অগ্যট ১৯০০) রাশিয়ার চিঠিতে ৮-সংখ্যক চিঠির পরিশেষে ("বাইরের সকল কাজের উপরেও… বিপদে পড়তে হয়" অংশ) যুক্ত হইয়াছে।

১৯৩০ সালের পূর্বেও রবীন্দ্রনাথ একাধিকবার রাশিয়ায় আমন্ত্রিত হইয়াছিলেন;
১৯২৬ ও ১৯২৯ সালে রাশিয়া-যাত্রার প্রস্তাব তাঁহার স্বাস্থ্যভঙ্গহেতু কার্যে পরিণত
হইতে পারে নাই; অবশেষে ১৯৩০ সালে মুরোপভ্রমণ উপলক্ষে তিনি হ্যারি
টিম্বার্স্, কুমারী মার্গ ট আইনস্টাইন, জ্রীসোম্যেন্দ্রনাথ ঠাকুর, জ্রীআরিয়াম উইলিয়াম্স্
(আর্ধনায়কম্) ও জ্রীঅমিয় চক্রবর্তীকে সঙ্গে লইয়া রাশিয়া-দর্শনে যান এবং
১১ সেপ্টেম্বর হইতে ২৫ সেপ্টেম্বর পর্যন্ত অবস্থান করিয়া বিভিন্ন প্রতিষ্ঠানাদি

পরিদর্শন করেন। এই পর্যানের বিবরণ বিশ্বভারতী-কর্তৃক প্রকাশিত Letters from Russia পুস্তকের পরিশিষ্টে লিপিবদ্ধ আছে।

রাশিয়া রবীন্দ্রনাথকে কোন্ ভাবে উদ্বোধিত করিয়াছিল, রাশিয়া-দর্শনের অব্যবহিত পরে লিখিত অক্তান্স চিঠিতেও স্থানে স্থানে তাহা দেখিতে পাওয়া যায়—
[১৯৬٠]

ধনীপরিবারের ব্যক্তিগত অমিতব্যন্থিতার উপরে এবার আমার আন্তরিক বৈরাগ্য হয়েছে। দেনাশোণের ভাবনা ঘূচে গেলেই দেনা বাড়াবার পথ একেবারে বন্ধ করতে হবে। তা ছাড়া নিজেদের ভরণপোষণের দান্ধিত্ব আমাদের গরিব চাযি প্রজাদের 'পরে যেন আর চাপাতে না হয়। এ কথা আমার অনেক দিনের পুরোনো কথা। বহুকাল থেকেই আশা করেছিলুম, আমাদের জমিদারি যেন আমাদের প্রজাদেরই জমিদারি হয়—আমরা যেন উস্টির মতো থাকি। অল্প কিছু খোরাক-পোশাক দাবি করতে পারব, কিন্তু গে ওদেরই অংশিদারের মতো। কিন্তু দিনে দিনে দেখলুম, জমিদারি-রথ সে রান্তায় গেল না— তার পরে যথন দেনার অন্ধ বেড়ে চলল তখন মনের থেকেও সংকল্প সরাতে হল। এতে করে ত্থে বোধ করেছি— কোনো কথা বলি নি। এবার যদি দেনা শোধ হয় তা হলে আর-একবার আমার বহুদিনের ইচ্ছা পূর্ণ করবার আশা করব।

আমি যা বছকাল ধ্যান করেছি রাশিয়ায় দেখলুম, এরা তা কাজে থাটিয়েছে; আমি পারি নি বলে তৃঃধ হল। কিন্তু হাল ছেড়ে দিলে লজ্জার বিষয় হবে। অল বয়সে জীবনের যা লক্ষ্য ছিল শ্রীনিকেতনে শান্তিনিকেতনে তা সম্পূর্ণ সিদ্ধ না হোক, সাধনার পথ অনেকথানি প্রশস্ত করেছি। নিজের প্রজাদের সম্বন্ধেও আমার অনেক কালের বেদনা রয়ে গেছে। মৃত্যুর আগে সে দিককার পথও কি থুলে যেতে পারব না।…

এই পরিশিষ্টের শেষ অংশে ধনীর পোশাক আমাদের ছাড়তে হবে, নইলে লজ্জা ঘূচবে না। আমার ভাগ্যবিধাতার আশ্চর্য বিধান এই যে, এখন থেকে শেষ পর্যস্ত নিজের জীবিকা নিজের চেষ্টার উপার্জন করতে পারব।

—চিঠিপত্ৰ ৩। শ্ৰীপ্ৰতিমা দেবীকে লিখিত

১৪ অক্টোবর ১৯৩০

এবার রাশিয়ার অভিক্রতার আমাকে গভীরভাবে অনেক কথা ভাবিয়েছে।
প্রচুর উপকরণের মধ্যে আত্মসমানের যে বিশ্ব আছে সেটা বেশ স্পষ্ট চোখে দেখতে
পেয়েছি। সেখান থেকে ফিরে এসে মেণ্ডেলদের ঐশ্বর্যের মধ্যে যখন পৌছলুম, একটুও
ভালো লাগল না— ব্রেমেন জাছাজের আড়ম্বর এবং অপব্যন্ত প্রতিদিন মনকে বিমুধ

করেছে। ধনের বোঝা কী প্রকাণ্ড এবং কী অনর্থক। জীবনযাত্রার কত জটিলতা কত সহজেই এড়ানো যেতে পারে।

७३ व्यक्तिवर ३३००

জমিদারির অবস্থা লিখেছিল। যেরকম দিন আসছে তাতে জমিদারির উপরে কোনোদিন আর ভরদা রাখা চলবে না। ও জিনিসটার উপর অনেককাল থেকেই আমার মনে মনে ধিকার ছিল, এবার সেটা আরও পাকা হয়েছে। যে-সব কথা বছকাল ভেবেছি এবার রাশিয়ায় তার চেহারা দেখে এলুম। তাই জমিদারি ব্যবসায়ে আমার লক্ষা বোধ হয়। আমার মন আজ উপরের তলার গদি ছেড়ে নীচে এসে বসেছে। তৃঃধ এই যে, ছেলেবেলা থেকে পরোপজীবী হয়ে মাহ্রম হয়েছি।…

এ দিকে দেশের ইতিহাসে একটা নৃতন অধ্যায় দেখা দিয়েছে। অনেক কিছু উলট-পালট হবে। এই সময়ে বোঝা যত হালকা করতে পারব সমস্তা ততই সহজ হবে। জীবনযাত্রাকে গোড়া ঘেঁষে বদল করবার দিন এল, সেটা যেন অনায়াসে প্রসম মনে করতে পারি। যারা যত বেশি নানা জালে জড়িয়ে আছে তারা তত বেশি কট্ট পাবে। হংখের দিন যথন আসে তথন তাকে দায়ে পড়ে মেনে নেওয়ার চেয়ে এগিয়ে গিয়ে মেনে নেওয়া ভালো— তাতে হংখের ভার কমে যায়— র্থা ঝুটোপুটি করতে হয় না। ইতিহাসের সন্ধিক্ষণে হংখ সকলকেই পেতে হবে— এখনি পাচ্ছে, সংকট এড়িয়ে আরামে থাকবার প্রত্যাশা করাই ভূল। নৃতন অভ্যাসের সন্ধে নিজেকে বনিয়ে নেওয়া কিছুই শক্ত নয়, যদি অন্তরের দিকে প্রস্তুত হয়ে থাকি, যদি পুরাতনের বাঁধন আপনা হতে আলগা করে দিই— টানাটানি করতে গেলেই বাঁধন হয়ে ওঠে ফাসি।

শ্রেটা থ্ব করে ব্ঝেছি, আমাদের সব চেয়ে বড়ো কাজ শ্রীনিকেতনে। সমস্ত দেশকে কী করে বাঁচাতে হবে এখানে ছোটো আকারে তারই নিপান্তি করা আমাদের ব্রত। যদি তুই রাশিয়ায় আসতিস এ সম্বন্ধে অনেক তোর অভিজ্ঞতা হত। যাই হোক, কিছু মালমসলা সংগ্রহ করে নিয়ে যাচ্ছি, দেশে গিয়ে আলোচনা করা যাবে। নিজেদের কথা সম্পূর্ণ ভুলতে হবে; তার চেয়ে বড়ো কথা সামনে এসেছে।

২১ নভেম্বর ১৯৩০

ভোরা রাশিয়ায় যদি আসতিস তা হলে ব্ঝতে পারতিস কাজ করবার তের আছে। কম টাকা হলেও চলে যদি বৃদ্ধি থাকে ও উভ্তম থাকে, যদি নিজের উপরে ভরসা থাকে।

১৯০৪ সালের জুন-সংখ্যা মডার্ন রিভিউ পত্রে 'রাশিয়ার চিঠি'র 'সোভিরেট নীডি' বা 'উপসংহার' শীর্ষক পত্রের শ্রীশশধর সিংহ -রুত অহ্বাদ প্রকাশিত হয় এবং অক্তান্ত পত্রপ্রানির অহ্বাদও ধারাবাহিক প্রকাশের আর্মোজন হয়। ইতিপূর্বে প্রবাসী পত্রে 'রাশিয়ার চিঠি' যখন ক্রমণ মৃদ্রিত হয় তখন সরকার-পক্ষ হইতে এ বিষয়ে কোনো আপত্তি হয় নাই; উক্ত 'সোডিয়েট নীডি' বা 'উপসংহার'এর অপর একটি ইংরেজি অহ্বাদ মডার্ন রিভিউ পত্রেই ১৯০১ সালের সেপ্টেম্বর মাসে প্রকাশিত হইয়াছিল, তখনও সরকার ইহাতে চাঞ্চল্য প্রকাশ করেন নাই; কিন্তু ১৯০৪ সালে মডার্ন রিভিউ পত্রে উক্ত অহ্বাদ প্রকাশের পরে, অক্তান্ত পত্রগুলির অহ্বাদ-প্রকাশ নিষিদ্ধ হয়। (অবশ্রু, শ্রীবসস্তকুমার রায় -রুত অহ্বাদ অতঃপর আমেরিকার য়্নিটি পত্রে ধারাবাহিক প্রকাশিত হইয়াছিল।) মডার্ন রিভিউ পত্রে 'রাশিয়ার চিঠি'র অহ্বাদ-প্রকাশে নিষেধাক্তা লইয়া পার্লামেন্টে আলোচনা হয়। এ সম্পর্কে 'রাশিয়ার চিঠি'র ১০৫৮ ফাল্কন সংস্করণে ১৫০ পূর্চা দ্রেইব্য।

প্রসন্ধক্রমে প্রবাসী হইতে সম্পাদকীয় মন্তব্যবিশেষ সংকলন করা যাইতে পারে—

রুশীয় টেলিগ্রাম ও রবীক্রনাথের উত্তর

করেকদিন হইল, রুশিয়া হইতে অধ্যাপক পেউভ রবীন্দ্রনাথকে একটি টেলিগ্রাম পাঠান। কর্তৃপক্ষ যে-ব্যক্তিই হউন, উহার কোনো কোনো অংশ রবীন্দ্রনাথ পাঠ করিলে তাঁহার অকল্যাণ হইবে এবং উহা প্রকাশিত হইলে ভারতবর্ষের ও গ্রেটব্রিটেন সমেত পৃথিবীর অক্যান্ম অংশের অমঙ্গল হইবে, ঐ ব্যক্তির এই আশক্ষায় তিনি (অর্থাৎ ঐ সর্বজনঅভিভাবক) টেলিগ্রামটির কোনো কোনো অংশ বাদ দিয়া বাকি রবীন্দ্রনাথকে ডাক্যরের মারফৎ প্রেরণ করেন। হাঁট বাদে উহা এইরূপ:

To Rabindranath Tagore, Santiniketan, India.

What is your explanation of gigantic growth of U. S. S. R. industry; its high tempo of development; setting up of extensive collectivized, mechanized agriculture; liquidation of illiteracy; tremendous increase in number of scientific institutions, universities, schools; and cultural upheaval of U. S. S. R. in general?

What problems will confront you in your work during next five years and what obstacles?

Please telegraph for Soviet press, Moscow Kultviaz.

Petrov, V. O. K. S., Moscow.

রবীন্দ্রনাথ টেলিগ্রাফে ইহার উত্তর দিয়াছেন—

To Professor Petrov, V. O. K. S., Moscow.

Your success is due to turning the tide of wealth from the individual to collective humanity.

Our obstacles are social and political inanity, bigotry and illiteracy.

Rabindranath Tagore

—विविध श्रमत्र । श्रवामी । ष्याशाय २०७४ । পृ ७०२

পূর্বেই উল্লিখিত হইয়াছে ১৯৩০ সালে রাশিয়া-য়াত্রার পূর্বেও রবীক্রনাথের রাশিয়াভ্রমণের প্রস্তাব হইয়াছিল। ১৯২৬ সালে বার্লিনে সোভিয়েট রাশিয়ার পক্ষ হইতে
শিক্ষাসচিব লুনাচার্স্কি তাঁহাকে আমন্ত্রণ জ্ঞানাইতে আসিয়াছিলেন। তৎপূর্বেও
রাশিয়ার সহিত রবীক্রনাথের আত্মিক যোগ স্থাপিত হইয়াছিল— ১৯২২ সালে
রাশিয়ার হাভিক্ষে বিপন্ন রুশীয় মনস্বীদের সাহায্যের জ্ঞা সর্বত্র যে আবেদন প্রচারিত
হয়, তদমুরপ আবেদন অক্সফোর্ড বিশ্ববিভালয়ের অধ্যাপক পি ভিনোগ্রাড্ক এ দেশে
রবীক্রনাথের নিকট প্রেরণ করেন এবং ঐ পত্রের প্রারম্ভে লেখেন—

Oxford, May 19, 1922

When I met you in Calcutta eight years ago, I little thought that I should have to appeal to you on behalf of my unfortunate countrymen in Russia.

The impression I carried away after our interview was that I had met one who was fitted to represent the great Indian nation that has struggled for centuries with all kinds of hardships—physical and moral. It is to such humanitarians and idealists that I appeal in order to bring to their notice a particularly grievous and pressing need—the need of the intellectual leaders, the brain-workers of Russia who are threatened with destruction...

.— শব্ধ। ১২ আষাঢ় ১৩২৯, পৃ ১৯৫

রবীন্দ্রনাথ বিনীতভাবে এই কার্যে নিজের অযোগ্যতা জানাইরা তাহা সত্ত্বেও দৈনিক কাগজগুলিতে অধ্যাপক ভিনোগ্রাডফের চিঠির সারাংশ সমেত নিজের আবেদন ছাপাইয়াছেন। তাঁহার নিকট শাস্তিনিকেতন ডাক্বরের ঠিকানার যিনি যত অর্থ পাঠাইবেন তিনি তাহার প্রাপ্তি স্বীকার করিয়া যথাস্থানে পাঠাইয়া দিবেন।

—প্রবাসী। আবাঢ় ১৩২৯, পৃ ৪৬১

রবীন্দ্র-রচনাবলী

পারোনিমর্দ্ কম্যন রবীন্দ্রনাথের সগুতিতম জ্বনোৎসবে যে অভিনন্দন প্রেরণ করেন তাহার কিয়দংশ সংকলিত হইল—

Dear Poet,

The First Pioneers' Commune still remember the evening they spent with you and send you their warm greetings on your seventieth birthday.

We remember well your national song which you sang to us.

Since your departure life has carried us ahead and the country has taken giant strides towards socialism...

We wish you all happiness and hope to meet you again in our free socialistic country.

Greetings from the First Pioneers' Commune.

-Golden Book of Tagore, p. 265

রবীন্দ্রনাথের পরলোকগমনের পর লগুনে-স্থিত সোভিয়েট প্রতিনিধি মেইস্কি শ্রন্ধা– নিবেদন উপলক্ষে লেখেন—

May I express my profound grief at the passing of a great Indian writer and poet whose name was so familiar in my country and whose works were so popular with the masses of the Soviet People?

মাকুষের ধর্ম

মান্নবের ধর্ম ১৩৪০ লালে (মে ১৯৩৩) গ্রন্থাকারে প্রকাশিত হয়। এই প্রবন্ধতার প্রথমে কলিকাতা বিশ্ববিভালয়ে কমলা-বক্তৃতারূপে পঠিত হয়। বিশ্ববিভালয়ের নিয়ম-মত এই বক্তৃতামালা, বা উহার লারাংশ, কলিকাতার বাহিরে কোনো স্থানে পঠনীয়। তদহুলারে গ্রন্থের পরিশিষ্টে মুক্তিত 'মানবসতা' শান্তিনিকেতনে কথিত হয়। 'মানবসতা' এই গ্রন্থের অন্তর্ভুক্ত হইবার পূর্বে ১৩৪০ লালে প্রবালীর বৈশাধ ও জ্যৈষ্ঠ লাংখ্যায় প্রকাশিত হইয়াছিল।

বর্ণাত্মজমিক সূচী

অকাল খুম	•••	be,88 8
অতিথিবংসল, ডেকে নাও পথের পথিককে	•••	•
অতিথি	•••	₹89
অধ্যাপকমশায় বোঝাতে গেলেন নাটকটার	অর্থ	>>c
অপর পক্ষ	•••	25.7
অমৃত	•••	५० १
অস্পষ্ট অতীত থেকে বেরিয়ে পড়েছে ওরা দ	रिल मरन	ঀঙ
আজ আমার প্রণতি গ্রহণ করো, পৃথিবী	•••	১২
আজ তোমারে দেখতে এলেম	•••	\$83
আফ্রিকা	•••	838, 839
আমরা ছিলেম প্রতিবেশী	***	৮৭
আমরা বসব তোমার সনে	•••	১৫৬
আমাকে এনে দিল এই বুনো চারাগাছটি	•••	२१
আমাকে যে বাঁধবে ধরে এই হবে যার সাধ	न	>69
আমাকে শুনতে দাও	•••	92
আমার ছুটি চার দিকে ধু ধু করছে	•••	٩
আমার নয়ন তোমার নয়নতলে	•••	784
আমার পথে পথেই পাথর ছড়ানো	•••	১৩২
আমারই চেতনার রঙে পালা হল সবুজ	•••	હ
আমারে পাড়ায় পাড়ায় খেপিয়ে বেড়ায়	•••	১৬০
আমি	•••	৬৫
আমি ফিরব না রে, ফিরব না আর ফিরব ন	া রে	797
আরো আরো প্রভূ, আরো আরো	•••	. >48
ইচ্ছাপূরণ	•••	२७०
ইটকাঠে গড়া নীরস থাঁচার থেকে	•••	49
উদ্ভাস্ত আদিম যুগে	•••	808
উদ্ভ্রাস্ত আদিম যুগে যবে একদিন	•••	809
উদ্ভ্ৰান্ত সেই আদিম যুগে	•••	83
20 30		

এই দেহখানা বহন করে আসছে দীর্ঘকাল	•••	৩৽
একদিন আষাঢ়ে নামল	•••	74
এসেছি অনাহুত	•••	b¢,888
এসেছিলে কাঁচা জীবনের পেলব রূপটি নিয়ে	•••	39
এসো অস্তরে গন্তীর নির্বাক্	•••	88•
ওগো তরুণী	•••	8•
ওগো বাঁশিওআলা	•••	>€
ওগো শ্রামলী	•••	১২৩
ওরা অন্ত্যজ্ঞ, ওরা মন্ত্রবর্জিত	•••	83
ওরে আগুন, আমার ভাই	•••	599
ওরে শিকল, তোমায় অঙ্গে ধরে	•••	دو د
কথার উপরে কথা চলেছ সাজিয়ে দিনরাতি	•••	42
किन	•••	b 9
কালরাত্রে	•••	2∙€
কাল রাত্রে বাদলের দানোয়-পাওয়া অন্ধক	া রে	>• @
কাঁদালে তুমি মোরে ভালোবাসারি ঘায়ে	•••	>७१
কে বলেছে তোমায় বঁধু, এত হঃধ সইতে	•••	>49
কোরীয় যুবকের রাষ্ট্রিক মত	•••	0 \&8
কৃষিত পাষাণ	•••	२७১
গ্রামছাড়া ঐ রাভামাটির পথ		369
গ্রামবাসীদিগের প্রতি	•••	903
ঘন অন্ধকার রাভ	***	90
চার প্রহর রাতের বৃষ্টিভেজা ভারী হাওয়ায়	•••	99
টাদে র হাসির বাঁধ ভেঙেছে	•••	264
চির্যাতী	•••	16
চোধ ঘুমে ভেরে আসে	•••	২৩
कौरत क्रांतक धन পारे नि	***	۶-۶
कौरान नाना ऋथइः ८ थद्र	•••	•
ঠাকুরদা	•••	₹•\$
তুমি বাহির থেকে দিলে বিষম তাড়া	***	559

	পান্তক্ৰমিক স্চী	803
তুমি হঠাৎ-হাওয়ায় ভেসে-আসা	ध न ···	১৩২
ভেঁতুলের ফ্ল	•••	۶۹
শাড়িয়ে আছ আড়ালে	•••	92
ছুৰ্বোধ	•••	>>¢
বৈত	***	& \$,882
ধরণী বিদায়বেলা আজ মোরে	•••	688
নবজীবনের ক্ষেত্রে হজনে মিলিয়া	একমনা · · ·	ತ
নাই ভন্ন, নাই ভন্ন নাই রে	***	১৩৽
না বলে যেয়ো না চলে মিনতি ক	द्रे …	285
নিৰ্বাক্	•••	88•
পল্পীশেবা	•••	964
প্রতিহিংসা	•••	२১१
প্রথম দেখেছি তোমাকে	•••	888
প্রাণের রস	•••	92
ফাল্পনের রঙিন আবেশ	•••	৩২
ফুল তুলিতে ভুল করেছি	•••	>00
ফুলিদের বাড়ি থেকে এসেই দেখি	•••	>>6
বঞ্চিত	•••	774
বসেছি অপরাক্লে পারের খেয়াঘার্ট		৩8
বাশিওআলা	•••	3 6
বিদায় নিয়ে চলে আসবার বেলা	বললেম তাকে	٥٩٩
বিদায়-বরণ	•••	93
বৃদ্ধভক্তি	•••	808
ভালোবাসার বদলে দয়া	•••	७२
गान्छ	•••	256
মিলভাঙা	•••	25
যুদ্ধের দামামা উঠল বেজে	•••	67
রইল বলে রাখলে কারে	•••	১৬১
রেশগাড়ির কামরায় হঠাৎ দেখা	• • •	>• <
রোজই ডাকি তোমার নাম ধরে	• •	49

রবীন্দ্র-রচনাবলী

শেষ প্রহের	•••	- 43
খামলী	***	্ব
সকল ভয়ের ভন্ন যে তারে	•••	১৮৬
সন্ধ্যা এল চুল এলিয়ে		76-
সময় একটুও নেই	•	v 252
সম্ভাষণ	•••	৬৭
স্থপ	•••	40
সেদিন ছিলে তুমি আলো-আঁধারে	র মাঝখানটিতে	৬১
হঠাৎ-দেখা	· •••	५० २
হারানো মন	•••	90
হৃদয়ের অসংখ্য অদৃষ্ঠ পত্রপুট	•••	9
হেঁকে উঠল ঝড়	•••	२৮
হংকত যুদ্ধের বাগ্য	•••	803